পাণিনীয়ম্

A HIGHER SANSKRIT GRAMMAR AND COMPOSITION

—সঙ্কলয়িতা—

কলিকাতা সংস্কৃত কলেজের প্রাক্তন অধ্যক্ষ, ঢাকা ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের
এবং কলিকাতা প্রেসিডেন্সী কলেজের সংস্কৃত বিভাগের ভূতপূর্ব অধ্যক্ষ

এবং

কলিকাতা ও যাদবপুর (ইউ. জি. সি) বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক

ডক্টর **প্রবোধচন্দ্র লাহিড়ী**, এম. এ., পি-এইচ. ডি (লণ্ডন)

ও

রাজকীয় বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান সংস্কৃত-শিক্ষক

পণ্ডিত **হৃষীকেশ শাস্ত্রী**, এম. এ. (স্বর্ণপদক প্রাপ্ত)

কাব্যসাংখ্য-ব্যাকরণতীর্থ

দি ঢাকা স্টুডেন্টস্ লাইব্রেরী

(স্থাপিত ১৮৭৯ খৃঃ)

পুস্তক প্রকাশক ও বিক্রেতা

৬ নং শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা-১২

প্রকাশক :—

শ্রীগোবিন্দদাস দত্ত

ঢাকা স্টুডে [illegible]

৫, শ্যামাচরণ দে স্ট্রীট

কলিকাতা—১

প্রথম সংস্করণ

১৫ই আগস্ট, ১৯৫৬ ইং

মুদ্রাকর :—

শ্রীরঞ্জিতকুমার দত্ত, বি. এস-সি

ভোলাগিরি প্রিন্টিং ওয়ার্কস্

১১১, সীতারাম ঘোষ স্ট্রীট

কলিকাতা—৯

ভূমিকা

বর্তমান সময়ে মহাবিদ্যালয়ে পঠন ও পাঠনের উপযোগী পাণিনিমূলক সরল সংস্কৃত ব্যাকরণ ও অনুবাদ সম্বন্ধীয় পুস্তক প্রচলিত নাই। ইংরাজিভাষার মাধ্যমে যে দুই একখানা পূর্বে প্রচলিত ছিল, তাহা এখন কালের আবর্তনে এবং ভাষাবিষয়ে দৃষ্টিভঙ্গির পরিবর্তনের সঙ্গে সঙ্গে বিলুপ্ত হইয়াছে। বর্তমানে এই সম্বন্ধে যে সকল পুস্তক প্রচলিত আছে, তৎসমুদয়ই প্রথম শিক্ষার্থী মাধ্যমিক ছাত্রছাত্রীগণের উপযোগী এবং সুবিধামত পাণিনি, কলাপ, মুগ্ধবোধ, সংক্ষিপ্তসার প্রভৃতি বিভিন্ন ব্যাকরণের সূত্রের সাহায্যে লিখিত। এইরূপ পুস্তক প্রণয়নে প্রণেতার সুবিধা হয় বটে, কিন্তু ছাত্রছাত্রীগণের পক্ষে উহা আশানুরূপ ফলপ্রসূ হয় না। এই অভাব দূরীকরণের নিমিত্ত বহু ছাত্র ও অধ্যাপকের অনুরোধে **I. A.** ও **B. A.** পরীক্ষার উপযোগী করিয়া এই পুস্তকখানা লিখিত হইল। ইহাতে অপাণিনীয় কিছুই লিখিত হয় নাই এবং সিদ্ধান্তকৌমুদীর ক্রম ও সিদ্ধান্ত সূত্র অনুসৃত হইয়াছে।

পাণিনি ব্যাকরণ সমুদ্রের ন্যায় বিশাল ও দুরবগাহ। প্রচলিত পাণিনি-ব্যাকরণসমূহ সংস্কৃতভাষায় বিরচিত এবং দেবনাগর অক্ষরে মুদ্রিত হয়। ইহাদের বিশালতা, ভাষা ও লিপি সমস্তই ছাত্রছাত্রীগণের সংস্কৃতব্যাকরণ পাঠের পক্ষে অন্তরায় হয়। পড়িবার আন্তরিক ইচ্ছা থাকিলেও অনেক সময়ে কেবল এই সকল কারণেই পাঠার্থীকে ব্যাহত হইতে হয়। এইজন্য আমরা প্রয়োজনানুরূপ করিয়া বঙ্গাক্ষরে এবং বঙ্গভাষায় ইহা প্রকাশ করিলাম।

ভাষাজ্ঞানে দৃঢ়তা সম্পাদনের নিমিত্ত আমরা অনুবাদ ও প্রয়োগক্রমের প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়াছি এবং দুরূহতার পারম্পর্য রক্ষা করিয়া ধারাবাহিকক্রমে প্রত্যেক বিষয়ে অনুশীলনীসমূহ সন্নিবেশিত করিয়াছি। ইহাতে ছাত্রছাত্রীদের বিষয়গত অধিকার সহজতর এবং সুনিশ্চিত হইবে।

সুদীর্ঘ শিক্ষকজীবনের অভিজ্ঞতায় ছাত্রছাত্রীগণের যে যে বিষয়ে প্রয়োজনীয়তা ও দুরূহতা অনুভব করিয়াছি তদনুসারে সেই সেই অংশ সরল ও স্পষ্টভাবে বুঝাইয়া দিতে আমরা চেষ্টা করিয়াছি এবং এই উদ্দেশ্যসাধন সুষ্ঠুতর হইবে মনে করিয়া পুস্তকের শেষভাগে বিশিষ্ট শিষ্টপ্রয়োগসমূহের সাধুতা সম্পাদন ও উত্তরসহ I. A. ও B. A. পরীক্ষার দশ বৎসরের ব্যাকরণ ও অনুবাদ সম্বন্ধীয় প্রশ্নাবলী সংযোজিত করিয়াছি।

এই পুস্তকের ভালমন্দ বিচারের ভার সুধী অধ্যাপক-অধ্যাপিকাদের উপর ন্যস্ত রহিল। পুস্তকের উৎকর্ষবিধানে আমাদের আন্তরিক প্রয়াসটুকু অন্ততঃ সমাদর লাভ করিবে—ইহা আমাদের দৃঢ় বিশ্বাস। গ্রন্থখানির সর্বাঙ্গীণ উন্নতি-বিধানের জন্য আমাদের করণীয়ের প্রতি সুধীবৃন্দ দৃষ্টি আকর্ষণ করিবেন—ইহা আমরা শিক্ষক বলিয়া আশা করি।

যাহাদের জন্য এই গ্রন্থ রচিত হইল, আমাদের সেই পরম স্নেহভাজন ছাত্র ও ছাত্রীগণ যদি ইহার দ্বারা কিছুমাত্র উপকৃত হন, তবেই আমরা আমাদের পরিশ্রম সার্থক মনে করিব। ইতি—

বিনীত—

স্বাধীনতা দিবস
১৯৫৬

শ্রীপ্রবোধচন্দ্র লাহিড়ী
শ্রীহৃষীকেশ ভট্টাচার্য

সূচীপত্র

বিষয়			পত্রাঙ্ক

বিষয়			পত্রাঙ্ক
কর্মধারয় সমাস	...	...	184
উপমান কর্মধারয়	...	...	187
উপমিত কর্মধারয়	...	...	188
মধ্য (উত্তর) পদলোপী কর্মধারয়	...	...	189
দ্বিগু সমাস	...	...	189
সমাসান্ত বিধান (তৎপুরুষ)	...	...	191
তৎপুরুষে বিশেষ বিধান	...	...	194
Exercise	...	...	200
বহুব্রীহি সমাস	...	...	203
ব্যতিহার বহুব্রীহি	...	...	208
পূর্বনিপাত বিধান (বহুব্রীহি)	...	...	208
সমাসান্ত বিধান (বহুব্রীহি)	...	...	209
বহুব্রীহিসমাসে বিশেষ বিধান	...	...	215
Exercise	...	...	218
দ্বন্দ্ব সমাস	...	...	220
ইতরেতরযোগে দ্বন্দ্ব	...	...	221
ইতরেতর দ্বন্দ্বে কয়েকটি বিশেষ বিধান	...	...	221
পদসন্নিবেশ-বিধান (দ্বন্দ্ব)	...	...	222
সমাহার দ্বন্দ্ব	...	...	223
সমাসান্ত বিধান (দ্বন্দ্ব)	...	...	227
একশেষবৃত্তি	...	...	227
দ্বন্দ্ব ও একশেষের প্রভেদ	...	...	229
নিত্যসমাস	...	...	230
অলুক্‌সমাস	...	...	230
সুপ্ সুপা বা সহসুপা সমাস	...	...	233
সর্বসমাস সাধারণ সমাসান্ত	...	...	234
Exercise	...	...	237
তদ্ধিতপ্রকরণ	...	...	240
প্রত্যয়ের পরিবর্তন	...	...	240
বৃদ্ধি ও গুণ প্রভৃতি	...	...	241
অপত্য প্রত্যয়	...	...	243
বিবিধ অর্থে তদ্ধিতপ্রত্যয়	...	...	250
মত্বর্থীয় প্রত্যয়	...	...	270
অতিশায়ন (Degrees of Comparison)	...	...	294
কতিপয় ঈয়সুন্ ও ইষ্ঠন্ প্রত্যয়ান্ত শব্দ	...	...	295
অন্যান্য তদ্ধিত প্রত্যয়	...	...	297

বিষয় **পত্রাঙ্ক**

A HIGHER SANSKRIT

Grammar and Composition

(পাণিনীয়ম্)

পাণিনীয়ম্

A Higher Sanskrit Grammar and Composition

যেনাক্ষরসমাম্নায়মধিগম্য মহেশ্বরাৎ।
কৃৎস্নং ব্যাকরণং প্রোক্তং তস্মৈ পাণিনয়ে নমঃ ॥

বর্ণ-পরিচয়

পাণিনি-ব্যাকরণের চাবিকাঠি বর্ণোপদেশক মাহেশ্বর (বা শিব) সূত্রগুলি এইরূপ—

*** অ ই উ ণ্ ।১। ঋ ঌ ক্ ।২। এ ও ঙ্ ।৩। ঐ ঔ চ্ ।৪ হ য ব র ট্ ।৫। ল ণ্ ।৬। ঞ ম ঙ ণ ন ম্ ।৭। ঝ ভ ঞ্ ।৮। ঘ ঢ ধ ষ্ ।৯। জ ব গ ড দ শ্ ।১০। খ ফ ছ ঠ থ চ ট ত ব ।১১। ক প য় ্ ।১২। শ ষ স র্ ১৩। হ ল্ ।১৪।**

এই চৌদ্দটি মাহেশ্বর সূত্র অবলম্বন করিয়া মহর্ষি পাণিনি তাঁহার '**শব্দানুশাসন**' বা '**অষ্টাধ্যায়ী**' রচনা করিয়াছেন। সূত্রস্থিত হসন্ত ব্যঞ্জনবর্ণগুলি এবং লণ্ সূত্রে অকার ইৎ। সূত্রস্থ কোন বর্ণ হইতে পরবর্তী কোন ইৎ বর্ণ পর্যন্ত সমুদয় বর্ণ লইয়া **প্রত্যাহার সংজ্ঞা** গঠিত হয় (১)। প্রত্যাহার গঠনের সুবিধার জন্য

(১) উপদেশেঽজনুনাসিক ইৎ (১।৩।২) হলন্ত্যম্ (১।৩।৩) আদিরন্ত্যেন সহেতা (১।১।৩)

* আমার পরমপূজ্যপাদ অধ্যাপক (বহুদিন পূর্বে স্বর্গত) মহামহোপাধ্যায় ডক্টর হরপ্রসাদ শাস্ত্রি-মহাশয় বলিয়াছিলেন, পাশ্চাত্ত্য পণ্ডিতদের মধ্যে কেহ কেহ যে বলিয়া থাকেন প্রাচীনকালে আমাদের ভারতবর্ষে লেখার প্রচলন ছিল না, এইজন্যই বেদ-শ্রুতি। আমরা বিদেশীদিগের নিকট হইতে 'লিপি' গ্রহণ করিয়াছি—ইহা ঠিক নয়। 'বর্ণ' বলিতে স্বর ও ব্যঞ্জন উভয়কেই বুঝায়। বর্ণ শব্দের এক অর্থ রং (colour)। গিরিমাটি লাল রং এর, আবার কালি (ink) কাল, লাল প্রভৃতি রং এর। ঐ রং যুক্ত বস্তুর সাহায্যে লিখিত হইত বলিয়াই স্বর ও ব্যঞ্জনের সাধারণ নাম—'বর্ণ'।

বর্ণগুলি এইভাবে সন্নিবেশিত হইয়াছে। **ইৎ-বর্ণগুলি প্রত্যাহারের মধ্যে গৃহীত হয় না।** কয়েকটি প্রত্যাহার যথা,—

অণ্—অ, ই, উ। এচ্—এ, ঐ, ও ঔ (সন্ধ্যক্ষর)। অচ্—সমস্ত স্বরবর্ণ। হল্—সমস্ত ব্যঞ্জনবর্ণ। যণ্—য, র, ল, ব। ঞম্—ঙ, ঞ, ণ, ন ম। ঝয়্—পঞ্চম'ভিন্ন বর্গীয় বর্ণ। ঝষ্—বর্গের চতুর্থ বর্ণ। জশ্—বর্গের তৃতীয় বর্ণ। খয়্—বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ। শর্—শ ষ স। র - র, ল। অল্—সমস্ত স্বর ও ব্যঞ্জনবর্ণ। এইরূপ সর্বত্র। অট্ প্রভৃতি ও শল্ প্রভৃতি কয়েকটি প্রত্যাহারে গ্রহণের নিমিত্ত মাহেশ্বর (৫ এবং ১৪) সূত্রে **দুইবার 'হ' পঠিত হইয়াছে।** একই ণ্ ইৎ' রূপে দুইবার গৃহীত হইয়াছে 'অণ্'-প্রত্যাহারের ক্ষেত্রে সর্বত্র (একমাত্র অণুদিৎ সবর্ণস্য চ ১।১।৬৯ এই সূত্রটি ছাড়া) পূর্বের অর্থাৎ ১নং সূত্রস্থ ণ্-কেই গ্রহণ করিতে হইবে- 'অণ্'=অ, ই, উ। আর 'ইণ্-প্রত্যাহারের ক্ষেত্রে পরের অর্থাৎ ৬নং সূত্রস্থ ণ্-কেই লইতে হইবে—'ইণ্'=ই, উ ঋ ৯, এ ও, ঐ, ঔ, হ, য, ব, র, ল।

* 'বর্ণ' এবং 'অক্ষর' পর্যায় শব্দ (Synonym) রূপে ব্যবহৃত হইলেও 'বর্ণ' বলিলে যেমন স্বর vowel এবং ব্যঞ্জন (consonant) উভয়কেই বুঝায় যেমন স্বরবর্ণ ব্যঞ্জনবর্ণ; 'অক্ষর' বলিতে কিন্তু আদৌ স্বরকেই বুঝাইয়া থাকে- **সব্যঞ্জনঃ সানুস্বারঃ শুদ্ধো বাপি স্বরোঽক্ষরম্।** ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত, অনুস্বার-যুক্ত অথবা শুদ্ধ স্বরকেই 'অক্ষর' বলে।

সংস্কৃত বৃত্ত'-ছন্দের ক্ষেত্রে গুরুলঘু ক্রমে অক্ষরের (Syllables) সংখ্যা দ্বারাই পদ্যের পাদ (foot) নির্ণীত হয়। যেমন 'মালিনী' পঞ্চদশাক্ষরা বৃত্তি (15 Syllables)।

ন খলু ন খলু বাণঃ সন্নিপাত্যোঽয়মস্মিন্।

আবার 'মন্দাক্রান্তা সপ্তদশাক্ষরা বৃত্তি (17 Syllables)

যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা।

স্বরবর্ণ হ্রস্ব, দীর্ঘ ও প্লুত ভেদে তিন প্রকার। যথা, **হ্রস্বস্বর**—অ, ই, উ, ঋ, ৯। **দীর্ঘস্বর**—আ, ঈ, ঊ, ৠ, এ, ঐ, ও, ঔ। প্লুতস্বর লিখিবার জন্য

স্বতন্ত্র অক্ষর নাই। দীর্ঘস্বরের উত্তর ৩ লিখিয়া সেই বর্ণের প্লুতত্ব বুঝান হয়। আ৩, ঈ৩, ঊ৩, ৠ৩, এ৩, ঐ৩, ও৩, ঔ৩—এই সাতটি প্লুতস্বর। হ্রস্বস্বরের দীর্ঘ অবস্থা দীর্ঘস্বর ; উহা আরও দীর্ঘতররূপে উচ্চারণ করিলে প্লুত হয়।

একমাত্রো ভবেদ্ হ্রস্বো দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে

ত্রিমাত্রস্তু ভবেৎ প্লুতো ব্যঞ্জনঞ্চার্ধমাত্রকম্॥

হ্রস্বস্বরের এক মাত্রা দীর্ঘস্বরের দুই মাত্রা, প্লুতস্বরের তিন মাত্রা এবং ব্যঞ্জনবর্ণের অর্ধমাত্রা। হ্রস্বকে '**লঘু**' এবং দীর্ঘকে '**গুরু**'ও বলা হয়।

(স্বরবর্ণ হ্রস্বদীর্ঘপ্লুত ভেদে তিন প্রকার বলিয়া, ব্যাকরণের সূত্রে 'অ' সম্বন্ধে কিছু বিহিত হইলে, ঐস্থলে তিন প্রকার 'অ' বুঝিতে হইবে ; কিন্তু ঠিক পরে বা পূর্বে ত্ থাকিলে কেবলমাত্র ঐ বর্ণটিই বুঝিতে হয় (**তপরস্তৎকালস্য** ১।১।৭০)। অন্যস্বর সম্বন্ধেও এইরূপ। অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ ৯—এই কয়টিকে **সমান** এবং এ, ঐ, ও, ঔ—এই চারিটিকে **সন্ধ্যক্ষর** বলে। সন্ধ্যস্বরের হ্রস্বাদেশে এ, ঐ, স্থানে ই এবং ও, ঔ স্থানে উ হয় (এচ ইগ্ হ্রস্বাদেশে ১।১।৪৮)।)

প্রত্যেক স্বরই অনুনাসিক ও নিরনুনাসিক ভেদে দুই প্রকার। অনুনাসিক বুঝাইবার নিমিত্ত উপরে চন্দ্রবিন্দু 'চিহ্ন' দেওয়া হয়।

মাহেশ্বর সূত্রে **অনুস্বার, বিসর্গ জিহ্বামূলীয়** এবং **উপধ্মানীয়ের** উল্লেখ নাই, কিন্তু ইহারা ভাষায় ও ব্যাকরণে প্রয়োগ নির্বাহ করে এইজন্য ইহাদিগকে **অযোগবাহ** বর্ণ বলে। ইহারা স্বরসন্ধিতে ব্যঞ্জ বর্ণ এবং ণত্ব-বিধয় স্বরবর্ণ বলিয়া পরিগণিত হয়। **স্বরতা ণত্ববিধৌ ব্যঞ্জনতা স্বঃসন্ধৌ অযোগবাহানাম্**। এইজন্যই অনুস্বার ও বিসর্গ প্রাচীনকালে স্বরবর্ণের পরে এবং ব্যঞ্জনবর্ণের পূর্বে পঠিত হইত। এখনও অভিধান প্রভৃতিতে এই নিয়ম পরিগৃহীত হয়।

উচ্চারণ-স্থান

কণ্ঠ্য—অ, আ, ক, খ গ, ঘ, ঙ, হ। (**অ-কু-হ-বিসর্জনীয়ানাং কণ্ঠঃ**)

তালব্য—ই, ঈ, চ, ছ জ, ঝ, ঞ, য, শ। (**ই-চু-য শানাং তালু**)

মূর্ধন্য—ঋ, ৠ, ট, ঠ ড, ঢ, ণ, র, ষ। (**ঋ-টু-র-ষাণাং মূর্ধা**)

দন্ত্যা—ঌ, ত, থ, দ, ধ, ন, ল, স। (ঌ-তু ল-সানাং দন্তাঃ)

ওষ্ঠ্যা—উ, ঊ, প, ফ, ব, ভ, ম, উপধ্মানীয়। (উপূপধ্মানীয়ানাম্ ওষ্ঠৌ)

কণ্ঠতালব্য—এ, ঐ। (এদৈতোঃ কণ্ঠতালু)

কণ্ঠৌষ্ঠ্য—ও, ঔ। (ওদৌতোঃ কণ্ঠোষ্ঠম্)

দন্তৌষ্ঠ্য—ব (অন্তঃস্থ)। (বকারস্য দন্তোষ্ঠম্)

অনুনাসিক—ং, ঙ, ঞ, ণ, ন, ম। (নাসিকানুস্বারস্য, ঞমঙণনানাং নাসিকা চ)

ঙ, ঞ, ণ, ন ও ম এর ক্ষেত্রে সেই সেই বর্গের উচ্চারণ স্থানের সহিত নাসিকাও, কেবল নাসিকা নহে।

অল্পপ্রাণবর্ণ—বর্গাণাং প্রথমতৃতীয়পঞ্চম যরলবাশ্চ অল্পপ্রাণাঃ।

মহাপ্রাণবর্ণ—বর্গাণাং দ্বিতীয়চতুর্থৌ শষসহাশ্চ মহাপ্রাণাঃ।

অঘোষ বর্ণ—বর্গাণাং প্রথমদ্বিতীয়াঃ শষসাশ্চ অঘোষাঃ।

ঘোষবৎ বর্ণ—বর্গাণাং তৃতীয়চতুর্থপঞ্চমা যরলবহাশ্চ ঘোষবন্তঃ।

জিহ্বামূলীয়—কখয়োঃ প্রাক্ অর্ধবিসর্গাকারো বর্ণঃ। যথা, ক≍করোতি।

উপধ্মানীয়—পফয়োঃ প্রাক্ অর্ধবিসর্গাকারো বর্ণঃ। যথা, ক≍পচতি।

যম বর্ণ—বর্গেষু আদ্যানাং চতুর্ণাং পঞ্চমে পরে যমো নাম পূর্বসদৃশো বর্ণঃ। পলিক্ক্নীঃ, চখ্খ্নতুঃ, অগ্গ্নিঃ।

কয়েকটি প্রয়োজনীয় সংজ্ঞা

সবর্ণ—তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্ (১।১।৯)- যাহাদের তালু প্রভৃতি মুখস্থ উচ্চারণ স্থান এবং স্পৃষ্টত্ব প্রভৃতি প্রযত্ন সমান, তাহাদিগকে সবর্ণ বলে। এইজন্য সমান-স্থানীয় স্বর সবর্ণ এবং বর্গীয় বর্ণ সেই বর্গীয় বর্ণের সবর্ণ। **স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণে সবর্ণতা হয় না—নাজ্‌ঝলৌ** (১।১।১০)। **ঋ-ঌ-বর্ণয়োঃ সাবর্ণ্যং বাচ্যম্**—ঋকার ও ঌকার সবর্ণ। ঌকারের দীর্ঘ নাই বলিয়া হোতৃ+ঌকারঃ সন্ধিতে হোতৄকারঃ হয়। সুতরাং অবর্ণ—অ, আ; ইবর্ণ—ই, ঈ; উবর্ণ—উ, ঊ; ঋবর্ণ—ঋ, ৠ, ঌ।

গুণ—অদেঙ্ গুণঃ (১।১।২)—ঋ ৠ স্থানে অর্ (উরণ্ রপরঃ ১।১।৫১), ঌ স্থানে অল্, ই ঈ স্থানে এ, এবং উ ঊ স্থানে ও-হওয়াকে গুণ বলে।

বৃদ্ধি—বৃদ্ধিরাদৈচ্ (১।১।১)—অকার স্থানে আকার, ই ঈ এবং এ স্থানে ঐকার, উ ঊ এবং ওকার স্থানে ঔকার, ঋ ৠ স্থানে আর্ এবং ঌ স্থানে আল্ হওয়াকে বৃদ্ধি বলে। এইটি পাণিনি-ব্যাকরণের প্রথম সূত্র।

সম্প্রসারণ—ইগ্‌যণঃ সম্প্রসারণম্ (১।১।৪৫)—য, ব, র ও ল এর স্থানে যথাক্রমে ই, উ, ঋ ও ঌ হওয়াকে সম্প্রসারণ বলে।

ধাতু—ভূবাদয়ো ধাতবঃ (১।৩।১)—ক্রিয়াবাচক ভূপ্রভৃতিকে ধাতু বলে।

নিপাত—প্রাগ্‌রীশ্বরান্নিপাতাঃ (১।৪।৫৬) চাদয়োঽসত্ত্বে (১।৪।৫৭)—দ্রব্য না বুঝাইলে চ-প্রভৃতিকে নিপাত বলে। যথা, চ, বা, বৈ, স্বধা নো, ন, নঞ্, স্বধা, স্বাহা, *পশু (সম্যক্), অস্তি ইত্যাদি। প্রাদয়ঃ (১।৪।৫৮) প্র, পরা প্রভৃতি (১) কুড়িটি অব্যয়ও নিপাত। যথা, প্রতিবলম্, প্রতন্থ, অভিনবঃ, অভিলীনঃ, ইত্যাদি।

অব্যয়—শব্দরূপের পর দেখ।

উপসর্গ—উপসর্গাঃ ক্রিয়াযোগে (১।৪।৫৯)—ক্রিয়ার সহিত যোগ থাকিলে প্র-প্রভৃতিকে উপসর্গ বলে। যথা, প্রণমতি পরিষিঞ্চতি। ণত্ব ও ষত্ব উপসর্গ সংজ্ঞার ফল। ধাতু প্রথম প্রত্যয়ের (বিভক্তির) সহিত যুক্ত হয়, পরে উপসর্গের সহিত মিলিত হয়। এই জন্যই ধাতু ও উপসর্গের মধ্যে সমাস হয় না।

গতি—গতিশ্চ (১।১।৬০)—ক্রিয়ার সহিত যোগ থাকিলে প্র-প্রভৃতিকে গতিও বলে। যথা, প্রণম্য পরিষয্য। এখানে গতিসমাস বলিয়া ল্যপ্ হইয়াছে। তে প্রাগ্ ধাতোঃ (১।৪।৮০)—গতি ও উপসর্গ ধাতুর পূর্বে প্রযুক্ত হয়, কখনও পরে বা দূরে প্রযুক্ত হয় না। বৈদিক ভাষায় ক্বচিৎ হয়।

উপসর্গসংজ্ঞা কেবল প্র-প্রভৃতি কুড়িটি অব্যয়ের হয়, কিন্তু গতিসংজ্ঞা প্র-প্রভৃতির এবং অন্য বহু অব্যয়েরও হইয়া থাকে। যথা,

---

* পশুশব্দ সম্যক্ বুঝাইতে নিপাত। যথা, লোধ্রং নয়ন্তি পশু (সম্যক্) মন্যমানাঃ। কিন্তু জীব বা জীববিশেষ বুঝাইতে নিপাত নহে। যথা, পাপাত্মাসৌ পশুরেব।

(১) প্র-পরাপ-সমন্বব-নির্দুরভি-ব্যাধি-সূদতি-নি-প্রতি-পর্যপয়ঃ।
উপ-আঙিতি বিংশতিরেষ সখে উপসর্গবিধিঃ কথিতঃ কবিনা॥

(১) **উর্যাদি-চ্বি-ডাচশ্চ** (১।৪।৬১)—কৃ, ভূ, ও অস্ ধাতুর যোগে উরী-প্রভৃতি শব্দ, চ্বি-প্রত্যয়ান্ত শব্দ এবং ডাচ্ প্রত্যয়ান্ত শব্দ (ক্রিয়াযোগে) গতি-সংজ্ঞক হয়। যথা, উরীকৃত্য, উররীকৃত্য; চ্বি—শুক্লীকৃত্য, শুক্লীভূয়; ডাচ্—পটপটাকৃত্য।

(২) **অনুকরণং চানিতিপরম্** (১।৪।৬২)—ধ্বন্যাত্মক অনুকরণ-মূলক অব্যক্ত শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, খাট্কৃত্য। কিন্তু 'ইতি' শব্দ পরে থাকিলে হয় না যথা, খাড়িতি কৃত্বা।

(৩) আদরানাদরয়োঃ **সদসতী** (১।৪।৬৩)—আদর অর্থে 'সৎ' এবং অনাদর অর্থে 'অসৎ' শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, গুরূন্ সৎকৃত্য খলান্ চ অসৎকৃত্য স প্রতস্থে।

(৪) ভূষণেঽলম্ (১।৪।৬৪)—ভূষিত করা অর্থে অলম্ শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, বণিক্ কন্যাম্ অলংকৃত্য গতঃ।

(৫) **অন্তরপরিগ্রহে** (১।৪।৬৫)—অন্তর্ শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, খলঃ অন্তর্হত্য (মধ্যে হত্বা) স্থিতঃ। 'গ্রহণ করা' অর্থে ইহা গতিসংজ্ঞক হয় না। যথা, শ্যেনঃ মূষিকাম্ অন্তর্হত্বা (পরিগৃহ্য) গতঃ। *অন্তঃশব্দস্য অঙ্-কিবিধি-ণত্বেষু উপসর্গসংজ্ঞা বক্তব্যা। যথা, অন্তর্ধা, অন্তর্ধিঃ, অন্তর্ণয়তি।

(৬) **কণে-মনসী** শ্রদ্ধা প্রতিঘাতে (১।৪।৬৬) আকাঙ্ক্ষার নিবৃত্তি বুঝাইতে 'কণে' ও 'মনস্' শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, কণেহত্য পয়ঃ পিবতি; মনোহত্য পয়ঃ পিবতি (তৃষ্ণান্তং যাবৎ ইত্যর্থঃ)।

(৭) **পুরোঽব্যয়ম্** (১।৪।৬৭) অব্যয় পুরস্ শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, পার্থঃ শিখণ্ডিনং পুরস্কৃত যুযুধে।

(৮) **অস্তং চ** (১।৪।৬৮)—অব্যয় অস্তম্ শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, অস্তংগত্য (মৃত্বা) ক আগচ্ছতি? সূর্যঃ অস্তংগত্য পৃথিবীং তমসাচ্ছন্নাং করোতি।

(৯) **অচ্ছ** গত্যর্থবদেষু (১।৪।৬৯)—গমনার্থক ধাতু ও বদ্ ধাতু পরে

থাকিলে অব্যয় 'অচ্ছ' শব্দ গতিসংজ্ঞক হয়। যথা, অচ্ছগত্য, অচ্ছোদ্য (অভিমুখং গত্বা উক্ত্বা চ ইত্যর্থঃ)।

(১০) **তিরোঽন্তর্ধৌ** (১।৪।৭১)—অন্তর্ধান অর্থে অব্যয় তিরস্ শব্দ ক্রিয়াযোগে গতিসংজ্ঞক হয়। যথা, তিরোভূয় স্থিতশ্চৌরঃ।

(১১) **বিভাষা কৃঞি** (১।৪।৭২)—অন্তর্ধান অর্থে কৃ-ধাতুর পূর্ববর্তী অব্যয় তিরস্ শব্দ **বিকল্পে** গতিসংজ্ঞক হয়। তিরস্কৃত্য বা তিরস্কৃত্বা।

(১২) **উপাজেঽন্বাজে** ১।৪।৭৩)—'দুর্বলের বলাধান করা' বুঝাইতে কৃ-ধাতুর পূর্ববর্তী উপাজে ও অন্বাজে শব্দ **বিকল্পে** গতিসংজ্ঞক হয়। যথা, উপাজেকৃত্য বা উপাজে কৃত্বা, অন্বাজেকৃত্য বা অন্বাজে কৃত্বা। দুর্বলস্য বলমাধায় ইত্যর্থঃ।

(১৩) **সাক্ষাৎ-প্রভৃতীনি** চ (১।৪।৭৪—কৃ ধাতুর পূর্ববর্তী সাক্ষাৎ-প্রভৃতি কয়েকটি অব্যয় **বিকল্পে** গতিসংজ্ঞক হয়। যথা, সাক্ষাৎকৃত্য বা সাক্ষাৎকৃত্বা, বশেকৃত্য বশেকৃত্বা, নমস্কৃত্য বা নমঃ কৃত্বা, আবির্ভূয় বা আবির্ভূত্বা।

(১৪) অনত্যাধানে **উরসিমনসী** (১।৪।৭৫)—কৃ-ধাতুর পূর্ববর্তী উরসি ও মনসি শব্দ বিকল্পে গতিসংজ্ঞক হয়। যথা, উরসিকৃত্য বা উরসি কৃত্বা মন্ত্রং জপতি অভ্যুপগম্য ইত্যর্থঃ), মনসিকৃত্য বা মনসিকৃত্বা কার্যং করোতি (নিশ্চিত্য ইত্যর্থঃ)। উপাধান করা অর্থে হয় না। যথা, স পাণিম্ উরসি কৃত্বা শেতে।

(১৫) **মধ্যে পদে নিবচনে** চ (১।৪।৭৬)—কৃ-ধাতুর পূর্ববর্তী মধ্যে পদে ও নিবচনে **বিকল্পে** গতিসংজ্ঞক হয়। যথা, মধ্যেকৃত্য (কৃত্বা বা) পদেকৃত্য (কৃত্বা বা) নিবচনেকৃত্য কৃত্বা বা তূষ্ণীভূয় ইত্যর্থঃ।

(১৬) নিত্যং **হস্তে পাণাবুপযমনে** (১।৪।৭৭)—বিবাহ করা অর্থে কৃ-ধাতুর পূর্ববর্তী হস্তে ও পাণৌ শব্দ **নিত্য** গতিসংজ্ঞক হয়। যথা, হস্তেকৃত্য, পাণৌকৃত্য।

(১৭) **জীবিকোপনিষদাবৌপম্যে** (১।৪।৭৯—উপমা অর্থে কৃ-ধাতুর পূর্ববর্তী জীবিকা ও উপনিষদ্ শব্দ গতিসংজ্ঞক হয়। যথা, জীবিকামিব কৃত্বা জীবিকাকৃত্য ব্যাচষ্টে, উপনিষদমিব কৃত্বা উপনিষৎকৃত্য কথয়তি।

কর্মপ্রবচনীয়—দ্বিতীয়া বিভক্তি—পদটীকা দেখ।

প্রাতিপদিক—অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্ (১।২।৪৫), কৃত্তদ্ধিত-সমাসাশ্চ (১।২।৪৬)—অর্থবিশিষ্ট শব্দকে প্রাতিপদিক বলে। ধাতু, প্রত্যয় ও বিভক্তিযুক্ত শব্দ প্রাতিপদিক নহে, কিন্তু কৃৎপ্রত্যয়ান্ত, তদ্ধিত-প্রত্যয়ান্ত এবং সমাসবদ্ধ শব্দ প্রাতিপদিক। নিপাতস্য অনর্থকস্য প্রাতিপদিক সংজ্ঞা বক্তব্যা (বা)—নিপাত শব্দের অর্থ না থাকিলেও উহারা প্রাতিপদিক। যথা, বৈ, হ, প্রভৃতি।

পদ—সুপ্‌তিঙন্তং পদম্ (১।৪।১৪)—সুপ্‌প্রত্যয়ান্ত ও তিঙ্‌প্রত্যয়ান্ত শব্দকে পদ বলে। যথা, নরঃ, মুনিনা, সাধুষু পচতি, করোতু দদর্শ।

টি—অচোঽন্ত্যাদি টি (১।১।৬৪)—শব্দের অন্ত্যস্বর হইতে আরম্ভ করিয়া শেষাংশকে টি বলে। যথা, গম্ ধাতুর অম্, আতাম্ এর আম্, ন্যায় শব্দের অ, এবং মনস্ এর অস্ টি। মনস্+ঈষা টি-অংশ লোপে (মন্+ঈষা)=মনীষা।

উপধা—অলোঽন্ত্যাৎ পূর্ব উপধা (১।১।৬৫)—শব্দের অন্ত্যবর্ণের পূর্ব বর্ণটিকে উপধা বলে। রাজন্-শব্দের অন্ত্যবর্ণ ন্ এর পূর্বটী অ (র+অ-জ্+অ ন্) উপধা। এই শব্দের উপধালোপের ফলে রাজ্ঞঃ, রাজ্ঞা, রাজ্ঞী প্রভৃতি পদগুলি নিষ্পন্ন হয়।

প্রগৃহ্য—স্বরসন্ধির পর 'প্রকৃতিভাব' দেখ।

নদী—যূ স্ত্র্যাখ্যৌ নদী (১।৪।৩)—ঈকারান্ত ও উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ 'নদী' সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—নদী, দেবী, কুমারী, বধূ, তনূ, সরযূ প্রভৃতি। কিন্তু—

নেয়ঙুবঙ্স্থানাবস্ত্রী (১।৪।৪)—'স্ত্রী' এই শব্দটি ছাড়া যে সকল ঈকারান্ত এবং উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের ক্ষেত্রে ইয়ঙ্ ও উবঙ্ হয়, তাহাদের নদী সংজ্ঞা হয় না। যথা, শ্রী, ধী, ভূ, ভ্রূ প্রভৃতি। ইয়ঙ্ এর ক্ষেত্র হইলেও স্ত্রী এই শব্দটির নদী সংজ্ঞা হয়। হে স্ত্রি (অম্বার্থনদ্যোর্হ্রস্বঃ ৭।৩।১০৭)।

ঘ—তরপ্‌তমপৌ ঘঃ (১।১।২২)—তরপ্ এবং তমপ্ এই দুইটি প্রত্যয়কে 'ঘ' বলে। কিন্তু তরপ্ ও তমপ্ প্রত্যয়ান্ত শব্দের ঘ সংজ্ঞা হয় না।

ঘি—শেষো ঘ্যসখি (১।৪।৭)—অ-নদীসংজ্ঞক ই-কারান্ত এবং উকারান্ত শব্দ 'ঘি' সংজ্ঞা প্রাপ্ত হয়, কিন্তু সখি শব্দের ঘি সংজ্ঞা হয় না। হরি, মুনি, অগ্নি, বায়ু, ধেনু মতি।

পতিঃ সমাস এব (১।৪।৮)—পতি শব্দ সমাসের উত্তরপদ হইলে ঘি সংজ্ঞা হয়। যেমন শ্রীপতি, নরপতি। পতি ষষ্ঠীর একবচনে পত্যুঃ, কিন্তু শ্রীপতেঃ, নরপতেঃ।

ঘু—দাধা ঘ্বদাপ (১।১।২০)—দা (=দাঞ্, দান্, দো, দেঙ্) এবং ধা (=ধাঞ্, ধেট্) ধাতু ঘু সংজ্ঞা প্রাপ্ত হয় কিন্তু দাপ্ (ও দৈপ্) ধাতুর ঘু সংজ্ঞা হয় না।

ইৎ—কস্মৈচিৎ কার্যায়োচ্চার্যমাণো বর্ণ ইৎসংজ্ঞো ভবতি। ব্যাকরণশাস্ত্রে বিশেষ কার্যের জন্য প্রাতিপদিক, ধাতু, বিভক্তি, প্রত্যয়, আগম, আদেশ প্রভৃতির অঙ্গরূপে যে বর্ণ বা বর্ণগুলি উচ্চারিত হয় তাহাকে 'ইৎ' বলে। পাণিনি-ব্যাকরণের ১।৩।২ হইতে ১।৩।৮ পর্যন্ত সূত্রগুলি 'ইৎ'-সংজ্ঞা বিধায়ক। নদট্, ডু কৃঞ্, সু, ঔট্ জস্ তিপ্, বহিঙ্ মহিঙ্, সুট্, যুক্, দতৃ প্রভৃতি।

'ইৎ' ও 'লোপ' পর্যায় শব্দ নহে। যাহার ইৎ-সংজ্ঞা হয়, **'তস্য লোপঃ'** (১।৩।৯) এই সূত্রানুসারে ইৎ-সংজ্ঞক বর্ণের লোপ হয়।

অনুবৃত্তি—'পাণিনি-প্রণীত অষ্টাধ্যায়ী ব্যাকরণে পূর্ববর্তী সমগ্র সূত্রটির অথবা তাহার অংশ বিশেষের পরবর্তী সূত্রে বা সূত্রসমূহে গ্রহণের নাম অনুবৃত্তি। যথা উপদেশেঽজনু-নাসিক ইৎ (১।৩।২); ইহার পরবর্তী হলন্ত্যম্ (১।৩।৩) সূত্রে পূর্বসূত্র হইতে 'ইৎ' অংশটির অনুবৃত্তি করিলে সূত্রটি পূর্ণাঙ্গ হইবে।

Exercise

1. *Elucidate the terms* সংস্কৃত, ব্যাকরণ, মুনিত্রয়, সূত্র, বার্ত্তিক *and* ভাষ্য।

Ans **সংস্কৃত**—সম্+কৃ+ক্ত কর্মণি। **সম্পরিভ্যাং করোতৌ ভূষণে** (৬।১।১৩৭, ইতি সুট্। পাণিনিপ্রভৃতিব্যাকরণৈর্ভূষিত **পরিশোধিতং** (Refined nd thus adorned), চ যৎ তদেব সংস্কৃতম্ অন্যৎ তু প্রাকৃতমিত্যাদিকম্।

ব্যাকরণ—বি-আ-কৃ+ল্যুট্ করণে। ব্যাক্রিয়ন্তে ব্যুৎপাদ্যন্তে প্রকৃতি-প্রত্যয়াদিবিভাগেন শব্দা অনেন ইতি ব্যাকরণম্। যে শাস্ত্রে প্রকৃতি প্রত্যয়াদি বিভাগের দ্বারা শব্দের ব্যুৎপত্তি নির্ণীত হয় তাহাকে ব্যাকরণ বলে।

শব্দ—ধ্বনিঃ শব্দঃ—সাধারণভাবে ধ্বনিই শব্দ word is sound কিন্তু ব্যাকরণ শাস্ত্রে অর্থযুক্ত ধ্বনিই শব্দ বলিয়া গৃহীত হয়। Word is Sound conveying sense. **প্রতীতপদার্থকো লোকে ধ্বনিঃ শব্দ ইত্যুচ্যতে** (মহাভাষ্য)।

ত্রিমুনি ব্যাকরণ—

মুনিত্রয়—ত্রয়ো মুনয়ঃ পাণিনি-কাত্যায়ন-পতঞ্জলয়ঃ, তত্র পাণিনিঃ অষ্টাধ্যায়ীসূত্রকারঃ, কাত্যায়নো বার্ত্তিককারঃ, পতঞ্জলিশ্চ ভাষ্যকারঃ। **সূত্রম**—অল্পাক্ষরমসন্দিগ্ধং সারবদ্ বিশ্বতোমুখম্। অস্তোভমনবদ্যং চ সূত্রং সূত্রবিদো বিদুঃ। **বার্ত্তিকম্**—উক্তানুক্তদুরুক্তার্থব্যক্তিকারি তু বার্ত্তিকম্। **ভাষ্যম্**—সূত্রস্থং পদমাদায় বাক্যৈঃ সূত্রানুসারিভিঃ। স্বপদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিদুঃ॥

2. *Define and illustrate the following :—*

প্রত্যাহার, হ্রস্বস্বর, দীর্ঘস্বর, প্লুতস্বর, গুণ, বৃদ্ধি সবর্ণ, সন্ধ্যক্ষর, যমবর্ণ।

3. *Describe* অযোগবাহ *letters and state why they are so called ?*

4. *Distinguish between* নিপাত *and* উপসর্গ। *Write some words which are* নিপাত *in one sense and adjective or noun in another sense.*

5. *Define* উপসর্গ *and* গতি। *Which is the wider term of these two, and why ? Support your answer citing rules and examples.*

6. *Correct :—*

তমহম্ আগন্তুং দদর্শ। অদ্য প্রাতে স প্রবাসং জগাম। সম্পদে বিপদে চ ভগবানং স্মর। সত্যঃ জনাং মরণং ন বিভেতি। নাস্তি মে বহবঃ মিত্রঃ।

বর্ধন্তং ব্যাধিং ন উপেক্ষেৎ। ন হি মে জীবমানস্য নয়িষ্যসি শুভামিমাম্। মহাত্মানাং নামস্য অপি মহান্ শক্তিঃ। পরোক্ষে কার্যহন্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনং মিত্রং বর্জয়েৎ। তৃষ্ণার্তো বারিং পাতি। দানেন দ্বিষন্তো মিত্রা ভবন্তি। নঃ গৃহে উৎসবং ভবিতা। প্রচুরান্ শস্যান্ বিক্রীণন্ রামঃ প্রভূতং সম্পদং লভতে। বালকাঃ মিত্রৈঃ সঙ্গচ্ছন্ পরিক্রীড়ন্তি। বন্ধোঃ দিদৃক্ষুঃ সে বারাণসীং প্রতিষ্ঠতি। এষা গৃহং প্রবিষ্টা মাতাং ন দদৃশে। দেবরাজ্ঞঃ সভায়াং সহস্রাঃ সুরাঃ অবতস্থুঃ। নৃপঃ সবেগেন বহিরাগত্য শত্রুম্ অপরাজয়ৎ।

7. *Translate into Sanskrit :—*

(*a*) The sons of Dhritarastra gambled with the sons of Pandu and deprived them of all their wealth. (*b*) Then said Yudhisthira to them "You should not follow us ; we are now without wealth and can not give you food" (*c*) If I were at Hastinapur, I should say to Dhritarastra that it was not proper to deprive the Pandavas of their wealth. (*d*) How many times in the day dost thou milk cows ? (*e*) Those who thoughtlessly kill animals never enjoy happiness. (*f*) The Mouryas ruled the earth after the Nandas for a long time. (*g*) I kept my money in that house that the kings' men might not take it. (*h*) The happy occasion lasted many days, during which the assembled guests passed the time in the sports. (*i*) A brother of Droupadi led her into the assembly and proclaimed that he might win her who struck the eye of the golden fish.

ণত্ব-বিধান

১। **রষাভ্যাং নো ণঃ সমানপদে** (৮।৪।১), **ঋবর্ণাচ্চেতি বক্তব্যম্** (বা)—ঋবর্ণ, র ও ষ-এর পরবর্তী দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যথা,—নৃণাম্, মাতৄণাম্, বিস্তীর্ণম্, পুষ্ণাতি।

বিঃ দ্রঃ—ঋ, র, ষ—এই তিনটি **ণত্বের নিমিত্ত**।

২। **অট্ কুপ্বাঙ্নুম্ব্যবায়েঽপি** (৮।৪।২)—স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, আঙ্, নুম্ (অনুস্বার) ব্যস্ত বা সমস্তভাবে ব্যবধান থাকিলেও ঋবর্ণ, র ও ষ-এর পরবর্তী দন্ত্য ন মূর্ধন্য-ণ হয়। যথা,—করণম্, অর্কেণ, দর্পেণ, পর্যাণয়নম্, বৃংহণম্।

বিঃ দ্রঃ—অর্চনা, ক্রীড়ন, বর্তমান, প্রার্থনা, **মূর্ধন্য**, প্রক্ষালন, দর্শন প্রভৃতি শব্দে ণত্ব হয় না। যেহেতু এই সকল শব্দে ণত্বের নিমিত্ত, ও ন-এর মধ্যে অন্য বর্ণের ব্যবধান আছে।

৩। **পূর্বপদাৎ সংজ্ঞায়ামগঃ** (৮।৪।৩)—ণত্বের নিমিত্ত পূর্বপদে থাকিলে সংজ্ঞা বুঝাইলে এবং গকার ব্যবধান না থাকিলে পরপদস্থিত ন ণ হয়। যথা,—দ্রুণসঃ, শূর্পণখা, নারায়ণঃ, অগ্রহায়ণঃ, অক্ষৌহিণী। সংজ্ঞা না বুঝাইলে হয় না—যথা,—দীর্ঘনয়না। গ-কার ব্যবধানেও হয় না। যথা,—ঋগয়নম্।

বিঃ দ্রঃ—সর্বনাম শব্দটি এই নিয়মের ব্যতিক্রম: **সর্বনাম সংজ্ঞায়াং নিপাতনাণ্ণত্বাভাবঃ** (মহাভাষ্য)।

৪। **অহ্নোঽদন্তাৎ** (৮।৪।৭)—সমাসে অ-কারান্ত—পূর্বপদস্থিত নিমিত্তের পরবর্তী অহ্ন্‌শব্দের ন ণ হয়। যথা,—পূর্বাহ্ণঃ, অপরাহ্ণঃ। কিন্তু নিরহ্নঃ, দুরহ্নঃ।

৫। **বাহনমাহিতাৎ** (৮।৪।৮)—সমাসে বহনীয় বাচক-পূর্বপদস্থিত নিমিত্তের পরবর্তী বাহন শব্দের ন ণ হয়। যথা,—ইক্ষুবাহণম্, শরবাহণম্। আরোপ্য যদ্বহতে তদ্ বাহনম্। অতএব ইন্দ্রস্বামিকং বাহনম্ এই অর্থে **ইন্দ্রবাহন শব্দে ণত্ব হয় না**। এইরূপ গর্গবাহনম্ ইত্যাদি।

৬। **প্রাতিপদিকান্তনুম্‌বিভক্তিষু চ** (বা) (৮।৪।১১)—সমাসে পূর্বপদস্থিতনিমিত্তের পরবর্তী ন-কারান্তশব্দের আগম-নকারের ও বিভক্তিস্থ ন-কারের ন বিকল্পে ণ হয়। মাষবাপিনৌ, ০বাপিণৌ, ব্রীহিবাপানি ০বাপাণি, প্রভাবেন, প্রভাবেণ, প্রায়েন প্রায়েণ। কিন্তু আর্যযূনা, ক্ষত্রিয়যূনা, প্রপক্কানি, পরিপক্কানি। যুবাদীনাং প্রতিষেধো বক্তব্যঃ (বা)। যুবন্‌ প্রভৃতি শব্দের ন ণ হয় না।

৭। **একাজুত্তরপদে ণঃ** (৮।৪।১২)—সমাসে পূর্বপদস্থিত নিমিত্তের পরবর্তী একস্বর নিষ্পন্ন শব্দের অন্ত্য-ন-কার পূর্বোক্ত আগম-নকার এবং বিভক্তিস্থ-নকারের ন নিত্য ণ হয়। যথা,—বৃত্রহণৌ, বৃত্রহণঃ, ক্ষীরপেণ, সুরাপেণ।

৮। **কুমতি চ** (৮।৪।১৩)—পূর্ব (৮।৪।১২) সূত্রের নিয়ম ক-বর্গযুক্ত পরপদের ক্ষেত্রেও খাটিবে। যথা,—বস্ত্রযুগিণৌ, স্ত্রীভোগিণৌ, চন্দ্রগোমিণা, শুষ্কগোময়েণ, বর্ষভোগ্যেণ, বৃকমুখেণ।

৯। **উপসর্গাদসমাসেঽপি ণোপদেশস্য** (৮।৪।১৪)—সমাসে এবং অসমাসেও উপসর্গস্থ-নিমিত্তের পরবর্তী ন-কারাদি ধাতুর (কয়েকটি ধাতু ভিন্ন) ন ণ হয়। যথা,—প্রণয়ঃ, পরিণামঃ, পরিণয়, নির্ণয়ঃ, প্রণামঃ, প্রণতিঃ, প্রণমতি, পরিণমতি, প্রণায়কঃ (প্রকৃষ্টো নায়কঃ)। কিন্তু প্রগতো নায়কো যস্মাৎ স প্রনায়কো দেশঃ।

১০। **নের্গদ-নদ-পত-পদ-ঘু-মা-স্যতি-হন্তি-যাতি-বাতি-দ্রাতি-প্সাতি-বপতি-বহতি-শাম্যতি-চিনোতি-দেগ্ধিষু চ** (৮।৪।১৭)—উপসর্গস্থ নিমিত্তের পরবর্তী গদ-প্রভৃতি সতেরটি ধাতুর পূর্ববর্তী 'নি' এই উপসর্গের ন ণ হয়। যথা,—প্রণিগদতি প্রণিজগাদ, প্রণিপাতঃ, প্রণিধিঃ, প্রণিদাতা, প্রণিধানম্‌, প্রণিহন্মি ইত্যাদি।

১১। **কৃত্যচঃ** (৮।৪।২৯)—উপসর্গস্থ-নিমিত্তপূর্বক ধাতুর পরবর্তী কৃৎ-প্রত্যয়স্থ স্বরবর্ণপূর্বক ন-কারের নিত্য ণ হয়। যথা,—প্রয়াণম্‌ প্রমাণম্‌ প্রহীণঃ, প্রহাণিঃ। কিন্তু প্রখ্যানম্‌—ক্ষুভ্নাদিত্বাৎ।

১২। **ণের্বিভাষা** (৮।৪।৩০)—পূর্ব (৮।৪।২৯) সূত্রের নিয়ম ণিজন্ত ধাতুর

পরবর্তী ন-কারের ক্ষেত্রে বিকল্পে প্রযোজ্য হয়। যথা,—প্রযাপণম্, প্রযাপনম্, পরিমাপণম্, পরিমাপনম্, প্রকোপণম্ প্রকোপনম্।

১৩। (ন—৮।৪।৩৪) ষাৎ পদান্তাৎ (৮।৪।৩৫)—পদান্তস্থিত মূর্ধন্য-ষ-কারের পরবর্তী ন ণ হয় না। যথা—নিষ্পানম্ দুষ্পানম্, সর্পিষ্পানম্।

১৪। (ন) নশেঃ ষান্তস্য (৮।৪।৩৬)—যখন নশ্ ধাতুর শ ষ-তে পরিবর্তিত হয় তখন উপসর্গস্থ র-কারের পরবর্তী হইলেও নশ্ ধাতুর ন ণ হয় না। যথা,—প্রনষ্ট, পরিনষ্ট, প্রনঙ্ক্ষ্যতি, পরিনঙ্ক্ষ্যতি। বিদ্যুৎ-প্রণাশং স বরং প্রনষ্টঃ (ভট্টি)।

১৫। (ন) পদান্তস্য (৮।৪।৩৭)—পদান্তস্থিত ন কখনও ণ হয় না। যথা,—রামান্, গিরীন্।

১৬। (ন) পদব্যবায়েঽপি (৮।৪।৩৮)—ঋ, র, ষ—এর পরবর্তী, কিন্তু অন্য পদের দ্বারা ব্যবহিত—এইরূপ ন কখনও ণ হয় না। যথা,—মাষ-কুম্ভ-বাপেন, চতুরঙ্গযোগেন, পর্যবনদ্ধম্।

পদব্যবায়েঽতদ্ধিত ইতি বক্তব্যম্ (বা)—আর্দ্রগোময়েণ, শুষ্কগোময়েণ (গোশ্চ-পুরীষে ৪।৩।১৪৫ ইতি ময়ট্)। কুমতি চেতি ণত্বম্।

১৭। (ন) ক্ষুভ্নাদিষু চ (৮।৪।৩৯)—ক্ষুভ্নাদি শব্দের ন ণ হয় না। যথা—ক্ষুভ্নাতি, তৃপ্নোতি, নরীনৃত্যতে, নৃনমনঃ (কাহারও নাম), পুনর্নবা হরিনন্দনঃ, দুর্নয়ঃ, দুর্নীতম্ রামমোহনঃ হরিমোহনঃ কিশোরীমোহনঃ, ত্রিনয়না মৃগনেত্রা, সর্বনাম আচার্যানী ইত্যাদি।

Exercise

1. *State and illustrate the principal rules for the change of* ন *into* ণ।

2. *Enumerate the main cases where the change of* ন *into* ণ *is prohibited.*

3. *Correct or Justify* :—বৃক্ষাণ্, তর্জনম্, শরেন মন্ত্রন, কার্যানম্, প্রনশঃ, প্রনষ্টঃ বৃহ্মণঃ, প্রভুনা, অপরাহ্নঃ, গিরিণদী, প্রণিপাতঃ, প্রায়েন, সর্বনাম, আচার্যাণী, প্রপতণম্ পরাহ্নঃ।

ষত্ব-বিধান

১। **অপদান্তস্য মূর্ধন্যঃ** (৮.৩.৫৫)—পদের অন্তস্থিত না হইলে দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। পরস্থিত 'আদেশ প্রত্যয়য়োঃ' ৮।৩.৫৯ সূত্রের আদেশ ও প্রত্যয় অনুবৃত্তি হইবে। যথা—সিষেব, সুষ্বাপ, অগ্নিষু, বায়ুষু। পদের অন্তস্থিত না হইলে স ষ হয় না। যথা—অগ্নিস্তত্র, অযুস্তত্র।

২। **ইণ্‌কোঃ** (৮.৩.৫৭)—অ আ ভিন্ন স্বরবর্ণ, অন্তঃস্থ বর্ণ (য ব র ল) ও ক-বর্গ-এর পরবর্তী পদের অন্তস্থিত না হইলে (আদেশ ও প্রত্যয়ের) দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—সিষেব, সুষ্বাপ, মুনিষু, বায়ুষু, গীর্ষু, ধূর্ষু, বাক্ষু, ত্বক্ষু।

ইণ্‌ ও কবর্গ না থাকিলে হয় না। যথা—দাস্যতি, অসৌ।

বিঃ দ্রঃ—ইকারাদি স্বরবর্ণ, র ও ক-বর্গ—**ষত্বের নিমিত্ত**।

৩। **নুম্‌-বিসর্জনীয়-শর্‌-ব্যবায়েঽপি** (৮.৩।৫৮)—নুম্‌ আগম ন্‌= ং), বিসর্গ ও শ ষ স—এর প্রত্যেকের ব্যবধান থাকিলেও ইকারাদি স্বরবর্ণ ও ক-বর্গের পরবর্তী দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—যজূংষি, হবীংষি, সর্পিঃষু, যজুঃষু, সর্পিষ্‌ষু হবিষ্‌ষু।

নুম্‌, বিসর্গ এবং শ ষ স ব্যস্তভাবে ব্যবধান থাকিলে ষত্ব হয়, সমস্তভাবে ব্যবধান থাকিলে হয় না। যথা—নিংস্‌সে, নিংসম্ব (এখানে নুম্‌ এর পর স-কার তারপর শর্‌ ব্যবধান হইয়াছে)।

বিঃ দ্রঃ—লতাসু, সর্বাসু, পুংসু প্রভৃতি শব্দে ষত্ব হয় না।

৪। **আদেশপ্রত্যয়য়োঃ** (৮.৩।৫৯)—ইকারাদি স্বরবর্ণ ও ক-বর্গের পরবর্তী আদেশের এবং প্রত্যয়ের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—সিষেব, সুষ্বাপ, অগ্নিষু, সধুষু, গীর্ষু, কর্তৃষু, বক্ষ্যৎ, যক্ষৎ।

৫। **উপসর্গাৎ সুনোতি-সুবতি-স্যতি-স্তৌতি-স্তোভতি-স্থা-সেনয়-সেধ-সিচ্‌-সঞ্জ-স্বঞ্জাম্‌** (৮।৩.৬৫)—ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরবর্তী সু-প্রভৃতি ১১টি ধাতুর দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—অভিষুনোতি, পরিষুবতি, অভিষ্যতি, পরিষ্টৌতি, অভিষ্টোভতে, অনুষ্ঠান, অভিষেণয়তি, পরিষেধয়তি, পরিষিঞ্চতি, অভিষজতি, অভিষজতে।

ইকারাদি ও উকারাদি উপসর্গ না হইলে হয় না। যথা—সু-(ধাতু)—আসবঃ (মদ্যম্), সো-(ধাতু)—অবসানম্।

বিঃ দ্রঃ—নির্গতাঃ সেচকাঃ যস্মাৎ—নিঃসেচকো গ্রামঃ। এখানে নির্ এই উপসর্গ সিচ্ ধাতুর উপসর্গ নয়, কিন্তু গম্ ধাতুর উপসর্গ নির্গতাঃ।

অভিসাবকীয়তি—এখানে 'সুনোতি'র প্রতি ক্রিয়াযোগ হয় নাই, কিন্তু সাবকীয় শব্দের প্রতি হইয়াছে। এই জন্য ষত্ব হয় নাই।

সুস্থ, দুঃস্থ—সু ও দুঃ উপসর্গ প্রতিরূপক অব্যয় বলিয়া স ষ হয় নাই।

৬। **সদিরপ্রতেঃ** (৮।৩।৬৬)—প্রতি উপসর্গভিন্ন ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরবর্তী সদ্ ধাতুর দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—নিষীদতি, নিষাদঃ, নিষণ্ণঃ, বিষাদঃ, বিষণ্ণঃ। কিন্তু প্রতিপূর্বক সদ্ ধাতু হইলে হয় না। যথা—প্রতিসীদতি।

৭। **স্তন্ভেঃ** (৮।৩।৬৭)—ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরবর্তী স্তন্ভ ধাতু দন্ত্য স মূর্ধন্য-ষ হয়। যথা—অভিষ্টভ্নাতি পরিষ্টভ্নাতি।

বিঃ দ্রঃ— প্রতিস্তব্ধ নিস্তব্ধ—এস্থলে দন্ত্য-স মূর্ধন্য-ষ হয় না।

৮। **অবাচ্চালম্বনাবিদূর্যয়োঃ** (৮।৩।৬৮)—অবলম্বন অর্থে ও সামীপ্য অর্থে অব উপসর্গের পর স্তন্ভ ধাতুর দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা— বৃক্ষমবষ্টভ্য (অবলম্ব্য) আস্তে, অবষ্টব্ধা (সমীপবর্তিনী) সেনা।

অবলম্বন ও সামীপ্য অর্থ না হইলে হয় না যথা—অবস্তব্ধো বৃষলঃ শীতেন।

৯। **পরিনিবিভ্যঃ সেব-সিত-সয়-সিবু-সহ-সুট্-স্তু-স্বঞ্জাম্** (৮।৩।৭০) —পরি নি বি—এই উপসর্গযুক্ত সেব্ ধাতু সিত শব্দ সয় শব্দ, সিব্ ধাতু সহ্ ধাতু, সুড্ আগম, স্তু ধাতু এবং স্বঞ্জ ধাতুর পরবর্তী স ষ হয়। যথা—পরিষেবতে, নিষেবতে, বিষেবতে, পরিষিত, নিষয়, পরিষীব্যতি, নিষহতে, পরিষ্করোতি, পরিষ্টৌতি, বিষ্বজতে,। (৮।৩।৬৫) সূত্রে সুনোতি ১১টি ধাতুর মধ্যে স্তু ও স্বঞ্জ্ ধাতুর উল্লেখ থাকিলেও এখানে পুনরুল্লেখ হইয়াছে লঙ্ লুঙ্ লঙের ষত্ব সাধনের জন্য। যথা—অভ্যষ্টৌৎ (স্তু-লঙ্), অভ্যষ্বজত (স্বঞ্জ্-লঙ্)

১০। **অনুবিপর্যভিনিভ্যঃ স্যন্দতেরপ্রাণিষু** (৮।৩।৭২)—অনু বি পরি অভি নি—উপসর্গগুলির পরবর্তী স্যন্দ-ধাতু অপ্রাণিবাচক হইলে দন্ত্য-স বিকল্পে মূর্ধন্য-ষ হয়। যথা—অনুষ্যন্দতে অনুস্যন্দতে, বিষ্যন্দতে বিস্যন্দতে, পরিষ্যন্দতে পরিস্যন্দতে। প্রাণিবাচক হইলে বিকল্প হয় না। যথা—অনুস্যন্দতে মৎস্য উদকে।

কাহারও কাহারও মতে—প্রাণী ও অপ্রাণী সমুদায়েই স্যন্দ্ ধাতুর বিকল্প হয়। যথা—অনুষ্যন্দেতে (অনুস্যন্দেতে বা মৎস্যোদকে।

'অপ্রাণী' শব্দের নঞ্ পর্যুদাস, প্রসজ্য-প্রতিষেধ নয়। উদকে মৎস্যঃ অনুস্যন্দতে।

১১। **বেঃ স্কভ্নাতেরনিত্যম্** (৮।৩।৭৭)—বি উপসর্গপূর্বক স্কভ্ ধাতুর দন্ত্য-স মূর্ধন্য-ষ নিত্যই হয়। যথা—বিষ্কভ্নাতি, বিষ্কম্ভকঃ, বিষ্কাম্ভিতুম্।

১২। **সমাসেঽঙ্গুলেঃ সঙ্গঃ** (৮।৩।৮০)—সমাস হইলে অঙ্গুলিশব্দের পরবর্তী সঙ্গ শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—অঙ্গুলেঃ সঙ্গঃ অঙ্গুলিষঙ্গঃ। অঙ্গুলিষঙ্গা যবাগূঃ। অঙ্গুলিষঙ্গো গাঃ সাদয়তি।

সমাস না হইলে হয় না। যথা—অঙ্গুলেঃ সঙ্গং পশ্য।

১৩। **ভীরোঃ স্থানম্** (৮।৩।৮১)—সমাসে ভীরুশব্দের পরবর্তী স্থানশব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—ভীরোঃ স্থানম্ ভীরুষ্ঠানম্।

সমাস না হইলে হয় না। যথা—ভীরোঃ স্থানং পশ্য।

১৪। **অগ্নেঃ স্তুৎ-স্তোম-সোমাঃ** (৮।৩।৮২)—সমাসে অগ্নিশব্দের পরবর্তী স্তুৎ, স্তোম ও সোম শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—অগ্নিষ্টুৎ, অগ্নিষ্টোমঃ, অগ্নীষোমৌ।

অগ্নি শব্দ দীর্ঘ করার পর সোমের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। **দীর্ঘ না হইলে হয় না।** যথা—অগ্নিসোমৌ মাণবকৌ। অগ্নিসোমৌ (জ্যোতিরগ্নিঃ সোমঃ লতাবিশেষঃ) তিষ্ঠতঃ।

সমাস না হইলে হয় না। যথা—অগ্নেঃ সোমঃ।

১৫। **জ্যোতিরায়ুষঃ স্তোমঃ** (৮।৩।৮৩)—সমাস হইলে জ্যোতিস্ আয়ুস্

শব্দের পরবর্তী স্তোম শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা,—জ্যোতিষাং স্তোমঃ—জ্যোতিষ্টোমঃ, আয়ুষ্টোমঃ। সমাস না হইলে হয় না। যথা,—জ্যোতিঃ স্তোমং দর্শয়তি।

১৬। **মাতৃপিতৃভ্যাং স্বসা** (৮।৩।৮৪ —সমাসে মাতৃ ও পিতৃশব্দের পরবর্তী স্বসৃ শব্দের দন্ত্য স মূর্ধন্য-ষ হয়। যথা - মাতৃষসা, পিতৃষসা।

১৭। **মাতুঃ পিতুর্ভ্যামন্যতরস্যাম্** (৮।৩।৮৫)—সমাসে মাতুর্ ও পিতুর্ (ষষ্ঠ্যন্ত মাতৃ ও পিতৃ) শব্দের পরবর্তী স্বসৃ শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয় বিকল্পে। যথা—মাতুঃষসা মাতুঃস্বসা, পিতুঃষসা পিতুঃস্বসা।

সমাস না হইলে নিত্য দন্ত্য-স হয়। যথা - মাতুঃ স্বসা।

১৮। **অভি-নিসঃ স্তনঃ শব্দসংজ্ঞায়াম্** (৮।৩।৮৬)—শব্দসংজ্ঞা হইলে অভি নিস্ উপসর্গের পর স্তন্ ধাতুর দন্ত্য-স বিকল্পে মূর্ধন্য-ষ হয়। যথা—অভিনিষ্টানো বর্ণঃ অভিনিস্তানো বা। অভিনিষ্টানো বিসর্জনীয়ঃ, অভিনিস্তানো বা। শব্দসংজ্ঞা না হইলে বিকল্প হয় না। যথা—অভিনিস্তনতি মৃদঙ্গঃ।

১৯। **নি-নদীভ্যাং স্নাতেঃ কৌশলে** (৮।৩।৮৯)—নৈপুণ্য অর্থে নি উপসর্গের পর ও নদী শব্দের পর স্না ধাতুর দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—স্মৃতি-শাস্ত্রে নিষ্ণাতঃ, নিষ্ণাতঃ কটকরণে, আতিথ্যনিষ্ণঃ, নদ্যাং স্নাতীতি (কুশলঃ স্নাতুং), নদীষ্ণঃ। নৈপুণ্য অর্থ না হইলে হয় না। যথা—নিস্নাতঃ, নদ্যাং স্নাতো নদীস্নাতঃ।

২০। **প্রষ্ঠোঽগ্রগামিনি** (৮।৩।৯২)—অগ্রগামী অর্থে প্র উপসর্গের পর স্থ শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—প্রতিষ্ঠতে যঃ স প্রষ্ঠোঽশ্বঃ (অগ্রতো গচ্ছতীত্যর্থঃ)।

অগ্রগামী অর্থ না হইলে হয় না। যথা—ব্রীহীণাং প্রস্থঃ (পাথী<প্রস্থিকা)।

২১। **বৃক্ষাসনয়োর্বিষ্টরঃ** (৮।৩।৯৩)—বৃক্ষ অর্থে এবং আসন অর্থে বি উপসর্গের পরবর্তী স্তর শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা - বিস্তৃণাতি ভূমিম্ আচ্ছাদয়তি যঃ স বিষ্টরো বৃক্ষঃ। বিষ্টরম্ আসনম্।

বৃক্ষ ও আসন অর্থ না হইলে হয় না। যথা—বাক্যস্য বিস্তরঃ।

বিঃ দ্রঃ—বিষ্টারো বৃহতীছন্দঃ। ছন্দ ও নাম বুঝাইলে দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। কিন্তু ছন্দ ও নাম না বুঝাইলে হয় না। যথা—পটস্ত বিস্তারঃ।

২২। **গবি-যুধিভ্যাং স্থিরঃ** (৮।৩।৯৫)—নাম বুঝাইলে গবি ও যুধি শব্দের পরবর্তী স্থির শব্দের দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যথা—গবি তিষ্ঠতি যঃ স গবিষ্ঠিরঃ (শিবঃ), যুধিষ্ঠিরঃ।

২৩। **এতি সংজ্ঞায়ামগাৎ** (৮।৩।৯৯)—**নাম বুঝাইলে** গকার ভিন্ন বর্ণের পরবর্তী ও ইকারাদি স্বরবর্ণের পরবর্তী **একারযুক্ত দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়।** যথা—হরিষেণঃ, জানুষেণঃ, বারিষেণঃ, সুষেণঃ। স-কার একারযুক্ত না হইলে হয় না। যথা—হরিসিংহঃ, হরিসক্থম্।

নাম না বুঝাইলে হয় না। যথা—পৃথ্বী সেনা যস্য স পৃথুসেনো রাজা।

গকারভিন্ন বর্ণের পর না হইলে হয় না। যথা—বিষ্বচী (নানা-দিগ্‌ব্যাপিনী) সেনা যস্য স বিষক্‌সেনঃ।

ইকারাদি স্বরবর্ণের পর না হইলে হয় না। যথা—সর্বসেনঃ।

২৪। **ন** (৮।৩।১১০) **সাৎ পদাদ্যোঃ**(৮।৩।১১১)—ইকারাদি স্বরবর্ণের ও কবর্গের পরবর্তী **সাৎ প্রত্যয়ের ও পদের আদিস্থিত আদেশের সকার মূর্ধন্য ষ হয়** না। যথা—অগ্নিসাৎ, দধিসাৎ, মধুসাৎ, ধূলিসাৎ, দধিসেকঃ।

২৫। **(ন) সোঢ়ঃ** (৮।৩।১১৫)—পরিনিবি (৮।৩।৭০) সূত্রদ্বারা মূর্ধন্য ষ প্রাপ্ত সহ্‌ধাতুজাত 'সোঢ়' ষ হয় না। যথা—পরিসোঢ়ঃ, পরিসোঢ়ুম্, বিসোঢ়ুম্, বিসোঢ়ঃ। সহধাতু সোঢ়রূপ প্রাপ্ত না হইলে হয় না। যথা—পরিষহতে।

Exercise

1. *State and illustrate the main rules for the change of* স *into* ষ.
2. *Why the* স *in the following words not changed into* ষ ?
   ক্রিয়াসু, সুস্থঃ (দ্বিতীয় স্), প্রতিসাদঃ, নিস্তব্ধঃ, অনুস্যন্দতে (মৎস্য উদকে), অগ্নিসোমৌ, নিস্নাতঃ, বিস্তরঃ, হরিসিংহঃ, বিষক্‌সেনঃ, ধূলিসাৎ।
3. *Correct or justify* :—পুরস্কারঃ, বিসহতে, আত্মসু, সুসুপ্তঃ, জিগীষা, অভিসেচনম্, অঙ্গুলিসঙ্গঃ, মাতৃস্বসা, বিষোঢ়ঃ, বিসর্জনম্।

সন্ধি

পরঃ সন্নিকর্ষঃ সংহিতা (১।৪।১০৯)—অতিশয় দ্রুত উচ্চারণজনিত **দুইবর্ণের ধ্বনিগত পরস্পর মিলনকে সংহিতা বা সন্ধি বলে।** 'সতী+ঈশঃ' ইহাদের দ্রুত উচ্চারণ করিলে 'সতীশঃ' এইরূপই শুনা যায়। এইজন্য বিশুদ্ধভাবে দুই বর্ণ দ্রুত উচ্চারণ করিলেই কোথায় সন্ধি কিরূপ হইবে এবং কেন স্থানে স্থানে সন্ধিতে দুই তিন প্রকার বিকল্প গৃহীত হইয়াছে, তাহা প্রায়শঃ বুঝিতে পারা যায়।

সন্ধি করা সম্বন্ধে নিয়ম যথা—

সংহিতৈকপদে নিত্যা নিত্যা ধাতূপসর্গয়োঃ।
সমাসেঽপি চ নিত্যা স্যাৎ সা চান্যত্র বিভাষিতা॥

একপদে, ধাতু ও উপসর্গের মধ্যে এবং সমাসে সন্ধি অবশ্য করিতে হইবে এতদ্‌ব্যতীত অন্যস্থলে সন্ধি করা বা না করা লেখকের ইচ্ছাধীন। যথা, পবনঃ (পো+অনঃ), প্রাবিশৎ (প্র+অবিশৎ, পঞ্চাননঃ (পঞ্চ+আননঃ)। অন্যত্র, রামো গ্রামং গচ্ছতি অথবা, রামঃ গ্রামম্ গচ্ছতি। সন্ধি করিলে অনেক সময়েই শ্রুতিমধুর হয়।

স্বরসন্ধি

১। **অকঃ সবর্ণে দীর্ঘঃ** (৬।১।১০১)—অ ই উ ঋ ৯র সহিত অ ই উ ঋ এবং ৯র সন্ধিতে উভয়ে মিলিয়া একটি দীর্ঘ স্বর হয়। যথা—

অ+অ=আ, অদ্যাবধিঃ।
অ+আ=আ, নরাকৃতিঃ।
আ+অ=আ, বিদ্যার্ণবঃ।
আ+আ=আ, গদাঘাতঃ।
ই+ই=ঈ, অতীব
ই+ঈ=ঈ, প্রতীক্ষা
ঈ+ই=ঈ, মহতীচ্ছা
ঈ+ঈ=ঈ, লক্ষ্মীশঃ

উ+উ=ঊ, স্বাদূদকম্।
উ+ঊ=ঊ, লঘূর্মিঃ।
ঊ+উ=ঊ, স্বয়ম্ভূদয়ঃ।
ঊ+ঊ=ঊ, ভূর্ধ্বম্।
ঋ+ঋ=ৠ পিতৄণম্
ঋ+৯=ৠ, হোতৃ+৯কারঃ=হোতৄকারঃ।

২। **ইকো যণ্ অচি** (৬।১।৭৭)—অসবর্ণ স্বর পরে থাকিলে ই উ ঋ এবং ঌ স্থানে যথাক্রমে য ব র এবং ল হয়। যথা, ই, ঈ=য্—দধি+অত্র=দধ্যত্র, অতি+আচারঃ=অত্যাচারঃ। দেবী+আগতা=দেব্যাগতা। উ, ঊ=ব্—অন্বয়ঃ, স্বাগতম্, মধ্বিদম্, সাধ্বীহিতম্, মধ্বৃতে, অন্বেষণম্, পচস্বোদনম্, দদাস্বৌষধম্। সরয্বম্বু, বধ্বাদিঃ, বধ্বৈশ্বর্যম্, বধ্বৌদার্যম্। ঋ, ৠ=র্—পিত্রনুমতিঃ, পিত্রাজ্ঞা, পিত্রিচ্ছা, পিত্রীহিতম্, পিত্রোকঃ। ঌ=ল্—ঌ+আকৃতিঃ=লাকৃতিঃ।

৩। **আদ্ গুণঃ** (৬।১।৮৭)—অবর্ণের পরে ই, উ, ঋ এবং ঌ থাকিলে উভয়ে মিলিয়া গুণ হয়। [অবর্ণ ও ইবর্ণের মিলনে একার, অবর্ণ ও উবর্ণের মিলনে ও-কার, অবর্ণ ও ঋবর্ণের মিলনে অ=অর, (উরণ্রপরঃ) এবং অবর্ণ ও ঌকারের মিলনে অ=অল্, (উরণ্রপরঃ) হয়।] যথা, তবেয়ম্, লভেব, রমেশঃ; নীলোৎপলম্, গঙ্গোদকম্; দেবর্ষিঃ, দেবর্ষভঃ; তবল্কারঃ, দেবল্কারঃ।

৪। **বৃদ্ধিরেচি** (৬।১।৮৮)—অবর্ণের পরে এ, ও, ঐ এবং ঔ থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি হয়। (অবর্ণ ও একার বা ঐকারের মিলনে ঐকার এবং অবর্ণ ও ওকার বা ঔকারের মিলনে ঔকার হয়) যথা, অদ্যৈব, মতৈক্যম্, জলৌঘঃ, সদৌৎসুক্যম্।

৫। **এচোঽয়্-অব্-আয়্-আবঃ** (৬।১।৭৮)—স্বরবর্ণ পরে থাকিলে পূর্ববর্তী এ, ও, ঐ এবং ঔ স্থানে যথাক্রমে অয়্, আয়্, অব্ ও আব্ হয়। যথা, চয়নম্ লবনম্, গায়তি, পাবকঃ।

৬। **লোপঃ শাকল্যস্য** (৮।৩।১৯)—পদান্তে বর্তমান য্ ও ব্ এর বিকল্পে লোপ হয়। যথা, মুনে+আগচ্ছ=মুনয়াগচ্ছ, মুন আগচ্ছ; বিভো+এহি=বিভবেহি, বিভ এহি; ধিয়ৈ+অর্থঃ=ধিয়ায়র্থঃ ধিয়া অর্থঃ; রবৌ+অস্তমিতে=রবাবস্তমিতে, রবা অস্তমিতে। (৮।৩।১৯)

৭। **এত্যেধত্যূঠ্সু** (৬।১।৮৯)—অবর্ণের পরে ইণ্ বা এধ্ ধাতুর একার থাকিলে উভয়ে মিলিয়া ঐকার এবং ঊঠ্ থাকিলে ঔকার হয়। যথা, প্র+এতি=প্রৈতি; উপ+এধতে=উপৈধতে, প্রষ্ঠবাহ্+শস্=প্রষ্ঠ+ঊহঃ (বাহ ঊঠ্)=প্রষ্ঠৌহঃ, ধাব+ক্তঃ=ধ+ঊতঃ (ছ্বোঃ শূঠ্)=ধৌতঃ। (৬।১।৮৯)

৮। **অক্ষাদূহিন্যামুপসংখ্যানম্** (বা)—অক্ষ+ঊহিনী=অক্ষৌহিণী। ('বার্তিক ।

৯। **স্বাদীরেরিণোঃ**—স্ব+ঈরঃ=স্বৈরঃ, স্ব+ঈরী=স্বৈরী, স্ব+ঈরিণী=স্বৈরিণী। (বা)

১০। **প্রাদূহোঢ়োঢ্যেষৈষ্যেষু** (বা)—প্র শব্দের পরে ঊহ, ঊঢ়, ঊঢ়ি, এষ এবং এষ্য থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি হয়। যথা, প্রৌহঃ, প্রৌঢ়ঃ, প্রৌঢ়িঃ, প্রৈষঃ (প্র+ইষ্+ঘঞ্), প্রৈষ্যঃ (প্র-ইষ্+ণ্যৎ)। কিন্তু ঊঢ়বৎ এর ঊঢ় নিরর্থক বলিয়া) প্র+ঊঢ়বান্=প্রোঢ়বান্। (বার্তিক)।

১১। **ঋতে চ তৃতীয়াসমাসে** (বা)—তৃতীয়াসমাস-নিষ্পন্ন ঋত শব্দ পরে থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি হয়; যথা, সুখেন ঋতঃ সুখ+ঋতঃ সুখার্তঃ। তৃতীয়া তৎপুরুষ না হইলে বৃদ্ধি হয় না। যথা, পরম+ঋতঃ=পরমর্তঃ। (বার্তিক)।

১২। **প্র-বৎসতর-কম্বল বসনার্ণ-দশানামৃণে** (বা)—প্র, বৎসতর, কম্বল, বসন, ঋণ ও দশ শব্দের ঋণ শব্দ থাকিলে বৃদ্ধি হয়; যথা, **প্রার্ণম্**, বৎসতরার্ণম্. কম্বলার্ণম্, বসনার্ণম্, ঋণার্ণম্ (ঋণস্য অপনয়নায় অন্যৎ ঋণম্), **দশার্ণঃ** (দেশঃ), **দশার্ণা** (নদী)। (বার্তিক)।

১৩। **উপসর্গাদৃতি ধাতৌ** (৬।১।৯১)—অবর্ণান্ত উপসর্গের পরে ঋকারাদি ধাতু থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি হয়। যথা, উপ+ঋচ্ছতি=উপার্চ্ছতি, আ+ঋচ্ছতি=আর্চ্ছতি, আ+ঋতঃ=আর্তঃ। **বা সুপ্যাপিশলেঃ**—ঋকারান্ত-নামধাতু পরে থাকিলে বিকল্পে বৃদ্ধি হয়। যথা, প্রার্ষভীয়তি, প্রর্ষভীয়তি। দীর্ঘে বৃদ্ধি হয় না। উপ+ৠকারীয়তি=উপর্কারীয়তি। (৬।১।৯১)

১৪। **এঙি পররূপম্** (৬।১।৯৪)—অবর্ণান্ত উপসর্গের পরে একারাদি বা ওকারাদি ধাতু থাকিলে উভয়ে মিলিয়া পররূপ হয়। যথা, প্র+এজতে=প্রেজতে, উপ+ওষতি=উপোষতি।

১৫। **এবে চানিয়োগে** (বা)—নিয়োগ না বুঝাইলে এব শব্দের সহিত সন্ধিতে পররূপ হয়। যথা, ক্বেব ভোক্ষ্যসে (অনিশ্চয়ার্থে এব শব্দঃ) নিয়োগে তু—তবৈব। নিয়োগঃ অবধারণম্। (৬।১।৯৪)

১৬। **শকন্ধ্বাদিষু পররূপং বাচ্যম্** (বা)—তচ্চ টেঃ টি স্থানে পররূপ হয়। যথা, শক+অন্ধুঃ=শকন্ধু', কর্কন্ধুঃ কুলটা, সীমন্তঃ (কেশবিন্যাসে, অন্যত্র সীমান্তঃ), সারঙ্গঃ (পশুপক্ষিণোঃ, অন্যত্র সারাঙ্গঃ), পতঞ্জলিঃ (পতৎ+অঞ্জলিঃ, পতন্ অঞ্জলিঃ যস্মিন্ সঃ), মনীষা (মনস্+ঈষা), হলীষা লাঙ্গলীষা (the handle of a plough), মার্তণ্ডঃ আকৃতিগণোঽয়ম্। (বার্তিক)।

১৭। **ওত্বোষ্ঠয়োঃ সমাসে বা** (বা)—সমাসে বিকল্পে পররূপ হয়। যথা, স্থূলোতুঃ, স্থূলৌতুঃ, বিম্বোষ্ঠঃ, বিম্বৌষ্ঠঃ। সমাস না হইলে বৃদ্ধি হয়। যথা, তবৌষ্ঠঃ। ওতু=বিড়াল। (বার্তিক)।

১৮। **ওমাঙোশ্চ** (৬।১।৯৫)—অবর্ণের পরে ওম্ এবং আঙ্ শব্দ থাকিলে উভয়ে মিলিয়া পররূপ হয়। যথা, শিবায়+ওং নমঃ=শিবায়োং নমঃ, ক+ওম্ +ইতি কোমিতি।

১৯। **অব্যক্তানুকরণস্যাত ইতৌ** (৬।১।৯৮)—অব্যক্তশব্দ অনুকরণের পরে ইতি থাকিলে অনুকরণ শব্দের অত্ এর লোপ হয় এবং পরে উভয়ে মিলিয়া পররূপ হয়। যথা, পটৎ+ইতি=পটিতি। একস্বরের হয় না—শ্রদিতি। ডাচ্ প্রত্যয়ে বিকল্পে হয়। যথা, পটৎপটেতি পটৎপটদিতি।

২০। **ঋতি সবর্ণে ঋ বা, ঌতি সবর্ণে ঌ বা** (বা)—ঋকারের পরে ঋকার বা ঌকার থাকিলে বিকল্পে পররূপ হয়। যথা, হোতৃ+ঋকারঃ=হোতৃকারঃ, হোতৃকারঃ ; হোতৃ+ঌকারঃ=হোতৢকারঃ, হোতৃকারঃ।

২১। **এঙঃ পদান্তাদতি** (৬।১।১০৯)—পদান্ত একার বা ওকারের পরে অ থাকিলে উভয়ে মিলিয়া পূর্বরূপ হয়। যথা, হরেঽব, বিষ্ণোঽব।

২২। **সর্বত্র বিভাষা গোঃ** ৬।১।১২২)—পদান্ত গো শব্দের পরে অকার থাকিলে বিকল্পে প্রকৃতিভাব হয়। যথা, গো+অগ্রম্=গো অগ্রম্, পক্ষে

২৩। **অবঙ্ স্ফোটায়নস্য** (৬।১।১২৩)—স্বরবর্ণ পরে থাকিলে গোশব্দের ওকারস্থানে বিকল্পে অব হয়] গবাগ্রম্ গোঽগ্রম্ ; গো+অজিনম্= গো অজিনম্, গোঽজিনম্, গবাজিনম্। কিন্তু গো+অক্ষঃ=গবাক্ষঃ (ব্যবস্থিত বিভাষা স্বীকার করায় অন্য কোন বিকল্প পদ হয় না)।

২৪। ইন্দ্রে চ (৬।১।১২৪) গো+ইন্দ্রঃ=গবেন্দ্রঃ।

২৫। বান্তো যি প্রত্যয়ে (৬।১.৭৯)—যকারাদি প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের ওকার এবং ঔকার স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যথা, গো+যম্=গব্যম্ (গো+যৎ), নৌ+যম্=নাব্যম্ (নৌ+যৎ)। গোর্যূতৌ ছন্দস্যুপসংখ্যানম্, অধ্বপরিমাণে চ (বা)—গো+যূতিঃ= গব্যূতিঃ (গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্ ইত্যমরঃ)।

২৬। ধাতোস্তন্নিমিত্তস্যৈব (৬।১.৮০)—যকারাদি প্রত্যয় পরে থাকিলে, সেই প্রত্যয়হেতু জাত ধাতুর ওকার এবং ঔকারস্থানে যথাক্রমে অব্ এবং আব্ হয়। যথা, লো+যম্=লব্যম্ (লূ+যৎ), লৌ+যৎ=লাব্যম্ (আবশ্যকে ণ্যৎ)।

২৭। ক্ষয্যজয্যৌ শক্যার্থে (৬ ১।৮১)—শক্যার্থে যৎ প্রত্যয় পরে থাকিলে ক্ষি ও জি ধাতুর একার স্থানে অয়্ হয়। যথা, ক্ষে+যম্=ক্ষয্যম্ (ক্ষেতুং শক্যমিতি ক্ষি যৎ), জে+যম্=জয্যম্ (জেতুং শক্যমিতি জি+ যৎ); কিন্তু যোগ্য অর্থে—ক্ষেয়ং পাপম্, জেয়ং মনঃ।

২৮। ক্রয্যস্তদর্থে (৬।১।৮২)—আপণে ক্রয়ার্থ প্রসারিত দ্রব্য বুঝাইতে যৎ প্রত্যয় পরে থাকিলে ক্রীধাতুর একার স্থানে অয়্ হয়। যথা, ক্রে+যম্= ক্রয্যম্ (বিক্রয়ের জন্য আপণে প্রসারিত দ্রব্য)। কিন্তু যোগ্যার্থে—ক্রে +যম্=ক্রেয়ম্। ক্রেয়ং নো ধান্যম্, ন চাস্তি ক্রয্যম্।

প্রকৃতি-ভাব (সন্ধি-নিষেধ)

প্রকৃতিভাব অর্থাৎ স্ব-রূপে অবস্থান, কোনও প্রকার বিকার বা পরিবর্তন না হওয়া।

প্রকৃত্যান্তঃ পাদমব্যপরে (৬।১।১১৫) এই সূত্রের 'প্রকৃত্যা' পদটিকে আশ্রয় করিয়াই "প্রকৃতি-ভাব" শব্দটি ব্যবহৃত হয়।

২৯। প্লুত-প্রগৃহ্যা অচি নিত্যম্ (৬।১।১২৫)—প্লুত এবং প্রগৃহ্য স্বরের সহিত সন্ধি হয় না। দূরাহ্বানে চ গানে চ রোদনে চ প্লুতো মতঃ। যথা, এহি কৃষ্ণা৩ অত্র গৌশ্চরতি।

প্রগৃহ্য যথা—

৩০। **ঈদূদেদ্-দ্বিবচনং প্রগৃহ্যম্** (১।১।১১)—ঈকারান্ত, উকারান্ত এবং একারান্ত দ্বিবচনান্ত পদ প্রগৃহ্য। যথা, হরী এতৌ, বিষ্ণূ ইমৌ, লতে এতে, পচেতে ইমৌ। মণীবোষ্ট্রস্য—ইত্যত্র ইবার্থে বাশব্দেন বশব্দেন বা সন্ধিঃ।

৩১। **অদসো মাৎ** (১।১।১২)—অদস্ শব্দের ম্ এর পরস্থিত ঈকার ও উকার প্রগৃহ্য। যথা, অমী ঈশাঃ, অমূ আসাতে। অদস্ শব্দের না হইলে সন্ধি হয়। যথা, অমী+অয়ম্=অম্যয়ম্ (এই রুগ্ন লোক)।

৩২। **নিপাত একাজনাঙ্** (১।১।১৪)—আঙ্ ভিন্ন একস্বর অব্যয় প্রগৃহ্য। যথা, ই ইন্দ্র (ই বিস্ময়ে), উ উমেশ (উ বিতর্কে), ঐ ইহাগচ্ছ (ঐ সম্বোধনে), আ এবং নু মন্যসে (ওঃ! তুমি এইরূপ মনে করিতেছ), আ এবং কিল তৎ (ওঃ, ইহা এইরূপই বটে)। কিন্তু আঙ্ প্রগৃহ্য নহে—আ+উষ্ণম্=ওষ্ণম্ ঈষৎ উষ্ণ)। আ+ইহি=এহি।

ঈষদর্থে ক্রিয়াযোগে মর্যাদাভিবিধৌ চ যঃ।
এতমাতং ঙিতং বিদ্যাদ্-বাক্য-স্মরণয়োরঙিৎ॥

৩২। **ওৎ** (১।১।১৫)—ওকারান্ত অব্যয় প্রগৃহ্য। যথা, অহো ঈশাঃ, নো ইহ, নো ইতরাণি।

৩৩। **ঋত্যকঃ** (৬।১।১২৮)—ঋকার পরে থাকিলে পদান্ত অ, ই উ, ঋ এবং ৯ কারের বিকল্পে সন্ধি হয় না এবং হ্রস্ব হয়। যথা জন্ম+ঋতুঃ=জন্ম ঋতুঃ, জন্মর্তুঃ; ব্রহ্মা+ঋষিঃ=ব্রহ্ম ঋষিঃ, ব্রহ্মর্ষিঃ; সপ্ত+ঋষীণাম্=সপ্ত ঋষীণাম্, সপ্তর্ষীণাম্ (সমাসেও বিকল্পে সন্ধি হইল না)। খট্টা+ঋষিঃ=খট্ট ঋষিঃ, খট্টর্ষিঃ।

৩৪। **ইকোঽসবর্ণে শাকল্যস্য হ্রস্বশ্চ** (৬।১।১২৭)—অসবর্ণ স্বর পরে থাকিলে পদান্ত ই, উ, ঋ এবং ৯কারের বিকল্পে সন্ধি হয় না এবং হ্রস্ব হয়। যথা, চক্রী+অত্র=চক্রি অত্র, চক্র্যত্র।

বিশেষ ব্যঞ্জনসন্ধি ও বিসর্গসন্ধি

৩৫। **অচো রহাভ্যাং দ্বে** (৮।৪।৪৬)– স্বরবর্ণের পরবর্তী র্ ও হ্ এ পরে হ্ ভিন্ন ব্যঞ্জনবর্ণ বিকল্পে দ্বিরুক্ত হয়। যথা, অর্কঃ, অর্ক্কঃ, মূর্খঃ, মূর্খ্খঃ, অর্ঘঃ

অর্ঘ্ যঃ, দর্পঃ দপ্পঃ. সর্বঃ সর্ব্বঃ, কর্ম কর্ম্ম, অর্চনা অর্চ্চনা, বর্জনম্ বর্জ্জনম্ ব্রহ্মা ব্রহ্ম্মা।

৩৬। অনচি চ (৮।৪।৪৭)—স্বরবর্ণের পরবর্তী এবং ব্যঞ্জনবর্ণের পূর্ববর্তী হ্‌ভিন্ন ব্যঞ্জনবর্ণ বিকল্পে দ্বিরুক্ত হয়। যথা. দধ্যত্র. দদ্ধ্যত্র ; উদ্যমঃ, উদ্দ্যমঃ ; মধ্বরিঃ মদ্ধ্বরিঃ ; যুধ্যতে, যুদ্ধ্যতে ; উগ্‌গ্রঃ, উগ্রঃ ; পুত্রঃ, পুত্ত্রঃ ; ইন্দ্রঃ, ইন্‌দ্রঃ।

৩৭। শরোঽচি (৮।৪।৪৯)—স্বরবর্ণ পরে থাকিলে শ, ষ এবং স এর দ্বিত্ব হয় না। যথা, আদর্শঃ, স্পর্শঃ, হর্ষঃ, অর্হন্।

৩৮। উদঃ স্থা-স্তম্ভোঃ পূর্বস্য (৮।৪।৬১)—উদ্ উপসর্গের পরবর্তী স্থা এবং স্তম্ভ্ ধাতুর স্ স্থানে থ্ হয়। যথা, উত্থানম্, উত্তম্ভনম্ (ঝরো ঝরি সবর্ণে ইতি পাক্ষিকঃ থকারলোপঃ)।

৩৯। মোঽনুস্বারঃ (৮।৩।২৩)—ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পদান্ত ম্ স্থানে অনুস্বার হয়। যথা, গ্রামং গচ্ছতি, বনং যাতি। কিন্তু অহম্ আগতঃ, তম্ উবাচ।

৪০। নশ্চাপদান্তস্য ঝলি (৮।৩।২৪)—বর্গের প্রথম. দ্বিতীয়. তৃতীয়, চতুর্থ ও শ ষ স হ পরে থাকিলে পদমধ্যস্থ (অপদান্ত) ন্ ও ম্ স্থানে অনুস্বার হয়। যথা, (ন্ স্থানে) পয়াংসি, যশাংসি ; (ম্ স্থানে) আক্রংস্যতে, গংস্যতে।

৪১-৪২। অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ (৮।৪।৫৮), বা পদান্তস্য (৮।৪।৫৯)—উষ্মবর্ণ ভিন্ন ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পদমধ্যস্থ অনুস্বার স্থানে নিত্য এবং পদান্তস্থিত অনুস্বারস্থানে বিকল্পে পরবর্তী বর্ণের পঞ্চমবর্ণ হয়। যথা, শঙ্কিতম্, লিম্পতি, কুন্ততি ; ত্বং করোষি, ত্বঙ্করোষি ; কিং পচসি, কিম্পচসি।

৪৩। মো রাজি সমঃ কৌ (৮।৩।২৫)—ক্বিপ্ প্রত্যয়ান্ত রাজ্ ধাতু পরে থাকিলে সম্ শব্দের ম্ স্থানে অনুস্বার হয় না। যথা, সম্রাট্।

৪৪। সং-পুং-কানাং সো বক্তব্যঃ (বা)—সম্, পুম্ ও কান্ শব্দের পরবর্তী স্ সর্বদা স্-ই থাকে, বিসর্গ প্রভৃতি হয় না। যথা, সম্+কর্তা= (সম্পরিভ্যাং করোতৌ ভূষণে ইতি সুট্) সম্+স্+কর্তা=সংস্কর্তা, সঁস্কর্তা (অনুনাসিকাৎ পরোঽনুস্বারঃ)।

৪৫। ঙমো হ্রস্বাদচি ঙমুণ্ নিত্যম্ (৮।৩।৩২)—পূর্বে হ্রস্বস্বর এবং

পরে যে কোন স্বরবর্ণ পরে থাকিলে পদান্ত ঙ্, ণ্ এবং ন্ এর দ্বিত্ব হয়। যথা, উদঙ্+আস্তে=উদঙ্ঙাস্তে প্রত্যঙ্+আত্মা=প্রত্যঙ্ঙাত্মা, সুগণ্+ঈশঃ=সুগণ্ণীশঃ, সন্+অচ্যুতঃ=সন্নচ্যুতঃ। কিন্তু ভবান্+অত্র=ভবানত্র।

৪৬-৪৭। **শি তুক্** (৮।৩।৩১)। **শশ্ছোঽটি** (৮।৪।৬৩)—পদান্ত ন্ এর পরে শ থাকিলে তাহাদের মধ্যে বিকল্পে ৎ কার আগম হয়। বর্গের প্রথম দ্বিতীয় তৃতীয় ও চতুর্থ বর্ণ পূর্বে থাকিলে এবং স্বরবর্ণ বা য র ল ব হ পরে থাকিলে শ্ স্থানে বিকল্পে ছ্ হয়। যথা, সন্+শম্ভুঃ=**সঞ্ছম্ভুঃ, সঞ্চ্ছম্ভুঃ সঞ্চ্শম্ভুঃ, সঞ্শম্ভুঃ** (ঝরো ঝরি সবর্ণে ইতি বিকল্পে চলোপঃ) এই চারিটি রূপ হয়।

ঞছৌ ঞচছা ঞচশা ঞশাবিতি চতুষ্টয়ম্।
রূপাণামিহ তুক্-ছত্ব-চলোপানাং বিকল্পনাৎ॥

৪৮-৪৯। **পুমঃ খয্যম্‌পরে** (৮।৩।৬)—অম্ বর্ণ পরে আছে এইরূপ বর্গের প্রথম ও দ্বিতীয়বর্ণ পরে থাকিলে, পুম্ শব্দের ম্ স্থানে র (রু) হয়। **সমঃ সুটি** (৮।৩।৫)—সুট্ আগম হইলে সম্ শব্দের মস্থানে র (রু) হয়। যথা, পুম্+কোকিলঃ=পুংস্কোকিলঃ, পুঁস্কোকিলঃ; পুম্+ত্বম=পুংস্ত্বম্, পুঁস্ত্বম্; সম্+কর্তা=সংস্কর্তা, সঁস্কর্তা; পুম্+পুত্রঃ=পুংস্পুত্রঃ, পুঁস্পুত্রঃ। অন্য বর্ণ পরে থাকিলে হয় না। যথা, পুম্+গবঃ=পুঙ্গবঃ, পুম্+ক্ষীরম্=পুংক্ষীরম্।

৫০-৫১। **অহন্** (৮।২।৬৮), **রোঽসুপি** (৮।২।৬৯)—সুপ্ বিভক্তি পরে থাকিলে অহন্ শব্দের ন্ স্থানে (রুসংজ্ঞক) র্ হয় এবং পরে ওকার প্রভৃতি হয়, কিন্তু সুপ্ ভিন্ন স্থলে র্ হয় এবং পরে উহা অন্য কিছু হয় না। যথা, অহোভ্যাম্, অহঃসু। অহরহঃ, অহর্গণঃ, অহর্মুখম্; অহর্মূলম্। **রূপরাত্রিরথন্তরেষু রুত্বং বাচ্যম্** (বা)—অহোরূপম, গতমহো রাত্রিরেষা, অহোরাত্রঃ (একদেশবিকৃতস্য অনন্যত্বাৎ) অহোরথন্তরম্। **অহরাদীনাং পত্যাদিষু বা রেফঃ** (বা)—অহস্পতিঃ, অহর্পতিঃ, অহঃপতিঃ; গীর্পতিঃ, গীঃপতিঃ; ধূর্পতিঃ, ধূঃপতিঃ; উষসি বুধ্যতে যঃ সঃ উষর্বুধঃ অগ্নিঃ (ব্যবস্থিতবিভাষয়া নিত্যম্)।

৫২। **চ্রলোপে পূর্বস্য দীর্ঘোঽণঃ** (৬।৩।১১১)—ঢ ও র এর লোপ

হইলে ইহাদের পূর্ববর্তী অ, ই এবং উকারের দীর্ঘ হয়। যথা, লীঢ়ঃ (লিহ্+ক্ত=লিঢ্+ঢঃ), রূঢ়ঃ, গূঢ়ঃ, মূঢ়ঃ। পিতারক্ষ, নীরবঃ, মাতূরোদনম্, পুনারাজতে, নীরাজনা, নীরক্তঃ, হরীরম্যঃ।

৫৩। এতত্তদোঃ সুলোপোঽকোরনঞ্ সমাসে হলি (৬।১।১৩২) —ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে এতদ্ ও তদ্ শব্দের সুবিভক্তির লোপ হয়। যথা,— এষ দাতা, স ভোক্তা, এষ বদতি, স চলতি, এষ শেতে, স সহতে। নঞ্-তৎপুরুষে বা ক কারান্ত হইলে সু-লোপ হয় না। যথা, এষকো গচ্ছতি, সকো হসতি, এষকে রুদ্রঃ, অসঃ শিবঃ। প্রতীয়তে সম্প্রতি সোঽপ্যসঃ পরৈঃ।

৫৪। সোঽচি লোপে চেৎ পাদপূরণম্ (৬।১।১৩৪)—পাদপূরণস্থলে স্বরবর্ণ পরে থাকিলেও সুলোপ হয়। যথা,

সৈষ দাশরথী রামঃ সৈষ রাজা যুধিষ্ঠিরঃ।
সৈষ কর্ণো মহাযোগী সৈষ ভীমো মহাবলঃ॥
এষৈব রথমারুহ্য মথুরাং যাতি মাধবঃ।

৫৫। নমস্পুরসো র্গত্যোঃ (৮।৩।৪০)—ক, খ, প, ফ পরে থাকিলে গতিসংজ্ঞক নমস্ এবং পুরস্ শব্দের বিসর্গস্থানে স্ হয়। যথা, নমস্করোতি, নমস্কর্তুম্, পুরস্করোতি, পুরস্কারঃ।

৫৬। ইদুদুপধস্য চাপ্রত্যয়স্য (৮।৩।৪১)—এই সূত্রটি নির্, দুর্, বহিস্, আবিস্, প্রাদুস্ ও চতুর্ শব্দে প্রযোজ্য। ক, খ, প, ফ পরে থাকিলে নির্, দুর্, বহিস্, আবিস্, প্রাদুস্ ও চতুর্ শব্দের (প্রত্যয়জাত নহে এইরূপ) বিসর্গস্থানে স্ (পরে ষত্ববিধানে ষ্) হয়। যথা, নিষ্কৌশাম্বিঃ, নিষ্ক্রিয়ঃ, নিষ্ফলম্, দুষ্করম্, দুষ্কুলম্, দুষ্পীতম্, চতুষ্কোণঃ, চতুষ্কপালঃ, বহিষ্করোতি, আবিষ্কৃতম্, প্রাদুষ্কৃতম্।

৫৭। তিরসোঽন্যতরস্যাম্ (৮।৩।৪২)—ক, খ, প, ফ পরে থাকিলে গতি-সংজ্ঞক তিরস্ শব্দের বিসর্গস্থানে বিকল্পে স হয়। যথা, তিরস্কারঃ, তিরঃকারঃ; তিরস্কর্তা, তিরঃকর্তা।

৫৮। দ্বিস্ত্রিশ্চতুরিতি কৃত্বোঽর্থে (৮।৩।৪৩)—ক, খ, প, ফ পরে থাকিলে

(বার বুঝাইতে) সুচ্ প্রত্যয়ান্ত দ্বি, ত্রি ও চতুর্ শব্দের বিসর্গস্থানে বিকল্পে স্ (পরে ষত্ববিধানে ষ্) হয়। যথা, দ্বিষ্করোতি, দ্বিঃকরোতি; ত্রিষ্পচতি, ত্রিঃপচতি; চতুষ্করোতি, চতুঃকরোতি।

৫৯-৬০। **ইসুসোঃ সামর্থ্যে** (৮।১।৪৪), **নিত্যং সমাসেঽনুত্তরপদস্থস্য** (৮।১।৪৫)—ক খ প ফ পরে থাকিলে ইস্‌ভাগান্ত ও উস্‌ভাগান্ত শব্দের বিসর্গস্থানে সমাসে নিত্য এবং অন্যত্র বিকল্পে স্ হয়। যথা, ধনুষ্পাণিঃ; সর্পিষ্কামঃ; ধনুষ্কোটিঃ; যজুষ্কুরু, যজুঃকুরু; জ্যোতিষ্করোতি, জ্যোতিঃকরোতি। অন্বয় না থাকিলে বা উত্তরপদ পূর্বে থাকিলে হয় না। যথা, তিষ্ঠতু সর্পিঃ পিব ত্বম্ উদকম্, পরমসর্পিঃকুণ্ডম্।

৬১। * **অতঃ-কৃ-কমি-কংস-কুম্ভ-পাত্র-কুশা কর্ণীষ্বনব্যয়স্য** (৮।৩।৪৬)—সমাসে কৃ-প্রভৃতি শব্দ পরে থাকিলে অকারের পরস্থিত বিসর্গস্থানে স্ হয়। যথা, যশস্করঃ, অয়স্কারঃ, অয়স্কুম্ভঃ, অয়স্পাত্রম্ পয়স্কামঃ, পয়স্কুম্ভঃ, পয়স্পাত্রম্। অব্যয়ের হয় না। যথা—স্বঃকামঃ, পুনঃ করোতি।

৬২। **কস্কাদিষু চ** (৮।৩।৪৮)—কস্কঃ প্রভৃতি শব্দে বিসর্গস্থানে স্ হয়। যথা, কস্কঃ শৃণোতি, যশস্কাম্তম্, মেদস্পিণ্ডম্, ভাস্করঃ, সদ্যস্কারঃ, গীষ্পতিঃ, স্বষ্পতিঃ, ভ্রাতুষ্পুত্রঃ, হরিশ্চন্দ্রঃ, সর্পিষ্কুণ্ডম্, যজুষ্পাঠঃ। আকৃতিগণোঽয়ম্।

৬৩। **পারস্কর-প্রভৃতীনি চ সংজ্ঞায়াম্** (৬।১।১৫৭)—সংজ্ঞা বুঝাইতে পারস্কর প্রভৃতি নিপাতনে সিদ্ধ। যথা, পারস্য করঃ পারস্করঃ, কিং কিং দধাতি যঃ স কিষ্কিন্ধঃ, শতাৎ পরম্ পরঃশতম্, সহস্রাৎ পরম্ পরঃসহস্রম্, বনস্য পতি বনস্পতিঃ, অক্ষিভ্যাং পরম্ পরোক্ষম্।

৬৪। **তদ্‌বৃহতোঃ করপত্যোশ্চৌরদেবতয়োঃ** (বা)—চোর বুঝাইতে তস্কর এবং সুরগুরু বুঝাইতে বৃহস্পতি নিপাতনে সিদ্ধ।

৬৫। **প্রায়স্য চিত্তি-চিত্তয়োঃ** (বা)—প্রায়+চিত্তিঃ=প্রায়শ্চিত্তিঃ, প্রায়+চিত্তম্=প্রায়শ্চিত্তম্ (প্রায়ো হি তপঃ)।

Exercise

1. Define সন্ধি *and write places where it is optional and where it is compulsory.*

2. State clearly where সন্ধি *is allowed and where it is not allowed.*

3 D.stinguish between সন্ধি *and* সমাস *and classify the sandhis.*

4. Join the follow ng sandhis citing rules and wr.te all alternative forms wherever possitle :—

চলন্ + তরুঃ, পুনঃ + রমতে, হসন্ + আগতঃ, উৎ + স্থাস্যতি, হরে + অত্র, ভবান্ + ত্রায়তাম্, তরু + ছায়া, সম্ + কৃতঃ, তে + অধুনা, যাচেতে + অর্থম্, হরে + এহি, ভগবান্ + চন্দ্রচূড়ঃ, ভবান্ + জীবতু, মহান্ + শব্দঃ, শ্রদ্ধাবান্ + লভতে, এতৎ + জ্ঞানম্, তৎ + শ্মশানম্, পুম্ + কোকিলঃ, হরিঃ + রাজতে, পরিব্রাট্ + হতঃ, বাহূন্ + চিচ্ছেদ, সঃ + অধ্যৈষ্ট, সঃ + আচষ্ট, সঃ + জগাম, সকঃ + গচ্ছতি, এষঃ + ইহ, পুনঃ + ইহ, পুনঃ + রক্ষতি, পুনঃ + তরতি, তৎ + নয়নম্, তৎ + মাত্রম্, হসন্ + আহ, উৎ + শিষ্টম্, গো + অক্ষঃ, বিম্ব + ওষ্ঠঃ, মম + ওষ্ঠঃ, দুঃখ + ঋতঃ, পরম + ঋতঃ, অমী + অশ্বাঃ, অমী + অয়ম্, উপ + এতি, উপ + এহি, বর্ষা + ঋতুঃ, চারু + অঙ্গঃ, সংস্তাৎ + শ্রেয়ম্, মুনী + ইমৌ, নদী + এষা, প্র + এজতে, প্র + এধতে, মহান্ + অয়ম্, হসন্ + অয়ম্, বাঃ + এষা, স্ব + রাজ্যম্, প্র + ঊঢ়ঃ, প্র + ঊঢ়বান্ হোতৃ + ঌকারঃ, শিবায় + ওম্, গো + অগ্রম্, ত্রিঃ + পচতি, তিরঃ + কারঃ, সপ্ত + ঋষীণাম্, মুনী + আগতে।

5. Disjoin citsng rules :—

হরী রাজতে, সোঽহম্, গব্যূতিঃ, ত্র্যম্বকম্, তাবন্নিশীথে, পুনরেতাংস্তব, শ্রীরসৌ, অহোরাত্রম্, প্রাণাংস্ত্যক্ষ্যামি, স্বস্তরসি, আয়ুষ্কামঃ, মাচ্ছিদৎ, গীর্পতিঃ, তত্ত্বমসি, তচ্ছৃণুষ্ব, সচ্চিদানন্দঃ, সর্বএব, ভাস্করঃ, দিঙ্নাগঃ, কশ্চিচ্ছ্যেনঃ, উত্থানম্, তোয়ুক্তম্, নীরুজম্, যশমপি, অহরহঃ, বাবতিক্রমৌ, স্বাগতম্, প্রত্যহম্,

পতঞ্জলিঃ, মনীষা, শাস্ত্রাণ্যধীত্যাপি, হ্রকারো হ্রস্বমেব, উত্থানং সম্পদো মূলম্, অগ্নিশ্চিন্নয়ত্যগ্নিম্।

6. *Justify sandhis in words in bold type ;—*

(ক) **অন উপধালোপিনোঽন্যতরস্যাম্** (৪।১।২৮)—টা বিভক্তিতে যাহার উপধা লোপ হয়, এইরূপ অন্‌ভাগান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয়, পক্ষে ডাপ্ এবং প্রত্যয়াভাব হয়। এইরূপে ইহাদের তিনপ্রকার রূপ হয়। যথা, বহু-রাজন্—বহুরাজ্ঞী, বহুরাজা, বহুরাজন্ (যথাক্রমে নদী, লতা ও লঘিমন্ শব্দের ন্যায়)।

১৩। **অন্তর্বৎ-পতিবতোর্নুক্** (৪।১।৩২)—অন্তর্বৎ ও পতিবৎ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ এবং **নকার আগম হয়**। যথা, অন্তঃ অস্তি যস্যাঃ সা—অন্তর্বত্নী গর্ভিণী নারী (১); পতিরস্তি যস্যাঃ সা—পতিবত্নী (জীবদ্ভর্তৃকা) অন্যত্র পতিমতী পৃথিবী (প্রভুবিশিষ্টা)।

১৪। **পত্যুর্নো যজ্ঞসংযোগে** (৪।১।৩৩)—যজ্ঞফলভাগিনী অর্থে স্ত্রীলিঙ্গে পতি শব্দের উত্তর ঙীপ্ এবং ইকারস্থানে ন্ **আদেশ** হয়। যথা, পতি—পত্নী। যজ্ঞ সংযোগে না থাকিলে ঙীপ্ ও ন্ হয় না। যথা, গ্রামস্য পতিরিয়ং ব্রাহ্মণী, গবাং পতিরিয়ং বৈশ্যা। শূদ্রপত্নী প্রভৃতি 'বিবাহিতা' অর্থে গৌণব্যবহার। পত্নীব পত্নী।

১৫। **বিভাষা সপূর্বস্য** (৪।১।৩৪)—সমাসে পতিশব্দ উত্তরপদ হইলে স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ এবং ইকারস্থানে ন্ হয়। যথা, বৃদ্ধপতিঃ বৃদ্ধপত্নী, বৃষলপতিঃ বৃষলপত্নী, গৃহপতিঃ গৃহপত্নী।

১৬। **নিত্যং সপত্ন্যাদিষু** (৪।১।৩৫)—সপত্নী প্রভৃতি স্থলে নিত্য ঙীপ্ ও ন্ হয়। যথা, সমানঃ পতিঃ যস্যাঃ সা—সপত্নী, একঃ পতিঃ যস্যাঃ সা—একপত্নী (সাধ্বী), বীরঃ পতিঃ যস্যাঃ সা—বীরপত্নী, ভদ্রঃ পতিঃ যস্যাঃ সা—ভদ্রপত্নী, ভ্রাতুঃ পত্নী—ভ্রাতৃপত্নী, পুত্রস্য পত্নী—পুত্রপত্নী, সপিণ্ডস্য পত্নী—সপিণ্ডপত্নী।

১৭। **পূতক্রতো রৈ চ** (৪।১।৩৬)—ভার্যা অর্থে পূতক্রতু শব্দের উত্তর ঙীপ্ হয় এবং উকারস্থানে ঐকার হয়। যথা, পূতক্রতোঃ (ইন্দ্রস্য) ভার্যা—পূতক্রতায়ী। কিন্তু যয়া তু ক্রতুঃ পূতঃ সা পূতক্রতুঃ।

(১) অস্ত্য অর্থে এইস্থানে মতুপ্ প্রত্যয়ের বিষয় না থাকায় 'অন্তর্বতী' এইরূপ শব্দ হয় না, কেবল বাক্যেই থাকিবে। যথা, অন্তরস্তি অস্যাং শালায়াং ঘটঃ (সি, কৌ)।

১৮। **বৃষাকপ্যগ্নি-কুসিত-কুসিদানামুদাত্তঃ** (৪।১।৩৭)—ভার্যা অর্থে বৃষাকপি, অগ্নি, কুসিত ও কুসিদ শব্দের ঐকার এবং ঙীপ্ হয়। যথা, বৃষাকপেঃ (হরস্য বিষ্ণোর্বা) ভার্যা—বৃষাকপায়ী, অগ্নেঃ ভার্যা—অগ্নায়ী, কুসিতস্য ভার্যা—কুসিতায়ী, কুসিদস্য ভার্যা—কুসিদায়ী।

১৯। **মনোরৌ বা** (৪।১।৩৮)—ভার্যা অর্থে মনু শব্দের উত্তর বিকল্পে ঙীপ্ হয়। ঙীপ্ পক্ষে বিকল্পে উকারস্থানে ঔ বা ঐ হয়। যথা, মনোঃ ভার্যা—মনাবী, মনায়ী, মনুঃ।

২০। **বর্ণাদনুদাত্তাত্তোপধাত্তো নঃ** (৪।১।৩৯)—বর্ণবাচক তকারোপধ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীপ্ হয় এবং ঙীপ্ হইলে ত্ স্থানে ন হয়। যথা, হরিত—হরিণী হরিতা (পীতা)। লোহিত—লোহিনী, লোহিতা (রক্তা); এত—এনী, এতা (চিত্রা); শ্বেত—শ্বেনী শ্বেতা (শুক্লা); রোহিত—রোহিণী, রোহিতা (রক্তা)। **পিশঙ্গাদুপসংখ্যানম্**—পিশঙ্গী, পিশঙ্গা। **অসিত-পলিতয়োর্ন**—অসিত—অসিতা। পলিত—পলিতা। **ছন্দসি ক্নমৃএকে**—অসিক্নী, পলিক্নী।

ঙীষ্

২১। **বহুব্রীহেরূধসো ঙীষ্** (৪।১।২৫)—বহুব্রীহি সমাসে ঊধস্ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। ঙীষ্ হইলে 'ঊধসোঽনঙ্' (৫।৪।১৩১) সূত্রে বহুব্রীহি সমাসে ঊধস্ শব্দের উত্তর অনঙ্ (সমাসান্ত প্রত্যয়) হয়। যথা, কুণ্ডমিব ঊধঃ (আপীনং) যস্যাঃ সা কুণ্ডোধ্নী। এইরূপ—ঘটোধ্নী, পীনোধ্নী, অত্যূধ্নী। বহুব্রীহি-সমাস এবং স্ত্রীলিঙ্গ না হইলে অনঙ্ হয় না। যথা, ঊধঃ প্রাপ্তা প্রাপ্তোধাঃ গবাং গণাঃ প্রস্রুতপীবরোধসঃ, প্রাপ্তোধাঃ পর্জন্যঃ, কুণ্ডোধো ধৈনুকম্।

২২। **ষিদ্-গৌরাদিভ্যশ্চ** (৪।১।৪১)—ষকার ইৎ প্রত্যয়ান্ত এবং গৌর-প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গ ঙীষ্ হয়। যথা, ষ্বুন্, নর্তক—নর্তকী, রজক—রজকী; রঞ্জক—রঞ্জকী; ষ্কন্—পথিকী; ষচ্—মৃগাক্ষী. বিশালাক্ষী; ষাকন্—জল্পাকী, ভিক্ষাকী, লুণ্টাকী (robber), কুট্টাকী (who cuts or divides), বরাকী; ষ্টরচ্—বৎসতরী, অশ্বতরী, উক্ষতরী; ষ্ঠন্—কুসীদিকী, ষ্ক—

বা স্যায়নী, গার্গ্যায়ণী, কাত্যায়নী। অজাদিপাঠা দংষ্ট্রা (ষ্ট্রন্)। **গৌরাদি—** গৌর—গৌরী, মৎস্য—মৎসী, মনুষ্য—মনুষী, সূর্য—সূরী, গবয়—গবয়ী, হরিণ—হরিণী, বিম্ব—বিম্বী, পুষ্কর—পুষ্করী, ঘাতক—ঘাতকী, মহ—মহী, মঠ—মঠী, তক্ষন্—তক্ষ্ণী, স্থূণ—স্থূণী, নট—নটী, শাতন—শাতনী, পাতন—পাতনী, পাবন—পাবনী, আস্তরণ—আস্তরণী, সুন্দর—সুন্দরী, মণ্ডল—মণ্ডলী, পট—পটী, পিণ্ড—পিণ্ডী, কন্দল—কন্দলী, তরুণ—তরুণী, মহৎ—মহতী, বৃহৎ—বৃহতী, বিকল—বিকলী, মাতামহ—মাতামহী, পিতামহ—পিতামহী, শ্বন্—শুনী, গৌতম—গৌতমী। **পিপ্পল্যাদয়শ্চ**—পিপ্পলী, আমলকী, হরিতকী, পৃথিবী। **আমনডুহ স্ত্রিয়াং বা**—অনডুহ—অনডুহী, অনড্বাহী।

২৩। **বোতো গুণবচনাৎ** (৪।১।৪৪)—উকারান্ত গুণবাচক (১) শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, পটু—পট্বী পটুঃ লঘু—লঘ্বী লঘুঃ, তনু—তন্বী তনুঃ, মৃদু—মৃদ্বী মৃদুঃ, সাধু—সাধ্বী সাধুঃ। **খরু-সংযোগোপধান্ন**—খরু—খরুঃ (পতিংবরা কন্যা), পাণ্ডু—পাণ্ডুঃ।

২৪। **বহ্বাদিভ্যশ্চ** (৪।১।৪৫)—বহু প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীষ্ হয়। যথা, বহু—বহ্বী, বহুঃ; শক্তি—শক্তী, শক্তিঃ (অস্ত্রম্)। পদ্ধতি—পদ্ধতী পদ্ধতিঃ; শারি—শারী, শারিঃ; গতি—গতী, গতিঃ; অহি—অহী, অহিঃ; কপি—কপী, কপিঃ; মুনি—মুনী, মুনিঃ; যষ্টি—যষ্টী, যষ্টিঃ; চণ্ড—চণ্ডী, চণ্ডা; অরাল—অরালী, অরালা; কৃপণ—কৃপণী কৃপণা; বিকট—বিকটী, বিকটা; কল্যাণ—কল্যাণী, কল্যাণা; বিশাল—বিশালী বিশালা;

---

(১) **সত্ত্বে নিবিশতেঽপৈতি পৃথগ্ জাতিষু দৃশ্যতে।**
আধেয়শ্চাক্রিয়শ্চ চ সোঽসত্ত্বপ্রকৃতির্গুণঃ।।

—ইতি মহাভাষ্যে গুণলক্ষণম্।

'আকড়ারাদেকা সংজ্ঞা' এই সূত্র ব্যাখ্যায় ভগবান্ পতঞ্জলি আরও বলিয়াছেন 'সমাস-কৃদন্ত তদ্ধিতান্ত-বায়-সর্বনাম-জাতি-সংখ্যা-সংজ্ঞা-শব্দ-ব্যাতিরিক্তম্ অর্থবচ্ছব্দরূপং গুণবচনসংজ্ঞং ভবতি।'

গুণমুক্তবান্ গুণবচনঃ, অধুনা চ গুণবতি দ্রব্যে বর্ততে যঃ সগুণবচনঃ (অভেদোপচারাৎ)। গুণবচনেত্যন্বর্থ-সংজ্ঞয়া **গুণোপসর্জনদ্রব্যবাচিত্বস্যৈব বিবক্ষিতত্বাৎ।**

পুরাণ—পুরাণী, পুরাণা ; সাধারণ—সাধারণী, সাধারণা ; সহায়—সহায়ী, সহায়া ; ধূলি - ধূলী, ধূলিঃ।

(ক) **কৃদিকারাদক্তিনঃ** (বা)—ক্তিন্ প্রত্যয়ান্ত ভিন্ন কৃৎপ্রত্যয়ের ইকারের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, রাত্রি—রাত্রী, রাত্রিঃ ; অবনি—অবনী, অবনিঃ, অটবি—অটবী, অটবিঃ ; ধরণি—ধরণী, ধরণিঃ ; মণি—মণী মণিঃ ; সূচি—সূচী, সূচিঃ ; বেণি—বেণী, বেণিঃ : বীচি বীচী, বীচিঃ ; শ্রেণি—শ্রেণী, শ্রেণিঃ ; রজনি—রজনী, রজনিঃ। **সর্বত্র অক্তিন্নর্থাৎ ইত্যন্যে**—কেহ কেহ বলেন—ক্তিন্ প্রত্যয়ের অর্থে ব্যতীত সমস্ত ইকারান্ত শব্দের বিকল্পে ঙীষ্ হয় ; যথা, শকটি—শকটী, শকটিঃ। **অজননিঃ** এই স্থলে ক্তিন্ প্রত্যয়ের অর্থে বলিয়া ঙীষ্ হয় না।

২৫। **পুংযোগাদাখ্যায়াম্** (৪।১।৪৮)—স্ত্রী-বুঝাইতে পুরুষবাচক শব্দের উত্তর ঙীষ্ হয়। যথা, ব্রাহ্মণস্য-স্ত্রী ব্রাহ্মণী ; এইরূপ গোপী, গণকী, নাপিতী, শূদ্রী, বৈশ্যী, ক্ষত্রিয়ী, রাজ্ঞী। **পালকান্তান্ন** - গোপালকস্য স্ত্রী—গোপালিকা; অশ্বপালকস্য স্ত্রী—অশ্বপালিকা। **সূর্যাদ্দেবতায়াং চাপ্ বাচ্যঃ**—সূর্যস্য দেবতা স্ত্রী—সূর্যা ; সূর্যস্য মানবী স্ত্রী— সূরী (কুন্তী)।

২৬। **ইন্দ্র-বরুণ-ভব-শর্ব-রুদ্র মৃড়-হিমারণ্য-যব-যবন-মাতুলাচার্যাণামানুক্** (৪।১।৪৯)—স্ত্রী বুঝাইতে ইন্দ্র, বরুণ, ভব, শর্ব, রুদ্র, মৃড়, মাতুল ও আচার্য শব্দের আনুক্ এবং ঙীষ্ হয়। আনুক্ এর আন্ থাকে। যথা, ইন্দ্রস্য স্ত্রী—ইন্দ্রাণী, বরুণ—বরুণানী, ভব—ভবানী, শর্ব—শর্বাণী রুদ্র রুদ্রাণী, মৃড়—মৃড়ানী। **মাতুলোপাধ্যায়য়োরানুগ্ বা**—মাতুলস্য স্ত্রী—মাতুলানী, মাতুলী; উপাধ্যায়স্য স্ত্রী—উপাধ্যায়ানী, উপাধ্যায়ী। স্বয়ম্ অধ্যাপিকা বুঝাইতে বিকল্পে ঙীষ্ হয়। যথা, উপাধ্যায়ী উপাধ্যায়া। **হিমারণ্যয়োর্মহত্ত্বে**—আধিক্য বুঝাইতে হিম ও অরণ্য শব্দের আনুক্ হয়। যথা, মহৎ হিমম্—হিমানী, মহৎ অরণ্যম্—অরণ্যানী। **যবাদ্ দোষে**—দুষ্টঃ যবঃ—যবানী। **যবনাল্লিপ্যাম্**—যবনস্য লিপিঃ—যবনানী। **আচার্যাদণত্বং চ**— স্ত্রী বুঝাইতে আচার্যশব্দের উত্তর ঙীষ্ হয় এবং ণত্ব হয় না। যথ , আচার্যস্য স্ত্রী—আচার্যানী ; আচার্যা—স্বয়ং ব্যাখ্যাত্রী।

(ক) **অর্যক্ষত্রিয়াভ্যাং বা স্বার্থে**—অর্য (বৈশ্য) ও ক্ষত্রিয় শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীষ্ ও টাপ্ হয় কিন্তু স্ত্রী বুঝাইতে কেবলমাত্র ঙীষ্ হয়। যথা, অর্য—অর্যাণী, অর্যা (বৈশ্যনারী); ক্ষত্রিয়—ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া (ক্ষত্রিয়-নারী); কিন্তু অর্যস্য স্ত্রী—অর্যী, ক্ষত্রিয়স্য স্ত্রী—ক্ষত্রিয়ী।

ব্রহ্মাণী শব্দ—ব্রহ্মাণম্ আনয়তি জীবয়তীতি, ব্রহ্মন্-অন্ (to breathe) + অণ্ (কর্মণ্যণ্)—ব্রহ্মাণ, ব্রহ্মাণ+স্ত্রিয়াং ঙীপ এইরূপে সিদ্ধ হইয়াছে। শক্রাণী, শিবানী, ঈশ্বরাণী-প্রভৃতিও এইরূপ। **মহতী ইন্দ্রাণী** এইরূপ কর্মধারয়ে **'মহেন্দ্রাণী'** হয়, **'মহেন্দ্র' শব্দের উত্তর আনুক্ হয় না।** সুরেন্দ্রাণী, দেবেন্দ্রাণী প্রভৃতি স্থলে ষষ্ঠীতৎপুরুষ।

২৭। **ক্রীতাৎ করণপূর্বাৎ** (৪।১।৫০)—করণকারক পূর্বে থাকিলে অকারান্ত ক্রীত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। যথ, যবক্রীত—যবক্রীতী, বস্ত্রক্রীত—বস্ত্রক্রীতী, রঘুপতিগুণক্রীতীমবৈহি জগত্রয়ীম্। অকারান্ত না হইলে ঙীষ্ হয় না। যথা, **ধনেন ক্রীতা—ধনক্রীতা। টাবন্তেন সমাসঃ। করণ কারক পূর্বে না থাকিলে হয় না।** যথা, সুক্রীতা, দুষ্ক্রীতা, **রাজক্রীতা।**

২৮। **ক্তাদল্পাখ্যায়াম্** (৪।১।৫১)—করণকারক পূর্বে থাকিলে ক্ত-প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঙীষ্ হয়। যথা, অল্পেন অভ্রেণ **লিপ্তা—অভ্রলিপ্তী** (অল্পাভ্রা দ্যৌঃ), অক্ষরলিপ্তী জিহ্বা, সূপলিপ্তী পাত্রী। **অল্প না হইলে টাপ্ হয়।** যথা, **জলপূর্ণা ঘটী** সুখপূর্ণ ভক্তিঃ। **পাণিগৃহীতী ভার্যায়াম্**—স্ত্রী বুঝাইতে পাণিগৃহীত শব্দের উত্তর ঙীষ্ হয়। যথা, পাণিঃ গৃহীতঃ যস্যাঃ ভার্যায়াঃ সা—পণিগৃহীতী ; যথা, সীতা রামস্য পাণিগৃহীতী। বিবাহ ভিন্ন অন্য কারণে হস্তধারণে—পাণিগৃহীতা ; যথা, বালকেন পাণিগৃহীতা বৃদ্ধা গচ্ছতি।

২৯। **স্বাঙ্গাচ্চোপসর্জনাদসংযোগোপধাৎ** (৪।১।৫৪)—উপধাতে সংযুক্তবর্ণ না থাকিলে বহুব্রীহিসমাসে প্রাণীর অঙ্গবাচক অকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীষ্ হয়। যথা, সুকেশ—সুকেশী, সুকেশা ; চন্দ্রমুখ—চন্দ্রমুখী, চন্দ্রমুখা।

স্বাঙ্গ তিন প্রকার—(১) **অদ্রবং মূর্তিমৎ স্বাঙ্গং প্রাণিস্থমবিকারজম্**—যাহা দ্রব নহে, মূর্তিযুক্ত রোগাদিবিকারজাত নহে এবং প্রাণিতে থাকে তাহা স্বাঙ্গ

—যেমন কেশ, মুখ প্রভৃতি। অতিকেশী, অতিকেশা, পদ্মমুখী, পদ্মমুখা কিন্তু সুস্বেদা, দ্রবত্বাৎ। সুজ্ঞানা, অমূর্তত্বাৎ। সুমুখা শালা, অপ্রাণিস্থত্বাৎ। সুশোফা, বিকারজত্বাৎ। (২) **অতৎস্থং তত্র দৃষ্টং চ**—তৎশব্দে প্রাণীকে বুঝাইতেছে। বর্তমান ক্ষেত্রে প্রাণীতে না থাকিলেও প্রাণীতেই দেখা যায়। সুকেশী সুকেশা বা রথ্যা, অপ্রাণিস্থস্যাপি প্রাণিনি দৃষ্টত্বাৎ। (৩) **তেন চেত্তত্তথা যুতম্**—অপ্রাণিদ্রব্যও যদি প্রাণিস্থ অঙ্গের আকৃতিবিশিষ্ট অবয়বের দ্বারা প্রাণীর মতই সম্বদ্ধ হয়—সুস্তনী সুস্তনা বা প্রতিমা, প্রাণিবৎ প্রাণিসদৃশে স্থিতত্বাৎ।

(ক) **নাসিকোদরৌষ্ঠজঙ্ঘাদন্তকর্ণশৃঙ্গাচ্চ** (৪।১।৫৫), **অঙ্গগাত্রকণ্ঠেভ্যো বক্তব্যম্** (বা)—নাসিকা, উদর ওষ্ঠ, জঙ্ঘা, দন্ত, কর্ণ, শৃঙ্গ, অঙ্গ, গাত্র এবং কণ্ঠ শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, তুঙ্গনাসিকী, তুঙ্গনাসিকা; কৃশোদরী, কৃশোদরা; সহোদরী, সহোদরা, বিম্বোষ্ঠী, বিম্বোষ্ঠা; দীর্ঘজঙ্ঘী, দীর্ঘজঙ্ঘা; সমদন্তী, সমদন্তা; চারুকর্ণী, চারুকর্ণা; তীক্ষ্ণশৃঙ্গী তীক্ষ্ণশৃঙ্গা; চার্বঙ্গী, চার্বঙ্গা; সুগাত্রী, সুগাত্রা; স্নিগ্ধকণ্ঠী, স্নিগ্ধকণ্ঠা।

(খ) **পুচ্ছাচ্চ** (বা)—সুপুচ্ছী, সুপুচ্ছা। কবর-মণি-বিষ-শরেভ্যো নিত্যম্—কবরপুচ্ছী, মণিপুচ্ছী, বিষপুচ্ছী, শরপুচ্ছী। উপমানাৎ পক্ষাৎ পুচ্ছাচ্চ নিত্যম্—উলূকপক্ষী শালা, উলূকপুচ্ছী সেনা।

(গ) **ন ক্রোড়াদিবহ্বচঃ** ৪।১।৫৬—ক্রোড় প্রভৃতি শব্দের উত্তর এবং (নাসিকা ও উদর ভিন্ন) বহুস্বরবিশিষ্ট শব্দের উত্তর ঙীষ্ হয় না। যথা, সুক্রোড়া, সুগলা, সুখুরা, দীর্ঘশফা, দুর্ভগা সুভগা, সুশিখা; মৃগনয়না, চন্দ্রবদনা, চারুদশনা, লোলরসনা মহাললাটা।

(ঘ) **সহ-নঞ্-বিদ্যমানপূর্বাচ্চ** (৪।১।৫৭)—ইহারা পূর্বে থাকিলে ঙীষ্ হয় না। যথা, সহকেশা, অনাসিকা, বিদ্যমানকেশা। ***সখ্যশিশ্বীতি ভাষায়াম্।** যথা, সখি—সখী, অশিশু—অশিশ্বী।

(ঙ) **নখমুখাৎ সংজ্ঞায়াম্** (৪।১।৫৮)—নাম বুঝাইলে নখ ও মুখ শব্দের উত্তর ঙীষ্ হয় না। যথা, শূর্পণখা গৌরমুখা। নাম না বুঝাইলে শূর্পনখী, গৌরমুখী।

৩০। **জাতেরস্ত্রীবিষয়াদযোপধাৎ** (৪।১।৬৩)—অকারান্ত জাতি-বাচক শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। যথা, (মনুষ্য) মনুষী, ময়ূরী, পক্ষী, বিহগী, হংসী, মৃগী, ভ্রমরী, অসুরী, বৃষলী, নটী, বহ্বৃচী।

জাতির লক্ষণ যথা—(১) **আকৃতিগ্রহণা জাতিঃ**—আকৃত্যা (অবয়বসংস্থানেন) গ্রহণং (জ্ঞানং) যস্যাঃ সা আকৃতিগ্রহণা অনুগতসংস্থানব্যঙ্গ্যা ইত্যর্থঃ। যাহাদের অবয়বসংস্থান দর্শনে মনুষ্যত্ব গোত্ব, মৃগত্ব, হংসত্ব প্রভৃতি অবগত হওয়া যায় তাহারা প্রথম প্রকারের জাতি। যথা, মনুষ্য—মনুষী গো—গবী মৃগ—মৃগী, হংস—হংসী ইত্যাদি।

(২) **লিঙ্গানাঞ্চ ন সর্বভাক্ সকৃদাখ্যাতনির্গ্রাহ্যা**—অসর্বলিঙ্গত্বে সতি একস্যাং ব্যক্তৌ কথনাৎ ব্যক্ত্যন্তরে কথনং বিনাপি সুগ্রহা জাতিঃ ইত্যর্থঃ যে শব্দের সকল লিঙ্গ হয় না, অথচ একটি বলিয়া দিলে ঐরূপ অপর সকলকে চিনিতে পারা যায় তাহারা দ্বিতীয় প্রকারের জাতি। যথা, বৃষল—বৃষলী (একটি ব্যক্তির বৃষলত্ব বলিয়া দিলে সেইরূপ অন্য সকলকে নিজে নিজেই চিনিতে পারা যায় বৃষলী)। 'শুক্ল' শব্দ তিন লিঙ্গেই প্রযুক্ত হয় বলিয়া জাতি নহে। ইহার স্ত্রীলিঙ্গে 'শুক্লা' হয়। একজনকে 'ইনি দেবদত্ত' এরূপ বলিয়া দিলে অপর দেবদত্তকে চিনিতে পারা যায় না। এইজন্য দেবদত্ত শব্দের স্ত্রীলিঙ্গে 'দেবদত্তা' হয়। **ব্রাহ্মণ** শব্দে শার্ঙ্গরবাদিহেতু ঙীন্ হয় বলিয়া ইহা জাতি হইলেও ঙীষ্ হয় না।

(৩) **গোত্রং চ চরণৈঃ সহ**—অপত্যপ্রত্যয়ান্ত শব্দ এবং বেদের শাখাবিশেষ-পাঠক শব্দ তৃতীয় প্রকারের জাতি। যথা, ঔপগবী, কঠ—কঠী, বহ্বৃচ—বহ্বৃচী।

যোপধপ্রতিষেধে হয়-গবয়-মুকয়-মৎস্য-মনুষ্যাণামপ্রতিষেধঃ—ইহাদের উপধায় য থাকিলেও ঙীষ্ হয়। যথা, হয়ী, গবয়ী, মুকয়ী, মৎসী, মনুষী (১); কিন্তু ক্ষত্রিয়া।

৩১। **ইতো মনুষ্যজাতেঃ** (৪।১।৬৫)—ইকারান্ত মনুষ্যজাতিবাচক শব্দের

---

(১) **সূর্যতিষ্যাগস্ত্যমৎস্যানাং য উপধায়াঃ** (৬।৪।১৪৯)—স্ত্রীলিঙ্গে ঈপ্রত্যয় এবং বকার ও স্বরাদি তদ্ধিতপ্রত্যয় পরে থাকিলে সূর্য প্রভৃতি চারিটি শব্দের উপধা য এর লোপ হয়। এই সূত্রে যলোপ। **মনুষী ইত্যপি**—ইহারও যলোপ হয়।

উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। যথা, দাক্ষি—দাক্ষী, অবন্তি—অবন্তী, কুন্তি—কুন্তী। মনুষ্যজাতি না হইলে হয় না। যথা, তিত্তিরি—তিত্তিরিঃ।

৩২। **পাক-কর্ণ-পর্ণ-পুষ্প-ফল-মূল-বলোত্তর-পদাচ্চ**—পাক প্রভৃতি ভাগান্ত জাতিবাচক শব্দের উত্তর ঙীষ্ হয়। যথ, শীতপাকী, শঙ্কুকর্ণী, শালপর্ণী, শঙ্খপুষ্পী, ত্রিফলী, দর্ভমূলী, গোবালী (ইহারা ওষধির নাম)। জাতি নহে বলিয়া—অপর্ণা (দুর্গা), নির্মূলা (জনশ্রুতিঃ), বহুফল ঘনপুষ্পা চ বৃক্ষশাখা।

ঙীন্

৩৩। **শার্ঙ্গরবাদ্যঞো ঙীন্** (৪।১।৭৩)—শার্ঙ্গরব প্রভৃতি শব্দের উত্তর এবং অঞ্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীন্ হয়। যথা, শার্ঙ্গরব (শৃঙ্গরোঃ অপত্যাং পুমান্)—শার্ঙ্গরবী, ব্রাহ্মণ—ব্রাহ্মণী, পুত্র—পুত্রী, গৌতম—গৌতমী। **নৃনরয়োর্বৃদ্ধিশ্চ** (বা)—নৃ—নারী নর—নারী। অঞ্—বৈদী, ঔর্বী।

ঊঙ্

৩৪। **ঊঙুতঃ** (৪।১।৬৬) য উপধায় না থাকে এইরূপ উকারান্ত মনুষ্যবাচক শব্দের উত্তর ঊঙ্ হয়। যথা, কুরু—কুরূঃ, ভীরু—ভীরূঃ, বিহর সুভ্রু কাননানি (সম্বোধনে হ্রস্ব), বন্ধু—বন্ধূঃ ব্রহ্মবন্ধু—ব্রহ্মবন্ধূঃ। কিন্তু, অধ্বর্যু-অধ্বর্যুঃ (যকারোপধ। আখুঃ, ধেনুঃ কৃকবাকুঃ, ওতুঃ (ইহারা মনুষ্যবাচক নহে)।

(ক) অপ্রাণিজাতেশ্চারজ্জ্বাদীনাম্— অচেতন জাতিবাচক উকারান্ত শব্দের উত্তর ঊঙ্ এবং আ হয়, কিন্তু রজ্জু প্রভৃতির হয় না। যথ, অলাবু—অলাবূঃ, অলাবা; কর্কন্ধু - কর্কন্ধূঃ, কর্কন্ধ্বা। কিন্তু রজ্জু - রজ্জুঃ, স্নায়ুঃ - স্নায়ুঃ হনু—হনুঃ।

(ক) **তন্বাদের্বা**—তন্বঃ, তনূঃ ; চঞ্চুঃ, চঞ্চূঃ।

৩৫। **পঙ্গোশ্চ** (৪।১।৬৮)—ঊঙ্ হয়। পঙ্গু—পঙ্গূঃ। **শ্বশুরস্যোকাকারলোপশ্চ** (বা)—শ্বশুর শব্দের উত্তর ঊঙ্ হয় এবং উকার ও অকারের লোপ হয় যথা, শ্বশুর - শ্বশ্রূঃ।

৩৬। **ঊরূত্তরপদাদৌপম্যে** (৪।১।৬৯)—উপমা বুঝাইলে উপমানের সহিত সমাসে ঊরু ভাগান্ত শব্দের উত্তর ঊঙ্ হয়। যথা, রম্ভে ইব ঊরূ যস্যাঃ

সা রম্ভোরূঃ, করভোরূঃ। উপমা ন থাকায় বৃত্তোরুঃ, পীনোরুঃ। কথং পীবরোরূঃ ? সংজ্ঞা-পূর্বকবিধেরনিত্যত্বাৎ।

(ক) **সংহিত-শফ-লক্ষণ-বামাদেশ্চ** (৪।১।৭০) ইহারা পূর্বে থাকিলে স্ত্রীলিঙ্গে উঙ্ হয়। যথা, সংহিতোরূঃ, লক্ষণোরূঃ বামোরূঃ। সহিতসহাভ্যাং চ— সহিতোরূঃ, সহোরূঃ।

(খ) **সংজ্ঞায়াম্** (৪।১।৭২)—সংজ্ঞা বুঝাইলে কদ্রু ও কমণ্ডলু শব্দের উত্তর উঙ্ হয়। যথা, কদ্রূঃ (নাগমাতা), কমণ্ডলূঃ (মৃগবিশেষঃ)।

কতিপয় লক্ষণীয় স্ত্রীলিঙ্গ শব্দ

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অগ্নি	অগ্নায়ী	কৃশোদর	কৃশোদরী, কৃশোদরা
অজ	অজা	কোকিল	কোকিলা
অনডুহ্	অনডুহী, অনড্বাহী	খনক	খনকী
অবাচ্	অবাচী	ঘট	ঘটী
অরণ্য	অরণ্যানী	চন্দ্রমুখ	চন্দ্রমুখী, চন্দ্রমুখা
অশ্ব	অশ্বা	চন্দ্রবদন	চন্দ্রবদনা
এত	এতা, এনী	জগ্মিবস্	জগ্মুষী
উদচ্	উদীচী, উদঙ্কী	তস্থিবস্	তস্থুষী
কল্মাষ	কল্মাষী	তির্যচ্	তিরশ্চী, তির্যঙ্কী
নন্দন	নন্দনা	মঘবৎ	মঘবতী
নর	নারী	মঘবন্	মঘোনী
নৃ	নারী	মৎস্য	মৎসী
পতি	পত্নী	মনু	মনাবী, মনায়ী, মনুঃ
পঙ্গু	পঙ্গূ	মহারাজ	মহারাজী
পিতৃ	মাতৃ	যুবৎ (যু+শতৃ)	যুবতী
পিশঙ্গ	পিশঙ্গী, পিশঙ্গা	যুবন্ (পাণিনি মতে যূনী হয় না)	যুবতি

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
পূতক্রতু	পূতক্রতায়ী	রজক	রজকী
প্রত্যচ্	প্রতীচী প্রত্যঞ্চী	রাজন্	রাজ্ঞী
উদচ্	উদীচী	রোহিত (red)	রোহিতা, রোহিণী
কুসিত (userer)—	কুসিতায়ী	বিষোষ্ঠ	বিষোষ্ঠী ; বিষোষ্ঠা
কুসিদ (userer)—	কুসিদায়ী	বৃষাকপি	বৃষাকপায়ী
শোণ (red)	শোণা, শোণী	শ্বশুর	শ্বশ্রূঃ
শ্বেত (white)	শ্বেতা, শ্বেনী	সারঙ্গ (variegated)	সারঙ্গী
শবল (variegated)	শবলী	হরিত	হরিতা, হরিণী
শ্বন্	শুনী	হিম	(মহৎ হিমম্=) হিমানী

স্ত্রীলিঙ্গ শব্দের প্রভেদ

অরণ্য	অরণ্যানী (vast forest)
অর্য	অর্যাণী, অর্যা (a বৈশ্য woman) অর্যী (wife of a বৈশ্য)
আচার্য	আচার্যানী (wife of a teacher) আচার্যা (a female teacher)
উপাধ্যায়	উপাধ্যায়ানী, উপাধ্যায়ী (wife of a teacher) উপাধ্যায়া, উপাধ্যায়ী (a female teacher)
কবর	কবরা (variegated) কবরী (a braid of hair)
কাল	কালা (a deceitful woman) কালী (black)
কিঙ্কর	কিঙ্করা (a female servant) কিঙ্করী (wife of the servant)
কুণ্ড	কুণ্ডী (অগ্নিকুণ্ড) কুণ্ডা (irregular daughter)

গোণ	গোণী (a sack) গোণা (name of a woman)
জীবক	জীবকা (one living a long time) জীবিকা (livelihood)
ত্রিফল	ত্রিফলা (দ্বিগু, an aggregate of three fruits) ত্রিফলী (বহুব্রীহি, something having three fruits)
ত্রিহায়ন	ত্রিহায়ণী (a girl aged three years) ত্রিহায়না (something inanimate of three years)
নাগ	নাগী (fat, bulky) নাগ (long)
নীল	নীলী [indigo plant, blue (animal)] নীলা [a blue garment (শাটী)]
পাণিগৃহীত	পাণিগৃহীতী (a married wife) পাণিগৃহীতা (taken by hand not for wedding)
পূতক্রতু	পূতক্রতায়ী (wife of ইন্দ্র) পূতক্রতু: (a woman purifying a sacrifice)
ভাজ	ভাজী (something cooked) ভাজা (something not cooked)
মহারাজ	মহারাজী (মহান্ রাজা মহারাজঃ, wife of a great king) মহারাজ্ঞী (মহতী রাজ্ঞী, a great queen)
যব	যবানী (দুষ্টোযবঃ, bad barley, some other crop)
যবন	যবনী (যবনস্য স্ত্রী, wife of an Ionian) যবনানী (the script of the Ionians)
শূদ্র	শূদ্রা (a woman শূদ্র by caste) শূদ্রী (wife of a শূদ্র)
সুদন্ত	সুদন্তী, সুদন্তা (a woman having good teeth) সুদতী (a woman having go‚d teeth indicating her age)

সম্রাজ্	সম্রাজ্ (a queen) সম্রাজী (সম্যক্ রাজা সম্রাজঃ, তস্য পত্নী) সম্রাজ্ঞী রাজ্ঞঃ স্ত্রী রাজ্ঞী, সম্যক্ রাজ্ঞী সম্রাজ্ঞী)
সূর্য	সূর্যা (সূর্যস্য দেবতা স্ত্রী) সূরী (সূর্যস্য মানবী স্ত্রী, কুন্তী)
হিম	হিমানী (excessive frost)
অরণ্য	অরণ্যানী (a vast forest)
স্থল	স্থলী (অকৃত্রিমা ভূমিঃ) স্থলা (পরিষ্কৃত বিরচিতা ভূমিঃ)
তারক	তারকা (তারা star) তারিকা (রক্ষাকর্ত্রী)
বর্ণক	বর্ণকা (তাঁতের বস্ত্র) বর্ণিকা (বর্ণনাকর্ত্রী)

Exercise

1. *Write the corresponding feminine forms of* :—

মহারাজ, যবক্রীত, যুবন্, অনডুহ্, প্রত্যচ্, পুত্র, গজ, জগ্মিবস্, বরুণ, ভব, সেবক, পুত্র, শিব, রাজন্, সুকণ্ঠ, রজক, শূদ্র, মহাশূদ্র, সূর্য, পটু, সৎ, ভর্তৃ, অশ্ব মৎস্য, কুর্বৎ, তুদৎ, ভবিষ্যৎ, মৃন্ময়, নরপতি, রাজসখ, যুবরাজ, অসিত, পলিত, শ্বন্, মনুষ্য, কোকিল, হরিণ, সুন্দর, মৃদু, লোহিত, শুশ্রুবস্, সহোদর, পিতামহ, যাৎ, অনুজ।

2. *Substitute single words for* :—

হসতি যা সা, যবনানাং লিপিঃ, মহৎ অরণ্যম্, মৃদা নির্মিতা, যা স্তৌতি সা, বেপতে যা সা, শোভনাঃ দন্তাঃ যস্যাঃ সা যুবতিঃ, পরিণয়েন পাণিঃ গৃহীতঃ যস্যাঃ সা, সূর্যস্য মানবী স্ত্রী, ঘটা ইব ঊধাংসি যস্যাঃ সা, বিম্ব ইব ওষ্ঠঃ যস্যাঃ সা, চন্দ্র ইব বদনং যস্যাঃ সা, একঃ পতিঃ যস্যাঃ সা, অনুচরতি যা সা, আচার্যস্য জায়া, চক্ষুরত্তি যস্যাঃ সা, সমানঃ পতিঃ যস্যাঃ সা।

3 Distinguish between :—

যবানী যবনী, যবনানী ; আচার্যা, আচার্যানী ; সূর্যা, সূরী ; কিঙ্করী, কিঙ্করা ; পতিবত্নী, পতিমতী ; শূদ্রা, শূদ্রী ; পাণিগৃহীতী, পাণিগৃহীতা ; সম্রাট্, সম্রাজ্ঞী, সম্রাজ্ঞী ; সুদন্তা, সুদতী ; ত্রিফলী, ত্রিফলা ; মহারাজী, মহারাজ্ঞী ; ত্রিহায়ণী, ত্রিহায়না ; স্থলী, স্থল ; তারকা, তারিকা ; রোহিতা, রোহিণী ; বর্ণকা, বর্ণিকা ।

4. How are শতৃপ্রত্যয়ান্ত *words and* গুণবাচক *words ending in* উ *changed in the feminine form ? Give illustrative examples.*

5. Mention a few words that have more than ane form in the feminine gender with different meanings

6. Cite a few instances of words taking স্ত্রী প্রত্যয় *in the dimunitive sense.*

7. Justify the words in bold type :—

(*a*) জগাদ ভূয়ঃ **সুদতীং** সুনন্দা ।

(*b*) **নৈবেন্দ্রাণী** ন রুদ্রাণী ন **মনাবী** ন রোহিণী ।
বরুণাণী ন **চাগ্নায়ী** তস্যাঃ সীমন্তিনী সমা ।।

(*c*) ক **ত্বম্** একাকিনী **ভীরু** নিরন্বয়জনে বনে ।

(*d*) **রঘুপতিগুণক্রীতীম**বেহি জগত্রয়ীম্ ।

(*e*) **সঞ্চারিণী** দীপশিখেব রাত্রৌ যং যং ব্যতীয়ায় **পতিংবরা** স ।

8. Correct :—

বলবান্ মহান্ চ তস্যা ব্রীড়া । বিদুষীং স্ত্রীলোক পূজয় । গায়কীনাং সুস্বনীনাং গীতম্ । মামবলোক্য তে চিরন্তনাং প্রীতিমনুভবন্তি । গায়কীনাং নর্তকীনাং চ অত্র সমাবেশঃ । চটুলনয়নী নারী সর্বানেব তোষয়তি । যাদৃশা তৃতীয়া কন্যা তাদৃক্ এব চতুর্থা । অপারা সত্যস্য মহিমা । বিদুষীং ধর্মপরায়ণাং চ দারাং স কাময়তে । নগরীয়ং বহুধীবরা । এতাঃ খলু বীরপতয়ঃ । অজীম্ ইমাং পরিত্যজ্য হয়াং গজাং চ ত্বং নয় ।

9. *Translate into a major vernacular* :—

শূদ্রী শূদ্রস্য ভার্যা স্যাৎ শূদ্রা তজ্জাতিরেব চ।
আভীরী তু মহাশূদ্রী জাতিপুংযোগয়োঃ সমা ॥
অর্যাণী স্বয়মর্যা স্যাৎ ক্ষত্রিয়া ক্ষত্রিয়াণ্যপি।
উপাধ্যায়াপ্যুপাধ্যায়ী স্যাদাচার্যাপি চ স্বতঃ ॥
আচার্যানী তু পুংযোগে স্যাদর্যী ক্ষত্রিয়ী তথা।
উপাধ্যায়ান্যুপাধ্যায়ী পোটা স্ত্রীপুংসলক্ষণা ॥

10. *Translate into Sanskrit* :—

(*a*) Kunti was called the human wife of the Sun God and Chhaya his divine wife. Both shared their husband's love equally. (*b* The king accompanied by his queen appeared as divine moon attended by Rohini. (*c*) The lotus-faced conch-necked and cloud-haired lady entered the temple of the goddess and worshipped her with red lotuses. *d*) Ever since the day on which she happened to see him, her mind has become perturbed and she does not even think of her food on account of constantly thinking of him, (*e*) Expectant of favours we have long put up with the oppressions of the wicked and tamely submitted to the insults of the proud, when then, O Hope, wilt thou cease to work? (*f*) She was seized by the hair and pulled down by her co-wife and then all the sons of the co-wife threw stones at her. (*g*) The fair young princess of Videha stood by the side of her husband and shone like a golden creeper twining round a majestic sal tree. (*h*) As she stood there motionless, she appeared as the lightning dropped on the earth from heaven. (*i*) The more diligently you study, the lesser will be your chances of failure and greater will be the probability of your success.

কারক ও বিভক্তি

Cases and Case-endings

১। **ক্রিয়ান্বয়ি কারকম্** (১)—ক্রিয়ার সহিত যাহার অন্বয় (মুখ্য বা গৌণ সম্বন্ধ) থাকে, তাহাকে কারক বলে। কারক ইংরেজী syntax-এর অন্তর্ভুক্ত।

বিশেষ বিশেষ বিভক্তির সাহায্যেই বিভিন্ন কারকের অর্থ প্রকাশিত হয়। অর্থস্তু ব্যঞ্জনাদ্ বিভক্তিঃ। যথা, **নৃপঃ তীর্থক্ষেত্রে কোষাৎ স্বহস্তেন দরিদ্রায় ধনং দদাতি।**

কঃ দদাতি—**নৃপঃ**।	কিং দদাতি—**ধনম্**।
কেন দদাতি—**স্বহস্তেন**।	কস্মৈ দদাতি—**দরিদ্রায়**।
কুতঃ দদাতি—**কোষাৎ**।	কুত্র দদাতি—**তীর্থক্ষেত্রে**।

এইরূপে 'দদাতি' এই ক্রিয়াপদের সহিত বাক্যস্থিত অন্য ছয়টি পদের অন্বয় আছে; সুতরাং ইহারা ছয়টিই কারক। **ষট্ কারকাণি**—কারক ছয়টি; **কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ।**

রাম! বারাণস্যাঃ নৃপঃ তীর্থক্ষেত্রে কোষাৎ স্বহস্তেন দরিদ্রায় ধনং দদাতি—এই বাক্যে 'রাম' এই সম্বোধন পদের সহিত এবং 'বারাণস্যাঃ' এই সম্বন্ধ পদের সহিত 'দদাতি' এই ক্রিয়ার কোনরূপ মুখ্য বা গৌণ সম্বন্ধ নাই। এইজন্য **সম্বোধন পদ এবং সম্বন্ধ পদ কারক নহে।**

২। **সংখ্যাকারকাদিবোধয়িত্রী বিভক্তিঃ**- যাহা দ্বারা প্রাতিপদিকের সংখ্যা, কারক ও সম্বন্ধ প্রভৃতি বিশেষ বিশেষ অর্থ প্রতিপাদিত হয়, তাহাকে বিভক্তি বলে। 'নরঃ' পদদ্বারা একটি, 'নরৌ' পদদ্বারা দুইটি এবং 'নরাঃ' পদদ্বারা দুইএর অধিক মানুষের প্রতীতি হয়।

বিভক্তির ব্যবহার তিন প্রকার—(১) কারকে, (২) শব্দযোগে

---

(১) তথাচ প্রৌঢ়মনোরমায়াম্—কারকম্ ইত্যস্য ক্রিয়ান্বয়ি ইত্যর্থ ইতি। অত্র মহাভাষ্যম্—কারকমিতি অন্বর্থেয়ং সংজ্ঞা। করোতি (ক্রিয়াং নির্বর্তয়তি) ইতি কারকম্। সাধকং নির্বর্তকং কারকসংজ্ঞং ভবতীতি। সর্বাণি হি কারকাণি সাধকানি।

ও (৩) **বিশেষ অর্থে**। শব্দযোগে বিভক্তিকে **উপপদ বিভক্তি বলে**। যথা,কারকে—**চন্দ্রো** ভাতি, **চন্দ্রং** পশ্য, **নেত্রাভ্যাং** পশ্য ইত্যাদি ; শব্দযোগে —**শিবায়** নমঃ, **পুত্রেণ** সহ, **শ্রমং** বিনা ইত্যাদি ; বিশেষ বিশেষ অর্থে— **হর্ষেণ** নৃত্যতি (হেতু) **জলায়** যাতি (নিমিত্ত) ইত্যাদি।

একই স্থানে যুগপৎ কারক-বিভক্তি ও উপপদ-বিভক্তির প্রাপ্তি ঘটিলে কারক-বিভক্তি হয়, উপপদ-বিভক্তি হয় না। কারণ, **উপপদবিভক্তেঃ কারকবিভক্তির্বলীয়সী** ; যথা, নারায়ণং নমস্করোতি—এই বাক্যে নারায়ণ শব্দের উত্তর নমস্ শব্দযোগে চতুর্থী এবং কৃ ধাতুর কর্ম বলিয়া কর্মকারকে দ্বিতীয়ার যুগপৎ প্রাপ্তি হওয়ায় কর্মকারকে দ্বিতীয়া হইয়াছে, কিন্তু নমস্ শব্দ যোগে চতুর্থী হয় নাই। এইজন্য **কোন্‌টি কারক-বিভক্তি এবং কোন্‌টি অন্য বিভক্তি এই সম্বন্ধে সর্বদা অবহিত হইতে হয়।**

বিভক্তির বিভিন্ন ব্যবহারের উদাহরণস্বরূপ পঞ্চমী বিভক্তির প্রয়োগ দেখান যাইতেছে—

[১] **কারকে—(ক) প্রধানে—**

পঞ্চমী প্রধানতঃ অপাদানকারকে ব্যবহৃত হয় "**অপাদানে পঞ্চমী**" (২।৩।২৮)। "ধ্রুবমপায়েঽপাদানম্" (১।৪।২৪) হইতে "ভুবঃ প্রভবঃ" (১।৪।৩১) পর্যন্ত **সূত্রগুলি অপাদানকারকবিধায়ক। সর্বত্রই পঞ্চমী বিভক্তি কিন্তু অপাদানে পঞ্চমী (২।৩।২৮) এই সূত্র অনুসারেই হয়।** অতএব 'ব্যাঘ্রাদ্ বিভেতি' এই স্থলে "ভীত্রার্থানাং ভয়হেতুঃ" এই সূত্র অনুসারে পঞ্চমী বলিলে ভুল হয়। কারণ ঐ সূত্রটি অপাদান কারক-বিধায়ক, পঞ্চমী বিভক্তিবিধায়ক নহে। অতএব এই স্থলে "ভীত্রার্থানাং ভয়হেতুরিত্যপাদানম্। ততোঽপাদানে পঞ্চমীতি পঞ্চমী বিভক্তিঃ।" এইরূপ উত্তর লিখিতে হইবে।

(খ বিশেষ বিশেষ ক্ষেত্রে **অন্যকারকে—**

পঞ্চমী প্রধানতঃ অপাদানকারকের বিভক্তি হইলেও **স্থলবিশেষে কর্ম, করণ ও অধিকরণ কারকেও** প্রযুক্ত হয়। যথা,—'ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে চ'

(বা) প্রাসাদাৎ (প্রাসাদম্ আরুহ্য) আসনাৎ (আসনে উপবিশ্য) বা প্রেক্ষতে 'করণে চ স্তোকাল্পকৃচ্ছ্র-কতিপয়স্যাসত্ত্ববচনস্য' (২।৩।৩৩)। স্তোকাৎ মুক্তঃ।

[২] **শব্দযোগে—**

'অন্যারাদিতরর্তে-দিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে' (২।৩।২৯) 'পৃথগ্‌বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্' (২।৩।৩২) 'পঞ্চম্যপাঙ্‌পরিভিঃ' (২।৩।১০) ইত্যাদি।

[৩] **বিশেষ অর্থে—**

হেতৌ 'বিভাষা গুণেঽস্ত্রিয়াম্' (২।৩।২৫), তাদর্থ্যে চতুর্থী বাচ্যা (বা).'পঞ্চমী বিভক্তে' (২।৩।৪২) ইত্যাদি।

৩। **অপাদান-সম্প্রদান-করণাধারকর্মণাম্।**
কর্তুশ্চান্যোঽন্যসন্দেহে পরমেব প্রবর্ততে॥

একই প্রাতিপদিকে যুগপৎ একাধিক কারকের সম্ভাবনা ঘটিলে অপাদান, সম্প্রদান, করণ, আধার, (অধিকরণ), কর্ম, কর্তা **এই ক্রমে যেটি পরে আছে, সেইটিই হইবে,** পূর্বেরটি হইবে না। যথা, **গঙ্গাং** গত্বা স্নাতি (অধিকরণ ও কর্ম মধ্যে কর্ম); **বিপ্রান্** আহূয় যচ্ছতি (সম্প্রদান ও কর্মমধ্যে কর্ম); **গৃহং** প্রবিশ্য নির্গচ্ছতি (অপাদান ও কর্মমধ্যে কর্ম); **বিপ্রায়** দত্ত্বা গৃহ্নাতি (অপাদান ও সম্প্রদান মধ্যে সম্প্রদান); অস্তি **ঘটঃ** পশ্য (কর্ম ও কর্তার মধ্যে কর্তা)।

ক্রিয়য়োরেকস্মিন্ দ্রব্যে উভয়শক্তিপ্রসঙ্গে তু প্রধানেন ব্যপদেশো ভবতি— একই দ্রব্যে দুইটি ক্রিয়ার সহিত সম্বন্ধবশতঃ দুই কারকের সম্ভাবনা ঘটিলে প্রধান (সমাপিকা) ক্রিয়া অনুসারে বিভক্তি হয়। যথা, **ওদনঃ** পক্ত্বা খাদ্যতে; **হরিঃ** পূজয়িতুং শক্যতে; **স্বামিগুণাঃ** বিস্মর্তুং ন শক্যন্তে। তন গ্রামং গত্বা দধিকর্ণনামা **বিড়ালঃ** প্রযত্নাদানীয় স্বকন্দরে স্থাপিতঃ।

কর্তৃকারকম্

৪। **স্বতন্ত্রঃ কর্তা** (১।৪।৫৪ —স্বতন্ত্রঃ প্রধানীভূতধাত্বর্থাশ্রয়ঃ (সাক্ষাৎ ক্রিয়াশ্রয়ঃ)। ক্রিয়ায়াং **স্বাতন্ত্র্যেণ বিবক্ষিতঃ অর্থঃ** কর্তা স্যাৎ (১)।

১) উক্তং চ—ধাতুনোক্তক্রিয়ে নিত্যং কারকে কর্তৃতেষ্যতে।

যে নিজে (**অন্য নিরপেক্ষ হইয়া**) ক্রিয়া সম্পাদন করে বলিয়া **বিবেচিত হয়**, তাহা **কর্তৃকারক**। যথা, **বালকঃ** চন্দ্রং পশ্যতি, **শিশুঃ** ক্রীড়তি ; **গৌঃ** শব্দায়তে ; আবার বিবক্ষাবশতঃ **স্থালী** পচতি ; **কাষ্ঠানি** পচন্তি (১) এরূপ প্রয়োগও হইতে পারে।

৫। **তৎপ্রযোজকো হেতুশ্চ** (১।৪।৫৫)—স্বতন্ত্রস্য প্রযোজকো যোঽর্থঃ স হেতুসংজ্ঞঃ কর্তৃসংজ্ঞশ্চ স্যাৎ।

ণিজন্ত ধাতুর প্রয়োগে যে ব্যক্তি কর্তার প্রযোজক অর্থাৎ যে ব্যক্তি কর্তাকে কোন কার্য করিতে প্রবর্তিত করে, তাহা **হেতুকর্তা** বা **প্রযোজক কর্তা**। যথা, **প্রভুঃ** ভৃত্যেন কার্যং কারয়তি ; **দেবদত্তো** যজ্ঞদত্তেনান্নং পাচয়তি। ভৃত্য এবং যজ্ঞদত্ত **প্রযোজ্য কর্তা**। প্রযোজ্য কর্তরি তৃতীয়া।

প্রথমা বিভক্তি

৬। **প্রাতিপদিকার্থ-লিঙ্গ-পরিমাণ-বচনমাত্রে প্রথমা** (২।৩।৪৬) —যস্মিন্ প্রাতিপদিকে উচ্চারিতে যস্য অর্থস্য নিয়মেন উপস্থিতিঃ, স প্রাতিপদিকার্থঃ। লিঙ্গং পুংলিঙ্গ-স্ত্রীলিঙ্গ-নপুংসকানি। পরিমাণং দ্রোণঃ, খারী, আঢ়কম্। বচনম্ একত্বদ্বিত্ববহুত্বানি। মাত্রশব্দস্য প্রত্যেকং যোগঃ। প্রাতিপদিকার্থমাত্রে, লিঙ্গমাত্রাধিক্যে পরিমাণমাত্রাধিক্যে, সংখ্যামাত্রে চ প্রথমা স্যাৎ (২)।

কেবলমাত্র প্রাতিপদিকের অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের অর্থ ও লিঙ্গ বুঝাইলে এবং প্রাতিপদিকের অর্থ বিশিষ্ট পরিমাণ বা কেবলমাত্র সংখ্যা বুঝাইলে প্রথমা-বিভক্তি হয়। যথা, (কেবলমাত্র প্রাতিপদিকার্থে) **কৃষ্ণঃ, শ্রীঃ জ্ঞানম্, উচ্চৈঃ-নীচৈঃ** ; (লিঙ্গমাত্রাধিক প্রাতিপদিকার্থে) **তটঃ তটী, তটম্**

(১) স্থাল্যাদীনাং বস্তুতঃ স্বাতন্ত্র্যাভাবেঽপি স্থালী পচতি, কাষ্ঠানি পচন্তীত্যাদিপ্রয়োগোঽপি সাধুরেব, ইত্যত উক্তং বিবক্ষিতোঽর্থ ইতি (তত্ত্ববোধিনী)।

(২) অলিঙ্গা নিয়তলিঙ্গাশ্চ প্রাতিপদিকার্থমাত্র ইত্যস্য উদাহরণম্, অনিয়তলিঙ্গাস্তু লিঙ্গমাত্রাধিক্যস্য। সূত্রে পরিমাণ-গ্রহণেন দ্রোণঃখারী আঢ়কমিত্যত্রাপি প্রথমা সিদ্ধা। উক্তেঽপি একত্বাদিষু প্রথমা যথা স্যাদিতি বচনগ্রহণম্।

(পরিমাণ-বিশেষে) **দ্রোণঃ ব্রীহিঃ**; এক দ্রোণ পরিমিত (ওজনের) ধান ; (সংখ্যামাত্রে) **একঃ, দ্বৌ, বহবঃ**।

উক্ত (অভিহিত) কর্তায় এবং উক্ত কর্মে (অর্থাৎ **কর্তৃবাচ্যের কর্তায়** এবং **কর্মবাচ্যের কর্মে**) **এই সূত্রের দ্বারাই প্রথমা হইয়া থাকে**। উহাদের কর্তৃত্ব বা কর্মত্ব অন্যের দ্বারা অভিহিত হয় বলিয়া উহারা কর্তা বা কর্ম হইতে পারে না, তখন কেবলমাত্র প্রাতিপদিকার্থই থাকে (১)। কারকও প্রাতি-পদিকের অন্তর্ভুক্ত।

অভিধানং তু প্রায়েণ তিঙ্কৃত্তদ্ধিতসমাসৈঃ—অধিকাংশ স্থলেই তিঙ্ বিভক্তি, কৃৎপ্রত্যয়, তদ্ধিতপ্রত্যয় এবং সমাসের দ্বারা কর্তৃত্ব এবং কর্মত্ব উক্ত হয়। যথা, (তিঙ্) **হরিঃ** সেব্যতে ; (কৃৎ) **লক্ষ্ম্যা** সেবিতঃ ; (তদ্ধিতঃ) শতেন ক্রীতঃ **শত্যঃ** ; (সমাসঃ) প্রাপ্ত আনন্দো যং স **প্রাপ্তানন্দঃ**। **ক্বচিৎ নিপাতেন অভিধানম্** (২)। যথা, সর্বে ভবন্তং সাধুঃ ইতি বদন্তি। বদন্ত্যপর্ণেতি তাং পুরাবিদঃ (৩)। মিথিলেতি নগর্যাং রাজর্ষিঃ প্রতিবসতি। **'নাম' অব্যয়যোগে উক্ত হয় না**। যথা, কন্যাং দশরথো রাজা শান্তাং নামব্যজীজনৎ।

৭। **সম্বোধনে চ** (২।৩।৪৭)—অভিমুখীকৃত্য জ্ঞাপনং সম্বোধনম্। সম্বোধনে

---

(১) 'বালকঃ চন্দ্রং পশ্যতি' এই বাক্যে তিপ্ বিভক্তি দ্বারাই কর্তৃপদ উক্ত হইতেছে, এইজন্য 'বালকঃ' এই উক্ত কর্তায় প্রাতিপদিকার্থে প্রথমা হইয়াছে। এইরূপ 'বালকেন চন্দ্রঃ দৃশ্যতে' এই বাক্যে 'দৃশ্যতে'-এর যক্ ও আত্মনেপদদ্বারা কর্ম উক্ত হইতেছে, এইজন্য 'চন্দ্রঃ' এই উক্ত কর্মে প্রাতিপদিকার্থে প্রথমা এবং 'বালকেন' এই অনুক্ত কর্তায় তৃতীয়া হইয়াছে।

(২) অভিধানম্—বিশেষ নির্দেশঃ। That which occupies the ***most prominent*** position in the speaker's thought is অভিহিত। অভিহিতমাত্রে প্রথমা।

(৩) কেবলমাত্র 'ইতি' অব্যয়দ্বারাই এইরূপ উক্ত হয়, অন্য কোন অব্যয়যোগে উক্ত হয় না। বিষবৃক্ষোঽপি সংবর্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্—এই বাক্যে অসাম্প্রতম্ যোগে 'বিষবৃক্ষঃ' পদে প্রথমা এইরূপ কথিত হইলেও উহাতে তুমুন্ প্রত্যয়ের ক্রিয়ার্থা ক্রিয়া অথবা শক্ প্রভৃতি ধাতুর যোগ না থাকায় তুমুন্ প্রত্যয়ের সাধুতা রক্ষার নিমিত্ত 'ইষ্যতে' এইরূপ ক্রিয়া অধ্যাহার করিতে হইবে। বিষবৃক্ষোঽপি সংবর্ধ্য স্বয়ং ছেত্তুং ন ইষ্যতে—এইরূপ যোজনা অবশ্য প্রয়োজনীয়। সুতরাং 'বিষবৃক্ষঃ' উহার উক্ত কর্মে প্রথমা। (বৃহচ্ছব্দেন্দুশেখর)।

প্রথমা স্যাৎ। সম্বোধনে প্রথমাবিভক্তি হয়। যথা, হে **ঈশ** ; হে **পিতরৌ** ; **অয়ি মাতরঃ**। হে কৃষ্ণ জগতীনাথ কাসি যাদবনন্দন। ভোঃ পান্থাঃ শৃণুত।

সম্বুদ্ধি—একবচনং সম্বুদ্ধিঃ (২।৩।৪৯); সম্বোধন-প্রথমার একবচনের বিভক্তিকে সম্বুদ্ধি বলে। হে নর।

Exercise

1\. *Translate into Bengali and account for case.endings in words in bold type :*

আসীৎ **শূদ্রকো** নাম নরপতিঃ। **ভগবন্** ত্রায়স্ব মাং বিপদঃ। স্বদেশে পূজ্যতে **রাজা বিদ্বান্** সর্বত্র পূজ্যতে। হে **কৃষ্ণ জগতীনাথ** কাসি **যাদবনন্দন**। সর্বে শতক্রতুং **দেবরাজ** ইতি বদন্তি। স **মিথিলেতি** নগরীম্ অধ্যুবাস। কন্যাং দশরথো রাজা শান্তাং নাম ব্যজীজনৎ। প্রজাঃ রাজানং **পিতেতি** মন্যন্তে। অবৈমি চৈনাম্ **অনঘেতি**। অবেহি মাং **কুম্ভোদরঃ** নাম নিকুম্ভমিত্রম্। মনস্বিগর্হিতঃ **পন্থাঃ** সমারোঢুম্ অসাম্প্রতম্। তে **কলিকাতেতি** নগর্যাং বসন্তি। নৃপঃ পাণ্ডবান্ **জাতকৌতূহলা** ইতি মেনে। তন্নন্দিনীং **সুবৃত্তাঃ** নাম স উপযেমে। **তৃণানি ভূমিরুদকং বাক্** চতুর্থী চ সূনৃতা। এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন॥ কৃতাঃ **শরব্যং** হরিণা তবাসুরাঃ। ক্রমাদমুং **নারদ** ইত্যবোধি সঃ। দুর্যোধনঃ পাণ্ডবানাং মহৎ **শঙ্কাস্থানম্**। পটুত্বং সত্যবাদিত্বং কথাযোগেন বুধ্যতে। সম্পদঃ পদম্ আপদাম্। গুণাঃ পূজাস্থানং গুণিষু।

2\. *Correct or justify :—*

অপি ত্বং গোপালমিতি বালকং জানাসি? মাতা! দেহি মে খাদ্যম্। অয়ি বৎসা সীতা! কথং তে ঈদৃশ দশা সমুৎপন্না? তত্র চ শূদ্রকো নাম নৃপেণ অভূয়ত। সুশীলমিতি বালকম্ আহ্বয়। তত্রাহং কাঞ্চিৎ সুন্দরীম্ অবন্তীসুন্দরীম্ ইতি কন্যকাম্ অপশ্যম্। অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্মশ্চ জানাতি নরস্য বৃত্তম্। যস্য বীর্যেণ কৃতিনো বয়ং চ ভুবনানি চ। নরপতেরস্য পুত্রা দুহিতরশ্চ বিদ্বাংসঃ। অদ্য প্রাতে সম্রাটস্য আদেশং ময়া প্রাপ্তম্। ধনিনং দ্রব্যং যাচিতং ভিক্ষুকৈঃ। দম্ভশ্চ পৈশুন্যং চ সদা গর্হণীয়ৌ। সা আত্মানং হতপ্রায়াম্ অমন্যত। যূয়ং বা বয়ং বা কার্যমেতৎ করিষ্যথ। উত্তিষ্ঠতু মহারাজন্ মিত্রস্তে কশ্চিদাগতঃ। ঋষীমৌ বাল্মীকি-ব্যাসৌ সদৈব স্মর্যতে ময়া। গোপালো নাম বয়স্যেন সহাহমাগচ্ছম্। হিরণ্যকঃ প্রকৃত্যা চিত্রগ্রীবস্য প্রাণঃ আসন্।

3. *Translate into Sanskrit* :—

(a) The king and the queen of this country are both very generous. That wicked people should hate the virtuous is but their natural disposition. There are many good people in this city but they are despised by some wicked and narrowminded men. On account of this incident I became the object of their envy. O Lord! Thou art my life, my soul, my everything on the surface of the earth. My dearest, the function of my ears has been fulfilled through your grace as you have to-day lighted up a lamp of knowledge in me. O Sanjaya! listen to me, you being an intelligent and educated man should not find fault with me. O God! myself and all that I possess I offer to thy holy name. There is no fear to him who prays to God everyday in the morning and evening Tell me, dear Laksmana. if she intimated you with the cause of her anger. Rise, my brother; it grieves my heart to see you so sad. O dear, tell me why you are thus afflicted with grief. O King! as Indra sends copious rain during the four months of the rainy season, so you should shower riches on your subjects taking upon yourself the office of Indra.

কর্মকারকম্

৮। **কর্তুরীপ্সিততমং কর্ম** (১।৪।৪৯)—কর্তুঃ ক্রিয়য়া যৎ আপ্তুম্ ইষ্টতমং তৎ কারকং কর্মসংজ্ঞং ভবতি।

কর্তা ক্রিয়াদ্বারা যাহা পাইতে **সর্বাপেক্ষা অধিক ইচ্ছা** করে, তাহাকে কর্মকারক বলে। যথা, বালকঃ **চন্দ্রং** পশ্যতি ; রামঃ **বনং** গচ্ছতি ; শিষ্যঃ **বেদম্** অধীতে ; বানরঃ **বৃক্ষম্** আরোহতি। বাক্যও কর্ম হয় ; যথা, জানে সখ্যা স্তব ময়ি মনঃ সম্ভৃতস্নেহম্ (এখানে সখ্যাঃ হইতে সম্পূর্ণ বাক্যটি কর্ম)।

মাষেষু অশ্বং বধ্নাতি—অত্র কর্মণ ঈপ্সিতা মাষাঃ ন তু কর্তুঃ, অতঃ মাষাণাং ন কর্মত্বম্। তমব্‌গ্রহণেন **'পয়সা ওদনং ভুঙ্‌ক্তে'** অত্র পয়সো ন কর্মত্বম্। **অধিশীঙ্‌স্থাসাং কর্ম** (১।৪।৪৬) ইতি সূত্রাৎ **'কর্ম' ইত্যনুবৃত্তৌ পুনঃ কর্মগ্রহণম্ আধারনিবৃত্ত্যর্থম্**। অন্যথা 'গেহং প্রবিশতি' ইত্যাদাবেব কর্মত্বং স্যাৎ, 'ওদনং পচতি, সক্তূন্ পিবতি' ইত্যাদৌ তু ন স্যাৎ।

৯। **তথাযুক্তং চানীপ্সিতম্** (১।৪।৫০)—ঈপ্সিতাৎ অন্যৎ সর্বম্ অনীপ্সিতম্—দ্বেষ্যম্ উদাসীনঞ্চ। যথা, কর্তুরীপ্সিততমং যথা ক্রিয়য়া যুজ্যতে, তথৈব যৎ অনীপ্সিতমপি ক্রিয়য়া যুজ্যতে, তস্য কর্মসংজ্ঞা ভবতি।

ঈপ্সিততমের ন্যায় অনীপ্সিত (দ্বেষ্য ও উদাসীন) বিষয় ক্রিয়াব্যাপ্য হইলে উহাও কর্মকারক হয়। যথা, (দ্বেষ্য) ওদনং বুভুক্ষুঃ **বিষং** ভক্ষয়তি ; (উদাসীন) গ্রামং গচ্ছন্ **তৃণং** স্পৃশতি, ব্যোমযানং পশ্যন্ **সূর্যং** পশ্যতি।

১০। **অকথিতং চ** (১।৪।৫১)—অপাদানাদিভিঃ বিশেষৈঃ কারকৈঃ অবিবক্ষিতং কারকং কর্মসংজ্ঞং ভবতি।

দুহ্যাচ্-পচ্-দণ্ড-রুধি-প্রচ্ছি-চি-ব্রূ-শাসু-জি-মন্থ মুষাম্।
কর্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্ নী-হৃ-কৃষ-বহাম্॥

দুহাদীনাং দ্বাদশানাং তথা নী-প্রভৃতীনাং চতুর্ণাং **কর্মণা যৎ যুজ্যতে** তদেব অকথিতং কর্ম।

অপাদানপ্রভৃতি কোন বিশেষ কারকের বিবক্ষা না থাকিলে দুহ্ প্রভৃতি দ্বাদশটি এবং নী প্রভৃতি চারিটি ধাতুর প্রধান **কর্মের সহিত ঘনিষ্ঠভাবে** যুক্ত অন্য কারকও কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়। এইরূপ কর্মকে **অকথিত, অপ্রধান বা গৌণ** কর্ম বলে। যথা, গোপো **গাং** (গোঃ—অপাদান) দুগ্ধং দোগ্ধি ; বামনঃ **বলিং** (বলেঃ—অপাদান) **বসুধাং** যাচতে ; বালিকা **বৃক্ষং** (বৃক্ষাৎ—অপাদান) **পুষ্পং** চিনোতি, শিষ্যঃ **গুরুং** (গুরোঃ—অপাদান) **ধর্মং** পৃচ্ছতি ; পাচকঃ **তণ্ডুলান্** (তণ্ডুলৈঃ—করণ) **ওদনং** পচতি ; রাজা **চৌরং** (চৌরাৎ—অপাদান) **শতং** দণ্ডয়তি (=গৃহ্লাতি) ; গোপঃ **গাং ব্রজং** (ব্রজে—অধিকরণ) রুণদ্ধি ; গুরুঃ **শিষ্যং** (শিষ্যায়—সম্প্রদান) **ধর্মং** ব্রূতে ; আচার্যঃ **শিষ্যং** (শিষ্যায়—সম্প্রদান) **ধর্মং** শাস্তি ; দেবদত্তঃ **যজ্ঞদত্তং** (যজ্ঞদত্তাৎ—অপাদান) **শতং** জয়তি ; দেবগণঃ **সমুদ্রম্** (সমুদ্রাৎ—অপাদান) **অমৃতং** মথ্নাতি ; চৌরঃ **দেবদত্তং** (দেবদত্তাৎ—অপাদান) **শতং** মুষ্ণাতি। গোপঃ **গাং গৃহং** (গৃহে—অধিকরণ) নয়তি ; ভৃত্যঃ **গ্রামং** (গ্রামে—অধিকরণ) **ভারং** বহতি ;

বালকঃ **অজাং গ্রামং** (গ্রামে—অধিকরণ) হরতি ; **কৃষীবলঃ ভূমিং** (ভূমৌ—অধিকরণ) **শস্যং** কর্ষতি।

অকথিত কর্মের ক্ষেত্রে **অপাদানাদির বিবক্ষা থাকিলে** তথায় **যথাপ্রাপ্ত কারক হইতে পারে।** যথা—**গোঃ** দুগ্ধং দোগ্ধি ; **বৃক্ষাৎ** পুষ্পং চিনোতি ইত্যাদি প্রয়োগও শুদ্ধ।

অর্থনিবন্ধনেয়ং সংজ্ঞা—এই ষোলটি ধাতুর **সমার্থক অন্য ধাতুর ক্ষেত্রেও** অকথিত কারক কর্মকারক হইয়া থাকে। যথা, **বলিং** ভিক্ষতে **বসুধাম্** ; **মাণবকং ধর্মং** ভাষতে, অভিধত্তে বক্তি বা। কারক না হইলে হয় না। যথা, মাণবকস্য পিতরং পন্থানং পৃচ্ছতি পথিকঃ। এখানে 'মাণবকস্য' কর্মকারক হইবে না। কারণ 'মানবকস্য' সম্বন্ধপদ, 'পৃচ্ছতি' ক্রিয়ার সহিত অন্বিত নহে।

বিঃ দ্রঃ—দুহ্যাচ্ প্রভৃতি কারিকাটিতে **দ্বিকর্মক ধাতুগুলি দুইভাগে পঠিত হইয়াছে। কর্মবাচ্যে দুহ প্রভৃতি** প্রথমভাগের বারোটি ধাতুর অপ্রধান বা **গৌণ কর্ম উক্ত হয়,** আর **নী প্রভৃতি** চারিটি ধাতুর **প্রধান বা মুখ্য কর্ম উক্ত হয়। গৌণে কর্মণি দুহ্যাদেঃ প্রধানে নী-হৃ-কৃষ্-বহাম্ (লাদীন্ আহুঃ)।**

গাং পয়ো দোগ্ধি—**গৌঃ** পয়ো দুহ্যতে। অজাং গ্রামং নয়তি—**অজা** গ্রামং নীয়তে।

১১। অকর্মকধাতুভির্যোগে দেশঃ কালো ভাবো গন্তব্যোঽধ্বা চ কর্মসংজ্ঞক ইতি বাচ্যম্ (বা)—অকর্মক ধাতুর যোগে দেশ বিশেষের নামবাচক, কালের পরিমাণবাচক মাস প্রভৃতি, ভাব (verbal noun) এবং পথের পরিমাণবাচক ক্রোশপ্রভৃতি শব্দ কর্মসংজ্ঞা প্রাপ্ত হয় (১)। যথা, **কুরূন্** স্বপিতি ; **মাসমাস্তে ; গোদোহমাস্তে ; ক্রোশমাস্তে।**

১২। অধিশীঙ্স্থাসাং কর্ম (১।৪।৪৬)—অধিপূর্বাণাং শীঙ্-স্থা-আস্‌ধাতূনাম্ আধারঃ কর্ম স্যাৎ। ততঃ **'কর্মণি দ্বিতীয়া'** ইতি দ্বিতীয়া।

(১) তথাচোক্তম্—কালাধ্বভাবদেশানাম্ অন্তর্ভূতক্রিয়ান্তরৈঃ। সর্বৈরকর্মকৈর্যোগে কর্মত্বমুপজায়তে। কোন কোনও স্থলে **অকর্মক ধাতু উপসর্গযোগে সকর্মক হয়—উপাক্রয়োরেব** নদৎপতত্রঃ **কুমুদ্বতীং** তীরতরুদিনাদৌ—ভট্টি ২। **সুখম্ অনুভবতি।**

অধিপূর্বক শী, স্থা ও **আস্** ধাতুর আধার (অধিকরণ) কর্মসংজ্ঞা প্রাপ্ত হয় এবং কর্মকারকে দ্বিতীয়া হয়। যথা, শিশুঃ **শয্যাম্** অধিশেতে ; **কৃষ্ণঃ দ্বারকাম্** অধিতিষ্ঠতি ; নৃপঃ **সিংহাসনম্** অধ্যাস্তে।

১৩। **অভিনিবিশশ্চ** (১।৪।৪৭)—অভিনিপূর্বস্য বিশতেরাধারঃ কর্মসংজ্ঞঃ স্যাৎ। ততঃ কর্মণি দ্বিতীয়া। 'অভিনি' পূর্বক বিশ্ ধাতুর আধার কর্মসংজ্ঞা প্রাপ্ত হয় এবং কর্মে দ্বিতীয়া হয়। যথা, **সাধুঃ সন্মার্গম্** অভিনিবিশতে। পরিক্রয়ণে সম্প্রদানমন্যতরস্যাম্ (১।৪।৪৪) এই সূত্র হইতে 'মণ্ডূকপ্লুতি'-অধিকারে এই সূত্রে অন্যতরস্যাম্ আনীত হওয়ার কোন কোন স্থলে এই সূত্রের কার্য হয় না (১)। যথা, পাপে অভিনিবেশঃ। 'নি' অল্পস্বর হইলেও পরে স্থাপন করায় **'অভিনি' এইরূপ যুক্তভাবে পূর্বে থাকিলেই কর্মসংজ্ঞা হয়।** এইজন্য **'নিবিশতে যদি শূকশিখা পদে'** এখানে **কর্মকারক হয় নাই**।

১৪ **উপান্বধ্যাঙ্বসঃ** (১।৪।৪৮)—উপ-পূর্বস্য, অনু-পূর্বস্য, অধি-পূর্বস্য, আ-পূর্বস্য চ বসধাতেরাধারঃ কর্মসংজ্ঞঃ স্যাৎ। ততঃ কর্মণি দ্বিতীয়া।

উপ, অনু, অধি ও আঙ্ পূর্বক বস্ ধাতুর আধার কর্মসংজ্ঞা প্রাপ্ত হয় এবং কর্মে দ্বিতীয়া হয়। যথা, হরিঃ **বৈকুণ্ঠম্** উপবসতি, বালকঃ **নগরম্** অনুবসতি ; নৃপঃ **রাজধানীম্** অধিবসতি ; ছাত্রঃ **গুরুকুলম** আবসতি।

অভুক্ত্যর্থস্য ন—অনাহার অর্থে উপ-পূর্বক বস্ ধাতুর অধিকরণ কর্মসংজ্ঞা প্রাপ্ত হয় না। যথা, সাধুঃ **তীর্থে** উপবসতি (তীর্থে বসন্ উপবাসং করোতীত্যর্থঃ)। **একাদশীম্** উপবসন্তি নিরম্বুভক্ষাঃ ; উপোষ্য **রজনীমেকাং** পঞ্চগব্যেন শুধ্যতি ইত্যাদৌ তু **ব্যাপ্তৌ দ্বিতীয়া**।

অকর্মক ধাতু উপসর্গযোগে সকর্মক ক্রিয়ার অর্থ প্রকাশ করিলে উহা সকর্মক হয় (২)। যথা—**প্রভুচিত্তমেব** জনোঽনুবর্ততে ; **অচলতুল-**

---

(১) 'এষর্থেষু অভিনিবিষ্টানাম্ ইতি' ভাষ্যপ্রয়োগঃ অত্র মানম্। তথা চ মাঘঃ—স্বহস্তদত্তে মুনিমাসনে মুনিশ্চিরন্তনস্তাবদভিন্যবীবিশৎ।

(২) উপসর্গযোগাৎ অর্থবৈশিষ্ট্যেন অকর্মকাণামপি ধাতূনাং সকর্মকত্বম্। উক্তং চ—

উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে।
প্রহারাহার-বিহার-সংহার-পরিহারবৎ॥
ধাত্বর্থং বাধতে কশ্চিৎ কশ্চিৎ তমনুবর্ততে।
তমেব বিশিনষ্ট্যন্য উপসর্গগতিস্ত্রিধা॥

শিখরমারুরোহ কিন্নরমিথুনম্‌; বিহগো দিবমুৎপতিতঃ; ঋষীণাং পুনরাদ্যানাং বাচমর্থোঽনুধাবতি; পতিমন্বাস্তে পতিব্রতা; ধার্মিকঃ সুখমনুভবতি; রাজা শত্রুং পরাভবতি।

দ্বিতীয়া বিভক্তি

১৫। **কর্মণি দ্বিতীয়া** (২।৩।২)—অনভিহিতে কর্মণি দ্বিতীয়া স্যাৎ। অনুক্ত কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—**চন্দ্রং** পশ্যতি; **হরিং** ভজতি; **ধনং** লভতে; **গুরুং** সেবতে। **উক্ত** কর্মে দ্বিতীয়া হয় না, প্রাতিপদিকার্থে প্রথমা হয়। যথা, **চন্দ্রঃ** দৃশ্যতে; **হরিঃ** ভজ্যতে।

ক্রিয়াবিশেষণানাং কর্মত্বমেকত্বং নপুংসকত্বং চ—পাণিনিমতে ক্রিয়া বিশেষণ একপ্রকার বিশিষ্ট কর্মকারক। এইজন্য উহাতে **কর্মকারকে দ্বিতীয়া এবং সামান্যতঃ উহাতে কেবল ক্লীবলিঙ্গের একবচন হয়;** কিন্তু এই কর্ম উক্ত হয় না (১)। যথা **দ্রুতং** গচ্ছতি, **দ্রুতং** গম্যতে, **সুখং** স্বপিতি, মৃদু হসতি।

১৬। **কালাধ্বনোরত্যন্তসংযোগে—গুণক্রিয়াদ্রব্যৈঃ নিরন্তর-সন্নিকর্ষঃ অত্যন্তসংযোগঃ** (২)। অত্যন্তসংযোগে গম্যমানে কালশব্দেভ্যঃ অধ্বশব্দেভ্যশ্চ দ্বিতীয়া বিভক্তি র্ভবতি।

গুণ ক্রিয়া বা দ্রব্যদ্বারা অত্যন্তসংযোগ অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে **কালপরিমাণ-বাচক** (মাসাদি) ও **অধ্বপরিমাণবাচক** (ক্রোশাদি) শব্দের উত্তর দ্বিতীয়া-বিভক্তি হয়। যথা, **মাসং** কল্যাণী; **ক্রোশং** কুটিলা নদী; **ক্রোশং** গিরিঃ

---

(১) তথাচ তত্ত্ববোধিনী—ক্রিয়াবিশেষণানাং কর্মত্বেঽপি কর্মশব্দেন তেষাং ন গ্রহণম্‌ ইতি। অন্যে চ—ক্রিয়াবিশেষণং কর্ম তদমস্তং নপুংসকম্‌ ইতি। তথাচ **ভাষাবৃত্তৌ পুরুষোত্তমঃ**—ক্রিয়ায়াশ্চ সাধ্যত্বেন তদ্বিশেষণানামপি সাধ্যত্বাৎ কর্মণি দ্বিতীয়া। ক্রিয়ায়াশ্চা-সত্ত্বভূতত্বাৎ সামান্যলিঙ্গেন বিনা বিশেষণস্য নির্দেষ্টুমশক্যত্বাৎ নপুংসকলিঙ্গত্বেতি স্যাসঃ ইতি 'তৎপ্রত্যনুপূর্বমীপলোমকূলম্‌' (৪।৪।২৮) ইতি সূত্রবৃত্তৌ। **অত্র ভাষ্যং চ—ক্রিয়া-বিশেষণম্‌ অকর্মকাণামপি কর্ম ভবতীতি।**

(২) অন্তং বিরামম্‌ অতিক্রান্তঃ অত্যন্তঃ, স চাসৌ সংযোগশ্চেতি অত্যন্তসংযোগঃ নিরন্তর-সন্নিকর্ষ ইত্যর্থঃ, কালাধ্ববাচিভ্যামিতি শেষঃ। **স্বরূপগ্রহণং তু ইহ ন ভবতি,** 'কালাঃ' ইতি সূত্রে বহুবচননির্দেশেন দ্বিতীয়াবিধৌ স্বরূপবিধের্নেতি জ্ঞাপনাৎ। অতএব মাসপ্রমিতঃ মুহূর্তসুখমিতি দ্বিতীয়া মাসবিধৌ উদাহরিষ্যতে।

স্থিতঃ। মাসস্য দ্বিঃ অধীতে, ক্রোশস্য একদেশে গিরিঃ—এখানে অত্যন্তসংযোগ না থাকায় দ্বিতীয়া হয় নাই।

১৭। **অন্তরান্তরেণ যুক্তে** (২।৩.৪)—অন্তরাশব্দেন অন্তরেণশব্দেন চ যোগে দ্বিতীয়া স্যাৎ।

অন্তরা ও অন্তরেণ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, পুস্তকং **ত্বাং মাং** চ অন্তরা (between) ; **হরিম্** অন্তরেণ (without) ন সুখম্।

১৮। **অভিতঃ-পরিতঃ-সময়া-নিকষা-হা-প্রতিযোগেঽপি** (বা)—এভির্যোগে দ্বিতীয়া স্যাৎ। অভিতঃ (before, towards, on both sides of), পরিতঃ (around), সময়া (near), নিকষা (near), হা (alas), এবং প্রতি (to, towards) শব্দের যোগে দ্বিতীয়াবিভক্তি হয়। যথা, **সূর্যম্** অভিতো ন তমঃ ; **পৃথিবীং** পরিতঃ অর্ণবঃ ; **গ্রামং** সময়া বনম্ ; **লঙ্কাং** নিকষা ; হা **পাপিনম্** ; **দরিদ্রং** প্রতি।

১৯। **উভ-সর্বতসোঃ কার্যা ধিগুপর্যাদিষু ত্রিষু।**
দ্বিতীয়াম্রেড়িতান্তেষু ততোঽন্যত্রাপি দৃশ্যতে॥ (বা)

তস্‌প্রত্যয়ান্ত উভয় ও সর্ব শব্দের যোগে, ধিক্ শব্দের যোগে (১), উপর্যুপরি (২), অধ্যধি ও অধোঽধঃ শব্দের যোগে, এবং এতদ্ভিন্ন কয়েকটি শব্দ (যাবৎ ও ঋতে) যোগে দ্বিতীয়াবিভক্তি হয়। যথা, **গ্রামম্** উভয়তঃ (on both sides of) ; **পৃথিবীং** সর্বতঃ (on all sides of) ; **কৃপণং** ধিক্ (fie on) ; **উপর্যুপরি** (just above, i. e. near) লোকং হরিঃ ; **অধোঽধঃ** (just below

---

(১) 'ধিক্ মূর্খ!' ইত্যত্র হে মূর্খ! ত্বাং ধিক্' এবং যোজনা ; তেন ধিক্ শব্দেন যোগাভাবাৎ মূর্খেত্যত্র ন দ্বিতীয়া।

(২) আম্রেড়িতান্তেষু—'উপর্যধ্যধসঃ সামীপ্যে' সামীপ্য বুঝাইলে উপরি, অধি ও অধঃ এই তিন শব্দের দ্বিত্ব হয়। 'তস্য পরম্ আম্রেড়িতম্' দ্বিরুক্তের দ্বিতীয় অংশের নাম আম্রেড়িত। এইরূপে দ্বিরুক্ত উপর্যুপরি, অধ্যধি ও অধোঽধঃ শব্দের দ্বিতীয় উপরি, অধি ও অধঃ আম্রেড়িত।

অত্র বামনঃ—**সামীপ্যে** দ্বিরুক্তৈঃ এভির্যোগে **দ্বিতীয়া** স্যাৎ, **কেবলায়াং বীপ্সায়াং** দ্বিরুক্তৈঃ এভির্যোগে তু **ষষ্ঠ্যেব**। যথা, উপর্যুপরি **সর্বেষাম্** আদিত্য ইব তেজসা ; উপর্যুপরি **বুদ্ধীনাং** চরন্তীশ্বরবুদ্ধয়ঃ।

i. e. near) লোকং হরিঃ ; নদীং যাবৎ (as far as) অরণ্যানী ; জ্ঞানম্ ঋতে (without) সুখং নাস্তি।

২০। **কর্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া** (২।৩।৮)—কর্মপ্রবচনীয়ৈঃ যোগে দ্বিতীয়া স্যাৎ। কর্ম ক্রিয়াং প্রোক্তবন্তঃ যে তে কর্মপ্রবচনীয়াঃ (বাহুলকাদ্ ভূতে কর্তরি অনীয়র্), তেন সম্প্রতি ক্রিয়াং ন দ্যোতয়ন্তীতি লভ্যতে। তথা চ হরিঃ—

ক্রিয়ায়া দ্যোতকো নায়ং সম্বন্ধস্য ন বাচকঃ।
নাপি ক্রিয়াপদাক্ষেপী সম্বন্ধস্য তু ভেদকঃ॥

'It (karmapravacaniya) does not indicate any action, neither does it express any relation, but only unfolds the relation.'

তথাহি 'জপমনু প্রাবর্ষং' ইত্যত্র অনুনা ন ক্রিয়াবিশেষো দ্যোত্যতে 'অনুভূয়তে সুখম্' ইত্যাদৌ যথা। নাপি অনুশব্দেন সম্বন্ধ উচ্যতে দ্বিতীয়য়ৈব তস্য উক্তত্বাৎ। প্রাদেশং বিপরিলিখতি (বিমায় পরিলিখতি) ইত্যত্র বি-শব্দেন মানক্রিয়া যথা আক্ষিপ্যতে, তথা অনু-শব্দেন ইহ ক্রিয়ান্তরং ন আক্ষিপ্যতে। কিন্তু জপসম্বন্ধি বর্ষণমিতি দ্বিতীয়য়া অবগতঃ সম্বন্ধঃ এব অনুনা ইহ বিশেষণে অবস্থাপ্যতে। ক্বচিত্তু ক্রিয়াগতবিশেষদ্যোতকে অপি ইয়ং সংজ্ঞা 'পূজায়াম্' 'অতিরতিক্রমণে চ' ইতি বিশেষবচনাৎ প্রবর্ততে।

কর্মপ্রবচনীয়গুলি ক্রিয়ার দ্যোতক নহে, সম্বন্ধের বাচকও নহে; ইহারা ক্রিয়াপদকে আক্ষিপ্ত করে না অর্থাৎ টানিয়া আনে না, সম্বন্ধের ভেদক মাত্র।

এই জন্য 'জপমনু প্রাবর্ষৎ' এই উদাহরণে 'অনু' এই কর্মপ্রবচনীয় ক্রিয়াবিশেষকে দ্যোতিত করিতেছে না, যেমন 'সুখম্ অনুভূয়তে' ইত্যাদি স্থলে হয়। 'অনু'-শব্দের দ্বারা সম্বন্ধ উক্ত হইতেছে না—দ্বিতীয়া বিভক্তির দ্বারাই তাহা হইয়াছে। 'প্রাদেশং বিপরিলিখতি'র স্থলে যেমন 'বি'-শব্দের দ্বারা 'মান'-ক্রিয়া আক্ষিপ্ত হইতেছে—বিমায় পরিলিখতি,-'জপম্ অনু' উদাহরণে ঐরূপ অন্য কোনও ক্রিয়া আক্ষিপ্ত হইতেছে না। কিন্তু দ্বিতীয়া বিভক্তির দ্বারা অবগত 'জপসম্বন্ধি' বর্ষণ এই অর্থ অবস্থাপিত হইয়াছে।

কোনও কোনও ক্ষেত্রে, কিন্তু, ক্রিয়াগতবৈশিষ্ট্য প্রকাশের জন্যও কর্মপ্রবচনীয় সংজ্ঞা প্রযুক্ত হয়। যেমন, সুঃ **পূজায়াম্**, অতিরতিক্রমণে চ।

কর্মপ্রবচনীয় শব্দের যোগে (সাধারণতঃ) দ্বিতীয়া হয়। কর্মপ্রবচনীয় যথা—

(১) **অনুর্লক্ষণে** (১।৪।৮৪) লক্ষণমিহ হেতুঃ। হেত্বর্থকঃ অনুশব্দঃ কর্মপ্রবচনীয় উচ্যতে। হেতু অর্থে **অনু** শব্দ কর্মপ্রবচনীয় হয়। যথা, জপমনু প্রাবর্ষৎ। এখানে 'কর্মপ্রবচনীযুক্তে দ্বিতীয়া' এই বিশেষ বিধানবশতঃ হেত্বর্থে তৃতীয়া হয় না এবং এই অর্থে অনু শব্দের গতি বা উপসর্গ সংজ্ঞাও হয় না।

(২) **তৃতীয়ার্থে** (১।৪।৮৫), হীনে (১।৪।৮৬)—সহার্থে তৃতীয়ার অর্থে এবং 'হীন' অর্থে **অনু** কর্মপ্রবচনীয় হয়। যথা, (তৃতীয়ার্থে) নদীমনু অবসিতা সেনা (নদ্যা সহ সম্বদ্ধা ইত্যর্থঃ) ; (হীনার্থে) অনু হরিং সুরাঃ (হরেঃ হীনাঃ ইত্যর্থঃ)।

(৪) **উপোঽধিকে চ** (১।৪।৮৭)—অধিক বা হীন বুঝাইতে **উপ** শব্দ কর্মপ্রবচনীয় হয়। যথা, (হীনে) উপ হরিং সুরাঃ (হরেঃ হীনা ইত্যর্থঃ)। অধিক অর্থে সপ্তমী পরে বিহিত হইবে। যথা, উপ পরার্ধে হরেগুর্ণাঃ.

(৪) **লক্ষণেত্থম্ভূতাখ্যানভাগবীপ্সাসু প্রতিপর্যনবঃ** (১।৪।৯০) —লক্ষীকরণ, যথাযথ ঘটনা বর্ণনা, অংশ ও বীপ্সা বুঝাইতে **প্রতি, পরি** ও **অনু** কর্মপ্রবচনীয় হয়। যথা (লক্ষীকরণে), বৃক্ষং প্রতি পরি অনু বা বিদ্যুৎ বিদ্যোততে (লক্ষীকৃত্য ইত্যর্থঃ) ; ইত্থম্ভূতাখ্যানে (১)—মাতরং প্রতি পরি অনু বা সাধুঃ, বিষ্ণুং প্রতি পরি অনু বা ভক্তঃ ; অংশে—লক্ষ্মীঃ হরিং প্রতি পরি অনু বা (হরের্ভাগ ইত্যর্থঃ), যদত্র মাং প্রতি পরি অনু বা (মম ভাগ ইত্যর্থঃ) (২) ; (বীপ্সায়) বৃক্ষং বৃক্ষং প্রতি পরি অনু বা সিঞ্চতি (প্রতিবৃক্ষমিত্যর্থঃ) ষত্বং ন।

(৫) **অভিরভাগে** (১।৪।৯১)—অংশ ভিন্ন অর্থে অর্থাৎ লক্ষীকরণ, ইত্থম্ভূতাখ্যান ও বীপ্সা অর্থে **অভি** কর্মপ্রবচনীয় হয়। যথা, বৃক্ষম্ অভি বিদ্যুৎ

---

(১) ইত্থম্ভূতস্য যং কঞ্চিৎ প্রকারং প্রাপ্তস্য আখ্যানে কথনে ইত্যর্থঃ। 'এই প্রকার' বলিতে।

(২) অন্যৎ উদাহরণং যথা—ভাগ্যং ফলতি সর্বত্র যেন সমুদ্রমন্থনে। হরিং প্রত্যভবল্লক্ষ্মী হরং প্রতি হলাহলম্॥

বিদ্যোততে (**লক্ষীকৃত্য ইত্যর্থঃ**); দেবদত্তঃ হরিম্ অভি (**ভক্তঃ**), বালকঃ মাতরম্ অভি সাধুঃ; বৃক্ষং বৃক্ষম্ অভি সিঞ্চতি (প্রতিবৃক্ষম্ ইত্যর্থঃ)। **ষত্বং ন**।

(৬) **অধিপরী অনর্থকৌ** (১।৪।৯৩)—নিরর্থক **অধি** ও **পরি** কর্মপ্রবচনীয় হয়। যথা, কুতঃ অধ্যাগচ্ছতি? কুতঃ পর্যাগচ্ছতি?

(৭) **সুঃ পূজায়াম্** (১।৪।৯৪)—প্রশংসার্থক **সু** কর্মপ্রবচনীয় হয়। যথা, ত্বয়া সুসিক্তং সুস্তুতং চ ময়া।

(৮) **অতিরতিক্রমণে চ** (১।৪।৯৫)—প্রশংসা ও অতিক্রম (১) অর্থে **অতি** কর্মপ্রবচনীয় হয়। যথা, ত্বয়া অতিসিক্তম্, (ষত্বং ন) অতি দেবান্ কৃষ্ণঃ।

(৯) **অপিঃ পদার্থ-সম্ভাবনান্ববসর্গ-গর্হা-সমুচ্চয়েষু** (১।৪।৯৬)—অপ্রযুক্ত পদের অর্থে, সম্ভাবনা, স্বেচ্ছাচারানুমতি, নিন্দা ও সমুচ্চয় বুঝাইতে **অপি** কর্মপ্রবচনীয় হয়। যথা,—(পদের অর্থে) সর্পিষঃ অপি স্যাৎ (**ইহ অপ্রযুক্তস্য** বিন্দুপদস্য অর্থে অপিশব্দঃ); সম্ভাবনা—অপি স্থাণুং জয়েৎ রামঃ; স্বেচ্ছাচারানুজ্ঞা—অপি সিঞ্চ অপি স্তুহি (যথেচ্ছং সিঞ্চ স্তুহি বা ইত্যর্থঃ); সমুচ্চয়—অপি সিঞ্চ অপি স্তুহি (সিঞ্চ স্তুহি চ ইত্যর্থঃ)। এই সূত্রের উদাহরণগুলি **কর্মপ্রবচনীয় যুক্তে দ্বিতীয়ার উদাহরণ নহে**। নির্দিষ্ট অর্থে 'অপি'র কর্মপ্রবচনীয়-সংজ্ঞাবিধায়ক সূত্র।

Exercise

1. Translate into Bengali and account for case-endings in words in bold type :—

হিমালয়ং বিন্ধ্যগিরিঞ্চান্তরা আর্যভূময়ঃ। নরাঃ **সুরান্** অনু। অতি **দেবান্** হরিঃ। **সপ্তাহং** স গৃহে নাস্তি। দাতা **শতং** জীবতু। **শ্রমমৃতে** কুতো বিদ্যা। **নিত্যং** সন্ধ্যামুপাসীত। দরিদ্রান্ ভর কৌন্তেয় মা **প্রযচ্ছেশ্বরে** ধনম্। তেষাম্ আরাধনায় এতাবতো **দিবসান্** উৎসব আসীৎ। **প্রভুচিত্তং** হি জনোঽনুবর্ত্ততে। রক্ষাংসি **বেদিং** পরিতো নিরাস্থৎ। মন্দোৎসক্যোঽস্মি **নগরগমনং** প্রতি। কো নাম শক্তঃ প্রতিকর্তুং

(১) বহুতরার্থে অতিক্রমণম্, সমীচীনে পূজেতি অনয়োর্ভেদঃ।

ত্বামন্তরেণ। ধিগ্ **ভূপতীন্**। বিফলশস্ত্রভৃতো **ধিগস্মান্**। অহিরেকং **দিনং** যাতি অদ্য ভক্ষ্যোধমুর্গণঃ। কতিপয়ান্ **দিবসান্** চ চিত্রকূটমধ্যুবাস। উপশূ **শূরং** ন তে বৃত্তং কথং রাত্রিকরাধম! যৎ সম্প্রত্যপ **লোকেভ্যো** লঙ্কায়াং বসতি ত্বয়াৎ॥ জানামি ত্বাং প্রকৃতিপুরুষং কামরূপং মঘোনঃ। **অর্ধাসনং** গোত্রভিদোঽধিতস্থৌ। **বুভুক্ষিতং** ন প্রতিভাতি কিঞ্চিৎ। ন মে সংশীতিরস্যা **দিব্যতাং** প্রতি। উপর্যুপরি **সর্বেষামাদিত্য** ইব তেজসা। সভা বৈশ্রবণী রাজন্ **শতযোজনমায়তা**। এষা সা **শিলাপট্টমধিশয়ানা** সখীভ্যামন্বাস্যতে। ক ইদানীং **সহকারমন্তরেণ** অতিমুক্তলতাং পল্লবিতাং সহতে। ধারণীভূতধারিণ্যোর্ভব ভর্তা **শরচ্ছতম্**। ধিঙ্ **মামুপস্থিতশ্রেয়োঽব** মানিনম্। অথাধিশিশ্যে প্রযতঃ প্রদোষে **রথং** রঘুঃ কল্পিত-শস্ত্রগর্ভম্। জলানি সা তীরনিখাতযূপা **বহত্যযোধ্যামনু** রাজধানীম্।

2. *Correct* :—পরিতো গৃহস্য পিপীলিকাঃ দৃশ্যন্তে। গৃহে সর্বত এব মোদকাঃ পতিতাঃ। ইমং গ্রন্থং বাচয়িতুং ন শক্যতে। ইয়ং নগরী ত্রয়ঃ ক্রোশা আয়তা। হা ধিক্ যে অন্যায়াচরণং কুর্বতে। তাঃ স্ত্রিয়ঃ আত্মনঃ নিন্দন্তি। ভোজনাৎ অনু গৃহস্য বহিঃ মা গচ্ছ। দুর্যোধনঃ পাণ্ডবান্ ন অস্নিহৎ। মম বচনং স ন বিশ্বসিতি। অনাগসে ভৃত্যায় ন অভিক্রুধ্যতি প্রভুঃ। অহং ত্বাম্ এতৎ কর্তুম্ ইচ্ছামি। উপবনাৎ দক্ষিণেন আর্তরবং শ্রুত্বা স দুঃখিতান্ শরণং প্রতিশুশ্রাব।

3. *Justify* :—ধিক্ মূর্খ। হা ভগবতি অরুন্ধতি। উপর্যুপরি বুদ্ধীনাং চরন্তীশ্বরবুদ্ধয়ঃ। নৃপাৎ ধনং যাচতে। পাপে অভিনিবেশঃ। নিবিশতে যদি শূকশিখা পদে। স্বহস্তদত্তে মুনিমাসনে মুনিশ্চিরন্তনস্তাবদভিন্যবীবিশৎ। ওদনং বুভুক্ষুঃ বিষং ভুঙ্ক্তে। কুরূন স্বপিতি। মন্দং গচ্ছতি বালা। মাণবকং ধর্মম্ অভিধত্তে। একাদশীম্ উপবসন্তি নিরম্বুভক্ষাঃ। উপোষ্য রাজনীমেকাং পঞ্চগব্যেন শুধ্যতি। ঋষীণাং পুনরাদ্যানাং বাচমর্থোঽনুধাবতি।

4. *Translate into Sanskrit* :—

Rama dwelt on the mountain Chitrakuta for several days.

He studied Nyaya for three years and seventyfive days and has now become proficient in it. There are beautiful gardens round the city of Puspapura. The king punished the culprit with a fine of three hundred and sixty rupees. Yesterday the cows were milked by my youngest daughter. The gods went to Brahman and asked him for a deliverer from Taraka. The spring has no charm without the sweet warbling of the cuckoos and the fragrant mango-sprouts. The city is sixteen miles in length and four miles in breadth. There are many beautiful houses all over the city and people from distant places come to see them. A man who out of greed has stolen gems, pearls or gold or any of the many other kinds of precious things is born among the goldsmiths. Better death than dishonour; dying lasts but a moment, dishonour endures for ever and happiness never comes to the people through it. O great archer Arjuna wait for a moment till I lift up from the ground the wheel which has gone in. You know the principles of righteous warfare.

করণকারকম্

২১। **সাধকতমং করণম্** (১।৪।৪২)—ক্রিয়াসিদ্ধৌ বিবক্ষিতং প্রকৃষ্টোপকারকং করণসংজ্ঞং স্যাৎ (১)।

---

(১) যদ্‌ব্যাপারানন্তরং ফলনিষ্পত্তিস্তৎ প্রকৃষ্টম্। উক্তং চ—

ক্রিয়ায়াঃ ফলনিষ্পত্তির্যদ্-ব্যাপারাদনন্তরম্।
বিবক্ষ্যতে যদা যত্র করণং তৎ তদা স্মৃতম্॥

বিবক্ষ্যতে ইত্যনেন স্থাল্যাদীনামপি করণত্বম্ অস্তীতি সূচিতম্। উক্তং চ—

বস্তুতস্তদনির্দেশ্যং ন হি বস্তু ব্যবস্থিতম্।
স্থাল্যা পচ্যতে ইত্যেষা বিবক্ষা দৃশ্যতে যতঃ॥ অয়ং ভাবঃ—

কারকত্বং কর্তৃত্বাদিকং চ বস্তুবিশেষে ন নিয়তম্, কিন্তু বৈবক্ষিকম্; তেন যত্র যথা বিবক্ষ্যতে তত্র তথৈব কর্তৃত্বাদি ভবতি।

ক্রিয়াসিদ্ধি বিষয়ে সর্বপ্রধান বলিয়া বিবক্ষিত উপায়কে করণকারক বলে (১)। যথা, **চক্ষুষা** পশ্যতি; **কর্ণেন** শৃণোতি; **হস্তেন** গৃহ্লাতি; **দাত্রেণ** লুনাতি; **যষ্ট্যা** প্রহরতি; **বস্ত্রেণ** আচ্ছাদয়তি। পথ ও যানবাহন বাচক শব্দ করণকারক। যথা, **পথা** গচ্ছতি; **রথেন** সঞ্চরতে। (অভেদ সম্বন্ধেও করণকারক হয়। যথা, **ধান্যেন** ধনবান্। তমব্‌গ্রহণং কিম্? গঙ্গায়াং ঘোষঃ (২)।)

গম্যমানাপি ক্রিয়া কারকবিভক্তৌ প্রযোজিকা—ক্রিয়া উহ্য থাকিলেও তাহার সহিত অন্বয়ে উপযুক্ত কারকবিভক্তি প্রযুক্ত হয়। **ধনেন কিম্, শ্রমেণ অলম্** ইত্যাদি স্থলে সাধারণতঃ কিম্ এবং অলম্ শব্দযোগে তৃতীয়া বলা হয়। কিন্তু পাণিনি সম্প্রদায়ের মতে ঐসকল স্থলে **করণকারকে তৃতীয়া**—অলং শ্রমেণ। শ্রমেণ সাধ্যং নাস্তীত্যর্থঃ। ইহ **সাধনক্রিয়াং প্রতি শ্রমঃ করণম্**। শ্রমের দ্বারা সাধ্য নহে এই অর্থে শ্রম সাধন-ক্রিয়ার করণ। অতএব করণাকরকে **'কর্তৃকরণয়োস্তৃতীয়া'** এই সূত্র অনুসারেই তৃতীয়া বিভক্তি। প্রসিদ্ধ টীকাকার মল্লিনাথও বলেন—**'গম্যমানসাধন-ক্রিয়াপেক্ষয়া করণত্বাৎ তৃতীয়া'**।

এইরূপ অপাদানকারকেও হইতে পারে। যথা, **কস্মাৎ ত্বম্? নদ্যাঃ**। প্রশ্নে 'আগচ্ছসি' ও উত্তরে 'আগচ্ছামি' **ক্রিয়াপদ দুইটি উহ্য থাকিলেও** উভয়ক্ষেত্রেই **অপাদানকারকে পঞ্চমী বিভক্তি হইয়াছে**।

২২। দিবঃ কর্ম চ (১।৪।৪৩)—দিবঃ সাধকতমং যৎ কারকম্ তৎ কর্মসংজ্ঞং ভবতি। চকারাৎ করণসংজ্ঞং চ।

---

(১) নানারূপে করণকারক প্রযুক্ত হয়। যথা,—(১) **শপথের বিষয়**। যথা, জীবিতেন শপামি তে। (২) **যানবাহন**। যথা, আত্মনঃ পদং বিমানেন বিগাহমানঃ। (৩) **মূল্য**। যথা, কিয়তা মূল্যেন ক্রীতমিদম্। (৪) **গুণ ও প্রকার**। যথা, প্রকৃত্যা দর্শনীয়ঃ, শতেন শতেন পায়য়তি বৎসান্। (৫) **পথ ও দিক্**; যথা, কতমেন দিগ্‌বিভাগেন স গতঃ, অনেন পথা গচ্ছ। (৬) **বহনের অঙ্গ**; যথা, স খানং স্কন্ধেন উবাহ; ভর্তুরাজ্ঞাং মূর্ধ্না আদায়। (৭) যাহা হইতে বিরহ বা বিয়োগ; যথা, অহমেকপদে ত্বয়া মে বিয়োগ উপনতঃ; মা ভূদেবং ক্ষণমপি চ তে বিদ্যুতা বিপ্রয়োগঃ। **অত্র সহার্থে তৃতীয়েতি বহবঃ**। (৮) **অভেদে** যথা, ধান্যেন ধনবান্।

(২) **কারকপ্রকরণে এতৎ-সূত্রাদন্যত্র গৌণমুখ্যন্যায়ো ন প্রবর্ততে ইতি** জ্ঞাপনায় ইহ তমব্‌গ্রহণম্। অন্যথা আধারোঽধিকরণমিতি সূত্রেঽপি প্রযুক্তাৎ তস্মাদেব ন্যায়াৎ 'তিলেষু তৈলম্' দধনি সর্পিরিত্যাদৌ মুখ্যাধারস্যৈব অধিকরণত্বং স্যাৎ, গঙ্গায়াং ঘোষঃ ইত্যাদৌ লাক্ষণিকে ঐকদেশিকে চ অধিকরণতা ন জায়তে।

দিব্‌ধাতুর করণকারক বিকল্পে কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়, অতএব কর্মকারকে দ্বিতীয়া হয়। যথা, **অক্ষান্** দীব্যতি, **অক্ষৈঃ** দীব্যতি।

"**দুরক্ষান্** দীব্যতা রাজ্ঞা রাজ্যমাত্মা বয়ং বধূঃ।
নীতানি পণতাং নূনমীদৃশী ভবিতব্যতা॥"

তৃতীয়া-বিভক্তি

২৩। **কর্তৃকরণয়োস্তৃতীয়া** (২।৩।১৮)—অনুক্তে কর্তরি করণে চ তৃতীয়া স্যাৎ। অনুক্তে কর্তায় (কর্ম ও ভাববাচ্যের কর্তায়) এবং করণকারকে তৃতীয়াবিভক্তি হয়। যথা, **রামেণ বাণেন** হতো বালী। অলং **শ্রমেণ** (১)। **শতেন শতেন** বৎসান্ পায়য়তি পয়ঃ। **কলহেন** কিম্? ন মে **ধনেন** প্রয়োজনম্। **বিদ্যয়া** হীনঃ।

২৪। **প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্** (বা)—প্রকৃতিপ্রভৃতি-শব্দেভ্যঃ তৃতীয়া স্যাৎ। (ক্রিয়াবিশেষণবৎ প্রযুক্ত হইলে) প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, **প্রকৃত্যা** চারুঃ; **প্রায়েণ** যাজ্ঞিকঃ; **গোত্রেণ** শাণ্ডিল্যঃ; **সমেন** যাতি; **বিষমেণ** এতি; **দ্বিদ্রোণেন** ধান্যং ক্রীণাতি; **সুখেন** জীবতি; **দুঃখেন** তিষ্ঠতি।

২৫। **অপবর্গে তৃতীয়া** (২।৩।৬)—অপবর্গঃ ফলপ্রাপ্তিঃ (২)। অপবর্গে দ্যোত্যে কালাধ্বনোঃ অত্যন্তসংযোগে তৃতীয়া স্যাৎ।

ফলপ্রাপ্তির পরে ক্রিয়া বর্জন বুঝাইলে কালের ও পথের পরিমাণবাচক শব্দের উত্তর ব্যাপ্তি অর্থে তৃতীয়া বিভক্তি হয়। **কেবলমাত্র ব্যাপ্তি বুঝাইলেই দ্বিতীয়া হয় কিন্তু ব্যাপ্তির সহিত ফলপ্রাপ্তি ও ক্রিয়াসমাপ্তি**

---

(১) **গম্যমানাপি ক্রিয়া কারকবিভক্তৌ প্রযোজিকা**—ন কেবলং শ্রূয়মাণয়া এব ক্রিয়য়া অন্বয়েন কারকবিভক্তিঃ স্যাৎ, অপি তু গম্যমানয়া ইত্যর্থঃ। যথা, অলং শ্রমেণ (শ্রমেণ সাধ্যং নাস্তীত্যর্থঃ)। শতেন শতেন বৎসান্ পায়য়তি পয়ঃ (শতেন পরিচ্ছিদ্য ইত্যর্থঃ)। কলহেন কিম্ (কলহেন কোঽর্থঃ সাধ্যতে ইত্যর্থঃ)। ন মে ধনেন প্রয়োজনম্ (ন মে ধনেন প্রয়োজনং সাধ্যতে ইত্যর্থঃ)। এবম্ অন্যত্র।

* (২) অপবর্গঃ ফলপ্রাপ্তৌ সত্যাং ক্রিয়াসমাপ্তিঃ ইতি কাশিকা। অপবর্গ—অপ-বৃজ্‌+ ঘঞ্‌, ত্যাগ।

বুঝাইলে তৃতীয়া হয়। যথা স **মাসেন** ব্যাকরণম্ অপঠৎ। **অহ্না** **ক্রোশেন** বা অনুবাকঃ অধীতঃ। অপবর্গে কিম্? মাসমধীতো নায়াতঃ।

২৬। **সহযুক্তেঽপ্রধানে** (২।৩।১৯)—সহযুক্তে অর্থাৎ সহার্থশব্দেন যুক্তে অপ্রধানে (১) তৃতীয়া স্যাৎ। সহ এবং তাহার সমার্থক সাকম্, সার্ধম্, সমম্ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, **পিত্রা** সহ আগতঃ পুত্রঃ। এবং সাকং সার্ধং সমং যোগেঽপি। **বিনাপি তদ্‌যোগং সহার্থেন এব তৃতীয়া স্যাৎ বৃদ্ধো যূনেতিনির্দেশাৎ**। যথা, **পিত্রা** আগতঃ পুত্রঃ।

২৭। **যেনাঙ্গবিকারঃ*** (২।৩।২০)—যেন অঙ্গেন বিকৃতেন অঙ্গিনো বিকারো লক্ষ্যতে, ততস্তৃতীয়া স্যাৎ। অঙ্গমস্যাস্তীতি **'অর্শ আদিভ্যোঽচ্'** অঙ্গঃ=অঙ্গী

যে অঙ্গ বিকৃত হওয়ায় অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই বিকৃত অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। এই সূত্রে অঙ্গ শব্দের অর্থ অঙ্গী=অঙ্গবান্। যথা, **অক্ষ্ণা** কাণঃ, **পাদেন** খঞ্জঃ; **পৃষ্ঠেন** কুব্জঃ; **পাণিনা** কুণিঃ; **শিরসা** খলতিঃ; **মুখেন** ত্রিলোচনঃ; **বপুষা** চতুর্ভুজঃ। হানিঃ আধিক্যং চ বিকারঃ (২)।

২৮। **ইত্থংভূতলক্ষণে** (২।৩।২১)—কঞ্চিৎ প্রকারং প্রাপ্ত ইত্থংভূতঃ, তস্য লক্ষণং চিহ্নম্, তস্মাৎ তৃতীয়া স্যাৎ। **সামান্যস্য ভেদকো বিশেষ প্রকারঃ**।

যে লক্ষণ (পরিচায়ক চিহ্ন) দ্বারা কোন ব্যক্তি সূচিত হয়, তাহার উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, **জটাভিঃ** তাপসঃ; **শিখয়া** পরিব্রাজকঃ (৩)।

---

(১) **যস্য ক্রিয়াভিসম্বন্ধঃ শব্দেন প্রতিপাদ্যতে তস্যৈব অত্র প্রাধান্যম্**—বাক্যস্থিত শব্দদ্বারা ক্রিয়ার সহিত যাহার সম্বন্ধ প্রতিপন্ন হয়, এখানে তাহারই প্রাধান্য। জ্যেষ্ঠত্ব বা পূজ্যত্ব প্রভৃতি নিমিত্তক প্রাধান্য এখানে প্রতিপাদ্য নহে। যথা, প্রাসোষ্ট শত্রুঘ্নমুদারচেষ্টমেকা সুমিত্রা সহ লক্ষ্মণেন। শশিনা সহ যাতি কৌমুদী সহ মেঘেন তড়িৎ প্রলীয়তে। উপাধ্যায়েন সহ আগতাঃ ছাত্রাঃ।

* অঙ্গমস্যাস্তীতি অর্শ আদিভ্যোঽচ্ অঙ্গঃ অঙ্গবান্ পুরুষঃ, তস্য বিকারঃ।

(২) তথাচ বামনঃ—হানিবৎ আধিক্যমপি অঙ্গানাং বিকারঃ। তেন, মুখেন ত্রিলোচনঃ; বপুষা চতুর্ভুজঃ।

(৩) যদ্যপি জটাভিঃ তাপসো জ্ঞাত ইত্যর্থে জ্ঞাক্রিয়াকরণত্বেনৈব তৃতীয়া সিদ্ধা, তথাপি করণত্বাবিবক্ষায়াং লক্ষ্যলক্ষণভাববিবক্ষায়াং চ তৃতীয়াসিদ্ধ্যর্থম্ ইদং বচনম্।

২৯। **সংজ্ঞোঽন্যতরস্যাং কর্মণি** (২.৩.২২)—সম্পূর্বকস্য জানাতেঃ কর্মণি তৃতীয়া বা স্যাৎ।

সম্পূর্বক জ্ঞাধাতুর কর্মকারকে বিকল্পে তৃতীয় হয়। যথা, **পিত্রা** পিতরং বা সংজানীতে (সম্যক্ জানাতি ইত্যর্থঃ); **মাত্রা** মাতরং বা সংজানাতি (স্মরতি ইত্যর্থঃ)।

৩০। **হেতৌ** (২.৩.২৩)—ফলসাধনযোগ্যঃ পদার্থো হেতুঃ। হেত্বর্থে তৃতীয়া স্যাৎ।

হেতু (১) অর্থে তৃতীয়া বিভক্তি হয়। যথা, দণ্ডেন ঘটঃ; **পুণ্যেন** দৃষ্টো হরিঃ; **ধনেন** মানঃ; **জ্ঞানেন** যশঃ; **শোকেন** দুঃখম্।

ফলমপীহ হেতুঃ—ক্রিয়ার ফলও হেতু হইয়া থাকে। যথা, **অধ্যয়নেন** বসতি, সা নির্মিতা বিশ্বসৃজা প্রযত্নাদ্ একস্থসৌন্দর্যদিদৃক্ষয়েব; তস্মৈ শংশস প্রণিপত্য নন্দী **শুশ্রূষয়া** শৈলসুতামুপেতাম্।

---

(১) হেতু শব্দের অর্থ কারণ। যে কারণবশতঃ কোন কার্য সম্পাদন করিতে হয়, তাহাকে হেতু বলে।

হেতু ও করণের পার্থক্য—দ্রব্যাদিসাধারণং নির্ব্যাপারসাধারণং চ হেতুত্বম্, করণত্বং তু ক্রিয়ামাত্রবিষয়ং ব্যাপারনিয়তং চ—দ্রব্য, গুণ ও কার্য তিন বিষয়েরই হেতু হয় এবং ইহার সহিত ক্রিয়ার প্রত্যক্ষ সম্বন্ধ থাকে না; কিন্তু করণকারকের সর্বদাই ক্রিয়ার সহিত প্রত্যক্ষ সম্বন্ধ থাকে। এইরূপে ক্রিয়ার সহিত প্রত্যক্ষ সম্বন্ধও অসম্বন্ধ দ্বারা ইহাদের ভেদ নির্ণীত হয়। ইহাদের অন্য প্রকার ভেদ যথা—**হেত্বধীনঃ কর্তা, কর্ত্রধীনং করণম্**। হেতুর অধীন কর্তা, কর্তার অধীন করণ। যথা, মাতা শোকেন রোদিতি। এই স্থলে শোক মাতাকে রোদন করিতে বাধ্য করিতেছে; কিন্তু 'রামঃ কুঠারেণ কাষ্ঠং ছিনত্তি' এইস্থলে কুঠার রামকে কাষ্ঠচ্ছেদনে বাধ্য করে না, বরং কর্তার অধীনে থাকিয়া সে কর্তার ইচ্ছানুসারে ছেদন করে। দ্রব্যের হেতু যথা—দণ্ডেন ঘটঃ। গুণের হেতু যথা—পুণ্যেন গৌরবর্ণঃ। ক্রিয়ার হেতু যথা—পুণ্যেন দৃষ্টো হরিঃ।

যদিও হেতু ক্রিয়াবৃত্তি ও সব্যাপার বলিয়া উভয়স্থলেই হইতে পারে, তথাপি **একই বাক্যে এইরূপ উভয় বিষয়ের উপস্থিতিতে করণকারকই হয়, হেতু হয় না**: অন্যথা করণকারক নির্বিষয় হইয়া পড়ে। অতএব হেতু একই বাক্যে ক্রিয়াবৃত্তি হইলে সব্যাপার হইবে না, সব্যাপার হইলে ক্রিয়াবৃত্তি হইবে না। যথা—'দণ্ডেন ঘটঃ' এইস্থলে ব্যাপারবান্ দণ্ড ঘটরূপ দ্রব্যের হেতু। 'পুণ্যেন দৃষ্টো হরিঃ' এইস্থলে নির্ব্যাপার পুণ্য দর্শনরূপ ক্রিয়ার হেতু। কিন্তু 'কুঠারেণ ছিনত্তি' এইস্থলে কুঠার সব্যাপার এবং ছেদনরূপ ক্রিয়ার সহিত অন্বিত, এইজন্য ইহা করণ। পুণ্য শব্দের অর্থ 'অদৃষ্ট' না হইয়া যদি 'যাগাদি ধর্মকার্য হয়, তাহা হইলে উহা করণকারক বলিয়া গণ্য করা যাইতে পারে।

যদা তু অধ্যয়নে ফলে এতাদৃশং হেতুত্বম্ অবিবক্ষিত্বা অধ্যয়নার্থমেব বাসো বিবক্ষ্যতে, তদা (তাদর্থ্যে) চতুর্থী এব ভবতি—**অধ্যয়নায়** বসতীতি (বালমনোরমা)।

Exercise

1. *Translate into Bengali and account for case-endings in words in bold type :—*

উদ্যমেন হি সিধ্যন্তি কার্যাণি ন মনোরথৈঃ। যশোদা যষ্টিমাদায় **কোপেনা**নুজগাম তম্। ন হি সুখং **দুঃখৈ**র্বিনা লভ্যতে। **পশুনা রুদ্রং** যজতে ভূপঃ। **ক্ষময়া** পৃথিবী-সমঃ। **ক্ষণেন** ফলমিদং নিপতিষ্যতি। ন স্থাতব্যং ন গন্তব্যং **দুর্জনেন** সমং ক্বচিৎ। স্থাতব্যং **পঙ্‌ক্তিভিঃ** সার্ধং ভোক্তব্যং পঙ্‌ক্তিভিঃ সহ। **কাকেন** গৃহং জানাতি। **প্রায়েণ** সুখিনো মৃগাঃ। **দুর্জনেন** সমং সখ্যং প্রীতিং চাপি ন কারয়েৎ। **ধান্যেন** ধনবান্ লোকঃ। **তেজসা** নৃপতিং পশ্য। **নাম্না** পার্বতী সা বালা। **ধর্মেণ** হীনাঃ **পশুভিঃ** সমানাঃ। অলং মহীপাল তব **শ্রমেণ**। সর্বে **সুখেন** তিষ্ঠন্তু পূর্ণাঃ সন্তু মনোরথাঃ। **অনেন** সদৃশো লোকে ন ভূতো ন ভবিষ্যতি। **রাঘেণ বাণেন** হতো দশাস্যঃ। কোঽর্থঃ **পুত্রেণ** জাতেন যো ন বিদ্বান্ ন ভক্তিমান্। **প্রকৃত্যা** মধুরং গবাং পয়ঃ। **তৃণেন** কার্যং ভবতীশ্বরাণাম্। **জীবিতেন** শপামি তে। অলম্ **অতিযন্ত্রণয়া** কৃতম্ অতিপ্রসাদেন। দেব দ্বাদশভিঃ **বর্ষৈঃ** ব্যাকরণং শ্রূয়তে। **নাম্না** সুতীক্ষ্ণঃ **চরিত্রেণ** দান্তঃ। স বাল আসীদ্ **বপুষা** চতুর্ভুজো **মুখেন** পূর্ণেন্দুনিভস্ত্রিলোচনঃ। মা ভূদেবং **ক্ষণমপি** চ তে **বিদ্যুতা** বিপ্রয়োগঃ। **তস্মৈ** শশংস প্রণিপত্য নন্দী। **শুশ্রূষয়া** শৈলসুতামুপেতাম্। সা নির্মিতা **বিশ্বসৃজা** প্রযত্নাদ্ একস্থসৌন্দর্যদিদৃক্ষয়েব। সদ্বিদ্যা যদি কিং **ধনৈ**রপযশো যদ্যস্তি কিং **মৃত্যুনা**। যুবা করাক্রান্তমহীভৃদুচ্চকৈরসংশয়ং সম্প্রতি **তেজসা** রবিঃ।

2. *Correct :—*

কৃপণস্য ধনস্য কিম্? দরিদ্রস্য মে জীবনে কিং প্রয়োজনম্? কর্তব্যকার্যে বিলম্বে অলম্। ত্রিষু মাসেষু স রামায়ণম্ অপঠৎ। যুবাঽয়ং গর্বাৎ বিহীনঃ।

বৈদ্যস্য রহিতে দেশে ন বসেৎ। কর্ণয়োঃ বধিরঃ বৃদ্ধঃ। অয়ং মম বয়স্যো ভবিতব্যঃ। নরোঽসৌ পাদস্য খঞ্জঃ নয়নস্য চ কাণঃ। কুণ্ডিনপুরায় প্রেষিতো যজ্ঞদত্তো মাসদ্বয়ে প্রত্যাগমিষ্যতি। স নাবি গতঃ শকটে চ প্রত্যাগতঃ। বর্ষত্রয়ে যদি মম ক্রিয়া ফলতি। মূর্ধ্নি আদায় প্রভোরাজ্ঞাং তে রথে নগরীং গতাঃ।

3. *Justify*:—শতেন শতেন বৎসান্ পায়য়তি পয়ঃ। মুখেন ত্রিলোচনঃ, বপুষা চতুর্ভুজঃ। অলং শ্রমেণ। পিতা পুত্রেণ গচ্ছতি। শশিনা সহ যাতি কৌমুদী সহ মেঘেন তড়িৎ প্রলীয়তে। অল্পৈরেব দিনৈঃ দুর্বৃত্তাস্তে বিনঙ্ক্ষ্যন্তি।

4. *Distinguish between* :—তেন মাসং ব্যাকরণম্ অধীতম্, তেন মাসেন ব্যাকরণম্ অধীতম্ ; অলং ভোজনেন, অলং ভোজনায় ; অধ্যয়নেন বসতি, অধ্যয়নায় বসতি।

5 *Translate into Sanskrit :—*

One should save the life of his friend, even at the cost of his own li'e A man who is a Brahmin by birth is kind by nature. I swear by the name of God that I am quite innocent. He is equal to Karna in charity and Yudhisthira in truthfulness. The king defeated the enemy after a fight of three days. At what price was the cow purchased and for what price was it sold again What is the use of accqu'sition of wealth if it is not given to the poor ? With his hair tied up with creepers and with his bow strung he wandered in the wood to guard the cow of his preceptor. A king should protect his subjects according to the rules laid down by Manu. What is the use of walking with this man ? He is lame of one leg and can not walk swiftly. Away with doubts in this respect as this matter is agreed to by all of my friends In three years, in three months, in three fortnights, in three days a man eats the fruit of very great merit and sin even in this world. Every day when one gets up from ones bed, one must consider what good actions is to be done that day , the sun goes to his setting everyday taking away a part of one's life. In the present day it is not necessary that generals should fight with their own hands because it is only their duty to direct the movements of their followers But in ancient time kings were obliged to put themselves in the front of the battle and fight like ordinary men with swords and other weapons.

সম্প্রদানকারকম্

৩১। **কর্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্** (১।৪।৩২)—অন্বর্থসংজ্ঞা-বিধানাৎ দানস্যেতি জ্ঞায়তে, তেন কর্মণা=দান ক্রিয়ায়াঃ কর্মণা। দানস্য কর্মণা (করণভূতেন) কর্তা যম্ অভিপ্রৈতি স সম্প্রদানসংজ্ঞঃ স্যাৎ।

কর্তা দানার্থক ধাতুর কর্মদ্বারা যাহাকে সম্বন্ধযুক্ত করিতে ইচ্ছা করেন, তাহা সম্প্রদান কারক। যথা, **বিপ্রায়** গাং দদাতি। বালকঃ **দরিদ্রায়** বস্ত্রং যচ্ছতি। অভি—প্র এতি তিনটি পৃথক্ পদ, সমাসবদ্ধ নহে। তিঙন্তের সহিত সমাস বৈদিক ভাষায় স্বীকৃত, লৌকিক সংস্কৃতে হয় না।

স্বস্বত্বধ্বংসপূর্বক পরস্বত্ব উৎপাদনকে কেহ কেহ সম্প্রদানের লক্ষণ বলিয়া থাকেন। মূল পাণিনিব্যাকরণে এইরূপ কোন উল্লেখ নাই এবং ইহা ভাষ্য-বিরুদ্ধ। অতএব, **রজকায়** বস্ত্রং দদাতি, '**শিষ্যায়** চপেটাং দদাতি', ভয়ানি দত্ত **সাতায়ৈ**, প্রদীয়তাং **দাশরথায়** মৈথিলী প্রভৃতি বাক্যে সম্প্রদানে চতুর্থী পাণিনি-সম্মত। রজকস্য বস্ত্রং দদাতি, মৃতঃ পৃষ্ঠং দদৌ, রাজ্ঞঃ করং দেহি ইত্যাদি বাক্যে শেষে ষষ্ঠী। বর্তমানে ধৌত করিবার উদ্দেশ্যে 'রজকায় বস্ত্রং দদাতি' এরূপ প্রয়োগ প্রচলিত নহে।

৩২। **ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্** (বা)—কর্তা ক্রিয়ামাত্রেণ যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানসংজ্ঞঃ স্যাৎ।

কর্তা ক্রিয়াদ্বারা যাহাকে অভিপ্রায় করেন (অর্থাৎ কর্তা যাহার উদ্দেশ্যে কোন ক্রিয়া সম্পাদন করেন) তাহাও সম্প্রদান কারক (১)। যথা, মাতা **পুত্রায়** চন্দ্রং দর্শয়তি; দর্শয় মে প্রিয়মতিথিম্; **পত্যে** শেতে (২); **যুদ্ধায়**

---

(১) ভাষ্যকার ও তাঁহার মত অনুসরণ করিয়া নাগেশ প্রভৃতি বহু বৈয়াকরণ এই বার্তিকটি প্রত্যাখ্যান করিয়াছেন। তাঁহাদের মতে পূর্বসূত্রস্থ 'কর্মণা' পদের সহিত 'দানস্য' এই পদের সম্বন্ধ নহে, ক্রিয়ামাত্রের সম্বন্ধ। 'ক্রিয়মাত্রের উদ্দেশ্য সম্প্রদানকারক' ইহাই তাঁহাদের মতে পূর্বসূত্রের অর্থ। অতএব বর্তমান বার্তিকের যাবতীয় কার্য পূর্ব সূত্র অনুসারেই সিদ্ধ হয়।

ভাষ্যকার বলিয়াছেন—**ক্রিয়াপি কৃত্রিমং কর্ম**।

(২) অকর্মকক্রিয়োদ্দেশ্যস্যাপি যথা সম্প্রদানত্বং স্যাদিত্যত আহ ক্রিয়য়া যমিত্যাদি। তেন পত্যে শেতে' ইত্যাদাবপি সম্প্রদানত্বং সিদ্ধম্।

সন্নহ্যতে; **সখীভ্য** আখ্যৎ; **তস্মৈ** শশংস প্রণিপত্য নন্দী; **বৃষভধ্বজায়** প্রণামং চকার।

(ঙ) যজেঃ কর্মণঃ করণসংজ্ঞা সম্প্রদানস্য চ কর্মসংজ্ঞা (বা)—যজ্‌ধাতুর কর্মকারক করণসংজ্ঞা এবং সম্প্রদানকারক কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, **পশুনা রুদ্রং** যজতে। পশুং রুদ্রায় দদাতীত্যর্থঃ।

৩৩। **রুচ্যর্থানাং প্রীয়মাণঃ** (১।৪।৩৩)—রুচ্যর্থানাং ধাতূনাং প্রয়োগে প্রীয়মাণঃ অর্থঃ সম্প্রদানকারকং স্যাৎ।

রুচ্যর্থক ধাতুর প্রয়োগে প্রীয়মাণ (অর্থাৎ যে প্রীতি অনুভব করে সে) সম্প্রদান কারক হয়। যথা, **হরয়ে** রোচতে ভক্তিঃ; মোদকঃ **শিশুভ্যঃ** রোচতে; **সাধবে** রোচতে ধর্মঃ; **দেবদত্তায়** স্বদতে অপূপঃ।

৩৪। **স্পৃহেরীপ্সিতঃ** (১।৪।৩৬)—স্পৃহ ঈপ্সায়ামিতি চুরাদিরদন্তো ধাতুঃ। স্পৃহয়তেঃ প্রয়োগে ইষ্টঃ সম্প্রদানকারকং স্যাৎ।

চুরাদি স্পৃহ ধাতুর প্রয়োগে কর্তার ঈপ্সিত বস্তু সম্প্রদানকারক হয়। যথা, বালকঃ **পুষ্পেভ্যঃ** স্পৃহয়তি; সর্বে **ধনায়** স্পৃহয়ন্তি; স্পৃহয়ামি অস্মৈ দুর্ললিতায় **বালকায়**।

ঈপ্সিতমাত্রে ইয়ং সম্প্রদানসংজ্ঞা, প্রকর্ষবিবক্ষায়াং তু পরত্বাৎ কর্মসংজ্ঞা। যথা, বালিকা **পুষ্পাণি** স্পৃহয়তি—The girl longs for flowers. কৃপণাঃ **ধনানি** স্পৃহয়ন্তি। ঈপ্সিত বিষয় সম্প্রদান কারক, কিন্তু ঈপ্সিততম বিষয় কর্মকারক (কর্তুরীপ্সিততমং কর্ম)। (১)

৩৫। **ধারেরুত্তমর্ণঃ** (১।৪।৩৫)—ধারয়তেঃ প্রয়োগে উত্তমর্ণঃ সম্প্রদানসংজ্ঞঃ স্যাৎ। ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ (ঋণদাতা) সম্প্রদান কারক হয়। যথা, স **মহ্যং** শতং ধারয়তি, বৃক্ষসেচনে দ্বে ধারয়সি **মে**।

৩৬। **শ্লাঘ-হ্নুঙ্‌-স্থা-শপাং জ্ঞীপ্স্যমানঃ** (১।৪।৩৪)—এষাং

(১) কুমার্য ইব কান্তস্য ত্রস্যন্তি স্পৃহয়ন্তি চ—ইত্যত্র তু, কান্তায় 'স্পৃহয়ন্তি' ইত্যেবং বিভক্তিবিপরিণামেন অন্বয়ঃ। বিশেষ্যং চেৎ তত্র তু অধিকরণে সপ্তম্যেব। যথা, ধনে স্পৃহা। স্পৃহাবতী বস্তুষু কেষু মাগধী।

প্রয়োগে বোধয়িতুমিষ্টঃ সম্প্রদানং স্যাৎ। শ্লাঘ, হ্নু, স্থা ও শপ্ ধাতুর প্রয়োগে শ্লাঘা, অপহ্নুতি, স্থিতি ও শপথের দ্বারা যাহাকে বুঝাইতে ইচ্ছা হয়, সে সম্প্রদান কারক হয়। যথা, স **দেবদত্তায়** শ্লাঘতে, হ্নুতে, তিষ্ঠতে, শপতে বা।

৩৭। **ক্রুধ-দ্রুহের্ষ্যাসূয়ার্থানাং** যং প্রতি কোপঃ (১।৪।৩৭)—ক্রুধাদ্যর্থানাং প্রয়োগে যং প্রতি কোপঃ স সম্প্রদানসংজ্ঞঃ স্যাৎ। ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষার্থক ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে যাহার প্রতি কোপ হয়, সে সম্প্রদানকারক। যথা, প্রভুঃ **ভৃত্যায়** ক্রুধ্যতি, অসুরাঃ **হরয়ে** দ্রুহ্যন্তি। দেবদত্তঃ **প্রতিবেশিনে** ঈর্ষ্যতি ; স **প্রতিদ্বন্দ্বিনে** অসূয়তি।

ক্রোধঃ অমর্ষঃ, দ্রোহঃ অপকারঃ, ঈর্ষ্যা অক্ষমা, অসূয়া গুণেষু দোষাবিষ্করণম্। ক্রোধস্তাবৎ কোপ এব, **দ্রোহাদয়োঽপি কোপপ্রভবা এব গৃহ্যন্তে।** মনে কোপের ভাব হইতে উৎপন্ন ক্রোধ দ্রোহ প্রভৃতি ভাবগুলিকেই সূত্রে গ্রহণ করা হইয়াছে। এইজন্যই 'সূত্রে যাহার প্রতি কোপ' এই সাধারণ ভাবটি underlying feeling হিসাবে উক্ত হইয়াছে। অতঃ সামান্যেন যং প্রতি কোপ ইতি বচনম্। যং প্রতি কোপ ইতি কিম্? ভার্য্যাম্ ঈর্ষ্যতি (মৈনম্ অন্য দ্রাক্ষীদিত্যর্থঃ) (১)।

কিন্তু উপসর্গযুক্ত ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর প্রয়োগে উল্লিখিত ক্ষেত্রে সম্প্রদানকারক না হইয়া কর্মকারক হয়। **ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম** (১।৪।৩৮)। অতএব কর্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, ক্রূরমভিক্রুধ্যতি অভিদ্রুহ্যতি বা।

৩৮। **প্রত্যাঙ্ভ্যাং শ্রুবঃ পূর্বস্য কর্তা** (১।৪।৪০)—প্রতিপূর্বকস্য আঙ্পূর্বকস্য চ শ্রুধাতোঃ যোগে পূর্বস্য প্রবর্তনরূপব্যাপারস্য কর্তা সম্প্রদানং স্যাৎ। প্রতি ও আঙ্পূর্বক শ্রু-ধাতুর প্রয়োগে প্রবর্তনারূপ পূর্ব ব্যাপারের কর্তা অর্থাৎ যে ব্যক্তি প্রতিশ্রুতি দিতে প্রবৃত্ত করে সে) সম্প্রদান কারক হয়। যথা, রাজা **বিপ্রায়** গাং প্রতিশৃণোতি আশৃণোতি বা। বিপ্রেণ মহ্যং দেহীতি প্রবর্তিতো রাজা প্রতিজানীত ইত্যর্থঃ।

---

(১) যদি ক্রোধ না থাকে কেবলমাত্র বিরক্তি বা বিদ্বেষ বুঝায়, তাহা হইলে দ্রোহার্থক ধাতুর যোগে সম্প্রদান হয় না। যথা, ঔষধং দ্বেষ্টি ; দ্বিষন্তি মন্দাশ্চরিতং মহাত্মনাম্ ইত্যাদি।

৩৯। **রাধীক্ষোর্যস্য বিপ্রশ্নঃ** (১।৪।৩৯)—রাধ্ ধাতোঃ ঈক্ষ্ ধাতোশ্চ প্রয়োগে যদীয়ো বিবিধঃ প্রশ্নঃ ক্রিয়তে স সম্প্রদানং স্যাৎ। রাধ্‌ধাতু ও ঈক্ষ্‌ধাতুর প্রয়োগে যাহার সম্বন্ধে বিবিধ প্রশ্ন অনুসারে শুভাশুভ পর্যালোচনা করা হয়, সে সম্প্রদান কারক হয়। যথা, গর্গঃ **কৃষ্ণায়** রাধ্যতি ঈক্ষতে বা (বিবিধং পৃষ্টো গর্গঃ শুভাশুভং পর্যালোচয়তীত্যর্থঃ) (১)।

৪০। **পরিক্রয়ণে সম্প্রদানমন্যতরস্যাম্** (১।৪।৪৪)—নিয়তকালং ভৃত্যা (বেতনাদিনা) স্বীকরণং পরিক্রয়ণং, ন তু আত্যন্তিকঃ ক্রয়ঃ। পরিক্রয়ণে গম্যমানে সাধকতমং কারকং সম্প্রদানসংজ্ঞং বা স্যাৎ। নির্দিষ্টকালের জন্য বেতনপ্রভৃতি দিয়া নিযুক্ত করা বা ভাড়া করা বুঝাইলে করণকারক বিকল্পে সম্প্রদানকারক হয়। যথা, **শতায়** শতেন বা পরিক্রীতো ভৃত্যঃ; **সহস্রায়** সহস্রেণ বা পরিক্রীতং গৃহমিদম্।

চতুর্থী বিভক্তি

৪১। **চতুর্থী সম্প্রদানে** (২।৩।১৩)—সম্প্রদানকারকে চতুর্থী স্যাৎ। কর্মণা যমভিপ্রৈতি—প্রভৃতি সূত্র দ্বারা বিহিত সমস্ত সম্প্রদান কারকের ক্ষেত্রেই এই একটিমাত্র বিভক্তি-বিধায়ক সূত্রেই সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যথা, রাজা **বিপ্রায়** গাং দদাতি; মাতা **পুত্রায়** চন্দ্রং দর্শয়তি; **সাধবে** ধর্মঃ রোচতে; পিতা **পুত্রায়** ক্রুধ্যতি; **শতায়** পরিক্রীতো ভৃত্যঃ।

৪২। **তাদর্থ্যে চতুর্থী** (বা)—তাদর্থ্যে চতুর্থী স্যাৎ; তাদর্থ্যেন 'কার্যকারণ-ভাব উচ্যতে—(কৈয়টঃ)। তস্মৈ কার্যায় ইদং তদর্থম্, তস্য ভাবস্তাদর্থ্যম্ (ব্রাহ্মণাদিত্বাৎ ষ্যঞ্) তন্নিমিত্তমিত্যর্থঃ। নিমিত্তং চ দ্বি-বিধম্। তেন যৎ প্রয়োজনং প্রাপ্তুমিষ্টং তস্মাৎ চতুর্থী স্যাৎ, যৎ চ প্রয়োজনং নির্বর্তয়িতুমিষ্টং তস্মাদপি চতুর্থী স্যাৎ।

নিমিত্ত অর্থে চতুর্থী হয়। নিমিত্ত (প্রয়োজন) দুই প্রকার—**কোনটি পাওয়া** প্রয়োজন এবং **কোনটি নিবৃত্ত করা** প্রয়োজন। এই দুই প্রকার প্রয়োজনেই চতুর্থী হয়। যথা, **যূপায়** দারু, **কুণ্ডলায়** হিরণ্যম্, **রন্ধনায়**

---

(১) রাধ্ সংসিদ্ধৌ, ঈক্ষ দর্শনে; উভয়েই সমার্থক। কিন্তু এখানে উভয়েরই অর্থ শুভাশুভ পর্যালোচনা করা এবং উভয়েই অকর্মক।

স্থালী, **অশ্বায়** ঘাসঃ, **ব্রাহ্মণায়** দধি ; নিবারণার্থে—**মশকায়** ধূমঃ, **আতপায়** ছত্রম্ **পিপাসায়ৈ** জলম্, **তাপায়** স্নানম্ (১)।

৪৩। **কৃপি সম্পদ্যমানে চ** (বা)—কৃপীত্যর্থনির্দেশঃ (কাশিকা)। কৢপ্ প্রভৃতি-ধাতূনাং প্রয়োগে যৎ সম্পদ্যমানং (জায়মানং) তস্মাৎ চতুর্থী স্যাৎ।

কৢপ্, জন্, ভূ ও সম্পূর্বক পদ্‌ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের (যাহা উৎপন্ন বা পরিণত হয় তাহার) উত্তর চতুর্থী হয়। যথা নবনীতং **হবিষে** কল্পতে—মাখন গলাইয়া ঘৃত হয়, ভক্তিঃ **জ্ঞানায়** কল্পতে (ভক্তিঃ জ্ঞানরূপেণ পরিণমতীত্যর্থঃ, এবমন্যত্র) ; জ্ঞানং **সুখায়** জায়তে ; বিদ্যা **বিনয়ায়** ভবতি ; ধনং **সুখায়** সম্পদ্যতে ; **মূত্রায়** সম্পদ্যতে যবাগূঃ (২)।

৪৪। **উৎপাতেন জ্ঞাপিতে চ** (ব)—উৎপাতে ভৌতিকবিকারঃ। কেনাপি উৎপাতেন জ্ঞাপিতাৎ চতুর্থী স্যাৎ।

শুভাশুভ-সূচক ভৌতিক বিকারকে উৎপাত বলে। উৎপাতদ্বারা যাহা জ্ঞাপিত হয় তাহার উত্তর চতুর্থী হয়। যথা, **বাতায়** কপিলা বিদ্যুদ্, **আতপায়াতি** লোহিনী। পীতা **বর্ষায়** বিজ্ঞেয়া **দুর্ভিক্ষায়** সিতা ভবেৎ ॥

৪৫ **ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ** (২।৩।১৪ —ক্রিয়ার্থা ক্রিয়া উপপদং যস্য তস্য স্থানিনঃ অপ্রযুজ্যমানস্য তুমুনঃ কর্মণি চতুর্থী স্যাৎ (৩)।

---

(১) এই সকল স্থলে নিবারয়িতুম্, দূরীকর্তুম্ প্রভৃতি যথাযোগ্য তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়াপদ উহ্য ধরিলে ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ এই সূত্র অনুসারে চতুর্থী হইতে পারে। কিন্তু তত্ত্ববোধিনীকার প্রভৃতি অনেকের মতেই এই সকল স্থলে তাদর্থ্যে চতুর্থী।

(২) তাদর্থ্যে চতুর্থী দ্বারাও এই প্রয়োগসমূহ সিদ্ধ হইতে পারে, কিন্তু তাহাতে পরিণাম বা বিকার সম্যক্ প্রতীতি হয় না। একটির পরিণাম অন্যটি এইরূপ অর্থ বিবক্ষিত না হইলে 'যবাগূঃ মূত্রং সম্পাদ্যতে' এইরূপ প্রথমা অথবা 'যবাগ্বাঃ মূত্রং সম্পদ্যতে' এইরূপ পঞ্চমীও হইতে পারে। এইরূপ বীজং বৃক্ষো জায়তে বা বীজাৎ বৃক্ষো জায়তে। এই স্থলে সম্পূর্ণ ভেদপ্রতীতি।

(৩) ক্রিয়ার্থোপপদস্য—ক্রিয়ার্থা ক্রিয়া উপপদং যস্য (বহুব্রীহিঃ) তস্য ; যাহার বিধানে 'ক্রিয়ার্থা ক্রিয়া' উপপদ নির্দিষ্ট হইয়াছে তাহার। তুমুন্‌ণ্বুলৌ ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়াম্ (৩।৩।১০) এই সূত্রে এইরূপ উপপদে মাত্র দুইটি প্রত্যয় বিহিত হইয়াছে—তুমুন্ ও ণ্বুল্। ণ্বুল্ প্রত্যয়ের কর্মে চতুর্থী প্রায়শঃ দেখা যায় না। এইজন্য বর্তমান সূত্রে ক্রিয়ার্থোপপদ বলিতে প্রধানতঃ তুমুন্ প্রত্যয় বুঝাইতেছে। স্থানিন শব্দের অর্থ অপ্রযুজ্যমান বা উহ্য। এইরূপে সূত্রের অর্থ উক্তরূপ পাওয়া গেল। ণ্বুল্ প্রত্যয় উহ্য থাকিলেও উহার কর্মে চতুর্থী হয়। যথা, সক্তঃ পালকঃ অবতরতি—সক্তুঃ অবতরতি।

তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়া উহ্য থাকিলে উহার কর্মে চতুর্থী বিভক্তি হয়। যথা, বালকঃ **ফলেভ্যঃ** উদ্যানং যাতি (ফলান্যাহর্তুমিত্যর্থঃ); **মশকায়** ধূমং দেহি (মশকং দূরীকর্তুমিত্যর্থঃ); **আতপায়** ছত্রং গৃহাণ (আতপং নিবারয়িতু-মিত্যর্থঃ); **নৃসিংহায়** নমস্কুর্মঃ (নৃসিংহমনুকুলয়িতুমিত্যর্থঃ)।

৪৬। **তুমর্থাচ্চ ভাববচনাৎ** (২।৩।১৫)—তুমুন্-প্রত্যয়স্য অর্থে 'ভাববচনাশ্চ' (৩।৩।১১) ইতি সূত্রেণ যে প্রত্যয়া বিহিতাঃ তদন্তাৎ চতুর্থী স্যাৎ।

তুমুন্ প্রত্যয়ের অর্থে ভাববাচ্য-নিষ্পন্ন শব্দ (verbal noun) ব্যবহৃত হইলে, উহাতে চতুর্থী বিভক্তি হয়। ভাববাচ্য নিষ্পন্ন প্রত্যয়—ঘঞ্ অচ্, অপ্, ক্তিন্ ইত্যাদি। যথা, বিপ্রো **যাগায়** যাতি (যষ্টুমিত্যর্থঃ)। ব্রাহ্মণঃ **পাকায়** গচ্ছতি (পক্তুমিত্যর্থঃ); বালকো **ভোজনায়** আগচ্ছতি (ভোক্তুমিত্যর্থঃ)।

৪৭। **মন্যকর্মণ্যনাদরে বিভাষাঽপ্রাণিষু** (২।৩।১৭ —নৌ-কাকান্ন-শুক-শৃগাল-বর্জে মন্যতেঃ কর্মণি চতুর্থী বা স্যাৎ তিরস্কারে।

অনাদর বুঝাইলে **দিবাদিগণীয় মন্ ধাতুর অবজ্ঞাবোধক কর্মে** বিকল্পে চতুর্থী ও দ্বিতীয়া বিভক্তি হয়। কিন্তু নৌ, কাক, অন্ন, শুক ও শৃগাল শব্দের উত্তর কেবল মাত্র দ্বিতীয়া হয়। যথা, অহং ত্বং **তৃণায়** (তৃণং বা) ন মন্যে; স ত্বাং **বুসায়** বুসং (rubbish) বা মন্যতে (১)।

মন্যেতি শ্যনা নির্দেশাৎ তনাদি মন্-ধাতো র্যোগে ন চতুর্থী। যথা, ন ত্বাং তৃণং মন্যে অহম্। অশ্মানং দৃষদং মন্যে, মন্যে কাষ্ঠমুলূখলম্। অন্ধায়াস্তং সুতং মন্যে যস্য মাতা ন পশ্যতি—ইত্যত্র তু অনাদরাভাবাৎ ন চতুর্থী।

অপ্রাণিষ্বিতি অপনীয় নৌ-কাকান্ন-শুক-শৃগাল-বর্জেষ্বিতি বাচ্যম্ (বা)— যথা নাহং ত্বাং শৃগালং মন্যে।

(১) অনেকের মতে এই সূত্রের উদাহরণে 'নঞ্' আবশ্যক, কিন্তু শিষ্টপ্রয়োগে বহুস্থলেই নঞ্ শূন্য ব্যবহার দেখা যায়। যথা, তৃণায় মন্যতে ভোগান্; তৃণায় মন্যে ধ্যারাজ্যম্; তৃণায় মত্বা রঘুনন্দনোঽথ বাণেন রক্ষঃ প্রধনান্নিরাস্থৎ; চৈত্তপক্ষা রাজানো হরিমপি অমংসত তৃণায়। ভাষ্যকার অবশ্য বলেন—মন্য কর্মণি প্রকৃষ্য কুৎসিতগ্রহণম্। ইহ মা ভূৎ—ত্বাং তৃণং মন্য ইতি।

৪৮। **গত্যর্থকর্মণি দ্বিতীয়াচতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি** (২।৩।১২) —অধ্বভিন্নে গত্যর্থানাং কর্মণি দ্বিতীয়াচতুর্থ্যৌ ভবতঃ চেষ্টায়ম্।

চেষ্টা (bodily effort) **বুঝাইলে** গমনার্থক ধাতুর কর্মে বিকল্পে দ্বিতীয়া এবং চতুর্থী বিভক্তি হয়। যথা, ব্রাহ্মণঃ **গ্রামং গ্রামায়** বা গচ্ছতি। **চেষ্টা না বুঝাইলে চতুর্থী হয় না।** যথা, স **মনসা বারাণসীং ব্রজতি**। পথবাচক শব্দ কর্ম হইলে চতুর্থী হয় না। যথা, স পন্থানং গচ্ছতি। গন্ত্রাধিষ্ঠিতে অধ্বনি এব অয়ং নিষেধঃ, যথা তু উৎপথাৎ পন্থা এব ক্রমিতুমিষ্যতে তদা তু ভবত্যেব—গমনকারী যে পথে চলিতেছে, সেই পথ কর্ম হইলে চতুর্থী হয় না, কিন্তু যখন সে বিপথ হইতে ঠিক পথে আসে, তখন চতুর্থী ও দ্বিতীয়া দুই বিভক্তিই হয়। যথা উৎপথাৎ **পথে পন্থানং** বা গচ্ছতি।

৪৯। **নমঃ-স্বস্তি-স্বাহা-স্বধালং-বষড্‌যোগাচ্চ** (২।৩।১৬)—অলমিতি পর্যাপ্ত্যর্থ গ্রহণম্। এভির্যোগে চতুর্থী স্যাৎ।

এই সূত্রে অলম্ শব্দে সমস্ত সমর্থার্থক শব্দ ও ক্রিয়া বুঝায়। নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা, সমর্থার্থক শব্দ ও বষট্ শব্দের যোগে চতুর্থী হয়। যথা, নমঃ **শিবায়**; **অন্নপূর্ণায়ৈ** নমঃ; **প্রজাভ্যঃ** স্বস্তি; স্বস্তি **গোভ্যো** ভূয়াৎ (১) **অগ্নয়ে** স্বাহা; **পিতৃভ্যঃ** স্বধা; বষট্ **ইন্দ্রায়**; **অলমিতি পর্যাপ্ত্যর্থ-গ্রহণম্** (মহাভাষ্যম্)—**দৈত্যেভ্যঃ** হরিঃ **অলম্, প্রভু, সমর্থঃ, শক্তো** বা; স তস্মৈ প্রভবতি। প্রভ্বাদিযোগে ষষ্ঠ্যপি সাধুঃ—যথা, প্রভুর্ভূর্ভুবর্ভুবনত্রয়স্য যঃ; স এষাং গ্রামণীঃ; ত্বমেব জগতঃ প্রভুঃ।

উপপদবিভক্তেঃ কারকবিভক্তি র্বলীয়সী—তেন নারায়ণং নমস্করোতীত্যাদৌ কর্মকারকে দ্বিতীয়ৈব, ন তু নমঃ শব্দ যোগেন চতুর্থী।

৫০। **হিতযোগে চ** (বা)—হিতশব্দেন যুক্তাৎ চতুর্থী স্যাৎ। হিত-শব্দের যোগে যাহার হিত কামনা করা হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি

(১) আশীর্বিবক্ষায়াং পরামপি চাশিষীতি ষষ্ঠীং বাধিত্বা চতুর্থ্যেব ভবতি। যথা, স্বস্তি গোভ্যো ভূয়াৎ।

স্বস্তি শব্দস্য অনব্যয়স্যাপি যোগেন চতুর্থী ভবতি। যথা, প্রতিগৃহ্ণামি তে ধেনুং কুটুম্বার্থে বিশেষতঃ। স্বস্তির্ভবতু তে নিত্যং সুখং চায়ুস্তথা। (বিষ্ণুপুরাণম্)

হয়। যথা, **ব্রাহ্মণায়** হিতম্; ভেষজং **রোগিণে** হিতম্ (১)। **এবং সুখযোগেঽপি চতুর্থী বোধ্যা**—সুখ শব্দের যোগেও চতুর্থী হয়। যথা, সর্বং হি সাধবে সুখম্।

Exercise

1. Translate into Bengali and account for case-endings in words in bold type :—

অয়ম্ আরম্ভঃ শুভায় ভবতু। পুণ্যং **পরোপকারায় পাপায়** পরপীড়নম্। **রোগিণে** হিতম্ ঔষধম্। বিদধ্যাৎ হিতম্ **আত্মনঃ**। **গৃহায়** প্রস্থিতাঃ সর্বে। প্রীতঃ প্রতস্থে মুনিরাশ্রমায়। **তস্মৈ** শশংস প্রণিপত্য নন্দী। উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় ন **শান্তয়ে**। দর্শয়ামাস **পার্থায়** পরমং রূপমৈশ্বরম্। **ক্রিয়াবিঘাতায়** কথং প্রবর্তসে? নমস্ত্রিমূর্তয়ে তুভ্যম্। অলমেষা মম **তুষ্ট্যৈ**। কাব্যস্য **লেখনার্থায়** গণেশঃ স্মর্যতাং ত্বয়া। তন্**মে** বদ মহাবাহো শ্রোতব্যং যদি মন্যসে। বিধিরপি ন **তেভ্যঃ** প্রভবতি। জজ্ঞাল **লোকস্থিতয়ে** স রাজা। দুদোহ গাং স **যজ্ঞায় শস্যায়** মঘবা দিবম্। **মুনিত্রয়ং** নমস্কৃত্য। **দুঃখায়** ইদানীং রামস্য দর্শনং **সুহৃদাম্**। ভোজেন দূতো **রঘবে** বিসৃষ্টঃ। মিথ্যামাহাত্ম্যনির্ভরাঃ ন প্রণমন্তি **দেবতাভ্যঃ**, অসূয়ন্তি **সচ্চরোপদেশায়** কুপ্যন্তি চ **হিতবাদিনে**। প্রতিশুশ্রাব কাকুৎস্থস্তেভ্যো বিঘ্নপ্রতিক্রিয়াম্। যতন্তৌ **স্বল্পদুঃখায়** যাবজ্জীবং জড়ো দহেৎ। স্পৃহয়ামি খলু দুর্ললিতায় **অস্মৈ**। চপলোঽয়ং বটুঃ কদাচিৎ অস্মৎপ্রার্থনাম্ **অন্তঃপুরেভ্যঃ** কথয়েৎ। **শ্বশুরেভ্যঃ তে** নির্গলিতাম্বুগর্ভং শরদ্ঘনং নার্দতি চাতকোঽপি। **পরিত্রাণায়** সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্! **ধর্মসংস্থাপনার্থায়** সম্ভবামি যুগে যুগে ॥

(১) হিত শব্দের যোগে ষষ্ঠীও হয়। যথা, গুণিনাং হিতম্। সাধারণতঃ হিতশব্দে হিতকর (বিশেষণ) বুঝাইলে চতুর্থী এবং মঙ্গল (বিশেষ্য) বুঝাইলে ষষ্ঠী হয়। যথা, ভেষজং রোগিণে হিতম্; বিদধ্যাদ্ধিত-মাত্মনঃ (মনুঃ)। সুখ শব্দ সম্বন্ধেও এইরূপ। যথা, আত্মনঃ সুখমিচ্ছন্তি সর্বে হি জগতীতলে।

2. *Distinguish between :—*

অলং বিবাদেন, অলং বিবাদায় ; সুখেন বসতি, সুখায় বসতি ; গ্রামং গচ্ছতি, গ্রামায় গচ্ছতি ; পুষ্পেভ্যঃ স্পৃহয়তি, পুষ্পাণি স্পৃহয়তি ; নারায়ণং নমস্করোতি, নারায়ণায় নমস্করোতি ; কৃষ্ণম্ ঈক্ষতে গর্গঃ, কৃষ্ণায় ঈক্ষতে গর্গঃ ; গুরুম্ অকথয়ৎ, গুরবে অকথয়ৎ। বীজং বৃক্ষো জায়তে, বীজাৎ বৃক্ষো জায়তে, বীজং বৃক্ষায় জায়তে।

3. *Justify :—*

স্পৃহাবতী বস্তুষু কেষু মাগধী। পাপে অভিনিবেশঃ। পশুনা রুদ্রং যজতে। রজকস্য বস্ত্রং দদাতি। শিষ্যায় চপেটাং দদাতি। কুমার্য ইব কান্তস্য ত্রস্যন্তি স্পৃহয়ন্তি চ। ভার্যাম্ ঈর্ষ্যতি। দ্বিষন্তি মন্দাশ্চরিতং মহাত্মনাম্। পাপায় প্রায়শ্চিত্তম্। বীজং বৃক্ষো জায়তে। অশ্মানং দৃষদং মন্যে। স্বস্তি গোভ্যো ভূয়াৎ।

4. *Translate into Sanskrit :—*

The children are very fond of sweetmeats. An intelligent man does not long for wealth but he wishes to have immortal glory. He is able to defeat the whole troop of the enemy. First salute your preceptor and then begin to learn your lesson. The subjects bear hatred to the king and plot against his life. Even a sight of these pious men will bring about my purification. So I shall wait upon them for the accomplishment of my desired object. When a man doomed by fate, even a trifling cause is sufficient to bring about his ruin. I shall send a messenger to the king of Videha and communicate to him this good news. The students all left for home to pluck flowers and fruits to offer to the goddess of learning. So the king went to the forest with his queens and attendants, plucked the seven mangoes that grew upon one branch and gave a mango to each of his queens. Surrounded by thousands of weeping women the dejected king Dhritarastra left in haste his city for the battlefield. "I am glad to see you, my dear friend," said the stag. "I was just thinking of you. I am sure you are able to set me free."

অপাদানকারকম্

৫১। **ধ্রুবমপায়েঽপাদানম্** (১।৪।২৪)—অপায়ঃ সংযোগপূর্বকো বিশ্লেষঃ। তস্মিন সাধ্যে যৎ ধ্রুবম্ অবধিভূতং (১) তৎ অপাদানসংজ্ঞং স্যাৎ।

অপায়ে যদুদাসীনং চলং বা যদি বাচলম্।
ধ্রুবমেবাতদাবেশাৎ তদপাদানমুচ্যতে॥

অপায় (সংযোগপূর্বক বিশ্লেষ) বুঝাইলে যাহা ধ্রুব (অচল বা সচল যাহা হইতে বিশ্লেষ নিরূপিত হয়) তাহা অপাদানকারক। বিশ্লেষ ক্রিয়ার হেতু যে পতন প্রভৃতি, ধ্রুব তাহার আশ্রয় নহে। সে ঐ ক্রিয়া সম্বন্ধে উদাসীন। যথা, **বৃক্ষাৎ** পত্রং পততি ; ধাবতঃ **অশ্বাৎ** স পতিতঃ। **গ্রামাৎ** আয়াতি।

গম্যমানাপি ক্রিয়া কারকবিভক্তীনাং নিমিত্তম্—গম্যমান (অর্থাৎ প্রযুক্ত না হইলেও যাহা বুঝা যায় এইরূপ) ক্রিয়াও কারক বিভক্তির নিমিত্ত হয়। যথা, **কুতো** ভবান্? **পাটলিপুত্রাৎ**। এখানে 'কুতো ভবান্' ইহার পূর্ণবাক্য 'কুতো ভবান্ আগচ্ছতি' এবং 'পাটলিপুত্রাৎ' ইহার পূর্ণবাক্য 'পাটলিপুত্রাৎ অহম্ আগচ্ছামি'। সুতরাং গম্যমান (উহ্য) আগমন ক্রিয়ার অপাদানে 'কুতঃ' এবং 'পাটলিপুত্রাৎ' পদে পঞ্চমী হইয়াছে।

---

(১) **ধাবতঃ** অশ্বাৎ পততি ; **অপসরতো** মেষাৎ অপসরতি মেষঃ ইত্যাদি শিষ্টপ্রয়োগাৎ ধ্রুবশব্দঃ সূত্রেঽস্মিন্ অবধৌ বর্ততে ইত্যত আহ ধ্রুবম্ অবধিভূতম্ ইতি। অবধিভূতং বিভাগ-জনকক্রিয়ায়ামুদাসীনমিত্যর্থঃ। **সচলো নিশ্চলো বা অবধিঃ। মেষৌ পরস্পরস্মাৎ অপসরতঃ** ইত্যত্র উভয়স্য চলত্বেঽপি একস্য অপায়ে অন্যঃ অবধিভূততয়া ধ্রুবঃ ইতি উভয়স্যৈব অপাদানত্বম্।

অর্থঃ—ধাবতঃ অশ্বাৎ পততি ; অপসরতো মেষাৎ অপসরতি মেষঃ, ইত্যাদি শিষ্ট-প্রয়োগেই দেখা যায় ধ্রুব শব্দ এই সূত্রে অবধিকেই বুঝাইতেছে। সেই জন্যই বলা হইয়াছে অবধিভূতম্'। অবধিভূত অর্থাৎ বিভাগভূত ক্রিয়ায় **উদাসীন**, 'অবধি' সচল বা নিশ্চল হইতে পারে। মেষৌ পরস্পরস্মাৎ অপসরতঃ এইস্থলে দুইটি মেষই সচল হইলেও একটির অপায়ের ক্ষেত্রে অন্যটি অবধি বলিয়া ধ্রুব এইভাবে দুইটিরই অপাদানত্ব সিদ্ধ। দুইটি মেষের কর্তৃত্বও পৃথক্ পৃথক্। উভয় ক্ষেত্রেই যে মেষটি ধ্রুব নহে সে তৎকর্তৃক অপসরণ ক্রিয়ার কর্তা।

মেষান্তরক্রিয়াপেক্ষম্ অবধিত্বং পৃথক্ পৃথক্।
মেষয়োঃ স্বক্রিয়াপেক্ষং কর্তৃত্বং চ পৃথক্ পৃথক্॥ (বাক্যপদীয়ে)

৫২। **ভীত্রার্থানাং ভয়হেতুঃ** (১।৪।২৫)—ভয়ার্থানাং ত্রাণার্থানাং চ প্রয়োগে ভয়হেতুঃ অপাদানং স্যাৎ।

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়ের হেতু অপাদান হয়। যথা, সঃ **ব্যাঘ্রাৎ** বিভেতি; **শ্বাপদাৎ** উদ্বিজতে; **দস্যুভ্যঃ** রক্ষতি; **সিংহাৎ** ত্রায়তে। ভয়হেতুঃ কিম্? অরণ্যে বিভেতি; সলিলে ত্রায়তে (১)।

৫৩। **পরাজেরসোঢ়ঃ** (১।৪।২৬)—পরাপূর্বকস্য জয়তেঃ প্রয়োগে অসহ্যঃ অর্থঃ অপাদানং স্যাৎ।

পরাপূর্বক জিধাতুর প্রয়োগে অসহনীয় বিষয় অপাদানকারক হয়। যথা, বালকঃ **অধ্যয়নাৎ** পরাজয়তে (গ্লায়তীত্যর্থঃ)। এখানে পরাপূর্বক জিধাতু অকর্মক (২)।

৫৪। **বারণার্থানামীপ্সিতঃ** (১।৪।২৭)—প্রবৃত্তিবিঘাতো বারণম্। বারণার্থানাং ধাতূনাং প্রয়োগে ঈপ্সিতঃ অর্থঃ অপাদানং স্যাৎ।

বারণার্থধাতুর প্রয়োগে বারণক্রিয়ার যাহা ঈপ্সিত, তাহা অপাদানকারক হয়। (আর ঐ ক্রিয়ার ঈপ্সিততমের কর্মসংজ্ঞাই হয়)। যথা, **যবেভ্যো** গাং বারয়তি; **অন্নাৎ** কাকং নিবারয়তি; নিবারয়ন্তী মহতো **মুনিব্রতাৎ**; উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা; হন্ত! অদ্যাহং **সর্বেভ্য** এব প্রতিষিদ্ধঃ।

৫৫। **অন্তর্ধৌ যেনাদর্শনমিচ্ছতি** (১।৪।২৮)—অন্তর্ধিঃ ব্যবধানম্। ব্যবধানে সতি যৎকর্তৃকস্য আত্মনো দর্শনস্য অভাবমিচ্ছতি, তৎ অপাদানং স্যাৎ।

ব্যবধান অবস্থায় যে দেখিতে না পাউক এইরূপ ইচ্ছা হয়, সে অপাদানকারক হয়। যথা, **মাতুঃ** নিলীয়তে কৃষ্ণঃ—মাতা মাং ন পশ্যেদিতি তদ্দৃষ্টিপথাৎ অপসরতি ইত্যর্থঃ; ছাত্রঃ **উপাধ্যায়াৎ** অন্তর্ধত্তে; **যামিকাৎ** চৌরো লুকায়তে।

৫৬। **আখ্যাতোপযোগে** (১।৪।২৯)—আখ্যাতা অধ্যাপয়িতা।

---

(১) ব্যাঘ্রাৎ ভয়ম্—ব্যাঘ্র হইতে ভয়। ব্যাঘ্র নিজে ভয়হেতু বলিয়া 'ব্যাঘ্রাৎ' অপাদানে পঞ্চমী। ব্যাঘ্রস্য ভয়ম্—ব্যাঘ্রের নিজের হইতে ভয়। ব্যাঘ্রস্য—কৃদ্‌যোগে কর্তরি ষষ্ঠী।

(২) পরাপূর্বক জি ধাতু সকর্মক হইলে কর্মকারকে দ্বিতীয়া হয়। যথা, রাজা শত্রুং পরাজয়তে—রাজা শত্রুকে পরাজিত করিতেছেন। কিন্তু, রাজা শত্রোঃ পরাজয়তে—রাজা শত্রুকে সহ্য করিতে পারিতেছে না; এইজন্য 'শত্রোঃ' অপাদানে পঞ্চমী।

উপযোগঃ নিয়মপূর্বক-বিদ্যাস্বীকারঃ। নিয়মপূর্বক-বিদ্যাস্বীকারে যঃ বক্তা সঃ অপাদানসংজ্ঞঃ স্যাৎ।

যথা নিয়মে বিদ্যাগ্রহণ করা বুঝাইলে উপদেশদানকারী অপাদানকারক হয়। যথা, শিষ্যঃ **উপাধ্যায়াৎ** শাস্ত্রমধীতে। নিয়মপূর্বক বিদ্যাগ্রহণ না বুঝাইলে অপাদান কারক হয় না। যথা, নটস্য গাথাং শৃণোতি (১)।

৫৭। **জনিকর্তুঃ প্রকৃতিঃ** (১।৪।৩০)—জনেঃ কর্তা জনিকর্তা জায়মান ইত্যর্থঃ। **প্রকৃতিঃ হেতুঃ কারণমিত্যর্থঃ।** জায়মানস্য কারণম্ অপাদান-সংজ্ঞংস্যাৎ। **অভূতপ্রাদুর্ভাবো জনিঃ।** যাহা ছিল না তাহার উৎপত্তি 'জনি'।

যাহা জন্মে বা উৎপন্ন হয়, তাহার কারণ (অর্থাৎ যাহা হইতে উৎপন্ন হয় তাহা) অপাদানকারক হইয়া থাকে। যথা, **পুষ্পাৎ** ফলং জায়তে; **অধর্মাৎ** দুঃখম্ উদ্ভবতি; **ব্রহ্মণঃ** প্রজাঃ প্রজায়ন্তে। **ধর্মাৎ** সুখমুৎপদ্যতে।

সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ, **কামাৎ** ক্রোধোঽভিজায়তে।
ক্রোধাদ্ ভবতি সম্মোহঃ, **সম্মোহাৎ** স্মৃতিবিভ্রমঃ (২)।

৫৮। **ভুবঃ প্রভবঃ** (১।৪।৩১)—ভবনং ভূঃ। প্রভবতি অস্মাদিতি **প্রভবঃ প্রথমং প্রকাশস্থানমিত্যর্থঃ।** ভূকর্তুঃ যৎ প্রকাশস্থানং তৎ অপাদানসংজ্ঞং স্যাৎ। **অন্যতঃ সিদ্ধস্য প্রথমমুপলম্ভঃ প্রভবঃ।**

যে প্রকাশিত হয়, তাহার **প্রথম প্রকাশের বা আবির্ভাবের স্থান** অপাদানকারক হইয়া থাকে। যথা, **হিমবতো** গঙ্গা প্রভবতি (হিমবান্ গঙ্গায়াঃ

---

(১) এখানে অধীতে পঠতি এইরূপ ক্রিয়ার পরিবর্তে 'শৃণোতি' এইরূপ ব্যাবৃত্তি থাকায় জ্ঞাপিত হইতেছে যে, কেবল বিদ্যাগ্রহণ নহে, যাহার নিকট হইতে কিছু গ্রহণ করা, পাওয়া, জানা, শুনা, দেখা প্রভৃতি বুঝায় তাহাও অপাদানকারক। যথা, তেন নৃপাৎ উপায়নং গৃহীতম্, ময়া ইদং তাতপাদাৎ শ্রুতম্, কুত ইদং ভবতা প্রাপ্তম্, ইত্যাদি। 'নটাৎ গীতং শৃণোতি' এবং নটস্য গীতং শৃণোতি' এই দুই বাক্যের অর্থগত প্রভেদ আছে। নটাৎ গীতং শৃণোতি—নটের নিকট হইতে গীত শিক্ষা করিতেছে (অপাদানে পঞ্চমী)। নটস্য গীতং শৃণোতি—নটের গীত কেবলমাত্র শুনিতেছে, ইহাতে তাহার শিক্ষণীয় কিছু নাই (নটস্য—সম্বন্ধে ষষ্ঠী)।

(২) উৎপত্তির কারণ কচিৎ অধিকরণ কারকও হয়। শিষ্টপ্রয়োগ যথা, সা তস্যাম্ উদপাদি (কুমার); শুকনাসস্যাপি মনোরমায়াং তনয়ো জাতঃ (কাদম্বরী); তস্যাং শতানন্দ আবিরসোঽভবত।

ন উৎপত্তি হেতুঃ অপিতু প্রকাশস্থানমেবেতি পৃথক্ বচনম্); **বল্মীকাগ্রাৎ** প্রভবতি ধনুঃখণ্ডমাখণ্ডলস্য।

৫৯। **জুগুপ্সা-বিরাম-প্রমাদার্থানামুপসংখ্যানম্** (বা)—গর্হয়া চিত্তনিবৃত্তিঃ জুগুপ্সা। বিহিতার্থাৎ নিবৃত্তিঃ প্রমাদঃ। জুগুপ্সার্থকানাং বিরামার্থকানাং প্রমাদার্থকানাং চ ধাতূনাং প্রয়োগে জুগুপ্সাদীনাং বিষয়ঃ অপাদানং স্যাৎ।

জুগুপ্সার্থক, বিরামার্থক ও প্রমাদার্থক ধাতুর প্রয়োগে যে বিষয়ে জুগুপ্সা প্রভৃতি হয়, তাহা অপাদানকারক হইয়া থাকে। যথা, **পাপাৎ** জুগুপ্সতে; **পাঠাৎ** বিরমতি; **পাপাৎ** নিবর্ততে; **ধর্মাৎ** প্রমাদ্যতি।

পঞ্চমী বিভক্তি

৬০। **অপাদানে পঞ্চমী** (২।৩।২৮)—অপাদানকারকে পঞ্চমী বিভক্তি র্ভবতি। 'ধ্রুবমপায়েঽপাদানম্' প্রভৃতি সূত্র দ্বারা যে-সকলক্ষেত্রে অপাদানকারক বিহিত হইয়াছে সেই সমস্ত স্থলেই অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা, **গ্রামাৎ** আয়াতি; ধাবতোঽ**শ্বাৎ** পতিতঃ; **জলাৎ** উত্থিতঃ।

৬১। **ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে চ** (বা)—ল্যব্‌গ্রহণং ক্ত্বাপ্রত্যয়স্য উপলক্ষণম্। ল্যপ্‌প্রত্যয়ান্তস্য অপ্রয়োগে তস্য কর্মণি অধিকরণে চ পঞ্চমী স্যাৎ।

ল্যপ্ (ও ক্ত্বা) প্রত্যয়ান্ত পদ উহ্য থাকিলে তাহার কর্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা, **প্রাসাদাৎ** প্রেক্ষতে (প্রাসাদমারুহ্য ইত্যর্থঃ); **শ্বশুরাৎ** জিহ্রেতি (শ্বশুরং বীক্ষ্য ইত্যর্থঃ); **আসনাৎ** প্রেক্ষতে (আসনে স্থিত্বা উপবিশ্য বা ইত্যর্থঃ); **গৃহাৎ** পশ্যতি (গৃহে স্থিত্বা অবস্থায় বা ইত্যর্থঃ)।

৬২। **পঞ্চমী বিভক্তে** (২।৩।৪২)—বিভক্তং বিভাগঃ (ভাবে ক্তপ্রত্যয়ঃ)। **ভিন্নয়োঃ দ্বয়োঃ যস্মাৎ** বিভাগঃ (**উৎকর্ষ অপকর্ষো বা**) বিবক্ষ্যতে, তত্র পঞ্চমী স্যাৎ।

দুইটি বিভিন্ন পদার্থের মধ্যে যাহা হইতে কোন একটি পদার্থের উৎকর্ষ বা অপকর্ষ বিবক্ষিত হয়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। (আর এক জাতীয় বহুর

মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলেই নির্ধারণে ষষ্ঠী ও সপ্তমী হয়।) যথা, মাথুরাঃ **পাটলিপুত্রকেভ্যঃ** আঢ্যতরাঃ; স হি **কাকাৎ** কৃষ্ণঃ; কৃৎস্নাদ্ **ভয়াদ্** অতিভয়ং সুকষ্টম্; **পিতুর্**গরীয়সী মাতা; ন চ **দৈবাৎ** পরং বলম্; শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ **পরধর্মাদ্** ভয়াবহাৎ।

৬৩। **করণে চ স্তোকাল্প-কৃচ্ছ্র-কতিপয়স্যাসত্ত্ববচনস্য** (২।৩।৩৩)—অসত্ত্ববচনস্য অদ্রব্যেভ্যঃ বিশেষ্যেভ্য ইত্যর্থঃ। বিশেষ্যেভ্যঃ স্তোকাদিভ্যঃ করণেভ্যঃ বিভাষয়া পঞ্চমী স্যাৎ।

বিশেষ্যরূপে প্রযুক্ত স্তোক, অল্প, কৃচ্ছ্র ও কতিপয় শব্দের উত্তর **করণকারকে** বিকল্পে **তৃতীয়া ও পঞ্চমী** বিভক্তি হয়। যথা, স্তোকেন **স্তোকাৎ** বা মুক্তঃ; অল্পেন **অল্পাৎ** বা রক্ষিতঃ; কৃচ্ছ্রেণ **কৃচ্ছ্রাৎ** বা আয়াতঃ; কতিপয়েন **কতিপয়াৎ** বা ত্রাতঃ। দ্রব্যে তু স্তোকেন বিষেণ হতঃ (নাত্র পঞ্চমী)।

৬৪। **অকর্তর্যৃণে পঞ্চমী** (২।৩।২৪)—কর্তৃবর্জিতং যৎ **ঋণং হেতুভূতং** তস্মাৎ পঞ্চমী স্যাৎ।

কর্তৃকারক ভিন্ন ঋণশব্দ হেতু হইলে তাহার উত্তর পঞ্চমী হয়। যথা, শতাৎ বদ্ধঃ (He has been bound on account of a debt of hundred rupees); **সহস্রাৎ** নিগড়িতঃ। অকর্তরি কিম্—শতেন বন্ধিতঃ (প্রযোজকত্বাৎ কর্তৃসংজ্ঞমিহ শতম্)।

৬৫। **বিভাষা গুণেঽস্ত্রিয়াম্** (২।৩।২৫)—**গুণে হেতৌ** অস্ত্রীলিঙ্গে পঞ্চমী বা স্যাৎ।

হেতু অর্থে স্ত্রীলিঙ্গ ভিন্ন গুণবাচক শব্দের উত্তর বিকল্পে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, **হর্ষাৎ হর্ষেণ** বা নৃত্যতি; **জাড্যেন জাড্যাৎ** বা বদ্ধঃ; **বীর্যেণ বীর্যাৎ** বা খ্যাতঃ। গুণবাচক শব্দ স্ত্রীলিঙ্গ হইলে সাধারণতঃ তৃতীয়া হয়। যথা, কৃপয়া পক্ষিণঃ কিঞ্চিৎ কিঞ্চিৎ দদাতি; বিদ্যয়া বিখ্যাতঃ স মনীষী।

বিভাষেতি যোগবিভাগাৎ অগুণে স্ত্রিয়াং চ ক্বচিৎ—অগুণস্থলে পঞ্চমী যথা, পর্বতো **ধূমাৎ** অগ্নিমান্; স্ত্রিয়াং পঞ্চমী যথা, নাস্তি ঘটঃ **অনুপলব্ধেঃ**।

৬৬। **যতশ্চাধ্বকালনির্মাণং তত্র পঞ্চমী, তদ্‌যুক্তাদধ্বনঃ**

প্রথমা-সপ্তম্যৌ, কালাৎ সপ্তমী চ (=এব) **বক্তব্যা** (বা)—নির্মাণং পরিমাণম্। কালপরিমাণে পথি পরিমাণে চ দ্যোত্যে যস্মাৎ পরিমাণমারভ্যতে তস্মাৎ পঞ্চমী, পথিপরিমাণাৎ প্রথমাসপ্তম্যৌ **কালপরিমাণাৎ তু সপ্তম্যেব স্যাৎ।** (১)

যাহা হইতে পথ ও কালের পরিমাণ করা হয়, সেই অবধিবাচক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়; পথ পরিমাণ বাচক শব্দে প্রথমা ও সপ্তমী হয় এবং কাল পরিমাণ বাচক শব্দে কেবল সপ্তমী হয়। যথা, (পথপরিমাণে) **বনাৎ** গ্রামো **যোজনং যোজনে** বা; (কালপরিমাণে) **কার্ত্তিক্যাঃ** আগ্রহায়ণী **মাসে** (কার্ত্তিক-পূর্ণিমার একমাস পরে অগ্রহায়ণ-পূর্ণিমা)।

৬৭। **অন্যারাদিতরর্তে-দিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে** (২।৩।২৯) —এভির্যোগে পঞ্চমী স্যাৎ। অন্য ইত্যর্থগ্রহণম্। ইতরগ্রহণং প্রপঞ্চার্থম্। দিশি দৃষ্টঃ শব্দঃ দিক্‌শব্দঃ, তেন সম্প্রতি দেশকালবৃত্তিনা যোগেঽপি পঞ্চমী ভবতি। অঞ্চূত্তরপদস্য দিক্‌শব্দত্বেঽপি ষষ্ঠ্যতসর্থপ্রত্যয়েনেতি ষষ্ঠীং বাধিতুং পৃথক্ গ্রহণম্ (২)।

অন্যার্থক শব্দ, আরাৎ ইতর ও ঋতে শব্দ, দিগ্-দেশ-কালবাচক শব্দ, প্রাক্ প্রত্যক্ প্রভৃতি অঞ্চূত্তরপদ শব্দ (উপসর্গের পরবর্ত্তী অন্‌চ্ ধাতু নিষ্পন্ন শব্দ) এবং আচ্ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী হয়। যথা, **দেবদত্তাৎ** অন্যঃ ভিন্নঃ বিলক্ষণো বা; **গৃহাৎ** আরাৎ (আরাদ্দূরসমীপয়োঃ) ইতরো **দেবদত্তাৎ**; ঋতে **কৃষ্ণাৎ** কৃষ্ণং বা (৩)। **গ্রামাৎ** পূর্বে বনম্; **চৈত্রাৎ** পূর্বঃ ফাল্গুনঃ; প্রাক্ প্রত্যক্ বা **গ্রামাৎ**; দক্ষিণা **সমুদ্রাৎ**; উত্তরাহি **দেশাৎ**। অবয়ববাচি-দিক্-শব্দযোগে তু ন পঞ্চমী 'তস্য পরম্ আম্রেড়িতম্' ইতি নির্দেশাৎ (৪)। যথা, গ্রামস্য পূর্বে বনম্ (inside the village).

---

(১) ভাষ্যের পাঠ অধিকতর স্পষ্ট—**তদ্ যুক্তাৎ কালে সপ্তমী বক্তব্যা। অধ্বনঃ প্রথমা চ সপ্তমী চেতি।**

(২) প্রাচ্ + অস্তাতি = প্রাচ্ ('অঞ্চের্লুক্' ইতি অস্তাতে র্লোপঃ, লুক্ তদ্ধিত লুকি)।

(৩) ততোঽন্যত্রাপি দৃশ্যতে ইতি দৃশিগ্রহণাৎ **ঋতে যোগে দ্বিতীয়াপি** সাধুঃ। তথাচ—ফলতি পুরুষারাধনমৃতে; ঋতে ধর্মং কুতঃ সুখম্; ঋতে সমুদ্রমন্তঃ কো বিভর্তি বড়বানলম্।

(৪) গ্রামস্য পূর্বে বনম্—গ্রামের মধ্যেই পূর্বদিকে বন (inside the village). গ্রামাৎ পূর্বে বনম্—গ্রাম হইতে বাহিরে পূর্বদিকে বন (outside the village).

কার্ত্তিক্যাঃ প্রভৃতীতি ভাষ্যপ্রয়োগাৎ প্রভৃত্যর্থযোগে পঞ্চমী—যথা, **ভবাৎ** প্রভৃতি আরভ্য বা সেব্যো হরিঃ। অত্র আরভ্যেতি অব্যয়স্য গ্রহণম্। আরভ্যেতি ক্রিয়াযোগে তু কর্মণি দ্বিতীয়ৈব। যথা, অবাচীমারভ্য; সমুদ্রমারভ্য তেন দৃষ্টম্।

অপ-পরি-বহিরিতি সমাসবিধানাজ্জ্ঞাপকাৎ বহির্যোগে পঞ্চমী—যথা, **গ্রামাৎ** বহিঃ। পূর্বং কায়স্যেতিবৎ অঙ্গাঙ্গিভাবসম্বন্ধবিবক্ষায়াং তু ষষ্ঠী স্যাৎ। তেন 'করস্য করভো বহিঃ' ইত্যমরসিংহবচনম্ উপপন্নম্।

৬৮। **পৃথগ্-বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্** (২।৩।৩২)—পৃথক্ বিনা নানা ইত্যেতৈঃ যোগে তৃতীয়া বিভক্তি র্ভবতি পঞ্চমীদ্বিতীয়ে চ।

পৃথক্, বিনা ও নানা (without) শব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, **রামেণ রামং রামাৎ** বা পৃথক্ (other than); **শ্রমং শ্রমেণ শ্রমাৎ** বা বিনা (without); নানা **জ্ঞানং জ্ঞানেন জ্ঞানাৎ** বা সুখং নাস্তি।

৬৯। **দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্** (২।৩।৩৪)—দূরার্থৈঃ অন্তিকার্থৈশ্চ শব্দৈ র্যোগে ষষ্ঠী স্যাৎ পঞ্চমী চ।

দূরার্থ ও **অন্তিকার্থ শব্দের যোগে** প্রাতিপদিকের উত্তর পঞ্চমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, দূরং **গ্রামাৎ গ্রামস্য** বা; অন্তিকং **মন্দিরাৎ মন্দিরস্য** বা; নিকটং **তীর্থাৎ তীর্থস্য** বা।

৭০। **দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ** (২।৩।৩৫)—বিশেষ্যেভ্যঃ দূরার্থেভ্যঃ অন্তিকার্থেভ্যশ্চ শব্দেভ্যঃ দ্বিতীয়া বিভক্তি র্ভবতি পঞ্চমীতৃতীয়ে চ। সপ্তম্যধিকরণে চেতি চকারাৎ সপ্তমী চ। **প্রাতিপদিকার্থমাত্রে বিধানম্।**

বিশেষ্য **দূরার্থ** ও **অন্তিকার্থ শব্দের উত্তর** দ্বিতীয়া, তৃতীয়া পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, গ্রামস্য **দূরং দূরেণ দূরাৎ দূরে বা** বসতি; নগরস্য **অন্তিকম্ অন্তিকেন অন্তিকাৎ অন্তিকে বা** তিষ্ঠতি। বিশেষণ হইলে হয় না। যথা, দূরঃ পন্থাঃ; দূরায় পথে; অন্তিকঃ গ্রামঃ; অন্তিকস্য গ্রামস্য। এবং বিশেষণেভ্যো যথাযোগ্যং বিভক্তয়ো ভবন্তি।

৭১। **পঞ্চম্যপাঙ্-পরিভিঃ** (২।৩।১০)—এভিঃ কর্মপ্রবচনীয়ৈঃ যোগে পঞ্চমী স্যাৎ।

অপ, আঙ্ ও পরি এই তিনটি কর্মপ্রবচনীয়ের (১) যোগে পঞ্চমী হয়। যথা, অপ **হরেঃ** সংসারঃ, পরি **হরেঃ** সংসারঃ (হরিং বর্জয়িত্বা সংসার ইত্যর্থঃ); মর্যাদায়াম্—আ **মরণাৎ** শিবং পূজয়; আ **মুক্তেঃ** সংসারঃ। অভিবিধৌ—আ **সকলাৎ** ব্রহ্ম; আ **বাল্যাৎ** শিবং পূজয়।

৭২। **প্রতিনিধি-প্রতিদানে চ যস্মাৎ** (২।৩।১১)—যস্মাৎ প্রতিনিধিঃ প্রতিদানং চ প্রতিনা কর্ম-প্রবচনীয়েন যোগে তস্মাৎ পঞ্চমী স্যাৎ।

যাহার প্রতিনিধি (তৎস্থানীয় ব্যক্তি বা বস্তু) ও প্রতিদান (barter, exchange) বুঝায়, 'প্রতি' এই কর্মপ্রবচনীয় (২) যোগে তাহার উত্তর পঞ্চমী হয়। যথা, পুত্রঃ **পিতুঃ** প্রতি (The son is a representative of his father); প্রদ্যুম্নঃ **কৃষ্ণাৎ** প্রতি। প্রতিদানে—**তিলেভ্যঃ** প্রতি মাষান্ যচ্ছতি (He is offering sesamum in exchange of Mashas).

Exercise

1. *Translate into Bengali and account for case-endings in words in bold type :—*

মতিরেব **বলাদ্** গরীয়সী। মিত্রাদন্যঃ কো মাং পরিত্রাতুং সমর্থঃ? নাস্তি **সত্যাৎ** পরো ধর্মো ন চ **দৈবাৎ** পরং বলম্। আ **পরিতোষাদ্** বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্। শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ **পরধর্মাদ্** ভয়াবহাৎ। শীলাদৃতে সুধী র্ন স্যাৎ। কথামহম্ আ **মূলাৎ** শ্রোতুমিচ্ছামি। **ভোজনাৎ** প্রাক্ পাণিপাদং প্রক্ষালয়েৎ। ন ত্র্যম্বকাদন্যম্ উপাস্থিতাসৌ। 'প্রজানাং **বিনয়াধানাদ্** রক্ষণাদ্ ভরণাদপি। স পিতা পিতরস্তাসাং কেবলং

(১) **অপপরী বর্জনে** (১।৪।৮৮)—বর্জন অর্থে অপ ও পরি কর্মপ্রবচনীয় হয়। **আঙ্ মর্যাদা-বচনে।** (১।৪।৮৯)—মর্যাদা ও অভিবিধি অর্থে আঙ্ কর্মপ্রবচনীয় হয়। **তেন বিনা মর্যাদা, তেন সহ অভিবিধিঃ।**

(২) **প্রতিঃ প্রতিনিধি-প্রতিদানয়োঃ** (১।৪।৯২)—প্রতিনিধি ও প্রতিদান অর্থে 'প্রতি' কর্মপ্রবচনীয় হয়।

জন্মহেতবঃ ॥' **জন্মনঃ** প্রভৃতি বল্লভা মে লবঙ্গিকা। শোকার্তস্য **বিবিক্তাৎ** ঋতে অন্যৎ শরণং নাস্তি। **ত্বৎপ্রসাদাৎ** অদ্য মে চরিতার্থা শ্রোত্রবৃত্তিঃ। ইতি চিন্তাবতীং **কৃচ্ছ্রাৎ** সমাগচ্ছৎ কপিধ্বজঃ। নাস্তি ঘটঃ **অনুপলব্ধেঃ**। ময়া **তীর্থাৎ** অভিনয়বিদ্যা শিক্ষিতা। **আমেখলং** সঞ্চরতাং ঘনানাম্। কথ্যতাং **কুতো** ভবত্যঃ পরিত্রাতব্যাঃ। **সর্বদ্রব্যেষু** বিদ্যৈব দ্রব্যমাহুরনুত্তমম্। অহার্যত্বাদনর্ঘত্বাদক্ষয়ত্বাচ্চ সর্বদা ॥ সত্যধর্মাৎ পরং নাস্তি **মৌনাৎ** সত্যং বিশিষ্যতে।

2. *Distinguish between* :—নটস্য গীতং শৃণোতি, নটাৎ গীতং শৃণোতি ; দুর্জনাৎ ভয়ম্ ; দুর্জনস্য ভয়ম্ ; শত্রুং পরাজয়তে, শত্রোঃ পরাজয়তে ; গ্রামাৎ পূর্বে বনম্, গ্রামস্য পূর্বে বনম্ ; ভয়স্য হেতুঃ আয়াতি, ভয়স্য হেতোঃ আয়াতি।

3. *Correct* :—পাঠে ন বিরমেৎ ছাত্রঃ। ন কস্য মরণে ভয়ম্। ধনেন ঋতে সুখং ন ভবতি। বর্ষাসু গৃহস্য বহিঃ কঃ তিষ্ঠতি? রাজরোষে সর্বং নশ্যতি। নাহং শ্বানং বিভেমি। শ্রুতং ময়া দৈবজ্ঞমুখে। বিবাহস্য পঞ্চম দিনে স মমার। ত্বং বিনা নাস্তি মে মিত্রম্। আ মুক্তিং হরিং ভজেৎ। গোময়ে বৃশ্চিকো জায়তে। জন্ম প্রভৃতি স শিবং পূজয়তি। প্রাতে স শয্যাং উত্তিষ্ঠতি। ধূর্তং সর্বে বিভ্যতি। বৃদ্ধা রোদিতি শোকায়। আ বনং বৃষ্টো দেবঃ।

4. *Translate into Sanskrit* :—

We can learn many things from a learned man. When the king fell in the battle, the whole army fled away for fear of life. He does not disist from sin though he knows that ruin results from sin Before going to bed remember God everyday. Jumping from one tree to another Hanuman at last saw Sita at the foot of the Asoka tree. She was highly afraid of Ravana and saw no means of release from this enemy. Do not desist from the work which you have once undertaken to perform. The boys should be taught by their teachers to shrink from evil pursuits. Some years ago a hermit lived in this city who hid himself from all great men. He found the society of luxury quite unbearable and tried to prevent all who came to him from its pursuit. My husband lives at a great distance in the north. How can he be informed of Ravana's abode situated in the south

of the sea. Noble men do not stop from their pursuit so long as they do not get their desired object. Sita was dear to Ramchandra than his life. Yet he left her on account of popular calumny. Ever since the day on which I happened to see her, my mind has become perturbed and I do not think even of taking my food on account of constantly thinking of her. Expectant of favours we have long put up with the torments of the wicked; when then, O Hope, wilt thou cease to work?

ষষ্ঠী বিভক্তি

৭৩। **ষষ্ঠী শেষে** (২।৩।৫০)—কারক-প্রাতিপদিকার্থ-ব্যতিরিক্তঃ স্বস্বামিভাবাদিসম্বন্ধঃ শেষঃ; তত্র ষষ্ঠী স্যাৎ (১)।

সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **রাজ্ঞঃ** পুরুষঃ; **নদ্যাঃ** জলম্; **বৃক্ষস্য** পত্রম্; তব হস্তঃ; **শিশোঃ** সরলতা।

কর্মাদীনামপি সম্বন্ধমাত্রবিবক্ষয়া ষষ্ঠ্যেব—কর্মপ্রভৃতি কারকের স্থলেও সম্বন্ধমাত্র বিবক্ষায় ষষ্ঠী হয়। যথা, ভজে শম্ভোশ্চ**রণয়োঃ**; **নারায়ণস্য** অনুকরোতি; স্নিহ্যতি স **সর্বস্য**; সা লক্ষ্মীরুপকুরুতে যয়া **পরেষাম্**; **সর্পিষো** জানীতে; **মাতুঃ** স্মরতি; **কস্য** বাপকৃতং ময়া; **কস্য** বা অন্যস্য কথয়ামি; **অজ্ঞাতকুলশীলস্য** বাসো দেয়ো ন কস্যচিৎ; শৃণু মে গদতো বৃত্তম্। এই সকল স্থলে 'শেষে ষষ্ঠী বা সম্বন্ধ বিবক্ষয়া ষষ্ঠী' বলা হয়।

৭৪। **কর্তৃকর্মণোঃ কৃতি** (২।৩।৬৫)—কৃদ্‌যোগে কর্তরি কর্মণি চ ষষ্ঠী স্যাৎ।

কৃৎপ্রত্যয়ান্ত শব্দের প্রয়োগে কর্তা ও কর্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, (কর্তরি) **শিশোঃ** শয়নম্; **অশ্বস্য** গতিঃ; **মম** উক্তিঃ; **সূর্যস্য** উদয়ঃ। (কর্মণি)

---

(১) **উক্তাদন্যঃ শেষঃ**—যাহা বলা হইয়াছে, তাহার পরে যাহা অবশিষ্ট আছে তাহাকে শেষ বলে। কারকার্থ কর্তৃকর্মাদি এবং প্রাতিপদিকার্থ অভিধেয় প্রভৃতিতে কখন্ কোন্ বিভক্তি হয়, তাহা বলা হইয়াছে। ইহা ছাড়া যাহা আছে তাহাই শেষ বা অবশিষ্ট। এইরূপে শেষ শব্দদ্বারা স্ব-স্বামিভাব, অবয়বাবয়বিভাব, জন্যজনকভাব, আধারাধেয়ভাব প্রভৃতি সম্বন্ধ পাওয়া গেল। তাহাতে ষষ্ঠী হয় অর্থাৎ কারকার্থ ও প্রাতিপদিকার্থ ব্যতীত অন্য সকল স্থানে ষষ্ঠী হয়।

সুখস্য ভোগঃ; চন্দ্রস্য দর্শনম্; দুগ্ধস্য পানম্; অর্থস্য লাভঃ; অন্নস্য পাকঃ; বিশ্বস্য কর্তা।

গুণকর্মণি বেষ্যতে—প্রধানে নিয়তা ষষ্ঠী গৌণে তূভয়থা ভবেৎ। কৃৎপ্রত্যয় দ্বারা দ্বিকর্মক ধাতুর উভয় কর্ম অনুক্ত হইলে, কৃৎপ্রত্যয়ের যোগে গৌণকর্মে বিকল্পে এবং প্রধান কর্মে নিত্য ষষ্ঠী হয়। যথা, নেতা অশ্বস্য (মুখ্যকর্ম) স্রুঘ্নস্য স্রুঘ্নং বা (গৌণকর্ম); ভক্তঃ কৃষ্ণস্য মোক্ষস্য মোক্ষং বা যাচকঃ; গোপঃ দুগ্ধস্য গোঃ গাং বা দোগ্ধা (১)।

কৃতি কিম্? তদ্ধিতে মা ভূৎ, কৃতপূর্বী কটম্ (২)।

৭৫। **উভয়প্রাপ্তৌ কর্মণি** (২।৩।৬৬)—উভয়োঃ কর্তৃকর্মণোঃ প্রাপ্তিঃ যস্মিন্ কৃতি, তত্র কর্মণ্যেব ষষ্ঠী স্যাৎ।

যে স্থলে কর্তা ও কর্ম উভয়ের উত্তরই যুগপৎ ষষ্ঠী হইবার সম্ভাবনা, সেখানে কেবল কর্মেই ষষ্ঠী হয়। তখন কর্তায় অনুক্ত কর্তায় তৃতীয়া হয়। যথা, দুগ্ধস্য পানং শিশুনা; ছাত্রেণ পুস্তকস্য পাঠঃ; নৃপেণ ধনস্য দানম্; পাচকেন অন্নস্য পাকঃ; আশ্চর্যঃ গবাং দোহঃ অগোপেন।

স্ত্রীপ্রত্যয়য়োরকাকারয়োঃ নায়ং নিয়মঃ—'স্ত্রিয়াং ক্তিন্' এই অধিকারে বিহিত 'অক' ও 'অ' এই দুই কৃৎপ্রত্যয়ের প্রয়োগে এই নিয়ম খাটে না অর্থাৎ ইহাদের কর্তা কর্ম উভয়েতেই ষষ্ঠী হয়। যথা, ভেদিকা বিভিৎসা বা রুদ্রস্য জগতঃ (রুদ্র কর্তৃক জগতের ভেদ বা ভেদের ইচ্ছা)।

শেষে বিভাষা—'অক' ও 'অ' ভিন্ন অন্য প্রত্যয়ের কর্তায় বিকল্পে ষষ্ঠী হয়। যথা শব্দানাম্ অনুশাসনম্ আচার্যেণ আচার্যস্য বা। (৩)

---

(১) এই সূত্রের প্রতিপাদ্য বিষয় সম্বন্ধে মতভেদ আছে।

(২) ননু কর্তা কর্ম চ ধাত্বোরেব ভবতঃ। ধাতোশ্চ দ্বয়ে প্রত্যয়াঃ কৃতঃ তিঙশ্চ। তত্র তিঙ্ প্রয়োগে কটং করোতীত্যাদৌ 'ন লোকাব্যয়—'ইতি প্রতিষেধাৎ কৃদ্‌যোগে এব ষষ্ঠী ভবিষ্যতি, তস্মাৎ কিং কৃদ্‌গ্রহণেন ইতি প্রশ্নঃ। কৃতপূর্বী কটম্ ইত্যত্র ভাবে ক্তস্য কর্তরি ইনিপ্রত্যয়স্য চ বিধানাৎ করোতি-ক্রিয়াপেক্ষম্ অনভিহিতং কর্মত্বং কটস্য অস্ত্যেব। অতঃ কটম্ ইত্যত্র ষষ্ঠী স্যাৎ, তদ্ধিতাধিক্যে তু সা মা ভূদিত্যেতদর্থং কৃদ্‌গ্রহণং কর্তব্যমেব।

(৩) কেহ কেহ বলেন যে এই বিকল্প কেবল মাত্র স্ত্রীপ্রত্যয়েরই হইয়া থাকে। যথা, বিচিত্রা জগতঃ কৃতি হরেঃ হরিণা বা। কিন্তু সাধারণতঃ সকল প্রত্যয় সম্বন্ধেই এই নিয়ম প্রযুক্ত হইতে দেখা যায়।

৭৬। **ন লোকাব্যয়-নিষ্ঠা-খলর্থ-তৃনাম্** (২।৩।৬৯)—এষাং প্রয়োগে কর্তরি কর্মণি চ ষষ্ঠী ন স্যাৎ। 'কর্তৃকর্মণোঃ কৃতি' ইতি প্রাপ্তা ষষ্ঠী ইহ প্রতিষিধ্যতে।

ল-প্রত্যয়, (দশ লকার এবং লাদেশ—শতৃ শানচ্, ক্বসু, কানচ্ স্যতৃ, স্যমান), উ-প্রত্যয়, উক-প্রত্যয়, অব্যয়প্রত্যয় (তুমুন্, ক্ত্বা, ল্যপ্, ণমুল), নিষ্ঠাপ্রত্যয় (ক্ত, ক্তবতু), খলর্থ-প্রত্যয় (খল্ ও যুচ্), তৃন্‌প্রত্যাহারান্তর্গত (শানন্, চানশ্, শতৃ ও তৃন্) প্রত্যয়ের যোগে কর্তায় ও কর্মে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, শতৃ—স **চন্দ্রং** পশ্যন্ হসতি ; শানচ্—শিষ্যঃ **গুরুং** সেবমানঃ বর্ধতে ; ক্বসু—**গ্রামং** জগ্মিবান্, কানচ্—**কটং** চক্রাণঃ ; স্যতৃ—**গৃহং** গমিষ্যন্ ; স্যমান্—**গুরুং** সেবিষ্যমাণঃ ; উ—**হরিং** দিদৃক্ষুঃ, **জলং** পিপাসুঃ, **অর্থং** গৃধ্নুঃ, **রণং** জিষ্ণুঃ, **আত্মানম্** অলঙ্করিষ্ণুঃ ; উক—**দৈত্যান্** ঘাতুকঃ হরিঃ, **নদীং** গামুকঃ বালকঃ, **জলং** বর্ষুকো মেঘঃ ; অব্যয়—**পুস্তকং** পঠিতুং গচ্ছতি, **অন্নং** ভুক্ত্বা গমিষ্যতি, **মাতরং** প্রণম্য গচ্ছ, **মাতরং** স্মারং স্মারং শিশুঃ রোদিতি ; নিষ্ঠা—রামেণ **রাক্ষসাঃ** হতাঃ, স **জলং** পীতবান্ ; খলর্থ (১)—ইদং **ময়া** সুলভম্, **ত্বয়া** দুঃশাসনো রিপুঃ, ঈষৎপানঃ সোমো **ভবতা** ; তৃন্ প্রত্যাহার (২)—(শানন্) **সোমং** পবমানঃ, (চানশ্) **আত্মানং** মণ্ডয়মানঃ ; (শতৃ) **বেদম্** অধীয়ন্ (৩), (তৃন্) **কটম্** কর্তা (৩)।

দ্বিষঃ শতুর্বা—তৃন্ প্রত্যাহারান্তর্গত শতৃপ্রত্যয় নিষ্পন্ন (৪) দ্বিষ্ ধাতুর কর্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **মুরস্য মুরং** বা দ্বিষন্ (শত্রুঃ) হরিঃ।

(১) ঈষদ্-দুঃসুষু কৃচ্ছ্রাকৃচ্ছ্রার্থেষু খল্ ইতি খল্‌প্রত্যয়ঃ। অর্থ-গ্রহণাৎ 'ঈষৎপানঃ সোমঃ ভবতা' ইত্যপি উদাহর্তব্যম্।

(২) শতৃশানচাবিতি তৃশব্দাৎ আরভ্য তৃনো নকারেণ অয়ং প্রত্যাহারঃ, তেন অমী চত্বারঃ প্রত্যয়াঃ পরিগণয়িতব্যাঃ।

(৩) **ইঙ্‌ধার্যোঃ শত্রকৃচ্ছ্রিণি** (৩।২।১৩০)—ইঙ্ ধাতোঃ ধারি ধাতোশ্চ শতৃপ্রত্যয়ো ভবতি অকৃচ্ছ্রিণি কর্তরি। যথা, বেদম্ অধীয়ন্ ; উপনিষদং ধারয়ন্। অকৃচ্ছ্রিণি কিম্—কৃচ্ছ্রেণ অধীতে ; কৃচ্ছ্রেণ ধারয়তি। **অধীয়ানঃ** (অধি—ইঙ্ + শানচ্)= কষ্টেন পঠন্। **অধীয়ন্** (অধি—ইঙ্ + শতৃ)—অকৃচ্ছ্রেণ পঠন্। কটান্ কর্তা (কৃ + তৃন্)= কট প্রস্তুতকারক ; কটানাং কর্তা (কৃ + তৃচ্)= কট প্রস্তুত করা যাহার স্বভাব।

(৪) দ্বিষোঽমিত্রে (৩.২।১৩১) ইতি বিহিতো যঃ শতৃপ্রত্যয়ঃ তৎপ্রযোগে বা ষষ্ঠী নিষেধঃ।

কমেররনিষেধঃ—উকঞ্‌ প্রত্যয়ান্ত কম্‌ ধাতুর কর্মে ষষ্ঠীর নিষেধ নাই। যথা, **ধনস্য** কামুকঃ নরঃ।

সর্বোঽয়ং কারকষষ্ঠ্যাঃ নিষেধঃ, শেষে ষষ্ঠী তু স্যাদেব—এই সকল স্থলে কারক ষষ্ঠীরই নিষেধ, কিন্তু শেষে বা সম্বন্ধ বিবক্ষায় ষষ্ঠী হইতে পারে (১)। যথা, ব্রাহ্মণস্য কুর্বন্‌, নরকস্য জিষ্ণুঃ, ছাত্রস্য হসিতম্‌ তস্যাহং সুলভঃ পার্থ যো মাং স্মরতি নিত্যশঃ। ইক্ষ্বাকূণাং দুরাপেঽর্থে ত্বদধীনা হি সিদ্ধয়ঃ (অথবা ইক্ষ্বাকূণাং সিদ্ধয় ইত্যন্বয়ঃ)। অপি বাগধিপস্য দুর্বচং বচনং তদ্‌ বিদধীত বিস্ময়ম্‌ (অথবা অত্রাপি বাগধিপস্য বিস্ময়ম্‌ ইত্যন্বয়ঃ, তেন ন দোষঃ)।

৭৭। **অকেনোর্ভবিষ্যদাধমর্ণ্যয়োঃ** (২।৩।৭০)—ভবিষ্যতি কালে বিহিতস্য অকস্য, ভবিষ্যতি আধমর্ণ্যে চ বিহিতস্য ইনশ্চ প্রয়োগে কর্মণি ষষ্ঠী ন স্যাৎ।

ভবিষ্যৎ কালে বিহিত অক (ণ্বুল্‌) প্রত্যয়ের এবং ভবিষ্যৎকালে ও ঋণ-পরিশোধ অর্থে বিহিত ইনি প্রত্যয়ের প্রয়োগে **কর্মে ষষ্ঠী হয় না** (২)। যথা, **সতঃ** (সাধূন্‌) পালকঃ অবতরতি, **কটং** কারকো ব্রজতি, **ওদনং** ভোজকো গচ্ছতি; **গ্রামং** গমী, **গ্রামং** গামী, **শতং** দায়ী, **সহস্রং** দায়ী। 'ণ্বুল্‌ তৃচৌ—' এই সূত্রে বিহিত ণ্বুল্‌ প্রত্যয়ের কর্মে ষষ্ঠী হয়। যথা, ওদনস্য পাচকঃ, পুত্র-পৌত্রাণাং দর্শকঃ ইত্যাদি।

৭৮। **ক্তস্য চ বর্তমানে** (২।৩।৬৭)—বর্তমানকাল-বিহিতস্য ক্ত-প্রত্যয়স্য কর্তরি ষষ্ঠী স্যাৎ। অয়ং 'ন লোকে'তি নিষেধস্য অপবাদঃ।

বর্তমান কালে (৩) বিহিত ক্তপ্রত্যয়ের যোগে **কর্তায় ষষ্ঠী বিভক্তি হয়**। যথা, এতৎ **মম** মতম্‌; ইদং **সর্বেষাং** বিদিতম্‌; বিদ্বান্‌ **সর্বেষাং** পূজিতঃ (৪); অহমেব মতো **মহীপতেঃ**; কিং **প্রজ্ঞাবতাম**বিদিতম্‌ অস্তি।

---

(১) নবীনাস্তু কারকষষ্ঠীনিষেধবিষয়ে শেষে ষষ্ঠী ন ভবতীতি বদন্তি। এতচ্চ শেখরতঃ অবগন্তব্যম্‌।

(২) অত্র তুমুন্‌ণ্বুলৌ ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়াম্‌ ইতি ণ্বুল্‌, ভবিষ্যতি গম্যাদয়ঃ ইতি আবশ্যকা-ধমর্ণ্যয়োর্ণিনি ইতি চ ণিন্‌।

(৩) অত্র 'মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ' ইতি ক্ত প্রত্যয়ঃ।

(৪) সতাং পূজিতঃ (is honoured), সদ্ভিঃ পূজিতঃ (was honoured)।

অতীতকালবিহিত ক্তপ্রত্যয়ের কর্তায় সর্বদা তৃতীয়া হয়। যথা, ন খলু বিদিতাস্তে চাণক্যহতকেন।

৭৯। **অধিকরণবাচিনশ্চ** (২।৩।৬৮)—'ক্তোঽধিকরণে চ—' ইতি অধিকরণবাচ্যে বিহিতস্য ক্ত-প্রত্যয়স্য কর্তরি ষষ্ঠী স্যাৎ। অয়মপি 'ন লোকে' ইতি নিষেধস্য অপবাদঃ।

অধিকরণবাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের **কর্তায় ষষ্ঠী হয়**। যথা, ইদম্ **এতেষাং** শয়িতম্ (শয্যতে অস্মিন্ ইতি, শয্যা ইত্যর্থঃ); এতৎ **মম** আসিতম্ (আস্যতে অস্মিন্ ইতি, আসনমিত্যর্থঃ), অদঃ **রাজ্ঞঃ** গতম্ (গম্যতে অস্মিন্ ইতি, গতিপথ ইত্যর্থঃ)।

৮০। **কৃত্যানাং কর্তরি বা** (২।৩।৭১)—কৃত্যপ্রত্যয়ানাং প্রয়োগে কর্তরি ষষ্ঠী বা স্যাৎ। 'কর্তৃ-কর্মণোঃ কৃতি' ইতি নিত্যং প্রাপ্তা ষষ্ঠী ইহ বিকল্প্যতে।

কৃত্য (তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্) প্রত্যয়ের (১) প্রয়োগে **কর্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়**। যথা, (তব্য) **মম** ময়া বা চন্দ্রঃ দ্রষ্টব্যঃ; (অনীয়) **সর্বেষাং** সর্বৈঃ বা বেদাঃ পঠনীয়াঃ; (ণ্যৎ) **বালকস্য** বালকেন বা কুসঙ্গ পরিত্যাজ্যঃ; (যৎ) **তব** ত্বয়া বা ইদং দেয়ম্; (ক্যপ্) **অস্মাকম্** অস্মাভি বা হরিঃ স্তুত্যঃ।

উভয়প্রাপ্তৌ কৃত্যে ষষ্ঠ্যাঃ প্রতিষেধো বক্তব্যঃ (কাশিকা)—দ্বিকর্মক ধাতুর একটি কর্ম কৃত্যপ্রত্যয়দ্বারা উক্ত হইলে এবং অপরটি অনুক্ত থাকিলে, অপর কর্মে ও কর্তায় ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, নেতব্যাঃ ব্রজং গাবঃ কৃষ্ণেন; দে গ্ধব্য গৌঃ দুগ্ধং গোপেন। **'কৃত্যানাম্' এবং 'কর্তরি বা' এইরূপ যোগবিভাগ দ্বারা এই বিষয় সিদ্ধ হয়।**

৮১। **জাসি-নিপ্রহণ-নাট-ক্রাথ-পিষাং হিংসায়াম্** (২।৩।৫৬)—হিংসার্থানাম্ এষাং ধাতূনাং কর্মণি শেষত্বেন বিবক্ষিতে ষষ্ঠী স্যাৎ। 'জসু তাড়নে' 'জসু হিংসায়াম্' ইতি চ চুরাদিঃ, তস্যেদং গ্রহণং ন তু দৈবাদিকস্য 'জসু মোক্ষণে

(১) তব্যানীয়ৌ ণ্যৎ যৎক্যপ্ পঞ্চৈতে কৃত্যসংজ্ঞকাঃ। ভাবে কর্মণি চৈতে স্যুর্ন ক্যচোঽস্ক কুত্রচিৎ।

ইত্যস্য, জানীতি নির্দেশাৎ হিংসায়ামিতি বচনাচ্চ। নিপ্রহণেত্যত্র নিপ্রৌ সংহতৌ বিপর্যস্তৌ ব্যস্তৌ বা। নট অবস্কন্দনে চুরাদিঃ।

হিংসা বুঝাইলে, জস্, নট্, ক্রথ্, পিষ্ এবং নি ও প্র-পূর্বক হন্ ধাতুর **কর্মে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়**। যথা, **চৌরস্য** উজ্জাসয়তি; **দুর্জনস্য** নিহন্তি, হন্তি, নিপ্রহন্তি প্রণিহন্তি বা, **ব্রহ্মদ্বিষস্তে** প্রণিহন্মি যেন; **চৌরস্য** উন্নাটয়তি ক্রাথয়তি পিনষ্টি বা। হিংসায়াং কিম্? ধানাঃ পিনষ্টি।

সম্বন্ধবিবক্ষা না থাকিলে কর্মকারকে দ্বিতীয়া হয়। যথা, চৌরম্ উজ্জাসয়তি, দেবযজান্ নিহন্মঃ।

৮২। **জ্ঞোঽবিদর্থস্য-করণে** (২।৩।৫১)—অজ্ঞানার্থস্য জানাতেঃ করণে (শেষত্বেন বিবক্ষিতে) ষষ্ঠী স্যাৎ। 'জানা' অর্থ না হইলে জ্ঞাধাতুর **করণকারকে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়**। যথা, তৈলে ঘৃতস্য জানীতে (ঘৃতবোধেন প্রবর্ততে), জলে মধুনঃ জানীতে (মধুবোধেন প্রবর্ততে) প্রবৃত্ত্যর্থক ইহ জ্ঞাধাতুঃ, তেনায়ম্ অবিদর্থঃ। অবিদর্থস্য ইতি কিম্? পিতা স্বরেণ পুত্রং জানীতে।

৮৩। **অধীগর্থদয়েশাং কর্মণি** (২।৩।৫২)—অধীগর্থাঃ স্মরণার্থাঃ (১)। দয় দানগতিরক্ষণেষু। ঈশ ঐশ্বর্যে। এষাং ধাতূনাং কর্মণি (শেষত্বেন বিবক্ষিতে) ষষ্ঠী স্যাৎ।

স্মরণার্থধাতু, দয়্ ধাতু এবং ঈশ্ ধাতুর **কর্মে সম্বন্ধবিবক্ষা থাকিলে ষষ্ঠী হয়**। যথা, বালকঃ **মাতুঃ** স্মরতি অধ্যেতি বা; ত্বং **দরিদ্রাণাং** দয়স্ব; পিতা **পুত্রস্য** ঈষ্টে। **সম্বন্ধবিবক্ষা না থাকিলে ষষ্ঠী হয় না।** যথা, **বালকঃ মাতরং স্মরতি**; ত্বং দরিদ্রান্ দয়স্ব; পিতা পুত্রম্ ঈষ্টে।

৮৪। **কৃঞঃ প্রতিযত্নে** (২।৩।৫৩)—সতো গুণান্তরাধানং প্রতিযত্নঃ। প্রতিযত্নে গম্যমানে কৃধাতোঃ কর্মণি (শেষত্বেন বিবক্ষিতে) ষষ্ঠী স্যাৎ। বর্তমান গুণ হইতে অধিকতর গুণ সম্পাদন করা অর্থে কৃধাতুর **কর্মকারকে সম্বন্ধবিবক্ষায়**

(১) ই-ধাতু তিনটি এবং তিনটিই অদাদি। ইহাদের প্রভেদ রাখিবার জন্য একটিকে ইক্, একটিকে ইণ্ এবং অপরটিকে ইঙ্ বলা হয়। ইক্—স্মরণ করা, ইহার ব্যবহার অধিপূর্বক, অধ্যেতি ইত্যাদি। ইণ্—গমন করা, এতি ইতঃ ইত্যাদি। ইঙ্—(অধিপূর্বক) অধ্যয়ন করা, অধীতে অধীয়াতে ইত্যাদি। এখানে অধিপূর্বক ইক্ ধাতুর দ্বারা স্মরণার্থ হইয়াছে।

ষষ্ঠী হয়। যথা, এধঃ (কাষ্ঠম্) **দকস্য** (জলস্য) উপস্কুরুতে ; শস্ত্রং **পত্রস্য** (বাণস্য) উপস্কুরুতে। 'উপাৎ প্রতিযত্ন—'ইতি সুট্। **প্রতিযত্নে ইতি কিম্?** **কটং করোতি।**

৮৫। **আশিষি নাথঃ** (২।৩।৫৫)—ইদং মে ভূয়াদেবম্ আশংসনম্ আশীঃ। আশিষি গম্যমানে নাথধাতোঃ কর্মণি (শেষত্বেন বিবক্ষিতে) ষষ্ঠী স্যাৎ।

'আমার ইহা হউক' এইরূপ আশা করাকে আশীঃ বলে। (ঐরূপ) আশা করা অর্থে নাথ্ ধাতুর **কর্মে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়**। যথা, **সর্পিষো** নাথতে (সর্পিঃ মে ভূয়াদেবম্ আশংসতে ইত্যর্থঃ)।

৮৬। **ব্যবহৃ-পণোঃ সমর্থয়োঃ** (২।৩।৫৭)—সমর্থয়োঃ সমানার্থয়োঃ। দ্যূতে ক্রয়-বিক্রয়-ব্যবহারে চ অনয়োঃ তুল্যার্থতা। দ্যূতক্রীড়াদৌ পণনার্থে ব্যব-পূর্বক-হৃধাতোঃ পণধাতোশ্চ কর্মণি (শেষত্বেন বিবক্ষিতে) ষষ্ঠী স্যাৎ।

পাশা খেলায় ও ক্রয় বিক্রয়ে 'পণ ধরা' অর্থে বি ও অব পূর্বক হৃ ধাতুর এবং পণ্ ধাতুর **কর্মে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়**। যথা, **শতস্য** ব্যবহরতি ; **সহস্রস্য** ব্যবহরতি ; **শতস্য** পণতে ; **সহস্রস্য** পণতে। 'স্তুতাবেব' ইতি বক্ষ্যমাণত্বাৎ আয়াভাবঃ।

৮৭। **দিবস্তদর্থস্য** (২।৩।৫৮)—ব্যবহৃ-পণ-সমানার্থস্য দীব্যতেঃ কর্মণি ষষ্ঠী স্যাৎ। **ইহ শেষ ইতি ন সম্বধ্যতে** (তত্ত্ববোধিনী)।

পাশা খেলায় ও ক্রয়-বিক্রয়ে 'পণ ধরা' অর্থে দিব্ ধাতুর **কর্মে ষষ্ঠী হয়**। যথা, শতস্য দীব্যতি ; সহস্রস্য দীব্যতি। তদর্থস্যেতি কিম্? ব্রাহ্মণং দীব্যতি স্তৌতীত্যর্থঃ। **বিভাষোপসর্গে** (২।৩।৫৯)—উপসর্গপূর্বক হইলে বিকল্পে ষষ্ঠী হয়। যথা, **শতস্য** শতং বা প্রতিদীব্যতি। **অত্রাপি শেষ ইতি ন সম্বধ্যতে।**

৮৮। **কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে** (২।৩।৬৪)—কৃত্বোঽর্থানাং প্রত্যয়ানাং প্রয়োগে কালে **অধিকরণে শেষে** ষষ্ঠী স্যাৎ।

'এতবার' এই অর্থে কৃত্বসুচ্ ও সুচ্ (১) প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগে কালবাচক

(১) সংখ্যায়াঃ ক্রিয়াভ্যাবৃত্তিগণনে কৃত্বসুচ্ (৫।৪।১৭), দ্বিত্রিচতুর্ভ্যঃ সুচ্ (৫।৪।১৮), একস্য সকৃচ্চ (৫।৪।১৯)। একবার—সকৃৎ, দুইবার—দ্বিঃ, তিনবার—ত্রিঃ, চারিবার—চতুঃ ; ইহারা সুচ্ প্রত্যয়ান্ত। ইহার পরে যাবতীয় শব্দের উত্তর কৃত্বসুচ্ হয়। যথা, পঞ্চকৃত্বঃ, ষট্‌কৃত্বঃ……শতকৃত্বঃ, সহস্রকৃত্বঃ ইত্যাদি। সুচ্ প্রত্যয়ের স্ এবং কৃত্বসুচ্ এর কৃত্বস্ থাকে।

অধিকরণে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়। যথা, **দিবসস্য** পঞ্চকৃত্বঃ আগচ্ছতি; **মাসস্য** শতকৃত্বঃ অবদৎ। **অহ্নঃ** ত্রিঃ স্বপিতি; **বর্ষস্য** চতুঃ গচ্ছতি। সম্বন্ধ-বিবক্ষা না থাকিলে অধিকরণে সপ্তমী হয়। যথা, অহনি দ্বিঃ অধীতে।

৮৯। **এনপা দ্বিতীয়া** (২।৩।৩১)—এনপ্‌প্রত্যয়ান্তেন যোগে দ্বিতীয়া স্যাৎ। **যোগবিভাগাৎ ষষ্ঠ্যপি স্যাৎ।**

এনপ্‌প্রত্যয়ান্ত (১) শব্দের যোগে দ্বিতীয়া ও ষষ্ঠী হয়। যথা, **গৃহং গৃহস্য বা** দক্ষিণেন; **বৃক্ষবাটিকাং বৃক্ষবাটিকায়াঃ বা** উত্তরেণ। (২)

৯০। **ষষ্ঠী হেতুপ্রয়োগে** (২।৩।২৬)—হেতোঃ প্রয়োগঃ হেতুপ্রয়োগঃ। হেতুশব্দস্য প্রয়োগে হেতৌ ষষ্ঠী স্যাৎ।

হেতুশব্দের প্রয়োগে হেতুবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **অন্নস্য** হেতোঃ বসতি; **ধনস্য** হেতোঃ রাজকুলং গচ্ছতি; **ভয়স্য** হেতোঃ কম্পতে। **অল্পস্য** হেতোর্বহু হাতুমিচ্ছসি। **হেতুবোধক শব্দের সহিত সমানাধিকরণ বলিয়া 'হেতু' শব্দেও ষষ্ঠী হয়।**

৯১। **সর্বনাম্নস্তৃতীয়া** চ (২।৩।২৭)—সর্বনাম্নো হেতুশব্দস্য প্রয়োগে হেতৌ তৃতীয়া স্যাৎ, ষষ্ঠী চ।

হেতুবোধক সর্বনাম হইলে হেতুশব্দের প্রয়োগে তৃতীয়া এবং ষষ্ঠী হয়। যথা, **কস্য হেতোঃ** স আগতঃ, **কেন হেতুনা** স আগতঃ; তস্য হেতোঃ স বসতি, তেন হেতুনা স বসতি। (এই সূত্র দুইটি নিষ্প্রয়োজন, পরবর্তী বার্তিকসূত্রদ্বারা উহাদের প্রয়োজন সিদ্ধ হয়)।

নিমিত্তপর্যায়প্রয়োগে সর্বাসাং প্রায়দর্শনম্ (বা)—হেতু বা নিমিত্ত-বোধক (নিমিত্ত, কারণ প্রয়োজন) শব্দের প্রয়োগে সর্বনাম শব্দের উত্তর

(১) এনবন্যতরস্যামদূরেঽপঞ্চম্যাঃ (৫।৩।৩৫)—উত্তর, দক্ষিণ ও অধর শব্দের উত্তর পঞ্চমী ভিন্ন সমস্ত বিভক্তিতে সামীপ্য অর্থে এনপ্‌ হয়। উত্তরেণ, দক্ষিণেন, অধরেণ। কোন কোন মতে যাবতীয় দিগ্‌বাচক শব্দের উত্তর এনপ্‌ হয়। যথা পূর্বেণ, অপরেণ।

(২) কথং তর্হি **'ধনপতিগৃহাদুত্তরেণাস্মদীয়ম্'** ইতি? 'উত্তরেণ' ইত্যেতৎ দূরাল্লক্ষ্যঃ সুরপতিধনুশ্চারুণা তোরণেন' ইতি তোরণসমানাধিকরণং তৃতীয়ান্তং ন তু এনবন্তম্। 'ধনপতি-গৃহানুত্তরেণাস্মদীয়ম্, ইতি কৈশ্চিৎ পঠ্যতে, তদা তু সম্যাগেব।

প্রথমাপ্রভৃতি সাত বিভক্তি হয়। যথা, কিং নিমিত্তং (প্রথমা ও দ্বিতীয়া) বসতি, কেন নিমিত্তেন, কস্মৈ নিমিত্তায় ইত্যাদি। এবং কিং কারণম্, কোঃ হেতুঃ, কিং প্রয়োজনমিত্যাদি। **প্রায়গ্রহণাদ্ অসর্বনাম্নঃ প্রথমাদ্বিতীয়ে ন স্তঃ।** যথা, জ্ঞানেন নিমিত্তেন হরিঃ সেব্যঃ, জ্ঞানায় নিমিত্তায় ইত্যাদি।

৯২। **ষষ্ঠ্যতসর্থপ্রত্যয়েন** (২।৩।৩০)—অতসর্থকপ্রত্যয়-যোগে দিক্-শব্দেভ্যঃ ষষ্ঠী স্যাৎ।

অতসর্থক-প্রত্যয়ান্ত (১) শব্দের যোগে ষষ্ঠী হয়। যথা, অস্তাতি—পুরস্তাৎ **গ্রামস্য**, উপরিষ্টাৎ **মঞ্চস্য**, অতসুচ্—দক্ষিণতঃ **গ্রামস্য**, উত্তরতঃ **গৃহস্য**; আতি—উত্তরাৎ **সমুদ্রস্য**, দক্ষিণাৎ **হিমবতঃ**; রিল্—**গৃহস্য** উপরি; রিষ্টাতিল্—বৃক্ষস্য **উপরিষ্টাৎ**; অসি—পুরঃ **গৃহস্য,** অধঃ **বৃক্ষস্য**।

৯৩। **তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়ান্যতরস্যাম্** (২।৩।৭২)—তুল্যার্থৈঃ যোগে ষষ্ঠী স্যাৎ, তুলোপমাশব্দৌ বর্জয়িত্বা অন্যৈর্যোগে তৃতীয়া চ স্যাৎ।

তুল্যার্থক (তুল্য, সদৃশ, সম, সমান প্রভৃতি) শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া-বিভক্তি হয়, কিন্তু তুলা ও উপমা শব্দের যোগে কেবল ষষ্ঠী হয়। যথা, **রামস্য রামেণ বা** তুল্যঃ (সদৃশঃ, সমো বা) বীরো নাস্তি; **কৃষ্ণস্য** তুলা (উপমা বা) নাস্তি। (২)

৯৪। **চতুর্থী চাশিষ্যায়ুষ্য-মদ্র-ভদ্র-কুশল-সুখার্থ-হিতৈঃ** (২।৩।৭৩) এতদর্থৈঃ শব্দৈঃ যোগে ষষ্ঠী চতুর্থ্যৌ স্তঃ আশিষি। ব্যাখ্যানাৎ সর্বত্র অর্থগ্রহণম্।

আশীর্বাদ বুঝাইলে আয়ুষ্য (long life), মদ্র (good fortune), ভদ্র, কুশল, সুখ অর্থ এবং হিতবাচক শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা, আয়ুষ্যং **কৃষ্ণস্য কৃষ্ণায়** বা ভূয়াৎ; মদ্রং (ভদ্রং বা) **রামস্য রামায়** বা

(১) অস্তাতি, অতসুচ্, আতি, রিল্, রিষ্টাতিল্, অসি—**এই কয়েকটিকে অতসর্থক প্রত্যয় বলে।** অস্তাতি—পুরস্তাৎ, অধস্তাৎ, অতসুচ্—উত্তরতঃ, দক্ষিণতঃ; আতি—উত্তরাৎ, পশ্চাৎ; রিল্—উপরি; রিষ্টাতিল্—উপরিষ্টাৎ; অসি—পুরঃ, অধঃ।

(২) কথং তর্হি '**তুলাং** যদারোহতি **দন্তবাসসা**' ইতি কালিদাসঃ, '**স্ফুটোপমং ভূতিসিতেন শম্ভুনা**' ইতি মাঘশ্চ? উচ্যতে—'**সহযুক্তেঽপ্রধানে**' **ইতি তৃতীয়া।** ন চাত্র সহশব্দযোগো নেতি শক্যম্, বিনাপি তদ্‌যোগং তৃতীয়েত্যভ্যুপগমাৎ।

ভূয়াৎ ; কুশলং **দেবদত্তস্য দেবদত্তায়** বা ভূয়াৎ ; **সজ্জনস্য সজ্জনায়** বা অর্থঃ ভূয়াৎ (May the honest have their aim fulfilled). **মিত্রস্য মিত্রায়** বা হিতং ভূয়াৎ।

Exercise

1. *Translate into Bengali and account for case endings in words in bold type :—*

ইক্ষ্বাকুবংশোঽভিমতঃ **প্রজানাম্**। বিচিত্রা **সূত্রস্য** কৃতিঃ **পাণিনেঃ**। উপদেশো হি **মূর্খাণাং প্রকোপায়** ন শান্তয়ে। আত্মনঃ প্রতিকূলানি **পরেষাং** না সমাচরেৎ। **অল্পস্য** হেতোর্বহু হাতুমিচ্ছন্ বিচারমূঢ়ঃ প্রতিভাসি মে **ত্বম্**। সর্বস্য লোচনং শাস্ত্রং যস্য নাস্ত্যন্ধ এব সঃ। পয়ঃপানং **ভুজঙ্গানাং** কেবলং বিষবর্ধনম্। তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি **সাগরম্**। বৈবস্বতো মনুর্নাম মাননীয়ো **মনীষিণাম্**। দ্যৌর্বর্ষুকা **পুষ্পচয়ং** বভূব। ব্রহ্মদ্বিষস্তে প্রণিহন্মি যেন। দৈবীনাং মানুষীণাঞ্চ প্রতিহর্তা ত্বমাপদাম্। দ্বেষ্যোঽপি সম্মতঃ শিষ্টস্তস্যার্তস্য যথৌষধম্। প্রভবতি নিজস্য **কন্যকাজনস্য** মহারাজঃ। শ্বাপদানুসরণৈঃ মম **গাত্রাণা**মনীশোঽস্মি। শৈলাধিপস্যানুচকার **লক্ষ্মীম্**। অয়ি ভাগীরথীপ্রসাদাৎ **বনদেবতানামপি** অদৃশ্যাসি সঞ্জাতা। পণস্ব **কৃষ্ণাং** পাঞ্চালীম্। কাপি মহতী বেলা বর্ততে **তব** অদৃষ্টস্য। ন খলু স উপরতো যস্য বল্লভো জনঃ স্মরতি।

2. *Distinguish between :—*

সর্বৈঃ পূজিতঃ, সর্বেষাং পূজিতঃ ; ময়া বিদিতম্, মম বিদিতম্ ; অন্নং ভোক্তা অন্নস্য ভোক্তা ; দুঃখস্য হেতুঃ আয়াতঃ, দুঃখস্য হেতোঃ আয়াতঃ ; সদ্ভিঃ মতঃ, সতাং মতঃ ; বেদম্ অধীয়ন্, বেদম্ অধীয়ানঃ।

3. *Correct :*—জলং পানং কুরুং। বিদ্যা সর্বস্য ন সুলভা। গৃহাৎ উত্তরেণ বনম্। কৃষ্ণেন উপমা নাস্তি। কস্য হেতু ত্বমাগতঃ। তব মে চ সখ্যমস্তি। দিবসে ত্রিঃসন্ধ্যামুপাসীত। দীনস্য মম প্রতি দয়ালু ভব। মাং পুরঃ কথমেবং জল্পসি। বীরস্য দুর্গমঃ নাস্তি।

4. *Translate into Sanskrit :—*

Good books are dearer to clever students than fine clothes. In the reign of Sushena every one of his subjects thought that he was respected and liked by the king. A long time has passed since the venerable lady went to see Malavika. What difference is there between men and beasts if the former imitate the latter in their actions ? The order of my elders will only have power over my body but not over my mind. This forest is like the garden of Nandana and is well protected by the lord of Rakshasas. He has been staying here for the last two months that he might he acquainted with the learned men of the city. Conquer your mind first ; all the other senses will be conquered thereby. Speak the truth and do not deviate from the path of your fore-fathers. Great was his grief when he saw the four princes dead and he looked round to see who had killed them. Obey your parents ; respect the learned ; never speak one word of censure to others and be content with your position. Repeat but once the name of Siva and say your prayers three times in the day and you will be saved from this danger. Good men prove their usefulness by deeds and not by words ; so they do not brag. The more deligently you study the fewer will be your chances of failure and the greater the possibility of success.

অধিকরণকারক

৯৫। **আধারোঽধিকরণম্** (১।৪।৪৫)—আধ্রিয়তে ক্রিয়া অস্মিন্ ইতি আধারঃ। **কর্তৃকর্মদ্বারা** (১) তন্নিষ্ঠক্রিয়ায়াঃ যঃ আধারঃ তৎকারকম্ অধিকরণ-সংজ্ঞং স্যাৎ। আধারঃ ত্রিবিধঃ—ঐকদেশিকঃ, অভিব্যাপকঃ, বৈষয়িকশ্চ।

(১) **অধিকরণ ক্রিয়ার সাক্ষাৎ আধার নহে।** ক্রিয়ার সাক্ষাৎ আধার কর্তা ও কর্ম। কর্তা ও কর্মের আধার অধিকরণ। এইজন্য পরম্পরাসম্বন্ধে ক্রিয়ার আধার অধিকরণ। যথা, বালকঃ কটে আস্তে—এখানে উপবেশন ক্রিয়া আছে কর্তা বালকে, আবার বালক আছে মাদুরে; এইজন্য পরম্পরাভাবে উপবেশন ক্রিয়ার আধার মাদুর। এইরূপ, স্থাল্যাম্ ওদনং পচতি—এখানে পাক-ক্রিয়া আছে কর্ম ওদনে এবং ওদন আছে স্থালীতে। এইরূপে পরম্পরা-ভাবে স্থালী পাকক্রিয়ার আধার। অধিকরণকারক সর্বত্রই এইরূপ কর্তা ও কর্মের দ্বারা ক্রিয়ার আধার হয়।

কর্তৃকর্মব্যবহিতাম্ অসাক্ষাদ্ ধারয়ৎ ক্রিয়াম্।
উপকুর্বৎ ক্রিয়াসিদ্ধৌ শাস্ত্রেঽধিকরণং স্মৃতম্॥ (বাক্যপদীয়ে)

ক্রিয়ার আধারকে অধিকরণকারক বলে। যথা, ঐকদেশিক (বা ঔপশ্লেষিক)—**বনে** বসতি, **নদ্যাং** স্নাতি, **গৃহে** তিষ্ঠতি, **শয্যায়াং** শেতে, **কটে** আস্তে; **গলে** বদ্ধা গৌঃ নীয়তে, **করে** ধৃত্বা প্রাহ, **কেশেষু** গৃহীতঃ (১); **প্রভাতে** শয্যাং মুঞ্চ, **বর্ষাসু** মেঘো বর্ষতি (২); অভিব্যাপক—**দুগ্ধে** মাধুর্যম্ অস্তি, **তিলেষু** তৈলম্ বিদ্যতে, **বহ্নেঃ** দাহিকাশক্তিরস্তি; বৈষয়িক—**বিদ্যায়াম্** অনুরাগঃ, **ধর্মে** মতিঃ, **গুরৌ** ভক্তিঃ, **জলে** ইচ্ছা

সপ্তমী বিভক্তি

৯৬। **সপ্তম্যধিকরণে চ** (২।৩।৩৬)—অধিকরণকারকে সপ্তমী স্যাৎ। চকারাৎ দূরান্তিকার্থেভ্যশ্চ সপ্তমী স্যাৎ। **'দূরান্তিকার্থেভ্য'—ইতি বিভক্তিত্রয়েণ সহ চতস্রোঽত্র বিভক্তয়ঃ ফলিতাঃ।**

অধিকরণকারকেও (৩) সপ্তমী বিভক্তি হয়। যথা, বালকঃ **কটে** আস্তে; স **স্থাল্যাম্** ওদনং পচতি; **বর্ষাসু** বৃষ্টির্ভবতি।

দূরার্থক ও অন্তিকার্থক শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমী হয়। গ্রামস্য (গ্রামাদ্ বা) দূরং, দূরেণ, দূরাৎ দূরে বা। এইরূপ অন্তিকার্থক শব্দের যোগেও হইবে।

৯৭। **ক্তস্যেন্-বিষয়স্য কর্মণি** (বা)—ইষ্টাদিভ্যশ্চেতি ইনি-বিষয়স্য ক্ত-প্রত্যয়স্য কর্মণি সপ্তমী স্যাৎ

(১) শরীরীর অঙ্গ বিশেষকে পৃথক্‌ভাবে গ্রহণ করার নাম অবচ্ছেদ। অবচ্ছেদ যদিও **ঐকদেশিক আধারের অন্তর্গত**, তথাপি অনেক সময়ে ইহাকে **'অবচ্ছেদে সপ্তমী'** বলে। **ঐকদেশিকের অন্য নাম ঔপশ্লেষিক।** যথা, গলে বদ্ধা গৌঃ নীয়তে; করে ধৃত্বা প্রাহ; কেশেষু গৃহীতঃ।

(২) কালবাচক শব্দ আধার হইলে অনেক সময়ে ইহাকে কালাধিকরণে সপ্তমী বলা হয়। ইহা ঐকদেশিক (ঔপশ্লেষিক) আধারের অন্তর্গত।

(৩) এখানে 'ও' বলার ফলে দূরার্থক ও অন্তিকার্থক শব্দের উত্তর 'দূরান্তিকার্থেভ্য—' এই সূত্রে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী ব্যতীত সপ্তমীও হয়।

ক্তপ্রত্যয়ান্ত শব্দের উত্তর 'ইনি' প্রত্যয় করিলে উহার **কর্মে সপ্তমী হয়**। যথা, **ইষ্টী যাগেষু** (ইষ্টমনেন এই বিগ্রহে 'ইষ্টাদিভ্যশ্চ' এই সূত্রে কর্তৃবাচ্যে ইনি); **অধীতী ব্যাকরণে**; নিরাকৃতী **শত্রুকুলে**; পূর্তী **শ্রাদ্ধে**; ইষ্টী শ্রুতী **বৃদ্ধমতেষু** ধীমান্।

৯৮। **নিমিত্তাৎ কর্মযোগে** (বা)—নিমিত্তমিহ ফলম্ (১)। যোগঃ সংযোগসমবায়াত্মকঃ। কর্মণা সহ নিমিত্তস্য (হেতোঃ) যোগে নিমিত্তে সপ্তমী স্যাৎ। **হেতৌ তৃতীয়াত্র প্রাপ্তা, তন্নিবারণার্থম্ ইদম্।**

কর্মের সহিত নিমিত্তের (হেতুর) যোগ থাকিলে নিমিত্তের উত্তর সপ্তমী হয়। যথা, **চর্মণি** দ্বীপিনং হন্তি **দন্তয়োর্হন্তি** কুঞ্জরম্। **কেশেষু** চমরীং হন্তি **সীম্নি** পুষ্কলকো হতঃ (২)। যোগবিশেষে কিম্? বেতনেন ধান্যং লুনাতি (৩)।

৯৯। **সপ্তমীপঞ্চম্যৌ কারকমধ্যে** (২।৩।৭)—**ক্রিয়াদ্বয়মধ্যে** যৌ কালাধ্বানৌ তাভ্যাং সপ্তমীপঞ্চম্যৌ স্তঃ।

সূত্রস্থ কারক শব্দটি ক্রিয়াবাচক। দুই ক্রিয়ার মধ্যবর্তী অধ্ব পরিমাণবাচক ও কাল পরিমাণবাচক শব্দের উত্তর সপ্তমী ও পঞ্চমী হয়। যথা, অয়ম্ ইহ স্থিত্বা **ক্রোশে** (ক্রোশাৎ বা) লক্ষ্যং বিধ্যেৎ; অদ্য ভুক্ত্বা স **দ্ব্যহে** (দ্ব্যহাৎ বা) ভোক্তা।

অধিকশব্দেন যোগে সপ্তমী-পঞ্চম্যৌ—'তদস্মিন্নধিকম্—' ইতি 'যস্মাদধিকম্—'ইতি চ সূত্রনির্দেশাৎ। যথা, **লোকে লোকাৎ বা** অধিকঃ হরিঃ।

১০০। **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্** (২।৩।৩৭)—ভাবঃ ক্রিয়া, লক্ষণং সূচনম্। যস্য ক্রিয়য়া ক্রিয়ান্তরং লক্ষ্যতে তস্মাৎ (ক্রিয়াশ্রয়-বাচকাৎ) সপ্তমী স্যাৎ।

---

(১) এখানে ক্রিয়ার ফল নিমিত্ত; এইজন্যই 'ফলমপীহ হেতুঃ' এই বিধান অনুসারে এইস্থানে হেত্বর্থে তৃতীয়ার বিষয়, নিমিত্তার্থে চতুর্থীর বিষয় নহে।

(২) চর্মরূপ ফল লাভের নিমিত্ত হনন ক্রিয়া অনুষ্ঠিত হয়। হননক্রিয়ার ('হন্তি' পদের) কর্ম দ্বীপীর সহিত চর্মের সমবায় সম্বন্ধ; এইজন্য হেতুবোধক পদ চর্মে সপ্তমী হইয়াছে। সীমা গ্রামাদিমর্যাদা, তস্যাঃ জ্ঞানার্থং পুষ্কলকঃ শঙ্কুঃ হতঃ (নিখাতঃ) অথবা সীমা অণ্ডকোষঃ তদর্থং পুষ্কলকঃ গন্ধমৃগঃ হতঃ, নিহতঃ ভবতীতি শেষঃ।

(৩) কথং তর্হি '**মুক্তাফলায় করিণং হরিণং পলায়**' ইত্যাদি প্রয়োগঃ সঙ্গচ্ছতে? উচ্যতে—অপপ্রয়োগ এবায়ম্। যদ্বা 'মুক্তাফলম্' আহর্তুম্' ইত্যাদি যোজনয়া 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ' ইতি চতুর্থী কথঞ্চিৎসমাধেয়া। নাগেশস্যাপি এতদেব মতম্।

যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্য কর্তার ক্রিয়ার কাল নিরূপিত হয়, তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। ইহাতে পূর্ব কর্তার ক্রিয়া তাহার বিশেষণ থাকে। যথা, সূর্যে উদিতে পদ্মং প্রকাশতে; গোষু দুহ্যমানাসু কৃষ্ণঃ অগচ্ছৎ; রজন্যাং প্রভাতায়াং সর্বে প্রস্থিতাঃ।

আগতেষু বিপ্রেষু তেভ্যো দক্ষিণাং দেহি এরূপ না লিখিয়া আগতেভ্যো বিপ্রেভ্যোঃ এইরূপ লেখাই সমীচীন।

১০১। **ষষ্ঠী চানাদরে** (২।৩।৩৮)—অনাদরাধিক্যে ভাবলক্ষণ ষষ্ঠী-সপ্তম্যৌ স্তঃ। ভাবে সপ্তমীর স্থলে অধিকন্তু অনাদরও (উপেক্ষাও) বুঝাইলে, যাহাকে অনাদর করা হয়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা, রুদতি **পিতরি** (রুদতঃ **পিতুঃ** বা) পুত্রঃ প্রাব্রাজীৎ (রুদন্তং পিতরম্ অনাদৃত্য ইত্যর্থঃ); ন শক্তস্ত্বং বলাৎ হর্তুং বৈদেহীং মম পশ্যতঃ।

১০২। **যতশ্চ নির্ধারণম্** (২।৩।৪১)—জাতি-গুণ-ক্রিয়া-সংজ্ঞাভিঃ সমুদায়াৎ একদেশস্য পৃথক্করণং নির্ধারণম্। যস্মাৎ নির্ধারণং তস্মাৎ ষষ্ঠী-সপ্তম্যৌ স্তঃ।

জাতি, গুণ, ক্রিয়া বা সংজ্ঞার দ্বারা সমুদায় হইতে একদেশের পৃথক্করণকে নির্ধারণ বলে। যাহা হইতে নিধারণ করা হয়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, জাতি—**মনুষ্যেষু** (মনুষ্যাণাং বা) ক্ষত্রিয়ঃ শূরতমঃ; গুণ—**গোষু** (গবাং বা) কৃষ্ণা বহুক্ষীরা; ক্রিয়া—**অধ্বগেষু** (অধ্বগানাং বা) ধাবন্তঃ শীঘ্রতমাঃ; সংজ্ঞা—**যোধেষু** (যোধানাং বা) অর্জুনঃ শ্রেষ্ঠঃ, **ধনুঃষু** (ধনুষাং বা) গাণ্ডীবং বরম্। 'ন নির্ধারণে' (২।২।১০) এই সূত্রদ্বারা নির্ধারণে ষষ্ঠী তৎপুরুষ সমাস নিষিদ্ধ। (১)

১০৩। **স্বামীশ্বরাধিপতি-দায়াদ-সাক্ষি-প্রতিভূ-প্রসূতৈশ্চ** (২।৩।৩৯)—এভিঃ সপ্তভিঃ যোগে ষষ্ঠীসপ্তম্যৌ স্তঃ।

(১) কথং **পুরুষোত্তমঃ**? উচ্যতে (i) ভগবতি এষঃ অবিগ্রহো নিত্যসমাসঃ অন্যত্র (ii) শেষে ষষ্ঠী সমাসঃ। (iii) কেচিত্তু উত্তমঃ পুরুষ ইতি কর্মধারয়ে 'রাজদন্তাদিষু পরম্' ইতি উত্তমশব্দস্য পরনিপাতে সিদ্ধম্ ইতি মন্যন্তে।

স্বামিন্, ঈশ্বর (lord), অধিপতি, দায়াদ (heir), সাক্ষিন্, প্রতিভূ (bail), প্রসূত (born) এই সাতটি শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা, **গবাং গোষু** বা স্বামী; জগতাং **জগৎসু** বা ঈশ্বরঃ; **প্রজানাং প্রজাসু** বা অধিপতিঃ; **বিভবস্য বিভবে** বা দায়াদঃ; **বিবাদস্য বিবাদে** বা সাক্ষী; **ব্যবহারস্য ব্যবহারে** বা প্রতিভূঃ; **গবাং গোষু** বা প্রসূতঃ (গা এব অনুভবিতুং জাত ইত্যর্থঃ)।

১০৪। **আযুক্ত-কুশলাভ্যাং চাসেবায়াম্** (২।৩।৪০)—আযুক্তঃ ব্যাপারিতঃ, কুশলঃ নিপুণঃ, আসেবা তৎপরতা পুনঃ পুনঃ প্রবৃত্তিরিত্যর্থঃ। আসেবায়াং গম্যমানায়াম্ আযুক্তকুশলয়োর্যোগে ষষ্ঠীসপ্তম্যৌ স্তঃ।

পুনঃ পুনঃ প্রবৃত্তি বুঝাইতে আযুক্ত ও কুশল শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা, **কটকরণে কটকরণস্য** বা আযুক্তঃ, **মীমাংসায়াঃ মীমাংসায়াং** বা কুশলঃ।

১০৫। **সাধুনিপুণাভ্যামর্চায়াং সপ্তম্যপ্রতেঃ** (২।৩।৪৩)—অপ্রত্যাদিভিরিতি বক্তব্যম্; প্রতিপ্রভৃতয়ঃ—প্রতি, পরি অনু। অর্চায়াং গম্যমানায়াং সাধু-নিপুণশব্দাভ্যাং যোগে সপ্তমী স্যাৎ, ন চেৎ প্রতি প্রভৃতয়ঃ প্রযুজ্যন্তে।

প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী হয়, কিন্তু প্রতি-প্রভৃতির প্রয়োগ থাকিলে হয় না। যথা, বালকঃ **মাতরি** সাধুঃ **সাহিত্যে** নিপুণঃ। প্রতি প্রভৃতির প্রয়োগে দ্বিতীয়া হয়। যথা, বালকঃ সাধুঃ নিপুণো বা মাতরং প্রতি (পরি অনু বা)। **অসাধু** শব্দের যোগেও সপ্তমী হয়। যথা, কৃষ্ণঃ মাতুলে অসাধুঃ।

১০৬। **প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ** (২।৩।৪৪)—প্রসিতঃ তৎপরঃ। প্রসিতোৎসুকশব্দাভ্যাং যোগে তৃতীয়াসপ্তম্যৌ স্তঃ।

প্রসিত ও উৎসুক শব্দের যোগে তৃতীয়া ও সপ্তমী হয়। যথা, **ধনেষু** (ধনৈঃ বা) প্রসিতঃ; **বিদ্যায়াম্** (বিদ্যয়া বা) উৎসুকঃ; **হরৌ** হরিণা বা প্রসিতঃ।

১০৭। যস্মাদধিকবচনং যস্য চেশ্বরবচনং তত্র সপ্তমী (২।৩।৯)—অধিকার্থকেন কর্মপ্রবচনীয়েন উপশব্দেন (১) স্বাম্যর্থেন কর্মপ্রবচনীয়েন অধি-শব্দেন (২) চ যোগে যৎ অপেক্ষ্য অধিকঃ, যৎসম্বন্ধে চ ঈশ্বরব্যপদেশঃ তদ্‌বাচক-শব্দাৎ সপ্তমী স্যাৎ।

'অধিক' অর্থে উপ কর্মপ্রবচনীয় এবং 'প্রভু' অর্থে অধি কর্মপ্রবচনীয়ের যোগে যাহা হইতে অধিক এবং যাহার 'প্রভু' তাহাদের উত্তর সপ্তমী হয়। যথা, বিষ্ণোগুর্ণাঃ উপ **পরার্দ্ধে** (পরার্দ্ধাৎ অধিকাঃ, পরার্দ্ধস্ত চরমসংখ্যাত্বেন অসংখ্যা ইত্যর্থঃ); উপ **খার্যাং** দ্রোণঃ (দ্রোণঃ খার্যাঃ অধিক ইত্যর্থঃ)। হরিঃ **সুরেষু** অধি (হরিঃ সুরাণাং স্বামীত্যর্থঃ), অধি **পঞ্চালেষু** ব্রহ্মদত্তঃ অথবা অধি ব্রহ্মদত্তে পঞ্চালাঃ (ব্রহ্মদত্তঃ পঞ্চালানাং স্বামীত্যর্থঃ)।

বিবক্ষাবশাৎ কারকাণি ভবন্তি—বক্তার বলিবার ইচ্ছা অনুসারে কারকসমূহের ব্যবহার হইয়া থাকে (৩)। প্রত্যেক বস্তুর নানাবিধ শক্তি থাকে। যখন উহার যে শক্তি লক্ষিত হয় তখন তদনুসারে উহাতে কারক হইয়া থাকে। যথা, (স্থালী পাক করে মনে করিলে) **স্থালী** পচতি, (স্থালীদ্বারা পাক করে মনে করিলে) **স্থাল্যা** পচতি, (স্থালীতে পাক করে মনে করিলে) **স্থাল্যাং** পচতি। এইরূপ, **গাঃ** দোগ্ধি পয়ঃ ; **গোভ্যঃ** দোগ্ধি পয়ঃ ; **অসিনা** ছিনত্তি, **অসিঃ** ছিনত্তি ; **নৃপং** ধনং যাচতে, **নৃপাৎ** ধনং যাচতে ; বালকঃ **মাতরং** স্মরতি, বালকঃ **মাতুঃ** স্মরতি ; কৃপণঃ **ধনেন** তৃপ্যতি, কৃপণঃ **ধনস্য** তৃপ্যতি ; বালিকা **পুষ্পেভ্যঃ** স্পৃহয়তি, বালিকা **পুষ্পাণি** স্পৃহয়তি ; স **গৃহং** গচ্ছতি, স **গৃহে** গচ্ছতি ; **দরিদ্রায়** দীয়তে দানম্, **দরিদ্রে** দীয়তে দানম্ ; **ভৃত্যায়** ক্রুধ্যতি, **ভৃত্যে** ক্রুধ্যতি।

(১) উপোঽধিকে চ (১।৪।৮৭)—অধিক ও হীন অর্থে 'উপ' কর্মপ্রবচনীয় হয়।

(২) অধিরীশ্বরে (১।৪।৯৭), বিভাষা কৃঞি (১।৪।৯৮)—ঈশ্বর (প্রভু) অর্থে 'অধি' কর্ম-প্রবচনীয় হয়, কিন্তু কৃধাতু পরে থাকিলে ইহা বিকল্পে কর্মপ্রবচনীয় হয়।

(৩) শক্তিঃ কারকম্, শক্তয়শ্চ বস্তুনঃ বিবিধা ভবন্তি। যত্র যা শক্তিঃ লক্ষ্যতে, তত্র তাদৃশকারকব্যবহারঃ।

Exercise

1. *Translate into Bengali and account for case-endings in words in bold type :*

বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ। **পরবাচ্যেষু** নিপুণঃ সর্বো ভবতি সর্বদা। নির্দস্যুরভবল্লোকো **রামে** রাজ্যং প্রশাসতি। **মথুরায়া** গোবর্ধনো যোজনদ্বয়ে। নির্গুণেষ্বপি **সত্ত্বেষু** দয়াং কুর্বন্তি সাধবঃ। গৃহীত ইব **কেশেষু** মৃত্যুনা ধর্মমাচরেৎ। **হৃদি** ভিন্নঃ স দীর্ঘরাবঃ পঞ্চত্বং গতঃ। দস্যুশ্চোরয়তে সর্বং **গৃহস্থস্য** প্রপশ্যতঃ। দেবে **চন্দ্রগুপ্তে** দৃঢমনুরক্তাঃ প্রকৃতয়ঃ। কস্মিন্নপি **পূজার্হে** অপরাদ্ধা শকুন্তলা। সন্নিমিত্তো বরং ত্যাগো **বিনাশে** নিয়তে সতি। ত্রৈলোক্যস্যাপি আধিপত্যং **ত্বয়ি** যুজ্যতে। **বিকারহেতৌ** সতি বিক্রিয়ন্তে যেষাং ন চেতাংসি ত এব ধীরাঃ। **অপকারিষু** যঃ সাধুঃ স সাধুরুচ্যতে বুধৈঃ। **কুতো** ধর্মক্রিয়াবিঘ্নঃ সতাং রক্ষিতরি **ত্বয়ি**। বাচ্যস্ত্বয়া **মদ্বচনাৎ** স রাজা। **লতায়াং** পূর্বলূনায়াং প্রসূনস্যাগমঃ কুতঃ? **কাস্থাঽর্ভকে**ঽস্মিংস্তব রাম **রামে**? স্বপ্নয়ো**স্তয়োঃ** স্বপ্নে বিসগুণনিগড়িতপাদো জরঠঃ কশ্চিৎ জালপাদোঽদৃশ্যত। প্রত্যাহৃতাস্ত্রো **গিরিশপ্রভাবাদ্** আত্মন্যবজ্ঞাং শিথিলীচকার। ঊনং ন সত্ত্বেষ্বধিকো ববাধে **তস্মিন্** বনং গোপ্তরি গাহমানে। **প্রস্থিতায়াং** প্রতিষ্ঠেথাঃ স্থিতায়াং স্থিতিমাচরেঃ, নিষণ্ণায়াং নিষীদাস্যাং পীতাম্ভসি পিবেরপঃ॥ **ক্ষণে** চ তস্মিন্ মুমুচে তদঙ্ঘ্রিযুগলং রজতশৃঙ্খলয়া। ক এষ **ময়ি** স্থিতে চন্দ্রগুপ্তমভিভবিতুমিচ্ছতি বলাৎ? প্রবিষ্টমাত্র এব **তত্রভবতি** নিরুপপ্লবানি নঃ কর্মাণি সংপ্রবৃত্তানি। অলমলমুপালম্ভেন, পত্তনে বিদ্যমানেঽপি **গ্রামে** রত্নপরীক্ষা। ইদমবস্থান্তরং গতে তাদৃশে **অনুরাগে** কিংবা **স্মারিতেন**? অভিব্যক্তায়াং **চন্দ্রিকায়াং** কিং দীপিকা-পৌনরুক্ত্যেন? তমস্তপতি ঘর্মাংশৌ কথমাবির্ভবিষ্যতি? জীবৎসু **তাতপাদেষু** নবে দারপরিগ্রহে, মাতৃভিশ্চিন্ত্যমানানাং তে হি **নো** দিবসা গতাঃ।

2. *Derive the word* কর্মপ্রবচনীয় *and give its derivative meaning. Name* কর্মপ্রবচনীয় *words and write their respective meanings aud case-endings.*

Ans. কর্মপ্রবচনীয়—কর্ম ক্রিয়াং প্রোক্তবন্তঃ দ্যোতিতবন্তঃ যে তে কর্মপ্রবচনীয়াঃ ; কর্মন্-প্র-ব্রূ (বা বচ্)+অনীয়র্ (কর্তরি)। কর্মপ্রবচনীয়াঃ ক্রিয়াং সম্প্রতি ন দ্যোতয়ন্তি, কিন্তু ক্রিয়াগতং সম্বন্ধবিশেষং দ্যোতয়ন্তি। ক্বচিৎ তু সম্বন্ধবিশেষস্য অদ্যোতকেঽপি বচনসামর্থ্যাৎ কর্মপ্রবচনীয়সংজ্ঞা দৃশ্যতে ; যথা, অধিপরী অনর্থকৌ। কর্মপ্রবচনীয়ানাম্ উপসর্গত্বাভাবাৎ ণত্বষত্বে ন ভবতঃ, গতিসংজ্ঞাভাবাৎ ল্যপ্ প্রত্যয়াদয়োঽপি ন।

অনু, উপ, অপ, পরি, আঙ্, প্রতি, অভি, অধি, সু অতি ও অপি শব্দ বিশেষ বিশেষ অর্থে কর্মপ্রবচনীয়সংজ্ঞা প্রাপ্ত হয়। ইহাদের যোগে দ্বিতীয়া হয়, কিন্তু অপ, পরি (প্রতিনিধি ও প্রতিদানার্থে), প্রতি ও আঙ্ যোগে পঞ্চমী এবং অধি ও (অধিকার্থক) উপ যোগে সপ্তমী হয়। যথ—

অনু—হেত্বর্থে, সহার্থে, হীনার্থে এবং লক্ষণ, ইত্থম্ভাব (কোনরূপ অবস্থা-প্রাপ্তি) অংশ ও বীপ্সা অর্থে কর্মপ্রবচনীয়। যথা, (হেত্বর্থ) জপম্ অনু বৃষ্টো দেবঃ ; (সহার্থ) নদীম্ অনু অবসিতা (সংবদ্ধা) সেনা ; (লক্ষণ) বৃক্ষম্ অনু বিদ্যোততে বিদ্যুৎ ; (ইত্থম্ভাব) ভক্তো বিষ্ণুম্ অনু ; (অংশ) লক্ষ্মীঃ হরিম্ অনু (হরেঃ ভাগঃ) ; (বীপ্সা) বৃক্ষং বৃক্ষম্ অনু সিঞ্চতি ; (হীন) যোদ্ধারঃ অর্জুনম্ অনু।

উপ—অধিক ও হীন অর্থে কর্মপ্রবচনীয়। হীন অর্থে ইহার যোগে দ্বিতীয়া এবং অধিক অর্থে সপ্তমী হয়। যথা, (অধিক) উপ পরার্ধে হরেঃ গুণাঃ ; (হীন) শক্রাদয়ঃ উপাচ্যুতম্।

অপ—বর্জন অর্থে কর্মপ্রবচনীয়। ইহার যোগে পঞ্চমী হয়। যথা, অপ ত্রিগর্তাৎ দেবঃ বৃষ্টঃ।

পরি—বর্জন, লক্ষণ, ইত্থম্ভাব, অংশ ও বীপ্সা অর্থে এবং নিরর্থক হইলে কর্মপ্রবচনীয়। বর্জন অর্থে পঞ্চমী হয়। যথা, (বর্জন) পরি ত্রিগর্তাৎ বৃষ্টঃ দেবঃ। (লক্ষণ) বৃক্ষং পরি (লক্ষীকৃত্য) বিদ্যোততে বিদ্যুৎ ; (ইত্থম্ভাব) ভক্তঃ বিষ্ণুং পরি, (অংশ) লক্ষ্মীঃ হরিং পরি ; (বীপ্সা) বৃক্ষং বৃক্ষং পরি সিঞ্চতি ; (অনর্থক) কুতঃ অধ্যাগচ্ছতি।

আঙ্—মর্যাদা ও অভিবিধি অর্থে কর্মপ্রবচনীয়। ইহার যোগে পঞ্চমী হয়। যথা, (মর্যাদা) আ মুক্তেঃ সংসারঃ ; (অভিবিধি) আ বাল্যাৎ শিবং পূজয়তি।

প্রতি—লক্ষণ, ইত্থম্ভাব, অংশ, বীপ্সা, প্রতিনিধি ও প্রতিদান অর্থে কর্মপ্রবচনীয়। যথা, (লক্ষণ) বৃক্ষং প্রতি বিদ্যোততে বিদ্যুৎ ; (ইত্থম্ভাব) সাধুঃ মাতরং প্রতি, ভক্তঃ বিষ্ণুং প্রতি ; (অংশ) লক্ষ্মীঃ হরিং প্রতি ; (বীপ্সা) বৃক্ষং বৃক্ষং প্রতি সিঞ্চতি। (প্রতিনিধি) প্রদ্যুম্নঃ কৃষ্ণাৎ প্রতি, পুত্রঃ পিতুঃ প্রতি ; (প্রতিদান) তিলেভ্যঃ প্রতি মাষান্ যচ্ছতি।

অভি—লক্ষণ,ইত্থম্ভাব ও বীপ্সা অর্থে কর্ম প্রবচনীয়। যথা, (লক্ষণ) বৃক্ষম্ অভি বিদ্যোততে বিদ্যুৎ ; (ইত্থম্ভাব) ভক্তঃ বিষ্ণুম্ অভি ; (বীপ্সা) বৃক্ষং বৃক্ষম্ অভি সিঞ্চতি।

অধি—প্রভু অর্থে কর্মপ্রবচনীয়। ইহার যোগে সপ্তমী হয়। যথা, ব্রহ্মদত্তঃ পঞ্চালেষু অধি (ঈশ্বরঃ)। অথবা অধি ব্রহ্মদত্তে পঞ্চালাঃ।

সু—প্রশংসা অর্থে কর্মপ্রবচনীয়। সু ও অতি যোগে কোন বিভক্তি হয় না ইহার ফল ষত্বাভাব ; যথা, সু সিক্তম্, সু স্তুতম্।

অতি—অতিক্রম ও প্রশংসা অর্থে কর্মপ্রবচনীয়। যথা, অতি সিক্তম্, অতি স্তুতম্।

অপি—অপ্রযুক্ত পদের অর্থ এবং সম্ভাবনা, স্বেচ্ছাচারে অনুমতি, নিন্দা ও সমুচ্চয় অর্থে কর্মপ্রবচনীয়। যথা, (পদের অর্থ) সর্পিষঃ অপি (সর্পিষঃ বিন্দুঃ) স্যাৎ ; (সম্ভাবনা অপি স্থাণুং জয়েৎ রামঃ, (স্বেচ্ছাচারে অনুমতি) অপি সিঞ্চ অপি স্তুহি (সিঞ্চ স্তুহি বা যথেচ্ছং কুরু ইত্যর্থঃ) ; (সমুচ্চয়) অপি সিঞ্চ অপি স্তুহি (সিঞ্চ স্তুহি চ ইত্যর্থঃ)। ইহার যোগে কোন বিভক্তি হয় না; ফল ষত্বের অভাব।

3. *Distinguish between :—*

মাসেন রামায়ণমপঠৎ, মাসং রামায়ণমপঠৎ ; তস্য পুস্তকেন কিম্, তেন পুস্তকেন কিম্ ; বিদ্বান্ সর্বৈঃ পূজিতঃ, বিদ্বান্ সর্বেষাং পূজিতঃ ; বেদম্ অধীয়ন্, বেদমধীয়ানঃ ; বিবাদেন অলম্, বিবাদায় অলম্ ; শিবং নমস্করোতি, শিবায়

নমস্করোতি ; পুষ্পেভ্যঃ স্পৃহয়তি, পুষ্পাণি স্পৃহয়তি ; গ্রামাৎ পূর্বে বনম্, গ্রামস্য পূর্বে বনম্ ; দরিদ্রঃ কুটীরম্ উপবসতি, দরিদ্রঃ কুটীরে উপবসতি ; হিমালয়াৎ গঙ্গা প্রভবতি, সর্বঃ ভৃত্যায় প্রভবতি, সর্বঃ ভৃত্যস্য প্রভবতি।

4. *Illustrate :—*

অনাদরে চতুর্থী ; কর্মণি সপ্তমী ; অধিকরণে ষষ্ঠী ; অবচ্ছেদে সপ্তমী ; অনাদরে ষষ্ঠী ; কর্মপ্রবচনীয় যোগে দ্বিতীয়া, কর্মপ্রবচনীয় যোগে পঞ্চমী, কর্মপ্রবচনীয় যোগে সপ্তমী, হেতু যোগে ষষ্ঠী ; নিমিত্তে সপ্তমী ; অলং যোগে চতুর্থী ; অলং যোগে তৃতীয়া ; অধিকরণে পঞ্চমী ; করণে পঞ্চমী ; কর্মণি চতুর্থী ; করণে কর্মসংজ্ঞায়াং দ্বিতীয়া, সম্প্রদানে কর্মসংজ্ঞায়াং দ্বিতীয়া ; ভাবে সপ্তমী ; বিবক্ষয়া ষষ্ঠী ; অধিকরণে কর্মসংজ্ঞায়াং দ্বিতীয়া।

5. *Make sentences with :—*

বর্তমানকালে ক্ত, রোচতে, অধ্যাস্তে, আরাৎ, তৃপ্যতি, মন্যতে, স্পৃহয়তি, ধারয়তি, অধ্যাস্তে, উপবসতি, প্রতিশৃণোতি, সম্পদ্যতে, জায়তে, দয়তে, অধিশেতে, নমস্করোতি, উত্তরেণ, উত্তরাহি, পরাজয়তে, নিবারয়তি, ত্রায়তে, ইতি, যাবৎ, ঋতে, প্রতি, অনু, আ, অভি।

6. *Use the alternative case-endings in the words in the bold type :—*

কবিষু কালিদাসঃ শ্রেষ্ঠঃ। **শ্রমেণ** বিনা বিদ্যা ন ভবতি। **জ্ঞানম্** ঋতে সুখং নাস্তি। **নরাণাং** ক্ষত্রিয়ঃ শূরঃ। **রামেণ** সদৃশো বীরো নাস্তি। **রুদতঃ শিশোঃ** মাতা নদীং যাতি। নাগা ভবন্তু **মে** ভক্ষ্যাঃ। স **বিবাদস্য** সাক্ষী। দাতা **দরিদ্রস্য** দয়তে। কৃপণো **ধনেন** তৃপ্যতি। নাহং **ত্বাং তৃণায়** মন্যে। সঃ **অক্ষৈঃ** দীব্যতি। নাসৌ **স্বামিনা** ব্যাপাদয়িতব্যঃ। **গৃহম্** উত্তরেণ পর্বতঃ। স মরণাৎ **অন্নেন** রক্ষিতঃ। **গ্রামস্য** দূরে বনম্। শিশুঃ **মাতরং** স্মরতি। **ময়া** সেব্যো হরিঃ। মুনিঃ **বনং** গচ্ছতি। **তব** তুল্যো নাস্তি।

7. *Correct :—*

সাধুঃ মরণং ন বিভেতি। অলসা গৃহেঽধিতিষ্ঠন্তি। সমুদ্রস্য উত্তরা ভারতবর্ষম্। অরণ্যে অধিবস্তুং যতয় ইচ্ছন্তি। নদীভ্যো গঙ্গা পবিত্রা। মাং সর্বং সমর্পয়। বিদ্বান্ সর্বৈঃ পূজিতঃ ভবতি। সর্বাভ্যো বিদ্যাভ্যো ব্রহ্মবিদ্যা শ্রেষ্ঠা। বালকঃ পাঠায় উৎসুকঃ। তেন বালকঃ প্রশ্নঃ পৃষ্টঃ। রাত্রিঃ আগতে তে গমিষ্যন্তি। প্রভুঃ ভৃত্যায় প্রকুধ্যতি। যমুনায়াঃ নিকষা বয়ং বসামঃ। রাজদম্পতী মুনিগৃহম্ অগচ্ছৎ। রাজা সযত্নেন প্রজান্ পালয়তি। অন্নং পাকং করোতি ব্রাহ্মণঃ।

পিত্রে সাধুঃ ভব। নাসৌ ত্বং শৃগালায় মন্যতে। কঃ পাপিনং স্নিহ্যতি? কতয়ঃ শিষ্যাঃ আশ্রম আবসন্তি।

8 *Translate into Sanskrit*:—

As soon as he entered the house, his wife came out weeping. The child was carried away by a hawk while I was looking on. It is better to reign in hell than to serve in heaven. Having dined to-day he will again eat after two days. In autumn the sky becomes free from clouds and the moon shines brightly. Scarcely had the sage uttered this, when the princess was turned into a stone. When this sad news reached their ears, they were very sorry. No sooner did Dasaratha discharge the arrow than he heard a plaintive cry in that direction. Having travelled today he will again travel after five days. Who can behave roughly with an innocent hermit while king Rama is ruling the earth? While they were thus talking, the king came these and ordered them to go away. When calamities are closely impending, even friends become foes. Though youngest yet he is the best boy in learning and behaviour. Not-withstanding my entreaties for the prisoner's life, the king ordered him to be executed. Since death is certain why do you sully your fame by having recourse to retreat? The cause of danger being so distant why do you, under colour of illness, say that you will be unable to accompany us. The tree of self-respect being cut down by the wild elephant of poverty all the birds of merit fly away. We should feel grateful to the creator who has given us our five senses for enjoying the beauties and learning the secrets of nature.

সমাসপ্রকরণ

সমাস ঃ (**সম্-অস্** (দিবাদি) + ঘঞ্ =) সমাসঃ : সমসনম্ = একত্র-নিক্ষেপঃ = একত্রস্থাপনম্। এইপ্রকার ব্যুৎপত্তি হইতে সমাসশব্দের "সংক্ষেপ" এই অর্থ সূচিত হইতেছে।

পরস্পর অন্তর্গত-সম্পর্ক বিশিষ্ট দুই বা ততোঽধিক পদেরই এইরূপ সংক্ষেপ (একার্থীভাব) ঘটিতে পারে। এই বিষয়ে ভগবান্ পাণিনির প্রসিদ্ধ সূত্রটি এইরূপ :—

১। **সমর্থঃ পদবিধিঃ** (২।১।১)—পরিভাষেয়ম্। সমর্থঃ সমর্থাশ্রিতঃ (লাক্ষণিকঃ প্রয়োগঃ)। ব্যাকরণশাস্ত্রে যঃ কশ্চিৎ পদবিধিঃ শ্রূয়তে, সসমর্থাশ্রিতো বোধ্যঃ। পদয়োঃ পদানাং বা বিধিঃ, পদবিধিঃ, স হি সমাসাদিঃ। বর্ণবিধৌ সন্ধৌ তু নায়ং নিয়মঃ, তথাচ তিষ্ঠতু **দধ্যশান** ত্বং শাকেনেত্যত্র সন্ধিস্তু ভবত্যেব।

সমর্থঃ পদবিধিঃ—ব্যাকরণ শাস্ত্রের সংজ্ঞা প্রভৃতি ছয় প্রকার (১) সূত্রের মধ্যে এই **সূত্রটি 'পরিভাষা' শ্রেণীর অন্তর্ভুক্ত**। পদ অথবা পদসমূহকে অবলম্বন করিয়া যে সকল ব্যাকরণের বিধি (= বিধান) প্রযুক্ত হয় তাহারা সমর্থ অর্থাৎ সামর্থ্যকে আশ্রয় করিয়াই ঘটিয়া থাকে। সমর্থ-শক্ত অর্থাৎ বিগ্রহবাক্যের অর্থ প্রকাশ করিবার শক্তিযুক্ত। সমাসের ক্ষেত্রে পদবিধি বলিতে দুই বা বহু পদসংক্রান্ত বিধিকেই বুঝিতে হইবে। **সন্ধি বর্ণবিধি** বলিয়া তাহার ক্ষেত্রে এই **সামর্থ্যের নিয়ম প্রযোজ্য নহে**। যেমন—তিষ্ঠতু দধ্যশান শাকেন। দধি থাকুক তুমি শাক দিয়াই আহার কর—এই স্থলে 'দধি' পদের অন্ত্য ইকারের সহিত 'অশান' পদের আদি অকারের সন্ধি (ধ্য) ঘটিয়াছে যদিও উক্তপদদ্বয়ের মধ্যে **অর্থগত** সম্পর্ক একেবারেই নাই।

সামর্থ্যমিহ দ্বিবিধম্—ব্যপেক্ষালক্ষণম্ একার্থীভাবলক্ষণং চ। স্বার্থপর্যবসায়িনাং পদানাম্ আকাঙ্ক্ষাযোগ্যতাসত্তিবশাৎ যঃ পরস্পরসম্বন্ধঃ সা হি ব্যপেক্ষা। অপেক্ষায়াং সত্যাং যো যঃ সন্নিহিতো যোগ্যশ্চ, তেন তেন সম্বন্ধো ব্যপেক্ষয়া অভ্যুপেয়তে। স চ যথা রাজ্ঞঃ পুরুষঃ ইত্যত্র, তথৈব রাজ্ঞঃ পুরুষঃ

---

(১) **"সংজ্ঞা চ পরিভাষা চ বিধির্নিয়ম এব চ।
প্রতিষেধোঽধিকারশ্চ ষড়্বিধং সূত্রলক্ষণম্।।"**

অশ্বশ্চ ইত্যত্র বাক্যে। একার্থীভাবস্তু রাজপুরুষ ইত্যাদি-বৃত্তাবেব। স চ প্রক্রিয়াদশায়াং পৃথগর্থত্বেন প্রথমগৃহীতস্য বিশিষ্টৈকার্থস্বরূপঃ। অতএব রাজপুরুষ ইত্যত্র রাজ্ঞি ঋদ্ধস্যেতি বিশেষণং ন অন্বেতি, রাজশব্দস্য তত্র পদার্থৈকদেশত্বাৎ। ন চৈবং 'দেবদত্তস্য গুরুকুলম্' ইত্যাদৌ অনন্বয়াপত্তিঃ তত্রাপি দেবদত্তোত্তরষষ্ঠ্যর্থস্য গুরুণা অন্বয়াৎ ইতি বাচ্যম্, দেবদত্তস্য প্রধানভূত-কুলেনৈব অন্বয়াৎ। অত্রোক্তম্—

প্রতিযোগিপদাদন্যদ্ যদন্যৎ কারকাদপি।
বৃত্তিশব্দৈকদেশস্য সম্বন্ধস্তেন নেষ্যতে॥

যত্র প্রতিযোগিভিন্নপদস্য কারকভিন্নপদস্য বা সম্বন্ধো বর্ততে, তত্র সমাসো ন স্যাৎ। যথা, 'ঋদ্ধস্য রাজ্ঞঃ মাতঙ্গাঃ' ইতি বাক্যেন ঋদ্ধস্য রাজমাতঙ্গা ইতি সমাসঃ প্রামাদিক এব।

সামর্থ্য দুই প্রকার—(১) ব্যপেক্ষা ও (২) একার্থীভাব।

ব্যপেক্ষাসামর্থ্য—নিজ নিজ অর্থবোধে পরিসমাপ্ত একাধিক পদের (১) আকাঙ্ক্ষা (পরস্পর নির্ভরতা) (২) যোগ্যতা (পরস্পরের সম্বন্ধবোধে বাধাহীনতা) এবং (৩) আসত্তি (নৈকট্য) বশতঃ যে সম্বন্ধ ঘটিয়া থাকে সেইরূপ সামর্থ্যকেই ব্যপেক্ষা (নামক) সামর্থ্য বলে। এই সামর্থ্য বর্তমান থাকিলে যে যে পদ যাহার নিকটবর্তী এবং যাহার সহিত অর্থগত সম্পর্কযুক্ত সেই সেই পদগুলি পরস্পর ব্যপেক্ষা সামর্থ্যযুক্ত বলিয়া গৃহীত হয়। যেমন রাজ্ঞঃ পুরুষঃ। এখানে 'রাজ্ঞঃ' এই ষষ্ঠ্যন্ত পদটির সহিত 'পুরুষঃ' এই প্রথমান্ত পদটি স্ব-স্বামিভাব, (প্রভু-ভৃত্য) সম্বন্ধযুক্ত। 'রাজার' বলিলেই আকাঙ্ক্ষা জাগে রাজার কি? উত্তর—পুরুষ বা কর্মচারী (ছত্র, রাজ্য বা প্রাসাদ প্রভৃতি নহে)। এইরূপ ঐ একই বাক্যে 'পুরুষঃ' এই দ্বিতীয় পদটি উচ্চারিত হইবামাত্র পুনরায় আকাঙ্ক্ষা জাগে—কর্মচারী কাহার? উত্তর—রাজার (=রাজারই—আর কাহারও নহে)।

একার্থীভাবসামর্থ্য—এই দ্বিতীয় প্রকারের সামর্থ্য রাজপুরুষ প্রভৃতি সমাসবদ্ধ পদের বর্তমান উদাহরণে 'রাজ্ঞঃ পুরুষঃ' প্রভৃতি বিগ্রহবাক্যে যে পদগুলি পরস্পর পৃথক্ অর্থে প্রযুক্ত ছিল তাহারাই বর্তমানে একার্থীভাবে পরিণত হইয়া সম্মিলিত অর্থ প্রকাশ করিল। অতএব একার্থীভাব বলিতে সেই শক্তিকেই বুঝা

যাহার দ্বারা ব্যপেক্ষা-সম্বন্ধযুক্ত পদসমূহ সম্মিলিত একটি বিশেষ অর্থ প্রকাশ করে। সমাসবদ্ধ পদ রচিত হইবার পর রাজপুরুষ এই শব্দটি সম্মিলিত একটি অর্থ প্রকাশ করিতেছে, রাজ্ঞঃ ও পুরুষঃ ভিন্ন বিভক্তি যুক্ত এই দুইটি পদের পৃথগর্থ আর রহিল না। বাক্যে এই জন্যই রাজ্ঞঃ পদের সম্বন্ধবাচক ষষ্ঠী বিভক্তিরও লোপ হইল। এই স্বাভাবিক লোপই 'সুপো ধাতু-প্রাতিপদিকয়োঃ' (২।৪।৭১) এই সূত্রে বিহিত হইয়াছে।

"বহূনাং বৃত্তিধর্মাণাং বচনৈরেব বোধনে।
স্যান্মহদ্‌গৌরবং তস্মাদেকার্থীভাব আশ্রিতঃ॥"

সমাসাদি বৃত্তির দ্বারা বোধক অর্থ সমগ্ররূপে বাক্যে প্রকাশ করিতে গেলে গৌরব ঘটে (=অর্থাৎ অনেক কথা বলিতে হয়), এই জন্যই একার্থীভাবের আশ্রয় লওয়া হয়।

পূর্বেই বলা হইয়াছে 'সমাস' শব্দের অর্থ 'সংক্ষেপ'। কোনও বিবক্ষিত অর্থ বাক্যের দ্বারা সম্পূর্ণ প্রকাশ করিতে হইলে বহু শব্দ ব্যবহার করিতে হয়। যেমন, (গাছের) একটিও পাতা নাই—(বৃক্ষস্য) একমপি পত্রং নাস্তি, ইহার স্থানে অপত্রঃ (বৃক্ষঃ) বলিলে মাত্র একটি শব্দদ্বারা ঐ অর্থই প্রকাশ করা যায়। অথবা, 'যস্যাঃ পুত্রা জাতা ন জীবন্তি'—যাহার পুত্র জন্মিয়া বাঁচে না—এই অর্থই 'মৃতবৎসা' এই একটি মাত্র শব্দ হইতেই বুঝা যায়। যেমন সমাসের ক্ষেত্রে সেইরূপ 'তদ্ধিত' প্রভৃতি অন্যান্য 'বৃত্তি'র ক্ষেত্রেও অপেক্ষাকৃত অল্প কথায় বিবক্ষিত অর্থ প্রকাশ করা যায়। যেমন, (এই অশ্বটি) **একশত টাকা দিয়া কেনা হইয়াছে** এই অর্থে 'শত'-শব্দের উত্তর 'যৎ' তদ্ধিত-প্রত্যয় করিয়া **'শত্যঃ'** এই একটি মাত্র শব্দই ঐ অর্থই বুঝাইবে। অথবা **'নিজের পুত্র হউক এই ইচ্ছা করিতেছে'**—আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি—এই অর্থে পুত্র শব্দের উত্তর ক্যচ্ প্রত্যয় করিয়া **'পুত্রীয়তি'** শব্দটিই (নামধাতু) ঐ একই অর্থ প্রকাশ করে। আবার, **'পিতা চ মাতা চ'** এই অর্থে **'পিতরৌ'** একশেষ-বৃত্তিতে এক পিতৃ-শব্দই দ্বিবচনে প্রযুক্ত হইয়া 'মাতা'র অর্থও বুঝায়। এইরূপ অন্যান্য বৃত্তির স্থলেও একার্থীভাব আশ্রিত হয়।

ব্যপেক্ষা থাকিলেই ঐ সম্বন্ধযুক্ত পদগুলির সমাস হইবে, অন্যত্র নহে। রাজ্ঞঃ, পুরুষঃ=রাজপুরুষঃ, কিন্তু অপত্যং রাজ্ঞঃ, পুরুষো দেবদত্তস্য এরূপ ক্ষেত্রে রাজ্ঞঃ ও পুরুষঃ পদদ্বয়ের মধ্যে ব্যপেক্ষা নাই বলিয়া সমাস ও হইবে না।

পক্ষান্তরে দেবদত্তস্য গুরুকুলম্, বাণেন ভিন্নহৃদয়ঃ ইত্যাদি উদাহরণে 'দেবদত্তস্য" পদের সহিত "গুরু" এবং "বাণেন" পদের সহিত "ভিন্ন' এই শব্দ দুইটির ব্যপেক্ষা-সামর্থ্য থাকিলেও তাহারা সমাসবদ্ধ গুরুকুলম্ ও ভিন্নহৃদয়ঃ পদ দুইটির বাহিরে রহিয়াছে। এইরূপ ক্ষেত্রেই "সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ" এই নিয়ম প্রযুক্ত হয়। গুরুকুলম্, ভিন্নহৃদয়ঃ এই দুইটি সমাসবদ্ধ পদের মধ্যে যথাক্রমে গুরু এবং ভিন্ন এই দুইটি অংশ দেবদত্তস্য এবং বাণেন এই সমাস-বহির্ভূত দুইটি পদের সহিত অন্বয়যুক্ত হইলেও পদান্তরের (কুলম্ হৃদয়) সহিত তাহাদের সমাস বিহিত, নিষিদ্ধ নহে। ইহার কারণ কি? উত্তর - 'গমকত্বাৎ'। এই সম্পর্কে ভর্তৃহরি বলেন—

"সম্বন্ধিশব্দঃ সাপেক্ষো নিত্যং সর্বঃ সমস্যতে।
বাক্যবৎ সা ব্যপেক্ষা হি বৃত্তাবপি ন হীয়তে॥"

সম্বন্ধিশব্দ সাপেক্ষ হইলেও নিত্য সমাসবদ্ধ হইতে পারে। বিগ্রহবাক্যের ন্যায় সেই ব্যপেক্ষা সম্বন্ধ বৃত্তিতেও চ্যুত হয় না অর্থাৎ বর্তমান থাকে। দেবদত্তস্য এই পদের সহিত গুরু এই অংশের এবং বাণেন এই পদের সহিত ভিন্ন এই অংশের যে অর্থগত সম্পর্ক (=ব্যপেক্ষা=সাপেক্ষত্ব) তাহা বুঝিতে শ্রোতার কোনই অসুবিধা হয় না। মনে রাখিতে হইবে যে এইরূপ সমাস সর্ব ক্ষেত্রেই স্বীকৃত নহে। কিন্তু

"প্রতিযোগিপদাদন্যদ্ যদন্যৎ কারকাদপি।
বৃত্তিশব্দৈকদেশস্য সম্বন্ধস্তেন নেষ্যতে॥"

সমাসবদ্ধপদের একাংশের সহিত ঐ সমাসবহির্ভূত অপর কোন পদের সাপেক্ষত্ব কেবল দুইটি সীমাবদ্ধ ক্ষেত্রেই সম্ভব। যখন এই বহির্ভূত পদটি হয় (১) প্রতিযোগী (=ষষ্ঠী সম্বন্ধযুক্ত) পদ অথবা (২) কারকপদ।

ঋদ্ধস্য রাজমাতঙ্গাঃ এই উদাহরণে পৃথক্ সংরক্ষিত পদটি প্রতিযোগী পদও নহে কারকও নহে। কিন্তু বিশেষণ পদ। সেইজন্য বর্তমান উদাহরণে ঋদ্ধস্য পদটিকে পৃথক্ করিয়া রাজ-মাতঙ্গাঃ এইরূপ সমাস শাস্ত্রসম্মত নহে।

"সাপেক্ষে প্রত্যয়ো ন স্যাৎ সমাসো বা কথঞ্চন।
সাপেক্ষং তদ্ বিজানীয়াদসমস্তবিশেষণম্॥"

সাপেক্ষত্ব না থাকিলে প্রত্যয় বা সমাস হয় না। যে বিশেষণ পদটি সমাসের

অন্তর্ভুক্ত নয়, পৃথক্ রহিয়াছে তাহাকেই সাপেক্ষত্ব বলে—'**যুক্তার্থঘটকীভূত-পদাতিরিক্তপদসম্বন্ধিত্বং সাপেক্ষত্বম্।**'

ভবতি চ প্রধানস্য সাপেক্ষস্যাপি সমাসঃ। যত্র তু প্রতিযোগিপদস্য কারকপদস্য বা অপেক্ষা বর্ততে, তত্র সমাসঃ স্যাদেব। অয়মেব হি **সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ।** যথা, রামস্য নামমহিমা, কৃষ্ণম্ আশ্রিতমনাঃ, বাণেন ভিন্নহৃদয়ঃ, রামেণ হৃতভর্তৃকা, বিপ্রায় দত্তভূমিঃ, ব্যাঘ্রাৎ লব্ধভয়ঃ, সিন্ধৌ নিমগ্নসর্বস্বঃ ইত্যাদিপ্রয়োগঃ সাধুরেব।

তথা চোক্তম্—**চৈত্রস্য দাসভার্যেয়ং লূনচক্রো রথো ময়া।**
শরৈঃ শাতিতপত্রোঽয়ং বৃক্ষ ইতি সতাং মতম্॥

কিন্তু বৃদ্ধস্য বাহোঃ অপত্যম্ ইতি বাক্যেন বৃদ্ধস্য বাহবিঃ, অথবা বীরং পুত্রম্ ইচ্ছতি ইতি বাক্যেন বীরং পুত্রকাম্যতি ইত্যাদিপ্রয়োগঃ প্রামাদিকঃ। তথা চোক্তম্—

তরুণী বৃষলীভার্যঃ প্রবীরং পুত্রকাম্যতি।
ঋদ্ধস্য রাজমাতঙ্গা ইতি ন স্যুঃ প্রযুক্তয়ঃ॥

সাপেক্ষম্ অসমর্থং ভবতি। কিন্তু সমাস মধ্যস্থিত প্রধান পদটি বহির্ভূত পদটির সাপেক্ষ হইলেও পদান্তরের সহিত তাহার সমাস হইতে বাধা নাই। ইহাকেই **সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাস** বলা হয়। যেমন রামস্য (রামের) **নাম-মহিমা**, কৃষ্ণম্ (কৃষ্ণে, **আশ্রিতমনা**, বাণেন (বাণের দ্বারা) **ভিন্নহৃদয়ঃ**, রামেণ (রামকর্তৃক) **হৃতভর্তৃকা** (হৃতো ভর্তা যস্যাঃ সা), বিপ্রায় (বিপ্রকে) **দত্তভূমিঃ**, ব্যাঘ্রাৎ (ব্যাঘ্র হইতে) **লব্ধভয়ঃ**, সিন্ধৌ (সমুদ্রে) নিমগ্নসর্বস্বঃ, ইত্যাদি প্রযোগ শুদ্ধ। এইজন্যই বলা হইয়াছে—ইয়ং চৈত্রস্য দাসভার্য্যা, ময়া লূনচক্রো রথঃ, শরৈঃ শাতিতপত্রোঽয়ং বৃক্ষঃ, এই প্রয়োগগুলি ব্যাকরণসম্মত।

কিন্তু বৃদ্ধবাহুর (একজনের নাম) অপত্যম্ এই বাক্যে বৃদ্ধস্য বাহবিঃ অথবা বীরং পুত্রম্ ইচ্ছতি—বীর পুত্র কামনা করিতেছে এইবাক্যে বীরং পুত্রকাম্যতি ইত্যাদি প্রয়োগ প্রামাদিক।

অতএব তরুণ্যো বৃষলীভার্যঃ, প্রবীরং পুত্রকাম্যতি, ঋদ্ধস্য রাজমাতঙ্গা ইত্যাদি সমাস হইবে না।

। **পরার্থাভিধানং বৃত্তিঃ**—প্রত্যয়ান্তর্ভাবেণ অপরপদার্থান্তর্ভাবেণ বা যো বিশিষ্টোঽর্থঃ স পরার্থঃ। সঃ অভিধীয়তে যেন তৎ পরার্থাভিধানম্, সা হি বৃত্তিঃ। **অতএব তিঙন্তং বৃত্তি র্ন ভবতি** তত্র একার্থীভাবানভ্যুপগমাৎ অন্যথা, 'ফলং মৃদু পচতি' ইত্যাদৌ ফলে মৃদুত্বান্বয়ঃ ন স্যাৎ। অত্র অন্যে প্রাহুঃ—**সবিশেষণানাং বৃত্তি র্ন ভবতি, বৃত্তস্য চ বিশেষণযোগো নেতি।**

সমর্থসূত্রে কৈয়টস্তু আহ—পরস্য শব্দস্য যোঽর্থঃ, তস্য অভিধানং শব্দান্তরেণ যত্র সা বৃত্তিরিত্যর্থঃ। যথা রাজপুরুষ ইত্যত্র রাজশব্দেন বাক্যাবস্থায়াম্ অনুক্তঃ পুরুষার্থঃ বৃত্তৌ অভিধীয়তে। তথাচোক্তম্—

পাণিন্যাদিভিরাচার্যৈঃ শব্দশাস্ত্রপ্রবক্তৃভিঃ।
ভণিতা **বৃত্তয়ো** যা হি **বিশিষ্টৈকার্থবোধিকাঃ** ॥

কৃত্তদ্ধিত-সমাসৈকশেষ-সনাদ্যন্তধাতুরূপাঃ পঞ্চবৃত্তয়ঃ। তথাচোক্তম্—

সমাসা একশেষাশ্চ তদ্ধিতাশ্চ কৃতস্তথা।
সনাদ্যন্তা ধাতবশ্চ বৃত্তয়ঃ পঞ্চধা মতাঃ ॥

বৈয়াকরণেরা বৃত্তির এইরূপ লক্ষণ করিয়াছেন—পরার্থাভিধানকে বৃত্তি বলে।

প্রত্যয়ের যোগে পদের বা ধাতুর পরিবর্তিত অর্থই পরার্থ। অর্থাৎ কোন সুবন্ত পদ বা তিঙন্ত ভিন্ন ক্রিয়াপদের নির্দিষ্ট কোনও প্রত্যয়ের যোগে সেই পদ বা ধাতুর সাধারণ অর্থ হইতে পৃথক যে একটি বিশিষ্ট অর্থের সৃষ্টি হয় তাহারই নাম পরার্থ।

এইরূপ দুই বা ততোধিক পদ (অর্থসাপেক্ষভাবে) পরস্পর অঙ্গাঙ্গিভাবে বিজড়িত বা একীভূত হইবার ফলে প্রত্যেকের স্বকীয় অর্থ হইতে ভিন্ন, অন্য যে একটি বিশিষ্ট অর্থ পাওয়া যায় তাহারও নাম পরার্থ। এরূপ স্থলে অন্য পদের অর্থের সহিত মিশিয়া গিয়া নূতন একটি পরিবর্তিত অর্থ প্রকাশিত হয়।

ব্যাকরণসম্মত যে প্রক্রিয়ার ফলে 'পরার্থ' অর্থাৎ উল্লিখিত দুই প্রকার বিশিষ্ট অর্থ সাধিত হয় তাহার নাম বৃত্তি। যে প্রক্রিয়ার দ্বারা (কিছু) বলা হইয়া থাকে তাহার নাম অভিধান। পরার্থের অভিধান যাহা তাহাই পরার্থাভিধান—ইহারই নাম বৃত্তি।

সংক্ষেপে বলিতে গেলে এই দাঁড়ায়—প্রত্যয়ের অন্তর্ভাবহেতু অথবা অপর পদার্থের অন্তর্ভাবহেতু যে বিশিষ্ট অর্থ জন্মে—তাহাই পরার্থ। বৃত্তি এই পরার্থের বোধক।

বৃত্তির লক্ষণে 'পরার্থ' এই উল্লেখ থাকাতে 'তিঙন্তপদ' বৃত্তি নহে। সেখানে তিঙ্‌নির্দিষ্ট কোন একটি প্রত্যয়ের যোগ আছে বটে, কিন্তু তাহা সত্ত্বেও মূল ক্রিয়ার অর্থের সহিত (ইচ্ছা বা পৌনঃপুন্য প্রভৃতি) নূতন কোন অর্থের যোগ ঘটে না (এবং দুইটি বিভিন্ন অর্থের একীভাবের প্রসঙ্গও এখানে নাই) সেরূপ হইলে এই বাক্যে ফলের সহিত মৃদুত্বের কোন সম্পর্ক থাকিত না। অন্য বৈয়াকরণেরাও বলেন "বিশেষণযুক্ত কোন পদ বৃত্তির অন্তর্ভুক্ত হইতে পারে না। পক্ষান্তরে বৃত্তি নামক প্রক্রিয়ার অন্তর্ভুক্ত কোন অঙ্গপদই পৃথক্‌ভাবে বিশেষণযুক্ত হইতে পারে না।"

রাজ্ঞঃ পুরুষঃ রাজপুরুষঃ। পৃথগর্থানামেকার্থীভাবঃ সমর্থবচনম্। পৃথগর্থা যেষাং তানি পৃথগর্থানি পদানি। বাক্যে হি রাজ্ঞঃ পুরুষ ইত্যত্র রাজশব্দো রাজার্থমেবাচষ্টে, পুরুষ-শব্দোঽপি পুরুষার্থমেব। বৃত্তৌ তু রাজপুরুষ ইত্যত্র রাজশব্দোঽপি পুরুষার্থমেবাচষ্টে ইতি দ্বয়োরেকার্থীভাবো ভবতি। একার্থীভাবস্তাবৎ সামর্থ্যমিতি। বৃত্তৌ ভেদস্য নিবর্তনাৎ তদধিষ্ঠানস্য সম্বন্ধস্য অন্তর্ভাবাৎ ষষ্ঠী নিবর্ততে। সৈব স্বাভাবিকী নিবৃত্তিঃ সুপো ধাতুপ্রাতিপদিকয়োরিতি শাস্ত্রেণাখ্যায়তে।

রাজার পুরুষ=রাজপুরুষ। পৃথগর্থ শব্দগুলির একার্থীভাব সমর্থবচন। পৃথক্ অর্থ যাহাদের তাহারা পৃথগর্থ পদ। বাক্যে রাজার পুরুষ এই স্থলে রাজশব্দ রাজার অর্থই এবং পুরুষ শব্দটি পুরুষের অর্থই প্রকাশ করে। বৃত্তিতে কিন্তু রাজপুরুষ এই সমাসবদ্ধপদে রাজশব্দও পুরুষের অর্থকেই বিশেষিত করে—এইভাবে দুইটি পদের একার্থীভাব হয়। একার্থীভাবই সামর্থ্য। বৃত্তিতে ভেদ নিবৃত্ত হয় বলিয়া 'রাজ্ঞঃ' এই পদের সম্বন্ধও রাজপুরুষ এই সমস্ত পদে অন্তর্ভুক্ত হওয়ায় সেই সম্বন্ধের বাচক ষষ্ঠী বিভক্তিও নিবৃত্ত হয়। এই স্বাভাবিক নিবৃত্তিই "সুপো ধাতুপ্রাতিপদিকয়োঃ" এই সূত্রের দ্বারা বিহিত হয়। যথা, রাজপুরুষ এই উদাহরণে বিগ্রহবাক্যে রাজশব্দ হইতে যাহা বুঝা যায় নাই সেই পুরুষশব্দের একটি বিশেষ—রাজস্বামিক—এই অর্থ সমাসবৃত্তির দ্বারা বুঝা যাইতেছে।

কথিতও আছে—পাণিনি প্রভৃতি (শব্দানুশাসনের) আচার্যগণ তাহাদেরই বলিয়াছেন বৃত্তি যাহারা বিশিষ্ট একটি সম্মিলিত অর্থ তুলিয়া ধরে। এই বৃত্তি পাঁচপ্রকার :—

১। **কৃদ্বৃত্তি**—এই শ্রেণীর প্রত্যয়ের যোগে ধাতুর পরিবর্তিত অর্থ—সোঢ়ুম্ (সহং কর্তুম্), ক্ষন্তব্যঃ (ক্ষন্তুং যোগ্যঃ), গেয়ঃ—(যো গায়তি সঃ)—গেয়ো মাণবকঃ সাম্নাম্।

২। **তদ্ধিতবৃত্তি**—তদ্ধিত প্রত্যয়ের যোগে কোন পদের পরিবর্তিত অর্থ—পার্থিবঃ (পৃথিব্যাং ভবঃ বা পৃথিব্যা ঈশ্বরঃ), দাশরথিঃ (দশরথস্য অপত্যং পুমান্), আতিথেয়ঃ (অতিথিষু সাধুঃ)।

৩। **সন্নন্ত, যঙন্ত, নামধাতু প্রভৃতি**—অপর কয়েক শ্রেণীর প্রত্যয়ের যোগে ধাতুর পরিবর্তিত অর্থ—চিকীর্ষতি (কর্তুমিচ্ছতি). তপস্যতি (তপ আচরতি), জঙ্গম্যতে (কুটিলং গচ্ছতি)।

৪। **সমাসবৃত্তি**—অপর পদার্থের অন্তর্ভাবহেতু পরিবর্তিত অর্থ—পীতাম্বরঃ (পীতম্ অম্বরং যস্য সঃ), উপকূলম্ (কূলস্য সমীপম্), রাজর্ষিঃ (রাজা চাসৌ ঋষিশ্চেতি)।

৫। **একশেষবৃত্তি**—অপর পদার্থের সহিত মিশিয়া গিয়া নূতন একটি অর্থের সৃষ্টি, কিন্তু পরিণামে একটিমাত্র পদের সাক্ষাৎ উপস্থিতি—পিতরৌ (পিতা চ মাতা চ) শিরাংসি (শিরশ্চ শিরশ্চ শিরশ্চ), বক্রদণ্ডৌ (বক্রদণ্ডশ্চ বক্রদণ্ডশ্চ)।

৩। **বৃত্ত্যর্থাববোধকং বাক্যং বিগ্রহঃ** বিশিষ্টার্থপ্রতিপাদকং বাক্যং হি বিগ্রহ উচ্যতে। বিগ্রহবাক্যং ব্যাসবাক্যমিতি (সমাসবাক্যমিতি) চ কথ্যতে।

বিগ্রহো দ্বিবিধঃ—লৌকিকঃ অলৌকিকশ্চ। পরিনিষ্ঠিতত্বাৎ প্রয়োগার্হতয়া **সাধুঃ লৌকিকঃ,** যথা, রাজ্ঞঃ পুরুষঃ। **প্রয়োগানর্হঃ অসাধুঃ অলৌকিকঃ**; যথা, রাজন্ অস্ পুরুষ সু ইতি।

উপরে যে বিশিষ্ট অর্থের কথা বলা হইল তাহা বুঝাইবার জন্য যে বাক্য অর্থাৎ ব্যাখ্যানমূলক শব্দসমূহের প্রয়োগ করা হয় তাহারই নাম বিগ্রহবাক্য বা ব্যাসবাক্য। সমাসের ক্ষেত্রে ইহাকে সমাসবাক্যও বলা হইয়া থাকে। বিগ্রহবাক্য দুই প্রকার—লৌকিক ও অলৌকিক। লৌকিক বিগ্রহ হইল সেই বাক্য যাহা পূর্ণ সুবন্তাদিরূপ লইয়া গঠিত (অতএব শাস্ত্রে ব্যবহার যোগ্য) বিশুদ্ধ পদসমূহ লইয়া রচিত। যেমন রাজ্ঞঃ (ষষ্ঠী বিভক্তিযুক্ত) পুরুষঃ। আর অলৌকিক বিগ্রহ বাক্যের অন্তর্গত পদগুলির পূর্ণ সুবন্ত রূপও নাই, আর শাস্ত্রসম্মতভাবে ইহা

প্রয়োগযোগ্যও নহে ; রাজন্ ঙস্ পুরুষ সু। এখানে প্রাতিপদিক ও বিভক্তি পৃথক্-ভাবে দেখানো হইয়াছে মাত্র। ব্যাকরণের বিধান—**নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত।**

নিত্যসমাস

নিত্যসমাসঃ দ্বিবিধঃ—**অবিগ্রহঃ অস্বপদবিগ্রহো** বা। বিশেষেণ গৃহ্যতে জ্ঞায়তে বৃত্ত্যর্থোঽনেনেতি **বিগ্রহঃ**। যে বাক্য দ্বারা সমাসাদিযুক্ত পদকে বিশ্লেষণ করিলে তাহার অর্থ পরিস্ফুট হয় তাহাকে বিগ্রহ বা ব্যাসবাক্য বলে। (১) নিত্যশ্চাসৌ সমাসশ্চেতি নিত্যসমাসঃ—যস্য বিগ্রহবাক্যং নাস্তি। যথা, কৃষ্ণসর্পঃ, লোহিতশালিঃ। (২) যস্য সমাসস্য স্বঘটকপদৈঃ বিগ্রহবাক্যং নাস্তি সঃ অস্বপদবিগ্রহঃ সমাসঃ। যথা, অন্যো রাজা রাজান্তরম্, ব্রাহ্মণায় ইদং ব্রাহ্মণার্থং পয়ঃ। (অলুক্ সমাসের পূর্বে দেখ)।

ক্বচিৎ সমাসো ন স্যাৎ। যথা, রামো জামদগ্ন্যঃ, ব্যাসঃ পারাশর্যঃ, অর্জুনঃ কার্তবীর্য ইত্যাদি। উক্তং চ—**নিত্যোঽনিত্যো বিকল্পশ্চ সমাসস্য ত্রিধা ক্রমঃ।***

---

* **বিভক্তিমাত্রপ্রক্ষেপাদ্বিজ্ঞাতান্তর্গতনামযু।**
অর্থস্যাবোধবোধাভ্যাং নিত্যানিত্যৌ সমাসকৌ॥

যে বিভিন্ন সুবন্ত পদগুলি লইয়া সমাস গঠিত হয় সেই সমস্তপদের বিগ্রহবাক্যে অর্থবোধক বিভক্তি যোগ করিলেও যদি সমস্তপদের অর্থ বুঝা না যায় তাহা হইলে উহা অবিগ্রহ নিত্যসমাস, যথা কৃষ্ণসর্পঃ (cobra)। এস্থলে কৃষ্ণশ্চাসৌ সর্পশ্চেতি এরূপ বিগ্রহ করিলে যে কোন কালসাপকেই বুঝাইতে পারে। কিন্তু কৃষ্ণসর্প এই সমস্তপদটি কেউটে সাপকে বুঝাইতেই প্রযুক্ত হয়, "ভেষজবৈদ্যান্তনিবার্য্যঃ সর্পবিশেষঃ"। আর যেখানে বিগ্রহবাক্য দিলেই অর্থ বুঝা যায় তাহা অনিত্যসমাস। যেমন রাজ্ঞঃ পুরুষঃ=রাজপুরুষঃ। এস্থলে রাজন্ শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি দিলে তাহার পুরুষ শব্দের সহিত সম্বন্ধ হয়—রাজস্বামিক পুরুষ। রাজ্ঞঃ পুরুষঃ এর দ্বারা যে অর্থের বোধ হয় রাজপুরুষঃ শব্দের দ্বারাও সেই অর্থেরই বোধ হয়।

ভগবান্ পাণিনি তাঁহার **শব্দানুশাসনে** দ্বিতীয় অধ্যায়ের প্রথম পাদের একাদশসংখ্যক **'বিভাষা'** এই সূত্রদ্বারাই পরবর্তী তাবৎ সমাসেরই সাধারণভাবে বিকল্পে সমাসের বিধান করিয়াছেন। অতএব অধিকাংশ সমাসই অনিত্যসমাস। যে স্থলে নিত্যসমাস হইবে সেখানে সূত্রের মধ্যে 'নিত্যং' শব্দটি ব্যবহার করিয়াছেন। যেমন 'নিত্যং ক্রীড়াজীবিকয়োঃ' ২।২।১৭ যথা, উদ্দালকপুষ্পভঞ্জিকা, দন্তলেখকঃ। যে স্থলে সমস্ত পদটি সংজ্ঞা বুঝায় সে স্থলে সূত্রের মধ্যে 'নিত্যং' পদটি না থাকিলেও নিত্য সমাসই হইবে। 'বাক্যেন সংজ্ঞানবগমাৎ নিত্যসমাসঃ' সংজ্ঞা বা কোনও কিছুর নাম অবিভাজ্য। বিগ্রহবাক্যের দ্বারা সংজ্ঞা বুঝানো যায় না।

ন বিধেয়ৈঃ সমাসঃ—উদ্দেশ্যবিধেয়ভাবস্থলে বিধেয়ৈঃ পদৈঃ সহ উদ্দেশ্যস্য সমাসো ন স্যাৎ। যথা, সংখ্যাপূর্বো দ্বিগুঃ ; গ্রহণে গৌ র্ন দেয়া। সংখ্যাপূর্বদ্বিগুঃ হইবে না।

রামং দশরথং বিদ্ধি মাং বিদ্ধি জনকাত্মজাম্।

অযোধ্যামটবীং বিদ্ধি গচ্ছ বৎস যথাসুখম্॥

অত্র সমাসে তু উদ্দেশ্যবিধেয়ভাবসিদ্ধিরেব ন স্যাৎ।

নিত্য সমাস দুই প্রকার—অবিগ্রহ ও অস্বপদবিগ্রহ। (১) নিত্য যে সমাস অর্থাৎ যে সমাসের অর্থবোধক বিগ্রহ বাক্য দেওয়া চলে না—তাহাকে অবিগ্রহ নিত্য সমাস বলা হয়। কৃষ্ণসর্প উদাহরণটি যদি কৃষ্ণঃ সর্পঃ এইভাবে বিশ্লেষণ করিয়া দেখান হয় তবে অর্থ হইবে কাল রঙ্এর সাপ এইমাত্র, 'কেউটে' নহে। অতএব ইহার বিগ্রহবাক্য দিলে বিশেষ অর্থ থাকে না। এইজন্য ইহা অবিগ্রহ নিত্যসমাস।

(২) সমাসবদ্ধপদে ঘটকপদগুলির সাহায্যে যেখানে বিগ্রহবাক্য দেওয়া হয় না তাহাকে অস্বপদবিগ্রহ নিত্যসমাস বলা হয়। অন্যো রাজা রাজান্তরম্। চিদ্ এব—চিন্মাত্রম্। এখানে সমাসে অন্যঃ এবং এব শব্দের অর্থে অন্তরম্ ও মাত্রম্ যুক্ত হইয়াছে।

কোনও কোনও স্থলে সমাস হয় না—রামঃ জামদগ্ন্যঃ। কথিতও আছে—সমাস নিত্য, অনিত্য ও বিকল্প এই তিন শ্রেণীর হইতে পারে। উদ্দেশ্য ও বিধেয়রূপে প্রযুক্ত পদগুলির সমাস হয় না—কেননা 'অযোধ্যাম্' ইত্যাদি উদাহরণে "অযোধ্যাটবী" এইরূপ সমাস করিলে ঐ দুই পদের উদ্দেশ্য-বিধেয়-ভাবই নষ্ট হইয়া যায়।

৪। **সমাসঃ**—সমসনম্=ঐকপদ্যং সমাসঃ, পদদ্বয়স্য বহুপদস্য বা একপদত্বং সমাস ইত্যর্থঃ। 'নাম্নাং সমাসো যুক্তার্থঃ' (কলাপ ব্যাকরণ)। এতেন অলুক্-সমাসোঽপি গৃহ্যতে। সমর্থানাং পরস্পরসম্বন্ধার্থানাং পদানাং সমাসো ভবতি। যথা, রাজ্ঞঃ পুত্রঃ রাজপুত্রঃ। সমর্থানাং কিম্? ভার্যা রাজ্ঞঃ পুরুষঃ দেবদত্তস্য ইত্যত্র ন সমাসঃ।

সমাসলক্ষণম্—ঐকপদ্যম্ ঐকস্বর্যম্ একার্থীভাবশ্চ।

সমাসশ্চতুর্বিধ ইতি তু প্রায়োবাদঃ—সমাসঃ প্রায়েণ চতুর্বিধঃ—অব্যয়ীভাবঃ, তৎপুরুষঃ, বহুব্রীহিঃ, দ্বন্দ্বশ্চ। এতেষাং বিষয়াৎ বহির্ভূতানামপি 'সহ সুপা' ইতি সমাসবিধানাৎ পঞ্চবিধ এবায়ং বক্তুং যুজ্যতে।

(পূর্বপদার্থপ্রধানঃ অব্যয়ীভাবঃ, উত্তরপদার্থপ্রধানঃ তৎপুরুষঃ, অন্যপদার্থপ্রধানঃ বহুব্রীহিঃ, উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ) ইত্যপি প্রাচাং বাদঃ প্রায়োঽভিপ্রায়ঃ। সূপপ্রতি উন্মত্তগঙ্গম্ ইত্যাদ্যব্যয়ীভাবে, অতিমালাদৌ তৎপুরুষে, দ্বিত্রা ইত্যাদি বহুব্রীহৌ, দন্তোষ্ঠম্ ইত্যাদিদ্বন্দ্বে চ তাদৃশলক্ষণাযোগাৎ।

তৎপুরুষবিশেষঃ কর্মধারয়ঃ, তদ্বিশেষো দ্বিগুঃ। অনেকপদত্বং দ্বন্দ্ব-বহুব্রীহ্যোরেব। তৎপুরুষস্য তু দ্ব্যহজাত ইত্যাদৌ কচিদেব অনেকপদত্বম্। সমাসস্য অন্যথা ষড়্-বিধত্বং যথা—

সুপাং সুপা তিঙা নাম্না ধাতুনাথ তিঙাং তিঙা।
সুবন্তেনেতি বিজ্ঞেয়ঃ সমাসঃ ষড়্বিধো বুধৈঃ॥

যথা, সুপাং সুপা—রাজপুরুষঃ, সুপাং তিঙা—পর্যভূষয়ৎ, সুপাং নাম্না (প্রাতিপদিকেন) কুম্ভকারঃ (১), সুপাং ধাতুনা—কটপ্রূঃ, অজস্রম্ (২); তিঙাং তিঙা—পিবতখাদতা, খাদতমোদতা (৩); তিঙাং সুপা- কৃন্তবিচক্ষণা।

পূর্বেই বলা হইয়াছে একাধিক পদের একপদে পরিণত হইবার অবস্থার নাম সমাস, অলুক্ সমাসও এই বৈশিষ্ট্যের মধ্যে পড়ে। আত্মনেপদম্ প্রভৃতি ক্ষেত্রে সমাস ঠিকই হইয়াছে। আত্মনেপদ শব্দটি দুই পদ মিলিয়া সমাসে একপদে পরিণত হইয়াছে। কেবল পূর্বপদের চতুর্থী বিভক্তির প্রত্যাশিত লোপ ঘটে নাই—সেইজন্য ইহারা অলুক্।

যদি অলুক্‌কে একটি পৃথক্ সমাস বলিয়া গণ্য করা হয় তাহা হইলে সমাসের অন্য একটি মাত্র শ্রেণী থাকে—তাহার নাম লুক্-সমাস। সমাসের এরূপ বিভাগ অবশ্য সাধারণতঃ স্বীকৃত নহে।

অর্থসমন্বয়ের উদ্দেশ্যে পরস্পরের প্রতি আকাঙ্ক্ষাযুক্ত (=অর্থসম্পর্কযুক্ত) পদসমূহের মধ্যেই কেবল সমাস হইয়া থাকে। সমর্থপদ সমূহেরই সমাস হয়—ইহাই বক্তব্য। ভার্যা রাজ্ঞ পুরুষঃ ভার্যা দেবদত্তস্য এই উদাহরণে রাজপুরুষঃ এইরূপ সমাস

(১) অত্র সুবুৎপত্তেঃ প্রাগেব উপপদ-সমাসঃ।

(২) 'ক্বিব্ বচিপ্রচ্ছি—'ইতি সূত্রস্য বার্তিকে, 'নমিকম্পি—' ইতি সূত্রে চ কটপ্রূঃ অজস্রম্ ইতি নিপাতানাং ধাতুনা সমাসঃ।

(৩) 'আখ্যাতমাখ্যাতেন—' ইতি ময়ূরব্যংসকাদৌ পাঠাৎ সমাসঃ।

হইবে না। পরস্পর সান্নিধ্যসত্ত্বেও রাজ্ঞঃ ও পুরুষঃ ইহাদের মধ্যে সামর্থ্য= আকাঙ্ক্ষা=অর্থগত সম্পর্ক কিছুই নাই। সমাসবৃত্তির ফলে একপদতা একস্বরতা এবং একার্থীভাব (অর্থাৎ একটিমাত্র সম্মিলিত বিশিষ্ট অর্থে পরিণতি) হয়।

সমাস চারিপ্রকার ইহা প্রায়শঃ বলা হইলেও ঐ বিভাগ যুক্তিসম্মত নহে কেননা এই চারিপ্রকার সমাসের অতিরিক্ত পাণিনি 'সহসুপা' এই সূত্র অনুসারে অতিরিক্ত একটি সমাসের ভেদ স্বীকার করিয়াছেন। অতএব সমাস পাঁচপ্রকার এইরূপ বলাই সমীচীন।

পূর্বপদার্থপ্রধান অব্যয়ীভাব, উত্তরপদার্থপ্রধান তৎপুরুষ, অন্যপদার্থপ্রধান বহুব্রীহি, এবং উভয় পদার্থ প্রধান দ্বন্দ্ব - এইভাবে যে সমাসের স্বরূপ নির্ণয় প্রাচীনেরা করিয়া গিয়াছেন তাহাও **প্রায়শঃ প্রচলিত** উক্তি বলিয়া ধরিতে হইবে। অর্থাৎ সর্বতোভাবে সমর্থনযোগ্য নহে। 'উন্মত্তগঙ্গম্' প্রভৃতি অব্যয়ী-ভাবের উদাহরণ, 'অতিমালঃ' প্রভৃতি তৎপুরুষে, 'দ্বিত্রাঃ' প্রভৃতি বহুব্রীহি সমাসে এবং দন্তৌষ্ঠং' প্রভৃতি দ্বন্দ্ব বলিয়া স্বীকৃত সমাসে উক্ত স্বরূপের ব্যতিক্রম লক্ষ্য কর যায়। প্রথম উদাহরণে উন্মত্তগঙ্গম্ একটি সংজ্ঞা, অতএব অন্য-অর্থ-প্রধান। দ্বিতীয় উদাহরণে তৎপুরুষ সমাস হইলেও অতিমালাম্) উত্তরপদার্থ-প্রধান নহে— পূর্বপদের অর্থ প্রধান তৃতীয় উদাহরণে দ্বিত্রাঃ বহুব্রীহির অন্তর্ভুক্ত হইলেও প্রকৃতপক্ষে উভয়পদার্থ প্রধান। চতুর্থ উদাহরণে দন্তৌষ্ঠম্ দ্বন্দ্বসমাসভুক্ত হইলেও উভয়পদার্থপ্রধান নহে— সমাহারের অর্থ ই প্রধান।

কর্মধারয় তৎপুরুষ সমাসেরই প্রকার বিশেষ এবং দ্বিগু আবার (সমানাধিকরণ সমাস বলিয়া স্বীকৃত) কর্মধারয়েরই অন্তর্ভুক্ত। অনেকপদত্ব কেবল দ্বন্দ্ব এবং বহুব্রীহির বেলাতেই লক্ষ্য করা যায়, তৎপুরুষের বেলায় মাত্র দুই-একটি ক্ষেত্রে (যেমন দ্ব্যহুজাতঃ এই প্রকার উদাহরণে) অনেকপদত্বের প্রয়োগ দেখা যায়।

অন্য প্রণালীতে বিচার করিলে সমাসের ছয়টি প্রকার নিম্নলিখিতভাবে লক্ষ্য করা যায় :—

(১) সুপের সহিত সুপের - রাজপুরুষঃ। (রাজ্ঞঃ+পুরুষঃ ।

(২) সুপের ,, তিঙের—পর্যভূষয়ৎ। (পরি+অভূষয়ৎ)।

(৩) নামের সহিত সুপের—কুম্ভকারঃ। (কুম্ভ + করোতীতি কারঃ)

(৪) ধাতুর ,, সুপের—কটপ্রূঃ, অজস্রম্। (কট + প্রূঃ) প্রবতে, (নঞ্ + জস্র = জস্ + র)

(৫) তিঙের ,, তিঙের—পিবতখাদতা। (পিবত + খাদত)

(৬) সুপের ,, তিঙের—কৃন্তবিচক্ষণা। (কৃন্ত + বিচক্ষণ)

এই শেষ বিভাগটিই পাণিনীয় সম্প্রদায়ে সর্বাধিকসম্মত।

৫। **সুপো ধাতু-প্রাতিপদিকয়োঃ** (২।৪।৭১)—সন্নন্তাদিধাতোঃ সমাসাদিরূপপ্রাতিপদিকস্য চ অবয়বস্য সুপো বিভক্তেঃ লুক্ ভবতি। যথা, (ধাতোঃ) পুত্রমিচ্ছতি—পুত্রীয়তি, বা পুত্রকাম্যতি (অত্র পুত্রম্ ইত্যস্য অম্‌বিভক্তের্লোপঃ); (প্রাতিপদিকস্য) রাজ্ঞঃ পুরুষঃ রাজপুরুষঃ (**উভয়পদস্য বিভক্তিলোপঃ, কৃত্তদ্ধিতসমাসাশ্চ ইতি প্রাতিপদিসংজ্ঞয়া সমস্তে পুনর্বিভক্তি**)।

সন্নন্ত প্রভৃতি ধাতুর এবং সমাসাদিরূপ প্রাতিপদিকের অবয়বের সুপ্‌বিভক্তির লোপ হয়। যথা ধাতুর ক্ষেত্রে পুত্রম্ ইচ্ছতি পুত্রীয়তি বা পুত্রকাম্যতি—এস্থলে পুত্রম্ পদের অম্ বিভক্তির লোপ হইয়াছে। প্রাতিপদিকের ক্ষেত্রে রাজ্ঞঃ পুরুষঃ রাজপুরুষঃ এস্থলে রাজন্ শব্দের পর ষষ্ঠীর এবং পুরুষ শব্দের পর সু বিভক্তির লোপ হইয়া "কৃৎতদ্ধিতসমাসাশ্চ" এই সূত্রদ্বারা প্রাতিপদিক সংজ্ঞা হওয়ায় সমাসবদ্ধ রাজপুরুষ পদটিতে পুনরায় সু-বিভক্তি যুক্ত হইয়া রাজপুরুষঃ এই পদ হইল।

যেহেতু সমাস করিয়া রাজপুরুষ এই প্রাতিপদিক নিষ্পন্ন হয় সেইজন্য প্রয়োজনমত ঐ প্রাতিপদিককে বিভিন্ন বিভক্তিতে ব্যবহার করা যায়। যেমন রাজপুরুষো গচ্ছতি, রাজপুরুষং পশ্য রাজপুরুষেণ গচ্ছতি, রাজপুরুষায় দেহি, রাজ-পুরুষাৎ আনয়, রাজপুরুষস্য পদচ্যুতিঃ, ইদং বৈশিষ্ট্যং রাজপুরুষে বর্ততে ইত্যাদি।

উপসর্জন দুই প্রকার :—

৬। (ক) **প্রথমানির্দিষ্টং সমাস উপসর্জনম্** ১।২।৪৩)—সমাসঃ প্রতি-পাদ্যত্বেন বর্ততে যত্র স সমাসঃ (অর্শ আদ্যচ্) সমাসসূত্রম্ ইত্যর্থঃ। সমাসসূত্রে প্রথময়া বিভক্ত্যা নির্দিষ্টং পদম্ উপসর্জনম্ উচ্যতে। সংজ্ঞাবিধায়কসূত্রমিদম্।

সমাসপ্রকরণের সূত্রে প্রথমা বিভক্তিদ্বারা নির্দিষ্টপদের

উপসর্জন সংজ্ঞা হয়। যথা, 'পঞ্চমী ভয়েন—ব্যাঘ্রাদ্ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্; **অব্যয়ং** বিভক্তি—কুম্ভস্য সমীপম্ উপকুম্ভম্ ইত্যাদি। এখানে **পঞ্চম্যন্ত ব্যাঘ্রাৎ** এবং উপ অব্যয় উপসর্জন।

প্রথম প্রকার (প্রথমানির্দিষ্ট) উপসর্জনের ফল—

৭। **উপসর্জনং পূর্বম্** (২।২।৩০)—সমাসে উপসর্জনং প্রাক্ প্রযোজ্যম্। **সমাসে** সমস্যমান পদসমূহের মধ্যে **উপসর্জন পূর্বে প্রযুক্ত হয়।** যথা, ব্যাঘ্রভয়ম্ উপকুম্ভম্।

৮। (খ) **একবিভক্তি চাপূর্বনিপাতে** (১।২।৪৪)—সমাসবাক্যে যৎ নিয়তৈকবিভক্তিকং তদপি উপসর্জনম্ উচ্যতে, অস্য উপসর্জনস্য তু পূর্বনিপাতো মা ভূৎ। **এক বিভক্তাবষষ্ঠ্যবচনম্।** একদেশি-সমাস-বিষয়োঽয়ম্ উপসর্জন-সংজ্ঞা-নিষেধঃ—অর্ধং পিপ্পল্যাঃ অর্ধপিপ্পলী। **ইদমপি (১।২।৪৪) সংজ্ঞাসূত্রম্।**

সমাসের **ব্যাসবাক্যে যে পদটি সর্বদা একই বিভক্তিতে থাকে, তাহাও উপসর্জন**; কিন্তু **এই উপসর্জন কখনও পূর্বে প্রযুক্ত হয় না।** যথা, নির্গতঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ গচ্ছতি; নির্গতং কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিং পশ্য, নির্গতেন কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিনা গম্যতে ইত্যাদি। এ স্থলে কৌশাম্ব্যাঃ সর্বত্র পঞ্চমী-বিভক্ত্যন্ত; এই জন্য কৌশাম্বী দ্বিতীয় প্রকারের উপসর্জন। উপসর্জন সংজ্ঞা হওয়ায় হ্রস্ব হইয়াছে।

দ্বিতীয় প্রকার (একবিভক্তি) উপসর্জনের ফল :—

৯। **গোস্ত্রিয়োরুপসর্জনস্য** (১।২।৪৮)—অপ্রধানীভূতগোশব্দান্তস্য অপ্রধানীভূতস্ত্রীপ্রত্যয়ান্তস্য চ সমাসস্য অন্ত্যস্বরস্য হ্রস্বঃ স্যাৎ।

সমাসে অপ্রধান গো-শব্দান্ত এবং স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দের অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা, **চিত্রা** গোঃ যস্য **চিত্রগুঃ** দেবদত্তঃ; নির্গতঃ **কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ** যাদবঃ; **খট্টাম্** অতিক্রান্তঃ **অতিখট্টঃ** শিষ্যঃ। প্রধানের হয় না। যথা, রাজকুমারী।

১০। **প্রাক্ কড়ারাৎ সমাসঃ** (২।১।৩)—'কড়ারাঃ কর্মধারয়ে (২।২।৩৮) এই সূত্রস্থ 'কড়ার' শব্দের পূর্ব পর্যন্ত সমাসের অধিকার—অর্থাৎ পাণিনি ব্যাকরণের সমাসপ্রকরণ।

পাণিনির সূত্র অনুসারে সমাসের স্বরূপ বুঝিতে গেলে নিম্নলিখিত সূত্রগুলি প্রয়োজন।

(১) সমর্থঃ পদবিধিঃ ২।১।১

(২) সুব্ (আমন্ত্রিতে পরাঙ্গবৎস্বরে) ২।১।২

(৩) সহ সুপা ২।১।৪

(৪) সুপো ধাতু-প্রাতিপদিকয়োঃ ২।৪ ৭১

(৫) প্রাক্ কড়ারাৎ (সমাসঃ) ২।১।৩

(৬) কৃৎতদ্ধিতসমাসাশ্চ (প্রাতিপদিকম্) ১।২।৪৬

অব্যয়ীভাব সমাস

১। **অব্যয়ীভাবঃ** (২।১।৫) **পূর্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ—** অব্যয়ীভাব-সমাসে পূর্বপদার্থস্য প্রাধান্যং ভবতি।

অব্যয়ীভাব সমাসে সমস্যমান পদদ্বয় মধ্যে পূর্বপদের অর্থ প্রধান হয়। **যথা,** হরৌ অধিহরি, রূপস্য যোগ্যম্ অনুরূপম। **কোন কোন অব্যয়ীভাব সমাসে পূর্বপদের অর্থ প্রধান হয় না।** যথা উন্মত্তগঙ্গম্ লোহিতগঙ্গম্; ইহারা দেশের নাম এবং সংজ্ঞা বলিয়া অবিগ্রহ অব্যয়ীভাব (১)।

২। **অব্যয়ীভাবশ্চ** (২।৪।১৮)— অব্যয়ীভাবসমাসঃ নপুংসকম্ (ক্লীবলিঙ্গঃ) স্যাৎ।

অব্যয়ীভাব সমাসে সমস্ত (সমাসবদ্ধ) **পদ ক্লীবলিঙ্গ হয়।** **যথা,** স্ত্রিয়ম্ অধিকৃত্য যা কথা প্রবর্ততে সা অধিস্ত্রি কথা, উন্মত্তগঙ্গং দেশঃ।

৩। **হ্রস্বো নপুংসকে প্রাতিপদিকস্য** (১।২।৪৭)—**দীর্ঘস্বরান্তস্য** ক্লীবলিঙ্গ-শব্দস্য অন্ত্যদীর্ঘস্বরস্থানে হ্রস্বাদেশঃ স্যাৎ।

দীর্ঘস্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দের অন্ত্য দীর্ঘস্বর হ্রস্ব হয়। যথা, গঙ্গায়া সমীপম্—উপগঙ্গম্, বধ্বাঃ সমীপম্—উপবধু, গোপে—অধিগোপম্।

৪। **অব্যয়াদাপ্‌সুপঃ** (২।৪।৮২)—**অব্যয়শব্দাৎ পরস্য আপ্‌প্রত্যয়স্য**

(১) **অনব্যয়ম্ অব্যয়ং ভবতীতি অব্যয়ীভাবঃ। অব্যয়ীভাবস্য অনব্যয়ত্বেঽপি তৎ অব্যয়বৎ কার্যম্ আপ্নোতি ইত্যর্থঃ।**

সুপশ্চ লোপঃ স্যাৎ। অব্যয়শব্দের পর আপ্ প্রত্যয় ও সুপ্‌বিভক্তির লোপ হয়। যথা, প্রাতঃ, দিবা, সায়ম্, মিথ্যা ; যথাবিধি, উপবধূ, আজানু।

অব্যয়ীভাব সমাসে অকারান্ত শব্দের রূপ

৫। **নাব্যয়ীভাবাদতোঽম্ ত্বপঞ্চম্যাঃ** (২।৪।৮৩)—অকারান্তাৎ অব্যয়ীভাবাৎ সুপ্ ন লুপ্যতে. কিন্তু পঞ্চমীভিন্নানাং সর্বাসাং বিভক্তীনাং স্থানে অম্ আদেশঃ স্যাৎ।

অকারান্ত অব্যয়ীভাব সমাসের পরবর্তী সুপবিভক্তির লোপ হয় না, **কিন্তু পঞ্চমী ভিন্ন অন্য সকল বিভক্তির স্থানে অম্ হয়।** যথা, প্রতিপাত্রং তিষ্ঠ পশ্য দেহি বা। পঞ্চমী বিভক্তিতে অকারান্ত ক্লীবলিঙ্গ (যেমন, ফল) শব্দের ন্যায় রূপ হয়। যথা, উপকুম্ভাৎ আগতঃ।

৬। **তৃতীয়া-সপ্তম্যোর্বহুলম্** (২।৪।৮৪) অকারান্তাৎ অব্যয়ীভাব-সমাসাৎ তৃতীয়ায়াঃ সপ্তম্যাশ্চ বিভাষয়া অম্ আদেশঃ স্যাৎ।

অকারান্ত অব্যয়ীভাব সমাসের পরবর্তী **তৃতীয়া ও সপ্তমীস্থানে বিকল্পে অম্ হয়।** যথা, অপদিশম্ অপদিশেন ; অপদিশম্, অপদিশে। **'বহুলম্' বলায় সুমদ্রম্, উন্মত্তগঙ্গম্ প্রভৃতিস্থলে নিত্য অম্ হয়।**

৭। **অব্যয়ং বিভক্তি-সমীপ-সমৃদ্ধি-ব্যৃদ্ধ্যর্থাভাবাত্যয়াসম্প্রতিশব্দ-প্রাদুর্ভাব-পশ্চাদ্‌যথানুপূর্ব্য-যৌগপদ্য-সাদৃশ্য-সম্পত্তি-সাকল্যান্ত-বচনেষু** (২।১।৬)—বিভক্ত্যর্থাদিষু বর্তমানম্ বিভিন্নম্ অব্যয়ং সুবন্তেন সহ সমস্যতে, স চ সমাসঃ অব্যয়ীভাবসংজ্ঞঃ স্যাৎ।

বিভক্তি, সমীপ, সমৃদ্ধি প্রভৃতি অর্থে বর্তমান অব্যয়ের পরবর্তী সুবন্ত পদের সহিত **সমাস হয়** ; 'অব্যয়' ব্যাকরণ শাস্ত্রের একটি সংজ্ঞা—অতএব 'অব্যয়' এই শব্দটির সমাস হয় না। এই সমাসকে অব্যয়ীভাব বলে। যথা, **বিভক্তি** হরৌ অধিহরি, স্ত্রীষু অধিস্ত্রি (১) ; **সামীপ্য**—কণ্ঠস্য সমীপম্ উপকণ্ঠম্। অক্ষ্ণোঃ সমীপম্ অম্বক্ষম্ সমক্ষম্ (২) ; **সমৃদ্ধি**— মদ্রাণাং (কল্যাণানাং)) সমৃদ্ধিঃ—সুমদ্রম্ ;

(১) সপ্তম্যর্থে যৎ অব্যয়ং তৎ বিভক্তিবচনম্।

(২) সময়া গ্রামম্, নিকষা লঙ্কাম্, আরাৎ বনাৎ ইত্যাদৌ তু সামীপ্যে ন অব্যয়ীভাবঃ অভিতঃ পরিতঃ—' ইতি অন্যারাৎ—' ইতি দ্বিতীয়াপঞ্চম্যোঃ বিধানসামর্থ্যাৎ।

ব্যৃদ্ধি (ঋদ্ধের ভাবঃ ব্যৃদ্ধিঃ)—যবনানাং ব্যৃদ্ধিঃ দুর্যবনম্। **অভাব**—ভিক্ষায়াঃ অভাবঃ দুর্ভিক্ষম্ ; মক্ষিকাণাম্ অভাবঃ নির্মক্ষিকম্ ; অত্যয় (ধ্বংস) হিমস্য অত্যয়ঃ অতিহিমম্, শীতস্য অত্যয়ঃ নিঃশীতম্, **অসম্প্রতি**—নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে অতিনিদ্রম্, কম্বলস্য নায়ং ভোগকালঃ অতিকম্বলম্ ; **শব্দপ্রাদুর্ভাব** (শব্দের প্রকাশ)—হরিশব্দস্য প্রকাশঃ ইতিহরি, পাণিনিশব্দস্য প্রকাশঃ ইতিপাণিনি, **পশ্চাৎ**—রথস্য পশ্চাৎ অনুরথম্, শিবস্য পশ্চাৎ অনুশিবম্ (১)। **যোগ্যতা-বীপ্সা-পদার্থানতিবৃত্তি-সাদৃশ্যানি যথার্থাঃ। যোগ্যতা**—রূপস্য যোগ্যম্ অনুরূপম্ ; **বীপ্সা**—দিনে দিনে প্রতিদিনম্, অহনি অহনি প্রত্যহম্, অর্থম্ অর্থং প্রতি প্রত্যর্থম্ (২) ; **অনতিবৃত্তি**—শক্তিম্ অনতিক্রম্য যথাশক্তি, বিধিমনতিক্রম্য যথাবিধি ; **সাদৃশ্য**—হরেঃ সাদৃশ্যং সহরি ; **আনুপূর্ব্য**—জ্যেষ্ঠস্য আনুপূর্ব্যেণ (ক্রমেণ) অনুজ্যেষ্ঠম্ ; **যৌগপদ্য**—চক্রেণ যুগপৎ সচক্রম্ (৩) ; **সাদৃশ্য** (৪) (তুল্যতা)—সখ্যা সদৃশঃ সসখি ; **সম্পত্তি** (অনুরূপঃ আত্মভাবঃ সমৃদ্ধেরন্যঃ)— ক্ষত্রাণাং সম্পত্তিঃ সক্ষত্রম্ (৫) ; **সাকল্য**—তৃণমপি অপরিত্যজ্য সতৃণম্ অত্তি (সাকল্যেন ইত্যর্থঃ) **অন্ত**—অগ্নিগ্রন্থপর্যন্তং সাগ্নি অধীতে। ইয়ং সমাপ্তিঃ অসকলেঽপি অধ্যয়নে ভবতীতি সাকল্যাৎ পৃথক্ উচ্যতে।

৮। **যথাঽসাদৃশ্যে** (২।১।৭)—সাদৃশ্য না বুঝাইলেই 'যথা' শব্দের সহিত অব্যয়ীভাব সমাস হয়। যথা, যথাবৃদ্ধম্, যথাশক্তি। সাদৃশ্য অর্থে সমাস হয় না। যথা, যথা হরিঃ তথা হরঃ।

৯। **যাবদবধারণে** (১।১।৮)—অবধারণ (ইয়ত্তা=এই পরিমাণ) অর্থে যাবৎ শব্দের সহিত অব্যয়ীভাব সমাস হয়। যথা, যাবন্তঃ শ্লোকাঃ তাবন্তঃ

---

(১) পশ্চাচ্ছব্দস্য নায়ং সমাসঃ, ততঃ পশ্চাৎ প্রংস্যতে ধ্বংস্যতে ইতি ভাষ্যপ্রয়োগাৎ।

(২) প্রতি-শব্দস্য বীপ্সায়াং কর্মপ্রবচনীয়সংজ্ঞাবিধানসামর্থ্যাৎ তদ্যোগে দ্বিতীয়াগর্ভং বাক্যমপি স্যাৎ।

(৩) অব্যয়ীভাবে চাকালে (৬।৩।৮১)—সহস্য সঃ স্যাৎ অব্যয়ীভাবে, ন তু কালে। যথা, সচক্রম্। কালে তু সহপূর্বাহ্নম্।

(৪) যথার্থত্বেন এব সিদ্ধে পুনঃ সাদৃশ্যগ্রহণং গুণভূতেঽপি সাদৃশ্যে যথা স্যাদিত্যেতদর্থম্। অন্যথা যত্র সাদৃশ্যং প্রধানমবগম্যতে তত্রৈব স্যাৎ অব্যয়ার্থপ্রাধান্যস্য অব্যয়ীভাবে ঔৎসর্গিকত্বাৎ।

(৫) ঋদ্ধেরাধিক্যং সমৃদ্ধিঃ, অনুরূপঃ আত্মভাবঃ সম্পত্তিঃ ইত্যনয়োর্ভেদঃ।

অচ্যুতপ্রণামাঃ— যাবচ্ছ্লোকম্ অচ্যুতপ্রণামাঃ ; যাবদ্বৃদ্ধং যূনঃ আমন্ত্রয়স্ব, যাবন্তঃ বৃদ্ধাঃ তাবতঃ যূনঃ আমন্ত্রয়স্ব ইত্যর্থঃ।

১০। **সুপ প্রতিনা মাত্রার্থে** (২।১।৯)— মাত্রা='লেশ' অর্থে 'প্রতি' এই অব্যয়ের সহিত সুবন্ত পদের অব্যয়ীভাব সমাস হয়। যথা, শাকস্য লেশঃ—শাকপ্রতি সুখস্য লেশঃ—সুখপ্রতি (ন সংসারে সুখপ্রতি সংসারে সুখের লেশও নাই)।

১১। **অক্ষ-শলাকা-সংখ্যাঃ পরিণা** (২।১।১০)— পাশাখেলায় পরাজয় বুঝাইতে অক্ষ, শলাকা ও সংখ্যাবাচক শব্দের 'পরি' অব্যয়ের সহিত অব্যয়ীভাব সমাস হয়। যথা, অক্ষেণ বিপরীতং বৃত্তম্ অক্ষপরি ; এইরূপ—শলাকাপরি, একপরি। **এই পর্যন্ত নিত্যসমাস**।

১২। **বিভাষা** (২।১।১১। অধিকারোঽয়ম্। **এতৎসামর্থ্যাদেব প্রাচীনানাং নিত্যসমাসত্বম্। 'সুপ্ সুপে'তি তু ন নিত্যসমাসঃ।** অব্যয়ম্ ইত্যাদি সমাসবিধানাজ্‌জ্ঞাপকাৎ। এই সূত্রটিকে **মহাবিভাষা**' বলা হয়। **ইহার পরবর্তী সমাসগুলি বিকল্পে হইবে।** ইহা হইতে বুঝা যায় যে পূর্বপূর্বসূত্রে বিহিত সমাসগুলি নিত্যসমাস। **সুপ্ সুপা** (**২।১।৪** । **কিন্তু নিত্যসমাস নহে,** কারণ, এই সূত্রটি সমাসের উপক্রমণিকা অংশের অন্তর্ভুক্ত। অব্যয়ং বিভক্তি (২।১।৬ , ইত্যাদি সূত্রদ্বারাই বিশেষ বিশেষ সমাস বিহিত হইয়াছে।

১৩। **অপ-পরি-বহিরঞ্চবঃ পঞ্চম্যা** (২।১।১২)—**এখন হইতে বিকল্পে সমাস**। অপ, পরি, বহিঃ এবং অঞ্চ্-ভাগান্ত শব্দের পঞ্চম্যন্ত পদের সহিত অব্যয়ীভাব সমাস হয়। যথা, অপবিষ্ণু অপ বিষ্ণোঃ বা সংসারঃ। এইরূপ পরিবিষ্ণু, পরি বিষ্ণোঃ ; বহির্বনম্, বহির্বনাৎ ; প্রাগ্‌বনম্, প্রাগ্‌বনাৎ।

১৪। **আঙ্ মর্যাদাভিবিধ্যোঃ** (২।১।১৩)—তেন বিনা মর্যাদা, তৎসহিত অভিবিধিঃ। মর্যাদা ও অভিবিধি অর্থে আঙ্ এই অব্যয়ের সহিত অব্যয়ীভাব সমাস হয়। যথা, আমুক্তি, আ মুক্তেঃ বা সংসারঃ ; আবাল্যম্, আ বাল্যাৎ বা হরিভক্তিঃ। মর্যাদার অর্থ তাহাকে 'বাদ দিয়া', (excludiug that) আর অভিবিধির অর্থ তাহাকে 'ধরিয়া' (including that)।

১৫। **লক্ষণেনাভিপ্রতী আভিমুখ্যে** (২।১।১৪)—লক্ষ্য অভিমুখে

গমন বুঝাইতে লক্ষণার্থে বিহিত দ্বিতীয়ান্ত পদের সহিত অভি ও প্রতি শব্দের অব্যয়ীভাব সমাস হয়। যথা, অভ্যগ্নি (অগ্নিমভি বা) শলভাঃ পতন্তি ; প্রত্যগ্নি (অগ্নিং প্রতি বা) শলভাঃ পতন্তি। 'অভিপ্রতী'-পদটি দ্বিবচনে ঈকারান্ত অতএব **প্রগৃহ্য**-সংজ্ঞক ; এইজন্য 'আভিমুখ্যে' পদের আ-য়ের সহিত **সন্ধি হয় নাই**।

১৬-১৭। **অনুর্যৎসময়া** (২।১।১৫), **যস্য চায়ামঃ** (২।১।১৬)—সামীপ্য এবং দৈর্ঘ্য বুঝাইতে তদ্‌বাচক শব্দের সহিত অনু শব্দের অব্যয়ীভাব সমাস হয়। যথা, বনম্ অনু—অনুবনম্ (বনসমীপম) অশনিঃ গতঃ ; গঙ্গাম্ অনু—অনুগঙ্গং বারাণসী (গঙ্গাবৎ আয়তা)।

১৮। **তিষ্ঠদ্গু-প্রভৃতীনি চ** (২।১।১৭)—অব্যয়ীভাব সমাসে 'তিষ্ঠদ্গু' প্রভৃতি (১) নিপাতনে সিদ্ধ। যথা তিষ্ঠন্তি গাবঃ যস্মিন্ কালে দোহায় স তিষ্ঠদ্গু (দোহনকালঃ) ; আয়ন্ত্যো গাবঃ যস্মিন কালে দোহায় স আয়তীগবম্। এই সকল শব্দে শতৃপ্রত্যয়, পুংবদ্ভাবশূন্যতা এবং সমাসান্ত প্রত্যয় নিপাতনে সিদ্ধ (২)।

১৯। **পারে মধ্যে ষষ্ঠ্যা বা** (২।১।১৮)—ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের অব্যয়ীভাব সমাস হয় ; এবং উহাদের উত্তর একার হয়। বিকল্পে ষষ্ঠী-তৎপুরুষও হয়। যথা, গঙ্গায়াঃ পারাৎ—পারেগঙ্গাৎ, গঙ্গাপারাৎ বা ; গঙ্গায়াঃ মধ্যাৎ—মধ্যেগঙ্গাৎ, গঙ্গামধ্যাৎ।

২০-২১। **সংখ্যা বংশ্যেন** (২।১।১৯), **নদীভিশ্চ** (২।১।২০)—বংশে জাত=বংশ্য। বংশ দুই প্রকার—বিদ্যাগত এবং জন্মগত। সংখ্যাবাচক শব্দের সহিত বিদ্যা বা জন্মের দ্বারা একবংশীয় এবং নদী এই শব্দের ও নদীর নামবাচক শব্দের

---

(১) তিষ্ঠদ্গুগণীয় শব্দ যথা—বহুদ্গু, আয়তীগবম্, খলেযবম্, খলেবুসম্, সমভূমি, সুষমম্, বিষমম্, প্রদক্ষিণম্, সম্প্রতি, অসম্প্রতি।

(২) সূত্রে চকার এবকারার্থে ; তেন এষাং বৃত্ত্যন্তরং ন ভবতি। অতঃ পরমতিষ্ঠদ্গু ইত্যাদি ন স্যাৎ।

কথং তর্হি 'প্রদক্ষিণার্চির্ব্যাজেন হস্তেনেব জয়ং দদৌ' ইতি, 'প্রদক্ষিণীকৃত্য পয়স্বিনীং তাম্' ইতি চ সঙ্গচ্ছতে ? সর্বত্রৈব অত্র বহুব্রীহিনিষ্পন্নঃ প্রদক্ষিণশব্দঃ, অতএব সমাসান্তরগ্রহণে ন দোষঃ। ভোজরাজমতে তু পরমতিষ্ঠদ্গু ইতি জ্ঞাপকবিধিসামর্থ্যাৎ পূর্বপদেন সমাসান্তরাভাবঃ, উত্তরপদেন তু সমাসে ন দোষঃ মহাকবীনাং বহুল-প্রয়োগপ্রামাণ্যাৎ। কথং তর্হি আতিষ্ঠদ্গু জপন্ সন্ধ্যাম্ ইতি ভট্টিপ্রয়োগঃ ? উচ্যতে,—চ শব্দস্য এবার্থেন অব্যয়ীভাববিলক্ষণং সমাসান্তরং নিবর্ত্যতে, ন তু অব্যয়ীভাবঃ। তেন আঙ্মর্যাদাভিবিধ্যোরিতি সমাসো ভবত্যেবেতি জয়মঙ্গলা।

অব্যয়ীভাব সমাস হয়। যথা, দ্বৌ মুনী (পাণিনি-কাত্যায়নৌ) বংশ্যৌ—দ্বিমুনি ; ত্রয়ঃ মুনয়ঃ (পাণিনি-কাত্যায়ন-পতঞ্জলয়ঃ) বংশ্যাঃ—ত্রিমুনি ব্যাকরণস্য। বিদ্যা-তদ্বতোরভেদবিবক্ষয়া ত্রিমুনি ব্যাকরণম্। সংখ্যাবাচক শব্দের সমাহার অর্থে নদীর নামের সহিত অব্যয়ীভাব হয়। যথা, সপ্তগঙ্গম্, দ্বিযমুনম্, পঞ্চনদম্।

২২। **অন্যপদার্থে চ সংজ্ঞায়াম্** (২।১।২১)—সংজ্ঞারূপ অন্যপদার্থ বুঝাইতে সংখ্যাবাচক শব্দের সহিত নদীবাচক শব্দের অব্যয়ীভাব সমাস হয়; (বহুব্রীহি হয় না)। **বাক্যের দ্বারা সংজ্ঞা বুঝা যায় না বলিয়া ইহা নিত্যসমাস**। যথা উন্মত্তগঙ্গম্, লোহিতগঙ্গম্, শনৈর্গঙ্গম্; ইহারা দেশের নাম। **সংজ্ঞা না বুঝাইলে বহুব্রীহি হয়।** যথা শীঘ্রা গঙ্গা যস্মিন্ স শীঘ্রগঙ্গো দেশঃ।

সমাসান্ত-বিধান (অব্যয়ীভাব)

সমাসান্ত বলিতে সমাসের অন্তাবয়বকে বুঝায়। প্রধানতঃ কতকগুলি **প্রত্যয়** এবং উত্তরপদের অংশবিশেষের **লোপ** এবং **আদেশও** সমাসান্তের অন্তর্ভুক্ত। যে সকল স্থলে সমাসান্ত বিহিত হইয়াছে, সেই সেই স্থলে সমাসান্ত না কর পর্যন্ত সমাস পূর্ণ হয় না। তবে শিষ্টপ্রয়োগেও দেখা যায় সমাসান্ত বিধি কোনও কোনও ক্ষেত্রে প্রযুক্ত হয় নাই। **'সমাসান্তবিধেরনিত্যত্বাৎ'**—এই উক্তি জ্ঞাপকসিদ্ধ। **প্রধানতঃ কতকগুলি প্রত্যয়ই সমাসান্ত বলিয়া গণিত হয়।** কিন্তু সমাস হওয়ায় অন্ত্যপদের অন্তভাগের অংশ লোপ হইলে সেই **লোপকেও** সমাসান্তরূপেই গণ্য করিতে হইবে। **স্থানিদ্বারেণাপ্যং সমাসান্তঃ।** যেমন—বহুব্রীহিসমাসে **পাদস্য লোপোঽহস্ত্যাদিভ্যঃ** (৫।৪।১৩৮)—দ্বৌ পাদৌ যস্য সঃ দ্বিপাৎ, ত্রিপাৎ ইত্যাদি। পাণিনি-ব্যাকরণে পঞ্চম অধ্যায়ের চতুর্থপাদে তদ্ধিতের শেষে **সমাসান্তের সূত্রগুলি ৫।৪।৬৮ ১৬০** আছে। সমাসে উত্তরপদের স্থলে **আদেশও সমাসান্ত।** যেমন **'বয়সি দন্তস্য দতৃ'** (৫।৪।১৪১)—শোভনা দন্তা যস্য স সুদন (তরুণঃ) সুদতী (তরুণী)।

২৩। **অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্যঃ** (৫।৪।১০৭)—অব্যয়ীভাব সমাসে শরৎ প্রভৃতি শব্দের উত্তর সমাসান্ত **টচ্** প্রত্যয় হয়। যথা, শরদঃ সমীপম্

উপশরদম্। শরৎ প্রভৃতি যথা, শরৎ, বিপাশ্, অনস্, মনস্, উপানহ্, দিব্, হিমবৎ, অনডুহ্, দিশ্, দৃশ্, বিশ্, চেতস্, চতুর্, ত্যদ্, তদ্ যদ্, কিয়ৎ। **জরায়া জরস্ চ**—জরায়াঃ সমীপে উপজরসম্ (বয়ঃ)।

২৪। **প্রতি-পরি-সমনুভ্যোঽক্ষ্ণঃ** (বা)—প্রতি, পরি, সম্ ও অনু শব্দের পরবর্তী অক্ষি শব্দের উত্তর **টচ্** হয়। যথা, অক্ষ্ণোঃ আভিমুখ্যম্ প্রত্যক্ষম্ (যস্যেতি চ সূত্রে ইকার লোপ); অক্ষ্ণোঃ পরম্—পরোক্ষম্ (পরোক্ষে লিট্ এইরূপ প্রয়োগবশতঃ ওকার নিপাতনে সিদ্ধ); অক্ষ্ণোঃ সমীপে—সমক্ষম্ অন্বক্ষং বা। **পরোক্ষঃ** (বিষয়ঃ), **পরোক্ষা** (ক্রিয়া) প্রভৃতি **অর্শআদিত্বাৎ অচ্** প্রত্যয়ে সিদ্ধ হইয়াছে।

২৫-২৬। **অনশ্চ** (৫।৪।১০৮), **নপুংসকাদন্যতরস্যাম্** (৫।৪।১০৯) —অব্যয়ীভাব সমাসে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অন্‌ভাগান্ত শব্দের উত্তর সর্বদা **টচ্** হয়; কিন্তু ক্লীবলিঙ্গ শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যথা, রাজ্ঞঃ সমীপম্—উপরাজম্; আত্মানম্ অধিকৃত্য—অধ্যাত্মম্ (নস্তদ্ধিতে সূত্রে নকারলোপ)। ক্লীবলিঙ্গে—চর্মণঃ সমীপম্—উপচর্মম্ উপচর্ম বা।

২৭। **নদীপৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ** (৫।৪।১১০)—নদী, পৌর্ণমাসী ও আগ্রহায়ণী শব্দের উত্তর টচ্ হয় বিকল্পে। যথা, নদ্যাঃ সমীপম্—উপনদম্, উপনদি; উপপৌর্ণমাসম্, উপপৌর্ণমাসি; উপাগ্রহায়ণম্, উপাগ্রহায়ণি।

২৮। **ঝয়ঃ** (৫।৪।১১১)—বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থবর্ণের পরে বিকল্পে টচ্ হয়। যথা, সমিধঃ সমীপম্—উপসমিধম্, উপসমিৎ।

২৯। **গিরেশ্চ সেনকস্য** (৫।৪।১১২)—গিরি শব্দের উত্তর **সেনক** মুনির মতে অর্থাৎ বিকল্পে টচ্ হয়। যথা, গিরেঃ সমীপম্—উপগিরম্, উপগিরি।

অব্যয়ীভাব সমাসে বিশেষ লক্ষণীয়—

(১) অব্যয়ীভাব সমাসে সাধারণতঃ পূর্বপদ অব্যয়ই হয়। যেমন দিনং দিনং প্রতিদিনম্। শক্তিমনতিক্রম্য যথাশক্তি ইত্যাদি।

(২) কতকগুলি ক্ষেত্রে কিন্তু **সুপ্‌ই পূর্বপদ**, অব্যয় উত্তরপদ, যেমন **সুপ্‌প্রতি** (সুপ্ প্রতিনা মাত্রার্থে)। **অক্ষপরি**, **শলাকাপরি** (অক্ষশলাকাসংখ্যাঃ পরিণা)।

(৩) কোন কোন ক্ষেত্রে পূর্ব বা উত্তর **কোনটিই অব্যয় নহে। দুইটিই সুপ্‌।** যেমন ত্রিমুনি (ব্যাকরণম্), উন্মত্তগঙ্গম্, পঞ্চনদম্ প্রভৃতি।

Exercise

1. *State what you mean by Samasa. Give some examples to show the principal classes of Samasa. What is the primary principle that classifies the Samasa?*

2. *Ascertain the number of classes of Samasa with proper reasonings.*

3. *Distinguish between* সন্ধি *and* সমাস।

4. *Explain with examples the nature of* অব্যয়ীভাব *and state why* অব্যয়ীভাব *is so called. Write the rules of declension of* অদন্ত *words of* অব্যয়ীভাব. *Ascertain the number and gender of the words of this Compound.*

5. *Give compound words for :—*

নদ্যাঃ সমীপে, অগ্নিং প্রতি, ক্ষণে ক্ষণে, গোঃ পশ্চাৎ, মদ্রাণাং সমৃদ্ধিঃ, গোঃ সমীপম্, গোঃ পশ্চাৎ, শুনঃ সমীপম্, গঙ্গায়া অনু, তিষ্ঠন্তি গাবো যস্মিন্ কালে দোহায়, রূপস্য যোগ্যম্, মক্ষিকায়াঃ অভাবঃ, অক্ষোঃ পশ্চাৎ, সমুদ্রস্য পারে, মূলমপি অপরিত্যজ্য, বাধায়াঃ অত্যয়ঃ, মরণাৎ প্রাক্ অগ্নিম্ অভি বিঘ্নস্য অভাবঃ, হরিশব্দস্য প্রকাশঃ, অহনি অহনি, মুক্তিপর্যন্তম্, স্ত্রিয়াঃ সমীপে, অর্থম্ অর্থং প্রতি, গিরেঃ সমীপম্, আত্মানম্ অধিকৃত্য, চর্মণঃ সমীপম্, ত্রয়ঃ মুনয়ঃ বংশ্যাঃ, বনাৎ বহিঃ, অক্ষেণ বিপরীতং বৃত্তম্।

6. *Name and expound the Samasas in :—*

আকুমারম্, দুর্ভিক্ষম্ পরোক্ষম্, অনুজ্যেষ্ঠম্, লোহিতগঙ্গম্, পঞ্চনদম্, যথাশক্তি, অধিবৃক্ষম্, যথোৎসাহম্, অভিগ্রামম্ আজন্ম, অনুরথম্, আমেখলম্, দ্বৌ মুনী বংশ্যৌ, সপ্তগঙ্গম্, যাবচ্ছ্লোকম্ শাকপ্রতি, উপজরসম্, প্রতিপথম্, সসখি, সচক্রম্, অতিহিমম্, দুর্যবনম্, অধিস্ত্রি, সহরি, ইতিপাণিনি।

7. *Give Sanskrit compound words for :—*

Near the cow. Out of sight. In the sea. On the sea-coast. Along the bank of the Malini. To the utmost of power. Near the autumn. Towards the fire.

8. *Correct :—*

স নির্বিঘ্নে এতৎ কৃতবান্। অভ্যগ্নৌ শলভাঃ পতন্তি। যথাবিধিং শিবং পূজয়। বহির্নগরে নদী বর্ত্ততে। যথারুচিং কর্ম্ম করোতু ভবান্। আসমুদ্রস্য পৃথিব্যাং অয়ং রাজা। পারগঙ্গাং নগরাণি।

9. *Distinguish between :—*

অবিঘ্নম্, অবিঘ্নঃ ; পরোক্ষম্, পরোক্ষঃ ; শাকপ্রতি, প্রতিশাকম্ ; অতিনিদ্রঃ, অতিনিদ্রা, অতিনিদ্রম্।

10. *Translate into Sanskrit :—*

(*a*) The learned speak various things regarding the soul. The wicked men speak sweet words before our presence and do harms when they are out of sight Being tempted by the sight the insects fly towards the fire and die. There is no world without Siva, so worship Him every day before you begin your work. (*b*) Daily during the warm season of the year she repaired to that secluded place near her dwelling to pray for her native country. *c*) He was overcome by the spectacle of his mother's grief and with tears running down his cheeks he replied "Mother! I can never go and cause you so much grief." (*d* 'Your patriotism is equal to your hospitality' replied the young man and I am quite disposed to accept both. (*e*) All hearts were melted by the child's artless exhibition of filial love and sorrow. He loved his father with a devotion that knew no bounds. (*f*) I did wrong, mother, and I am sorry that I attempted to ride the horse. I hope that you will forgive me I will never be so disobedient again.

তৎপুরুষ সমাস

তৎপুরুষ এই নাম হইতেই বুঝা যায় যে ইহা **ব্যধিকরণ সমাস**—তস্য পুরুষঃ তৎপুরুষঃ। সাধারণ তৎপুরুষে পূর্বপদ দ্বিতীয়া হইতে সপ্তমী পর্যন্ত কোনও বিভক্ত্যন্ত এবং উত্তরপদ প্রথমান্ত। যথা **কৃষ্ণম্** শ্রিতঃ=কৃষ্ণশ্রিতঃ (দ্বিতীয়া তৎপুরুষ), **শঙ্কুলয়া** খণ্ডঃ=শঙ্কুলাখণ্ডঃ (তৃতীয়া তৎপুরুষ), যূপায় দারু=যূপদারু (চতুর্থী তৎপুরুষ), বৃকাৎ ভয়ম্=বৃকভয়ম্ (পঞ্চমী তৎপুরুষ), রাজ্ঞঃ পুরুষঃ=রাজপুরুষঃ (ষষ্ঠীতৎপুরুষ), আতপে শুষ্ক=আতপশুষ্কঃ (সপ্তমী তৎপুরুষ)। এই উদাহরণগুলি হইতে স্পষ্টই বুঝা যায় যে বিগ্রহবাক্যে পূর্বপদের বিভক্তি অনুসারে এই সমাসের দ্বিতীয়া-তৎপুরুষাদি নামকরণ হয়। (১)

১। **উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ**—যে সমাসে **পরপদের অর্থ প্রধানরূপে** প্রতীয়মান হয়, তাহাকে **তৎপুরুষ** বলে। সুতরাং এই সমাসে দ্বিতীয়পদ যে লিঙ্গ, সমস্তভাগও সেই লিঙ্গ হয়। ইহাতে পূর্বপদে দ্বিতীয়া হইতে সপ্তমী পর্যন্ত যে কোন বিভক্তি এবং পরপদে প্রথমা বিভক্তি থাকে। পূর্বপদের বিভক্তি অনুসারে সমাসের নাম হয়। তৎপুরুষ বহুবিধ হইলেও এইরূপে প্রথমতঃ উহা ছয় প্রকার। যথা, দ্বিতীয়াতৎপুরুষ, তৃতীয়াতৎপুরুষ, চতুর্থীতৎপুরুষ, পঞ্চমী-তৎপুরুষ, ষষ্ঠীতৎপুরুষ ও সপ্তমীতৎপুরুষ ইহাদিগকে সংক্ষেপে দ্বিতীয়াসমাস তৃতীয়া-সমাস ইত্যাদিও বলা হয়। তৎপুরুষ অনেক প্রকার যথা—**দ্বিতীয়াদি সপ্তমী-তৎপুরুষ, একদেশী তৎপুরুষ, নঞ্‌তৎপুরুষ, উপপদ-তৎপুরুষ, কু-তৎপুরুষ, গতি তৎপুরুষ, প্রাদি তৎপুরুষ, কর্মধারয়, দ্বিগু। কর্মধারয় এবং দ্বিগু সমাসের আবার অবান্তর ভেদ আছে।**

দ্বিতীয়া তৎপুরুষ

২। **দ্বিতীয়া শ্রিতাতীত-পতিত-গতাত্যস্ত-প্রাপ্তাপন্নৈঃ** (২।১।২৪) —দ্বিতীয়ান্তং শ্রিতাদিভিঃ সুবন্তৈঃ সহ সমস্যতে স তৎপুরুষঃ।

(১) শাব্দিকগণেরও উক্তি আছে—"**অসমান-বিভক্তিমৎপ্রাতিপদপ্রকৃতিকত্বে সত্যভেদবোধক-পদত্বং তৎপুরুষত্বম্**"। অর্থাৎ যে সমাসে সমস্যমান পদ দুইটি ভিন্ন-বিভক্তি যুক্ত (=ব্যধিকরণ) হইয়াও যখন সমাসবদ্ধপদটি অভিন্ন (=মিলিত) অর্থ বুঝায় তখন সেই সমাসকে তৎপুরুষ সমাস বলে।

সুবন্ত শ্রিত, অতীত, পতিত, গত, অত্যস্ত, প্রাপ্ত ও আপন্ন শব্দের সহিত দ্বিতীয়ান্ত পদের দ্বিতীয়াতৎপুরুষ সমাস হয়। যথা, কৃষ্ণং শ্রিতঃ কৃষ্ণশ্রিতঃ ; পদম আশ্রিতঃ পদাশ্রিতঃ (অনেকের মতে এটি সুপ্‌সুপা সমাস) ; দুঃখম্ অতীতঃ দুঃখাতীতঃ ; নরকং পতিতঃ নরকপতিতঃ ; গ্রামং গতঃ গ্রামগতঃ ; তরঙ্গান্ অত্যস্তঃ তরঙ্গাত্যস্তঃ ; সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ দুঃখম্ আপন্নঃ দুঃখাপন্নঃ (১)।

৩। **গম্যাদীনামুপসংখ্যানম্** (বা)—গ্রামং গমী—গ্রামগমী অন্নং বুভুক্ষুঃ—অন্নবুভুক্ষুঃ, মধু পিপাসুঃ—মধুপিপাসুঃ, বেদং বিদ্বান্—বেদবিদ্বান্।

৪। **খট্টা ক্ষেপে** (২।১।২৬) —দ্বিতীয়ান্তঃ খট্টাশব্দঃ ক্তপ্রত্যয়ান্তেন সমস্যতে নিন্দায়াম্।

নিন্দা বুঝাইতে ক্তপ্রত্যয়ান্ত পদের সহিত খট্টাশব্দের দ্বিতীয়াতৎপুরুষ সমাস হয়। যথা, খট্টারূঢ়ঃ জাল্মঃ (২)। **ইহা নিত্যসমাস** যেহেতু বাক্যে নিন্দা-প্রতীতি হয় না।

৫। **সামি** (২।১।২৭)—অর্ধভাগ বাচক অব্যয় 'সামি' শব্দের সহিত ক্তপ্রত্যয়ান্ত পদের দ্বিতীয়াতৎপুরুষ হয়। যথা সামিকৃতম্ (half done)।

৬। **কালাঃ** (২।১।২৮)—**ব্যাপ্ত্যর্থভিন্ন দ্বিতীয়ান্ত কালের পরিমাণবাচক** শব্দের সহিত ক্তপ্রত্যয়ান্ত পদের দ্বিতীয়াতৎপুরুষ হয়। যথা, মাসং প্রমিতঃ—মাসপ্রমিতঃ প্রতিপচ্চন্দ্রঃ, মাসং পরিচ্ছেত্তুমারব্ধবান্ ইত্যর্থ।

৭। **অত্যন্তসংযোগে চ** (২।১।২৯)—ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়ান্ত কালবাচক শব্দের সহিত **ক্তপ্রত্যয়ান্ত ভিন্ন পদের** দ্বিতীয়াতৎপুরুষ হয়। যথা, মুহূর্তং সুখম্—মুহূর্তসুখম্ ; সর্বরাত্রং কল্যাণী—সর্বরাত্রকল্যাণী, বর্ষং ভোগ্যঃ– বর্ষভোগ্যঃ (৩)।

---

(১) প্রাপ্তাপন্নে চ দ্বিতীয়য়া (২।২।৪) ইতি সূত্রেণ পুনঃ প্রাপ্তসুখঃ, আপন্নদুঃখ ইত্যাদি ভবেৎ।

(২) বেদং ব্রতানি চ সমাপ্য সমাবৃত্তেন হি খট্টা আরোঢ়ব্যা। ব্রহ্মচর্যাবস্থায়াং ভূমিশয়নার্হ যঃ খট্টামারোহতি স জাল্মঃ (অসমীক্ষ্যকারী)। রূঢ়োঽয়ং শব্দঃ। যঃ কশ্চিৎ নির্বিন্ধমনুতিষ্ঠতি স এব খট্টারূঢ় উচ্যতে।

(৩) চিরম্ উষিতঃ চিরোষিতঃ, মাসং স্থিতঃ মাসস্থিতঃ ইত্যাদৌ তু সহসুপেতি সমাসঃ।

তৃতীয়া তৎপুরুষ

৮। **তৃতীয়া তৎকৃতার্থেন গুণবচনেন** (২।১।৩০)—তৃতীয়ান্তার্থকৃতো যো গুণঃ তদ্বচনেন অর্থশব্দেন চ সহ তৃতীয়ান্তং সমস্যতে।

তৃতীয়ান্ত পদের **তৎকৃত** তেন কৃতঃ অর্থাৎ **তৃতীয়ান্ত পদার্থ দ্বারা উৎপন্ন গুণবাচক** ও অর্থ শব্দের সহিত তৃতীয়া তৎপুরুষ হয়। যথা, শঙ্কুলয়া খণ্ডঃ—শঙ্কুলাখণ্ডঃ ; ধান্যেন অর্থঃ—ধান্যার্থঃ।

৯। **পূর্ব-সদৃশ-সমোনার্থ-কলহ-নিপুণ-মিশ্র-শ্লক্ষ্ণৈঃ** (২।১।৩১)—তৃতীয়ান্তং পূর্ব-প্রভৃতিভিঃ সহ সমস্যতে।

সুবন্ত পূর্ব, সদৃশ, সম, ঊনার্থ (ঊন, হীন, শূন্য, রহিত প্রভৃতি) কলহ, নিপুণ, মিশ্র এবং শ্লক্ষ্ণ (polished) শব্দের সহিত তৃতীয়ান্ত পদের তৃতীয়াতৎপুরুষ হয়। যথা, মাসেন পূর্বঃ—মাসপূর্বঃ, পিত্রা সদৃশঃ—পিতৃসদৃশঃ, মাত্রা সমঃ—মাতৃসমঃ (১), মাষেন ঊনং মাষোনং কার্ষাপণম্, মাষেণ বিকলম্ ইত্যর্থঃ ; বাচা কলহঃ—বাক্কলহঃ বাচা নিপুণঃ—বাঙ্‌নিপুণঃ ; গুড়েন মিশ্রঃ—গুড়মিশ্রঃ ; আচারেণ শ্লক্ষ্ণঃ—আচারশ্লক্ষ্ণঃ। মিশ্রগ্রহণে সোপসর্গস্যাপি গ্রহণম্। যথা, গুড়েন সংমিশ্রাঃ গুড়-সংমিশ্রা ধানাঃ। পূর্বাদিষু **অবরস্যোপসংখ্যানম্**—মাসেন অবরঃ—মাসাবরঃ।

১০। **কর্তৃকরণে কৃতা বহুলম্** (২।১।৩২)—কর্তরি করণে চ তৃতীয়া কৃদন্তেন বহুলং (২) সমস্যতে।

---

(১) তুল্যার্থকেষু সম-সদৃশ-শব্দাভ্যামেব তৃতীয়াসমাসঃ, অন্যৈস্তু ষষ্ঠীসমাস এব। যথা, দেবস্য তুল্যঃ—দেবতুল্যঃ, অর্জুনস্য সমানঃ—অর্জুনসমানঃ ইত্যাদি।

(২) 'বহুলম্' প্রয়োগের ফল—"**ক্বচিৎ প্রবৃত্তিঃ ক্বচিদপ্রবৃত্তিঃ ক্বচিদ্ বিভাষা ক্বচিদন্যদেব। বিধের্বিধানং বহুধা সমীক্ষ্য চতুর্বিধং বাহুলকং বদন্তি॥**" কোন সময়ে সূত্রের কাজ হয়, কোন সময়ে হয় না, কোন সময় বিকল্পে হয় এবং কোন সময়ে অন্য প্রকার হয়। এইহেতু—

বহুলগ্রহণাৎ ক্বচিৎ তৃতীয়া ন সমস্যতে, ক্বচিৎ চ বিভক্ত্যন্তরমপি সমস্যতে—সূত্রে 'বহুলম্' থাকায় কখনও কর্তৃকারকে এবং করণ কারকে তৃতীয়ার সহিতও সমাস হয় না। যথা, দাত্রেণ লূনবান্ হস্তেন কুর্বন্। এবং কখনও অন্য বিভক্তির সহিতও সমাস হয়। পাদহারকঃ (পঞ্চমীতৎ)। **হেতুতে তৃতীয়ার সহিতও সমাস হয়**—ভৃত্যা সিক্তেন **ভৃতিসিক্তেন** (শকুনা—মাঘ।)।

কৃৎপ্রত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত কর্তায় ও করণে বিহিত তৃতীয়া বিভক্ত্যন্ত পদের অনেক স্থানেই তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা, ব্যাঘ্রেণ হতঃ—ব্যাঘ্রহতঃ ; নখৈ র্ভিন্নঃ নখভিন্নঃ। **কৃদ্‌গ্রহণে গতিকারকপূর্বস্যাপি গ্রহণম্**—নখৈঃ নির্ভিন্নঃ - নখনির্ভিন্নঃ। **এই সূত্রের কৃৎ=কেবল ক্ত প্রত্যয়—অন্য কৃৎপ্রত্যয় নহে**। (মহাভাষ্য)।

১১। **কৃত্যৈরধিকার্থবচনে** (২।১।৩৩)—স্তুতিনিন্দাফলম্ অর্থবাদব নম্ অধিকার্থবচনম্।

প্রশংসা বা 'নিন্দা বুঝাইতে কৃত্যপ্রত্যয়ন্ত (১) পদের সহিত কর্তায় ও করণে বিহিত তৃতীয়ান্ত পদের সহিত তৃতীয়া তৎপুরুষ হয়। যথা, বাতেন ছেদ্যম্—বাতচ্ছেদ্যং তৃণম্, কোমলত্বাৎ বাতেনাপি ছেত্তুং শক্যতে ইতি নিন্দা ; কাকৈঃ পেয়া—কাকপেয়া নদী, পূর্ণতোয়ত্বাৎ তীরস্থৈঃ কাকৈরপি পাতুং শক্যা ইতি স্তুতিঃ।

১২। **অন্নেন ব্যঞ্জনম্** (২।১।৩৪) ব্যঞ্জনবাচি তৃতীয়ান্তম্ অন্নবাচিনা সুবন্তেন সমস্যতে। ব্যজ্যতে রস স্বাদোঽনেনেতি ব্যঞ্জনম্।

অন্নবাচক পদের সহিত ব্যঞ্জনবাচক তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, দধ্না ওদনঃ—দধ্যোদনঃ। ইহ সংস্কার্যম্ অন্নম্, সংস্কারকং চ ব্যঞ্জনম্। অন্তর্ভূতোপসেক-ক্রিয়াদ্বারা সামর্থ্যম্।

১৩। **ভক্ষ্যেণ মিশ্রীকরণম্** (২।১।৩৫) মিশ্রীকরণবাচি তৃতীয়ান্তম্ ভক্ষ্যবাচিনা সুবন্তেন সমস্যতে। **খরবিশদমভ্যবহার্যং ভক্ষ্যম্**। খর=একটু শক্ত এবং প্রত্যেকটি পৃথক্ - যেমন—খৈ। অন্ন=ভাত—নরম।

ভক্ষ্যবাচক পদের সহিত মিশ্রিতকরণীয় বাচক তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, গুড়েন (মিশ্রাঃ) ধানাঃ গুড়ধানাঃ (মুড়কি) (২)। মিশ্রণক্রিয়াদ্বারা সামর্থ্য।

চতুর্থী তৎপুরুষ

১৪। **চতুর্থী তদর্থার্থ-বলি-হিত-সুখ-রক্ষিতৈঃ** (২।১।৩৬)—তস্মৈ ইদং তদর্থম্। তদর্থেন ইহ প্রকৃতিবিকৃতিভাব এব গৃহ্যতে বলিহিতগ্রহণাৎ

(১) যদ্যপি তব্যাদীনাং পঞ্চানামেব কৃত্যসংজ্ঞা, তথাপি **ইহ কৃত্যগ্রহণে যন্ণ্যতোরেব গ্রহণং কর্তব্যম্**। ইহ মা ভূৎ—কাকৈঃ পাতব্যা পানীয়া বা নদী ইতি।

(২) ভক্ষ্যমন্নাদ্ ভিন্নম্, মিশ্রীকরণং চ ব্যঞ্জনাৎ—ভক্ষ্য অন্ন হইতে এবং মিশ্রীকরণ ব্যঞ্জন হইতে পৃথক্ বা ভিন্ন—একরূপ নহে।

জ্ঞাপকাৎ। প্রকৃতিবিকৃতিভাবে চতুর্থ্যন্তায় যৎ তদ্বাচিনা অর্থাদিভিশ্চ চতুর্থ্যন্তং বা সমস্যতে।

প্রকৃতিবিকৃতিভাবে বিকৃতিবাচক শব্দ এবং অর্থ, বলি, সুখ ও রক্ষিত শব্দের সহিত চতুর্থীবিভক্তিযুক্ত শব্দের চতুর্থীতৎপুরুষ হয়। যথা, যূপায় দারু—যূপদারু; কুণ্ডলায় হিরণ্যম্—কুণ্ডলহিরণ্যম্; (**প্রকৃতিবিকৃতিভাব না থাকায় 'রন্ধনায় স্থালী' এই স্থানে সমাস হয় না**) (১) ভূতায় বলিঃ ভূতবলিঃ; গবে হিতম্—গোহিতম্; গবে সুখম্—গোসুখম; গবে রক্ষিতম্—গোরক্ষিতম্।

১৫। **অর্থেন নিত্যসমাসো বিশেষ্যলিঙ্গতা চ**—অর্থশব্দের সহিত চতুর্থ্যন্ত পদের নিত্যসমাস হয় এবং বিশেষ্য যে লিঙ্গের থাকে সমাসবদ্ধ শব্দে সেই লিঙ্গ হয়। যথা, দ্বিজায় অয়ম্—দ্বিজার্থঃ সূপঃ; দ্বিজায় ইয়ম্—দ্বিজার্থা যবাগূঃ, দ্বিজায় ইদম্—দ্বিজার্থং পয়ঃ ২)।

পঞ্চমী তৎপুরুষ

১৬-১৭। **পঞ্চমী ভয়েন** (২।১।৩৭)—**ভয়-ভীত-ভীতি-ভীভিরিতি বক্তব্যম্** বা)। পঞ্চম্যন্তং সুবন্তং ভয়াদিভিঃ সহ সমস্যতে। ভয়, ভীত, ভীতি ও ভী শব্দের সহিত পঞ্চম্যন্ত পদের পঞ্চমী তৎপুরুষ হয়। যথা, চোরাৎ ভয়ম্ চোরভয়ম্; বৃক-ভীতঃ, দস্যু-ভীতি, সিংহ-ভীঃ। গ্রামনির্গতঃ অধর্মজুগুপ্সুঃ কাশিকা)।

১৮। **অপেতাপোঢ়মুক্তপতিতাপত্রস্তৈরল্পশঃ** (২।১।৩৮—পঞ্চম্যন্তং সুবন্তম্ অপেতাদিভিঃ অল্পং সমস্যতে।

অপেত, অপোঢ়, মুক্ত, পতিত ও অপত্রস্ত শব্দের সহিত পঞ্চম্যন্ত পদের কোন কোন স্থানে পঞ্চমী তৎপুরুষ হয় যথা, সুখাৎ অপেতঃ—সুখাপেতঃ; এইরূপ—

(১) কথং তর্হি **অশ্বঘাসঃ, ধর্মপত্নী**, ধনেচ্ছা ইত্যাদৌ সমাসঃ। উচ্যতে—এষু **ষষ্ঠীসমাসঃ** এব, ন তু চতুর্থীসমাসঃ। যথা, **অশ্বস্য ঘাস—অশ্বঘাসঃ, ধর্মস্য পত্নী—ধর্মপত্নী, ধনস্য ইচ্ছা—ধনেচ্ছা**, তপসঃ বনম্—**তপোবনম্**, হোমস্য ধেনুঃ—হোমধেনুঃ। **অশ্বঘাসাদিবৎ তাদর্থ্যে ষষ্ঠীসমাসঃ**। অশ্বায় ঘাস ইতি ব্যস্তে সাধুঃ।

(২) অর্থশব্দের সহিত সমাসে সমস্ত পদটি প্রায়শঃই ক্রিয়াবিশেষণ হয়। যথা, জলার্থং গচ্ছতি। আহারার্থম্ বসতি, প্রবোধনার্থং চিন্ত্যতাম্, কিমর্থং চিন্তয়সি।

কল্পনাপোঢ়ঃ, চক্রমুক্তঃ, স্বর্গপতিতঃ, তরঙ্গাপত্রস্তঃ (১)। অল্পশঃ কিম্—প্রাসাদাৎ পতিতঃ, ভোজনাৎ অপত্রস্তঃ ; এই সকল স্থানে সমাস হয় না।

১৯। **স্তোকান্তিকদূরার্থকৃচ্ছ্রাণি ক্তেন** (২।১।৩)—পঞ্চম্যন্তাঃ স্তোকার্থক শব্দাঃ অন্তিকার্থশব্দাঃ দূরার্থকশব্দাঃ কৃচ্ছ্রশব্দশ্চ ক্তপ্রত্যয়ান্তেন সহ সমস্যন্তে।

পঞ্চম্যন্ত স্তোকার্থক (অল্পার্থক), অন্তিকার্থক, দূরার্থক ও কৃচ্ছ্র শব্দের সহিত ক্তপ্রত্যয়ান্ত পদের পঞ্চমীতৎপুরুষ হয়। যথা. স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্তঃ, অন্তিকাদাগতঃ, অভ্যাসাদাগতঃ, দূরাদাগতঃ। বিপ্রকৃষ্টাদাগতঃ, কৃচ্ছ্রাদাগতঃ। 'পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ' এই সূত্র অনুসারে **ইহা অলুক্‌সমাস (তৎপুরুষ)**।

কিন্তু করণকারকে তৃতীয়ান্ত স্তোক, অল্প ও কৃচ্ছ্র শব্দের সহিত তৃতীয়া-তৎপুরুষ হইলে **বিভক্তি লোপ হয়**। যথা, **স্তোকেন মুক্তঃ স্তোকমুক্তঃ** অল্পেন রক্ষিতঃ অল্পরক্ষিতঃ, কৃচ্ছ্রেণ কৃতম্ কৃচ্ছ্রকৃতম্।

ষষ্ঠী তৎপুরুষ

২০। **ষষ্ঠী** (২।২।২৮)—ষষ্ঠ্যন্তং পদং সুবন্তেন সহ সমস্যতে। ষষ্ঠ্যন্ত পদের সহিত সুবন্তপদের ষষ্ঠীতৎপুরুষ হয়। যথা, রাজ্ঞঃ পুরুষঃ—রাজপুরুষ ; নলোপঃ প্রাতিপদিকান্তস্য (৮।২।৭) ইতি নলোপঃ

২১। **যাজকাদিভিশ্চ** (২।২ ৯)—যাজকাদিভিঃ সহ ষষ্ঠী সংস্যতে। ষষ্ঠ্যন্ত পদের সহিত যাজকপ্রভৃতির (২) ষষ্ঠী তৎপুরুষ হয়। **তৃজকাভ্যাং কর্তরি** এই **সূত্রে নিষেধের প্রতিপ্রসব**। যথা, ব্রাহ্মণস্য যাজকঃ—ব্রাহ্মণযাজকঃ ; এইরূপ —দেবপূজকঃ, রাজপরিচারকঃ, বিদ্যাস্নাতকঃ, নরহন্তা, গণিতাধ্যাপকঃ, সীতাভর্তা, বিশ্বভর্তা (বিশ্বস্য পতিরিত্যর্থঃ ; **পত্যর্থস্যৈব ভর্তৃশব্দস্য যাজকাদিষু পাঠঃ**, তেন ইহ সমাসো ন—**ভুবঃ ভর্তা** (ধারয়িতা পোষয়িতা বা) ।

২২। **গুণান্তরেণ তরলোপশ্চেতি বক্তব্যম্** (বা)—তরবন্তং যৎ গুণবাচি তেন সহ ষষ্ঠ্যন্তং সমস্যতে তরপ্‌প্রত্যয়লোপশ্চ ভবতি।

(১) কথং তর্হি ভোগোপরতঃ, গ্রামনির্গতঃ ইত্যাদি ? কর্তৃকরণে কৃতা বহুলম্ ইত্যত্র বহুলগ্রহণাৎ বিভক্ত্যন্তরমপি কৃতা সমস্যতে। অথবা সহসুপেতি সমাসঃ।

(২) যাজকাদিশব্দ—যাজক, পূজক, পরিচারক, পরিষেচক, পরিবেষক, অধ্যাপক, স্নাপক উৎসাহ, উদ্বর্তক, হোতৃ, ভর্তৃ, রথগণক, পত্তিগণক। আকৃতিগণোঽয়ম্।

তরপ্প্রত্যয়ান্ত গুণবাচক শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় এবং তরপ্ প্রত্যয়ের লোপ হয়। **'ন নির্ধারণে' এবং 'পূরণগুণ'—এই দুইটি সূত্রে নিষেধের প্রতিপ্রসব।** যথা, সর্বেষাং শ্বেততরঃ—সর্বশ্বেতঃ, সর্বেষাং মহত্তরঃ—সর্বমহান্।

২৩। **কৃদ্‌যোগা চ ষষ্ঠী সমস্যতে** (বা)—কৃৎ প্রত্যয়যোগেন কর্তরি কর্মণি চ যা ষষ্ঠী, সা সুবন্তেন সমস্যতে।

কৃৎ প্রত্যয়ের যোগে কর্তা ও কর্মে যে ষষ্ঠী হয়, তাহার সহিত কৃদন্ত শব্দের সমাস হইয়া থাকে। যথা, **কর্তরি**—রাজ্ঞঃ আদেশঃ রাজাদেশঃ, বৃষ্টেঃ পাতঃ বৃষ্টিপাতঃ, অর্থস্য নাশঃ অর্থনাশঃ, মম বচনম্ মদ্বচনম্; **কর্মণি**—পয়সঃ পানম্ পয়ঃপানম্, শিরসঃ ছেদঃ শিরশ্ছেদঃ, অর্থস্য লাভঃ অর্থলাভঃ, অনিষ্টস্য দর্শনম্ অনিষ্টদর্শনম্, মাংসস্য ভোজনম্ মাংসভোজনম্, শিবস্য পূজা শিবপূজা।

ষষ্ঠীসমাস নিষেধ

২৪। **ন নির্ধারণে** (২।২।১০)—নির্ধারণে যা ষষ্ঠী, সা ন সমস্যতে। নির্ধারণে বিহিত ষষ্ঠীর সহিত সমাস হয় না। যথা, নৃণাং দ্বিজঃ শ্রেষ্ঠঃ (১); গবাং কৃষ্ণা বহুক্ষীরা; মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরতমঃ।

২৫। **প্রতিপদবিধানা চ ষষ্ঠী ন সমস্যতে** (বা)—পদং পদং প্রতি বিহিতা প্রতিপদবিধানা। **জ্ঞোঽবিদর্থস্য করণে ইত্যাদিনা বিহিতা সর্বৈব ষষ্ঠী প্রতিপদবিধানা, অতো ন সমস্যতে।**

জ্ঞোঽবিদর্থস্য করণে; অধীগর্থদয়েশাং কর্মণি প্রভৃতি সূত্রে বিশেষ বিশেষ পদের উল্লেখ করিয়া যে সকল ষষ্ঠী বিহিত হইয়াছে, তাহাদের সহিত সমাস হয় না। যথা,

(১) কথং তর্হি পুরুষোত্তমঃ? উচ্যতে—(ক) পুরুষাণাম্ উত্তমঃ পুরুষোত্তমঃ ইত্যত্র শেষ-ষষ্ঠ্যা সমাসঃ, ন তু নির্ধারণষষ্ঠ্যা। যতো নির্ধারণম্, যৎ নির্ধার্যতে, যশ্চ নির্ধারণহেতুঃ এতৎ ত্রিতয়সন্নিধানে এব নির্ধারণে ষষ্ঠী স্যাৎ (ইতি কৈয়টঃ)। (খ) উত্তমঃ পুরুষস্ত্বন্য ইত্যাদি গীতা-বাক্যাৎ অত্র 'উত্তমঃ পুরুষঃ পুরুষোত্তমঃ' ইতি কর্মধারয়ঃ। উত্তমশব্দস্য বিশেষণত্বেঽপি রাজদন্তা-দিত্বাৎ পরনিপাতঃ (ইতি বালমনোরমা)। এবং চ জয়দেবকবেঃ বটবৃক্ষ ইত্যাদি সিধ্যতি। (গ) ভগবতি বাসুদেবে সংজ্ঞায়ামিতি নিত্যসমাসোঽয়ম্ ইতি কেচিৎ।

যে তু সংজ্ঞায়ামিতি সূত্রেণ পুরুষেষু উত্তম ইতি নির্ধারণ-সপ্তম্যাঃ সমাস ইতি বদন্তি তৎ মন্দম্। 'সংজ্ঞায়াম্' ইতি সমাসস্য নিত্যত্বেন স্বপদবিগ্রহাসম্ভবাৎ। অত্র তু কৈয়টমতমেব সমীচীনম্।

সর্পিষো জ্ঞানম্, পিতুঃ স্মরণম্, দকস্য উপস্করণম্। 'জ্ঞোঽবিদর্থস্য করণে', 'অধীগর্থদয়েশাং কর্মণি' 'কৃঞঃ প্রতি যত্নে' সূত্র দ্বারা ইহারা প্রতিপদবিধানা ষষ্ঠী।

২৬। পূরণ-গুণ-সুহিতার্থ-সদব্যয়-তব্য-সমানাধিকরণেন (২।১।১১)—পূরণার্থ কৈঃ গুণার্থ কৈঃ, তৃপ্ত্যর্থ কৈঃ সদাদিভিশ্চ ষষ্ঠ্যন্তং ন সমস্যতে।

পূরণবাচক, গুণবাচক, তৃপ্ত্যর্থক, সৎ (শতৃ ও শানচ্), অব্যয় (তুমুন্, ক্ত্বা, ল্যপ্ ও ণমুল্), তব্য এবং সমানাধিকরণ (এক দ্রব্যে অবস্থিত) পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, (পূরণে) ছাত্রাণাং পঞ্চমঃ, সতাং ষষ্ঠঃ (১); (গুণে) কাকস্য কার্ষ্ণ্যম্, ব্রাহ্মণস্য শুক্লাঃ (২), পটস্য শুক্লঃ, জলস্য শীতম্, আকাশস্য নীলিমা; ফলানাং সুহিত, ফলানাং তৃপ্তঃ (৩); (সৎ প্রত্যয়ে) ব্রাহ্মণস্য কুর্বন্, ব্রাহ্মণস্য কুর্বাণঃ (কিঙ্কর ইত্যর্থঃ); (অব্যয়ে) ব্রাহ্মণস্য কৃত্বা (৪); (তব্যৎ প্রত্যয়ে) ব্রাহ্মণস্য কর্তব্যম্ (৫); (সমানাধিকরণে) পাণিনেঃ সূত্রকারস্য, তক্ষকস্য সর্পস্য, গোঃ ধেনোঃ (৬)।

২৭। অনিত্যোঽয়ং গুণেন নিষেধঃ (৭)—'তদশিষ্যং সংজ্ঞাপ্রমাণত্বাৎ'

---

(১) কথং তর্হি তাসাং ষষ্ঠাঙ্কিতসৈশ্তানি ইতি? প্রমাদ এবায়ম্ ইত্যেকে। অপরে তু উঞ্ছেষু ষষ্ঠঃ ইতি সপ্তমীসমাসেন, উঞ্ছাত্মকঃ ষষ্ঠঃ ইতি কর্মধারয়েণ বা ব্যাচক্ষতে (বাল মনোরমা)। অথবা ষষ্ঠো ভাগঃ ষষ্ঠঃ 'ষষ্ঠাষ্টমাভ্যা' ঞ চ' ইতি অন্। ততঃ 'উঞ্ছানাং ষষ্ঠঃ' ইতি ষষ্ঠীসমাসঃ। তথাচোক্তং বামনেন—ন ধান্যষষ্ঠাদিষু ষষ্ঠীসমাসপ্রতিষেধঃ পূরণেন তদ্ধিতান্তত্বাৎ।

(২) যদা প্রকরণাদিনা দন্তা ইতি বিশেষ্যং জ্ঞাতং তদেদম্ উদাহরণম্। অত্র ব্যাপ্তিন্যায়াৎ গুণশব্দেন কেবলগুণবাচিনঃ গুণোপসর্জন দ্রব্যবাচি নশ্চ গৃহ্যন্তে।

(৩) অত্র তু তৃতীয়াসমাসেন 'ফলৈঃ তৃপ্তঃ ফলতৃপ্তঃ' ইতি স্যাদেব; তৃতীয়াষষ্ঠীসমাসয়োঃ স্বরে ভেদঃ।

(৪) পূর্বোত্তরসাহচর্যাৎ কৃতব্যয়মেব গৃহ্যতে; অন্যৈরব্যয়ৈস্তু ষষ্ঠীসমাসঃ স্যাদেব। যথা, তস্য উপরি তদুপরি, মম কৃতে মৎকৃতে ইত্যাদি।

(৫) তব্যত্তব্যানীয়রঃ (৩।১।৯৬)—এই সূত্র অনুসারে তব্যৎ ও তব্য দুইটি প্রত্যয়। তব্য-প্রত্যয়ের সহিত ষষ্ঠী নিষেধ, তব্যৎ প্রত্যয়ের সহিত নহে। এইজন্য 'স্বস্য কর্তব্যম্ স্বকর্তব্যম্' এইরূপ সমাস হইবে। তব্যৎ ও তব্য প্রত্যয়ে স্বরে ভেদ আছে।

(৬) 'পোটাযুবতি—' ইতি সমাসোঽপি পরত্বাৎ সমানাধিকরণবেলায়াম্ অনেন বাধ্যতে।

(৭) তৎস্থৈশ্চ গুণৈঃ সমাসো বক্তব্যঃ (বা)—দ্রব্যে অবস্থিত অসমানাধিকরণ গুণবাচক পদের সহিত সমাস হয়। যথা, চন্দনস্য গন্ধঃ চন্দনগন্ধঃ। এখানে গন্ধ শব্দের অর্থ 'গন্ধের অর্থ 'গন্ধের মত গন্ধ' সুতরাং ইহা সমানাধিকরণ নহে।

নাগেশস্তু অর্থগতং গৌরবম্ অর্থগৌরবম্ ইতি মধ্যপদলোপিসমাসম্ আহ। তন্মতে পদ্মাসন-কৌশলম্ এবমাদিকমপি ইত্থমেব সাধনীয়ম্।

এই সূত্রে পাণিনি নিজেই 'প্রমাণত্ব' এই গুণবাচকের সহিত সমাস করিয়াছেন, এইজন্য গুণবাচক শব্দের সহিত ষষ্ঠী সমাসের নিষেধ সর্বত্র হয় না। যথা, সংজ্ঞায়াঃ প্রমাণত্বম্ সংজ্ঞাপ্রমাণত্বম্, চন্দনস্য গন্ধঃ চন্দনগন্ধঃ, বুদ্ধেঃ মান্দ্যম্ বুদ্ধিমান্দ্যম্, অর্থস্য গৌরবম্ অর্থগৌরবম্, বস্ত্রস্য মালিন্যম্ বস্ত্রমালিন্যম্, দ্রব্যস্য কাঠিন্যম্ দ্রব্যকাঠিন্যম্। কেহ কেহ 'অর্থগতং গৌরবম্' এইরূপ বাক্য করিয়া মধ্যপদলোপী সমাস বলেন।

২৮। **ক্তেন চ পূজায়াম্** (২।২।১২)—পূজায়াং (১) বিহিতেন ক্ত-প্রত্যয়েন '**ক্তস্য চ বর্তমানে ইতি ষষ্ঠী ন সমস্যতে**। মতি, বুদ্ধি ও পূজার্থে বর্তমানকালে বিহিত ক্ত প্রত্যয়ের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, রাজ্ঞাং মতঃ বুদ্ধঃ পূজিতো বা। কিন্তু **অতীতকালে ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত তৃতীয়াতৎপুরুষ হয়**। যথা, **রাজ্ঞা পূজিতঃ—রাজপূজিতঃ,** সজ্জনেন বুদ্ধঃ—সজ্জনবুদ্ধঃ, রামেণ মহিতঃ রামমহিতঃ (কলহ স রামমহিতঃ কৃতবান্ ইতি ভট্টিঃ)।

২৯। **অধিকরণবাচিনা চ** (২।২।১৩)—'ক্তোঽধিকরণে'—ইতি সূত্রেণ বিহিতেন ক্ত-প্রত্যয়েন ষষ্ঠী ন সমস্যতে। অধিকরণবাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, ইদমেষাম্ আসিতং গতং ভুক্তং বা।

৩০। **কর্মণি চ** (২।২।১৪)—'**উভয়প্রাপ্তৌ কর্মণি' ইতি সূত্রেণ বিহিতা ষষ্ঠি ন সমস্যতে**। 'উভয়প্রাপ্তৌ কর্মণি' এই সূত্রে বিহিত ষষ্ঠীর সহিত সমাস হয় না। যথা, আশ্চর্যঃ গবাং দোহঃ অগোপেন; বিচিত্রা সূত্রস্য কৃতিঃ পাণিনিনা (২)

৩১। **তৃজকাভ্যাং কর্তরি** (২।২।১৫)—কর্তৃবাচ্যে বিহিতাভ্যাং

(১) সূত্রে পূজাগ্রহণম্ উপলক্ষণং ব্যাখ্যানাৎ।

(২) কর্তুরনুপাদানে তু 'কর্তৃকর্মণোঃ কৃতি' ইতি ষষ্ঠ্যাঃ সমাসঃ স্যাদেব। যথা, শব্দানাম্ অনুশাসনং শব্দানুশাসনম্, চন্দ্রস্য দর্শনম্ চন্দ্র-দর্শনম্ ইত্যাদি; 'চন্দ্রস্য দর্শনঃ' শিশুনা' ইত্যত্র তু ন সমাসঃ।

তৃজকাভ্যাং ষষ্ঠী ন সমস্যতে। কর্তৃবাচ্যে বিহিত তৃচ্ এবং অক (১) প্রত্যয়ান্ত শব্দের সহিত ষষ্ঠীর সমাস হয় না। যথা, অপাং স্রষ্টা, বজ্রস্য ভর্তা, ওদনস্য পাচকঃ।

পত্যর্থভর্তৃশব্দস্য তু যাজকাদিগণে পাঠাৎ সমাসঃ। যথা, সীতায়াঃ ভর্তা—সীতাভর্তা, **ভুবো ভর্তা** (**পতিঃ**)—**ভূভর্তা**; ভুবো ভর্তা (ধারয়িতা পোষয়িতা বা) ইত্যত্র তু ন সমাসঃ। কথং তর্হি **ঘটানাং নির্মাতুস্ত্রিভুবনবিধাতুশ্চ কলহঃ**—ইহ কারকষষ্ঠ্যা এব নিষেধঃ, **শেষষষ্ঠ্যা তু সমাসঃ স্যাদেব**। তেন ত্রিভুবনবিধাতুঃ ইত্যত্র শেষষষ্ঠ্যা সমাস ইতি কৈয়টঃ। ন্যাসকারস্তু তৃন্নন্তম্ এতদ্ ইত্যাহ।

৩২। **কর্তরি চ** (২।২।১৬)—কর্তরি ষষ্ঠী অকেন ন সমস্যতে। কর্তৃবাচ্যে অক প্রত্যয়ের ষষ্ঠ্যন্ত কর্তার সহিত সমাস হয় না। যথা, ভবতঃ শায়িকা; তব অগ্র-গা

ষষ্ঠীসমাসে পুংবদ্ভাব

৩৩। **কুক্কুট্যাদীনামণ্ডাদিষু** (বা)—অণ্ড প্রভৃতি শব্দ পরে কুক্কুটী-প্রভৃতি শব্দের পুংবদ্ভাব হয়। যথা, **কুক্কুট্যাঃ অণ্ডম্—কুক্কুটাণ্ডম্, মৃগ্যাঃ পদম্—মৃগপদম্**; এবম্—**মৃগ্যাঃ ক্ষীরম্ মৃগক্ষীরম্, কাক্যাঃ শাবঃ কাকশাবঃ, ছাগ্যাঃ দুগ্ধম্ ছাগদুগ্ধম্**।

সপ্তমী তৎপুরুষ

৩৪। **সপ্তমী শৌণ্ডৈঃ** (২।১।৪০)—সপ্তম্যন্তং সুবন্তং শৌণ্ডাদিভিঃ সমস্যতে। শৌণ্ড প্রভৃতি (২) শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সপ্তমী তৎপুরুষ হয়। যথা, দানে শৌণ্ডঃ—দানশৌণ্ডঃ; রণে পণ্ডিতঃ—রণপণ্ডিতঃ; বচনে পটুঃ—বচনপটুঃ; কর্মণি কুশলঃ—কর্মকুশলঃ, **ঈশ্বরে অধি—ঈশ্বরাধীনঃ**; ত্বয়ি অধি—ত্বদধীনঃ

(১) অক বলিতে ণ্বুল্ বুঞ্ ও বুন্ এই তিন প্রত্যয়েরই গ্রহণ হইলেও এই সূত্রে অক দ্বারা কেবল ণ্বুল্ প্রত্যয়ের সহিত সমাস নিষিদ্ধ হইয়াছে।

(২) শৌণ্ডপ্রভৃতি—শৌণ্ড, ধূর্ত, বিজ্ঞ, প্রবীণ; পণ্ডিত, চতুর, দক্ষ, নিপুণ, পটু, কুশল, চপল, অধি, অন্তঃ প্রভৃতি।

[—**অধ্যুত্তরপদাৎখঃ** (৫।৪।৭ । **ইতি খঃ=ঈন**]; বনে অন্তঃ (অব্যয়) বনান্তঃ ১)। **'বৃত্তৌ প্রসক্তিক্রিয়ায়া অন্তর্ভাবাদক্ষাদিষু সপ্তমী'**
—(কাশিকা)।

৩৫। **সিদ্ধ-শুষ্ক-পক্ক-বন্ধৈশ্চ** (২।১।৪১)—এতৈঃ সহ সপ্তম্যন্তং সমস্যতে। সিদ্ধ, শুষ্ক, পক্ক, ও বন্ধ শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সপ্তমী তৎপুরুষ হয়। যথা, সাঙ্কাশ্যে সিদ্ধঃ—সাঙ্কাশ্যসিদ্ধঃ; **আতপে শুষ্কঃ—আতপশুষ্কঃ; স্থাল্যাং পক্কঃ - স্থালীপক্কঃ**; চক্রে বন্ধঃ—চক্রবন্ধঃ।

৩৬। **ধ্বাঙ্ক্ষেণ ক্ষেপে** (২।১।৪২)—ধ্বাঙ্ক্ষবাচিনা সহ সপ্তম্যন্তং সমস্যতে নিন্দায়াম্। নিন্দা বুঝাইলে কাকবাচক শব্দের সহিত (সপ্তম্যন্ত পদের) সপ্তমী তৎপুরুষ হয়। যথা তীর্থে ধ্বাঙ্ক্ষঃ—তীর্থধ্বাঙ্ক্ষঃ, তীর্থে বায়সঃ—তীর্থবায়সঃ, তীর্থে কাকঃ—তীর্থকাকঃ (a crow at a sacred bathing place i. e. a very greedy and restless person); নগরে বায়সঃ—নগরবায়সঃ অনবস্থিত unsteady ইত্যর্থঃ)।

৩৭। **কৃত্যৈর্ঋণে** (২।১।৪৩)—কৃত্যপ্রত্যয়ান্তৈঃ (২) সহ সপ্তম্যন্তং সমস্যতে ঋণে গম্যমানে। ঋণ বুঝাইলে কৃত্যপ্রত্যয়ান্ত পদের সহিত সপ্তমী তৎপুরুষ হয়। যথা, মাসে দেয়ম্—মাসদেয়ম্; দিনে কার্যম্—দিনকার্যম্; বৎসরে কৃত্যম্—বৎসরকৃত্যম্। **তৎপুরুষে কৃতি বহুলম্** (৬।৩।১৪) ইত্যলুগপি, মাসেদেয়ম্ ইত্যাদি ক্ষেত্রে **সপ্তমীর অলুক্**।

ঋণগ্রহণং নিয়োগোপলক্ষণার্থম্—পূর্বাহ্ণে গেয়ম্—**পূর্বাহ্ণগেয়ং সাম**; প্রাতঃ অধ্যেয়ঃ—প্রাতরধ্যেয়ঃ অনুবাকঃ। ঋণে কিম্? মাসে দেয়া ভিক্ষা।

৩৮। **সংজ্ঞায়াম্** (২।১।৪৪)—সপ্তম্যন্তং সুবন্তং সমস্যতে সংজ্ঞায়াম্। সংজ্ঞা বুঝাইলে সপ্তম্যন্ত পদের সহিত তৎপুরুষ সমাস হয়। যথা, অরণ্যেতিলকাঃ, বনেকসেরুকাঃ (হলদন্তাৎ সপ্তম্যা ইত্যলুক্)। **বাক্যেন সংজ্ঞানবগমাৎ নিত্যসমাসঃ** (৩)।

---

(১) অন্তঃ শব্দের সহিত সমাসে অব্যয়ীভাবও হয়। যথা, জলে জলস্য মধ্যে বা—অন্তর্জলম্।

(২) কৃত্যশব্দেনেহ কৃত্যপ্রত্যয়ান্তেষু যৎ' এব গৃহ্যতে ন তু অন্যে চত্বারো ব্যাখ্যানাৎ।

(৩) অতএবপুরু পুরুষো ভবঃ ইতি স্বপদবিগ্রহঃ অসঙ্গতঃ ইতি প্রাগেবোক্তম্।

৩৯। **ক্তেনাহোরাত্রাবয়বাঃ** (২।১।৪৫)—অহ্নো রাত্রেশ্চ অবয়বাঃ সপ্তম্যন্তাঃ ক্তান্তেন সমস্যন্তে। ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত দিন ও রাত্রির অবয়ববাচক সপ্তম্যন্ত পদের তৎপুরুষ সমাস হয়। যথা, পূর্বাহ্ণে কৃতম্—পূর্বাহ্ণকৃতম্, মধ্যাহ্নে ভুক্তম্—মধ্যাহ্নভুক্তম্, সায়াহ্নে দৃষ্টঃ—সায়াহ্নদৃষ্টঃ। **কচিদন্যত্রাপি—পূর্বজন্মনি কৃতম্—পূর্বজন্মকৃতম্।**

৪০। **ক্ষেপে** (২।১।৪৭)—সপ্তম্যন্তাঃ ক্তান্তেন সমস্যন্তে নিন্দায়াং গম্যমানায়াম্। নিন্দা বুঝাইলে ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, **ভস্মনি-হুতম্,** প্রবাহে-মূত্রিতম্, অন্ধকারে-নর্তিতম্ (সর্বত্র নিষ্ফলং-চেষ্টিতমিত্যর্থঃ); **ইহারা অলুক্‌সমাস।**

৪১। **পাত্রেসমিতাদয়শ্চ** (২।১।৪৮)—নিন্দায়াং গম্যমানায়াং পাত্রে-সমিতাদয়ঃ নিপাত্যন্তে। **নিন্দা বুঝাইলে 'পাত্রেসমিত' প্রভৃতি** শব্দ সপ্তমী-তৎপুরুষে **নিপাতনে সিদ্ধ হয়।** যথা, পাত্রে সমিতঃ—পাত্রেসমিতঃ (ভোজন-কালে এব সঙ্গতঃ, ন তু কার্যে ইত্যর্থঃ); **গেহেনর্দী, গেহেশূরঃ, কূপমণ্ডুকঃ।**

একদেশী তৎপুরুষ (১)

৪২। **পূর্বাপরাধরোত্তরমেকদেশিনৈকাধিকরণে** (২।২।১)—এক-বচনান্তেন অবয়বিনা সহ অবয়ববচনাঃ পূর্বাদয়ঃ সমস্যন্তে। **ষষ্ঠী বিভক্তির এক বচনান্ত অবয়বীর সহিত** একদেশ-বাচক পূর্ব, অপর, অধর ও উত্তর শব্দের একদেশী তৎপুরুষ হয়। যথা, **পূর্বং কায়স্য—পূর্বকায়ঃ** forepart of the body), অপরং কায়স্য—অপরকায়ঃ (the hinder part of the body),

(১) একদেশ শব্দের অর্থ অবয়ব বা অংশ ; সুতরাং একদেশী (একদেশ + অস্ত্যর্থে ইনি) শব্দের অর্থ অবয়বী বা সমগ্র। অবয়বিবাচক পদের সহিত অংশবাচক পদের যে সমাস হয়, তাহাকে একদেশী তৎপুরুষ অথবা সংক্ষেপে একদেশী সমাস বলে। ইহাতে ষষ্ঠী বিভক্তির এক-বচনান্ত অবয়বীর সহিত প্রথমান্ত অবয়ব-বাচক পদের সমাস হয় এবং অবয়ব-বাচক পূর্বে বসে। ইহা দেখিতে ষষ্ঠীতৎপুরুষের মত, কিন্তু ইহাতে পূর্বপদ প্রথমান্ত এবং পরপদ ষষ্ঠ্যন্ত, ষষ্ঠীতৎপুরুষে ইহার বিপরীত।

অধরং কায়স্য—অধরকায়ঃ (the lower part of the body) ; 'পূর্বঃ ছাত্রাণাম্' এই স্থলে সমাস হয় না, কারণ এই স্থানে পরপদ ষষ্ঠীর একবচনান্ত হয় নাই। (১)

সর্বোঽপি একদেশঃ অহ্না সমস্যতে (২)—অহন্ শব্দের সহিত সমস্ত একদেশবাচক পদের সমাস হয়। যথা, মধ্যম্ অহ্নঃ—মধ্যাহ্নঃ, সায়ম্ অহ্নঃ—সায়াহ্নঃ।

কেচিত্তু **সর্বোঽপি একদেশঃ কালেন সমস্যতে, ন তু অহ্নৈব জ্ঞাপকস্য সামান্যাপেক্ষত্বাৎ—**

কেহ কেহ বলেন যে, জ্ঞাপকবিধি সকলের সম্বন্ধেই হইয়া থাকে ; এইজন্য এই বিধান কেবল অহন্ শব্দ সম্বন্ধে নহে, সমস্ত কালবাচক শব্দের সহিতই একদেশবাচক পদের একদেশী সমাস হয়। যথা, মধ্যং রাত্রেঃ—**মধ্যরাত্রঃ,** পূর্বং রাত্রেঃ—**পূর্বরাত্রঃ**।

৪৩। **অর্ধং নপুংসকম্** (২।২।২)—ক্লীবলিঙ্গঃ অর্ধশব্দঃ (৩) অবয়ববাচিনা সহ সমস্যতে। সমুদয়-বাচক শব্দের সহিত ক্লীবলিঙ্গ অর্ধশব্দের একদেশী সমাস হয়। যথা, অর্ধং **পিপ্পল্যাঃ—অর্ধপিপ্পলী,** অর্ধং গৃহস্য—অর্ধগৃহম্, অর্ধং রাজ্যস্য—অর্ধরাজ্যম্, 'অর্ধং রাত্রেঃ—অর্ধরাত্রঃ। **ক্লীবে কিম্? গ্রামস্য অর্ধঃ—গ্রামার্ধঃ,** আসনস্য অর্ধঃ, আসনার্ধঃ (৪)।

(১) পূর্বঃ কায়ঃ এইরূপ কর্মধারয় সমাসেও 'পূর্বকায়ঃ' হয়, কিন্তু ইহার অর্থ পৃথক। যথা, পূর্বকায়ঃ (কর্মধারয়)—the previous body. (একদেশী)—the forepart of the body. এইরূপ—পূর্বাহ্নঃ (কর্মধারয়ঃ), পূর্বাহ্নঃ (একদেশী), পূর্বরাত্রিঃ (কর্মধারয়ঃ), পূর্বরাত্রঃ (একদেশী); মধ্যাহ্নঃ মধ্যাহ্নঃ প্রভৃতিস্থলেও এইরূপ।

(২) 'সংখ্যাবিসায়'—(৬।৩।১১০) ইতি জ্ঞাপকাৎ।

(৩) সমাংশবাচী অর্ধশব্দঃ ক্লীবলিঙ্গঃ, অংশবাচী তু অয়ং পুংলিঙ্গঃ।

(৪) প্রভেদ যথা, আসনার্ধঃ—(ষষ্ঠীতৎ) a part of the seat. আসনার্ধম্, (ষষ্ঠীতৎ) —half of the seat. অর্ধাসনম্ (একদেশী)—half of the seat. এইরূপ অন্যত্র।

সমপ্রবিভাগে ষষ্ঠীসমাসং বাধিতুং নেদং সূত্রম্, অত্র পক্ষে ষষ্ঠীসমাসোঽপি ভবত্যেব। অতএব কালিদাসপ্রয়োগঃ—'প্রেম্ণা শরীরার্ধহরাং হরস্য' ইতি। একদেশিসমাসেন তু অর্ধশরীরহরামিতি স্যাৎ।

নঞ্ তৎপুরুষ

৪৪। **নঞ্** (২।২।৬)—নঞ্ সুপা সহ সমস্যতে। সুবন্ত পদের সহিত 'নঞ্' এই অব্যয়ের সমাস হয় ; ইহাকে নঞ্ তৎপুরুষ বলে। (১)

৪৫। **নলোপো নঞঃ** (৬।৩।৭৩)—উত্তরপদ পরে থাকিলে নঞ্ এর ন্ লোপ হয়, কেবল অ থাকে। যথা, ন ব্রাহ্মণঃ—অব্রাহ্মণঃ ; ন দর্শনম্—অদর্শনম্।

৪৬। **তস্মান্নুডচি** (৬।৩।৭৪)- স্বরবর্ণ পরে থাকিলে লুপ্ত নকার নঞ্ এর 'অ' এর পরে ন্ আগম্ হয়। যথা, ন ইষ্টম্—অনিষ্টম্ ; ন আহারঃ—অনাহারঃ, ন সুখম্—অসুখম্।

৪৭। **নভ্রাড্-নপাদ্-নবেদা-নাসত্যা-নমুচি-নকুল-নখ-নপুংসক-নক্ষত্র-নক্র-নাকেষু প্রকৃত্যা** (৬।৩।৭৫)—**ইহাদের ন ন-ই থাকে।** যথা, ন ভ্রাজতে ইতি নভ্রাট্ মেঘঃ ; ন পাতি ইতি নপাৎ (শতৃ প্রত্যয়ান্তঃ) ; ন বেত্তি ইতি নবেদাঃ (অসুন্ প্রত্যয়ান্তঃ). ন অসত্যম্ এষাম্— নাসত্যাঃ (সাধবঃ) ; ন মুঞ্চতি ইতি নমুচিঃ (দৈত্যভেদঃ) ; নাস্তি কুলং যস্য—নকুলঃ (শিবঃ) ; নাস্তি খমস্য—নখঃ নখং বা (করজঃ) ; ন স্ত্রী-পুমান্—নপুংসকম্ (স্ত্রীপুংসয়োঃ—পুংসক-ভাবো নিপাতনাৎ) ; ন ক্ষরতীতি নক্ষত্রম্ (ক্ষরতে ক্ষীয়তে বা নিপাতনাৎ ক্ষত্রম্) ; ন ক্রামতীতি নক্রঃ (নঞ্-ক্রম্+ড) ; ন অকম্ অস্মিন্ ইতি নাকঃ (স্বর্গঃ)। কং=সুখম্, ন কম্=অকম্=দুঃখম্।

(১) (ক) নঞ্তৎপুরুষ স্থলে অভাব অর্থে নঞ্ এর সহিত অব্যয়ীভাবও হয়। যথা, ন বিঘ্নঃ অবিঘ্নঃ (নঞ্ তৎ), বিঘ্নস্য অভাবঃ অবিঘ্নম্ ইত্যাদি।

(নঞর্থে 'ন' শব্দ আছে। উহার সহিত 'সহ সুপা' এই সূত্রে সমাস হয়, কিন্তু ন স্থানে অ বা অন্ হয় না। যথা, ন একঃ নৈকঃ, নঃ অতিদীর্ঘঃ, নাতিদীর্ঘ, ন গণ্যঃ নগণ্যঃ, ন একধা নৈকধা। এই সকল স্থলে অবশ্য নঞ্ তৎপুরুষও হয় ; তখন 'অনেকঃ' ইত্যাদি হইবে।

(গ) নঞ্এর অর্থ ছয় প্রকার। যথা, **তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্তিতাঃ** ॥ সাদৃশ্য, অভাব, ভিন্নতা, অল্পতা, অপ্রশস্ততা এবং বিরোধ—এই ছয়টি নঞ্ এর অর্থ। ক্রমিক উদাহরণ যথা ন ব্রাহ্মণঃ—অব্রাহ্মণঃ (ব্রাহ্মণসদৃশঃ), ন সুখম্—অসুখম্ (সুখস্য অভাবঃ), ন ঘটঃ—অঘটঃ (ঘটাদন্যঃ), ন কেশী—অকেশী (অল্পকেশী), ন কালঃ—অকালঃ (অপ্রশস্তকালঃ), ন সুরঃ—অসুরঃ (সুরবিরোধী)।

অধরং কায়স্য—অধরকায়: (the lower part of the body) ; 'পূর্বঃ ছাত্রাণাম্' এই স্থলে সমাস হয় না, কারণ এই স্থানে পরপদ ষষ্ঠীর একবচনান্ত হয় নাই। (১)

সর্বোঽপি একদেশঃ অহ্না সমস্যতে (২)—অহন্ শব্দের সহিত সমস্ত একদেশবাচক পদের সমাস হয়। যথা, মধ্যম্ অহ্নঃ—মধ্যাহ্নঃ, সায়ম্ অহ্নঃ—সায়াহ্নঃ।

কেচিত্তু **সর্বোঽপি একদেশঃ কালেন সমস্যতে, ন তু অহ্নৈব জ্ঞাপকস্য সামান্যাপেক্ষত্বাৎ**—

কেহ কেহ বলেন যে, জ্ঞাপকবিধি সকলের সম্বন্ধেই হইয়া থাকে; এইজন্য এই বিধান কেবল অহন্ শব্দ সম্বন্ধে নহে, সমস্ত কালবাচক শব্দের সহিতই একদেশবাচক পদের একদেশী সমাস হয়। যথা, মধ্যং রাত্রেঃ—**মধ্যরাত্রঃ**, পূর্বং রাত্রেঃ—**পূর্বরাত্রঃ**।

৪৩। **অর্ধং নপুংসকম্** (২।২।২)—ক্লীবলিঙ্গঃ অর্ধশব্দঃ (৩) অবয়ববাচিনা সহ সমস্যতে। সমুদয়-বাচক শব্দের সহিত ক্লীবলিঙ্গ অর্ধশব্দের একদেশী সমাস হয়। যথা, **অর্ধং পিপ্পল্যাঃ—অর্ধপিপ্পলী**, অর্ধং গৃহস্য—অর্ধগৃহম্, অর্ধং রাজ্যস্য—অর্ধরাজ্যম্, 'অর্ধং রাত্রেঃ—অর্ধরাত্রঃ। **ক্লীবে কিম্? গ্রামস্য অর্ধঃ—গ্রামার্ধঃ**, আসনস্য অর্ধঃ, আসনার্ধঃ (৪)।

(১) পূর্বঃ কায়ঃ এইরূপ কর্মধারয় সমাসেও 'পূর্বকায়ঃ' হয়, কিন্তু ইহার অর্থ পৃথক। যথা, পূর্বকায়ঃ (কর্মধারয়)—the previous body. (একদেশী)—the forepart of the body. এইরূপ—পূর্বাহঃ (কর্মধারয়ঃ), পূর্বাহ্নঃ (একদেশী), পূর্বরাত্রিঃ (কর্মধারয়ঃ), পূর্বরাত্রঃ (একদেশী); মধ্যাহঃ মধ্যাহ্নঃ প্রভৃতিস্থলেও এইরূপ।

(২) 'সংখ্যাবিসায়'—(৬।৩।১১০) ইতি জ্ঞাপকাৎ।

(৩) সমাংশবাচী অর্ধশব্দঃ ক্লীবলিঙ্গঃ, অংশবাচী তু অয়ং পুংলিঙ্গঃ।

(৪) প্রভেদ যথা, আসনার্ধঃ—(ষষ্ঠীতৎ) a part of the seat. আসনার্ধম্, (ষষ্ঠীতৎ) —half of the seat. অর্ধাসনম্ (একদেশী)—half of the seat. এইরূপ অন্যত্র।

সমপ্রবিভাগে ষষ্ঠীসমাসং বাধিতুং নেদং সূত্রম্, অত্র পক্ষে ষষ্ঠীসমাসোঽপি ভবত্যেব। অতএব কালিদাসপ্রয়োগঃ—'প্রেম্ণা শরীরার্ধহরাং হরস্য' ইতি। একদেশিসমাসেন তু অর্ধশরীরহরামিতি স্যাৎ।

নঞ্ তৎপুরুষ

৪৪। **নঞ্** (২।২।৬)—নঞ্ সুপা সহ সমস্যতে। সুবন্ত পদের সহিত 'নঞ্' এই অব্যয়ের সমাস হয়; ইহাকে নঞ্ তৎপুরুষ বলে। (১)

৪৫। **নলোপো নঞঃ** (৬।৩।৭৩)—উত্তরপদ পরে থাকিলে নঞ্ এর ন্ লোপ হয়, কেবল অ থাকে। যথা, ন ব্রাহ্মণঃ—অব্রাহ্মণঃ; ন দর্শনম্—অদর্শনম্।

৪৬। **তস্মান্নুডচি** (৬।৩।৭৪)- স্বরবর্ণ পরে থাকিলে লুপ্ত নকার নঞ্ এর 'অ' এর পরে ন্ আগম্ হয়। যথা, ন ইষ্টম্—অনিষ্টম্; ন আহারঃ—অনাহারঃ, ন সুখম্—অসুখম্।

৪৭। **নভ্রাড্-নপাদ্-নবেদা-নাসত্যা-নমুচি-নকুল-নখ-নপুংসক--নক্ষত্র-নক্র-নাকেষু প্রকৃত্যা** (৬।৩।৭৫)—**ইহাদের ন ন-ই থাকে।** যথা, ন ভ্রাজতে ইতি নভ্রাট্ মেঘঃ; ন পাতি ইতি নপাৎ (শতৃ প্রত্যয়ান্তঃ); ন বেত্তি ইতি নবেদাঃ (অসুন্ প্রত্যয়ান্তঃ), ন অসত্যম্ এষাম্— নাসত্যাঃ (সাধবঃ); ন মুঞ্চতি ইতি নমুচিঃ (দৈত্যভেদঃ); নাস্তি কুলং যস্য—নকুলঃ (শিবঃ); নাস্তি খমস্য—নখঃ নখং বা (করজঃ); ন স্ত্রী-পুমান্—নপুংসকম্ (স্ত্রীপুংসয়োঃ—পুংসক-ভাবো নিপাতনাৎ); ন ক্ষরতীতি নক্ষত্রম্ (ক্ষরতে ক্ষীয়তে বা নিপাতনাৎ ক্ষত্রম্); ন ক্রামতীতি নক্রঃ (নঞ্-ক্রম্+ড); ন অকম্ অস্মিন্ ইতি নাকঃ (স্বর্গঃ)। কং=সুখম্, ন কম্=অকম্=দুঃখম্।

(১) (ক) নঞ্তৎপুরুষ স্থলে অভাব অর্থে নঞ্ এর সহিত অব্যয়ীভাবও হয়। যথা, ন বিঘ্নঃ অবিঘ্নঃ (নঞ্ তৎ), বিঘ্নস্য অভাবঃ অবিঘ্নম্ ইত্যাদি।

(নঞর্থে 'ন' শব্দ আছে। উহার সহিত 'সহ সুপা' এই সূত্রে সমাস হয়, কিন্তু ন স্থানে অ বা অন্ হয় না। যথা, ন একঃ নৈকঃ, নঃ অতিদীর্ঘঃ, নাতিদীর্ঘ, ন গণ্যঃ নগণ্যঃ, ন একধা নৈকধা। এই সকল স্থলে অবশ্য নঞ্তৎপুরুষও হয়; তখন 'অনেকঃ' ইত্যাদি হইবে।

(গ) নঞ্এর অর্থ ছয় প্রকার। যথা, **তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্তিতাঃ** ॥ সাদৃশ্য, অভাব, ভিন্নতা, অল্পতা, অপ্রশস্ততা এবং বিরোধ—এই ছয়টি নঞ্ এর অর্থ। ক্রমিক উদাহরণ যথা ন ব্রাহ্মণঃ—অব্রাহ্মণঃ (ব্রাহ্মণসদৃশঃ), ন সুখম্—অসুখম্ (সুখস্য অভাবঃ), ন ঘটঃ—অঘটঃ (ঘটাদন্যঃ), ন কেশী—অকেশী (অল্পকেশী), ন কালঃ—অকালঃ (অপ্রশস্তকালঃ), ন সুরঃ—অসুরঃ (সুরবিরোধী)।

৪৮। **নগোঽপ্রাণিষ্বন্যতরস্যাম্** (৬।৩।৭৭)—অপ্রাণিবাচক নগ শব্দের ন্ এর বিকল্পে লোপ হয়। যথা, নগঃ অগশ্চ বৃক্ষঃ পর্বতো বা ; **প্রাণ্যর্থে নিত্য লোপ হয়।** যথা, **অগঃ বালকঃ শীতেন।**

উপপদ তৎপুরুষ

৪৯। **উপপদমতিঙ্** (২।২।১৯) উপপদং (১) সুবন্তং সমর্থেন নিত্যং সমস্যতে। অতিঙন্তশ্চায়ং সমাসঃ। **এইটি উপপদসমাসের প্রধান সূত্র।**

কৃদন্ত শব্দের সহিত (অর্থাৎ বিভক্তি যোগের পূর্বে) সুবন্ত উপপদের যে সমাস হয় তাহাকে উপপদতৎপুরুষ বলে। এই সমাস তিঙন্ত পদের সহিত না হইয়া কৃদন্ত শব্দের সহিত হয়। যথা, **কুম্ভং করোতি যঃ সঃ** (এই বাক্যে কৃ-ধাতুর উত্তর অণ্ হওয়ায় কুম্ভ অস্ কার এইরূপ অলৌকিক প্রক্রিয়া বাক্যে (২) 'কুম্ভকার' এইরূপ উপপদ সমাস এবং পরে বিভক্তিযোগে) **কুম্ভকারঃ** ; যশঃ প্রার্থয়তে যঃ সঃ—যশঃপ্রার্থী ; সত্যং বদতি যঃ সঃ—সত্যবাদী ; পঙ্কে জায়তে যৎ তৎ—পঙ্কজম্।

৫০। **গতিকারকোপপদানাং কৃদ্ভিঃ সহ সমাসবচনং প্রাক্ সুবুৎপত্তেঃ**—কৃদন্ত শব্দের উত্তর বিভক্তিযোগের পূর্বে তাহার সহিত গতি, কারক ও উপপদের সমাস হয়। যথা, **ব্যাঘ্রী, অশ্বক্রীতী কচ্ছপী** (৩)।

---

(১) **ধাতোঃ** (৩।১।৯১) **তত্রোপপদং সপ্তমীস্থম্** (৩।১।৯২)—অষ্টাধ্যায়ীর ধাত্বধিকারে (ধাতোঃ ৩।১।৯১) তৃতীয় অধ্যায়ের শেষ পর্যন্ত সূত্রে যে সকল পদ সপ্তমীবিভক্তি দ্বারা নির্দিষ্ট হইয়াছে, তাহা উপপদ। যথা, **কর্মণ্যণ্** এই সূত্রে **কর্ম পদটি কর্মকারক**—বাচক। অতএব 'কুম্ভং' করোতি' এই বাক্যে কর্মকারকস্থ 'কুম্ভ' উপপদ।

(২) অলৌকিকং প্রক্রিয়াবাক্যম্—সমাসপ্রবৃত্তিযোগ্যং কিন্তু লোকে প্রয়োগানর্হম্। অলৌকিকবাক্যে অমিতি ন উক্ত্বা কৃদ্যোগে ষষ্ঠ্যা অস্ ইতি উক্তম্।

(৩) ব্যাঘ্র=বি+আ+ঘ্রা+ক। ব্যাঘ্র+ঙীষ্=ব্যাঘ্রী। এখানে বি এবং আ এই দুইটি গতির সহিত ঘ্র শব্দের সমাসের পরে জাতি-নিবন্ধন ঙীষ্ হইয়াছে, অন্যথা কেবল ঘ্র শব্দের উত্তর (জাতি না হওয়ায়) টাপ্ হইত। কারক-সমাস—অশ্বেন ক্রীয়তে ইতি **অশ্বক্রীতা** স্ত্রিয়াম্ **ক্রীতাৎ করণপূর্বাৎ** (৪।১।৫০) ইতি ঙীষ্ **অশ্বক্রীতী** (a female slave purchased for a horse), এইস্থানেও তৃতীয়াতৎপুরুষ হওয়ায় ঙীষ্ সম্ভব হইয়াছে। উপপদ-সমাস—কচ্ছেন পিবতীতি কচ্ছপ। কচ্ছপ+(জাতি নিবন্ধনা) ঙীষ্। বিভক্তি-যোগের পরে সমাস হইলে এই সকল স্থানে টাপ্ হইয়া অপপ্রয়োগ হইত।

৫১। **অমৈবাব্যয়েন** (২।২।২০)—যেন সূত্রেণ কেবলম্ অম্ এব বিধীয়তে, তেন সূত্রেণ যৎ উপপদং বিধীয়তে তৎ অমা সমস্যতে, ন অন্যৎ। অম্প্রত্যয়ঃ— ণমুল, খমুঞ্ চ। যে সূত্রে কেবল অম্ প্রত্যয় বিহিত হইয়াছে, অম্প্রত্যয়ের সহিত সেই সূত্রের উপপদের সমাস হয়। যথা, স্বাদুঙ্কারং ভুঙ্‌ক্তে; লবণঙ্কারং ভুঙ্‌ক্তে; লতানুপাতম্ অগৃহ্লাৎ।

৫২। তৃতীয়াপ্রভৃতীন্যন্যতরস্যাম্ (২।২।২১)—অমন্ত অব্যয়ের সহিত "উপদংশস্তৃতীয়ায়াম্" ইত্যাদি উপপদের সমাস হয়। যথা, মূলকেনোপদংশং ভুঙ্‌ক্তে মূলকোপদংশং ভুঙ্‌ক্তে।

৫৩। **ক্ত্বা চ** (২।২।২২)—ক্ত্বাপ্রত্যয়ান্ত পদের সহিত তৃতীয়া প্রভৃতি বিভক্তিযুক্ত **উপপদের বিকল্পে সমাস হয়**। যথা, **উচ্চৈঃকৃত্য, উচ্চৈঃ কৃত্বা বা**।

উপপদের উত্তর ক, অচ্, ট, ইন্, খশ্, খচ্, ক্বিন্, ক্বিপ্, ণিনি, ক্বনিপ্, ড প্রভৃতি **কৃৎ-প্রত্যয়ান্ত** শব্দগুলি **উপপদতৎপুরুষ** সমাসের অন্তর্ভুক্ত। যেমন—**নৃপ**, অম্বুদ, **ধর্মজ্ঞ, গৃহস্থ, মনোহর, বনেচর, পুরঃসর, দিবাকর,** চাটুকার, আত্মম্ভরি, **স্তনন্ধয়, অভ্রংলিহ**, অরুন্তুদ, **প্রিয়ংবদা বিশ্বম্ভর, মৃত্যুঞ্জয়, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, পারগ, তাদৃশ, পরিষৎ, মৃদুভাষিন্, সত্যবাদিন্, শ্রমজীবিন্,** অনুশায়িন্, **ইন্দ্রজিৎ**, সহজ, **পারদৃশ্বন্ (পুং-পারদৃশ্বা স্ত্রী-পারদৃশ্বরী) প্রভৃতি**।

কু-তৎপুরুষ

৫৪। **কু-গতি-প্রাদয়ঃ** (২।২।১৮)—**কুশব্দঃ** গতিশব্দাঃ **প্রাদিশব্দাশ্চ** নিত্যং **সমর্থেন** সহ সমস্যন্তে।

সুবন্ত পদের সহিত নিন্দার্থক কু-শব্দ, গতিশব্দ ও প্রাদিসংজ্ঞক শব্দের সমাস হয়। **ইহারা অস্বপদবিগ্রহ নিত্যসমাস**। যথা, কুৎসিতঃ জনঃ—কুজনঃ।

৫৫। **কোঃ কৎ তৎপুরুষেঽচি** (৬।৩।১০১—তৎপুরুষ সমাসে স্বরবর্ণ

পরে থাকিলে কুস্থানে 'কৎ' হয়। যথা, **কুৎসিতম্ অন্নম্ কদন্নম্। কুৎসিতঃ অশ্বঃ—কদশ্বঃ।**

৫৬। **রথবদয়োশ্চ** (৬।৩।১০২)—রথ এবং বদ শব্দ পরে থাকিলেও কুস্থানে 'কৎ' হয়। যথা, কুৎসিতঃ রথঃ—কদ্রথঃ, কুৎসিতঃ বদঃ (বক্তা)—কদ্বদঃ।

৫৭। **কা পথ্যক্ষয়োঃ** (৬।৩।১০৪)—পথিন্ ও অক্ষ (ইন্দ্রিয়) শব্দ পরে থাকিলে কুস্থানে 'কা' হয়। যথা **কুৎসিতঃ পন্থাঃ—কাপথম্** (পথঃ সংখ্যাব্যয়াদেঃ ইতি ক্লীবত্বম্)। **কুৎসিতঃ অক্ষঃ—কাক্ষঃ।**

৫৮। **ঈষদর্থে** (৬।৩।১০৫)—'ঈষৎ' অর্থে কুশব্দ স্থানে 'কা' হয়। যথা, **ঈষৎ** জলম্—**কাজলম্**, ঈষৎ লবণম্—কালবণম্ ঈষৎ মধুরম্—কামধুরম্। ঈষৎ অম্লম্—কাম্লম্, ঈষৎ উষ্ণম্—**কোষ্ণম্** (অজাদৌ পরত্বাৎ কাদেশ এব ভবতি)।

৫৯। **বিভাষা পুরুষে** (৬।৩।১০৬)—পুরুষ শব্দ পরে থাকিলে কুশব্দ স্থানে বিকল্পে 'কা' হয়। যথা, কুৎসিতঃ **পুরুষঃ—কাপুরুষঃ, কুপুরুষঃ।**

ঈষদর্থে তু নিত্যমেব 'কা' ভবেৎ। যথা, ঈষৎ **পুরুষঃ**—কাপুরুষ।

৬০। **কবং চোষ্ণে** (৬।৩।১০৭)—উষ্ণ শব্দ পরে থাকিলে 'ঈষৎ' অর্থে কুস্থানে কৎ, কা ও কব হয়। যথা, ঈষৎ উষ্ণম্—**কদুষ্ণম্, কোষ্ণম্, কবোষ্ণম্।**

গতি-তৎপুরুষ

সংজ্ঞাপ্রকরণেই বলা হইয়াছিল যে **'গতি'** উপসর্গ অপেক্ষা **ব্যাপকতর সংজ্ঞা।** সমাসবিধায়ক সূত্র **'কুগতিপ্রাদয়ঃ'।**

৬১। প্র, পরা, প্রভৃতি কুড়িটি **অব্যয়** চ্বি ও ডাচ্ প্রত্যয়ান্ত শব্দ এবং **অলম্** প্রভৃতি অনেকগুলি **অব্যয়** (১) ধাতুর সহিত যুক্ত হইলে ইহাদিগকে **গতি** বলে। ধাতুর সহিত গতির যে সমাস হয় তাহাকে **গতিসমাস** বলে। যথা, প্রবিশ্য পরাভূয় **উরীকৃত্য, উররীকৃত্য** (having assented), **স্বীকৃত্য, সজ্জীভূয়, পটপটাকৃত্য** (making a sound like Patpat), **অলঙ্কৃত্য, সৎকৃত্য, অসৎকৃত্য** (having

(১) **অলম্, সৎ, অসৎ, অস্তর, পুরস্, অস্তম্, অচ্ছ, তিরস্, সাক্ষাৎ, মিথ্যা, আবিস্, নমস্, প্রাদুস্, হস্তে, পাণৌ। ইহাদের বিশদ বিবরণ সংজ্ঞা প্রকরণে আছে।**

disrespected), পুরস্কৃত্য, অস্তংগত্য, তিরোভূয় (having disappeared), সাক্ষাৎকৃত্য, নমস্কৃত্য, প্রাদুর্ভূয়, আবিষ্কৃত্য হস্তেকৃত্য পাণৌকৃত্য। গতিসমাস হওয়ায় '**সমাসেহনঞ্ পূর্বে ক্তো ল্যপ্**' এই সূত্রে ক্ত্বা স্থানে ল্যপ্ হইয়াছে। গতিসমাসের ইহাই প্রয়োজন। **এগুলি অস্বপদবিগ্রহ নিত্যসমাস**।

প্রাদিতৎপুরুষ

৬২। প্র, পরা প্রভৃতি কুড়িটি অব্যয়ের সহিত সুবন্তের তৎপুরুষ সমাসকে প্রাদিতৎপুরুষ বলে। সমাসবিধায়ক সূত্র '**কু-গতি-প্রাদয়ঃ**'।

৬৩। **প্রাদয়ো গতাদ্যর্থে প্রথময়া** (বা)—গত প্রভৃতি অর্থে প্রথমান্ত পদের সহিত প্র-প্রভৃতির সমাস হয়। যথা, প্রগতঃ আচার্যঃ—প্রাচার্য্যঃ, প্রগতঃ পিতামহঃ—প্রপিতামহঃ, সুগতঃ পুরুষঃ—সুপুরুষঃ, দুষ্টঃ জনঃ—দুর্জনঃ, সুষ্ঠু কৃতম্—সুকৃতম্, বিশ্লিষ্টা মাতা—বিমাতা, বিহীনং প্রিয়ম্—বিপ্রিয়ম্ প্রতিগতঃ ভটঃ—প্রতিভটঃ, প্রকৃষ্টঃ ভাবঃ—প্রভাবঃ, সু শোভনঃ রাজা—সুরাজা, সু শোভনঃ পন্থাঃ—সুপন্থাঃ, অতিশয়িতঃ সুন্দরঃ—অতিসুন্দরঃ। **সমাসে প্র প্রভৃতি ক্রিয়ার সহিত যুক্ত নহে বলিয়া ইহারা গতি সমাস নহে**।

৬৪। **অত্যাদয়ঃ ক্রান্তাদ্যর্থে দ্বিতীয়য়া** (বা)—ক্রান্ত প্রভৃতি অর্থে দ্বিতীয়ান্ত পদের সহিত অতি-প্রভৃতির সমাস হয়। যথা, অতিক্রান্তো মালাম্—**অতিমালঃ**, অতিক্রান্তঃ খট্টাম্—অতিখট্টঃ, উৎক্রান্তো বেলাম্—**উদ্বেলঃ** অতিক্রান্তো বাল্যম্—অতিবাল্যঃ, অভিগতঃ মুখম্—**অভিমুখঃ**।

৬৫। **অবাদয়ঃ ক্রুষ্টাদ্যর্থে তৃতীয়া** (বা)—ক্রুষ্ট প্রভৃতি অর্থে তৃতীয়ান্ত পদের সহিত অব-প্রভৃতির সমাস হয়। যথা, অবক্রুষ্টঃ কোকিলয়া—অবকোকিলঃ পরিণদ্ধো বীরুধা—পরিবীরুৎ ; সন্নদ্ধঃ বর্মণা—সংবর্মা।

৬৬। **পর্যাদয়ো গ্লানাদ্যর্থে চতুর্থ্যা** (বা)—গ্লান প্রভৃতি অর্থে চতুর্থ্যন্ত পদের সহিত পরি প্রভৃতির সমাস হয়। যথা, পরিগ্লানঃ অধ্যয়নায়—পর্যধ্যয়নঃ (weary of study) ; উদ্‌যুক্তঃ যুদ্ধায়—উদ্‌যুদ্ধঃ।

৬৭। **নিরাদয়ঃ ক্রান্তাদ্যর্থে পঞ্চম্যা** (বা)—ক্রান্ত প্রভৃতি অর্থে পঞ্চম্যন্ত পদের সহিত নির্‌প্রভৃতির সমাস হয়। যথা, নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ—**নিষ্কৌশাম্বিঃ**, নিষ্ক্রান্তঃ বারাণস্যাঃ—**নির্বারাণসিঃ**; উৎক্রান্তঃ কুলাৎ—**উৎকুলঃ** নির্গতম্ অঙ্গুলিভ্যঃ—**নিরঙ্গুলম্**।

প্রাদিসমাসে কর্মপ্রবচনীয়ানাং প্রতিষেধো বক্তব্যঃ। যথা, বৃক্ষং প্রতি বিদ্যোততে বিদ্যুৎ; সাধুঃ দেবদত্তো মাতরং প্রতি।

কর্মধারয় সমাস

পূর্বেই বলা হইয়াছে **তৎপুরুষ প্রধানতঃ ব্যধিকরণ সমাস**—**তস্য পুরুষঃ** তৎপুরুষঃ। কিন্তু—

৬৮। **তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্মধারয়ঃ** (১।২।৪২)—ভিন্নপ্রবৃত্তিনিমিত্তয়োঃ দ্বয়োঃ একস্মিন্ বৃত্তিঃ সমানাধিকরণ্যম্। যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদদ্বয় সমানাধিকরণ (অর্থাৎ বিশেষ্য বিশেষণ ভাবাপন্ন অথবা অভেদ সম্বন্ধে একার্থ প্রতিপাদক) হয়, তাহাকে কর্মধারয় বলে। এখানেও **পরপদের অর্থ প্রধান বলিয়া কর্মধারয় তৎপুরুষ সমাসের অন্তর্ভুক্ত**। **উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ**। আবার এই **কর্মধারয়েরই পূর্বপদ সংখ্যাবাচক হইলে তাহাকে 'দ্বিগু' বলে**। তৎপুরুষবিশেষঃ কর্মধারয়স্তদ্বিশেষো দ্বিগুঃ। (সি. কৌ.)। পরে দ্বিগুসমাস দ্রষ্টব্য।

৬৯। **বিশেষণং বিশেষ্যেণ বহুলম্** (২।১।৫৭)—বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের যে তৎপুরুষ সমাস হয়, তাহাকে কর্মধারয় বলে। সূত্রে 'বহুলম্' থাকায় (i) কোন সময়ে এই সমাস নিত্য হয়। যথা, কৃষ্ণসর্পঃ। (ii) কোন সময়ে বিকল্পে হয়। যথা, নীলম্ উৎপলম্—নীলোৎপলম্, সন্ পুরুষঃ—সৎপুরুষঃ। (iii) কোন সময়ে সমাস হয় না। যথা, রামো জামদগ্ন্যঃ, অর্জুনঃ কার্তবীর্যঃ।

গুণশব্দয়োঃ ক্রিয়াশব্দয়োঃ গুণক্রিয়াশব্দয়োশ্চ অনিয়মঃ—দুইটি গুণবাচক শব্দের, দুইটি ক্রিয়াবাচক শব্দের, অথবা একটি গুণবাচক শব্দ ও অপরটি ক্রিয়াবাচক

শব্দের কর্মধারয় সমাসে বিবক্ষা অনুসারে যে কোন একটি বিশেষণ হইয়া পূর্বে বসে এবং অপরটি বিশেষ্যরূপে পরে বসে। যথা, যঃ খঞ্জঃ স কুব্জঃ—**খঞ্জকুব্জঃ, কুব্জখঞ্জঃ**; যৎ কোমলং তৎ কঠোরম্—**কোমলকঠোরম্, কঠোরকোমলম্**; এবং পাচকপাঠকঃ পাঠকপাচকঃ; মৃদুতীক্ষ্ণঃ, তীক্ষ্ণমৃদুঃ; খঞ্জপাচকঃ, পাচকখঞ্জঃ। ভাষ্যকারের মত অনুসারে **'বিশেষণয়োঃ কর্মধারয়ঃ'**—দুইটি বিশেষণ পদেরও কর্মধারয় সমাস হয়। **খঞ্জকুব্জঃ**। (উপরে দেখ)। নীললোহিতঃ।

৭০। **পুংবৎ কর্মধারয়-জাতীয়-দেশীয়েষু** (৬।৩।৪২)—কর্মধারয় সমাসে জাতীয়প্রত্যয়ে দেশীয়প্রত্যয়ে চ ভাষিতপুংস্কস্য (১) স্ত্রীলিঙ্গশব্দস্য পুংবদ্ভাবো ভবতি উঙন্তশব্দস্য তু মা ভূৎ। **কর্মধারয় সমাসে এবং জাতীয় ও দেশীয় প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ পূর্বপদের পুংভাব হয়।** যথা, শুভা বার্তা—শুভবার্তা, কৃষ্ণা চতুর্দশী—**কৃষ্ণচতুর্দশী,** পাচিকা স্ত্রী—**পাচকস্ত্রী,** সুকেশী ভার্যা—**সুকেশভার্যা,** প্রিয়া পত্নী—**প্রিয়পত্নী,** পঞ্চমী কন্যা—**পঞ্চমকন্যা। উঙ্-প্রত্যয়ান্তের পুংবদ্ভাব হয় না।** যথা, বামোরূঃ ভার্যা—**বামোরূভার্যা।**

৭১। **পূর্বকালৈক-সর্ব-জরৎ-পুরাণ-নব কেবলাঃ সমানাধিকরণেন** (২।১।৪৯)—পূর্বনিপাতনিয়মার্থং সূত্রম্। বিশেষ্য পদের সহিত পূর্বকালবোধক শব্দ এবং বিশেষণ এক, সর্ব, জরৎ, পুরাণ, নব ও কেবল শব্দের সমানাধিকরণ পদের সহিত কর্মধারয় সমাস হয়। যথা, পূর্বং স্নাতঃ পশ্চাৎ অনুলিপ্তঃ—**স্নাতানুলিপ্তঃ,** এবমেব—লূনপ্ররূঢ়ঃ, বদ্ধতাড়িতঃ, স্নাপিতভোজিতঃ, **ভুক্তোদ্গীর্ণম্, দত্তাপহৃতম্, পীতপ্রতিবদ্ধঃ**; একনাথঃ, একপত্নী, একবীরঃ, একাহঃ; সর্বদেবাঃ, সর্বকালঃ, জরদ্গবঃ, পুরাণতরুঃ; নবোদকম্, নবান্নম্; কেবলান্নম্।

৭২। **ক্তেন নঞ্-বিশিষ্টেনানঞ্** (২।১।৬০)—নঞ্ বিশিষ্ট ক্তপ্রত্যয়ান্ত পদের সহিত নঞ্শূন্য সেই একই ক্তপ্রত্যয়ান্ত পদের কর্মধারয় সমাস হয়। যথা,

---

(১) স্ত্রী চ পুমান্ চ পুমাংসৌ, (**'পুমান্ স্ত্রিয়া'** ইত্যেকশেষঃ) ভাষিতৌ পুমাংসৌ যেন (স্ত্রীলিঙ্গপুংলিঙ্গয়োরপি একার্থকেন) শব্দেন স ভাষিতপুংস্কঃ শব্দঃ; একার্থমাদায় পুংস্ত্যাত্তনেকলিঙ্গবর্তিত্বং ভাষিতপুংস্কত্বমিত্যর্থঃ। **তেন নিত্যস্ত্রীলিঙ্গশব্দাঃ ন ভাষিতপুংস্কাঃ।** যথা শ্রীঃ, লক্ষ্মীঃ।

কৃতং চ তৎ অকৃতং চ—কৃতাকৃতম্ (done and not done i e. half done), ভুক্তং চ তৎ অভুক্তং চ—ভুক্তাভুক্তম্, পীতং চ তৎ অপীতং চ পীতাপীতম্।

৭৩। **বর্ণো বর্ণেন** (২।১।৬৯)—বর্ণবাচক পদের সহিত বর্ণবাচক পদের কর্মধারয় সমাস হয়। যথা, নীলশ্চাসৌ লোহিতশ্চেতি—নীললোহিতঃ; এইরূপ—পীতধবলঃ, শ্বেতকৃষ্ণঃ শ্বেতরক্তঃ, কৃষ্ণসারঙ্গঃ (সারঙ্গশ্চিত্রপর্যায়ঃ variegated)।

৭৪। **দিক্‌সংখ্যে সংজ্ঞায়াম্** (২।১।৫০)—সংজ্ঞা বুঝাইলে দিগ্‌বাচক ও সংখ্যাবাচক পদের সহিত বিশেষ্য পদের কর্মধারয় সমাস হয়। যথা, উত্তর-কোশলাঃ, পূর্বেষুকামশমী, পঞ্চাম্রাঃ, সপ্তর্ষয়ঃ। **বাক্যেন সংজ্ঞানবগমাৎ নিত্যসমাসঃ**। সংজ্ঞায়ামেব ইতি নিয়মার্থং সূত্রম্। তেন ইহ ন—পঞ্চ ব্রাহ্মণাঃ উত্তরাঃ বৃক্ষাঃ (১)।

৭৫। **কিং ক্ষেপে** (২।১।৬৪)—নিন্দা বুঝাইলে কিম্ শব্দের সহিত কর্মধারয় সমাস হয়। যথা, কুৎসিতঃ রাজা—**কিং রাজা** (**কিমঃ ক্ষেপে** ৫।৪।৭০ **ইতি সমাসান্তনিষেধঃ**); এইরূপ—**কিংসখা**, কিংমন্ত্রী, কিংভৃত্যঃ। বাক্যে নিন্দা-প্রতীতি হয় না; এইজন্য ইহা **অস্বপদবিগ্রহ নিত্যসমাস**।

৭৬। **কড়ারাঃ কর্মধারয়ে** (২।২।৩৮)—কড়ার প্রভৃতি (২) শব্দ কর্মধারয় সমাসে বিকল্পে পূর্বে প্রযুক্ত হয়। যথা, কড়ারজৈমিনিঃ জৈমিনি-কড়ারঃ (Jaimini the tawny); ঘোষবৃদ্ধঃ, বৃদ্ধঘোষঃ; খঞ্জপুরুষঃ, পুরুষখঞ্জঃ।

৭৭। **প্রশংসাবচনৈশ্চ** (২।১।৬৬)—প্রশংসাবাচক বিশেষণের সহিত জাতিবাচক বিশেষ্যের কর্মধারয় সমাস হয় এবং বিশেষ্য পূর্বে প্রযুক্ত হয়। যথা, গোমতল্লিকা, গোপ্রকাণ্ডম্, গোমচর্চিকা, গবোদ্ধঃ, গোতল্লজঃ (সর্বত্র প্রশস্তা গৌরিত্যর্থঃ)।

৭৮। **ময়ূরব্যংসকাদয়শ্চ** (২।১।৭২)—কর্মধারয় সমাসে ময়ূরব্যংসকঃ প্রভৃতি পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, ময়ূরো ব্যংসকঃ (ধূর্তঃ)—ময়ূর-

(১) কথং তর্হি 'চতুর্দিগীশানবমত্য মানিনী' ইতি, দ্বিচন্দ্রজ্ঞানম্ ইতি চ? চতসৃণাং দিশাং সমাহারঃ চতুর্দিক্, দ্বয়োঃ চন্দ্রয়োঃ সমাহারঃ দ্বিচন্দ্রম্, ততঃ ষষ্ঠীসমাসঃ ইতি কেচিৎ।

(২) কড়ার, কাণ, খঞ্জ, গৌর, বৃদ্ধ, ভিক্ষুক, পিঙ্গল, তনু ইত্যাদি।

ব্যংসকঃ (গুণবচনস্য পূর্বনিপাত-প্রতিষেধার্থম্ ইদম্) (১) ; উদক্ চ অবাক্ চ—উচ্চাবচম্ ; নিশ্চিতং চ প্রচিতং চ—নিশ্চপ্রচম্ 'backwards and forwards'; নাস্তি কিঞ্চন যস্য সঃ—**অকিঞ্চনঃ** ; নাস্তি কুতোঽপি ভয়ং যস্য সঃ—**অকুতোভয়ঃ** ; অন্যো রাজা—**রাজান্তরম্** ; চিৎ এব—**চিন্মাত্রম্**।

৭৯। **আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে**—অশ্নীত পিবত ইত্যেবং সততং যত্রাভিধীয়তে সা—অশ্নীতপিবতা ক্রিয়া ; এবম—পচতভৃজ্জতা খাদতমোদতা।

৮০। **এহীড়াদয়োঽন্যপদার্থে**—এহি ঈড় ইতি যস্মিন্ কর্মণি তৎ—**এহীড়ম্** ; **এহিপচম্** ; উদ্ধর কোষ্ঠাৎ উৎসৃজ দেহীতি যস্যাং ক্রিয়ায়াং সা—**উদ্ধরোৎসৃজা, উদ্ধমবিধমা** (অসাতত্যার্থমিহ পাঠঃ)।

৮১। **জহি কর্মণা বহুলমাভীক্ষ্ণ্যে কর্তারং চাভিদধাতি**—আভীক্ষ্ণ্যে গম্যমানে জহি-পদং কর্মণা বহুলং সমস্যতে কর্তারং চ অভিদধাতি। যথা জহি জোড়মিতি আভীক্ষ্ণ্যেন য আহ সঃ—**জহিজোড়ঃ** ; **জহিস্তম্বঃ** (২)।

উপমান-কর্মধারয় (৩)

৮২। **উপমানানি সামান্যবচনৈঃ** (২।১।৫৫)—উপমানবাচীনি সুবন্তানি সামান্যবচনৈঃ সুবন্তৈঃ সহ সমস্যন্তে। সাধারণ ধর্মবাচক পদের সহিত উপমান পদের যে সমাস হয়, তাহাকে উপমানকর্মধারয় বলে। যথা, ঘন ইব শ্যামঃ—

---

(১) অন্যে তু ময়ূর ইব ব্যংসকঃ ময়ূরব্যংসক ইত্যাদৌ 'উপমানানি সামান্যবচনৈঃ' ইতি সমাসস্য অপবাদোঽয়ম্ ইত্যাহুঃ।

(২) **অবিহিতলক্ষণস্তৎপুরুষো ময়ূরব্যংসকাদিষু দ্রষ্টব্যঃ**। তেন—প্রাতর্দোহঃ, প্রাতরাশঃ অবশ্যকর্তব্যম্, প্রোষ্য-পাপীয়ান (প্রবাসং গত্বা পাপীয়ান্) ইত্যাদি সিধ্যন্তি। কেচিৎ তু এতৎ **সহসুপেতি সামান্যসূত্রেণ সাধয়ন্তি**।

(৩) উপমামূলক কর্মধারয় তিনটি—উপমান কর্মধারয়, উপমিত কর্মধারয়, রূপক কর্মধারয়। উপমা দিতে হইলে তিনটি বস্তুর প্রয়োজন—উপমেয়, উপমান ও সাধারণ ধর্ম। উপমীয়তে যৎ তৎ উপমেয়ম্ (the thing compared) ; উপমীয়তে যেন তৎ উপমানম্ (the thing compared to, the standard of comparison) ; উপমানোপমেয়য়োঃ সাধারণো ধর্মঃ সামান্যবচনম্ (the common attribute)। যথা, মুখং চন্দ্র ইব সুন্দরম্ ইত্যত্র মুখম্ উপমেয়ং বা উপমিতম্, উপমানং চন্দ্রঃ, সুন্দরং সাধারণো ধর্মঃ।

ঘনশ্যামঃ, শৈল ইব উন্নতঃ—শৈলোন্নতঃ ; এইরূপ—অনলে জ্জ্বলঃ, নবনীত-কোমলঃ, অর্ণবগভীরঃ, শঙ্খধবলঃ।

উপমিত-কর্মধারয়

৮৩। **উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে** ২।১।৫৬—বিশেষণ-সমাসেন সিদ্ধে বিশেষ্যস্য পূর্বনিপাতার্থমিদং সূত্রম্। সাধারণধর্মস্য অপ্রয়োগে উপমেয়বাচি সুবন্ত ব্যাঘ্রাদিভিঃ উপমানৈঃ সহ সমস্যতে।

সাধারণ ধর্মের উল্লেখ না থাকিলে ব্যাঘ্রপ্রভৃতি (১) উপমান পদের সহিত উপমেয়বাচক (২) পদের যে সমাস হয়, তাহাকে **উপমিত কর্মধারয়** বলে। যথা, পুরুষঃ ব্যাঘ্র ইব—পুরুষব্যাঘ্রঃ, নরঃ সিংহ ইব—নরসিংহঃ ; এইরূপ মুনিশার্দূলঃ, নরপুঙ্গবঃ, পাণি-পল্লবঃ, মুখচন্দ্রঃ। সাধারণ ধর্মের উল্লেখ থাকিলে সমাস হয় না। যথা, পুরুষঃ ব্যাঘ্র ইব শূরঃ (৩)।

৮৪। **রূপকমভেদে** (৪)—উপমানোপমেয়য়োঃ অভেদে বিবক্ষিতে রূপকং স্যাৎ। উপমান ও উপমেয়ের অভেদ বুঝাইতে যে সমাস হয় তাহাকে রূপক কর্মধারয় বলে। ইহাতে সাধারণ ধর্মের উল্লেখ থাকিলেও সমাস হয়। যথা, মুখম্ এব চন্দ্রঃ—মুখচন্দ্রঃ (সুন্দরঃ) ; শোক এব অগ্নিঃ—শোকাগ্নিঃ ; বিদ্যা এব রত্নম্—বিদ্যারত্নম্।

---

(১) ব্যাঘ্র, পুঙ্গব, ঋষভ, কুঞ্জর, সিংহ, শার্দূল, নাগ, বৃষভ, চন্দ্র, কমল, পল্লব, কিশলয়, বরাহ।

সমাসের উত্তরপদে ব্যাঘ্র, পুঙ্গব প্রভৃতি থাকিলে ইহাদের তখন 'শ্রেষ্ঠ' এইরূপ অর্থ হয়।

স্যুরুত্তরপদে ব্যাঘ্রপুঙ্গবর্ষভকুঞ্জরাঃ।
সিংহশার্দূলনাগাদ্যাঃ পুংসি শ্রেষ্ঠার্থবাচকাঃ॥

(২) উপমেয়মত্র উপমিতম্, ভূতকাল ইহ ন বিবক্ষিতঃ।

(৩) কথং তর্হি **ভাষ্যাব্ধিঃ ক্বাতিগম্ভীর** ইতি কৈয়টঃ সামান্য-ধর্মপ্রয়োগাৎ অস্য অপ্রাপ্তেঃ ? উচ্যতে—প্রমাদ এবায়মিতি কেচিৎ। বস্তুতস্তু ইহ গাম্ভীর্যেণ সাদৃশ্যং ন বিবক্ষিতং কিন্তু বিততত্বদুরবগাহত্বাদিনা। তস্য হি বিততত্বাদেঃ অপ্রয়োগঃ অস্ত্যেব ইতি সমাসো নির্বাধঃ ইতি মনোরমায়াং স্থিতম্।

(৪) এই সূত্রটি পাণিনির নহে, ইহা ব্যাখ্যান-সম্মত। **পাণিনিমতে ইহা ময়ূরব্যংসকাদির মধ্যে পরিগণিত।**

রূপক সমাসে উপমানের অর্থ প্রধান, কিন্তু **উপমিত সমাসে** উপমেয়ের অর্থ প্রধান। এই হেতু ক্রিয়া প্রভৃতি সন্নিহিত পদ উপমানের অনুকূল হইলে রূপক-সমাস, উপমেয়ের অনুকূল হইলে উপমিত সমাস এবং উভয়ের অনুকূল হইলে সঙ্কর (অর্থাৎ রূপক সমাস ও উপমিত সমাস উভয়ই) হইয়া থাকে। যথা, **'মুখচন্দ্রঃ উদেতি'** এই স্থলে 'উদিত হওয়া' চন্দ্রের অনুকূল বলিয়া **রূপক সমাস**, **'মুখচন্দ্রং স্পৃশতি'** এই স্থলে 'স্পর্শ করা' মুখের অনুকূল বলিয়া **উপমিত সমাস** এবং **"মুখচন্দ্রঃ' শোভতে'** এই স্থলে 'শোভা পাওয়া' উভয়ের অনুকূল বলিয়া **রূপকসমাস বা উপমিত সমাস**।

মধ্য (উত্তর) পদলোপী কর্মধারয়

৮৫। **শাকপার্থিবাদীনাং সিদ্ধয়ে উত্তরপদলোপস্যোপসংখ্যানম্** (বা)—শাকপার্থিব প্রভৃতি সমাসে সমাস ঘটক দুইটি পদের মধ্যে প্রথম সমাস-বদ্ধপদের উত্তর অর্থাৎ পরবর্তী পদের লোপ হয়। যথা, শাকঃ (শক্তিঃ) প্রিয়ঃ যস্য স শাকপ্রিয়ঃ (বহুব্রীহিঃ), শাকপ্রিয়ঃ পার্থিবঃ – শাকপার্থিবঃ (উত্তরপদলোপী বা মধ্যপদলোপী); এইরূপ—ছায়াপ্রধানঃ তরুঃ—ছায়াতরুঃ, দেবপূজকঃ দেবপ্রিয়ো বা ব্রাহ্মণঃ—দেবব্রাহ্মণঃ, ব্রাহ্মণবহুলঃ গ্রামঃ—ব্রাহ্মণগ্রামঃ, দধ্যুপসিক্তঃ ওদনঃ—দধ্যোদনঃ, গুড়মিশ্রাঃ ধানাঃ—গুড়ধানাঃ, বিন্ধ্যনামা গিরিঃ—বিন্ধ্যগিরিঃ, তিলমিশ্রাঃ তণ্ডুলাঃ –তিলতণ্ডুলাঃ। আধারেথ উত্তরপদের লোপ।

দ্বিগু-সমাস

৮৬। **তদ্ধিতার্থোত্তরপদ-সমাহারে চ** (২।১।৫১), সংখ্যাপূর্বো **দ্বিগুঃ** (২।১।৫২)—তদ্ধিতার্থে বিষয়ে, উত্তরপদে চ পরতঃ, সমাহারে চ অভিধেয়ে দিক্‌সংখ্যে সমানাধিকরণেন সুবন্তেন সমস্যেতে, তয়োঃ যঃ সংখ্যাপূর্বঃ সমাসঃ স দ্বিগুসংজ্ঞো ভবতি।

তদ্ধিতার্থ বিষয়ে, উত্তরপদ পরে থাকিলে এবং সমাহার বুঝাইলে, বিশেষ্যের সহিত দিগ্‌বাচক ও সংখ্যাবাচক শব্দের কর্মধারয় সমাস হয়। **পূর্বপদ সংখ্যা-**

বাচক শব্দের এই কর্মধারয়কে দ্বিগু বলে (১)। অতএব দ্বিগু সমাস তিন প্রকার— **তদ্ধিতার্থ দ্বিগু, উত্তরপদ দ্বিগু** এবং **সমাহার দ্বিগু**। যথা, (তদ্ধিতার্থদ্বিগুঃ)—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ—পঞ্চগুঃ, ষণ্ণাং মাতৄণাম্ অপত্যং পুমান্—ষাণ্মাতুরঃ; (উত্তরপদ-দ্বিগুঃ)— পঞ্চ গাবঃ ধনং যস্য সঃ— পঞ্চগবধনঃ; (সমাহার দ্বিগুঃ)—ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ—ত্রিভুবনম্।

৮৭। **দ্বন্দ্ব-তৎপুরুষয়োরুত্তরপদে নিত্যসমাসবচনম্**—প্রথমে দুই পদে দ্বন্দ্ব বা তৎপুরুষ হইয়া পরে পরবর্তী পদের সহিত অন্য সমাস হইলে পূর্ববর্তী দ্বন্দ্ব ও তৎপুরুষ নিত্য হয়, বিকল্পে উহাদের ব্যাসবাক্য হয় না। যথা, মাতা চ পিতা চ—মাতাপিতরৌ (দ্বন্দ্ব), তয়োঃ বচনম্—মাতাপিতৃবচনম্, ছত্রং চ উপানৎ চ—ছত্রোপানহৌ (দ্বন্দ্ব) তে প্রিয়ে যস্য সঃ—ছত্রোপানহপ্রিয়ঃ (নিত্য দ্বন্দ্ব এবং নিত্যসমাসান্ত টচ্)। পঞ্চ গাবঃ ধনং যস্য সঃ—পঞ্চগবধনঃ (প্রথমপদদ্বয়ে নিত্য দ্বিগু)।

৮৮। **সর্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ভাবঃ**—সকল সমাসেই সর্বনাম পূর্ব-পদের পুংবদ্ভাব হয়। যথা, তস্যাঃ বচনম্—তদ্বচনম্; পূর্বা শালা প্রিয়া যস্য সঃ—**পূর্বশালাপ্রিয়ঃ** (উত্তরপদ কর্মধারয়); তদ্ধিতার্থ কর্মধারয় যথা,—পূর্বস্যাং শালায়াং ভবঃ—পৌর্বশালঃ (দিক্‌পূর্বপদাদসংজ্ঞায়াং ঞঃ ইতি ঞপ্রত্যয়ঃ)।

৮৯। **দ্বিগুরেকবচনম্** (২।৪।১)—একস্য বচনম্ একবচনম্। দ্বিগ্বর্থঃ সমাহারঃ একবচনং স্যাৎ। সমাহারদ্বিগু-নিষ্পন্ন শব্দ একবচনান্ত। যথা, পঞ্চানাং গবাং সমাহার— **পঞ্চগবম্**; চতুর্ণাং যুগানাং সমাহারঃ—**চতুর্যুগম্**।

৯০। **স নপুংসকম্** (২।৪।১৭)—সমাহার বুঝাইতে দ্বিগু ও দ্বন্দ্বসমাস ক্লীবলিঙ্গ হয়। যথা, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ **ত্রিভুবনম্**, ত্রয়াণাং মুনীনাং সমাহারঃ—ত্রিমুনি। পাণী চ পাদৌ চ **পাণিপাদম্**। এইরূপ **চতুর্যুগম্**।

৯১। **অকারান্তোত্তরপদো দ্বিগুঃ স্ত্রিয়ামিষ্টঃ** (বা)—উত্তরপদ

---

(১) অতএব দ্বিগুসমাস একটি পৃথক্ সমাস নহে। ইহা একপ্রকার কর্মধারয়। এইজন্যই বলা হয়—**তৎপুরুষবিশেষঃ কর্মধারয়ঃ, তদ্বিশেষো দ্বিগুঃ**।

অকারান্ত হইলে দ্বিগুসমাস স্ত্রীলিঙ্গ হয়। (১) যথা, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ—ত্রিলোকী (২); পঞ্চানাং মূলানাং সমাহারঃ—পঞ্চমূলী; চতুর্ণাং পদানাং সমাহারঃ—চতুষ্পদী; সপ্তানাং শতানাং সমাহারঃ—শপ্তশতী; পঞ্চানাং নলানাং সমাহারঃ—পঞ্চনলী। অষ্টানাম্ অধ্যায়ানাং সমাহারঃ—**অষ্টাধ্যায়ী**

৯২। **পাত্রাদিভ্যঃ প্রতিষেধঃ** (বা)—পাত্রপ্রভৃতি শব্দ উত্তর পদ হইলে দ্বিগুসমাস স্ত্রীলিঙ্গ হয় না। যথা, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ—পঞ্চপাত্রম্; ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ—ত্রিভুবনম্; এবম্ দ্বিপাত্রম্, ত্রিগুণম্, চতুর্গুণম্, চতুর্মুখম্, পঞ্চনাবম্, চতুর্দিশম্।

৯৩। **আবন্তো বা স্ত্রিয়ামিষ্টঃ** (বা)—দ্বিগুসমাসে আকারান্ত শব্দ বিকল্পে স্ত্রীলিঙ্গ হয়। যথা, পঞ্চানাং খট্টানাং সমাহারঃ—পঞ্চখট্টম্, পঞ্চখট্টী।

৯৪। **অনো নলোপশ্চ বা চ দ্বিগুঃ স্ত্রিয়াম্** (বা)—দ্বিগুসমাসে অন্ ভাগান্ত শব্দের ন এর লোপ হয় এবং উহা বিকল্পে স্ত্রীলিঙ্গ হয়। যথা, পঞ্চানাং তক্ষ্ণাং সমাহারঃ—পঞ্চতক্ষম্, পঞ্চতক্ষী; পঞ্চানাং কর্মণাং সমাহারঃ—পঞ্চকর্মম্, পঞ্চকর্মী; পঞ্চানাং রাজ্ঞাং সমাহারঃ—পঞ্চরাজম্ পঞ্চরাজী।

সমাসান্তবিধান (তৎপুরুষ)

৯৫। **তৎপুরুষস্যাঙ্গুলেঃ সংখ্যাব্যয়াদেঃ** (৫।৪।৮৬)—তৎপুরুষসমাসে সংখ্যাবাচক ও অব্যয় শব্দ পূর্বে থাকিলে **অঙ্গুলি** শব্দের উত্তর সমাসান্ত অচ্ হয়। **অচ্ প্রত্যন্ববপূর্বাৎ সামলোম্নঃ** (৫।৪।৭৫)—এই সূত্র হইতে অচ্ এই প্রত্যয়টি অনুবৃত্ত হইয়াছে। যথা, দ্বে অঙ্গুলী প্রমাণমস্য—দ্ব্যঙ্গুলম্ (৩) অংশুকম্, সমাসান্ত ত্র্যঙ্গুলং ক্ষেত্রম্, পঞ্চাঙ্গুলং দারু; অঙ্গুলিমতিক্রান্তম্—অত্যঙ্গুলম্, নির্গতম্ অঙ্গুলিভ্যঃ—নিরঙ্গুলম্ অঙ্গুরীয়কম্। বহুব্রীহৌ তু—পঞ্চাঙ্গুলিঃ হস্তঃ।

---

(১) **দ্বিগোঃ** (৪।১।২১) এই সূত্রানুসারে **ঙীপ্ প্রত্যয় হয়।**

(২) কথং তর্হি '**ত্রিলোকনাথঃ** পিতৃসদ্মগোচরঃ' ইতি কুমারে কালিদাসপ্রয়োগঃ সঙ্গচ্ছতে? উচ্যতে—লোকশব্দোঽত্র লোকসমুদায়পরঃ। **ত্রাবয়বো লোকঃ ত্রিলোকঃ শাকপার্থিবাদিত্বাৎ সমাসঃ, তেন নাত্র স্ত্রীত্বপ্রসক্তিঃ।**

(৩) ইহ তদ্ধিতার্থদ্বিগৌ '**লোপো দ্বিগোর্নিত্যম্**' ইতি প্রমাণার্থকমাত্রচ্ প্রত্যয়লোপঃ।

৯৬। **অহঃ-সর্বৈকদেশ-সংখ্যাত-পুণ্যাচ্চ রাত্রেঃ** (৫।৪।৮৭) সংখ্যাবাচক, অব্যয়, অহন্, সর্ব, একদেশবাচক, সংখ্যাত ও পুণ্য শব্দের পরবর্তী **রাত্রি** শব্দের উত্তর অচ্ হয়। এই সূত্রে অহন্ শব্দের গ্রহণ দ্বন্দ্বসমাসের নিমিত্ত। যথা অহশ্চ রাত্রিশ্চ—অহোরাত্রঃ ; দ্বয়োঃ রাত্র্যোঃ সমাহারঃ—দ্বিরাত্রম্ (১), পঞ্চানাং রাত্রিণাং সমাহারঃ—পঞ্চরাত্রম্ ; রাত্রিম্ অতিক্রান্তঃ—অতিরাত্রঃ, সর্বা রাত্রিঃ—সর্বরাত্রঃ ; পূর্বং রাত্রেঃ—পূর্বরাত্রঃ ; অর্ধং রাত্রে—অর্ধরাত্রঃ ; পশ্চিমং রাত্রেঃ—পশ্চিমরাত্রঃ ; সংখ্যাতা রাত্রিঃ—সংখ্যাতরাত্রঃ ; পুণ্যা রাত্রিঃ—পুণ্যরাত্রঃ। কিন্তু, পূর্বা রাত্রিঃ—পূর্বরাত্রিঃ (একদেশ বুঝায় না)।

৯৭। **অহ্নোঽহ্ন এতেভ্যঃ** (৫।৪।৮৮)—সংখ্যাবাচক, অব্যয়, সর্ব, একদেশবাচক ও সংখ্যাত শব্দের (২) পরবর্তী **অহন্** শব্দের উত্তর অচ্ হয় এবং উভয়ে মিলিয়া অহ্ন হয়। যথা, দ্বয়োঃ অহ্নোঃ ভবঃ—দ্ব্যহ্নঃ ; অত্যহ্নঃ; নিরহ্নঃ ; **পূর্বম্ অহ্নঃ—পূর্বাহ্ণঃ** (৩), মধ্যাহ্নঃ, অপরাহ্ণঃ, সায়াহ্ন সংখ্যাতাহ্নঃ। একদেশ না বুঝাইলে হয় না। যথা, **পূর্বম্ অহঃ—পূর্বাহঃ** ; এইরূপ—মধ্যাহঃ, পরাহঃ।

৯৮। **ন সংখ্যাদেঃ সমাহারে** (৫।৪।৮৯ —সমাহার বুঝাইলে সংখ্যাপূর্বক অহন্ শব্দের স্থানে অহ্ন আদেশ হয় না। যথা, দ্বয়োঃ অহ্নোঃ সমাহারঃ—দ্ব্যহঃ। এইরূপ, ত্র্যহঃ, **সপ্তাহঃ**। পুণ্য ও এক শব্দের সহিত সমাসেও অহ্ন হয় না (৪)। যথা, পুণ্যম্ অহঃ—পুণ্যাহম্, একম্ অহঃ—একাহঃ।

৯৯। **রাজাহঃসখিভ্যষ্টচ্** (৫।৪।৯১)—তৎপুরুষ সমাসে **রাজন্**, **অহন্** ও **সখি** শব্দের উত্তর **টচ্** হয়। যথা, মহান্ রাজা—**মহারাজঃ**, দেবানাং দেবরাজঃ, রামস্য সখা—**রামসখঃ**, পরম্ অহঃ—**পরাহঃ**, জাতহঃ,

(১) 'সংখ্যাপূর্বং রাত্রং ক্লীবম্' ইতি ক্লীবত্বম্।

(২) অহন্ শব্দের সহিত তৎপুরুষ অসম্ভব বলিয়া এবং পুণ্যশব্দের সম্বন্ধে পরে 'পুণ্যসুদিনাভ্যামহ্নঃ' এইরূপ বিশেষ বিধান থাকায় এইসূত্রে অহন্ ও পুণ্যশব্দ গৃহীত হয় নাই।

(৩) **অহ্নোঽদন্তাৎ** (৮।৪।৭)—সমাসে অকারান্ত পূর্বপদাস্থিত ঋ, র ও ষ এর পরবর্তী অহ্ন শব্দের **ন্ স্থানে** ণ হয়।

(৪) **উত্তমৈকাভ্যাং চ** (৫.৪।৯০)। উত্তম—পুণ্য ৫ ৪।৮৭ সূত্রের শেষ শব্দ)।

মৃতাহঃ, শুভাহঃ। **বহুব্রীহৌ তু**—মহান্ রাজা যস্মিন্ সঃ—মহারাজা। লিঙ্গবিশিষ্টপরিভাষায়া অনিত্যত্বাৎ মদ্রাণাং রাজ্ঞী—মদ্ররাজ্ঞী। সূত্রেঽস্মিন্ লিঙ্গবিশিষ্টপরিভাষা ন আদরণীয়া ইত্যর্থঃ। মদ্ররাজস্য স্ত্রী মদ্ররাজী।

১০০। **গোরতদ্ধিত-লুকি** (৫।৪।৯২)—লুপ্তপ্রত্যয় তদ্ধিতার্থদ্বিগু ব্যতীত তৎপুরুষ সমাসে গো শব্দের উত্তর টচ্ হয়। যথা, পুমান্ গৌঃ—পুঙ্গবঃ, রাজ্ঞঃ গৌঃ—রাজগবঃ, পঞ্চ গাবঃ ধনমস্য—পঞ্চগবধনঃ। কিন্তু লুপ্তপ্রত্যয় তদ্ধিতার্থ দ্বিগু সমাসে - পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ। বহুব্রীহিসমাসে—দ্বৌ গাবৌ যস্য সঃ দ্বিগুঃ, অব্যয়ীভাবে—গোঃ সমীপম্ উপগু।

১০১। **নাবো দ্বিগোঃ** (৫।৪।৯৯)—লুপ্তপ্রত্যয় তদ্ধিতার্থদ্বিগুব্যতীত দ্বিগুসমাসে নৌ শব্দের উত্তর টচ্ হয়। যথা, দ্বয়োঃ নাবোঃ সমাহারঃ—দ্বিনাবম্, ত্রিনাবম্; দশ নাবঃ প্রিয়াঃ যস্য সঃ—দশনাবপ্রিয়ঃ, দ্বাভ্যাং নৌভ্যাম্ আগতঃ—দ্বিনাবরূপ্যঃ। কিন্তু লুপ্তপ্রত্যয় তদ্ধিতার্থ দ্বিগুসমাসে—পঞ্চভিঃ নৌভিঃ ক্রীতঃ—পঞ্চনৌঃ। 'অধ্যর্ধপূর্বদ্বিগোর্লুগিতি ক্রীতার্থপ্রত্যয়লোপঃ'।

১০২। **অর্ধাচ্চ** (৫।৪।১০০)—অর্ধপূর্বক নৌ শব্দের উত্তর টচ্ হয়। যথা, অর্ধং নাবঃ—অর্ধনাবম্। ক্লীবত্বং লোকাৎ।

১০৩। **দ্বিত্রিভ্যাম্ অঞ্জলেঃ** (৫।৪।১০২)—দ্বিগুসমাসে দ্বি ও ত্রিশব্দের পরবর্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যথা, দ্বয়োঃ অঞ্জল্যোঃ সমাহারঃ—দ্ব্যঞ্জলম্, দ্ব্যঞ্জলি বা স্বর্ণম্। তদ্ধিতার্থদ্বিগৌ দ্বাভ্যামঞ্জলিভ্যাং ক্রীতঃ দ্ব্যঞ্জলিঃ।

১০৪। **কু-মহদ্ভ্যামন্যতরস্যাম্** (৫।৪।১০৫)—তৎপুরুষসমাসে কু এবং মহৎ শব্দের পরবর্তী ব্রহ্মন্ শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যথা, কুৎসিতো ব্রহ্মা (ব্রাহ্মণঃ) কুব্রহ্মঃ, কুব্রহ্মা; মহান্ ব্রহ্মা—মহাব্রহ্মঃ, মহাব্রহ্মা।

১০৫। **আন্মহতঃ সমানাধিকরণ-জাতীয়য়োঃ** (৬।৩।৪৬)—আকারো মহতঃ কার্যস্তুল্যাধিকরণে পদে। বিশেষ্যপদ ও জাতীয় প্রত্যয় পরে থাকিলে পূর্বপদ মহৎ শব্দের তকার স্থানে আকার হয়। যথা, মহান্ রাজা মহারাজঃ; মহাদেবঃ, মহাবুদ্ধিঃ; মহান্ প্রকারঃ ইতি মহাজাতীয়ঃ। মহতী-শব্দস্য পুংবৎ কর্মধারয়—' ইতি পুংবদ্ভাবে কৃতে আকারাদেশঃ—মহাজাতীয়া।

(*i*) 'আৎ' ইতি যোগবিভাগাৎ, প্রাগ্ একাদশভ্য ইতি শিষ্টপ্রয়োগাৎ বা একাদশশব্দে আকারাদেশঃ। (*ii*) **ঘাসকরবিশিষ্টেষু পুংবচ্চ**—মহত্যাঃ ঘাসঃ (অদনম্) মহাঘাসঃ, মহত্যাঃ করঃ মহাকরঃ, মহত্যাঃ বিশিষ্টঃ মহাবিশিষ্টঃ। (*iii*) **অষ্টনঃ কপালে হবিষি, গবি চ যুক্তে**—অষ্টাসু কপালেষু সংস্কৃতম্—অষ্টাকপালম্ হবিঃ, অষ্টাভিঃ গোভিঃ যুক্তং—অষ্টাগবং শকটম্ (অর্শ আদ্যচ্)। (১)

১০৬-০৭। (**ন**—৫।৪।৬৯) **নঞস্তৎপুরুষাৎ** (৫।৪।৭১)—নঞ্তৎপুরুষে সমাসান্ত প্রত্যয় হয় না। যথা, ন রাজা অরাজা, অসখা, অগোঃ। নঞ্ বহুব্রীহিতে হয়। যথা, অনপং সরঃ, অধুরং শকটম্, অরাজোঽয়ং দেশঃ।

১০৮। **পথো বিভাষা** (৫।৪।৭২)—নঞ্ তৎপুরুষে পথিন্ শব্দের উত্তর বিকল্পে সমাসান্ত প্রত্যয় হয়। যথা, ন পন্থাঃ অপন্থাঃ, অপথম্ (২) বা। তৎপুরুষভিন্ন অন্য সমাসে হয়। যথা, অপথঃ গ্রামঃ (**বহুব্রীহিঃ**), **পথঃ অভাবঃ—অপথম্ (অব্যয়ীভাবঃ)**।

[এই সম্পর্কে 'ন পূজনাৎ', কিমঃ ক্ষেপে'—প্রভৃতি সূত্রের জন্য **'সর্বসমাস-সাধারণ সমাসান্ত'** প্রকরণ দ্রষ্টব্য]

তৎপুরুষে বিশেষ বিধান

১০৯। **পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ** (২।৪।২৬)—দ্বন্দ্ব ও তৎপুরুষ সমাসে পরপদের ন্যায় লিঙ্গ হয়। যথা, ফলং চ ঘটশ্চ—ফলঘটৌ, ঘটশ্চ ফলং চ—ঘট-ফলে; স্ত্রী চ পুত্রাশ্চ—স্ত্রীপুত্রাঃ, পূর্বং কায়স্য পূর্বকায়ঃ, অর্ধং পিপ্পল্যাঃ—অর্ধপিপ্পলী, মুখং চন্দ্র ইব—মুখচন্দ্রঃ। <u>দ্বিগুপ্রাপ্তাপন্নালং-পূর্ব-গতিসমাসেষু</u>

(১) সূত্রে সমানাধিকরণগ্রহণসামর্থ্যাৎ 'লক্ষণ-প্রতিপদোক্তয়োঃ প্রতিপদোক্তস্য' ইতি পরিভাষাত্র ন প্রবর্ততে। **অতএব এই সূত্রটি** সন্মহৎপরমোৎকৃষ্টাঃ পূজ্যমানৈঃ (২।১।৬১) **এইসূত্রে উল্লিখিত মহৎ-শব্দেই সীমাবদ্ধ নহে।**

(২) **অপথং নপুংসকম্** (২।৪।৩০) **পথঃ সংখ্যাব্যয়াদেঃ (বা) ইতি ক্লীবত্বম্।** কথং তর্হি 'ব্যধ্বো দুরধ্বো **বিপথঃ** কদধ্বা কাপথঃ সমাঃ' ইত্যমরঃ? পত গতৌ ইত্যস্মাৎ পতাতচি ব্যুৎপাদিতঃ **পথশব্দোঽপি অস্তি।** তথাচ—'বাটঃ পথশ্চ মার্গঃ স্যাৎ' ইতি ত্রিকাণ্ডশেষঃ। **তেন পথ-শব্দেন সমাসে পুংস্ত্বম্ উপপন্নম্।** ন চ কাদেশোঽপি দুর্লভঃ, ঈষদর্থে তৎসম্ভবাৎ।

প্রতিষেধো বাচ্যঃ—যথা, পঞ্চসু কপালেষু সংস্কৃতঃ—পঞ্চকপালঃ স্থপঃ, জীবিকাং প্রাপ্তঃ—প্রাপ্তজীবিকঃ, সুখম্ আপন্নঃ—আপন্নসুখঃ, অলং কুমার্যৈ—অলংকুমারিঃ (অতএব জ্ঞাপকাৎ সমাসঃ), নির্গতঃ কৌশাম্ব্যাঃ—নিষ্কৌশাম্বিঃ।

১১০। **পূর্ববদ্ অশ্ব-বড়বৌ** (২।৪।২৭)—দ্বিবচনম্ অতন্ত্রম্। অশ্ব ও বড়বা শব্দের সমাসে পূর্বপদের ন্যায় লিঙ্গ হয়। যথা, অশ্ববড়বৌ, অশ্ববড়বান্, অশ্ববড়বৈঃ। সমাহারদ্বন্দ্বে—অশ্ববড়বম্।

১১১। **রাত্রাহ্নাহাঃ পুংসি** (২।৪।২৯)—সমাসে রাত্র, অহ্ন ও অহ ভাগান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, অহশ্চ রাত্রিশ্চ—অহোরাত্রঃ (পরত্বাৎ সমাহারেঽপি পুংস্ত্বম্), পূর্বং রাত্রেঃ পূর্বরাত্রঃ ; অপররাত্রঃ ; পূর্বম্ অহ্নঃ পূর্বাহ্নঃ ; মধ্যাহ্নঃ,সায়াহ্নঃ ; দ্বয়োঃ অহ্নোঃ ভবঃ দ্ব্যহ্নঃ, দ্বয়োঃ অহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, ত্র্যহঃ, দশাহঃ।

১১২। **সংখ্যাপূর্বং রাত্রং ক্লীবম্**—দ্বিরাত্রম্, গণরাত্রম্। **অব্যয়ী-ভাবশ্চ** (২।৪।১৮)।

(i) চকারাৎ **পুণ্য সুদিনভ্যাম্ অহ্নঃ ক্লীবতা ইষ্টা**। পুণ্যম্, পুণ্যাহম্, সুদিনম্ (প্রশস্তম্) অহঃ সুদিনাহম্।

১১৩। **পথঃ সংখ্যাব্যয়াদেঃ**—সংখ্যাবাচক ও অব্যয়শব্দের পরবর্তী সমাসের অন্তে স্থিত পথিন্ শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা, বিরূপঃ পন্থা বিপথম্, ত্রয়াণাং পন্থাঃ ত্রিপথম্।

১১৪। **সামান্যে নপুংসকম্**—যে সকল স্থানে লিঙ্গ অনির্দিষ্ট, সেই সকল স্থানে সাধারণভাবে ক্লীবলিঙ্গ এবং একবচন হয়। যথা, মৃদু পচতি, প্রাতঃ কমনীয়ম্।

নিম্নে তৎপুরুষ সমাসে ক্লীবলিঙ্গ বিশেষ লক্ষণীয়—

১১৫। **অপথং নপুংসকম্** (২।৪।৩০)—তৎপুরুষ সমাসে অপথ শব্দ ক্লীবলিঙ্গ। যথা, মূঢ়ঃ অপথানি গাহতে, ইদম্ অপথম্। পক্ষে পথো বিভাষেতি ৫।৪ ২২ সমাসান্তস্য বিভাষয়া অপন্থাঃ। **বহুব্রীহৌ তু**—অপথো দেশঃ, অপথা নগরী।

১১৬। **স নপুংসকম্** (২।৪।১৭)—সমাহারদ্বিগু ও সমাহারদ্বন্দ্ব ক্লীবলিঙ্গ। যথা, পঞ্চানাং গবাং সমাহারঃ—পঞ্চগবম্, পাণী পাদৌ চ—পাণিপাদম্।

১১৭। **পুণ্যসুদিনাভ্যামহ্নঃ ক্লীবতা ইষ্টা** (বা)—পুণ্যাহম্, সুদিনাহম্। **পথঃ সংখ্যাব্যয়াদেঃ** (বা)—সংখ্যাবাচক ও অব্যয় শব্দ পূর্বে থাকিলে সমাসের অন্তস্থিত পথ শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা, ত্রয়াণাং পন্থাঃ—ত্রিপথম্, বিরূপঃ পন্থাঃ—বিপথম্। **সামান্যে নপুংসকম্**—মৃদু পচতি, প্রাতঃ কমনীয়ম্।

১১৮। **ছায়া বাহুল্যে** (২।৪।২২)—**বহু পদার্থের ছায়া বুঝাইলে** তৎপুরুষ সমাসের অন্তস্থিত **ছায়া শব্দ ক্লীবলিঙ্গ হয়**। যথা, ইক্ষূণাং ছায়া ইক্ষুচ্ছায়ম্। **ইক্ষুচ্ছায়ানিষাদিন্যঃ** ইতি তু আ সমন্তাৎ নিষাদিন্যঃ ইতি আঙ্ প্রশ্লেষো বোধ্যঃ। বাহুল্যে কিম্? বটস্য ছায়া বটচ্ছায়া।

১১৯। **সভা রাজাঽমনুষ্যপূর্বা** (২।৪।২৩)—**অমনুষ্যশব্দঃ** রূঢ্যা রক্ষঃ-পিশাচাদীন্ আহ। **রাজন্‌ভিন্ন** নৃপতিবাচকশব্দ এবং রাক্ষস, পিশাচ প্রভৃতি শব্দ **পূর্বপদ** হইলে তৎপুরুষ সমাসে **সভাশব্দ ক্লীবলিঙ্গ হয়**। যথা, **নৃপতিসভম্ ঈশ্বরসভম্, প্রভুসভম্, ইনসভম্, রক্ষঃসভম্, পিশাচসভম্**। **নেহ**—রাজসভা, রামসভা, চন্দ্রগুপ্তসভা, দেবসভা।

১২০। **অশালা চ** (২।৪।২৪)—**শালা অর্থে ভিন্ন** (অর্থাৎ সংঘাতার্থক) **সভা** শব্দ **তৎপুরুষ সমাসে ক্লীবলিঙ্গ হয়**। যথা, স্ত্রীণাং সভা (সমবায়ঃ) **স্ত্রীসভম্** (স্ত্রীসংঘাত ইত্যর্থঃ)। **কিন্তু, ধর্মস্য সভা—ধর্মসভা (ধর্মশালা ইত্যর্থঃ)**।

১২১। **বিভাষা সেনা-সুরা-চ্ছায়া-শালা-নিশানাম্** (২।৪।২৫)—নঞ্‌তৎপুরুষ ও কর্মধারয় ভিন্ন তৎপুরুষ সমাসের অন্তস্থিত সেনা, সুরা, ছায়া, শালা ও নিশা শব্দ বিকল্পে ক্লীবলিঙ্গ হয়। যথা, ব্রাহ্মণসেনম্, ব্রাহ্মণসেনা; শক্রসেনম্, শক্রসেনা; যবসুরম্, যবসুরা; বটস্য ছায়া বটচ্ছায়ম্, বটচ্ছায়া; গোশালম্, গোশালা; শুনাং নিশা শ্বনিশম্, শ্বনিশা। নেহ—অসেনা (নঞ্‌তৎ), পরম-সেনা (কর্মধারয়ঃ), দৃঢ়সেনঃ (বহুব্রীহিঃ)।

১২২। **ঙ্যাপোঃ সংজ্ঞাছন্দসোর্বহুলম্** (৬।৩।৬৩)—**নাম বুঝাইলে** এবং বেদে ঙী ও আপ্ প্রত্যয়ের **ঈ ও আ কোন স্থানে নিত্য এবং কোন স্থানে বিকল্পে হ্রস্ব হয়**। যথা, রেবত্যাঃ পুত্রঃ—রেবতিপুত্রঃ, **কাল্যা**

দাসঃ—কালিদাসঃ, বৈদেহ্যাঃ বন্ধুঃ—বৈদেহিবন্ধুঃ, কন্যা কুব্জা যস্মিন্—কন্যকুব্জঃ দেশঃ। **ক্বচিৎ বিকল্পে**—প্রমদবনম্, প্রমদাবনম্। **ক্বচিৎ ন**—নান্দীঘোষঃ। **কালীচরণঃ, কালীনাথঃ।**

১২৩-১২৪। **উদকস্যোদঃ সংজ্ঞায়াম্** (৬।৩।৫৭), **পেষং বাস-বাহন-ধিষু চ** (৬।৩।৫৮)—পেষম্, বাস, বাহন ও ধি পরে থাকিলে **উদক স্থানে উদ হয়।** যথা, উদপেষং পিনষ্টি, উদকে বাসঃ উদবাসঃ, উদবাহনঃ, উদধিঃ।

(ক) পাত্রবাচক শব্দ এবং বিন্দু, ভার ও হার শব্দ পরে থাকিলে উদকস্থানে উদ হয়। যথা, উদপাত্রম্, উদকুম্ভঃ, উদবিন্দুঃ, উদভারঃ, উদহারঃ।

১২৫। **রাজদন্তাদিষু পরম্** (২।২।৩১)-রাজদন্ত প্রভৃতির সমাসে পূর্বের পদ পরে বসে। যথা, দন্তানাং রাজা—রাজদন্তঃ, হংসানাং রাজা—রাজহংসঃ, পথাং রাজা—রাজপথঃ, বনস্য অগ্রে—অগ্রেবণম্, রাত্রিণাং গণঃ—গণরাত্রম্, ঋণে উত্তমঃ—উত্তমর্ণঃ, ঋণে অধমঃ—অধমর্ণঃ, মাতুঃ সপত্নী—সপত্নীমাতা, শ্বঃ পরম্—পরশ্বঃ, কণ্ঠে শ্রীর্যস্য—শ্রীকণ্ঠঃ।

১২৬। **অচ্ প্রত্যন্ববপূর্বাৎ সামলোম্নঃ** (৫।৪।৭৫)—প্রতি, অনু ও অব পূর্বক সামন্ ও লোমন্ শব্দের প্রাদিসমাসে সমাসান্ত **অচ্** হয়। যথা, সাম প্রতিগতম্—প্রতিসামম্, এইরূপ সাম অনুগতম্—অনুসামম্, সাম অবগতম্—অবসামম্; এইরূপ—প্রতিলোমম্, অনুলোমম্, অবলোমম্।

১২৭। **ব্রহ্মহস্তিভ্যাং বর্চসঃ** (৫।৪।৭৮)-ব্রহ্মন্ ও হস্তিন্ শব্দের সহিত বর্চস্ শব্দের ষষ্ঠীতৎপুরুষ সমাসে **অচ্** হয়। যথা, ব্রহ্মণঃ বর্চঃ—ব্রহ্মবর্চসম্, হস্তিনঃ বর্চঃ—হস্তিবর্চসম্। পল্যরাজভ্যাং চেতি বক্তব্যম্—পল্য- (a sack for corn) বর্চসম্, রাজবর্চসম্।

১২৮। **অব-সমন্ধেভ্যস্তমসঃ** (৫।৪।৭৯)—অব, সম্ ও অন্ধ শব্দের সহিত তমস্ শব্দের সমাসে সমাসান্ত **অচ্** হয়। যথা, অবহীনং তমঃ—অবতমসম্, সন্ততং তমঃ—সন্তমসম্, অন্ধয়তীতি অন্ধং তমঃ—অন্ধতমসম্।

১২৯। **পারস্করপ্রভৃতীনি চ সংজ্ঞায়াম্** (৬।১।১৫৭)—পারস্করাদিঃ, আকৃতিগণঃ। অবিহিতলক্ষণঃ সুট্ পারস্কর-প্রভৃতিষু দ্রষ্টব্যঃ।

সংজ্ঞা বুঝাইতে পারস্কর প্রভৃতির উত্তর স্থুট্ হয় এবং ইহারা নিপাতনে সিদ্ধ হয়। যথা, পারং করোতি যঃ সঃ—পারস্করঃ (তদাখ্যো দেশঃ), কিং কিং দধাতি যা সা—কিষ্কিন্ধা (দেশনাম), শতাৎ পরম্—পরঃশতম্ (রাজদন্তাদিত্বাৎ পরনিপাতঃ), সহস্রাৎ পরে—পরঃসহস্রাঃ। বনস্য পতিঃ—বনস্পতিঃ।

১৩০। **তদ্বৃহতোঃ করপত্যোশ্চৌরদেবতয়োঃ স্থুট্ তলোপশ্চ** (গণসূত্র)—তৎ শব্দের সহিত কর শব্দের এবং বৃহৎ শব্দের সহিত পতি শব্দের যথাক্রমে চোর ও দেবতা বুঝাইতে সমাস হইলে স্থুট্ আগম এবং ত এর লোপ হয়। যথা, তৎ (১) করোতীতি তস্করঃ (চৌরঃ), বৃহতঃ (বাচঃ) পতিঃ—বৃহস্পতিঃ (দেবঃ)। অন্যার্থে তু - তৎকরঃ, বৃহৎপতিঃ।

১৩১। **প্রায়স্য চিত্তিচিত্তয়োঃ** (গ)—প্রায়স্য (পাপস্য) চিত্তিঃ (বিশোধনম্)—প্রায়শ্চিত্তিঃ (২), প্রায়স্য চিত্তম্—প্রায়শ্চিত্তম্।

১৩২। **গোষ্পদং সেবিতাসেবিত-প্রমাণেষু** (৬।১।১৪৫)—গরু দ্বারা সেবিত, অসেবিত এবং প্রমাণ অর্থে গো এবং পদ শব্দের সমাসে স্থুট্ হয়। যথা, গবাং পদানি (যাতায়াতানি) যত্র বিদ্যন্তে তৎ—গোষ্পদম্ (গোভিঃ সেবিতো দেশঃ), গোভিঃ অসেবিতম্—অগোষ্পদম্ (তাদৃশং স্থানম্), গোঃ পদম্—গোষ্পদম্ (তৎপরিমিতং ক্ষেত্রম্)। গোষ্পদপূরং বৃষ্টো দেবঃ; কানি কিং পদরত্নানি সন্তি পাণিনিগোষ্পদে ?

১৩৩। **আস্পদং প্রতিষ্ঠায়াম্** (৬।১।১৪৬)—স্থান বুঝাইতে আ এবং পদ শব্দের সমাসে স্থুট্ হয়। যথা, আ সমীচীনং পদম্—আস্পদম্ (স্থানম্)। অন্যত্র আপদম্।

১৩৪। **আশ্চর্যমনিত্যে** (৬।১।১৪৭)—অনিত্যম্ আগন্তুকম্ অদ্ভুতম্। অদ্ভুত অর্থে স্থুট্ আগম হইয়া 'আশ্চর্য' শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, (আ-চর্+যৎ) আশ্চর্যম্ (অদ্ভুতম্)। অন্যত্র, আচর্যম্ কর্ম শোভনম্।

১৩৫। **প্রস্কণ্বহরিশ্চন্দ্রাবৃষী** (৬।১।১৫৩)—ঋষির নাম বুঝাইতে স্থুট্

(১) তনমঃ তৎ (তন্+ক্বিপ্, সম্পদাদিত্বাৎ), তৎ নীচকার্যং করোতীতি তস্করঃ (তৎ+কৃ+ট, কৃঞো হেতুতাচ্ছীল্যাদি সূত্রেণ।

(২) প্রায়ং পাপং বিজানীয়াচ্চিত্তং তস্য বিশোধনম্ ইতি স্মৃতিঃ।

আগম হইয়া প্রস্কণ্ব ও হরিশ্চন্দ্র নিপাতনে সিদ্ধ হয়। যথা, প্রকর্ষেণ গতং কণ্বং পাপং যস্মাৎ সঃ—প্রস্কণ্বঃ (ঋষিঃ), হরিরিব চন্দ্রঃ রমণীয়ঃ—হরিশ্চন্দ্রঃ (রাজর্ষিঃ)।

১৩৬। **বিশ্বস্য বসুরাটোঃ** (৬।৩ ১২৮) (**দীর্ঘঃ** ১১৮)—বসু ও রাট্ শব্দ পরে থাকিলে বিশ্ব শব্দের **অন্ত্যস্বর দীর্ঘ হয়**। যথা, বিশ্বং বসু (ধনং) যস্য সঃ—বিশ্বাবসুঃ। বিশ্বেষু রাজতে যঃ সঃ—বিশ্বারাট্।

১৩৭-১৩৮। **নরে সংজ্ঞায়াম্। মিত্রে চর্ষৌ** (৬।৩ ১২৯ ১৩০)—নাম বুঝাইতে নর শব্দ এবং ঋষি বুঝাইতে মিত্র শব্দ পরে থাকিলে বিশ্ব শব্দের **অন্ত্যস্বর দীর্ঘ হয়**। যথা বিশ্বেষু নরঃ (নেতা) বিশ্বানরঃ (এতন্নামা কশ্চিৎ) ; বিশ্বং মিত্রং যস্য সঃ বিশ্বামিত্রঃ (তন্নামক ঋষিঃ)। অন্যত্র তু—বিশ্বনরঃ, বিশ্বমিত্রঃ মানবকঃ।

১৩৯। **অষষ্ঠ্যতৃতীয়াস্থস্যান্যস্য দুগ্ আশীরাশাস্থাস্থিতোৎসুকোতি-কারক-রাগ-চ্ছেষু** (৬।৩।৯৯)—আশিস্ প্রভৃতি পরে থাকিলে অথবা ছ প্রত্যয় পরে থাকিলে ষষ্ঠী ও তৃতীয়াভিন্ন বিভক্তিতে **অন্য শব্দের উত্তর দ্ আগম হয়**। যথা, অন্যা আশীঃ—অন্যদাশীঃ, অন্যা আশা (দিক্ তৃষ্ণা বা)—অন্যদাশা, অন্যা আস্থা—অন্যদাস্থা, অন্যঃ আস্থিতঃ—অন্যদাস্থিতঃ, অন্যঃ অন্যস্মিন্ বা উৎসুকঃ—অন্যদুৎসুকঃ, অন্যা উতিঃ—অন্যদূতিঃ, অন্যানি কারকাণি—অন্যৎকারকাণি, অন্যঃ রাগঃ অন্যদ্রাগঃ, **অন্য+ছ=অন্যদীয়ঃ**। অষষ্ঠীত্যাদি কিম্? অন্যস্য অন্যেন বা আশীঃ—অন্যাশীঃ। কারকে ছে চ নায়ং নিষেধঃ—অন্যস্য কারকঃ—অন্যৎকারকঃ, অন্যস্য অয়ম্—অন্যদীয়ঃ। পাণিনী ব্যাকরণে **প্রত্যয়াদি ছ=ঈয়**।

১৪০। **অর্থে বিভাষা** (৬।৩।১০০)—অর্থশব্দ পরে থাকিলে বিকল্পে দ্ হয়। যথা, অন্যঃ অর্থঃ—অন্যদর্থঃ, অন্যার্থঃ।

১৪১। **রাত্রেঃ কৃতি বিভাষা** (৬।৩।৭২)—খ ইৎ ভিন্ন কৃৎপ্রত্যয়ান্ত শব্দ পরে থাকিলে রাত্রিশব্দের উত্তর বিকল্পে ম্ আগম্ হয়। যথা, রাত্রৌ চরতি যঃ সঃ—রাত্রিঞ্চরঃ, রাত্রিচরঃ (চরেষ্টঃ) ; রাত্রিমটঃ, রাত্র্যটঃ। অখিদর্থং বচনমিদম্। খিতি—রাত্রিম্মন্যঃ।

১৪২। **পাদস্য পদাজ্যাতিগোপহতেষু** (৬।৩।৫২)—আজি আতি, গ এবং উপহত পরে থাকিলে **পাদস্থানে পদ হয়**। যথা, পাদাভ্যাম্ অজতি

গচ্ছতি যঃ সঃ—পদাজিঃ (অজেঃ ব্যভাবো নিপাতনাৎ), পাদাভ্যাম্ অততি যঃ সঃ —পদাতিঃ, পাদাভ্যাং গচ্ছতি যঃ সঃ—পদগঃ, পাদেন উপহতঃ পদোপহতঃ। ইকে চরতাবুপসংখ্যানম্—চরতি অর্থে ইক হইলে পাদস্থানে পদ্ হয়। যথা, পাদাভ্যাং চরতি—পদিকঃ।

১৪৩। হিম-কাষি-হতিষু চ (৬৷৩৷৫৪)—হিম কাষিন্ ও হতি পরে থাকিলে পাদ স্থানে পদ্ হয়। যথা পাদস্য হিমম্—পদ্ধিমম্, পাদাভ্যাং কষতি যঃ সঃ—পৎকাষী, পাদাভ্যাং হন্যতে ইতি পদ্ধতিঃ।

১৪৪। বা ঘোষ-মিশ্র-শব্দেষু (৬৷৩৷৫৬) ঘোষ, মিশ্র ও শব্দ পরে থাকিলে বিকল্পে পাদস্থানে পদ্ হয়। যথা, পাদঘোষঃ, পদ্‌ঘোষঃ ; পাদমিশ্রঃ, পন্মিশ্রঃ ; পাদশব্দঃ, পচ্ছব্দঃ।

১৪৫। নহি-বৃতি-বৃষি-ব্যধি-রুচি-সহি-তনিষু ক্বৌ (৬৷৩৷১১৬)—ক্বিপ্‌প্রত্যয়ান্ত নহ্ প্রভৃতি পরে থাকিলে পূর্বপদের অন্ত্যস্বর দীর্ঘ হয়। যথা, পাদম্ উপনহ্যতি যা সা – উপানৎ (উপ+নহ্-ক্বিপ্ নহো ধঃ), নিয়তং বর্ত্তন্তে জনাঃ যত্র সঃ—নীবৃৎ (নি+বৃৎ+ক্বিপ্—দেশঃ), প্রকৃষ্টং বর্ষতি যা সা—প্রাবৃট্ (প্র+বৃষ্+ক্বিপ্ বর্ষাকালঃ) মৃগং বিধ্যতি যঃ সঃ—মৃগাবিৎ (মৃগ+ব্যধ্+ক্বিপ্ ব্যাধঃ), অভি সম্যক্ রোচতে যঃ সঃ—অভিরুক্, তুরং (বেগবন্তং) সাহয়তি যঃ সঃ—তুরাষাট্ (ইন্দ্রঃ), পরি সর্বং তনোতি যঃ সঃ—পরীতৎ।

Exercise

1. *Determine the gender of words in the* তৎপুরুষ *compound and state its special rules.*

2. *Explain* :—(*i*) সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ।

(*ii*) প্রতিযোগি-পদাদন্যদ্ যদন্যৎ কারকাদপি।
বৃত্তিশব্দৈকদেশস্য সম্বন্ধস্তেন নেষ্যতে ॥

3. *Is the word* অশ্বঘাসঃ *formed with the analysis* অশ্বায় ঘাসঃ ? *Discuss the question fully.*

4. *Write the circumstances where* ষষ্ঠীসমাস *does not take place. What arguments do you adduce on the prohibition of* নির্ধারণে ষষ্ঠীসমাস ?

5. *Distinguish (in meaning) between* :—গ্রামার্ধম্, অর্ধগ্রামঃ, গ্রামার্ধঃ ; দ্ব্যহ্নঃ, দ্ব্যহঃ ; পূর্বাহ্নঃ, পূর্বাহঃ ; রাজসখা, রাজসখঃ ; মহদ্ভয়ম্ ; মহাভয়ম্ ; মহার জা, মহারাজঃ ; মহাধনম্, মহাধনঃ, মহদ্ধনম্ ; পূর্বরাত্রিঃ, পূর্বরাত্রঃ ; অপরাহ্নঃ, অপরাহঃ ; ত্রিলোকনাথঃ, ত্রিলোকীনাথঃ ; সুন্দরীবুদ্ধিঃ, সুন্দরবুদ্ধিঃ ; অপথম্, অপথ ; মহারাজ্ঞী, মহারাজী ; মহাকষ্টম্, মহৎকষ্টম্ ; অন্যাশা, অন্যদাশা ; কিং রাজা, কঃ রাজা ; বটচ্ছায়ম্, বটচ্ছায়া ; অধমর্ণঃ, ঋণাধমম্ ; বৃহস্পতিঃ, বৃহৎপতিঃ ; আস্পদম্, আপদম্ ; স্ত্রীসভা, স্ত্রীসভম্ ; দেবানাং প্রিয়ঃ, দেবপ্রিয়ঃ ; রাজসখঃ, রাজসখা ; দৃঢ়ভক্তিঃ ; দৃঢ়াভক্তি. ; মদ্গৃহে, অস্মদ্গৃহে ।

6. *Name the classes of Samasa which may take place with the indeclinable* নঞ্ ।

7. *Justify the compounds in* ;– অশ্বঘাসঃ, পুরুষোত্তমঃ, অর্থগৌরবম্, ছাগদুগ্ধম্, রাজপূজিতঃ, কিংরাজা, মধ্যরাত্রঃ, নকুলঃ, নৈকঃ, প্রেম্না **শরীরার্ধহরাং** হরস্য, অকিঞ্চনঃ, ত্রিলোকনাথঃ, মদ্ররাজ্ঞী পংশ্বঃ, হরিশ্চন্দ্রঃ, পরঃসহস্রাঃ ।

8. *Distinguish between* :—

উপমানকর্মধারয়, উপমিতকর্মধারয়, রূপককর্মধারয় । গতিসমাস, প্রাদিসমাস ; ষষ্ঠীতৎপুরুষ, একদেশী । কর্মধারয়, দ্বিগু । কর্মধারয়, বহুব্রীহি ।

9. *Combine the following into compound words and name each of the Samasas* :—মহৎ যশঃ. মহতো যশঃ, সুন্দরী বুদ্ধিঃ, সুন্দর্যাঃ বুদ্ধিঃ, দেবানাং রাজা, রাজ্ঞঃ সভা, রাক্ষসানাং সভা, স্ত্রীণাং সভা, না সিংহ ইব, দশানাং গ্রামাণাং সমাহারঃ, ছায়াপ্রধানঃ তরুঃ, কুৎসিতঃ অশ্বঃ, ঈষৎ পুরুষঃ, ঈষৎ উষ্ণম্, ইক্ষূণাং ছায়া, বটস্য ছায়া, সতী বুদ্ধিঃ, সতীনাং বুদ্ধিঃ, মালামতিক্রান্তঃ, নিষ্ক্রান্তঃ কৌশম্ব্যাঃ, রাজ্ঞঃ গৌঃ, পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ, দৃঢ়াভক্তিঃ, অর্ধং বস্ত্রস্য, বস্ত্রস্য অর্ধঃ, ব্রাহ্মণানাং সেনা, গবাং শালা, কুৎসিতো ব্রহ্মা, দ্বে অঙ্গুলী প্রমাণমস্য, দ্বয়োরঞ্জলিঃ, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ, শ্বানম্ অতিক্রান্ত , সর্বম্ অহঃ, মৃগ্যাঃ ক্ষীরম্, মহান্ উক্ষা, পুমান্ গৌঃ ।

10. Name and expound the Samasas in :—সিংহাসনম্, শিরোধার্যম্ অনলোজ্জ্বলঃ, মুনিপুঙ্গবঃ, হৃদয়মন্দিরম্. পূর্বকায়ঃ. উদ্ভিজ্জঃ, পীতধবলঃ, দত্তাপহৃতম্, কিংসখা, সপ্তর্ষয়ঃ পুরুষায়ুষম্, বিপথম্ দ্বিগুঃ, কৃষ্ণসর্পঃ, নীললোহিতঃ, স্নাতানুলিপ্তঃ অরিষড়্বর্গঃ সর্বশ্বেতঃ ত্রিলোকী।

11. Translate into Sanskrit :—

(*a*) One who has passed beyond sorrow, does not care for pleasures lasting for a moment The heart of this great man is as soft as butter and his body is as bright as fire (*b*) All the scholars of the empire well up in the science of politics assembled in the court of the king. Prince Dhruba, the son of the king Uttanapada won Hari, the lord of the three worlds by his firm devotion. *c* When he was going to the city of Vidisa, he heard the songs of peasant girls sitting under the shade of suger-canes There was a heavy shower of gold in the chariot of Raghu towards the later part of the night. (*d* Wherever you turn your eyes you see trees loaded with fine fruits ; many of them are indeed breaking down, while the ground is covered with sweet mangoes. *e* If by the sacrifice of this body numberless people may be rendered happy, then, O brother is this not the greatest gain. (*f* Shame on the throne for the sake of which he was eager to save his life even by suffering hundreds of insults from robbers and thieves. (*g*) The parents of the deceased had resided in the village from childhood. They had inhabited one of the neatest cottages and supported themselves by various rural occupations. (*h*) Honour is to obey. We say we honour God. Nothing is so great a lie as this. Do you obey all his commandments ? Can anybody lay his hand on his bosom and say so ? (*i*) Virtue brings contentment, cheerfulness land peace of mind. A virtuous man has nothing to fear. He enjoys the protection of God. He is secured from all these ills which afflict a sinful man.

বহুব্রীহি সমাস

১। **শেষো বহুব্রীহিঃ** (২।২।২৩)—অধিকারোঽয়ম্। দ্বিতীয়া শ্রিতাতীত—'ইত্যাদিসূত্রৈঃ যস্য ত্রিকস্য বিশিষ্য সমাসো নোক্তঃ স শেষঃ প্রথমান্তমিত্যর্থঃ। শেষ=অবশিষ্ট। 'দ্বিতীয়াশ্রিতাতীত—'প্রভৃতি সূত্রে দ্বিতীয়া হইতে সপ্তমী পর্যন্ত সকল বিভক্তির সম্বন্ধেই বিশেষ বিশেষভাবে উল্লেখ করিয়া সমাস বিহিত হইয়াছে, কিন্তু 'প্রথমা' এইরূপ কোন সূত্রে বিশেষ উল্লেখ নাই, এইজন্য এখন প্রথমান্ত পদ সম্বন্ধে বিশেষ বিধান বলিতে অবশিষ্ট আছে। অতএব **এখানে শেষ শব্দের অর্থ প্রথমান্ত।**

অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ—যে সমাসে সমস্যমান পদসমূহের অর্থ প্রধানরূপে না বুঝাইয়া অন্য একটি পদের অর্থ প্রধান হয়, তাহাকে বহুব্রীহি বলে। বহুব্রীহি সমাস দুই প্রকার—**সমানাধিকরণ বহুব্রীহি ও ব্যধিকরণ বহুব্রীহি।** যে বহুব্রীহি সমাস বিশেষণ ও বিশেষ্য পদে নিষ্পন্ন হয়, তাহা সমানাধিকরণ বহুব্রীহি। যথা, মহৎ বলং যস্য সঃ- মহাবলঃ, কৃতং কর্ম যেন সঃ—কৃতকর্মা, পীতম্ অম্বরং যস্য সঃ—পীতাম্বরঃ (কৃষ্ণঃ)। কোন কোন স্থলে বহুব্রীহির পদসমূহ বিভিন্ন বিভক্তিযুক্ত হয় এইরূপ বহুব্রীহিকে ব্যধিকরণ বহুব্রীহি বলে। যথা, বীণা পাণৌ যস্যাঃ সা—বীণাপাণিঃ (সরস্বতী), ক্ষণে জন্ম যস্য সঃ—ক্ষণজন্মা পুরুষঃ।

এই দুই প্রকার বহুব্রীহিই আবার দুইভাগে বিভক্ত—**তদ্‌গুণসংবিজ্ঞান ও অতদ্‌গুণসংবিজ্ঞান।** বহুব্রীহির প্রতিপাদ্য অন্য পদের ন্যায়, সমস্যমান পদও ক্রিয়ার সহিত অন্বিত হইলে তদ্‌গুণসংবিজ্ঞান বহুব্রীহি এবং অন্বিত না হইলে অতদ্‌গুণসংবিজ্ঞান বহুব্রীহি হয়। যথা, 'লম্বকর্ণম্ আনয়' এই স্থলে আনয়ন ক্রিয়ার সহিত ঐরূপ বালক এবং কর্ণ উভয়েরই অন্বয় আছে; সুতরাং ইহা তদ্‌গুণসংবিজ্ঞান বহুব্রীহি। 'দৃষ্টসমুদ্রম্ আনয়' এই বাক্যে আনয়ন ক্রিয়ার সহিত ঐ বালকের অন্বয় আছে, কিন্তু সমুদ্রের অন্বয় নাই। অতএব ইহা অতদ্‌গুণসংবিজ্ঞান বহুব্রীহি।

২। **অনেকমন্যপদার্থে** (২।২।২৪)—অনেকম্ প্রথমান্তম্ অন্যস্য পদস্য অর্থে বর্তমানং বা সমস্যতে, স বহুব্রীহিঃ।

যে সমাসে একের অধিক প্রথমান্ত পদ প্রথমান্ত ভিন্ন অন্য পদের অর্থ বুঝাইয়া থাকে, তাহাকে বহুব্রীহি বলে। (১) অনেক বলায় দুই বা তদধিক পদে বহুব্রীহি হয়। একাধিক প্রথমান্ত, সুতরাং একটি বিশেষণ এবং অপরটি বিশেষ্য। প্রথমার অর্থ ছাড়া অপর সকল বিভক্তির অর্থেই বহুব্রীহি সমাস হয়। যথা, প্রাপ্তম্ উদকং যং সঃ—প্রাপ্তোদকঃ গ্রামঃ; ঊঢ়ঃ রথঃ যেন সঃ—ঊঢ়রথঃ অনড্বান্, কৃতং কর্ম যেন সঃ কৃতকর্মা পুরুষঃ; দত্তং ধনং যস্মৈ সঃ—দত্তধনো দরিদ্রঃ; চ্যুতং ফলং যস্মাৎ সঃ—চ্যুতফলো বৃক্ষঃ; পীতম্ অম্বরং যস্য সঃ—পীতাম্বরো হরিঃ, বহবঃ ব্রীহয়ঃ যস্য সঃ—**বহুব্রীহিঃ**; বহবঃ মৎস্যাঃ যস্মিন্ সঃ—বহুমৎস্যো দেশঃ। প্রথমার্থে তু ন সমাসঃ- বৃষ্টে দেবে গতঃ। ব্যধিকরণানামপি ন সমাসঃ—পঞ্চভিঃ ভুক্তম্ অস্য।

৩। **প্রাদিভ্যো ধাতুজস্য বাচ্যো বা চোত্তরপদ-লোপঃ** (বা)—প্র-প্রভৃতি উপসর্গের পরে ধাতুনিষ্পন্ন পদ থাকিলে পরবর্তী সুবন্ত পদের সহিত উহার বহুব্রীহি সমাস হয় এবং ঐ ধাতুনিষ্পন্ন পদ বিকল্পে লুপ্ত হয়। যথা প্রপতিতং পর্ণং যস্য সঃ—প্রপর্ণঃ প্রপতিতপর্ণো বা বৃক্ষঃ; বিগতঃ ধবঃ যস্যাঃ সা—বিধবা বিগতধবা বা নারী; এইরূপ—বিমুখঃ, বিতৃষ্ণঃ, নির্ঘৃণঃ, নির্দয়ঃ, নির্ধনঃ, অপশোকঃ।

৪। **নঞোঽস্ত্যর্থানাং বাচ্যো বা চোত্তরপদলোপঃ** (বা)—নঞ্ এর পরে অস্ত্যর্থ (বিদ্যমান, বর্তমান প্রভৃতি) শব্দ থাকিলে পরবর্তী সুবন্ত পদের সহিত উহার বহুব্রীহি সমাস হয় এবং বিদ্যমান প্রভৃতি শব্দের বিকল্পে লোপ হয়। যথা, অবিদ্যমানঃ পুত্রঃ যস্য সঃ—অপুত্রঃ অবিদ্যমানপুত্রঃ; অবর্তমানা

(১) **ন কর্মধারয়ান্-মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদ্ অর্থপ্রতিপত্তিকরঃ**—বহুব্রীহি সমাসে যদি অভীষ্ট অর্থ লাভ হয়, তাহা হইলে কর্মধারয় সমাসের উত্তর মত্বর্থীয় প্রত্যয় হয় না। যথা, 'মহাবলঃ' এইরূপ বহুব্রীহি স্থলে, মহৎ বলম্ মহাবলম্ (কর্মধারয়), মহাবলম্ অস্য অস্তীতি (মহাবল + মতুপ্) মহাবলবান্ হইবে না। এইরূপ সুবুদ্ধিমান্ না হইয়া সুবুদ্ধিঃ (বহুব্রীহি) হইবে; 'রামঃ কমলনেত্রবান্' না হইয়া 'রামঃ কমলনেত্রঃ' হইবে।

ভার্যা যস্য স—অভার্যঃ, অবর্তমানভার্যঃ। অস্ত্যর্থ না হইলে লোপ হয় না। যথা, অনুপনীতপুত্রঃ ব্রাহ্মণঃ। নাস্তি পুত্রঃ যস্য সঃ বিগ্রহে অপুত্রঃ হয় না।

৫। **অব্যয়ানাং চ বহুব্রীহির্বক্তব্যঃ** (বা)—অব্যয় পদেরও বহুব্রীহি হয়। যথা, উচ্চৈঃ মুখং যস্য সঃ—উচ্চৈর্মুখঃ মুনিঃ; অধঃ বদনং যস্যাঃ সা—অধোবদনা নারী; অস্তি ক্ষীরং যস্যাঃ সা—অস্তিক্ষীরা গৌঃ (১); গন্তুং কামঃ যস্য সঃ—গন্তুকামঃ (২) শিষ্যঃ, বক্তুং মনঃ যস্যাঃ সা—বক্তুমনাঃ নারী। নাস্তি ক্ষীরং যস্যাঃ সা—নাস্তিক্ষীরা গৌঃ। **অস্তি-নাস্তীতি বিভক্তিরূপকম্ অব্যয়দ্বয়ম্।**

৬। **অবর্জ্যো বহুব্রীহির্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ** (৩)—সমস্যমান পদগুলি সমানাধিকরণ না হইলেও কোন কোন স্থানে **ব্যধিকরণ বহুব্রীহি** হইয়া থাকে। যথা, শরেষু জন্ম যস্য সঃ—শরজন্মা (কার্তিকেয়ঃ), কণ্ঠে কালঃ যস্য সঃ—কণ্ঠেকালঃ, চক্রং পাণৌ যস্য সঃ—চক্রপাণিঃ, ক্ষণে জন্ম যস্য সঃ—ক্ষণজন্মা; পদ্মং নাভৌ যস্য সঃ—পদ্মনাভঃ (বিষ্ণুঃ)।

৭। **স্ত্রিয়াঃ পুংবদ্ ভাষিতপুংস্কাদনূঙ্ সমানাধিকরণে স্ত্রিয়াম্ অপূরণীপ্রিয়াদিষু** (৬.৩.৩৪)—স্ত্রী চ পুমান্ চ পুমাংসৌ। ভাষিতৌ পুমাংসৌ যেন শব্দেন সঃ ভাষিতপুংস্কঃ শব্দঃ। তুল্যে প্রবৃত্তিনিমিত্তে যৎ উক্তপুংস্কং তৎ ভাষিতপুংস্কম্। ভাষিতঃ পুমান্ যেন সমানায়ামাকৃতৌ একস্মিন্ প্রবৃত্তিনিমিত্তে স ভাষিতপুংস্কঃ শব্দঃ। ভাষিতঃ পুমান্ যস্মিন্, অর্থে প্রবৃত্তিনিমিত্তে স ভাষিতপুংস্ক-

---

(১) **সুবধিকারে অস্তিক্ষীরাদীনাং বহুব্রীহি র্বক্তব্যঃ**—যদিও অস্তি শব্দ অব্যয় তথাপি 'অস্তিক্ষীরা' প্রভৃতি বহুব্রীহি সমাস হয়। যথা, অস্তি ক্ষীরং যস্যাঃ সা—অস্তিক্ষীরা গৌঃ। অস্তীতি বিদ্যমানার্থে অব্যয়ম্।

(২) **তুং কামমনসোরপি**—কাম ও মনস্ শব্দের সহিত সমাসে তুম্ প্রত্যয়ের ম্ এর লোপ হয়। সম্পূর্ণ শ্লোকটি এইরূপ—**লুম্পেদবশ্যমঃ কৃত্যে তুং কামমনসোরপি। সমো বা হিত-ততয়োর্মাংসস্য পচি যুড্-ঘঞোঃ।** ক্রমিক উদাহরণ—অবশ্যগন্তব্যম্ গন্তুকামঃ, গন্তুমনাঃ; সহিত সংহিত; সতত, সন্তত।। মাংস্পচনম্ (ল্যুট্), মাংস্পাকঃ (ঘঞ্)।

(৩) **সপ্তমীবিশেষণে বহুব্রীহৌ** (২।২।৩৫) ইতি বহুব্রীহৌ সপ্তম্যন্তস্য পূর্ব-প্রয়োগার্থং সূত্রং কৃতম্। অত্র দীক্ষিতঃ—'**অতএব জ্ঞাপকাৎ ব্যধিকরণপদো বহুব্রীহিরিতি।** বহুব্রীহিতে সপ্তম্যন্ত পদ ও বিশেষণ পূর্বে বসে।

শব্দেন উচ্যতে, তস্য প্রতিপাদকো যঃ শব্দঃ সোঽপি ভাষিতপুংস্কঃ। ভাষিতপুংস্কাৎ-অনূঙ্ (উঙঃ অভাবঃ) যত্র তস্য=ভাষিতপুংস্কাদনূঙ্ (নিপাতনাৎ পঞ্চম্যা অলুক্ ষষ্ঠ্যাশ্চ লুক্)। অনূঙঃ ভাষিতপুংস্কস্ত্রীবাচকশব্দস্য পুংবাচকস্যেব রূপং স্যাৎ সমানাধিকরণে স্ত্রীলিঙ্গে উত্তরপদে, **ন তু পূরণ্যাং প্রিয়াদৌ চ পরতঃ।**

একই আকৃতিতে ও একই অর্থে যে শব্দ পুরুষকে বুঝায় সেই শব্দকেই ভাষিত-পুংস্ক বলা হয়। যে অর্থে শব্দটি পুরুষকে বুঝায় তাহাই ভাষিতপুংস্ক শব্দের দ্বারা কথিত হয়। তাহার প্রতিপাদক যে শব্দ তাহাও ভাষিতপুংস্ক। (১) স্ত্রীলিঙ্গ বিশেষ্যপদ পরে থাকলে উঙন্তভিন্ন ভাষিতপুংস্ক বিশেষণ পদের পুংলিঙ্গের ন্যায় রূপ হয়, কিন্তু **পূরণবাচক এবং প্রিয়াপ্রভৃতি (২) শব্দ পরে থাকিলে পুংবদ্ভাব হয় না।** যথা, সুন্দরী ভার্যা যস্য সঃ—সুন্দরভার্যঃ, রূপবতী ভার্যা যস্য সঃ—রূপবদ্ভার্যঃ, স্থিরা বুদ্ধির্যস্য সঃ—স্থিরবুদ্ধিঃ, মহতী মতিঃ যস্য সঃ—মহামতিঃ, চিত্রা গৌঃ যস্য সঃ—চিত্রগুঃ ('গোস্ত্রিয়োঃ—' ইতি হ্রস্বঃ), কল্যাণী ভার্যা যস্য সঃ—কল্যাণভার্যঃ।

অনেকোক্তেঃ বহূনামপি বহুব্রীহিঃ :—বহুব্রীহিসূত্রে 'অনেকম্' এইরূপ উক্তিবশতঃ বহু পদেও বহুব্রীহি হয়। যথা, চিত্রা জরতী গৌর্যস্য— চিত্রাজরদ্গুঃ (উপান্তস্য এব পুংবদ্ভাবঃ)। দিব্যম্ অনেকম্ উদ্যতম্ আয়ুধং যস্য—দিব্যানেকোদ্যতায়ুধঃ।

স্ত্রিয়া ইতি কিম্? গ্রামণি (ক্লীবলিঙ্গ) দৃষ্টিঃ যস্য সঃ—গ্রামণিদৃষ্টিঃ। ভাষিতপুংস্কাৎ কিম্? খট্বাভার্যঃ, গঙ্গাভার্যঃ। অনূঙ্ কিম্—ব্রহ্মবন্ধূভার্যঃ। সমানাধিকরণে কিম্—কল্যাণ্যাঃ মাতা—কল্যাণীমাতা, সুন্দর্যাঃ বুদ্ধিঃ—সুন্দরী-বুদ্ধিঃ। **অপূরণী ইতি কিম্**—কল্যাণী পঞ্চমী যাসাং রাত্রীণাং তাঃ- কল্যাণী-পঞ্চমাঃ রাত্রয়ঃ। প্রধানপূরণীগ্রহণং কর্তব্যম্, ইহ মা ভূৎ—কল্যাণপঞ্চমীকঃ

(১) এই স্থলে লক্ষণীয় যে শুধু মূল শব্দটিই এক হইলে চলিবে না, অর্থও এক হইতে হইবে। দ্রোণ শব্দটি পরিমাণে পুংলিঙ্গ, পাত্র শব্দও অর্দ্ধর্চাদিগণে পঠিত হওয়ায় পরিমাণে পুংলিঙ্গ, ভাজন বিশেষে স্ত্রীলিঙ্গও হইতে পারে। অতএব দ্রোণীভার্য পাত্রীভার্য প্রভৃতি ক্ষেত্রে পুংভাব হইবে না। অতএব যে শব্দটি একই অর্থে স্ত্রীপ্রত্যয়যোগে স্ত্রীলিঙ্গে প্রযুক্ত হইয়াছে—এই সূত্র দ্বারা সেইরূপ শব্দেরই পুংবদ্ভাব হয়। অর্থাৎ পুংলিঙ্গ প্রাতিপদিকের আকার গ্রহণ করে।

(২) প্রিয়াদি শব্দ—প্রিয়া, মনোজ্ঞা, সুভগা, দুর্ভগা, কল্যাণী, ভক্তি, সচিবা, স্বসা, কান্তা, ক্ষান্তা, সমা, চপলা, দুহিতা, তনয়া, বামা, অবলা।

পক্ষঃ। **অপ্রিয়াদিষু কিম্?** কল্যাণী প্রিয়া যস্য সঃ—কল্যাণীপ্রিয়ঃ। দৃঢ়া ভক্তির্যস্য সঃ—দৃঢ়ভক্তিঃ। দৃঢ়ং ভক্তির্যস্য সঃ ইতি সামান্যে নপুংসকেন বিগ্রহশ্চেৎ—দৃঢ়ভক্তিঃ (১)। বহুব্রীহাবেব অয়ং নিষেধঃ, ন তু কর্মধারয়ে। যথা, দৃঢ়া ভক্তিঃ দৃঢ়ভক্তিঃ।

৮। **সংখ্যয়াব্যয়াসন্নাদূরাধিকসংখ্যাঃ সংখ্যেয়ে** (২।২।২৫)—সংখ্যেয় বস্তু বুঝাইলে সংখ্যাবাচক শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর অধিক এবং সংখ্যাবাচক শব্দের বহুব্রীহি সমাস হয় (২)। এই সূত্রানুসারে সমাসে সমস্যমান পদগুলি সমানাধিকরণ (একবিভক্তিক) এবং সমস্তপদটি অন্যপদার্থ প্রধানও নহে। এইজন্য **সাধারণ বহুব্রীহি সমাসের নিয়ম পালিত না হওয়ায় এই বিশেষ সূত্র।** সূত্রে সংখ্যা শব্দটি পাণিনির সংখ্যাসংজ্ঞামাত্রে নিয়ন্ত্রিত নহে, সাধারণভাবে সবরকম সংখ্যাবাচক শব্দকেই বুঝাইবে। সংখ্যেয় বলিতে যাহার সংখ্যা বা গননা করা হইবে তাহাকে বুঝাইতেছে। যথা, দশানাং সমীপে যে তে—উপদশাঃ (নব একাদশ বা), বিংশতেঃ আসন্নাঃ—আসন্নবিংশাঃ (৩); অদূরত্রিংশাঃ, অধিকচত্বারিংশাঃ; দ্বৌ ত্রয়ো বা—দ্বিত্রাঃ, ত্রয়ো চত্বারো বা—ত্রিচতুরাঃ, পঞ্চ বা ষট্ বা—পঞ্চষাঃ, সপ্ত বা অষ্ট বা—সপ্তাষ্টাঃ। **দ্বিরাবৃত্তাঃ দশ—দ্বিদশাঃ বিংশতিরিত্যর্থঃ।**

৯। **দিঙ্নামান্যন্তরালে** (২।২।২৬)—অন্তরাল (an intermediate point) বুঝাইলে দিগ্‌বাচক শব্দের সহিত দিগ্‌বাচক শব্দের বহুব্রীহি সমাস হয়। যথা, দক্ষিণস্যাঃ পূর্বস্যাশ্চ দিশোঃ যৎ অন্তরালং সা—দক্ষিণপূর্বা দিক্ (the-south-east); উত্তরপূর্বা, উত্তরপশ্চিমা, দক্ষিণপশ্চিমা। **এগুলিও বিশেষ বহুব্রীহি।**

---

(১) এবমেব 'সা খলু বিদিতভক্তিং মাং মহর্ষয়ে কথয়িষ্যতি' ইতি শকুন্তলায়াম্, 'দৃঢ়ভক্তিরিতি জ্যেষ্ঠে' ইতি রঘৌ, 'দৃষ্টভক্তির্ভবান্যাঃ' ইতি মেঘদূতে চ প্রয়োগঃ সঙ্গচ্ছতে। মল্লিনাথাদয়োঽপি এবমাহুঃ। **হেমাদ্রিস্তু** অন্যথেদং ব্যাচষ্টে—ভজ্যতে ইয়মিতি ভক্তিঃ এবং **কর্মসাধনে এব ভক্তিশব্দে পুংবদ্ভাবনিষেধঃ।** ভজনং ভক্তিরিতি **ভাবসাধনে তু ভক্তিশব্দে পুংবদ্ভাবো ভবত্যেব। অত্র ভোজঃ অপি—ভক্তৌ তু কর্মসাধনায়ামিতি।**

(২) এই বহুব্রীহি সমাসে 'বহুব্রীহৌ সংখ্যেয়ে ডজবহুগণাৎ' (৫।৪।৭৩) এই সূত্রে ডচ্ হয় এবং ড অনুবন্ধবশতঃ টেঃ' (৬ ৪।১৪৩) সূত্রে টিভাগের লোপ হয়।

(৩) 'তি বিংশতে র্ডিতি' (৬.৪।১৪২)—ড অনুবন্ধ প্রত্যয় পরে থাকিলে বিংশতি শব্দের 'তি' অংশের লোপ হয়।

ব্যতিহার বহুব্রীহি

১০। **তত্র তেনেদমিতি সরূপে** (২।২।২৭)—পরস্পর একপ্রকার ক্রিয়ানুষ্ঠান বুঝাইলে সমানাকার দুইটি সপ্তম্যন্ত বা তৃতীয়ান্ত পদে বহুব্রীহি সমাস হয়। ইহাকে **ব্যতিহার বহুব্রীহি** বলে। ইহাতে সমাসান্ত ইচ্ হয় (১) এবং পূর্বপদের অন্ত্যস্বর দীর্ঘ হয়। যথা, কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তম্—কেশাকেশি। দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্—দণ্ডাদণ্ডি; মুষ্টীমুষ্টি; **বাহ্বাহবি** [**ওগুণঃ**] (৬।৪।১৪৬)। ইতি = ইদং যুদ্ধং প্রবৃত্তম্।

যুদ্ধাদন্যত্রাপি দৃশ্যতে—যথা, কর্ণাকর্ণি কথয়ন্তি, হস্তাহস্তি স্পৃশতঃ।

১১। **তেন সহেতি তুল্যযোগে** (২।২।২৮)—তুল্যযোগ (equal participation in the action of the verb) বুঝাইলে তৃতীয়ান্ত পদের সহিত সহশব্দের বহুব্রীহি সমাস হয়। ইহাকে **তুল্যযোগে বহুব্রীহি** বলে।

১২। **বোপসর্জনস্য** (৬।৩।৮২)—বহুব্রীহি সমাসে সহশব্দের স্থানে বিকল্পে স হয়। যথা, পুত্রেণ সহ—সপুত্রঃ সহপুত্রো বা গচ্ছতি, অনুজেন সহ—সানুজঃ সহানুজো বা ভ্রমতি।

১৩। **প্রকৃত্যাশিষি** (৬।৩।৮৩)—আশীর্বাদ বুঝাইলে স হয় না। যথা, স্বস্তি রাজ্ঞে সহপুত্রায় সহামাত্যায় সহবান্ধবায়। তুল্যযোগে কিম্? **সহৈব দশভিঃ পুত্রৈর্**ভারং বহতি গর্দভী। **ইহ সহশব্দো** ন তুল্যযোগবচনঃ ভার-বহন-ক্রিয়ায়াং পুত্রাণামনন্বয়াৎ, অপিতু **বিদ্যমানবচনঃ**। দশসু পুত্রেষু বিদ্যমানেষু ইত্যর্থঃ। কচিৎ তুল্যযোগ না থাকিলেও হয়—সংলামকঃ, সকর্মকঃ।

পূর্বনিপাতবিধান (বহুব্রীহি)

১৪। **সপ্তমী-বিশেষণে বহুব্রীহৌ** (২।২।৩৫)—বহুব্রীহি সমাসে সপ্তম্যন্ত পদ এবং বিশেষণ পদ পূর্বে বসে। যথা, **কণ্ঠেকালঃ** (অতএব **জ্ঞাপকাদ্**

---

(১) ইচ্ কর্মব্যতিহারে (৫।৪।১২৭)—ব্যতিহার বহুব্রীহি সমাসের উত্তর নিত্য ইচ্ হয়। তিষ্ঠদ্গুপ্রভৃতির মধ্যে ইচ্ প্রত্যয়ের পাঠ থাকায় ইচ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। ইচ্ প্রত্যয় হইলে 'অন্যেষামপি দৃশ্যতে' এই সূত্রে পূর্ব পদের অন্ত্যস্বর দীর্ঘ হয়।

ব্যধিকরণপদো বহুব্রীহিরপ্যস্তি); চিত্রগুঃ। সর্বনামসংখ্যয়োরুপ-সংখ্যানম্ (বা)—সর্বনাম এবং সংখ্যাবাচক শব্দও পূর্বে বসে। যথা, সর্বশ্বেতঃ, সর্বশুক্লা ; দ্বিশুক্লঃ।

১৫। সংখ্যায়া অল্পীয়স্যাঃ—ছোট সংখ্যা পূর্বে বসে। যথা, দ্বিত্রাঃ।

১৬। বা প্রিয়স্য—প্রিয় শব্দ বিশেষণ হইলেও ইহা বিকল্পে পূর্বে বসে। যথা, গুড়প্রিয়ঃ বা প্রিয়গুড়ঃ।

১৭। গড্বাদেঃ পরা সপ্তমী—গডু প্রভৃতির সহিত সমাসে সপ্তম্যন্ত পদ পরে বসে। যথা, গডুকণ্ঠঃ।

১৮। নিষ্ঠা (২।২।৩৬)—বহুব্রীহি সমাসে নিষ্ঠান্ত (ক্ত-প্রত্যয়ান্ত) পদ পূর্বে বসে। যথা, কৃতকৃত্যঃ, দৃষ্টসমুদ্রঃ শ্রুতশব্দঃ।

১৯। জাতিকালসুখাদিভ্যঃ পরা নিষ্ঠা বাচ্যা—জাতিবাচক, কালবাচক ও সুখ প্রভৃতি শব্দের পরে নিষ্ঠান্তপদ বসে। যথা, নৃজগ্ধঃ, মাসজাতঃ, বর্ষাজাতঃ, সুখজাতঃ, কৃচ্ছ্রজাতঃ। প্রায়িকমিদম্ ; তেন কৃতকটঃ পীতোদকঃ।

২০। বাহিতাগ্ন্যাদিষু (২।২।৩৭)—আহিতাগ্নি প্রভৃতি স্থলে নিষ্ঠান্তপদ বিকল্পে পূর্বে বসে। যথা, আহিতাগ্নিঃ, অগ্ন্যাহিতঃ ; দন্তজাতঃ, জাতদন্তঃ ; জাতশ্মশ্রুঃ, শ্মশ্রুজাতঃ ; প্রাপ্তকালঃ, কালপ্রাপ্তঃ ; পীতসুরঃ, সুরাপীতঃ ; পীততৈলঃ, তৈলপীতঃ।

২১। প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠাসপ্তম্যৌ—নিষ্ঠান্ত ও সপ্তম্যন্তপদ অস্ত্রবাচক শব্দের পরে বসে। যথা, উদ্যতঃ অসিঃ যেন - অস্যুদ্যতঃ, দণ্ডঃ পাণৌ যস্য—দণ্ডপাণিঃ। ক্বচিন্ন—বিবৃতাসিঃ।

সমাসান্তবিধান (বহুব্রীহি)

২২। উরঃ-প্রভৃতিভ্যঃ কপ্ (৫।৪।১৫১)—বহুব্রীহি সমাসের অন্তস্থিত (১) শব্দের উত্তর নিত্য কপ হয়। যথা, ব্যূঢ়ম্ উরঃ যস্য সঃ—

(১) উরস্ প্রভৃতি—উরস্, সর্পিস্, উপানহ্, পুমান্, অনড্বান্, পয়ঃ, নৌঃ, লক্ষ্মীঃ, দধি, মধু, শালি, অর্থান্নঞঃ।

ব্যূঢোরস্কঃ, উক্তঃ পুমান্ যেন সঃ—**উক্তপুংস্কঃ**, উপানদ্ভ্যাং সহ বর্তমানঃ—**সোপানৎকঃ**, পীতং পয়ো যেন সঃ—পীতপয়স্কঃ, আরূঢ়া নৌঃ যেন সঃ—আরূঢ়নৌকঃ, স্থিরা লক্ষ্মীঃ যস্য সঃ—**স্থিরলক্ষ্মীকঃ**। **ইহ পুমান্, অনড্বান্, পয়ঃ, নৌঃ, লক্ষ্মীরিতি একবচনান্তানি পঠ্যন্তে।** দ্বিবচনান্ত ও বহু-বচনান্ত হইলে ইহাদের উত্তর '**শেষাদ্ বিভাষা**' এই সূত্রে বিকল্পে কপ্ হয়। **অর্থান্নঞঃ**—নঞ্-বহুব্রীহি সমাসেই অর্থ শব্দ উরস্-প্রভৃতির অন্তর্গত। যথা, অনর্থকম্; অন্যত্র, অপার্থম্ বা অপার্থকম্। (১)

২৩। **ইনঃ স্ত্রিয়াম্** (৫।৪।১৫২)—স্ত্রীলিঙ্গ বহুব্রীহি সমাসে ইন্ ভাগান্ত শব্দের উত্তর নিত্য **কপ্** হয়। যথা, বহবঃ ধনিনঃ যস্যাং সা—বহু-ধনিকা নগরী। অন্-ইন্-অস্ মন্-গ্রহণানি অর্থবতা চানর্থকেনাপি তদন্তবিধিং প্রযোজয়ন্তি। যথা, বহবঃ বাগ্মিনঃ যস্যাং সা—বহুবাগ্মিকা (এখানে ইন্ নিরর্থক)। স্ত্রিয়াং কিম্? বহুদণ্ডী বহুদণ্ডিকো বা গ্রামঃ।

২৪। **নদ্যৃতশ্চ** (৫।৪।১৫৩)—বহুব্রীহি সমাসের অন্তস্থিত ঋকারান্ত শব্দের উত্তর এবং নিত্য স্ত্রীলিঙ্গ ঈকারান্ত ও ঊকারান্ত শব্দের উত্তর (নিত্য) **কপ্** হয়। যথা, মৃতঃ ভর্তা যস্যাঃ সা—মৃতভর্তৃকা, মাত্রা সহ বর্তমানঃ—সমাতৃকঃ; মৃতা পত্নী যস্য সঃ—মৃতপত্নীকঃ, বহবঃ স্ত্রিয়ঃ যস্মিন্ সঃ—বহুস্ত্রীকঃ; বহবঃ বধ্বঃ যস্য সঃ—বহুবধূকঃ। কিন্তু, শোভনা শ্রীঃ যস্য—**সুশ্রীঃ বা সুশ্রীকঃ** (**শ্রীশব্দের ঈকার নদীসংজ্ঞক নহে**)।

২৫। **শেষাদ্ বিভাষা** (৫।৪।১৫৪)—যাহাদের উত্তর কোনরূপ সমাসান্ত প্রত্যয় বিহিত হইয়াছে, সেইগুলি ছাড়া অন্য সকল স্থানে বহুব্রীহি সমাসে **বিকল্পে কপ্** হয়। যথা, লব্ধং যশঃ যেন সঃ—লব্ধ-যশস্কঃ, লব্ধ-যশাঃ; মুণ্ডিতং শিরো যস্য সঃ—মুণ্ডিতশিরস্কঃ, মুণ্ডিতশিরাঃ; অর্জিতধনকঃ, অর্জিতধনঃ; বহুমালাকঃ, বহুমালকঃ (২), বহুমালঃ। শেষাৎ কিম্—প্রিয়পথো গ্রামঃ, বহ্বপং সরঃ।

---

(১) কথং তর্হি স্রাঙ্গনখকোটিভিঃ ক্ষতভৃদ্ব্যূঢোরস্কো রাক্ষসাঃ ইতি? উচ্যতে—গ্রহণবতা প্রাতিপদিকেন তদন্তবিধির্ন ভবতি

(২) আপোঽন্যতরস্যাম্ (৭।৪।১৫)—কপ্ হইলে আপ্-এর আকার বিকল্পে হ্রস্ব হয়।

২৬। ন সংজ্ঞায়াম্ (৫।৪।১৫৫), ঈয়সশ্চ—নাম বুঝাইলে, এবং ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর কপ্ হয় না। যথা, বিশ্বযশাঃ নাম কশ্চিৎ, বহবঃ শ্রেয়াংসঃ যস্য সঃ—বহুশ্রেয়ান্। লিঙ্গবিশিষ্ট-গ্রহণাৎ, বহ্ব্যঃ শ্রেয়স্যঃ যস্য সঃ—বহুশ্রেয়সী।

২৭-২৮। বন্দিতে ভ্রাতুঃ (৫।৪।১৫৭), নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে (৫।৪।১৫৮)—প্রশংসা বুঝাইলে ভ্রাতৃ শব্দের উত্তর এবং স্বাঙ্গ বুঝাইলে নাড়ী ও তন্ত্রী-শব্দের উত্তর কপ্ হয় না। যথা, প্রশস্তঃ ভ্রাতা যস্য সঃ—প্রশস্তভ্রাতা। বন্দিতে কিম্? মূর্খভ্রাতৃকঃ। বহবঃ নাড্যঃ যস্মিন্ সঃ—বহুনাড়িঃ (উপসর্জন-হ্রস্ব) কায়ঃ; বহবঃ তন্ত্র্যঃ (ধমন্যঃ) যস্যাং সা—বহুতন্ত্রীঃ গ্রীবা। স্বাঙ্গে কিম্? বহুনাড়ীকঃ স্তম্ভঃ, বহুতন্ত্রীকা বীণা। এখানে নাড়ী ও তন্ত্রী প্রাণীর অঙ্গ নহে।

২৯। বহুব্রীহৌ সকৃথ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষচ্ (৫।৪।১১৩)—বহুব্রীহি সমাসে স্বাঙ্গবাচক সকৃথি ও অক্ষি শব্দের উত্তর ষচ্ হয়। দীর্ঘে সকৃথিনী যস্য সঃ—দীর্ঘসকৃথঃ পুরুষঃ, রম্যে সকৃথিনী যস্যাঃ সা—রম্যসকৃথী (নারী); পুণ্ডরীকে ইব অক্ষিণী যস্য সঃ—পুণ্ডরীকাক্ষঃ, বিশালে অক্ষিণী যস্যাঃ সা—বিশালাক্ষী। প্রাণিস্থং হি স্বাঙ্গম্ উচ্যতে; তেন নেহ দীর্ঘসকৃথি শকটম্, স্থূলাক্ষিঃ ইক্ষুদণ্ডঃ।

৩০। অঙ্গুলের্দারুণি (৫।৪।১১৪)—কাঠ বুঝাইলে বহুব্রীহি সমাসে অঙ্গুলি শব্দের উত্তর ষচ্ হয়। যথা, পঞ্চ অঙ্গুলয়ঃ যস্য তৎ—পঞ্চাঙ্গুলং দারু (এতৎ তু অঙ্গুলি-সদৃশাবয়বং ধান্যাদি-বিক্ষেপণ-কাষ্ঠমুচ্যতে) দারুণি কিম্? পঞ্চাঙ্গুলিঃ হস্তঃ।

৩১। দ্বিত্রিভ্যাং ষ মূর্ধ্নঃ (৫।৪।১১৫)—বহুব্রীহিসমাসে দ্বি ও ত্রি শব্দের পরবর্তী মূর্ধন্ শব্দের উত্তর ষ হয়। যথা, দ্বৌ মূর্ধানৌ যস্য সঃ—দ্বিমূর্ধঃ। ত্রয়ঃ মূর্ধানঃ যস্য সঃ—ত্রিমূর্ধঃ।

৩২। অন্তর্বহির্ভ্যাং লোম্নঃ (৫।৪।১১৭)—বহুব্রীহিসমাসে অন্তর্ ও বহিস্ শব্দের পরবর্তী লোমন্ শব্দের উত্তর অপ্ হয়। যথা, অন্তর্গতানি লোমানি যস্য সঃ—অন্তর্লোমঃ (প্রাবারঃ কম্বলাদিঃ), বহির্গতানি লোমানি যাসাং তাঃ—বহির্লোমাঃ শাট্যঃ।

৩৩। **অঞ্ নাসিকায়াঃ সংজ্ঞায়াং নসং চাস্থূলাৎ** (৫।৪।১১৮)—বহুব্রীহিসমাসে নাম বুঝাইলে স্থূলভিন্ন অন্য শব্দের পরবর্তী নাসিকা শব্দের উত্তর **অচ্** হয় এবং নাসিকা স্থানে নস হয়। যথা, **দ্রুণসঃ** (পূর্বপদাৎ সংজ্ঞায়ামগঃ এই সূত্রে ণত্ব), **গোনসঃ**, বার্ধ্রণসঃ (গণ্ডারঃ)। অস্থূলাৎ কিম্? **স্থূলনাসিকো বরাহঃ**।

৩৪। **উপসর্গাচ্চ** (৫।৪।১১৯)—বহুব্রীহি সমাসে উপসর্গের পরবর্তী নাসিকা শব্দের উত্তর অচ্ হয় এবং নাসিকাস্থানে নস হয়। যথা, **উন্নসং** বক্ত্রম্। **সুনসা** নারী। **অনুনাসিক ইতি তু তৎপুরুষঃ। বেগ্রো বক্তব্যঃ খ্যশ্চ** —বি উপসর্গের পরবর্তী নাসিকাস্থানে গ্র এবং খ্য হয়। যথা, বিগতা নাসিকা অস্য—বিগ্রঃ, বিখ্যঃ। কথং তর্হি **বিনসা** হতবান্ধবা? বিনসেতি তৃতীয়ান্তম্। বিগতয়া নাসিকয়া উপলক্ষিতা—ইতি ব্যাখ্যেয়ম্।

৩৫। **নিত্যমসিচ্ প্রজামেধয়োঃ** (৫।৪।১২২)—বহুব্রীহিসমাসে নঞ্, দুর্ ও সু পূর্বে থাকিলে প্রজা ও মেধা শব্দের উত্তর নিত্য **অসিচ্** হয়। যথা, নাস্তি প্রজা যস্য সঃ—অপ্রজাঃ; দুষ্প্রজাঃ; অমেধাঃ, সুমেধাঃ, দুর্মেধাঃ।

৩৬। **ধর্মাদনিচ্ কেবলাৎ** (৫।৪।১২৪)—একটিমাত্র পদ পূর্বে থাকিলে বহুব্রীহিসমাসে ধর্মশব্দের উত্তর **অনিচ্** হয়। যথা, কুধর্মা, বিধর্মা, সুধর্মা, সমানধর্মা, প্রিয়ধর্মা। একের অধিক পদ পূর্বে থাকিলে হয় না। যথা, বিদিতমুনিধর্মঃ, কৃতকুলধর্মঃ। **সন্দিগ্ধসাধ্যধর্মা ইত্যাদৌ তু কর্মধারয়পূর্বপদো বহুব্রীহিঃ**—সন্দিগ্ধসাধ্যঃ ধর্মঃ যস্য সঃ। এবমেব—নিবৃত্তিধর্মা, অনুচ্ছিত্তিধর্মা। **পরমস্বধর্মঃ** ইত্যত্র স্বধর্মঃ ন কেবলং পূর্বপদম্ কিন্তু মধ্যমত্বাৎ আপেক্ষিকম্। যদি তু অত্রাপি **প্রাক্ কর্মধারয়ঃ** পরমস্বঃ ততঃ 'পরমস্বধর্মা' ইতি সাধু এব।

সন্দিগ্ধসাধ্যধর্মা ইত্যাদি স্থলে কর্মধারয়-পূর্বপদ বহুব্রীহি। সন্দিগ্ধশ্চাসৌ সাধ্যশ্চেতি **বিগ্রহে** সন্দিগ্ধসাধ্য (সমাসবদ্ধ একটি মাত্র পদ হইল। অতঃপর সন্দিগ্ধসাধ্যো ধর্মো যস্য এই বাক্যে বহুব্রীহি সমাসে সমাসান্ত অনিচ্ (=অন্) প্রত্যয়যোগে **সন্দিগ্ধসাধ্যধর্মন্** এই প্রাতিপদিকের প্রথমার একবচনে **সন্দিগ্ধসাধ্যধর্মা** এই পদ হয়। এই রূপেই **নিবৃত্তিধর্মা অনুচ্ছিত্তিধর্মা**

প্রভৃতি পদও সিদ্ধ হয়। **কিন্তু পরমস্বধর্মঃ** পদে সমাসান্ত অনিচ্ হয় নাই—কারণ, এক্ষেত্রে স্বধর্মঃ পদে কেবল স্ব-শব্দটি একমাত্র পূর্বপদ নহে, তাহার পূর্বে পরম পদটি আছে। অতএব 'স্ব' পদটি আপেক্ষিক পূর্বপদ, প্রকৃতপক্ষে 'মধ্য' পদ। তাহা হইলে পরমস্বধর্মঃ পদে ধর্মশব্দের পূর্বে পরম এবং স্ব এই দুইটি পদ থাকায় ধর্মাদনিচ্ কেবলাৎ এই সূত্রের একটি মাত্র পদ পূর্বে থাকিবার নিয়ম পালিত না হওয়ায় সমাসান্ত অনিচ্ প্রত্যয় হইবে না। এইজন্য **পরমস্বধর্মা না হইয়া** পরমস্বধর্মঃ হইয়াছে। এস্থলেও কিন্তু যদি পূর্বের ন্যায় 'পরমস্বঃ' কে কর্মধারয়-সমাস-নিষ্পন্ন একটি মাত্র পদ বলিয়া ধরা হয়, তাহা হইলে সমাসান্ত অনিচ্ প্রত্যয়যোগে পরমস্বধর্মা পদটিও সিদ্ধ হইতে পারে।

৩৭-৩৮। **প্র-সংভ্যাং জানুনোর্জ্ঞুঃ, ঊর্ধ্বাদ্ বিভাষা** (৫।৪।১২৯, ১৩০)—বহুব্রীহিসমাসে প্র ও সম্ পূর্বে থাকিলে নিত্য এবং ঊর্ধ্ব পূর্বে থাকিলে বিকল্পে জানুস্থানে জ্ঞু হয়। যথা, প্রকৃষ্টে জানুনী যস্য—প্রজ্ঞুঃ, সংহতে জানুনী যস্য—সংজ্ঞুঃ, ঊর্ধ্বং জানু যস্য—ঊর্ধ্বজ্ঞুঃ, ঊর্ধ্বজানুঃ।

৩৯। **ঊধসোঽনঙ্** (৫।৪।১৩১)—বহুব্রীহিসমাসে স্ত্রীলিঙ্গে ঊধস্ শব্দের উত্তর **অনঙ্** হয়। যথা, ঘটঃ ইব ঊধঃ যস্যাঃ সা—**ঘটোধ্নী; কুণ্ডোধ্নী** পুংসি তু ন—মহোধাঃ মেঘঃ। গবাং গলাঃ **প্রস্নুতপীবরোধসঃ** (ভারবি)।

৪০। **ধনুষশ্চ** (৫।৪।১৩২)—বহুব্রীহিসমাসে ধনুস্ শব্দের উত্তর নিত্য **অনঙ্** হয়। যথা, **অধিজ্যং ধনুঃ যস্য—অধিজ্যধন্বা**; শার্ঙ্গং ধনুঃ যস্য—শার্ঙ্গধন্বা; গৃহীতধন্বা, ধৃতধন্বা। কথং **ধৃতধনুষং** পুষ্পায়ুধম্ ইতি? **সমাসান্তবিধেঃ অনিত্যত্বাৎ**।

৪১। **বা সংজ্ঞায়াম্** (৫।৪।১৩৩)—নাম বুঝাইলে বিকল্পে অনঙ্ হয়। যথা, পুষ্পধন্বা পুষ্পধনু বা (কন্দর্পসংজ্ঞা)।

৪২। **জায়ায়া নিঙ্** (৫।৪।১৩৪)—জায়াভাগান্ত বহুব্রীহিসমাসে জায়া শব্দের অন্ত্য আকার স্থানে **নিঙ্** হয়। যথা, যুবতিঃ জায়া যস্য—**যুবজানিঃ প্রিয়জানিঃ**।

৪৩। **গন্ধস্যেদুৎ-পূতি-সু-সুরভিভ্যঃ** (৫।৪।১৩৫)—বহুব্রীহিসমাসে

উৎ, পূতি, সু ও সুরভি শব্দের পরস্থিত গন্ধ শব্দের উত্তর **ইৎ** হয়। যথা, উদ্‌গতো গন্ধো যস্য সঃ—উদ্‌গন্ধিঃ; পূতিগন্ধিঃ, সুগন্ধিঃ, সুরভিগন্ধিঃ। **গন্ধস্যেত্বে তদেকান্তগ্রহণম্** (বা)—একান্তঃ একদেশ ইব অবিভাগেন লক্ষ্যমাণঃ ইত্যর্থঃ। তেন **সুগন্ধি পুষ্পং সলিলং চ। সুগন্ধিঃ বায়ুঃ** (১)। **সুগন্ধঃ আপণিকঃ।**

এই সূত্রে গন্ধ শব্দের উত্তর সমাসান্ত ইৎ (=ই) প্রত্যয় হইবার একটি নিয়ম করা হইয়াছে যে 'গন্ধ'টি 'তদেকান্ত' হইবে। এখন এই 'তদেকান্ত' শব্দের অর্থ কি এ বিষয়ে মতভেদ আছে।

(১) গন্ধটি যে বস্তুতে আছে তাহার **অবিভাজ্য অংশ** হইবে। যেমন, ফুল, জল বা বাতাস হইতে তাহার গন্ধকে পৃথক্ করা যায় না, অতএব পুষ্প, সলিল ও বায়ুর ক্ষেত্রে গন্ধ শব্দের উত্তর সমাসান্ত ইৎ (=ই) প্রত্যয় করিয়া সুগন্ধি শব্দ প্রয়োগ করা যাইবে—সুগন্ধি পুষ্পম্, সুগন্ধি সলিলম্, সুগন্ধিঃ বায়ুঃ।

(২) কাহারও কাহারও মতে ঐ গন্ধ 'তদেকান্ত' অর্থাৎ তাহার নিজেরই (=স্বাভাবিক) হওয়া চাই—আগন্তুক হইলে চলিবে না। **এই মতে** বাতাসের গন্ধ তাহার স্বাভাবিক নহে বলিয়া **সুগন্ধো বায়ুঃ** হইবে। ভট্টির ন্যায় মহাবৈয়াকরণ কবি **গন্ধবহঃ সুগন্ধঃ** প্রয়োগ করিয়াছেন।

৪৪-৪৫। **অল্পাখ্যায়াম্, উপমানাচ্চ** (৫।৪।১৩৬, ১৩৭)—অল্প সংযোগ বুঝাইলে অথবা উপমান শব্দের পরবর্তী হইলে গন্ধ শব্দের উত্তর ইৎ হয়। যথা, ঘৃতস্য গন্ধঃ (লেশঃ) যস্মিন্ তৎ—ঘৃতগন্ধি ভোজনম্। সূপস্য **গন্ধো (লেশো)** যস্মিন্ তৎ—**সূপগন্ধি** খাদ্যম্। **গন্ধো গন্ধক আমোদে লেশে সম্বন্ধ-গর্বয়োরিতি** বিশ্বঃ। **পদ্মস্যেব গন্ধঃ অস্য—পদ্মগন্ধিঃ।**

৪৬। **পাদস্য লোপোঽহস্ত্যাদিভ্যঃ** (৫।৪।১৩৮)—হস্তিপ্রভৃতি ভিন্ন উপমান পদ পূর্বে থাকিলে পাদ শব্দের অন্ত্য অকারের লোপ হয়। **এখানে**

---

(১) কেচিত্তু গন্ধস্যেত্বে ইতি বার্তিকে তদেকান্তশব্দেন স্বাভাবিকত্বং বিবক্ষিতম্, তেন আগন্তুকস্য ন ইৎ ইত্যাহুঃ। তথাচ ভট্টিঃ—আজ্রাবি বান্ গন্ধবহঃ সুগন্ধঃ ইতি। ব্যাখ্যাতং চ জয়মঙ্গলায়াম্—গন্ধস্যেত্যাদিনা ইকারঃ সমাসান্তো ন 'গন্ধস্যেত্বে তদেকান্তগ্রহণমিতি বচনাৎ।

লোপই সমাসান্ত। যথা, ব্যাঘ্রস্যেব পাদৌ অস্য—**ব্যাঘ্রপাৎ, সিংহপাৎ**। হস্তি-প্রভৃতি উপমান হইলে লোপ হয় না। যথা, **হস্তিপাদঃ, অশ্বপাদঃ,** গণ্ডপাদঃ, অজপাদঃ।

৪৭। **কুম্ভপদীষু চ** (৫।৪।১৩৯)—কুম্ভপদী প্রভৃতিতে নিপাতনে অকারের লোপ এবং ঙীষ্ হয়। যথা, কুম্ভৌ ইব পাদৌ যস্যাঃ সা—কুম্ভপদী (**পাদঃ পৎ ইতি পদাদেশঃ** শতপদী, একপদী, বিষ্ণুপদী।

৪৮। **সংখ্যা-সু-পূর্বস্য** (৫ ৪।১৪০)—সংখ্যাবাচক শব্দ ও সু পূর্বে থাকিলে পাদ শব্দের অকারের লোপ হয়। যথা, দ্বৌ পাদৌ যস্য—**দ্বিপাৎ, চতুষ্পাৎ, সুপাৎ**।

বহুব্রীহিসমাসে বিশেষবিধান

৪৯। **বয়সি দন্তস্য দতৃ** (৫।৪।১৪১)—বয়স বুঝাইলে সংখ্যাবাচক শব্দ ও সু পূর্বে থাকিলে দন্ত স্থানে দতৃ হয়। ঋকার ইৎ, দৎ থাকে, রূপ **শতৃপ্রত্যয়ান্ত শব্দের ন্যায় হয়**। যথা, দ্বৌ দন্তৌ যস্য সঃ—দ্বিদন্ বৎসঃ শিশুর্বা **দ্বিদতী** বালা, সুদন্ বালকঃ, সুদতী বালিকা। **বয়স না বুঝাইলে হয় না** যথা, **দ্বিদন্তঃ গজঃ**।

৫০। **সুহৃদ্দুর্হৃদৌ মিত্রামিত্রয়োঃ** (৫।৪।১৫০)—যথাক্রমে মিত্র ও শত্রু বুঝাইতে সু ও দুর্ শব্দের পরবর্তী হৃদয়স্থানে নিপাতনে হৃদ্ হয়। যথা, শোভনং হৃদয়ং যস্য সঃ—সুহৃৎ (মিত্রম্); দুষ্টং হৃদয়ং যস্য সঃ—দুর্হৃৎ (শত্রুঃ)। অন্যত্র—সুহৃদয়ঃ (kind-hearted), দুর্হৃদয়ঃ (cruel-hearted) (নরঃ)।

৫১। **অষ্টনঃ সংজ্ঞায়াম্** (৬।৩।১২৫)—সংজ্ঞা বুঝাইলে পূর্বপদস্থিত অষ্টন্ শব্দের অন্ত্য স্বর দীর্ঘ হয়। যথা, অষ্ট বক্রাণি যস্য সঃ—অষ্টাবক্রঃ (মুনের্নাম), অষ্ট পদানি (উৎপত্তিস্থানানি) যস্য তৎ—**অষ্টাপদং সুবর্ণম্,** অষ্টৌ পদানি (পাদাঃ) যস্য সঃ—অষ্টাপদো মৃগবিশেষঃ। **নাম্নি কিম্— অষ্টভার্যোঽয়ম্**।

৫২। **মিত্রে চর্ষৌ** (৬৩১২৯)—ঋষি বুঝাইলে মিত্র শব্দের পূর্ববর্তী বিশ্ব শব্দের অকার দীর্ঘ হয়। যথা, বিশ্বং মিত্রং যস্য সঃ—বিশ্বামিত্রঃ (ঋষিঃ)। অন্যত্র বিশ্বমিত্রঃ মাণবকঃ।

৫৩। **শুনো-দন্ত-দংষ্ট্রা-কর্ণ-কুন্দ-বরাহ-পুচ্ছ-পদেষু দীর্ঘো বাচ্যঃ** (বা)—দন্ত প্রভৃতি পরে থাকিলে শ্বন্ শব্দের অকার দীর্ঘ হয়। যথা, শ্বাদন্তঃ, শ্বাদংষ্ট্রা, শ্বাকর্ণঃ, শ্বাকুন্দঃ, শ্বাবরাহৌ, শ্বাপুচ্ছঃ, শ্বাপদঃ।

৫৪। **পৃষোদরাদীনি যথোপদিষ্টম্** (৬৩১০৯)—শিষ্টপ্রয়োগ অনুসারে পৃষোদর প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ। যথা, পৃষৎ (জলবিন্দুসিক্তম্) উদরং যস্য সঃ—**পৃষোদরঃ** (**জলবিন্দুগর্ভঃ বায়ুঃ**) বারীণাং বাহকঃ—বলাহকঃ, ব্রুবন্তঃ সীদন্তি যস্যাং সা—বৃষিঃ (ব্রতিনাং কুশাদিময়ম্ আসনম্), জিতম্ এনঃ যেন সঃ—জিনঃ, হিনস্তি যঃ সঃ—**সিংহঃ**, মহ্যাং রৌতি যঃ সঃ—**ময়ূরঃ**, ভ্রাম্যন্ রৌতি যঃ সঃ—**ভ্রমরঃ** কৌ জীর্যতি যঃ সঃ—কুঞ্জর, মম (অব্যয়ম্) তস্য ভাবঃ— মমতা, ষড়্ভিঃ অধিকা দশ—ষোড়শ, পিশিতম্ অশ্নাতি যঃ সঃ—পিশাচঃ, জীবনস্য মূতঃ (পটবন্ধঃ)—জীমূতঃ, শবানাং শয়নম্—শ্মশানম্, **সমানং ধারণং যস্য সঃ—সাধারণঃ**। ঊর্ধ্বং খমস্য—উলূখলম্। দুঃখেন নাশ্যতে যঃ সঃ দুর্ণাশঃ, দুঃখেন দভ্যতে যঃ সঃ দূড়ড়। অভিক্ষণমেব অভীক্ষ্ণম্।

ভবেদ্বর্ণাগমাদ্ধংসঃ সিংহো বর্ণবিপর্যয়াৎ।
গূঢ়োত্মা বর্ণবিকৃতে র্বর্ণনাশাৎ পৃষোদরম্॥

৫৫। **সহস্য সঃ সংজ্ঞায়াম্** (৬৩৭৮)—সংজ্ঞা বুঝাইলে সহ স্থানে নিত্য স হয়। যথা, সপলাশম্, সশিংশপম্।

৫৬। **গ্রন্থান্তাধিকে চ** (৬৩৭৯)—গ্রন্থের সমাপ্তি ও অধিক বুঝাইতে সহ স্থানে নিত্য স হয়। যথা, সমুহূর্তং জ্যোতিষমধীতে, সদ্রোণা খারী।

৫৭। **দ্বিতীয়ে চানুপাখ্যে** (৬৩৮০)—উপাখ্যঃ প্রত্যক্ষঃ, অনুপাখ্যঃ অনুমেয়ঃ। পরপদ অনুমেয় বিষয় হইলে সহ স্থানে নিত্য স হয়। যথা, অগ্নিনা সহ বর্তমানঃ সাগ্নিঃ কপোতঃ (গৃহে কপোতপাতেন ভাবী অগ্নিঃ

অনুমীয়তে ইত্যর্থঃ), সপিশাচা বাত্যা (বাত্যয়া অত্র পিশাচঃ অনুমীয়তে), সপিশাচং বনম্, সাগ্নিঃ অরণিঃ। প্রত্যক্ষে তু—সহবিদ্যুৎ সবিদ্যুৎ বা মেঘঃ।

৫৮। **সমানস্য ছন্দস্যমূর্ধপ্রভৃত্যুদর্কেষু** (৬।৩।৮৪)—মূর্ধন্, প্রভৃতি এবং উদর্ক ভিন্ন পদ পরে থাকিলে সমানস্থানে স হয়। যথা, সমানো গর্ভঃ—সগর্ভঃ, তত্র ভবঃ সগর্ভ্যঃ (সহোদরো ভ্রাতা)। নেহ সমানমূর্ধা, সমানপ্রভৃতয়ঃ, সমানোদর্কাঃ।

সমানস্যেতি যোগবিভাগাৎ—সপক্ষঃ, সাধর্ম্যম, সজাতীয়ম্। অথবা সদৃশবচনেন সহশব্দেন অয়ম্ অস্বপদবিগ্রহো বহুব্রীহিঃ—সমানঃ পক্ষঃ অস্যেতি। এবং সতীর্থঃ, সহোদরঃ, সোদরঃ ইত্যাদি।

৫৯। **জ্যোতি-র্জনপদ-রাত্রি-নাভি-নাম-গোত্র-রূপ-স্থান-বর্ণ-বয়ো-বচন-বন্ধুষু** (৬।৩।৮৫)—জ্যোতিস্ প্রভৃতি শব্দ পরে থাকিলে সমান স্থানে স হয়। যথা, সমানং জ্যোতিঃ যস্য সঃ—সজ্যোতিঃ; সজনপদঃ, সনাভিঃ, **সনামা, সগোত্রঃ, সরূপঃ, সবর্ণঃ**, সবয়াঃ, সবচনঃ, **সবন্ধুঃ। এষু বা ইত্যন্যে—তেন সমানগোত্রঃ সমাননামা ইত্যাদ্যপি।**

৬০। **চরণে ব্রহ্মচারিণি** (৬।৩।৮৬)—আচরণ অর্থে ব্রহ্মচারিন্ শব্দ পরে থাকিলে সমানস্থানে স হয়। যথা, ব্রহ্ম বেদ, তদধ্যয়নার্থং ব্রতমপি ব্রহ্ম। ব্রহ্ম চরতি যঃ সঃ—ব্রহ্মচারী। সমানঃ ব্রহ্মচারী—সব্রহ্মচারী।

৬১-৬২। **তীর্থে চ** (৬।৩।৮৭), **বিভাষোদরে** (৬।৩।৮৮)—যৎ প্রত্যয়যুক্ত তীর্থ শব্দ পরে থাকিলে নিত্য এবং উদর শব্দ পরে থাকিলে বিকল্পে সমান স্থানে স হয়। যথা, সমানঃ তীর্থ্যঃ—সতীর্থ্যঃ (একগুরুকঃ)। সমানঃ উদর্যঃ—সোদর্যঃ, সমানোদর্যো বা। 'সমানতীর্থে—' ইতি, সোদরাদ্ য ইতি, 'সমানোদরে—' ইতি চ যৎপ্রত্যয়ঃ।

৬৩। **দৃগ্দৃশবতুষু** (৬।৩।৮৯)—সমানস্থানে স হয়। যথা, **সদৃক্, সদৃশঃ।** দৃক্ষে চ বক্তব্যম্ সদৃক্ষঃ।

Exercise

1. *Define* বহুব্রীহি *compound and name its principal classes.*

2. *Distinguish between* কর্মধারয় *and* বহুব্রীহি। *Use* পীতাম্বর *in sentences both as a* বহুব্রীহি *and as a* কর্মধারয়।

3. *Name the instances where a feminine* পূর্বপদ *does not become masculine in a* বহুব্রীহি *compound.*

4. *Write the rules of using* কপ্ *in a* বহুব্রীহি *compound.*

5. *Name the words which may take a* সমাসান্ত *affix in a* বহুব্রীহি *compound.*

6. *Distingu'sh between :—*

সুপয়ঃ, সুপয়াঃ ; মহারাজঃ, মহারাজা ; সুগন্ধিঃ, সুগন্ধঃ ; মহাভয়ঃ, মহাভয়ম্, মহদ্ভয়ম্ ; মহামত্যা, মহামতিনা ; উন্নতমনঃ, উন্নতমনাঃ ; দৃঢ়ভক্তিঃ, দৃঢ়াভক্তিঃ ; স্থূলাক্ষিঃ ; স্থূলাক্ষঃ ; পঞ্চাঙ্গুলম্, পঞ্চাঙ্গুলিঃ ; বহুনাড়িঃ ; বহুনাড়ীকঃ ; দুর্মেধা, দুর্মেধাঃ ; সুগন্ধি', সুগন্ধঃ। বিশ্বামিত্রঃ, বিশ্বমিত্রঃ, বিশ্বমিত্রম্ ; সুহৃৎ, সুহৃদয়ঃ ; সুদতী, সুদন্তা ; অষ্টাবক্র', অষ্টবক্রঃ।

7. *Combine the following into Samasas :—*

বিগতা নাসিকা যস্যাঃ সা ; প্রিয়ঃ ভর্তা যস্যা সা ; বহবঃ শ্রেয়াংসঃ যস্য সঃ ; শার্ঙ্গং ধনুঃ যস্য সঃ ; পুষ্পং ধনুঃ যস্য সঃ ; যুবতিঃ জায়া যস্য সঃ ; সমানঃ ধর্মঃ যস্য সঃ ; নদী মাতা যস্য সঃ ; প্রপতিতানি পর্ণানি যস্য সঃ ; শরেষু জন্ম যস্য সঃ ; গন্তুং কামঃ যস্য সঃ ; দ্রষ্টুং মনঃ যেষাং তে ; পুত্রেণ সহ বর্তমান ; দ্বৌ বা ত্রয়ো বা ; সপ্ত বা অষ্ট বা ; দ্বয়োঃ আপঃ যস্য তৎ ; চিত্রা গৌঃ যস্য ; বহবঃ স্ত্রিয়ঃ যস্য সঃ ; বিজ্ঞঃ ভ্রাতা যস্য সঃ ; মাত্রা সহ বর্তমানঃ ; কর্ণে কর্ণে কথয়ন্তি ; দ্বৌ মূর্ধানৌ যস্য সঃ ; উপান্তস্যাং সহ বর্তমানাঃ ; বহবঃ আপঃ যস্মিন্ তৎ ; নাস্তি অর্থঃ যস্য তৎ ; অপগতঃ অর্থঃ যস্য তৎ ; বহবঃ গুণিনঃ যস্যাং সা ; প্রিয়ঃ ধর্মঃ যস্য সঃ ; দুষ্টা মেধা যেষাং তে, নাস্তি প্রজা যস্য সঃ ; ঘট ইব উধঃ যস্যাঃ সা ; পদ্মস্যেব গন্ধঃ যস্য তৎ ; সংহতে জানুনী যস্য সঃ ; উদ্গতা নাসিকা যস্যাঃ সা ; জিতম্ এনঃ যেন সঃ ; ঊর্ধ্বং মুখমস্য ;

ব্যাঘ্রস্যেব পাদৌ যস্য সঃ ; বিষ্ণোঃ পাদঃ যস্যাঃ সা ; বহবঃ তন্ত্র্যঃ যস্যাং গ্রীবায়াং সা ; বহবঃ তন্ত্র্যঃ যস্মিন্ স্তম্ভে সঃ ; বিশালে অক্ষিণী যস্যাঃ সা।

8. *Expound the Samasas in :—*

অশীতিবর্ষস্থ, অপঘনঃ, নির্ভয়ঃ, ত্রিচতুরাঃ, দুষ্প্রজাঃ, প্রিয়জানিঃ, বহুবাগ্মিকা, সুভ্রাতা, বদ্ধাঞ্জলিঃ বিধবা, নদীমাতৃকঃ, কেশাকেশি, ধনুষ্পাণিঃ, বহুব্রীহিঃ, দ্বিসপ্ততি, পদ্মনাভঃ, বিমুখঃ, অপশোকঃ, দণ্ডাদণ্ডি, দিব্যানেকোদ্যতায়ুধঃ, সহোদরঃ, সতীর্থঃ, সতীর্থ্যঃ, প্রজ্ঞুঃ, বিথ্যঃ, অনূপঃ ।

9. *Write alternative forms of :—*

আহিতাগ্নিঃ, পীততৈলঃ, সপুত্রঃ, প্রপর্ণঃ, উর্ধ্বজানুঃ, পুষ্পধনুঃ, লব্ধযশাঃ, অপুত্রঃ, সধর্মা, সহোদরঃ, বিগ্রঃ ।

10. *Translate into Sanskrit :—*

(*a*) My brother now lives in a town where there are many good speakers. Do you know the man who has long thighs and broad eyes. (*b*) The king had three dull headed sons. He spent much for their education and tried his best to make them well-behaved. (*c*) The other day I saw a man who wore a yellow robe and had a long staff in his hand. There is in this court of the king a Brahmin named Visnusarman who had read many Sastras and had acquired much reputation in the students community. (*d*) Rama went to the forest with his brother and wife and saw there a demon having legs like those of an elephant. On being answered in the negative the holy mendicant refused to take alms as the hands of a woman having no child are regarded as ceremonially unclean. (*e*) When we see a man having much money, we think how happy he is and we blame our own lot. But if we enquire into his real condition, we shall see that he is not an object of envy but of pity. (*f*) A beggar is a thousand times happier than he is It will appear that in spite of all his riches, he

can not enjoy peace of mind. So our eyes deceive us here. (*g*) Great riches bring great cares. They can not give us happiness and real peace of mind. We cannot carry them away when we go out of the world. We have to leave them to be enjoyed by others. (*h*) Enjoyment is for life like dew from heaven on flowers. The mind and body cannot be constantly kept engaged. They need rest. Even God Himself rested after the creation of the world.

দ্বন্দ্ব সমাস

ভাষাতাত্ত্বিকগণের মতে সমাসের বিবর্তনের ইতিহাসে প্রথম স্থান অধিকারী দ্বন্দ্ব সমাস। গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন 'দ্বন্দ্বঃ সামাসিকস্য চ"। মনে হয় দ্বন্দ্ব সমাসে উভয়পদেরই প্রাধান্য থাকায় ভগবান্ সমস্ত সমাসের মধ্যেই দ্বন্দ্ব সমাসকে প্রধান বলিয়াছেন।

১ **উভয়পদার্থ-প্রধানো দ্বন্দ্বঃ**—যে সমাসে উভয় পদের অর্থ প্রধান রূপে প্রতীয়মান হয়, তাহাকে দ্বন্দ্ব বলে। সমস্যমান পদসমূহ ইতরেতর দ্বন্দ্বে ব্যষ্টিগত ভাবে এবং সমাহার দ্বন্দ্বে সমষ্টিগত ভাবে ক্রিয়া প্রভৃতির সহিত অন্বিত থাকে। এই জন্য উভয়বিধ দ্বন্দ্বেই সকল পদের প্রাধান্য।

২। **চার্থে দ্বন্দ্বঃ** (২।২।২৯) **অনেকমন্যপদার্থে** (২।২।২৪)—অনেকং সুবন্তং চার্থে বর্তমানং সমস্যতে স দ্বন্দ্বঃ। **চ এর অর্থে একাধিক প্রথমান্ত পদের সুবন্ত পরস্পর সমাস হয়,** এই সমাসকে দ্বন্দ্ব সমাস বলে। চ এর অর্থ চারি প্রকার। যথা সমুচ্চয়, অন্বাচয়, ইতরেতরযোগ এবং সমাহার। পরস্পরনিরপেক্ষস্য অনেকস্য একস্মিন্ অন্বয়ঃ **সমুচ্চয়ঃ** (১)। যথা, ঈশ্বরং গুরুং চ

---

(১) পরস্পর নিরপেক্ষ একাধিক সুবন্ত পদের একবিষয়ক অন্বয়কে সমুচ্চয় বলা হয়। সমুচ্চয় চারি প্রকার—(ক) প্রথমতঃ ক্রিয়ার সহিত দ্রব্যের সমুচ্চয়, যথা—'ঈশ্বরং গুরুঞ্চ ভজস্ব'। (খ) দ্বিতীয়তঃ দ্রব্যের সহিত দ্রব্যের সমুচ্চয়, যথা—'রাজ্ঞো গজশ্চাশ্বশ্চ'। (গ) তৃতীয়তঃ দ্রব্যের সহিত গুণের সমুচ্চয়, যথা—'পটঃ শুক্লো রক্তশ্চ'। (ঘ) চতুর্থতঃ গুণের সহিত দ্রব্যের সমুচ্চয়, যথা—'রক্তঃ পটঃ কম্বলশ্চ'।

ভজস্ব। অন্যতরস্য আনুষঙ্গিকত্বে **অন্বাচয়ঃ** (১)। যথা, ভিক্ষাম্ অট গাং চ আনয়। মিলিতানাম্ অন্বয়ঃ **ইতরেতর-যোগঃ**। যথা, রামলক্ষ্মণৌ গচ্ছতঃ। সমূহঃ **সমাহারঃ**। যথা, করচরণং প্রক্ষালয়। ইহাদের মধ্যে **সমুচ্চয় ও অন্বাচয়ে একার্থীভাবরূপ সামর্থ্য থাকে না, এইজন্য সমাস হইতে পারে না। ইতরেতর যোগ ও সমাহারেই দ্বন্দ্ব সমাস হয়।** সুতরাং দ্বন্দ্বসমাস দুই প্রকার।

ইতরেতরযোগ দ্বন্দ্ব

৩। পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক সুবন্ত পদ একই ক্রিয়ার সহিত অন্বিত হইলে ঐ সমাসকে ইতরেতরযোগ দ্বন্দ্ব বলে। এই সমাসে সমস্যমান পদসমূহের প্রত্যেক পদের অর্থ প্রধান বলিয়া, সমাসবদ্ধ পদে সমস্যমান পদসমূহের মিলিত সংখ্যা অনুসারে বচন হয় এবং পরপদের লিঙ্গ অনুসারে উহার লিঙ্গ হয় (**পরবল্লিঙ্গং দ্বন্দ্ব-তৎপুরুষয়োঃ**)। যথা, রামশ্চ লক্ষ্মণশ্চ—রামলক্ষ্মণৌ ; কন্দশ্চ মূলং চ ফলং চ—কন্দমূলফলানি। শব্দশ্চ স্পর্শশ্চ রূপং চ রসশ্চ গন্ধশ্চ—শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। দারাশ্চ পতিশ্চ—দারপতী, আপশ্চ তেজশ্চ—অপ্‌তেজসী (পদার্থ দুইটি)।

ইতরেতর দ্বন্দ্বে কয়েকটি বিশেষ বিধান

৪। **আনঙ্ ঋতো দ্বন্দ্বে** (৬।৩।২৫)—ঋদন্তানাং দ্বন্দ্বে উত্তরপদে পরে আনঙ্ স্যাৎ। ঋকারান্ত পদসমূহের দ্বন্দ্ব সমাসে পরস্পর বিদ্যাসম্বন্ধ বা গোত্রসম্বন্ধ থাকিলে পূর্বপদের ঋ স্থানে আনঙ্ হয়। আনঙ্ এর আ থাকে। যথা, হোতা চ পোতা চ—হোতাপোতারৌ, হোতা চ পোতা চ নেষ্টা চ উদ্গাতা চ—হোতৃপোতৃনেষ্টোদ্‌গাতারঃ ; মাতা চ পিতা চ—মাতাপিতরৌ, পক্ষে মাতরপিতরৌ। **'পুত্রেঽন্যতরস্যাম্'** ইত্যতঃ মণ্ডূকপ্লুত্যা ইহ পুত্র ইত্যনুবৃত্তেঃ—পিতা চ পুত্রশ্চ **পিতাপুত্রৌ**।

---

(১) অন্বাচয়—প্রধান বিষয়ের সহিত আনুষঙ্গিক বিষয়ের যে একত্ব সূচক অন্বয় তাহাকে অন্বাচয় বলা হয়।

৫। **দেবতাদ্বন্দ্বে চ** (৬।৩।২৬,—দেবতাবাচক পদের দ্বন্দ্ব সমাসে পূর্বপদের অন্ত্য বর্ণ স্থানে আনঙ্ হয়। যথা, মিত্রশ্চ বরুণশ্চ—মিত্রাবরুণৌ; ইন্দ্রাবরুণৌ, সূর্যাচন্দ্রমসৌ, ইন্দ্রাসোমৌ, অগ্নামরুতৌ, ইন্দ্রাবৃহস্পতী। **বায়ুশব্দ-প্রয়োগে প্রতিষেধঃ**—যথা, অগ্নিবায়ূ, বায়্বগ্নী। সূত্রে পুনঃ দ্বন্দ্বগ্রহণং বেদ-প্রসিদ্ধ-সাহচর্যস্য পরিগ্রহার্থম্। তেন নেহ—ব্রহ্মপ্রজাপতী, হরি-হরৌ।

৬। **ঈদগ্নেঃ সোমবরুণয়োঃ** (৬।৩।২৭)—দেবতাদ্বন্দ্বে সোম ও বরুণ শব্দের সহিত সমাসে অগ্নিশব্দের ইকার দীর্ঘ হয়। যথা, অগ্নিশ্চ সোমশ্চ—অগ্নীষোমৌ (১), অগ্নিশ্চ বরুণশ্চ—অগ্নীবরুণৌ।

৭-৮। **দিবো দ্যাবা, দিবসশ্চ পৃথিব্যাম্** (৬।৩।২৯,৩০)—দেবতাদ্বন্দ্বে পূর্বপদ দিব্ দ্যাবা হয়, কিন্তু পৃথিবী শব্দ পরে থাকিলে দিব্ স্থানে দ্যাবা ও দিবস্ হয়। যথা, দ্যৌশ্চ ভূমিশ্চ—দ্যাবাভূমী; দ্যাবাধরণ্যৌ, দ্যাবাক্ষমে। দ্যৌশ্চ পৃথিবী চ—দ্যাবাপৃথিব্যৌ। দিবস্পৃথিব্যৌ। দিবস্ না বলিয়া দিবস বলায় পদান্তে রুত্ব প্রভৃতি হইবে না।

৯। **মাতর-পিতরাবুদীচাম্** (৬।৩।৩২)—'মাতা চ পিতা চ' এইরূপ দ্বন্দ্ব সমাসে উত্তরদেশীয় পণ্ডিতগণের মতে '**মাতরপিতরৌ**, এইরূপও হইয়া থাকে।

পদসন্নিবেশ-বিধান (দ্বন্দ্ব)

১০। **রাজদন্তাদিষু পরম্** (২।২।৩১)—রাজদন্ত প্রভৃতি স্থলে পূর্বে প্রযোজ্য পদ পরে বসে। যথা, দন্তানাং রাজা—রাজদন্তঃ, অর্যশ্চ শূদ্রশ্চ—শূদ্রার্যম্, রাজা চ স্নাতকশ্চ—স্নাতকরাজানৌ, পতিশ্চ জায়া চ—জায়াপতী। **জায়াশব্দস্য জম্ভাবো দম্ভাবশ্চ বা নিপাত্যতে**—জম্পতী, দম্পতী। পতিশ্চ পুত্রশ্চ—পুত্রপতী।

১১। **ধর্মাদিষ্বনিয়মঃ** (বা)—অর্থশ্চ ধর্মশ্চ—ধর্মার্থৌ, অর্থধর্মৌ; শব্দার্থৌ, অর্থশব্দৌ, কামার্থৌ; অর্থকামৌ; আদ্যন্তৌ, অন্তাদী; গুণবৃদ্ধী, বৃদ্ধিগুণৌ।

১২। **দ্বন্দ্বে ঘি** (২।২।৩২)—দ্বন্দ্বসমাসে সখিশব্দ ভিন্ন ইকারান্ত ও

(১) অগ্নেঃ স্তুৎস্তোমসোমাঃ (৮।৩।৮২) এই সূত্রে স স্থানে ষ হইয়াছে।

উকারান্ত পুংলিঙ্গ শব্দ পূর্বে বসে। যথা, হরিশ্চ হরশ্চ—হরিহরৌ ; শম্ভুশ্চ কৃষ্ণশ্চ—শম্ভুকৃষ্ণৌ ; বিষ্ণুশ্চ হরশ্চ—বিষ্ণুহরৌ।

১৩। **অনেকপ্রাপ্তৌ একত্র নিয়মঃ অনিয়মঃ শেষে**—একাধিক পদের পূর্বে প্রয়োগের প্রাপ্তি ঘটিলে একটিতে নিয়ম পালিত হয়, অন্য সকলে কোন নিয়ম মানিতে হয় না। যথা, হরিহরগুরবঃ, হরিগুরুহরাঃ।

১৪। **অজাদ্যদন্তম্** (২।২।৩৩)—দ্বন্দ্বসমাসে অকারান্ত স্বরাদি শব্দ পূর্বে বসে। যথা, অশ্বগজৌ অগ্নিতিক্তৌ, অনলপবনৌ, ঊর্ধ্বনিম্নে, অচ্যুত-শঙ্করৌ, অচলসমুদ্রৌ, ঈশকৃষ্ণৌ। **বহুষনিয়মঃ**—অশ্বরথেন্দ্রাঃ, ইন্দ্রাশ্বরথাঃ। বাহুলকাৎ—ধূমাগ্নী, সমুদ্রাদ্রী।

১৫। **অল্পাচ্‌তরম্** (২।২।৩৪)—দ্বন্দ্বসমাসে অল্পতর স্বরবিশিষ্ট শব্দ পূর্বে বসে। যথা, শিবকেশবৌ, গজতুরঙ্গৌ, তালতমালৌ, ভ্রাতৃভগিন্যৌ, গোমহিষৌ, অম্লমধুরৌ, কাককোকিলৌ, হংসরসৌ। বহুষু একত্র নিয়মঃ—শঙ্খদুন্দুভিবীণাঃ।

১৬। **ঋতুনক্ষত্রাণাং সমানাক্ষরাণাম্ আনুপূর্ব্যেণ**—হেমন্তশিশির-বসন্তাঃ, কৃত্তিকারোহিণ্যৌ। সমানাক্ষরাণাং কিম্—গ্রীষ্মবসন্তৌ।

১৭। **লঘ্বক্ষরং পূর্বম্**—কুশকাশম্।

১৮। **অভ্যর্হিতং চ**—মাতাপিতরৌ, তাপসযাচকৌ।

১৯। **ভ্রাতুর্জ্যায়সঃ**—যুধিষ্ঠিরার্জুনৌ।

২০। **বর্ণানামানুপূর্ব্যেণ**—ব্রাহ্মণক্ষত্রিয়বিট্‌-শূদ্রাঃ। অল্পাচ্‌তরম্ ইতি তু প্রায়িকম্—**লক্ষ্মণ-হেত্বোঃ** ক্রিয়ায়াঃ, **সমানাধিকরণজাতীয়য়োরিত্যাদি** নির্দেশাৎ। এই নির্দেশে কোনও কোনও স্থলে অল্পাক্ষর পূর্বে নাও বসিতে পারে।

সমাহার দ্বন্দ্ব

২১। **স নপুংসকম্** (২।৪।১৭)—সমাহার বুঝাইতে দ্বিগু ও দ্বন্দ্ব সমাস ক্লীবলিঙ্গ হয়। যথা, পাণী চ পাদৌ চ—পাণিপাদম্।

২২। **দ্বন্দ্বশ্চ প্রাণিতূর্যসেনাঙ্গানাম্** (২।৪।২)—প্রাণ্যঙ্গের সহিত প্রাণ্যঙ্গের তূর্যাঙ্গের সহিত তূর্যাঙ্গের এবং সেনাঙ্গের সহিত সেনাঙ্গের সমাহার

দ্বন্দ্ব হয় এবং ইহা একবচনান্ত হয়। যথা, **প্রাণ্যঙ্গ**—করৌ চ চরণৌ চ—করচরণম্, হস্তপাদম্, পাণিপাদম্, শিরোগ্রীবম্, নখনয়নম্, নখদন্তম্, মুখনাসিকম্। **তূর্যাঙ্গ** [এখানে তূর্যাঙ্গ শব্দের অর্থ বাদ্যকার, বাদ্যযন্ত্র নহে (১)]—মার্দঙ্গিক-পাণবিকম্। **সেনাঙ্গ**—ধনূংষি চ শরাশ্চ—ধনুঃশরম্, রথিকাশ্চ অশ্বারোহাশ্চ—রথিকাশ্বারোহম্। বহুবচনান্ত না হইলে সেনাঙ্গবাচকের সমাহারদ্বন্দ্ব হয় না। যথা, গজশ্চ অশ্বশ্চ গজাশ্বৌ। সমাহারস্য একত্বাৎ একত্বে সিদ্ধে নিয়মার্থং প্রকরণম্, তেন **প্রাণ্যঙ্গাদীনাং সমাহার এব** যথা স্যাৎ (২)।

২৩। **জাতিরপ্রাণিনাম্** (২।৪।৬)—প্রাণিভিন্ন জাতিবাচক শব্দের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, আরা চ শস্ত্রী চ আরাশস্ত্রি, ধানা চ শষ্কুলিশ্চ—ধানাশষ্কুলি; বদরামলকম্, ক্রমশৈলম্, সমিৎকুশম্ (৩)। দ্রব্যজাতীনামেবাত্র গ্রহণম্; তেন ইহ ন—রূপরসৌ, গমনাকুঞ্চনে। জাতিপ্রাধান্য এবায়মেকবদ্ভাবঃ, দ্রব্যবিশেষ-বিবক্ষায়াং তু বদরামলকানি।

২৪। **বিশিষ্টলিঙ্গো নদীদেশোঽগ্রামাঃ** (২।৪।৭)—বিভিন্ন লিঙ্গের নদীবাচক ও গ্রামভিন্ন দেশবাচক শব্দের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, গঙ্গা চ শোণশ্চ—গঙ্গাশোণম্; গঙ্গাব্রহ্মপুত্রম্, শোণনর্মদম্, ব্রহ্মপুত্রচন্দ্রভাগম্। কুরবশ্চ কুরুক্ষেত্রং চ—কুরুকুরুক্ষেত্রম্; মথুরাপাটলিপুত্রম্, মথুরাকান্যকুব্জম্। গ্রাম বুঝাইলে হয় না। যথা, জাম্ববশালূকিন্যৌ।

২৫। **ক্ষুদ্রজন্তবঃ** (২।৪।৮)—আ নকুলাৎ ক্ষুদ্রজন্তবঃ। ক্ষুদ্রজন্তু (৪) বাচক শব্দের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, দংশাশ্চ মশকাশ্চ—দংশমশকম্, যূকাশ্চ

(১) তূর্যাঙ্গত্বং চ তদ্বাদকতয়া বোধ্যম্ ইতি বালমনোরমা। **তূর্য্যাঙ্গ—তূর্যবাচক।**

(২) কথং তর্হি '**শ্রীবাকুচিকললাটেষু** নিত্যং স্বেদঃ প্রশস্যতে' ইতি, মুখনাসিকাভ্যাং যো বায়ুর্নিষ্ক্রামতীতি চ? উচ্যতে—দধিপয়আদেরাকৃতিগণত্বাৎ ইতি রক্ষিতঃ। **নাসিকা স্তনয়োর্ধ্মাধেটোঃ** (৩।২।২৯) ইতি নির্দেশাৎ বিধানস্য অস্য অনিত্যত্বম্। এবং '**স্ব চক্ষুশ্চরণৈর্লোহিতাঃ** সিতাঃ 'ইত্যমরঃ' পাণিতৈ **রথনাগাশ্বৈরিতি** দন্তমুষ্টিতলৈরিতি চ চণ্ডী।

(৩) কথং তর্হি রম্ভতা নু বিবিধাস্**তরুশৈলা** ইতি ভারবিঃ? উচ্যতে—**তরুপ্রধানাঃ** শৈলাঃ ইতি শাকপার্থিবাদিত্বাৎ সমাসঃ

(৪) **ক্ষুদ্রজন্তুরনস্থিঃ স্যাদথবা ক্ষুদ্র এব যঃ।**
শতং বা প্রসৃতৌ যেষাং কেচিদানকুলাদপি।

লিক্ষাশ্চ—যূকালিক্ষম্ (কেশকীটা এতে)। **ক্ষুদ্রজন্তুনাং বহুপ্রকৃতিরেব দ্বন্দ্ব একবৎ।**

২৬। ***যেষাং চ বিরোধঃ শাশ্বতিকঃ*** (২।৪।৯)—যে সকল জন্তুর নিত্যবিরোধ, তাহাদের সমাহার দ্বন্দ্ব হয়। এই সূত্রে বিরোধ শব্দের অর্থ বৈর। পূর্ব সূত্রে জন্তু গ্রহণ করা হইয়াছে বলিয়া এখানেও জন্তুদের মধ্যে **পরস্পর বৈরী ভাবকেই বিরোধ** বলে। সহানবস্থানাদি অর্থাৎ একত্র অবস্থানের অভাবাদি বুঝাইবে না। তাহা বুঝাইলে 'ছায়া চ আতপশ্চ' এই বাক্যে ছায়াতাপৌ না হইয়া সমাহার হইত। যথা, অহয়শ্চ নকুলাশ্চ—অহিনকুলম্, কাকাশ্চউলূকাশ্চ—কাকোলূকম্ ; মার্জারমূষিকম্, শ্বশৃগালম্। বিভাষা বৃক্ষমৃগেতি বিকল্পোঽপি অনেন বাধ্যতে। (১)

২৭। **শূদ্রাণামনিরবসিতানাম্** (২।৪।১০)—অবহিষ্কৃত শূদ্রবাচক (২) শব্দের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, গোপাশ্চ নাপিতাশ্চ—গোপনাপিতম্, তক্ষা চ অয়স্কারশ্চ—তক্ষায়স্কারম্ ; রজকতন্তুবায়ম্, ভিল্লধীবরম্ (এতে শিল্পিনঃ)। বহিষ্কৃতানাং তু—চণ্ডালমৃতপাঃ।

২৮। **গবাশ্বপ্রভৃতীনি চ** (২।৪।১১)—গবাশ্বপ্রভৃতি শব্দে সমাহার দ্বন্দ্ব হয়। যথা, গবাশ্চ অশ্বাশ্চ—গবাশ্বম্, অজাশ্চ অবিকাশ্চ (sheep) অজাবিকম্ ; পুত্রপৌত্রম্, গবাবিকম্, কুব্জবামনম্, কুব্জকিরাতম্, শ্বচণ্ডালম্, স্ত্রীকুমারম্, শাটীপ্রচ্ছদম্, উষ্ট্রখরম্, উষ্ট্রশশম্, মূত্রশকৃৎ, মূত্রপুরীষম্, মাংসশোণিতম্, দর্ভশরম্, তৃণোপলম্, দাসীদাসম্।

২৯। **বিভাষা বৃক্ষ-মৃগ-তৃণ-ধান্য-ব্যঞ্জন-পশু-শকুন্যশ্ববড়ব-পূর্বাপরাধরোত্তরাণাম্** (২।৪।১২)—বৃক্ষ মৃগ, তৃণ ধান্য, ব্যঞ্জন, পশু ও পক্ষিবাচক শব্দের এবং অশ্ববড়ব, পূর্বাপর ও অধরোত্তর শব্দের বিকল্পে সমাহারদ্বন্দ্ব হয়।

---

(১) কথং 'দেবাসুরৈরমৃতমম্বুনিধির্মমন্থে' ইতি ভারবিঃ ? উচ্যতে—দেবাসুরাণাং ন নিত্যবিরোধঃ, তেষাং তু বিরোধঃ কাদাচিৎকঃ।

(২) অত্র শূদ্রশব্দঃ ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যেতরশূদ্রপরঃ ন তু শূদ্রজাতিপরঃ অনিরবসিতানাম্ ইতি নিষেধাৎ। যেন ভুক্তে পাত্রং পুনর্গঠনং বিনা সংস্কারেণাপি ন শুধ্যতি স বহিষ্কৃতঃ শূদ্রঃ, যথা, চণ্ডালমৃতপৌ। বহিষ্কৃতঃ মলেগ্রাহিঃ।

যথা, **বৃক্ষবাচক** (১), অশ্বত্থাশ্চ ন্যগ্রোধাশ্চ—অশ্বত্থন্যগ্রোধম্, অশ্বত্থন্যগ্রোধাঃ; **মৃগবাচক,** রুরবশ্চ পৃষতাশ্চ—রুরুপৃষতম্, রুরুপৃষতাঃ; **তৃণবাচক,** কুশকাশম্, কুশকাশাঃ; **ধান্যবাচক,** ব্রীহয়শ্চ যবাশ্চ—ব্রীহিযবম্, ব্রীহিযবাঃ; **ব্যঞ্জনবাচক,** দধি চ ঘৃতং চ—দধিঘৃতম্ দধিঘৃতে; **পশুবাচক,** গবাশ্চ মহিষাশ্চ—গোমহিষম্, গোমহিষাঃ; **পক্ষিবাচক,** শুকাশ্চ বকাশ্চ—শুকবকম্, শুকবকাঃ; কোকিলাশ্চ ময়ূরাশ্চ—কোকিলময়ূরম্; কোকিলময়ূরাঃ; অশ্বাশ্চ বড়বাশ্চ—অশ্ববড়বম্, অশ্ববড়বাঃ পূর্বং চ অপরং চ—পূর্বাপরম্, পূর্বাপরে; অধরং চ উত্তরং চ—অধরোত্তরম্, অধরোত্তরে।

৩০। **ফল-সেনাঙ্গ-বনস্পতি-মৃগ-শকুনি-ক্ষুদ্রজন্তু-ধান্য-তৃণানাং বহুপ্রকৃতিরেব দ্বন্দ্ব একবৎ (বা)**—ফল সেনাঙ্গ, বৃক্ষ, পশু, পক্ষী, ক্ষুদ্রজন্তু, ধান্য ও তৃণবাচক শব্দের **বহুবচনান্ত বাক্যেই সমাহার দ্বন্দ্ব হয়।** যথা, **ফলবাচক,** বদরাণি চ আমলকানি চ—বদরামলকম্; **সেনাঙ্গবাচক,** গজাশ্চ অশ্বাশ্চ—গজাশ্বম্; **বৃক্ষবাচক**—প্লক্ষন্যগ্রোধম্; **মৃগবাচক**—রুরুপৃষতম্; **পক্ষিবাচক**—শুকবকম্; **ক্ষুদ্রজন্তুবাচক**—দংশমশকম্; **ধান্যবাচক**—ব্রীহিযবম্; **তৃণবাচক**—কুশকাশম্। বহুবচনান্ত না হইলে সমাহার হয় না। যথা, বদরং চ আমলকং চ—বদরামলকে; গজশ্চ অশ্বশ্চ—গজাশ্বৌ।

৩১। **বিপ্রতিষিদ্ধং চানধিকরণবাচি** (২।৪।১৩)—ইহ বিরোধঃ সহ অনবস্থানম্। দ্রব্য না বুঝাইলে বিরুদ্ধ বিষয়বাচক শব্দের সমাহার দ্বন্দ্ব হয়; বিকল্পে। যথা, শীতং চ উষ্ণং চ—শীতোষ্ণম্, শীতোষ্ণে; সুখং চ দুঃখং চ—সুখদুঃখম্, সুখদুঃখে; শুভং চ অশুভং চ—শুভাশুভম্, শুভাশুভে; লাভশ্চ অলাভশ্চ—লাভালাভম্, লাভালাভৌ; জয়শ্চ পরাজয়শ্চ—জয়পরাজয়ম্, জয়পরাজয়ৌ; পুণ্যং চ পাপং চ—পুণ্যপাপম্, পুণ্যপাপে; ধর্মশ্চ অধর্মশ্চ—ধর্মাধর্মম্, ধর্মাধর্মৌ; জন্ম চ মরণং চ—জন্মমরণম্, জন্মমরণে; আলোকশ্চ অন্ধকারশ্চ

(১) বৃক্ষাদৌ বিশেষাণামেব গ্রহণম্—এখানে বৃক্ষাদিশব্দে বিভিন্ন বৃক্ষাদির নাম বুঝিতে হইবে।

মালোকান্ধকারম্. আলোকান্ধকারে। দ্রব্যবাচক হইলে ইতরেতরযোগ হয়। যথা, শীতোষ্ণে পয়সী, স্বর্গশ্চ নরকশ্চ—স্বর্গনরকৌ।

৩২। **ন দধিপয়আদীনি** (২।৪।১৪)—দধিপয়স্ প্রভৃতি শব্দে সমাহার দ্বন্দ্ব হয় না। যথা, দধি চ পয়শ্চ—দধিপয়সী; সর্পির্মধুনী, দীক্ষাতপসী, মধুসর্পিষী, ব্রহ্মপ্রজাপতী, শুক্লকৃষ্ণৌ, শ্রদ্ধাতপসী, আদ্যবসানে, শ্রদ্ধামেধে, ঋক্‌সামে, বাঙ্মনসে।

৩৩। **(ন) অধিকরণৈতাবত্ত্বে চ** (২।৪।১৫)—দ্রব্যের সংখ্যা বুঝাইলে পূর্বের সূত্রসমূহে প্রাপ্ত সমাহার দ্বন্দ্ব হয় না। যথা, দশ দন্তোষ্ঠাঃ, সপ্ত মার্দঙ্গিকপাণবিকাঃ।

সমাসান্ত বিধান (দ্বন্দ্ব)

৩৪। **দ্বন্দ্বাচ্চু-দ-ষ-হান্তাৎ সমাহারে** (৫।৪।১০৬)—সমাহার দ্বন্দ্বে চবর্গান্ত, দকারান্ত, ষকারান্ত ও হকারান্ত শব্দের উত্তর টচ্ হয়। যথা, বাক্‌ত্বচম্, শ্রীস্রজম্, সম্পদ্‌বিপদম্, শমীদৃষদম্, বাক্‌ত্বিষম্, গ্রীষ্মপ্রাবৃষম্, ছত্রোপানহম্, পিকমধুলিহম্। সমাহার না হইলে টচ্ হয় না। যথা, প্রাবৃট্‌শরদৌ।

৩৫। **সর্বো দ্বন্দ্বো বিভাষয়া একবদ্ ভবতি** (প)—সকল দ্বন্দ্বসমাসই বিকল্পে একবচনান্ত অর্থাৎ সমাহার হয়। যথা, বধূবরম্, বধূবরৌ; প্রাবৃট্‌শরদম্, প্রাবৃট্‌শরদৌ।

৩৬। **সংখ্যায়া নদী-গোদাবরীভ্যাং চ** (বা)—সংখ্যা বুঝাইতে, নদী ও গোদাবরী শব্দের সহিত সংখ্যাবাচক শব্দের সমাহার দ্বন্দ্ব হয় এবং ইহাতে সমাসান্ত অচ্ হয়। যথা, পঞ্চানাং নদীনাং সমাহারঃ—পঞ্চনদম্; এবং দ্বিনদম্; সপ্তানাং গোদাবরীণাং (গঙ্গা-যমুনা-সরস্বতী-গোদাবরী-নর্মদা-সিন্ধু-কাবেরীণাং সপ্তানাম্) সমাহারঃ সপ্তগোদাবরম্।

একশেষবৃত্তি

একশেষ একটি পৃথক্ 'বৃত্তি'—ইহা সমাসের অন্তর্ভুক্ত নহে।

১। **সরূপাণাম্ একশেষ একবিভক্তৌ** (১।২।৬৪)—এক বিভক্তিতে

একাধিক সমানাকার শব্দের মধ্যে একটি মাত্র অবশিষ্ট থাকে (১); ইহাকে একশেষবৃত্তি বলে। দুই পদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বিবচনান্ত এবং বহুপদের একশেষ হইলে অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা, নরশ্চ নরশ্চ—নরৌ; পন্থাশ্চ পন্থাশ্চ—পন্থানৌ; নরশ্চ নরশ্চ নরশ্চ—নরাঃ; ফলং চ ফলং চ ফলং চ—ফলানি।

এক-বিভক্তৌ কিম্? বিপ্রাভ্যাং কৃতম্, বিপ্রাভ্যাং দেহি। একরূপাণাং কিম্? মাতা (জননী) চ মাতা (পরিচ্ছেত্তা) চ ইত্যনয়োঃ ন একশেষঃ।

২। **বিরূপাণামপি সমানার্থানাম্**—একার্থক হইলে বিসদৃশ আকারবিশিষ্ট পদেরও একশেষ হয়। যথা, বক্রদণ্ডশ্চ কুটিলদণ্ডশ্চ—বক্রদণ্ডৌ কুটিলদণ্ডৌ বা।

দ্বন্দ্বের চ যোগে ব্যাসবাক্য হয় বলিয়া মনে হয় যেন একশেষ এক প্রকার দ্বন্দ্ব সমাস। কিন্তু **একশেষ সমাস নহে, ইহা সমাসের ন্যায় একটি পৃথক্ বৃত্তি।**

৩। **পুমান্ স্ত্রিয়া** (১।২।৬৭)—সমানাকার স্ত্রীবাচক ও পুরুষবাচক পদের একশেষে পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে। যথা, ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ—ব্রাহ্মণৌ, হংসশ্চ হংসী চ—হংসৌ, বালকশ্চ বালিকা চ—বালকৌ। **ন ব্যক্তিসংজ্ঞানাম্**—ব্যক্তিবিশেষের সংজ্ঞাবাচক পদের একশেষ হয় না। যথা, ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ—ইন্দ্রেন্দ্রাণ্যৌ, ভবশ্চ ভবানী চ—ভবভবান্যৌ।

৪। **ভ্রাতৃপুত্রৌ স্বসৃদুহিতৃভ্যাম্** (১।২।৬৮)—স্বসৃ শব্দের সহিত ভ্রাতৃ শব্দের এবং দুহিতৃ শব্দের সহিত পুত্রশব্দের একশেষ হয়। যথা, ভ্রাতা চ স্বসা চ—ভ্রাতরৌ, পুত্রশ্চ দুহিতা চ—পুত্রৌ।

৫। **নপুংসকমনপুংসকেনৈকবচ্চান্যতরস্যাম্** (১।২।৬৯)—একই শব্দ বিভিন্ন লিঙ্গে থাকিয়া একশেষ হইলে ক্লীবলিঙ্গ অবশিষ্ট থাকে এবং উহাতে বিকল্পে একবচন হয়। যথা, শুক্লশ্চ শুক্লা চ শুক্লং চ—শুক্লম্, শুক্লানি বা। উদ্যানস্থ

(১) ইদং সূত্রং বিনা 'সকৃৎ উচ্চারিতঃ শব্দঃ সকৃৎ অর্থং গময়তি' ইতি ন্যায়াৎ নরৌ ইতি পদেন নরদ্বয়ং ন গম্যেত। সূত্রে রূপগ্রহণম্ অর্থভেদেঽপি যথা স্যাৎ—মাষঃ (ব্রীহিঃ) চ মাষঃ (মানং) চ মাষঃ (মূর্খঃ) চ—মাষাঃ।

বৃক্ষঃ লতা ফলং চ সুন্দরম্ সুন্দরাণি বা। কিন্তু ক্লীবলিঙ্গ না থাকিলে পুংলিঙ্গ হয়। যথা, বালকঃ বালিকা চ দৃষ্টৌ ; রাজা রাজ্ঞী চ ধার্মিকৌ।

৬। **পিতা মাত্রা** (১.২।৭০)—মাতৃ শব্দের সহিত পিতৃ শব্দের **বিকল্পে** একশেষ হয়। যথা, মাতা পিতা চ—পিতরৌ, মাতাপিতরৌ।

৭। **শ্বশুরঃ শ্বশ্র্বা** (১।২।৭১)—শ্বশ্রূ শব্দের সহিত শ্বশুর শব্দের **বিকল্পে** একশেষ হয়। যথা, শ্বশুরশ্চ শ্বশ্রূশ্চ—শ্বশুরৌ, শ্বশ্রূশ্বশুরৌ।

৮। **ত্যদাদীনি সর্বৈর্নিত্যম্** (১.২।৭২)—সমস্ত পদের সহিত ত্যদ্ প্রভৃতি শব্দের একশেষ হয় এবং উহাতে ত্যদ্ প্রভৃতি অবশিষ্ট থাকে। যথা, স চ দেবদত্তশ্চ—তৌ। যশ্চ বিপ্রশ্চ—যৌ।

৯। **ত্যদাদীনং মিথঃ সহোক্তৌ যৎ পরং তৎ শিষ্যতে**— স চ যশ্চ—যৌ, পূর্বশেষোঽপি দৃশ্যতে ইতি ভাষ্যম্ ; স চ যশ্চ—তৌ।

১০। **ত্যদাদিতঃ শেষে পুংনপুংসকতো লিঙ্গবচনানি** ত্যদাদির একশেষে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের মধ্যে পুংলিঙ্গ, কিন্তু একটিও ক্লীবলিঙ্গ থাকিলে ক্লীবলিঙ্গ অবশিষ্ট থাকে এবং বচন উহাদের সংখ্যা অনুসারে হয়। যথা, সা চ দেবদত্তশ্চ—তৌ, তচ্চ দেবদত্তশ্চ যজ্ঞদত্তা চ—তানি, তং চ দেবদত্তশ্চ—তে। **অদ্বন্দ্ব-তৎপুরুষ-বিশেষণানাম্ ইতি বক্তব্যম্** দ্বন্দ্ব ও তৎপুরুষসমাসের বিশেষণ না হইলে ত্যদাদিতঃ শেষে ইত্যাদি নিয়ম চলিবে ; অন্যথা 'পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ' এই সাধারণ নিয়মে লিঙ্গ হইবে। যথা, কুক্কুটময়ূর্যৌ ইমে, ময়ূরীকুক্কুটৌ ইমৌ।

দ্বন্দ্ব ও একশেষের প্রভেদ

(ক) দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদ সমূহের আকার ও অর্থ পৃথক্, কিন্তু একশেষে পদের আকার ও অর্থ এক।

(খ) দ্বন্দ্ব সমাসে সমাসের পরে সমস্ত পদই বর্তমান থাকে, কিন্তু **একশেষে একটিমাত্র পদ অবশিষ্ট থাকে**, অন্য সকলের লোপ হয়। যথা, (দ্বন্দ্ব) নরশ্চ বানরশ্চ—নর-বানরৌ। (একশেষ) নরশ্চ নরশ্চ—নরৌ।

(গ) দ্বন্দ্বসমাসে সমাহার হয়, একশেষে সমাহার হয় না। যথা, (দ্বন্দ্ব)

করৌ চ চরণৌ চ করচরণম্। **একশেষের পদ দ্বিবচনান্ত বা বহুবচনান্ত হয়, কখনই একবচনান্ত হয় না।**

(ঘ) সমাসে সমাসান্ত প্রত্যয় হয় কিন্তু **একশেষ সমাস নহে** বলিয়া কোনরূপ **সমাসান্ত প্রত্যয় হয় না।** যথা, (সমাস) ধর্মস্য পন্থাঃ—ধর্মপথঃ। (একশেষ) পন্থাশ্চ পন্থাশ্চ—পন্থানৌ; রাজা চ রাজা চ—রাজানৌ; সখা চ সখা চ—সখায়ৌ।

নিত্যসমাস

অবিগ্রহো নিত্যসমাসঃ, অস্বপদবিগ্রহো বা—সমাসে যেসব স্থলে মোটেই ব্যাসবাক্য হয় না অথবা স্বপদে ব্যাসবাক্য হয় না, তাহাকে নিত্যসমাস বলে। অতএব নিত্যসমাস দুইপ্রকার—অবিগ্রহ ও অস্বপদবিগ্রহ। **নিত্যসমাস একটি পৃথক সমাস নহে।** পূর্বোক্ত চতুর্বিধ সমাসের যে কোন সমাসেই ব্যাসবাক্য না হইলে, অথবা সমাসঘটিত পদে ব্যাসবাক্য না হইলে তাহাকে নিত্যসমাস বলে। যথা, **অবিগ্রহ নিত্যসমাস**—কৃষ্ণসর্পঃ (বিষধর সাপ), লোহিতশালিঃ (একপ্রকার পীতাভ ধান্যের নাম) প্রভৃতির কর্মধারয় সমাস হইয়াছে কিন্তু, 'কৃষ্ণঃ সর্পঃ' 'লোহিতঃ শালিঃ' এইরূপ ব্যাসবাক্য করিলে 'কালো সাপ' ও 'লালধান' এইরূপ অর্থ হয়, কিন্তু উহাদের বিবক্ষিত অর্থ হয় না। বাক্যে ঈপ্সিত অর্থ পাওয়া যায় না বলিয়া উহারা অবিগ্রহ নিত্যসমাস।

অস্বপদবিগ্রহ নিত্যসমাস—অন্যঃ দেশঃ—দেশান্তরম্, জ্ঞানায় ইদম্—জ্ঞানার্থম্, চিৎ এব—চিন্মাত্রম্, কুৎসিতো রাজা—কিংরাজা প্রভৃতি স্থলে সমাসঘটিত পদদ্বারা ব্যাসবাক্য হয় নাই। এইজন্য এইরূপ সকল স্থলে অস্বপদবিগ্রহ নিত্যসমাস। সমাসের মধ্যেই স্থানে স্থানে ইহা প্রদর্শিত হইয়াছে।

অলুক্‌সমাস

১। **অলুগুত্তরপদে** (৬।৩।১)—সমাস হইলেও স্থলবিশেষে পূর্বপদের বিভক্তির লোপ হয় না। ইহাকে সাধারণতঃ অলুক্ সমাস বলে। পূর্বোক্ত চারি

প্রকার সমাসের যে কোন সমাসেই পূর্বপদের বিভক্তি লোপ না হইলে উহা অলুক্ সমাস এই আখ্যা প্রাপ্ত হয়। **অলুক্ও একটি পৃথক্ সমাস নহে।**

২। **পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ** (৬।৩।২)—ক্ত-প্রত্যয়ান্ত উত্তরপদ তৎপুরুষ সমাসে স্তোকার্থক, অন্তিকার্থক, দূরার্থক ও কৃচ্ছ্র শব্দের পরবর্তী পঞ্চমীর একবচনের লোপ হয় না। যথা, স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্ত, কতিপয়াদবৃদ্ধঃ, অন্তিকাদাগতঃ, সমীপাদাগতঃ, বিপ্রকৃষ্টাদাগতঃ, কৃচ্ছ্রাদ্মুক্তঃ। **অলুগ্বিষয়েষু একবচনস্যৈব সমাসঃ** দ্বিবচনবহুবচনয়োঃ সমাস এব ন ভবতি।

৩। **ওজঃসহোঽম্ভস্তমসস্তৃতীয়ায়াঃ** (৬।৩।৩)—তৃতীয়াবিভক্ত্যন্ত ওজস্, সহস্, অম্ভস্ ও তমস্ শব্দের তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, ওজসাকৃতম্, সহসাকৃতম্, অম্ভসাকৃতম্, তমসাপিহিতম্, তমসাব্যাপ্তম্। অঞ্জসশ্চ—অঞ্জসাকৃতম্ (দ্রুতেন কৃতম্)। উপসংখ্যানাৎ—পুংসানুজঃ, জনুষান্ধঃ।

৪। **মনসঃ সংজ্ঞায়াম** (৬।৩।৪)—মনসাগুপ্তা (কাচিৎ নারী), মনসাদেবী।

৫। **আত্মনশ্চ পূরণে** (৬।৩।৬)—ততঃ প্রবিশতি সশিষ্যো মুনিঃ **আত্মনাপঞ্চমঃ** জনার্দন আত্মচতুর্থ এব ইতি বহুব্রীহির্বোধ্যঃ।

৬। **বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ** (৬।৩।৭), পরস্য চ (৬।৩।৮)—ব্যাকরণে ব্যবহৃত সংজ্ঞা বুঝাইতে আত্মন্ ও পর শব্দের চতুর্থী বিভক্তির লোপ হয় না। যথা, আত্মনেভাষা, পরস্মৈভাষা, **আত্মনেপদ, পরস্মৈপদম্।**

৭। **হলদন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্** (৬।৩।৯)—ব্যঞ্জনবর্ণান্ত ও অকারান্ত শব্দের পরবর্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, ত্বচিসারঃ (বংশঃ), যুধিষ্ঠির (১), বনে কিংশুকা ইব বনেকিংশুকাঃ; অরণ্যে তিলকা ইব অরণ্যেতিলকাঃ, বনেহরিদ্রাঃ (২)। সংজ্ঞায়াংকিম্—অক্ষশৌণ্ডঃ।

৮। **হৃদ্দ্যুভ্যাং ঙেঃ**—হৃদ্ ও দিব্ শব্দের সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, হৃদিস্পৃক্, দিবিস্পৃক্।

৯। **অমূর্ধমস্তকাৎ স্বাঙ্গাদকামে** (৬।৪।১২)—মূর্ধন্ ও মস্তক ভিন্ন

(১) গবিযুধিভ্যাং স্থিরঃ ইতি ষত্বম।

(২) অত্র 'সংজ্ঞায়াম্' ইতি সপ্তমীসমাসঃ।

স্বাদ বাচক শব্দের সপ্তমী বিভক্তির লোপ না। যথা,, উরসিলোমা, কণ্ঠে—কালঃ. শিরসিশিখঃ। কিন্তু, মূর্ধশিখঃ, মস্তকচূড়ঃ। কাম শব্দ পরে থাকিলে অলুক্ হয় না। যথা, মুখকামঃ।

১০। **তৎপুরুষে কৃতি বহুলম্** (৬।৩।১৪)—উপপদ তৎপুরুষ সমাসে উত্তরপদ কৃদন্ত হইলে **বহুস্থানেই নিত্য বা বিকল্পে সপ্তমী বিভক্তির লোপ হয়।** যথা, স্তম্বেরমঃ, কর্ণেজপঃ, ফলেগ্রহিঃ, অপ্সুচরঃ পঙ্কেরুহম্, অন্তেবাসী। বনেচরঃ, বনচরঃ, উরসিজঃ, উরোজঃ; সরসিজম্, সরোজম্; মনসিজম্, মনোজম্; শিরসিজঃ, শিরোজঃ, সরসিরুহম্, সরোরুহম্। **কুরুচরঃ, মদ্রচরঃ, অম্বুজম্ প্রভৃতি স্থানে অলুক্ হয় না।**

১১। **প্রাবৃট্-শরৎ-কাল-দিবাং জে** (৬।৩।১৫)—প্রাবৃষিজঃ, শরদিজঃ, কালেজঃ, দিবিজঃ। প্রাবৃষি জায়তে ইতি (জন্+ড)।

১২ **শয়-বাস-বাসিষ্বকালাৎ** (৬।৩।১৮)—শয় বাস ও বাসিন্ পরে থাকিলে ব্যঞ্জনবর্ণান্ত ও অকারান্ত শব্দের সপ্তমী বিভক্তির বিকল্পে লোপ হয়। যথা, খেশয়ঃ, খশয়ঃ; গ্রামেবাসী, গ্রামবাসী; বনেবাসঃ, বনবাসঃ। কিন্তু পূর্বাহ্ণশয়ঃ। পূর্বাহ্ণ শব্দ কালবাচক বলিয়া অলুক্ হয় নাই।)

১৩। **ষষ্ঠ্যা আক্রোশে** (৬।৩।২১)—নিন্দার্থে অনিষ্টভাষণ বুঝাইতে ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা, দাস্যাঃপতিঃ, চৌরস্যকুলম্, মাতুঃস্বসুঃ, বৃষল্যাঃপতিঃ, দস্যোর্ভ্রাতা। স্বরূপাখ্যানে—দাসীপতিঃ। প্রশংসা বুঝাইতে—ব্রাহ্মণকুলম্।

১৪। **বাগ্-দিক্-পশ্যদ্ভ্যো যুক্তিদণ্ডহরেষু** (বা)। বাচোযুক্তিঃ, দিশোদণ্ড; পশ্যতোহরঃ।

১৫। **দেবানাং প্রিয় ইতি চ মূর্খে** (বা)—দেবানাংপ্রিয়ঃ (মূর্খঃ), অন্যত্র দেবপ্রিয়ঃ। **শেপ-পুচ্ছ-লাঙ্গূলেষু শুনঃ** (বা)—শুনঃশেপঃ শুনঃপুচ্ছঃ, শুনোলাঙ্গূলঃ (ঋষীণাং নামত্রয়ম্)। **দিবশ্চ দাসে** (বা) দিবোদাসঃ।

১৬। **পুত্রেঽন্যতরস্যাম্** (৬।৩।২২)- নিন্দার্থে অনিষ্টভাষণ বুঝাইতে পুত্র শব্দ পরে থাকিলে বিকল্পে অলুক্ হয়। যথা দাস্যাঃ পুত্রঃ, দাসীপুত্রঃ।

১৭। **বিভাষা স্বসৃপত্যোঃ** (৬।৩।২৪)—স্বসৃ এবং পতি শব্দ পরে থাকিলে বিকল্পে অলুক্ হয়—মাতুঃস্বসা, মাতৃষসা (১); পিতুঃস্বসা, পিতৃষসা; দুহিতুঃপতিঃ, দুহিতৃপতিঃ; ননান্দুঃপতি; ননান্দৃপতিঃ। বাহুলকাৎ ক্বচিৎ অন্যত্রাপি—দিবস্পতিঃ, বাচস্পতিঃ, ভ্রাতুষ্পুত্রঃ।

সুপ্সুপা বা সহসুপা সমাস

সহ সুপা (২।১।৪)—সুবন্ত পদের সহিত সুবন্তপদের সমাসকে সহসুপা বা সুপ্সুপা সমাস বলে। ইহা সকল সমাসেরই সাধারণ লক্ষণ হইলেও যে সকল স্থলে বিশেষ বিশেষ সূত্রদ্বারা বিভিন্ন সমাস বিহিত হইয়াছে, সেই সকল ক্ষেত্রে সেই সেই সমাস হয়; কিন্তু যখন পূর্বে বর্ণিত কোন সমাসের মধ্যেই পড়ে না, তখন যে সমাস হয় তাহাকে সহসুপা সমাস বলে। যস্য সমাসস্য বিশেষ-সংজ্ঞা ন কৃতা, স সামান্যেন সহসুপেতি সমাসঃ। ইহার স্থল যথা—

(i) **ইবেন সমাসো বিভক্ত্যলোপশ্চ** (বা)—ইব শব্দের সহিত সহসুপা সমাস হয় এবং বিভক্তিলোপ হয় না। যথা বাগর্থাবিব, জীমূতস্যেব। এই সমাস সকল স্থানে হয় না (২)। যথা, উদ্বাহুরিব বামনঃ (এখানে ইব 'বামনঃ' পদের সঙ্গে না থাকায় সমাস হয় নাই)।

(ii) ক্রিয়াবিশেষণের সহিত সুহসুপা সমাস হয়। যথা, পূর্বং ভূতঃ—ভূতপূর্বঃ (৩), অবশ্যং কর্তব্যম্—অবশ্যকর্তব্যম্ (৪), অবশ্যং দেয়ম্—অবশ্যদেয়ম্,

---

(১) মাতৃপিতৃভ্যাং স্বসা ইতি সমাস ষত্বম্।

(২) অয়ং সমাসস্তু কাচিৎক এব ন সর্বত্র। তেন 'জীমূতস্যেব' ইত্যাদৌ তৈত্তিরীয়াণাং পৃথক্-পদত্বেন পাঠঃ। উদ্বাহুরিব বামনঃ ইত্যাদৌ ব্যস্তপ্রয়োগশ্চ সঙ্গচ্ছতে ইতি তত্ত্বোধিনী, মনোরমা চ।

(৩) 'ভূতপূর্বেচরট্' (৫।৩।৫৩) ইতি নির্দেশাৎ ভূতশব্দস্য পূর্বনিপাতঃ।

(৪) 'লুম্পেদবশ্যমঃ কৃত্যে'—কৃত্য-প্রত্যয়ান্ত শব্দ পরে থাকিলে 'অবশ্যম্' এই অব্যয়ের ম্-এর লোপ হয়। অবশ্যকর্তব্যম্।

পূর্বং দৃষ্টাঃ—পূর্বদৃষ্টাঃ দৃষ্টপূর্বাঃ বা (১) দৃঢ়ং বদ্ধঃ—দৃঢ়বদ্ধঃ। বিস্পষ্টং পটুঃ বিস্পষ্টপটুঃ (মহাভাষ্য)।

(iii) **নঞর্থস্য ন-শব্দস্য সুপ্ সুপেতি সমাসঃ।** নঞর্থক **'ন' শব্দের সহিত** যে সমাস হয়, তাহা সংসুপা। যথা, ন একঃ—নৈকঃ, ন অতিদীর্ঘঃ—নাতিদীর্ঘঃ, ন অতিদূরম্—নাতিদূরম্।

(iv) অব্যয়ীভাব সমাসের বিষয় ব্যতীত অব্যয়ের সহিত যে সমাস হয়, তাহা সহসুপা। যথা, যথা প্রাপ্তা—যথাপ্রাপ্তা, বিনা কৃতা—বিনাকৃতা, পুনঃ জন্ম—পুনর্জন্ম।

সর্বসমাসসাধারণ সমাসান্ত

১। **ঋক্-পূর্-অব্-ধূঃ-পথাম্ আনক্ষে** (৫।৪।৭৪)—অ+অনক্ষে=আনক্ষে। **সকল সমাসেই** অন্তস্থিত ঋচ্, পুর্, অপ্, ধুর্, ও পথিন্ শব্দের উত্তর অ হয়, কিন্তু অক্ষ শব্দ পূর্বে থাকিলে হয় না। যথা, অর্দ্ধম্ ঋচঃ—অর্ধচঃ, সপ্ত ঋচঃ যস্মিন্ মন্ত্রে সঃ—সপ্তর্চঃ মন্ত্রঃ ; অনৃচ-বহ্বৃচৌ অধ্যেতরি এব—নাস্তি ঋক্ যস্য সঃ **অনৃচঃ** মাণবকঃ, বহ্ব্যঃ ঋচঃ যস্য সঃ—**বহ্বৃচঃ** শিষ্যঃ ; ইহ তু ন—অনৃক্ সাম, বহ্বৃক্ সূত্রম্। পুর্—রাজ্ঞঃ পূঃ রাজপুরম্ (ক্লীবত্বং লোকাৎ), দ্বয়োঃ পুরোঃ সমাহারঃ দ্বিপুরী। অপ্—বিমলাঃ আপঃ যস্মিন্ তৎ—বিমলাপং সরঃ তপ্তাপা বাপী বহ্বপাঃ তড়াগাঃ ; দ্বির্গতাঃ আপঃ যস্মিন্—দ্বীপম্ (২), এবম্—সমীপম্ (৩), অন্তরীপম্, অতীপম্ প্রতীপম্। ধুর্—রাজ্ঞো ধূঃ—রাজধুরা, বিগতা ধূঃ যস্যাঃ সা—বিধুরা, মহতী ধূঃ যস্য সঃ—মহাধুরঃ।

---

(১) "জ্ঞাপকসিদ্ধং ন সর্বত্র' ইতি পরিভাষয়া কচিৎ ক্তপ্রত্যয়ান্তশব্দস্য ন পূর্বনিপাতঃ। অতএব **'পূর্বাবধীরিতং** শ্রেয়ো দুঃখং হি পরিবর্ততে' ইতি কালিদাসঃ, লতায়াং **পূর্বলূনায়াং** প্রসূনস্যাগমঃ কুতঃ ইতি ভবভূতিশ্চ।

(২) দ্ব্যন্তরুপসর্গেভ্যোঽপ ঈৎ (৬।৩।৯৭)—দ্বি, অন্তর্ এবং উপসর্গের পরবর্তী অপ্ শব্দের অকারের স্থানে ঈকার হয় (অপ—ঈপ)।

(৩) **সমাপো** দেবযজনমিতি তু সম্যাঃ আপঃ যস্মিন্ ইতি বিগ্রহে **সম-শব্দেন সমাসাৎ**।

পথিন্—দক্ষিণস্যাং দিশি পন্থাঃ দক্ষিণাপথঃ ; এবম্—উত্তরাপথঃ, মহাপথঃ, রাজপথঃ, স্থলপথঃ, জলপথঃ, রম্যপথো দেশঃ চতুর্ণাং পথাং সমাহারঃ—চতুষ্পথম্ (১), সখা চ পন্থাশ্চ—সখিপথৌ। অনক্ষে কিম্—অক্ষস্য (রথকাষ্ঠ-বিশেষস্য) ধূঃ—অক্ষধূঃ।

২। **কৃষ্ণোদক-পাণ্ডু-সংখ্যা-পূর্বায়া ভূমেরজ্ ইষ্যতে** (বা)—কৃষ্ণ, উদক্, পাণ্ডু, ও সংখ্যাবাচক শব্দের পরবর্তী ভূমি শব্দের উত্তর সমাসান্ত অচ্ প্রত্যয় হয়। যথা—কৃষ্ণা (কৃষ্ণবর্ণা) ভূমির্যস্মিন্ স কৃষ্ণভূমো দেশঃ। এইরূপ উদগ্ভূমা পাণ্ডুভূমা নগরী। সপ্ত ভূময়ঃ যস্য স সপ্তভূমঃ (Seven-storeyed) প্রাসাদঃ। অচ্ প্রত্যস্ববপূর্বাৎ (৫।৪।৭৫) সূত্রের অজ্ **ইতি যোগবিভাগাৎ** পদ্মং নাভৌ (পদ্মাকারা বা নাভিঃ) যস্য স **পদ্মনাভঃ**, ঊর্ণা নাভৌ (নাভিস্থিতা বা ঊর্ণা) যস্য স **ঊর্ণনাভঃ** (Spider), কোনও কোনও স্থলে হয়ও না—গম্ভীরনাভিঃ, প্রজা ইবাঙ্গাদ্ অরবিন্দনাভ্যেঃ ; **দর্শিতাবর্তনাভেঃ** (মেঘদূত)।

৩। **সংখ্যায়া নদীগোদাবরীভ্যাং চ** (বা)—সংখ্যাবাচক শব্দের পরবর্তী নদী ও গোদাবরী (এবং তৎসহ পঠিত অন্য নদীর নামবাচক) শব্দের উত্তর সমাসান্ত অচ্ প্রত্যয় হয়। যথা—পঞ্চানাং নদীনাং সমাহারঃ পঞ্চনদম্, সপ্তানাং গোদাবরীণাং (=নদীনাম্) সমাহারঃ সপ্তগোদাবরম্, এইরূপ দ্বিযমুনম্ ইত্যাদি।

৪। **ত্র্যুপাভ্যাং চতুরোঽজ্ ইষ্যতে** (বা)—ত্রি এবং উপ শব্দের পর চতুর্ শব্দ থাকিলে সমাসান্ত অচ্ প্রত্যয় হয়। ত্রয়ো বা চত্বারো বা ত্রিচতুরাঃ চতুর্ণাং সমীপে অথবা উপগতাশ্চত্বারো যেষাং তে উপচতুরাঃ।

৫। **অক্ষ্ণোঽদর্শনাৎ** (৫।৪।৭৬)—চক্ষুভিন্ন অর্থে অক্ষিশব্দান্ত সমাসে সমাসান্ত অচ্ প্রত্যয় হয়। যথা, গবাং (কিরণানাম্) অক্ষি ইব গবাক্ষঃ (বাতায়নম্ Window), পুষ্করস্য (জলস্য) অক্ষি ইব পুষ্করাক্ষম্ (পদ্মম্)।

৬। **অন্ববতপ্তাদ্ রহসঃ** (৫।৪।৮১)—অনু, অব ও তপ্ত শব্দের পরবর্তী রহস্ শব্দের উত্তর সমাসান্ত অচ্ প্রত্যয় হয়। রহঃ রহঃ অনু অনুরহসম্ (অত্যেস্তং)

(১) সংখ্যাপূর্বং রাত্রং ক্লীবম্ ইতি পরবল্লিঙ্গতাপবাদঃ।

গুপ্তম্), অবগতং রহঃ অবরহসম্ (divulged secret), তপ্তম্ ইব তপ্তম্ তপ্তং চ তদ্ রহশ্চেতি তপ্তরহসম্। (১)

৭। **প্রতেরুরসঃ সপ্তমীস্থাৎ** (৫।৪।৮২)—সপ্তমীবিভক্তির অর্থে অব্যয়ীভাবসমাসে উরস্ শব্দের উত্তর সমাসান্ত অচ্ প্রত্যয় হয়। উরসি ইতি প্রত্যুরসম্ (বিভক্ত্যর্থে অব্যয়ীভাব)। সপ্তমীর অর্থে না হইলে হয় না। যথা, প্রতিগতম্ উরঃ প্রত্যুরঃ (প্রাদিতৎপুরুষ সমাস)।

৮। **উপসর্গাদধ্বনঃ** (৫।৪।৮৫)—প্র-প্রভৃতি উপসর্গ পূর্বে থাকিলে অধ্বন্ শব্দের উত্তর সমাসান্ত অচ্ হয়। অধ্বানং প্রগতঃ প্রাধ্বঃ (রথো বাজী বা), নিরধ্বাঃ (তীর্থগামিনঃ), প্রাধ্বম্ (শকটম্)।

৯। **অচতুর-বিচতুর-সুচতুর-স্ত্রীপুংস-ধেন্বনুডুহ...গোষ্ঠশ্বাঃ** (৫।৪।৭৭) এই সূত্রে উল্লেখিত পদগুলি সমাসান্ত অচ্ প্রত্যয় যোগে নিপাতনে (২) সিদ্ধ।

এই সূত্রস্থ বিভিন্ন সমাসনিষ্পন্ন পদগুলি—

বহুব্রীহি—অবিদ্যমানা ন চত্বারি যস্য অচতুরঃ, এইরূপ বিচতুরঃ, সুচতুরঃ। (৩)

দ্বন্দ্ব স্ত্রী চ পুমান্ স্ত্রীপুংসৌ ধেনুশ্চ অনড্বাংশ্চ ধেন্বনডুহৌ, ঋক্ চ সাম চ ঋক্সামে, বাক্ চ মনশ্চ—বাঙ্মনসে (**বাঙ্মনসী হইবে না,**) অক্ষিণী চ ভ্রুবৌ চ অক্ষিভ্রুবম্ (**অক্ষিভ্রু হইবে না**), দারাশ্চ গাবশ্চ দারগবম্, নক্তং চ দিবা চ নক্তন্দিবম্, রাত্রৌ চ দিবা চ রাত্রিন্দিবম্, অহনি চ দিবা চ অহর্দিবম্ (বীপ্সার্থে দ্বন্দ্ব—একশেষ হইবে না), ঋক্ চ যজুশ্চ ঋগ্যজুষম্। ঊরু চ অষ্ঠীবন্তৌ (knees) চ ঊর্বষ্ঠীবম্; পাদৌ চ অষ্ঠীবন্তৌ চ পদষ্ঠীবম্।

অব্যয়ীভাব—রজোঽপি অপরিত্যজ্য সরজসম্ (সাকল্যে অব্যয়ীভাব, বহুব্রীহিতে রজোভিঃ সহ সরজঃ পঙ্কজম্), শুনঃ সমীপম্ উপশুনম্।

তৎপুরুষ—নিশ্চিতং শ্রেয়ঃ নিশ্রেয়সম্ (বহুব্রীহিতে নিঃশ্রেয়ান্ পুরুষঃ)। গোষ্ঠে শ্বা গোষ্ঠেশ্বঃ (কিন্তু ষষ্ঠী তৎপুরুষে গোষ্ঠস্য শ্বা গোষ্ঠশ্বা)।

(১) 'অকথ্যং যদ্ ভবেদ্ বাক্যং তৎ তপ্তরহসং বিদুঃ।'

(২) নিপাতনং সামান্যাদৃশে প্রাপ্তেঃ স্যাদৃশপ্রয়োগকরণজ্ঞাপনম্।

(৩) শোভনানি চত্বারি যস্য—ন পুনরাং ইতি সমাসান্তনিষেধো বাধ্যতে।

দ্বিগু—দ্বয়োঃ আয়ুষোঃ সমাহারঃ দ্ব্যায়ুষম্, এইরূপ ত্র্যায়ুষম্।

কর্মধারয়—জাতশ্চাসৌ উক্ষা চেতি জতোক্ষঃ, মহাংশ্চাসৌ উক্ষা চেতি মহোক্ষঃ, এইরূপ বৃদ্ধোক্ষঃ।

Exercise

1. *Define* দ্বন্দ্ব *compound and state its different classes.*

2. *What is the difference between* ইতরেতরযোগ দ্বন্দ্ব *and* সমাহার দ্বন্দ্ব *?*

Ans. (*i*) ইতরেতরযোগে সর্বেষামেব পদানাং পৃথক্ত্বেন ক্রিয়য়া অন্বয়ঃ, সমাহারে তু সমষ্টিতয়া। (*ii*) ইতরেতরযোগঃ অবয়বপ্রধানঃ, তেন তত্র অন্বয়বক্তে দ্বিত্ববহুত্বে ভবতঃ। যথা, রামলক্ষ্মণৌ গচ্ছতঃ, রামলক্ষ্মণভরতা গচ্ছন্তি। সমাহারঃ সংহতিপ্রধানঃ তিরোহিতাবয়বভেদশ্চ। তেন তত্র সদৈব ঔৎসর্গিকমেকবচনম্। (*iii*) ইতরেতরে পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োরিতি সমস্তস্য লিঙ্গং পরপদবৎ, সমাহারে তু সংহতেরনির্দিষ্টলিঙ্গতয়া সামান্যে নপুংসকমিতি সমস্তং ক্লীবলিঙ্গমেব।

3. *Is* একশেষ *a Samasa ? Give reasons for your answer.*

4. *Are* নিত্যসমাস *and* অলুক্‌সমাস *different classes of Samasa ? If not, why ?*

5. *Clearly explain* সহসুপা সমাস *and give illustrative examples in support of your answer.*

6 *Distinguish between* :—দেবসভা, দেবসভম্ (দেবানাং সংঘাতঃ); মহাশ্রয়ঃ, মহদাশ্রয়ঃ ; পুষ্পফলম্, পুষ্পফলে ; অপথম্, অপথঃ ; নগণ্যঃ, অগণ্যঃ ; অবিঘ্নঃ, অবিঘ্নম্ ; গ্রামার্ধঃ, অর্ধগ্রামঃ, গ্রামার্ধম্ ; দ্বুহৃৎ, দুর্হৃদয়ঃ ; বৃহৎপতিঃ, বৃহস্পতিঃ ; ত্বদ্‌গৃহম্, যুষ্মদ্‌গৃহম্।

7. *Combine the following into compound words* :—

শীতং চ উষ্ণং চ, বাক্ চ মনশ্চ, মাতা চ পিতা চ, শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ, পিতা চ পুত্রশ্চ, অগ্নিশ্চ সোমশ্চ, সূর্যশ্চ চন্দ্রমাশ্চ, দ্যৌশ্চ পৃথিবী চ, নক্তং চ দিবা চ,

হস্তিনশ্চ অশ্বাশ্চ, মুখং চ নাসিকা চ, মিত্রশ্চ বরুণশ্চ, বাক্ চ ত্বক্ চ, শীতং চ উষ্ণং চ, অহশ্চ রাত্রিশ্চ, ন অতিহ্রস্বঃ, বিস্পষ্টং পটুঃ, হংসানাং রাজা, জায়া চ পতিশ্চ, ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ, শিবশ্চ শিবা চ, অগ্নিশ্চ বায়ুশ্চ, আপশ্চ তেজশ্চ, দারাশ্চ পতিশ্চ, গজশ্চ অশ্বশ্চ, দধি চ পয়শ্চ, পুত্রাশ্চ পৌত্রাশ্চ, ভ্রাতা চ স্বসা চ।

8. *Justify the Samasas in :—*

(*a*) **চঞ্চুচরণৈ** র্লোহিতাঃ সিতাঃ। (অমরকোষঃ)

(*b*) পাতিতৈর**থনাগাশ্বৈ**রগম্যাভূৎ বসুন্ধরা। (চণ্ডী)

(*c*) **দন্তমুষ্টিতলৈ**শ্চৈব করালশ্চ নিপাতিতঃ। (চণ্ডী)

(*d*) **দেবাসুরৈ**রমৃতমম্বোনিধির্মমন্থে। (ভারবিঃ)

(*e*) রক্ষিতা নু বিবিধাস্ত**রুশৈলাঃ**। (ভারবিঃ)

(*f*) সা **রাজহংসৈ**রিব সন্নতাঙ্গী। (কুমারে)

(*g*) সা দক্ষরোষাৎ **সুদতী** সসর্জ। (কুমারে)

(*h*) **দৃঢ়ভক্তি**রিতি জ্যেষ্ঠে রাজ্যতৃষ্ণাপরাঙ্মুখঃ। (রঘৌ)

(*i*) মীনবতী নয়নাভ্যাং **করচরণাভ্যাং** প্রফুল্লকমলবতী।

(*j*) **হেমরূপং** মনোহরম্।

9. *Account for* একবীরঃ *when* বীরৈকঃ *is expected*।

Ans. 'পূর্বকালৈকসর্ব—' (২।১।৪৯) ইতি বাধিত্বা পরত্বাৎ 'পূর্বাপর-প্রথম—' (২।১।৫৮) ইতি সমাসে বীরৈক ইতি হি স্যাৎ। সত্যম্, **বিশেষণং বিশেষ্যেণ বহুলম্ সূত্রে বহুলগ্রহণাদ্ ভবিষ্যতি** ইতি দীক্ষিতপাদাঃ।

10. *Account for the plural number in* **পতন্ত্যনেকে** জলধে-রিবোর্ময়ঃ।

Ans. নঞ্সমাসস্য ভাষ্যোক্ত্যা উত্তর-পদ-প্রাধান্যাৎ, অনেকমন্যপদার্থে ইতি সূত্রকারপ্রয়োগাচ্চ একশব্দে বহুবচনং কথং স্যাৎ? উচ্যতে—**বাস্তববহুত্বা-ভিপ্রায়ং বহুবচনম্**। যথা, রথঃ অশ্বঃ গজশ্চ প্রত্যেকম্ অনেকঃ, তেন অনেকশ্চ অনেকশ্চ অনেকশ্চ ইতি একশেষাৎ অনেকে ইতি প্রৌঢ়মনোরমা। **বহুব্রীহৌ তু বহুত্বে অনেকাঃ ইতি**।

11. How can you justify ষষ্ঠীসমাস *with a* সংখ্যাবাচক শব্দ ?

Ans. সংখ্যায়াস্তু সংখ্যামাত্রবাচিত্বে ষষ্ঠ্যাঃ সমাসঃ স্যাদেব। যথা, গবাং শতম্—গোশতম্। তথাচ—শোকস্থানসহস্রাণি ভয়স্থানশতানি চ। দিবসে দিবসে মূঢ়মাবিশন্তি ন পণ্ডিতম্।

12. Translate into Sanskrit :—

(*a*) A certain demon lived for two hundred years in a deep forest. Indra being entreated by the inhabitants to kill him, tried his utmost to do so but being unsuccessful went to the sage Agastya. (*b*) Shortly after, the royal palace suddenly caught fire and was destroyed. The king said, "I am not a pious ruler." (*c*) He then ordered the prince to rule the kingdom in his absence and himself went to reside in the temple of Mahakala. (*d*) Seeing that you desire to sacrifice your life contrary to our wishes, I have come to dissuade you from your purpose. (*e*) Worship Visnu day and night and you will soon get rid of your disease. If you loathe your body, there will be no cessation to your sufferings. (*f*) Vamadeva, who well knew right and wrong, being tormented by hunger desired to eat the flesh of a dog in order to save his life. (*g*) The sage thereupon sprinkled a few drops of water in his face and then something very strange happended—the boy stood motionless and silent. (*h*) He lost all desires for food and for sleep and night and day he lay upon the grass gazing at his image reflected in the water. (*i*) Then she travelled along slowly in the dress of a man and in the afternoon she saw a good cowherd who was moved to compassion seeing her delicate beauty. She approached him and said, "What country is this ? Please tell me."

তদ্ধিতপ্রকরণ

১। তদ্ধিতাঃ (৪।১।৭৬)—তেভ্যঃ প্রসিদ্ধেভ্যঃ প্রয়োগেভ্যঃ হিতাঃ প্রত্যয়াঃ তদ্ধিতপ্রত্যয়া উচ্যন্তে। শব্দের উত্তর যে সকল প্রত্যয় শিষ্টপ্রয়োগ অনুসারে প্রযুক্ত হয় তাহাদিগকে তদ্ধিতপ্রত্যয় বলে। শিষ্টপ্রয়োগ অতিক্রম করিয়া ইহারা প্রযুক্ত হয় না। যথা, অতঃ ইঞ্—এইরূপ সূত্র থাকিলেও যাবতীয় অকারান্ত শব্দের উত্তর ইঞ্ হয় না, যাহাদের সম্বন্ধে শিষ্টপ্রয়োগ আছে, কেবল তাহাদের উত্তরই ইহা বিহিত হয়।

অপত্য (১), দেবতা, হিত, ভাব, কর্ম, সাধু প্রভৃতি নানাবিধ অর্থে তদ্ধিত প্রত্যয় প্রযুক্ত হয়। এই সকল অর্থকে তদ্ধিতার্থ এবং এই সকল প্রত্যয়জাত নূতন শব্দকে তদ্ধিতান্ত শব্দ বা প্রাতিপদিক বলে। কৃত্তদ্ধিত-সমাসাশ্চ (প্রাতি-পদিকম্) তখন উহাতে পুনরায় যথাযোগ্য বিভক্তি এবং শব্দরূপ হইয়া থাকে; কিন্তু যে সকল তদ্ধিতপ্রত্যয় কোন নির্দিষ্ট বিভক্তিতে হয়, সকল বিভক্তিতে হয় না, তাহারা অব্যয়, তাহাদের পরস্থিত বিভক্তির লোপ হয় (তদ্ধিতশ্চাসর্ববিভক্তিঃ ১।১।৩৮)। যথা, যত্র, তত্র (ত্রল্), যথা, তথা (থাল্), যতঃ, ততঃ (তসিল্) ইত্যাদি।

প্রত্যয়ের পরিবর্তন

২। তদ্ধিতপ্রত্যয় বহু; তন্মধ্যে প্রধান প্রধান কতিপয় যথা—অণ্, ইঞ্, ষ্যঞ্, ঢক্, ফক্, খ, খঞ্, ছ, ঘ, ঠক্, ঠঞ্, বুঞ্, টু্য, টু্যল্ প্রভৃতি। এই সকল প্রত্যয়ের ণ্, ঞ্, ষ, ঢ্, ক্, খ্, ছ্, ঘ্, ঠ, য়্, বু, টু প্রভৃতি উচ্চারণকালে থাকে কিন্তু কার্যকালে থাকে না। বিশেষ বিশেষ উদ্দেশ্যে এই সকল ইৎ অক্ষর ব্যবহৃত হইয়াছে। যথা—

(১) যুবোরনাকৌ (৭।১।১)—প্রত্যয়স্থ যু স্থানে অন এবং বু স্থানে অক হয়। যথা, চির+টু্যল্=চিরন্তন (তুট্আগম)। অরণ্য+বুঞ্=আরণ্যক।

(১) ন পতন্তি বংশো যেন জাতেন তদপত্যম্—যাহার জন্মের ফলে বংশ লোপ হয় না, তাহাকে অপত্য বলে। এইজন্য অপত্য শব্দে পুত্র, কন্যা, পৌত্র, প্রপৌত্র প্রভৃতি সকল বংশধরই বুঝায়। পাণিনিব্যাকরণে প্রয়োগনির্বাহের সুবিধার জন্য পুত্র ও কন্যাকে অনন্তরাপত্য এবং পৌত্র প্রভৃতিকে অন্তরাপত্য, গোত্র গোত্রাপত্য, বা বৃদ্ধ বলা হয়। পুরুষ বংশধর বুঝাইতে 'অপত্যং পুমান্' এবং নারী বংশধর বুঝাইতে 'অপত্যং স্ত্রী' এইরূপ বলা হয়।

(২) **আয়ন্-এয়্-ঈন্-ঈয়্-ইয়ঃ ফ-ঢ-খ-ছ-ঘাং প্রত্যয়াদীনাম্** (৭।১।২)—প্রত্যয়ের আদিস্থিত ফ্ স্থানে আয়ন্, ঢ্ স্থানে এয়্, খ স্থানে ঈন্, ছ স্থানে ঈয়্ এবং ঘ্ স্থানে ইয়্ হয়। যথা, নড়+ফক্=নাড়ায়ন, গঙ্গা+ঢক্=গাঙ্গেয়, বিনতা+ঢক্=বৈনতেয়; কুল+খ=কুলীন, সর্বজন+খঞ্ =সার্বজনীন; পর্বত+ছ=পর্বতীয়; যুষ্মদ্+ছ=যুষ্মদীয়; ক্ষত্র+ঘ=ক্ষত্রিয়।

(৩) **ঠস্যেকঃ** (৭।৩।৫০)—প্রত্যয়ের আদিস্থিত ঠ স্থানে ইক হয়। যথা, অক্ষ+ঠক্=আক্ষিক, লবণ+ঠঞ্=লাবণিক।

(৪) **ইসু-উস্-উক্-তান্তাৎ কঃ** (৭।৩।৫১)—ইস্‌ভাগান্ত, উস্‌ভাগান্ত, উকারান্ত, ঋকারান্ত, ৯কারান্ত এবং তকারান্ত শব্দের পরবর্তী ঠ স্থানে কিন্তু কেবল ক হয়। যথা, সর্পিষ্কঃ ধানুষ্কঃ, পৈতৃক ইত্যাদি।

বৃদ্ধি ও গুণপ্রভৃতি

৩। **অচো ঞ্ণিতি** (৭।৩।১১৫)—ঞ-কার ও ণ-কার অনুবন্ধ প্রত্যয় পরে থাকিলে শব্দের আদিস্বরের বৃদ্ধি হয়। যথা, দশরথ+ইঞ্=দাশরথি, মনু+অণ্=মানব।

৪। **কিতি চ** (৭।৩।১১৮)—ক অনুবন্ধ প্রত্যয় পরে থাকিলেও শব্দের আদিস্বরের বৃদ্ধি হয়। যথা, নড়+ফক্=নাড়ায়ন।

৫। **তদ্ধিতেষচামাদেঃ** (৭।৩।১১৭)—ঞ্, ণ্ ও ক্ অনুবন্ধ বিশিষ্ট তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে শব্দের আদিস্বরের বৃদ্ধি হয়। যথা, বিশ্বামিত্র+অণ=বৈশ্বামিত্র, ভৃগু+অণ্=ভার্গব, অত্রি+ঢক্=আত্রেয়।

৬। **হৃদ্-ভগ-সিন্ধ্বন্তে পূর্বপদস্য চ** (৭।৩।১৯)—ঞ্, ণ্ ও ক্ অনুবন্ধ বিশিষ্ট তদ্ধিতপ্রত্যয় পরে থাকিলে হৃদ্, ভগ ও সিন্ধু ভাগান্ত শব্দের উভয়পদেরই আদিস্বরের বৃদ্ধি হয়। যথা, সুহৃদো ভাবঃ—সৌহার্দম্ (অণ্), সৌহার্দ্যম্ (ষ্যঞ্) (১); সুভগস্য ভাবঃ—সৌভাগ্যম্ (ষ্যঞ্); সক্তু সিন্ধুষু ভবঃ—সাক্তুসৈন্ধবঃ (অণ্)।

(১) সুহৃদয় ও দুহৃদয় শব্দের উত্তর অণ্ প্রত্যয়ে সৌহৃদ এবং সৌহৃদ্য শব্দও হইয়া থাকে।

৭। **অনুশতিকাদীনাং চ** (৭।৩।২০)—অনুশতিক প্রভৃতি শব্দেরও **উভয় পদের আদিস্বরের** বৃদ্ধি হয়। যথা, অনুশতিকস্য ইদম্—আনুশাতিকম্ (অণ্), কুরুপঞ্চালেষু ভবঃ—কৌরুপাঞ্চালঃ (অণ্), ইহলোকে ভবঃ—**ঐহলৌকিকঃ** (ঠক্), সর্বলোকে বিদিতঃ—**সার্বলৌকিকঃ**।

৮। **উত্তরপদস্য চ** (৭।৩।১০)—কোন কোন স্থলে কেবলমাত্র **পরপদের আদিস্বরেরই** বৃদ্ধি হয়। যথা, গুরুলঘোঃ ভাবঃ—**গুরুলাঘবম্**, পিতৃপিতামহাভ্যাম্ আগতম্—**পিতৃপৈতামহম্**।

৯। **যস্যেতি চ** (৬।৪।১৪৮)—স্ত্রীলিঙ্গ ঈপ্রত্যয় এবং য্ ও স্বরাদি তদ্ধিতপ্রত্যয় পরে থাকিলে **ইবর্ণান্ত ও অবর্ণান্ত শব্দের অন্ত্যস্বরের লোপ** হয়। যথা, কুমার—(কুমার্+ঈ) কুমারী, দক্ষ—(দক্ষ্+ই) দাক্ষি, দশরথ—(দশরথ্+ই) দাশরথি, অত্রি—(অত্র্+এয়) আত্রেয়।

১০। **ওর্গুণঃ** (৬।৪।১৪৬)—যকারাদি ও স্বরাদি তদ্ধিতপ্রত্যয় পরে থাকিলে **উকারান্ত শব্দের অন্ত্যস্বরের গুণ** হয়। যথা, মনু+অণ্=মানব, ভৃগু+অণ্=ভার্গব।

১১। **বান্তো যি প্রত্যয়ে** (৬।১।৭৯)—যকারাদি প্রত্যয় পরে থাকিলে (তন্নিমিত্তক) **ওকার স্থানে অব্** এবং **ঔকার স্থানে আব্** হয়। যথা, গো+যৎ=(গব্+য) গব্যম্, নৌ+যৎ=(নাব্+য)=নাব্যম্।

১২। **রীঙ্ ঋতঃ** (৭।৪।২৭)—যকারাদি প্রত্যয় ও চ্বি প্রত্যয় পরে থাকিলে **শব্দের অন্তস্থিত ঋ স্থানে রী** হয়। পিতৃ+যৎ=পিত্র্যম্। যঙ্—চেক্রীয়তে। ক্যঙ্—মাত্রীয়তে। চ্বি—মাত্রীভূতম্। ক্যচ্—পিত্রীয়তি। **কৃৎ-প্রত্যয় ও সার্বধাতুক প্রত্যয় পরে থাকিলে রী হয় না।** প্রকৃত্য, চেকীর্যতে।

১৩। **নস্তদ্ধিতে** (৬।৪।১৪৪)—য ও স্বরাদিপ্রত্যয় পরে থাকিলে **নকারান্ত শব্দের ন্ এর লোপ হয়।** যথা, অগ্নিশর্মন্+ইঞ্=আগ্নিশর্মি, ঊর্ধ্বলোমন্+ইঞ্=ঔর্ধ্বলোমি, রাজন্+যৎ=রাজ্য। কখন লোপ হয়ও না; যথা, রাজন্—রাজন্য, আত্মন্—আত্মনীন, যুবন্—যৌবন, পর্বন্—পার্বণ, ব্রহ্মন্—ব্রাহ্মণ।

১৪। **নলোপঃ প্রাতিপদিকান্তস্য** (৮।২।৭)—ভি বিভক্তি ও

সম্বোধনের একবচন ভিন্ন প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের অন্তস্থিত ন্ এর লোপ হয়। যথা, রাজন্+ত্ব=রাজত্ব। ঙবিভক্তি যথা, রাজনি ইব আচরিত—রাজন্যতি।

১৫। **ন য্বাভ্যাং পদান্তাভ্যাং পূর্বৌ তু তাভ্যাম্ ঐচ্,** (৭।৩।৩), **দ্বারাদীনাং চ** (৭।৩।৪০)—পদান্ত য্ বা ব্ এর পর যদি শব্দের আদিস্বর থাকে, তাহা হইলে তদ্ধিতে সেই আদিস্বরের বৃদ্ধি হয় না, **কিন্তু যকারের পূর্বে ঐ এবং বকারের পূর্বে ঔ** হয়। দ্বার প্রভৃতিরও এইরূপ হয়। যথা, ব্যসন+অণ্=বৈয়সন, স্বশ্ব+অণ্=সৌবশ্ব (১). দ্ব্যহ্ন+ঠক্—দ্বৈয়হ্নিক, দ্বার—দৌবারিক, ব্যাকরণ—বৈয়াকরণ, ন্যায়—নৈয়ায়িক, শ্বন্—শৌবন, শ্বস্—শৌবস্তিক (শ্বসস্তুট্ চ)। **স্বাগতাদীনাং চ**—স্বাগত প্রভৃতির হয় না; যথা, স্বাগত—স্বাগতিক, স্বভাব—স্বাভাবিক, স্বতন্ত্র—স্বাতন্ত্র্য, স্বস্থ—স্বাস্থ্য। শ্বাপদ ও ন্যঙ্কুশব্দের বিকল্পে হয়। যথা, শৌবাপদম্, শ্বাপদম্; নৈয়ঙ্কবম্, ন্যঙ্কবম্।

অপত্যপ্রত্যয়

১৬। **অত ইঞ্** (৪।১।৯৫)—অকারান্ত শব্দের উত্তর অনন্তর অপত্য (পুত্রকন্যা) অর্থে ইঞ্ হয়। যথা, দশরথ—দাশরথিঃ, রাবণ—রাবণিঃ, গর্গ—গার্গিঃ, শূর—শৌরিঃ, দ্রোণ—দ্রৌণিঃ, যুধিষ্ঠির—যৌধিষ্ঠিরিঃ, অর্জুন—আর্জুনিঃ, বিকর্ণ—বৈকর্ণিঃ, কৃষ্ণ—কার্ষ্ণিঃ, প্রদ্যুম্ন—প্রাদ্যুম্নিঃ, অর্ক—আর্কিঃ, ব্যাড়—ব্যাড়িঃ, চন্দ্র—চান্দ্রিঃ, বরুণ—বারুণিঃ, ভাস্কর—ভাস্করিঃ। মৈথিলস্য দুহিতা—মৈথিলী। পর্বত—পার্বতী। কথং প্রদীয়তাং দাশরথায় মৈথিলী? শেষবিবক্ষয়া 'তস্যেদম্' ইতি অণ্। এবং সৌমিত্রঃ।

১৭। **বাহ্বাদিভ্যশ্চ** (৪।১।৯৬)—বাহুপ্রভৃতি শব্দের উত্তর অনন্তর অপত্য অর্থে ইঞ্ হয়। যথা, বাহোঃ পুত্রঃ—বাহবিঃ (সগরঃ), সুমিত্রা—সৌমিত্রিঃ, উড়ুলোমন্—ঔড়ুলোমিঃ; অগ্নিশর্মন্—আগ্নিশর্মিঃ, দেবশর্মন্—

---

(১) ব্যসন—বি+অসন; স্বশ্ব—সু+অশ্ব। এখানে বি ও সু শব্দের ইকার ও উকার স্থানে য্ ও ব্ হইয়াছে; সুতরাং এই য্ ও ব্ পদান্ত।

দৈবশর্মিঃ। **সুধাতুরকঙ্ চ**—সুধাতৃ—সৌধাতকিঃ। **ব্যাস-বরুড়-নিষাদ-চণ্ডাল-বিম্বানাং চ**—ইহাদের উত্তরও ইঞ্ এবং অকঙ্ হয়। যথা, ব্যাস—বৈয়াসকিঃ, বরুড়—বারুড়কিঃ, নৈষাদ—নৈষাদকিঃ, চণ্ডাল—চাণ্ডালকিঃ, বিম্ব—বৈম্বকিঃ।

১৮। **অনৃষ্যানন্তর্যে বিদাদিভ্যোঽঞ্** (৪।১।১০৪)—বিদ প্রভৃতি শব্দে অঞ্ হয়। যাহারা ঋষি তাহাদের উত্তর অন্তরাপত্য অর্থে এবং অন্যের উত্তর অনন্তরাপত্য অর্থে অঞ্ হয়। যথা, বিদস্য পৌত্রাদিঃ—বৈদঃ (পুত্রস্তু বৈদিঃ), উর্বস্য পৌত্রাদিঃ—ঔর্বঃ, হরিত—হারিতঃ, কশ্যপ—কাশ্যপঃ, কুশিক—কৌশিকঃ, শুনক—শৌনকঃ, শরদ্বৎ—শারদ্বতঃ, ভরদ্বাজ—ভারদ্বাজঃ, বিশ্বানর—বৈশ্বানরঃ। পুত্রস্য পুত্রঃ—পৌত্রঃ, পুত্রস্য কন্যা—পৌত্রী দুহিতুঃ পুত্রঃ—দৌহিত্রঃ, ননান্দুঃ পুত্রঃ—নানান্দ্রঃ।

১৯। **নড়াদিভ্যঃ ফক্** (৪।১।৯৯)—নড়প্রভৃতি শব্দের উত্তর গোত্র অপত্য অর্থে ফক্ হয়। যথা, নড়স্য পৌত্রাদিঃ—নাড়ায়নঃ (পুত্রস্তু নাড়িঃ), চরস্য পৌত্রাদিঃ—চারায়ণঃ। কিন্তু সূত্রনড়স্যাপত্যং সৌত্রনাড়িঃ।

২০। **শিবাদিভ্যোঽণ্** (৪।১।১১২)—শিবপ্রভৃতি শব্দের উত্তর অপত্য অর্থে অণ্ হয়। **এই সূত্র হইতে সূত্রসমূহ সকল প্রকার অপত্যেই প্রযোজ্য।** শিব—শৈবঃ, গঙ্গা—গাঙ্গঃ (১), ককুৎস্থঃ—কাকুৎস্থঃ, বিশ্রবণ—বৈশ্রবণঃ, রবণ—রাবণঃ, পৃথা—পার্থঃ, যস্ক—যাস্কঃ, ইলা—ঐলঃ, সপত্নী—সাপত্নঃ, তক্ষন্—তাক্ষ্ণঃ, ভূমি—ভৌমঃ, যক্ষ—যাক্ষঃ, বিশ্রবস্—বৈশ্রবণঃ। কোন কোন নদীবাচক শব্দের উত্তর অণ্ হয়। যথা, যমুনা—যামুনঃ, নর্মদা—নার্মদঃ। ব্রহ্মণঃ অপত্যম্—ব্রাহ্মণঃ জাতিবিশেষঃ (২)।

২১। **ঋষ্যন্ধক-বৃষ্ণি-কুরুভ্যশ্চ** (৪।১।১১৪)—ঋষিবাচক, অন্ধকবংশীয়, বৃষ্ণিবংশীয় ও কুরুবংশীয় শব্দের উত্তর অপত্য অর্থে অণ্ হয়। যথা, বশিষ্ঠ—

(১) গঙ্গা শব্দের উত্তর পক্ষে ফিঞ্ হয়। যথা, গঙ্গা—**গাঙ্গায়নিঃ**। শুভ্রাদির অন্তর্গত বলিয়া পক্ষে ঢক্ও হয়। যথা, গঙ্গা—**গাঙ্গেয়ঃ**।

(২) ব্রাহ্মোঽজাতৌ—জাতি বুঝাইতে ব্রহ্মন্ শব্দের ন্এর লোপ হয় না। জাতি না বুঝাইলে লোপ হয়। যথা, ব্রহ্মণঃ ইদম্—**ব্রাহ্মং হবিঃ**, ব্রহ্মণঃ ইয়ম্—**ব্রাহ্মী ওষধিঃ**।

বাশিষ্ঠ, বিশ্বামিত্র—বৈশ্বামিত্র, ভৃগু—ভার্গব, গোতম—গৌতম, অঙ্গিরস্—আঙ্গিরস, মরীচি—মারীচ, অগস্ত্য—আগস্ত্য (কিন্তু অত্রি—আত্রেয়)। পুরু—পৌরব বৃষ্ণি—বার্ষ্ণেয়, যদু—যাদব, অনিরুদ্ধ—আনিরুদ্ধ। পাণ্ডু—পাণ্ডব, ধৃতরাষ্ট্র—ধার্তরাষ্ট্র।

২২। **মাতুরুৎ-সংখ্যা-সং-ভদ্র-পূর্বায়াঃ** (৪।১।১১৫)—সংখ্যাবাচক শব্দ, সম্ ও ভদ্র পূর্বে থাকিলে মাতৃ শব্দের উত্তর অপত্য অর্থে **অণ্** হয় এবং উহার **ঋস্থানে উর্** হয়। যথা, দ্বয়োঃ মাত্রোরপত্যং পুমান্—দ্বৈমাতুরঃ (গণেশঃ), তিসৃণাং মাতৄণাম্ অপত্যম্—ত্রৈমাতুরঃ (রামঃ লক্ষ্মণঃ), ষণ্ণাং মাতৄণামপত্যম্—ষাণ্মাতুরঃ (কার্ত্তিকেয়ঃ)। ভদ্রমাতৃ—ভাদ্রমাতুরঃ, সংমাতৃ—সাংমাতুরঃ।

২৩। **কন্যায়াঃ কনীন চ** (৪।১।১১৬)—কন্যা শব্দের উত্তর অপত্য অর্থে **অণ্** হয় এবং **কন্যাস্থানে কনীন** হয়। যথা, কন্যায়া অপত্যম্—**কানীনঃ** (ব্যাসঃ কর্ণশ্চ)। **ঢক্ চ মণ্ডূকাৎ**—চ-কারাৎ অণ্ ইঞ্ চ। মণ্ডূকস্য অপত্যম্—**মাণ্ডূকেয়ঃ মাণ্ডূকঃ মাণ্ডূকিঃ**।

২৪। **গর্গাদিভ্যো যঞ্** (৪।১।১০৫)—গর্গ প্রভৃতি শব্দের উত্তর অপত্য (পৌত্রাদি) অর্থে যঞ্ হয়। যথা, গর্গস্য অপত্যং পুমান্—গার্গ্যঃ, গর্গস্য অপত্যং স্ত্রী—গার্গী; চণকস্য অপত্যম্—চাণক্যঃ, বৎসস্য অপত্যম্—বাৎস্যঃ, লোহিতস্য অপত্যম্—লৌহিত্যঃ, জমদগ্নেঃ অপত্যম্—জামদগ্ন্যঃ, যজ্ঞবল্কস্য অপত্যম্—যাজ্ঞবল্ক্যঃ পরাশরস্য অপত্যম্—পারাশর্যঃ, মুদ্গলস্য অপত্যম্—মৌদ্গল্যঃ, চুলুকস্য অপত্যম্—চৌলুক্যঃ, শকলস্য অপত্যম্—শাকল্যঃ। কথং **রামো জামদগ্ন্যঃ ব্যাসঃ পারাশর্যো** বা ? পুত্রোঽপি পৌত্রাদিকার্য-করত্বাৎপৌত্রাদি-পদ-বাচ্যঃ, তেন যঞ্। অন্যথা ঋষিবাচকাদ্ অণ্-প্রত্যয়েন জামদগ্নঃ পারাশর ইতি স্যাৎ।

২৫। **দিত্যদিত্যাদিত্যপত্যুত্তরপদাণ্ ণ্যঃ** (৪।১।৮৫) **যমাচ্চ**—দিতি, অদিতি, আদিত্য, যম এবং পতিভাগান্ত শব্দের উত্তর অপত্য প্রভৃতি অর্থে ণ্য হয়। যথা, দিতেঃ অপত্যম্—দৈত্যঃ, অদিতেঃ অপত্যম্—আদিত্যঃ,

আদিত্যস্য অপত্যম্—আদিত্যঃ ; যমস্য অপত্যম্—যাম্যঃ, যমস্য ইয়ম্—যাম্যা দিক্ ; সেনাপতেঃ ভাবঃ কর্ম বা—সৈনাপত্যম্, প্রজাপতেঃ ইদম্—প্রাজাপত্যং কর্ম ; গার্হপত্যঃ ; বার্হস্পত্যঃ ; বৈশ্বপত্যঃ ।

২৬। **অশ্বপত্যাদিভ্যোঽণ্**—অশ্বপতি প্রভৃতি (১) শব্দের উত্তর অপত্য প্রভৃতি অর্থে **অণ্** হয়। যথা, আশ্বপতঃ, গাণপতঃ, পাশুপতঃ ইত্যাদি।

২৭ **দেবাদ্ যঞঞৌ** (বা)—দেব শব্দের উত্তর **যঞ্** ও **অঞ্** হয়। যথা, দৈব্যঃ, দৈবঃ।

২৮। **পৃথিব্যা ঞাঞৌ** (বা)—পৃথিবী শব্দের উত্তর **ঞ** ও **অঞ্** হয়। যথা, পার্থিবঃ ; (স্ত্রিয়াম্) পার্থিবা, পার্থিবী।

২৯। **স্ত্রীভ্যো ঢক্** (৪।১।২০)—স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দের উত্তর অপত্য অর্থে **ঢক্** হয়। যথা, বিনতায়াঃ অপত্যম্—বৈনতেয়ঃ। সরমা—সারমেয়ঃ, সুপর্ণা—সৌপর্ণেয়ঃ সুভদ্রা—সৌভদ্রেয়ঃ, রাধা—রাধেয়ঃ, গঙ্গা—গাঙ্গেয়ঃ, তাড়কা—তাড়কেয়ঃ, ভগিনী—ভাগিনেয়ঃ, মহী—মাহেয়ঃ, কুন্তী—কৌন্তেয়ঃ রোহিণী—রৌহিণেয়ঃ, রুক্মিণী—রৌক্মিণেয়ঃ, অম্বা—আম্বেয়ঃ, আম্বিকাঃ—আম্বিকেয়ঃ, গোধা—গৌধেয়ঃ, যুবতি—যৌবতেয়ঃ, কিন্তু, সপত্নী—সাপত্নঃ (শিবাদিত্বাৎ অণ্), ক্রুঞ্চা—ক্রৌঞ্চঃ, কোকিলা—কৌকিলঃ।

৩০। **শুভ্রাদিভ্যশ্চ** (৪।১।১২৩)—শুভ্র প্রভৃতি শব্দের উত্তরও **ঢক্** হয়। যথা, শুভ্রস্য অপত্যম্ শৌভ্রেয়ঃ, অত্রি—আত্রেয়, বিধি—বৈধেয়, শক্তি—শাক্তেয়, বিমাতৃ—বৈমাত্রেয়ঃ, মৃকণ্ডু—মার্কণ্ডেয়ঃ, দিতি—দৈতেয়ঃ, আদিতি—আদিতেয়ঃ, পাণ্ডু—পাণ্ডবেয়ঃ, সুরভেরপত্যং স্ত্রী—সৌরভেয়ী।

৩১। **কল্যাণ্যাদীনাম্ ইনঙ্ চ** (বা)—কল্যাণী-প্রভৃতি শব্দের উত্তর **ঢক্** হয় এবং অন্ত্যবর্ণ ঈ স্থানে ইনঙ্ (ইন) হয়। যথা, কল্যাণ্যাঃ অপত্যং পুমান্—কল্যাণিনেয়ঃ, বন্ধকী—বান্ধকিনেয়ঃ, পরস্ত্রী—পারস্ত্রৈণেয়ঃ, কনিষ্ঠা—কানিষ্ঠিনেয়ঃ, জ্যেষ্ঠা—জ্যৈষ্ঠিনেয়ঃ, মধ্যমা—মাধ্যমিনেয়ঃ, রঞ্জকী—রাঞ্জকিনেয়ঃ।

(১) অশ্বপ্রভৃতি শব্দ—অশ্ব, গণ, রাষ্ট্র, কুল, গৃহ, পশু, ধান্য, ধন্বন্, প্রাণ, অধি, নৃ, সভা ক্ষেত্র।

৩২। **কুলটায়া বা** (বা)—কুলটা শব্দের উত্তর ঢক্ হয় এবং বিকল্পে অন্ত্যস্বরস্থানে ইনঙ্ হয়। যথা, কুলটায়াঃ অপত্যম্—কৌলটিনেয়ঃ, কৌলটেয়ঃ। এখানে কুলটা শব্দের অর্থ সতী ভিক্ষুকী। কিন্তু 'অসতী নারী' বুঝাইতে ইনঙ্ হয় না। পক্ষে 'ক্ষুদ্রাভ্যো বা' এই সূত্রে বিকল্পে ঢ্রক্ ও ঢক্ হয়। যথা, কুলটায়াঃ (ব্যভিচারিণ্যাঃ) অপত্যম্—কৌলটেরঃ কৌলটেয়ঃ বা।

৩৩। **চটকায়া ঐরক্** (৪।১।১২৮)—চটক ও চটকা শব্দের উত্তর অপত্য অর্থে ঐরক্ (ঐর) হয়। যথা, চটকস্য চটকায়া বা অপত্যং পুমান্—চাটকৈরঃ। কিন্তু, চটকস্য চটকায়া বা অপত্যং স্ত্রী—চটকা (স্ত্রীলিঙ্গে অপত্য প্রত্যয়ের লোপ, অজাদিত্বাৎটাপ্)।

৩৪। **গোধায়া ঢ্রক** (৪।১।১২৯), **আরগুদীচাম্** (৪।১।১৩০)—অপত্য অর্থে গোধা শব্দের উত্তর ঢ্রক্, ঢক্ ও আরক্ হয়। যথা, গোধায়া অপত্যম্—গৌধেরঃ, গৌধেয়ঃ, গৌধারঃ।

৩৫। **ক্ষুদ্রাভ্যো বা** (৪।১।১৩১)—**অঙ্গহীনা ও চরিত্রহীনাদিগকে ক্ষুদ্রা বলে।** তাহাদের উত্তর অপত্য অর্থে বিকল্পে ঢক্ ও ঢ্রক্ হয়। যথা, কাণায়াঃ অপত্যম্—কাণেরঃ, কাণেয়ঃ ; কুব্জায়াঃ অপত্যম্—কৌব্জেরঃ, কৌব্জেয়ঃ ; দাস্যাঃঅপত্যম্ দাসেরঃ, দাসেয়ঃ, কুলটায়াঃ অপত্যম্—কৌলটেরঃ, কৌলটেয়ঃ।

৩৬-৩৭ **পিতৃষ্বসুশ্ছণ্, মাতৃষ্বসুশ্ছঃ** (৪।১।১৩২, ১৩৪)—পিতৃষ্বসৃ মাতৃষ্বসৃ শব্দের উত্তর অপত্য অর্থে ছণ্ (ঈয়) ও ঢক্ হয়। যথা, পিতৃষ্বসুঃ অপত্যম্—পৈতৃষ্বস্রীয়ঃ পৈতৃষ্বসেয়ঃ (ঢকি লোপঃ এই সূত্রে অন্ত্যস্বর ঋকারের লোপ) মাতৃষ্বসুঃ অপত্যম্—মাতৃষ্বস্রীয়ঃ, মাতৃষ্বসেয়ঃ।

৩৮। **রাজশ্বশুরাদ্ যৎ** (৪।১।১৩৭)—শ্বশুর শব্দের উত্তর এবং ক্ষত্রিয়-জাতি বুঝাইতে রাজন্ শব্দের উত্তর অপত্য অর্থে যৎ হয়। যথা, রাজ্ঞঃ (ক্ষত্রিয়স্য) অপত্যম্—রাজন্যঃ (১) শ্বশুরস্য অপত্যম্—শ্বশুর্যঃ (২)।

---

(১) **যে চাভাবকর্মণোঃ** (৬।৪।১৬৮)—ভাব ও কর্ম না বুঝাইলে যৎ প্রত্যয়ে রাজন্ শব্দের ন্ এর লোপ হয় না, কিন্তু ভাব বা কর্ম বুঝাইতে লোপ হয়। যথা, রাজ্ঞঃ অপত্যম্—রাজন্যঃ, কিন্তু রাজ্ঞঃ ভাবঃ কর্ম বা—রাজ্যম্।

(২) মতান্তরে ইঞ্ প্রত্যয়ে শ্বাশুরিঃ এইরূপও হয়।

৩৯। **ক্ষত্রাদ্ ঘঃ** (৪।১।১৩৮)—ক্ষত্রশব্দের উত্তর অপত্য অর্থে ঘ হয়। যথা, ক্ষত্রস্য অপত্যম্—ক্ষত্রিয়ঃ (জাতিবিশেষঃ) কিন্তু শূদ্রাপ্রভৃতির গর্ভজাত হইলে 'ক্ষাত্রিঃ' হয়।

৪০। **কুলাৎ খঃ** (৪।১।১৩৯)—কুল শব্দের উত্তর অপত্য অর্থে খ হয়। যথা, কুলস্য অপত্যম্—কুলীনঃ। পক্ষে কুল্যঃ এবং কৌলেয়কঃ (শ্বা) এইরূপও হয়।

৪১। **স্বস্রুশ্ছঃ** (৪।১।১৪২)—স্বসৃ শব্দের উত্তর অপত্য অর্থে ছ হয়। যথা, স্বসুঃ অপত্যম্—স্বস্রীয়ঃ।

৪২। **ভ্রাতুর্ব্যচ্চ** (৪।১।১৪৩)—ভ্রাতৃ শব্দের উত্তর অপত্য অর্থে ব্যৎ ও ছ হয়। যথা ভ্রাতুরপত্যম্—ভ্রাতৃব্যঃ, ভ্রাত্রীয়ঃ। শত্রুঃ বুঝাইতে ব্যৎ ও ছ হয় না, ব্যন্ হয়। যথা, ভ্রাতৃব্যঃ শত্রুঃ। গজস্য ভ্রাতৃব্যঃ সিংহঃ।

৪৩। **রেবত্যাদিভ্যষ্ঠক্** (৪।১।১৪৬)—রেবতী প্রভৃতি শব্দের উত্তর অপত্য অর্থে ঠক্ হয়। যথা, রেবত্যাঃ অপত্যম্—রৈবতিকঃ, দ্বারপাল্যাঃ অপত্যম্—দৌবারপালিকঃ, অশ্বপাল্যা অপত্যম্—আশ্বপালিকঃ।

৪৪। **মনোর্জাতাবঞ্‌যতৌ ষুক্ চ** (৪।১।১৬১)—জাতি বুঝাইতে মনু শব্দের উত্তর অপত্য অর্থে অঞ্‌ ও যৎ হয় এবং মধ্যে ষ্‌ এর আগম হয়। যথা, মনোঃ অপত্যম্—মানুষঃ, মনুষ্যঃ (জাতিবিশেষঃ)। **কেবল অপত্য বুঝাইতে অণ্‌ হয়। যথা, মনোঃ অপত্যম্—মানবঃ।** মনুর নিন্দিত অপত্য বুঝাইতে ণত্ব হয় (১)। যথা, **মনোঃ নিন্দিতম্ অপত্যম্—মাণবঃ।**

৪৫। **জনপদশব্দাৎ ক্ষত্রিয়াদঞ্‌** (৪।১।১৬৮)—দেশের নাম অনুসারে কোন কোন ক্ষত্রিয়ের নাম হয়। এইরূপ শব্দের উত্তর অপত্য এবং রাজা এই দুই অর্থেই অঞ্‌ হয়। যথা, পঞ্চালস্য অপত্যম্ পুমান্—পাঞ্চালঃ, পঞ্চালস্য

---

(১) অপত্যে কুৎসিতে মূঢ়ে মনোরৌৎসর্গিকঃ স্মৃতঃ। নকারস্য চ মূর্ধন্যস্তেন সিধ্যতি মাণবঃ। অনধীতবেদত্বাৎ মূঢ়ত্বম্, বিহিতাননুষ্ঠানাৎ চ কুৎসিতত্বম্। ক্ষুদ্রঃ মানবঃ—মাণবকঃ।

াপত্যং স্ত্রী—পাঞ্চালী ; বিদেহস্য অপত্যম্—বৈদেহঃ, বিদেহস্য অপত্যং স্ত্রী—বদেহী। পাঞ্চালানাং রাজা—পাঞ্চালঃ, বিদেহানাং রাজা—বৈদেহঃ ইক্ষাকূণাং াজা—ঐক্ষ্বাকঃ (নিপাতনে টিলোপ)।

৪৬। **পুরোরণ্ বক্তব্যঃ**—ক্ষত্রিয় বা দেশবাচক পুরুশব্দের উত্তর অণ্ য়। যথা, পূরোঃ অপত্যম্ (পূরূণাং রাজা বা)—পৌরবঃ।

৪৭। **পাণ্ডোর্ড্যণ্**—ক্ষত্রিয় বা দেশবাচক পাণ্ডু শব্দের ড্যণ্ হয়। যথা, াণ্ডোঃ অপত্যম্ (পাণ্ডূনাং রাজা বা)—পাণ্ড্যঃ।

৪৮। **দ্ব্যঞ্‌-মগধ-কলিঙ্গ-সূরমসাদ্ অণ্** (৪।১।১৭০)—দ্বিস্বরযুক্ত দশবাচক শব্দ, মগধ, কলিঙ্গ ও সুরমস শব্দের উত্তর অপত্য এবং রাজা অর্থে অণ্ য়। যথা অঙ্গ—আঙ্গঃ, বঙ্গ—বাঙ্গঃ, মগধ—মাগধঃ, কলিঙ্গ—কালিঙ্গঃ। সুরমস -সৌরমসঃ।

৪৯। **কুরু-নাদিভ্যো ণ্যঃ** (৪।১।১৭২)—অপত্য এবং রাজা এই দুই অর্থেই ুরু এবং নকারাদি দেশবাচক শব্দের উত্তর ণ্য হয়। যথা, কুরোঃ অপত্যম্ কুরূণাং রাজা বা)—কৌরব্যঃ নিষধস্য অপত্যম্ (নিষধানং রাজা বা)—নৈষধ্যঃ।

কৌরব ও নৈষধ শব্দ দুইটি (তস্যেদম্) অণ্ প্রত্যয় করিয়া নিষ্পন্ন।

৫০। **তদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্** (২।৪।৬২)—**বহুবচনে** পূর্বত্রে কথিত তদ্রাজ প্রত্যয়ের লোপ হয়। যথা, ইক্ষাকোঃ অপত্যানি (ইক্ষাকূণাং জানো বা)—ইক্ষাকাঃ, এবমেব—পঞ্চালাঃ, অঙ্গাঃ, বঙ্গাঃ, কলিঙ্গাঃ, মগধাঃ, দেহাঃ, কুরবঃ, কোশলাঃ ইত্যাদি কিন্তু স্ত্রীলিঙ্গে লোপ হয় না। যথা, াঞ্চাল্যঃ বৈদেহ্যঃ বা স্ত্রিয়ঃ।

কথং তর্হি **কৌরব্যাঃ** পশবঃ ইতি, তস্যামেব রঘোঃ **পাণ্ড্যাঃ** প্রতাপং ন সেহিরে ইতি চ? **অনয়োঃ 'তত্র সাধুঃ' ইতি যৎপ্রত্যয়ঃ, তস্য দ্রাজত্বাভাবাৎ ন লুক্।**

কথং তদা **রঘূণামন্বয়ং** বক্ষ্যে' ইতি, 'নিরুধ্যমানা **যদুভিঃ** কথঞ্চিৎ' ইতি চ? **ঘু-যদু-শব্দয়োঃ তদপত্যে লক্ষণা।**

৫১। **যস্কাদিভ্যো গোত্রে** (২।৪।৬৩)—**স্ত্রীলিঙ্গ ভিন্ন বহুবচনে** যস্ক

প্রভৃতি শব্দের পরস্থিত গোত্রাপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, যস্কস্য অপত্যানি-যস্কাঃ, কুকুংস্থস্য অপত্যানি—ককুংস্থাঃ। স্ত্রীলিঙ্গে—যাস্ক্যঃ স্ত্রিয়ঃ।

৫২। **যঞঞোশ্চ** (২।৪।৬৪) স্ত্রীলিঙ্গ ভিন্ন বহুবচনে যঞ্ ও অঞ্ (দুইটি গোত্রাপত্য **প্রত্যয়ের লোপ হয়**। যথা, যঞ্—গর্গস্য অপত্যানি—গর্গ বৎসস্য অপত্যানি – বৎসাঃ। অঞ্—বিদস্য অপত্যানি—বিদাঃ। **যঞাদীনা একস্য দ্বয়োর্বা তৎপুরুষে ষষ্ঠ্যা উপসংখ্যানম্**—গার্গ্যস্য (গার্গ্যয়োঃ ব কুলম্—গর্গকুলম্ গার্গ্যকুলং বা।

৫৩। **অত্রি-ভৃগু-কুৎস-বসিষ্ঠ-গোতমাঙ্গিরোভ্যশ্চ** (২।৪।৬৫) স্ত্রীলিঙ্গ ভিন্ন বহুবচনে অত্রি প্রভৃতি শব্দের গোত্রাপত্য প্রত্যয়ের লোপ হয়। য অত্রয়ঃ, ভৃগবঃ, কুৎসাঃ, বসিষ্ঠাঃ, গোতমাঃ, অঙ্গিরসঃ। স্ত্রীলিঙ্গে আত্রেয্যঃ স্ত্রিয়ঃ।

৫৪। **বহ্বচ ইঞঃ প্রাচ্যভরতেষু** (২।৪।৬৬)—বহুবচনে বহুস্বর প্রা গোত্র ও ভরত-গোত্রে বিহিত প্রত্যয়ের লোপ হয়। যথাঃ পন্নাগারাঃ, অর্জুনাঃ ইত্যাদি।

বিবিধ অর্থে তদ্ধিত প্রত্যয়

৫৫। **তেন রক্তং রাগাৎ** (৪।২।১)—রজ্যতে অনেন ইতি রাগঃ। 'তে রক্তম্' (**তাহা দ্বারা রঞ্জিত**) **এই অর্থে রঞ্জক দ্রব্যবাচক শব্দে উত্তর অণ্ হয়।** যথা, **কষায়েণ রক্তম্—কাষায়াং** বস্ত্রম্, মঞ্জিষ্ঠয়া র —মাঞ্জিষ্ঠী শাটী, কুসুম্ভেন রক্তম্ –কৌসুম্ভম্, কুঙ্কুমেন রক্তঃ—কৌঙ্কুমঃ পটঃ (১)

৫৬। **লাক্ষারোচনাট্ ঠক্** ৪।২।২)—'**তেন রক্তম্**' এই অর্থে লা ও রোচনা শব্দের উত্তর ঠক্ হয়। যথা, লাক্ষয়া রক্তম্—লাক্ষিকম্ রোচন (গোরোচনয়া) রক্তম্—রৌচনিকম্।

৫৭। **শকল-কর্দমাভ্যাম্ অণ্ চ** (বা)– শকলেন (রঞ্জকদ্রব্যেণ) রক্ত —শাকলিকম্, শাকলম্; কর্দমেন রক্তম্—কার্দমিকম্ কার্দমম্।

(১) **কথং তর্হি কাষায়ৌ** গর্দভস্য কর্ণৌ, **হারিদ্রৌ কুক্কুটস্য** পাদৌ? **উপমান অণ্।** কষায়েণ রক্তৌ ইব, হরিদ্রয়া রক্তৌ ইব ইত্যর্থঃ।

৫৮। **নীল্যা অন্** (বা) – নীলী শব্দের উত্তর অন্ হয়। যথা, নীল্যা রক্তম্ —নীলম্।

৫৯। **হরিদ্র-মহারজনাভ্যামঞ্** (বা)—হরিদ্রয়া রক্তম্ হারিদ্রম্, মহারজনেন রক্তম্—মাহারজনিকম্।

৬০। **পীতাৎ কন্** (বা)—পীতেন রক্তম্ পীতকম্।

৬১। **সাঽস্য দেবতা** (৪।২।২৪ —'সা অস্য দেবতা' এই অর্থে দেবতা-বাচক শব্দের উত্তর অণ্ হয়। যথা, ইন্দ্রঃ অস্য দেবতা—ঐন্দ্রঃ, **বিষ্ণুরস্য দেবতা—বৈষ্ণবঃ, শক্তিরস্য দেবতা শাক্তঃ, শিবঃ অস্য দেবতা —শৈবঃ**; বৃহস্পতি – বার্হস্পত্যঃ, গণপতি—গাণপত্যঃ, প্রজাপতি—প্রাজাপত্যঃ।

৬২। **মহেন্দ্রাদ্ ঘাণৌ চ** (৪।২।২৯)—'সা অস্য দেবতা' এই অর্থে মহেন্দ্র শব্দের উত্তর **ঘ, অণ্ এবং ছ** হয়। যথা মহেন্দ্র অস্য দেবতা – মহেন্দ্রিয়ঃ, মাহেন্দ্রঃ, মহেন্দ্রীয়ঃ।

৬৩। **সোমাট্ট্যণ্** (৪।২।৩০) সোম শব্দের উত্তর ট্যণ্ হয়। যথা, সোমঃ অস্য দেবতা—সৌম্যঃ। স্ত্রিয়াং সৌমী (হলস্তদ্ধিতস্য ইতি য-লোপঃ)।

৬৪। **বায়্বৃতুপিত্রুষসো যৎ** (৪।২।৩১)—ইহাদের উত্তর **যৎ** হয়। যথা বায়ুরস্য দেবতা—বায়ব্যঃ, ঋতু—ঋতব্যঃ, পিতৃ—পিত্র্যঃ, উরস্—উষস্যঃ।

৬৫। **অগ্নের্ঢক্** (৪।২।৩৪)—অগ্নি শব্দের উত্তর **ঢক্** হয়। যথা, অগ্নিরস্য দেবতা—আগ্নেয়ঃ।

৬৬। **কালেভ্যো ভববৎ** (৪।২।৩৩)—কালবাচক শব্দের উত্তর '**তত্র ভবঃ**' অর্থে যে সকল প্রত্যয় হয় '**সা অস্য দেবতা**' অর্থেও সেই সকল প্রত্যয় হয়। যথা, মাস—মাসিকঃ, বসন্ত—বাসন্তঃ, প্রাবৃষ—প্রাবৃষেণ্যঃ (এণ্য)।

৬৭। **ভক্তিঃ** (৪।৩।৯৫)—ভজ্যতে যা সা (কর্মণি ক্তিন্) ভক্তি উপাস্যা ইত্যর্থঃ। 'সঃ অস্য ভক্তিঃ' এই অর্থে শব্দের উত্তর অণ্ হয়। যথা, **স্রুঘ্নঃ ভক্তিরস্য**—স্রৌঘ্নঃ, মথুরা ভক্তিরস্য—মাথুরঃ, শূরঃ ভক্তিরস্য—শৌরঃ

৬৮। **তস্য সমূহঃ** (৪।২।৩৭)—'তস্য সমূহঃ' অর্থে প্রাতিপদিকের উত্তর

অণ হয়। যথা, **কাকানাং সমূহঃ—কাকম্** বকানাং সমূহঃ—বাকম্, **নরাণাং সমূহঃ—নারম্**, ময়ূরাণাং সমূহঃ—মায়ূরম্।

৬৯। **ভিক্ষাদিভ্যোঽণ্** (৪।২।৩৮)—ভিক্ষা প্রভৃতির উত্তরও **অণ্** হয়। যথা, ভিক্ষাণাং সমূহঃ—ভৈক্ষম্; অহন্—আহ্নম্, **যুবতি—যৌবনম্** (১। ক্ষেত্র—ক্ষৈত্রম্।

৭০। **রাজন্যাদিভ্যো বুঞ্** (৪।২।৫৩)—রাজন্য প্রভৃতির উত্তর 'সমূহ' অর্থে **বুঞ্** হয়। যথা, রাজন্যানাং সমূহঃ—**রাজন্যকম্** (২), উক্ষ্ণাং সমূহঃ—ঔক্ষকম্, উষ্ট্রাণাং সমূহঃ—ঔষ্ট্রকম্, রাজ্ঞাং সমূহঃ—**রাজকম্**, মনুষ্যাণাং সমূহঃ—**মানুষ্যকম্**, অজানাং সমূহঃ—আজকম্, বৃদ্ধানাং সমূহঃ—**বার্ধকম্**,। **গণিকা** শব্দের উত্তর যঞ্ হয়। যথা. গণিকাণাং সমূহঃ—**গাণিক্যম্**। **ব্রাহ্মণ** ও **পৃষ্ঠ** শব্দের উত্তর যৎ হয়, যথা, ব্রাহ্মণানাং সমূহঃ **ব্রাহ্মণ্যম্**, পৃষ্ঠানাং সমূহঃ—পৃষ্ঠ্যম্।

৭১। **গ্রামজনবন্ধুভ্যস্তল্** (৪।২।৪৩)—গ্রাম, জন ও বন্ধু শব্দের উত্তর সমূহার্থে **তল্** হয়; যথা, গ্রামাণাং সমূহঃ—গ্রামতা, জননাং সমূহঃ—**জনতা**, বন্ধুনাং সমূহঃ—**বন্ধুতা**।

৭২। **গজসহায়াভ্যাং চ** (বা)—গজানাং সমূহঃ—গজতা, সহায়ানাং সমূহঃ—**সহায়তা**।

৭৩। **পর্শ্বা ণস্ বক্তব্যঃ**—পর্শু (axe) শব্দের উত্তর ণস্ হয়। যথা, পর্শূনাং সমূহঃ—পার্শ্বম্।

৭৪। **অচিত্ত-হস্তি-ধেনোষ্ঠক্** (৪।২।৪৭)—অচেতন পদার্থবাচক শব্দ এবং হস্তী ও ধেনু শব্দের উত্তর 'সমূহ'-অর্থে ঠক্ (=ইক)-প্রত্যয় হয়—অপূপানাং সমূহঃ আপুপিকম্ (পিষ্টকসমূহ); ঘটানাং সমূহঃ ঘাটিকম্; বটকানাং সমূহঃ

(১) কিন্তু যু+শতৃ+ঙীপ্—যুবতী; সমূহ অর্থে এই যুবতী শব্দের উত্তর অণ্ না হইয়া অঞ্ হয়। যথা, **যুবতীনাং সমূহঃ—(যুবতী+অঞ্)—যৌবতম্**। যৌবতং গণে ইত্যমরঃ।

(২) 'প্রত্যয়াকে রাজন্য-মনুষ্য-যুবানঃ' (বা)—**বুঞ্ প্রত্যয়ে রাজন্য, মনুষ্য ও যুবন্ শব্দের য্ ও ন্ এর লোপ হয় না।**

বাটিকিকম্ (বাঙ্লা বড়া) ; হস্তিনাং (হস্তিনীনাং বা) সমূহঃ হাস্তিকম ; ধেনূনাং সমূহঃ ধৈনুকম্ (ধেনুসমূহ) ।

৭৫ । **পাশাদিভ্যো যঃ** (৪।২।৪৯ ,—পাশপ্রভৃতির উত্তর সমূহ অর্থে য হয় । যথা, পাশানাং সমূহঃ—পাশ্যা, তৃণানাং সমূহঃ—তৃণ্যা, ধূমানাং সমূহঃ—ধূম্যা, **বনানাং (=জলানাই) সমূহঃ—বন্যা, বাতানাং সমূহঃ বাত্যা ।**

৭৬-৭৭ । **খল-গো-রথাৎ, ইনি-ত্র-কট্যচশ্চ** (৪।২।৫০, ৫১)—সমূহ অর্থে খল, গো ও রথশব্দের উত্তর য হয় এবং যথাক্রমে ইনি, ত্র ও কট্যচ্ হয় । যথা, খলানাং (place, site) সমূহঃ—খল্যা, খলিনী ; গবাং সমূহঃ—গব্যা, গোত্রা ; রথানাং সমূহঃ—রথ্যা, রথকট্যা ।

৭৮ । **খলাদিভ্য ইনির্বক্তব্যঃ** (বা)—খলব্যতীত অন্য কতিপয় শব্দের উত্তর **ইনি** (ইন্) হয় । যথা, **নলানাং** (পদ্মানাং) **সমূহঃ—নলিনী ; পদ্মানাং সমূহঃ—পদ্মিনী** ; এইরূপ—বিসিনী, উৎপলিনী, উলূকিনী, ডাকিনী (কালীগণ বিশেষঃ), কুম্ভলিনী, কুটুম্বিনী ।

৭৯ । **কমলাদিভ্যঃ খণ্ডচ্** - কমলপ্রভৃতি শব্দের সমূহ অর্থে **খণ্ডচ্** (১) প্রত্যয় হয় । যথা, কমলানাং সমূহঃ—কমলখণ্ডম্ ; এইরূপ—পদ্মিনীখণ্ডম্, কুমুদখণ্ডম্, নলিনীখণ্ডম্ ।

৮০ । **দূর্বাদিভ্যঃ কাণ্ডঃ**—দূর্বাপ্রভৃতি শব্দের উত্তর সমূহ অর্থে **কাণ্ড** (১) প্রত্যয় হয় । যথা, দূর্বাণাং সমূহ—দূর্বাকাণ্ডম্, কর্মণাং সমূহঃ—কর্মকাণ্ডম্ ক্রিয়াণাং সমূহঃ—ক্রিয়াকাণ্ডম্, তৃণানাং সমূহঃ—তৃণকাণ্ডম্ ।

৮১ । **তদধীতে তদ্বেদ** (৪।২।৫৯)—'তাহা পড়ে' বা 'তাহা জানে' অর্থে শব্দের উত্তর **অণ্** হয় । যথা, ব্যাকরণম্ অধীতে বেদ বা—**বৈয়াকরণঃ**, ছন্দঃ (বেদম্) অধীতে বেদ বা—**ছান্দসঃ**, **স্মৃতিম্** অধীতে বেদ বা—**স্মার্তঃ** ।

---

(১) খণ্ডচ্ ও কাণ্ড প্রত্যয় পাণিনিসম্মত নহে, কিন্তু শিষ্ট প্রয়োগ ও অন্য ব্যাকরণসম্মত । পাণিনি ব্যাকরণ অনুসারে খণ্ড স্থানে ষণ্ড (সমূহার্থকশব্দ) ব্যবহৃত হয় । উহাদের অর্থ এক এবং যজুর্বেদে ষ এর উচ্চারণ খ এর ন্যায় । এই উচ্চারণসাম্যের জন্যই ষণ্ড স্থানে 'খণ্ড' এইরূপ অপাণিনীয় প্রয়োগ ভাষায় প্রবেশ করিয়াছে ।

৮২। **ক্রতুকৃথাদিসূত্রান্তাট্ ঠক্** (৪।২।৬০)—ক্রতুবাচক শব্দ, উক্‌থ প্রভৃতি শব্দ এবং সূত্রভাগান্ত শব্দের উত্তর 'তৎ অধীতে বা তৎ বেদ' অর্থে ঠক্ হয়। যথা, অগ্নিষ্টোমম্ অধীতে বেত্তি বা—আগ্নিষ্টোমিকঃ, উক্‌থম্। সামগ্রন্থ-বিশেষম্ অধীতে বেত্তি বা—ঔক্‌থিকঃ, যজ্ঞম্ অধীতে বেত্তি বা—**যাজ্ঞিকঃ**, শব্দম্ অধীতে বেত্তি বা—**শাব্দিকঃ**; বৃত্তি—**বার্ত্তিকঃ**, তর্ক—**তার্কিকঃ**, ন্যায়—**নৈয়ায়িকঃ**; ন্যাস—নৈয়াসিকঃ, অলঙ্কার—**আলঙ্কারিকঃ**। **সূত্রান্তাৎ তু অকল্পাদেরেব**—কল্পশব্দ ভিন্ন অন্য শব্দ পূর্বে থাকিলেই সূত্রভাগান্ত শব্দের উত্তর ঠক্ হয়। যথা, সংগ্রহসূত্রম্ অধীতে বেত্তি বা—সাংগ্রহ-সূত্রিকঃ। কিন্তু, কল্পসূত্রম্ অধীতে বেত্তি বা—কাল্পসূত্রঃ।

৮৩। **বিদ্যা-লক্ষণ-কল্পান্তাচ্চ** (বা)—বিদ্যা, লক্ষণ ও কল্প ভাগান্ত শব্দের উত্তরও ঠক্ হয়। যথা, বায়সবিদ্যিকঃ, গৌলক্ষণিকঃ, আশ্বলক্ষণিকঃ, পারাশরকল্পিকঃ। কিন্তু, অঙ্গ, ক্ষত্র, ধর্ম ও ত্রি শব্দ পূর্বে থাকিলে বিদ্যা-ভাগান্ত শব্দের উত্তর ঠক্ হয় না, অণ্ হয়; যথা, আঙ্গবিদ্যঃ, ক্ষাত্রবিদ্যঃ, ধার্মবিদ্যঃ, **ত্রৈবিদ্যঃ**।

৮৪। **আখ্যানাখ্যায়িকেতিহাস-পুরাণেভ্যশ্চ**—উপাখ্যানবাচক শব্দ ইতিহাস ও পুরাণ শব্দের উত্তর ঠক্ হয়। যথা, যবক্রীতম্ (যবক্রীতমধিকৃত্য কৃতম্ উপাখ্যানম্) অধীতে বেত্তি বা—যাবক্রীতিকঃ, বাসবদত্তাম্, (তদীয়াখ্যায়িকাম্) অধীতে বেত্তি বা বাসবদত্তিকঃ। ঐতিহাসিকঃ; পৌরাণিকঃ; পূর্বপদিকঃ (ইকন্), শতপথিকঃ (ষিকন্)।

৮৫। **ক্রমাদিভ্যো বুন্** (৪।২।৬১)—ক্রমপ্রভৃতির উত্তর বুন্ হয়। যথা, ক্রমম্ অধীতে বেত্তি বা—**ক্রমকঃ**, পদমধীতে বেত্তি বা—**পদকঃ**, শিক্ষামধীতে বেত্তি বা—**শিক্ষকঃ**, মীমাংসাম্ অধীতে বেত্তি বা—**মীমাংসকঃ**।

৮৬। **তস্য ভাবস্ত্ব-তলৌ** (৫।১।১১৯)—শব্দপ্রবৃত্তেঃ নিমিত্তং জাত্যাদিঃ বস্তুধর্মঃ ভাবঃ। 'তাহার ভাব' এই অর্থে শব্দের উত্তর ত্ব ও তল্‌প্রত্যয় হয়। যথা, গোঃ ভাবঃ—গোত্বম্, গোতা; শুক্লস্য ভাবঃ—শুক্লত্বম্, শুক্লতা; বিদুষঃ

ভাবঃ—বিদ্বত্ত্বম্, বিদ্বত্তা ; সাধোঃ (সাধ্ব্যাঃ বা) ভাবঃ—সাধুত্বম্, সাধুতা ; বুদ্ধিমতো ভাবঃ—বুদ্ধিমত্ত্বম্, বুদ্ধিমত্তা (১)।

৮৭। **পৃথ্বাদিভ্য ইমনিজ্ বা** (৫।১।১২২)—বা গ্রহণম্ অণ্ প্রভৃতীনাং সমাবেশার্থম্। 'তাহার ভাব' এই অর্থে পৃথুপ্রভৃতি শব্দের উত্তর বিকল্পে **ইমনিচ্, ত্ব, তল্** ও **অণ্** হয়। যথা, পৃথোঃ ভাবঃ—**প্রথিমা, পৃথুত্বম্, পৃথুতা, পার্থবম্** ; গুরোভাবঃ—**গরিমা, গুরুত্বম্, গুরুতা, গৌরবম্** ; বহোঃ ভাবঃ—ভূমা, বহুত্বম্, বহুতা। ঋজোর্ভাবঃ—ঋজিমা, ঋজুত্বম্, ঋজুতা, আর্জবম্ ; অণোঃ ভাবঃ—অণিমা, অণুত্বম্, অণুতা, আণবম্ ; মহতো ভাবঃ—**মহিমা, মহত্ত্বম্, মহত্তা**।

৮৮। **বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ** (৫।১।১২৩)—'তাহার ভাব' এই অর্থে বর্ণবাচক এবং দৃঢ়প্রভৃতি শব্দের উত্তর **ষ্যঞ্** ও ত্ব প্রভৃতি হয়। যথা, শুক্লস্য ভাবঃ—শৌক্ল্যম্, শুক্লিমা, শুক্লত্বম্, শুক্লতা। দৃঢ়স্য ভাবঃ—**দার্ঢ্যম্, দ্রঢ়িমা** (২), কৃশস্য ভাবঃ—**ক্রশিমা, কার্শ্যম্** ; মধুরস্য ভাবঃ—**মধুরিমা, মাধুর্যম্** ; বিদগ্ধস্য ভাবঃ—**বৈদগ্ধ্যম্** ; মাধুর্য+ঙীপ্=**মাধুরী**, এইরূপ **বৈদগ্ধী**।

৮৯। **গুণবচন-ব্রাহ্মণাদিভ্যঃ কর্মণি চ** (৫।১।১২৪)—তাহার ভাব এবং তাহার কর্ম বুঝাইতে গুণবাচক এবং ব্রাহ্মণ প্রভৃতি শব্দের উত্তর **ষ্যঞ্** হয়। যথা, ব্রাহ্মণস্য **ভাবঃ কর্ম বা—ব্রাহ্মণ্যম্** ; অলস—**আলস্যম্**, সুমনস্—**সৌমনস্যম্**, উদাসীন—**ঔদাসীন্যম্**, বিগুণ—**বৈগুণ্যম্**, চোর—**চৌর্যম্**, পিশুন—**পৈশুন্যম্**। **অর্হতো নুম্ চ**—ভাব ও কর্ম বুঝাইতে অর্হৎ শব্দের উত্তর ষ্যঞ্ ও অণ্ প্রত্যয় হয় এবং নকার আগম হয়। যথা, অর্হতো ভাবঃ—আর্হন্ত্যম্, আর্হন্তী।

৯০। **স্ত্রিয়াম্ অণ্ চ বিদগ্ধাদেঃ**—বিদগ্ধ প্রভৃতির উত্তর স্ত্রীলিঙ্গে অণ্ প্রত্যয়ও হয়। যথা, বৈদগ্ধী, মাধুরী, চাতুরী, আনুপূর্বী, মৈত্রী।

(১) **অদন্ত-প্রত্যয়া ভাবে**—ভাব বুঝাইতে অকারান্ত প্রত্যয় সমূহ ক্লীবলিঙ্গ। যথা, অণ্। **নাথিৎমন্**—ণ, অথু ও ইমনিচ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ।

(২) **পৃথু মৃদু ভৃশ-কৃশ-দৃঢ়-পরিবৃঢ়ানামেব রত্বম্**—ষ্যাদি প্রত্যয় পরে থাকিলে ইহাদের ঋ স্থানে র হয়।

৯১। **চতুর্বর্ণাদীনাং স্বার্থ উপসংখ্যানম্**—চতুর্বর্ণ প্রভৃতির উত্তর স্বার্থে ষ্যঞ্ হয়। যথ, **চত্বারো বর্ণা এব—চাতুর্বর্ণ্যম্**, উপমা এব—**ঔপম্যম্**, যুগপৎ এব—**যৌগপদ্যম্**, সন্নিধিরেব—**সান্নিধ্যম্**, তদর্থ এব—**তাদর্থ্যম্**, ত্রিলোকী এব—**ত্রৈলোক্যম্**, ইতিহ এব—**ঐতিহ্যম্**, সমীপম্ এব—**সামীপ্যম্**, ষট্ গুণা এব—**ষাড্‌গুণ্যম্**। চতুরঃ বেদান্ অধীতে যঃ সঃ—চতুর্বেদঃ, স এব—চাতুর্বৈদ্যঃ (উভয়পদ-বৃদ্ধিঃ)।

৯২। **স্তেনাদ্ যন্নলোপশ্চ** (৫।১।১২৫)—স্তেন শব্দের উত্তর যৎ হয় এবং ন-এর লোপ হয়। যথা, **স্তেনস্য** (=চোরস্য) **ভাবঃ কর্ম বা—স্তেয়ম্**।

৯৩। **সখ্যুর্যঃ** (৫।১।১২৬)—ভাব ও কর্ম অর্থে সখি শব্দের উত্তর য হয়। যথা, **সখ্যুঃ ভাবঃ কর্ম বা—সখ্যম্**। **দূতবণিগ্‌ভ্যাং চ**—ইহাদের উত্তরও য হয়। যথা, দূতস্য ভাবঃ কর্ম বা—দূত্যম্, বণিজঃ ভাবঃ কর্ম বা—বণিজ্যম্ (মাধবস্তু বণিজ্যাশব্দঃ স্বভাবাৎ স্ত্রীলিঙ্গঃ ইতি)। ব্রাহ্মণাদিত্বাৎ বাণিজ্যম্ অপি।

৯৪। **কপিজ্ঞাত্যোর্ঢক্** (৫।১।১২৭)—কপি ও জ্ঞাতি শব্দের উত্তর ঢক্ হয়। যথা, কপেঃ ভাবঃ কর্ম বা—কাপেয়ম্ ; জ্ঞাতেঃ ভাবঃ কর্ম বা—জ্ঞাতেয়ম্।

৯৫। **পত্যন্ত-পুরোহিতাদিভ্যো যক্** (৫।১।১২৮)—ভাব ও কর্ম অর্থে পতিভাগান্ত শব্দ এবং পুরোহিত প্রভৃতি শব্দের উত্তর যক্ হয়। যথা, সেনাপতেঃ ভাবঃ কর্ম বা—সৈনাপত্যম্, প্রজাপতি—প্রাজাপত্যম্, অধিপতি—আধিপত্যম্, পুরোহিত—পৌরোহিত্যম্, রাজন্—রাজ্যম্, সেনা—সৈন্যম্, সারথি—সারথ্যম্, আস্তিক—আস্তিক্যম্, নাস্তিক—নাস্তিক্যম্।

৯৬। **প্রাণভৃজ্জাতি-বয়োবচনোদ্গাত্রাদিভ্যোঽঞ্** (৫।১।১২৯)—ভাব ও কর্ম অর্থে প্রাণবিশিষ্ট জাতিবাচক, বয়ঃক্রমবাচক ও উদ্গাতৃ প্রভৃতি শব্দের উত্তর অঞ্ হয়। যথা, শুনঃ ভাবঃ কর্ম বা—শৌবম্, অশ্বস্য ভাবঃ কর্ম বা—আশ্বম্, উষ্ট্রস্য ভাবঃ কর্ম বা—ঔষ্ট্রম্, রুরোঃ ভাবঃ কর্ম বা—রৌরবম্। **কুমারস্য (কুমার্যা বা) ভাবঃ কর্ম বা—কৌমারম্**, কিশোরস্য (কিশোর্যা বা) ভাবঃ কর্ম বা—**কৈশোরম্**, উদ্গাতুঃ ভাবঃ—ঔদ্গাত্রম্।

৯৭। **হায়নান্ত-যুবাদিভ্যোঽণ্** (৫।১।১৩০)—ভাব ও কর্ম অর্থে হায়ন ভাগান্ত শব্দ এব যুবন্ প্রভৃতি শব্দের উত্তর অণ্ হয়। যথা, দ্বিহায়নস্য ভাবঃ কর্ম বা—দ্বৈহায়নম্, ত্রিহায়ণ—ত্রৈহায়ণম্। **যূনো ভাবঃ—যৌবনম্,** স্থবির—স্থাবিরম্, **কুতুক—কৌতুকম্, সুভ্রাতৃ—সৌভ্রাত্রম্।** দুর্ভ্রাতৃ—দৌর্ভ্রাত্রম্. কুশল—**কৌশলম্,** চপল—**চাপলম্,** নিপুণ—**নৈপুণম্,** পিশুন—**পৈশুনম্,** কুতূহল—**কৌতূহলম্,** মুনি—মৌনম্ লঘু—**লাঘবম্,** সুহৃদয়—**সৌহৃদম্, সৌহৃদ্যম্, সৌহৃদয্যম্;** সুহৃদ্—**সৌহার্দম্, সৌহার্দ্যম্.** (হৃদ্-ভগ-সূত্রেণ **উভয়পদবৃদ্ধিঃ)।** **কুশল-চপল নিপুণ-পিশুন-কুতুহল-ক্ষেত্রজ্ঞা যুবাদিষু ব্রহ্মণাদিষু চ পঠ্যন্তে।** তেন কুশলস্য ভাবঃ কর্ম বা—কৌশলম্ **কৌশল্যম্** ইত্যাদি।

৯৮। **ইগন্তাচ্চ লঘুপূর্বাৎ** (৫।১।১৩১)—ভাব ও কর্ম অর্থে লঘুপধ শব্দের অন্তে ই ঈ, উ, ঊ, ঋ, ৠ ও ৯ থাকিলে তাহার উত্তর অণ্ হয়। যথা, **শুচেঃ ভাবঃ কর্ম বা—শৌচম্,** মুনি—মৌনম্, **পটু—পাটবম্।** মৃদু—**মার্দবম্,** লঘু—**লাঘবম্,** হরীতকী—হারীতকম্, কিন্তু **কবি—কাব্যম্ ব্রাহ্মণাদিত্বাৎ।**

৯৯। **যোপধাদ্ গুরূপোত্তমাদ্ বুঞ্** (৫।১।১৩২)—দীর্ঘস্বর উপধা পূর্বে থাকিলে য-উপধাবিশিষ্ট শব্দের উত্তর ভাব ও কর্ম অর্থে বুঞ্ হয়। যথা, রমণীয়স্য ভাবঃ কর্ম বা—রামণীয়কম্, কমনীয়—কামনীয়কম্, আচার্য—আচার্যকম্। **সহায়াদ্ বা**—সহায়স্য ভাবঃ কর্ম বা—সাহায়কম্ সাহায্যম্ (ষ্যঞ্)।

১০০। **স্ত্রীপুংসাভ্যাং নঞ্স্নঞৌ ভবনাৎ** (৪।১।৮৭)—ভাবপ্রভৃতি অর্থে স্ত্রী শব্দের উত্তর **নঞ্** এবং পুমস্ শব্দের উত্তর **স্নঞ্** হয়। যথা, **স্ত্রিয়া ভাবঃ—স্ত্রৈণম্, স্ত্রীত্বম্ স্ত্রীতা; স্ত্রী ভক্তির্যস্য—স্ত্রৈণঃ।** পুংসঃ ভাবঃ—পৌংস্নম্, পুংস্ত্বম্, পুংস্তা। **বত্যর্থে ন স্ত্রী—স্ত্রীপুংবচ্চেতি জ্ঞাপকাৎ—স্ত্রীবৎ,** পুংবৎ।

১০১। <u>তেন প্রোক্তম্</u> (৪।৩।১০১)—'তেন প্রোক্তম্' (**তাহার দ্বারা কথিত**) এই অর্থে শব্দের উত্তর অণ্ হয়। যথা, ঋষিণা **প্রোক্তম্—আর্ষম্,**

ভৃগুণা প্রোক্তা—ভার্গবী (সংহিতা), মনু—**মানবম্**, পতঞ্জলি—**পাতঞ্জলম্**, বিষ্ণু – বৈষ্ণবম্, উশনসা প্রোক্তম্—**ঔশনসম্**।

এই অর্থে ছণ্ প্রভৃতি প্রত্যয়ও হয়। যথা, **পাণিনিনা প্রোক্তম্—পাণিনীয়ম্**, মনুনা প্রোক্তম্—**মানবীয়ম্**, বাল্মীকিনা প্রোক্তম্—**বাল্মীকীয়ম্**, নারদেন প্রোক্তম্—**নারদীয়ম্**, জৈমিনিনা প্রোক্তম্—**জৈমিনীয়ম্**। ব্যাসেন প্রোক্তম্—**বৈয়াসিকম্** (**ঠক্**)। অত্রিণা প্রোক্তম্—**আত্রেয়ম্** (**ঢক্**), বৃহস্পতিনা প্রোক্তম্—**বার্হস্পত্যম্** (ণ্য)।

১০২। <u>**তেন নির্বৃত্তম্**</u> (৪।২।৬৮)—'তেন নির্বৃত্তম্' (**তাহা দ্বারা কৃত**) এই অর্থে শব্দের উত্তর অণ্ প্রভৃতি প্রত্যয় হয়। যথা, **অণ**, মক্ষিকাভিঃ কৃতম্—মাক্ষিকম্. ক্ষুদ্রাভিঃ কৃতম্—ক্ষৌদ্রম্। **ঠক্, কায়েন কৃতম্—কায়িকম্**। অঙ্গ—**আঙ্গিকম্**, শরীর—**শারীরিকম্**, বাচ্—**বাচিকম্**, মনস্—**মানসিকম্**, সহসা **সাহসিকম্**। **ঢক্, পুরুষেণ কৃতম্—পৌরুষেয়ম্**।

১০৩। <u>**তত্র জাতঃ**</u> (৪।৩।২৫)—'সেই স্থানে উৎপন্ন' এই অর্থে **অণ** ঘ প্রভৃতি প্রত্যয় হয়। যথা, স্রুঘ্নে জাতঃ—স্রৌঘ্নঃ, মথুরায়াং জাতঃ—মাথুরঃ **পুরে জাতঃ—পৌরঃ**, উৎসে জাতঃ—ঔৎসঃ **রাষ্ট্রে জাতঃ—রাষ্ট্রিয়ঃ**, (ঘ) **প্রাবৃষষ্ঠপ্**—'তত্র জাতঃ' এই অর্থে প্রাবৃষ্ শব্দের উত্তর ঠপ্ হয়। যথা **প্রাবৃষি জাতঃ—প্রাবৃষিকঃ** (**এতস্য অপবাদোঽয়ম্**)।

১০৪। <u>**তত্র ভবঃ**</u> (৪।৩।৫৩)—ভবঃ বিদ্যমানঃ, জাত উৎপন্ন ইত্যনয়োর্ভেদঃ 'সেই স্থানে বিদ্যমান' এই অর্থে শব্দের উত্তর অণ্ হয়। যথা, স্রুঘ্নে ভবঃ—স্রৌঘ্ন রাষ্ট্রে ভবঃ—রাষ্ট্রিয়ঃ (ঘঃ), মথুরায়াং ভবঃ—**মাথুরঃ**, মগধেষু ভবঃ—**মাগধঃ**

(ক) **দিগাদিভ্যো যৎ** (৪।৩।৫৪)—'**তত্র ভবঃ**' এই অর্থে দিশ্ প্রভৃতি শব্দের উত্তর যৎ হয়। যথা, দিশি ভবম্—দিশ্যম্. **বনে ভবম্—বন্যম্** রহঃ **ভবম্—রহস্যম্**, আদৌ ভবম্—**আদ্যম্**, গণে ভবঃ—**গণ্যঃ**, অন্তে ভবঃ **অন্ত্যঃ**, বংশে ভবম্—**বংশ্যম্**, মুখে ভবম্—**মুখ্যম্**, জঘনে অধর্মে ভবম **জঘন্যম্**, বর্গে ভবম্—**বর্গ্যম্**, মেধে ভবম্—**মেধ্যম্**। প্রাচি ভবম্—**প্রাচ** উদীচি ভবম্—**উদীচ্যম্**, প্রতীচি ভবম্—**প্রতীচ্যম্**।

(খ) **শরীরাবয়বাচ্চ** (৪।৩।৫৫)—'তত্র ভবঃ' এই অর্থে শরীরের অবয়ব বাচক শব্দের উত্তরও **যৎ** হয়। যথা, **মূর্ধ্নি ভবম্—মূর্ধন্যম্**, হৃদি ভবম্—**হৃদ্যম্**, কণ্ঠে ভবম্—**কণ্ঠ্যম্**, তালুনি ভবম্—**তালব্যম্**, ওষ্ঠে ভবম্—**ওষ্ঠ্যম্**, দন্তে ভবম্—**দন্ত্যম্**, নাসিকায়াং ভবম্—**নাসিক্যম্ (নস্যং বা)**, উরসি ভবম্—**উরস্যম্**।

(গ) 'তত্র ভবঃ' এই অর্থে কুক্ষি ও অহি শব্দের উত্তর **ঢঞ্**, গ্রীবা শব্দের উত্তর **ঢঞ্** ও **অণ্** এবং গম্ভীর, দেব, বহিঃ ও পঞ্চজন শব্দের উত্তর **ঞ্য** হয়। যথা, কুক্ষৌ ভবঃ—**কৌক্ষেয়ঃ (অসিঃ)**, অহৌ ভবঃ—আহেয়ঃ, গ্রীবায়াং ভবম্—**গ্রৈবেয়ং গ্রৈবং বা শৃঙ্খলম্**, গম্ভীরে ভবম্—গাম্ভীর্যম্। দেবে ভবম্—দৈব্যম্, **বহিঃ ভবম্—বাহ্যম্** ; পঞ্চজনে (তস্মান্নি দৈত্যে) ভবঃ—পাঞ্চজন্যঃ।

(ঘ) **জিহ্বামূলাঙ্গুলেশ্ছঃ** (৪।৩।৬২)—'তত্র ভবঃ' অর্থে জিহ্বামূল ও অঙ্গুলি শব্দের উত্তর **ছ** হয়। যথা, **জিহ্বামূলে ভবঃ—জিহ্বামূলীয়ঃ**, অঙ্গুলৌ ভবম্—অঙ্গুলীয়ম্।

(ঙ) **বর্গান্তাচ্চ** (৪।৩।৬৩)—বর্গ-ভাগান্ত শব্দের উত্তরও 'তত্র ভবঃ' এই অর্থে **ছ** হয়। যথা, কবর্গীয়ঃ বর্ণঃ, চবর্গীয়ঃ বর্ণঃ। **অশব্দে যৎখাবন্যতরস্যাম্** (৪।৩।৬৪)—ব্যাকরণের বিষয় ভিন্ন অন্য স্থলে বর্গভাগান্ত শব্দের উত্তর যৎ, খ ও ছ হয়। যথা, মিত্রবর্গে ভবঃ—মিত্রবর্গ্যঃ, মিত্রবর্গীণঃ, মিত্রবর্গীয়ঃ। **অধ্যাত্মাদেষ্ঠঞ্ ইষ্যতে—অধ্যাত্মে ভবম্ (ঠঞ্) আধ্যাত্মিকম্, আধিভৌতিকম্, আধি-দৈবকম্**, চাতুরর্থিকঃ, **ঔর্ধ্বদেহিকম্, ঔসর্গিকম্, সার্বকালিকম্, সাম্প্রতিকম্**। ইহ ভবম্—**ঐহিকম্** ; **গৈরিকম্, পারত্রিকম্**, কাদাচিৎকঃ, ক্বাচিৎকঃ, ঐহলৌকিকঃ, পারলৌকিকঃ। **ঈয়ঃ কার্যোঽথ মধ্যস্য মণ্মীয়ৌ প্রত্যয়ৌ তথা—মধ্যে ভবঃ—মধ্যীয়ঃ, মাধ্যমঃ, মধ্যমীয়ঃ**।

(চ) **কর্ণ-ললাটাৎ কন্ অলঙ্কারে** (৪।৩।৬৫)—অলঙ্কার বুঝাইতে কর্ণ ও ললাট শব্দের উত্তর 'তত্র ভবঃ' অর্থে **কন্** হয়। যথা, **কর্ণে ভবং ভূষণম্—কর্ণিকা**, ললাটে ভবং ভূষণম্—**ললাটিকা**, ললাটিকাভূকুঙ্কুমবারিলেখা। ছন্দসো যদণৌ—ছন্দস্ শব্দের উত্তর যৎ ও অণ্ হয়। যথা, ছন্দসি ভবঃ—**ছন্দস্যঃ**,

ছান্দসঃ। প্রাবৃষ এণ্যঃ (৪।৩।১৭)—প্রাবৃষি ভবঃ—প্রাবৃষেণ্যঃ মেঘঃ। **বর্ষা** শব্দের উত্তর ঠক্ এবং **বসন্ত** শব্দের উত্তর ঠঞ্ হয়। যথা, **বার্ষিকম্, বাসন্তিকম্** বা **পুষ্পম্**।

১০৫। **তত আগতঃ** (৪।৩।৭৪)—'সেই স্থান হইতে আগত' এই অর্থে শব্দের উত্তর অণ্ প্রভৃতি হয়। যথা, **স্রুঘ্নাৎ আগতঃ—স্রৌঘ্নঃ, মথুরায়াঃ আগতঃ—মাথুরঃ**, আগ্নেয়ঃ, পাশুপতঃ, রাষ্ট্রিয়ঃ।

(ক) **ঋতষ্ঠঞ্** (৪।৩।৭৮)—বিদ্যা বা বংশের সম্বন্ধবিশিষ্ট ঋকারান্ত শব্দের উত্তর 'তত আগতঃ' এই অর্থে **ঠঞ্** হয়। যথা, হোতুঃ আগতম্—হৌতৃকম্, স্বসুঃ আগতম্—স্বাসৃকম্, **মাতুঃ আগতম্—মাতৃকম্, ভ্রাতুঃ আগতম্—ভ্রাতৃকম্। পিতুর্যচ্চ** (৪।৩।৭৯)—পিতৃশব্দের উত্তর ঠঞ্ ও যৎ হয়। যথা, **পিতুঃ আগতম্—পৈতৃকম্, পিত্র্যম্**। বিদ্যা বা বংশের সম্বন্ধ না থাকিলে অণ্ হয়। যথা, সবিতুঃ আগতম্—সাবিত্রম্।

১০৬। **তত্র ভবঃ, তত্র জাতঃ, ততঃ আগতঃ** প্রভৃতি অর্থে—

(১) **রাষ্ট্রাবার-পারাদ্ ঘখৌ** (৪।২।৯৩)—'তত্র ভবঃ' প্রভৃতি অর্থে রাষ্ট্র শব্দের উত্তর ঘ এবং অবার (নিকটস্থ তীর) ও পার (দূরবর্তী তীর) শব্দের উত্তর খ হয় যথা, **রাষ্ট্রে ভবঃ—রাষ্ট্রিয়ঃ**, অবারে ভবঃ—অবারীণঃ, **পারে ভবঃ—পারীণঃ**, পারাবারে ভবঃ—পারাবারীণঃ।

(২) **গ্রামাদ্ য-খঞৌ** (৪।২।৯৪)—গ্রাম শব্দের উত্তর ঐ সকল অর্থে য ও খঞ্ হয়। যথা, গ্রামে ভবঃ—গ্রাম্যঃ, গ্রামীণঃ।

(৩) **কুল-কুক্ষি-গ্রীবাভ্যঃ শ্বাস্যলঙ্কারেষু** (৪।২।৯৬)—কুল শব্দের উত্তর কুকুর অর্থে, কুক্ষি শব্দের উত্তর অসি অর্থে এবং গ্রীবা শব্দের উত্তর অলঙ্কার অর্থে ঢকঞ্ হয়। যথা, কুলে জাতঃ—**কৌলেয়কঃ শ্বা, কৌলঃ অন্যঃ** কুক্ষৌ ভবঃ—**কৌক্ষেয়কঃ অসিঃ, কৌক্ষঃ, অন্যঃ**। গ্রীবায়াং ভবঃ-**গ্রৈবেয়কঃ গ্রীবালঙ্কারঃ, গ্রৈবঃ অন্যঃ**।

(৪) **নদ্যাদিভ্যো ঢক্** (৪।২।৯৭)—নদীপ্রভৃতির উত্তর ঐ সকল অর্থে ঢক্ হয়। যথা নদ্যাং জাতম্—নাদেয়ম্; মহী—মাহেয়ম্, বারাণসী—বারাণসেয়

(৫) **দক্ষিণা-পশ্চাৎ-পুরসস্ত্যক্** (৪।২।৯৮)—ইহাদের উত্তর ঐ সকল অর্থে ত্যক্ হয়। যথা, **দক্ষিণা ভবঃ—দাক্ষিণাত্যঃ, পশ্চাৎ—পাশ্চাত্ত্যঃ, পুরস্—পৌরস্ত্যঃ।**

(৬) **দ্যু-প্রাগ্-অপাগ্-উদক্-প্রতীচো যৎ** (৪।২।১০১)—দিব্ প্রভৃতি পাঁচটির উত্তর ঐ সকল অর্থে যৎ হয়। যথা, **দিবি ভবম্—দিব্যম্,** প্রাচি ভবম্—**প্রাচ্যম্,** অপাচি (দক্ষিণ-দিশি) ভবম্—অপাচ্যম্, উদীচি ভবম্—**উদীচ্যম্ ;** প্রতীচি ভবম্—**প্রতীচ্যম্।**

(৭) **অব্যয়াৎ ত্যপ** (৪।২।১০৪)—অমা, ইহ, ক্ব, তসিল্ প্রত্যয়ান্ত এবং ত্রপ্রত্যয়ান্ত শব্দের উত্তর ঐ সকল অর্থে ত্যপ্ হয়। যথা, **অমা (সমীপে) ভবঃ—অমাত্যঃ, ইহ—ইহত্যঃ, ক্ব** ক্বত্যঃ, ততঃ—**ততস্ত্যঃ, তত্র—তত্রত্যঃ। ত্যব্নেধ্রুবে ইতি বক্তব্যম্**—নিত্যম্ ধ্রুবম্ (অন্যত্র নিষ্ঠ্যঃ চাণ্ডালাদিঃ)। **অরণ্যাৎ ণঃ—আরণ্যাঃ সুমনসঃ পশবো বা। অরণ্যাদ্মনুষ্যে** (৪।২।১২৯)—**পথ্যধ্যায়ন্যায়-বিহার-মনুষ্য-হস্তিষ্বিতি বাচ্যম্** (বা)। মনুষ্য, পথ, অধ্যায়, ন্যায়, বিহার ও হস্তী বুঝাইতে অরণ্য শব্দের উত্তর বুঞ্ হয়। যথা, **আরণ্যকঃ মনুষ্যঃ (বার্ত্তিকবলাৎ পন্থাঃ অধ্যায়ঃ ন্যায়ঃ বিহারঃ হস্তী বা)। বা গোময়েষু**—আরণ্যাঃ আরণ্যকা বা গোময়াঃ। **দূরাদেত্যঃ**—দূরে ভবঃ—দূরেত্যঃ।

(৮) **ঐষমোহ্যঃ-শ্বসোঽন্যতরস্যাম্** (৪।২।১০৫)—ঐষমঃ প্রভৃতির উত্তর বিকল্পে ভব প্রভৃতি অর্থে ত্যপ্ হয়। যথা, ঐষমঃ ভবঃ—ঐষমস্ত্যঃ, ঐষমস্তনঃ (ট্যুল্), হ্যঃ—হ্যস্ত্যঃ, হ্যস্তনঃ (ট্যুল্), শ্বঃ—শ্বস্ত্যঃ, শ্বস্তনঃ (ট্যুল্), **শৌবস্তিকঃ (ঠঞ্)।**

(৯) **বৃদ্ধাচ্ছঃ** (৪।২।১১৪)—**বৃদ্ধসংজ্ঞক ও তদাদি শব্দের উত্তর 'তত্র জাতঃ' প্রভৃতি অর্থে ছ হয়।** (১) যথা, শালায়াং ভবঃ—শালীয়ঃ,

---

(১) **বৃদ্ধির্যস্যাচামাদিস্তদ্বৃদ্ধম্** (১।১।৭৩)—যে শব্দের স্বরবর্ণগুলির মধ্যে প্রথম স্বরবর্ণটি বৃদ্ধি-সংজ্ঞক অর্থাৎ আ, ঐ বা ঔ বৃদ্ধিরাদৈচ্ (১।১।১) তাহাকে 'বৃদ্ধ' বলে। **ত্যদাদীনি চ** (১।১ ৭৪)—ত্যদ্ প্রভৃতি সর্বনামগুলিও 'বৃদ্ধ'-সংজ্ঞার অন্তর্ভুক্ত।

স্থান—স্থানীয়ঃ, মালা—মালীয়ঃ ; গার্গ্যস্য অয়ং শিষ্যঃ—গার্গীয়ঃ, বাৎস্য—বাৎসীয়ঃ, বৌদ্ধ—বৌদ্ধীয়ঃ, শৈব—শৈবীয়ঃ, **পাণিনি—পাণিনীয়ঃ** ; স্থাণবীয়ং ধনুঃ, ভার্গবীয়ঃ কুঠারঃ। তদাদি, **তস্য অয়ম্—তদীয়ঃ** ; এইরূপ—**ত্বদীয়ঃ, মদীয়ঃ, যুষ্মদীয়ঃ, অস্মদীয়ঃ**, কিমিয়ঃ অদসীয়ঃ। **বা নামধেয়স্য** (বা) —দৈবদত্তঃ দৈবদত্তীয়ঃ। ভবতষ্ঠক্ছসৌ—ভবতঃ অয়ম্—ভাবৎকঃ (ঠক্), ভবদীয়ঃ (ছশ)।

যুষ্মদ্ ও অস্মদ্ শব্দের উত্তর অণ্ এবং খঞ্ ও হয় (৪।৩।১)। তখন এক বচনে তবক ও মমক এবং বহুবচনে যুষ্মাক ও অস্মাক হয়। যথা, তব ইদম্—**তাবকম্, তাবকীনম্** ; মম ইদম্—**মামকম্, মামকীনম্** ; যুষ্মাকম্ ইদম্—**যৌষ্মাকম্, যৌষ্মাকীণম্** ; অস্মাকম্ ইদম্—**আস্মাকম্, আস্মাকীনম্**।

(১০) **গহাদিভ্যশ্চ** (৪।২।১৩৮)—গহপ্রভৃতির উত্তর 'তত্র জাতঃ' প্রভৃতি অর্থে ছ হয়। যথা, গহীয়ঃ, বঙ্গীয়ঃ, মগধীয়ঃ, নন্দীগ্রামীয়ঃ, একবর্গীয়ঃ, কবর্গীয়ঃ। **মুখ-পার্শ্বতসোর্লোপশ্চ** (গ—মুখে=মুখতঃ, পার্শ্বে=পার্শ্বতঃ (আদ্যাদিত্বাৎ তসিঃ)। মুখতস্ ও পার্শ্বতস্ শব্দের উত্তর 'তত্র জাতঃ' প্রভৃতি অর্থে ছ হয় এবং স্ এর লোপ হয়। যথা, মুখতঃ (মুখে) জাতম্—মুখতীয়ম্ অমৃতম্, পার্শ্বে ভবম্—পার্শ্বতীয়ম্ মিত্রম্। **কুগ্ জনস্য চ পরস্য চ** (বা)—জন ও পরশব্দের উত্তর ছ হয় এবং ক্ আগম হয়। যথা **জনস্য ইদম্—জনকীয়ম্, পরস্য ইদম্—পরকীয়ম্। স্বস্য চ** (বা)—স্বশব্দের উত্তরও ছ হয় এবং ক্ আগম হয়। যথা, **স্বস্য ইদম্—স্বকীয়ম্। স্বীয়ম্ তু 'প্রাক্ ক্রীতাচ্ছঃ' ইতি ছপ্রত্যয়েন। রাজ্ঞঃ ক চ** (৪।২।১৪০)—রাজন্ শব্দের উত্তর ছ হয় এবং ন স্থানে ক হয়। যথা, **রাজ্ঞঃ ইদম্—রাজকীয়ম্**।

(১১) **পর্বতাচ্চ** (৪।২।১৪৩)—পর্বত শব্দের উত্তরও 'তত্র' প্রভৃতি অর্থে ছ হয়। যথা, **পর্বতে জাতঃ—পর্বতীয়ঃ মনুষ্যঃ**। পর্বতীয় ইতি মা ব্যজীগণঃ (ভারবি) **বিভাষাঽমনুষ্যে** (৪।২।১৪৪)—মানুষ না বুঝাইলে বিকল্পে অণ্ হয়। যথা, **পর্বতীয়ম্, পার্বতং বা ফলম্**।

(১২) **মধ্যাদ্ মঃ** (৪।৩।৮)—মধ্য শব্দের উত্তর 'তত্র ভবঃ' প্রভৃতি অর্থে ম হয়। যথা, মধ্যে ভবঃ—মধ্যমঃ। **আদেশ্চ**—আদৌ ভবঃ—আদিমঃ। **অবোঽধসোঃ সলোপশ্চ**—অবঃ ভবঃ—অবমঃ, অধঃ ভবঃ—অধমঃ। **দ্বীপাদ্ যঞ্**—দ্বীপে ভবঃ—দ্বৈপ্যঃ বণিক্।

(১৩) **কালাট্ ঠঞ্** (৪।৩।১১)—কালবাচক শব্দের উত্তর 'তত্র জাতঃ' প্রভৃতি অর্থে ঠঞ্ হয়। যথা, **মাসে ভবঃ—মাসিকঃ**। এইরূপ—বার্ষিকঃ, দ্বিবার্ষিকঃ, বাৎসরিকঃ, সাম্বৎসরিকঃ, **মৌহূর্তিকঃ, আহ্নিকঃ,** পৌর্ববার্ষিকঃ, **ত্রৈবার্ষিকঃ।**

কথং তর্হি **'শার্বরস্য** তমসো নিষিদ্ধয়ে' ইতি কালিদাসঃ, 'অনুদিতৌষ-**সরাগঃ**' ইতি ভারবিঃ, **সমানকালীনং প্রাক্‌কালীনম্** ইত্যাদি চ? **অপভ্রংশা এবৈতে ইতি প্রামাণিকাঃ।**

(১৪) **শ্রাদ্ধে শরদঃ** (৪।৩।১২)—শ্রাদ্ধ বুঝাইতে শরদ্ শব্দের উত্তর **ঠঞ্** হয়। যথা, শরদি ভবম্—শারদিকং শ্রাদ্ধম্, শারদম্ অন্যৎ। বিভাষা রোগাতপয়োঃ (৪।৩।১৩)—রোগ ও আতপ বুঝাইতে বিকল্পে ঠঞ্ হয় যথা, শারদিকঃ শারদো বা রোগঃ, আতপশ্চ।

নিশা-প্রদোষাভ্যাং চ (৪।৩।১৪)—যথা, নৈশিকঃ নৈশো বা অন্ধকারঃ, প্রাদোষিকঃ প্রাদোষো বা বায়ুঃ।

(১৫) **শ্বসস্তুট্ চ** (৪।৩।১৫)—শ্বস্ শব্দের উত্তর ঠঞ্ হয় এবং ত-কার আগম হয়। যথা, **শ্বঃ ভবঃ—শৌবস্তিকঃ বিভবঃ।** পক্ষে শ্বস্ত্যঃ (ঐষমঃ প্রভৃতি সূত্রেণ), **শ্বস্তনঃ (সায়ং চিরমিত্যাদি সূত্রেণ)।**

(১৬) **সন্ধিবেলাদ্যৃতু-নক্ষত্রেভ্যোঽণ্** (৪।৩।১৬)—সন্ধিবেলা প্রভৃতি কালবাচক শব্দ, ঋতুবাচক শব্দ ও নক্ষত্রবাচক শব্দের উত্তর 'তত্র ভবঃ' প্রভৃতি অর্থে অণ্ হয়। যথা, সন্ধিবেলায়াং ভবম্—সান্ধিবেলম্, সন্ধ্যা—সান্ধ্যম্, অমাবস্যা—আমাবস্যম্, পূর্ণমাসী—পৌর্ণমাসম্ প্রতিপদ্—প্রাতিপদম। ঋতু—গ্রৈষ্মম্, শৈশিরম্। **প্রাবৃষ এণ্যঃ, বর্ষাভ্যষ্ঠক্, বসন্তাচ্চ**—যথা, **প্রাবৃষি ভবম্—প্রাবৃষেণ্যম্, বর্ষাসু ভবম্—বার্ষিকম্, বসন্তে ভবম্—বাসন্তিকম্।**

হেমন্তাচ্চ—হেমন্ত শব্দের উত্তর ঠঞ্ ও অণ্ হয়, অণ্ হইলে ন্ত্‌ এর লোপ হয়। যথা, হেমন্তে ভবম্—**হৈমন্তিকম্ হৈমনম্**। হৈমন্তম্ ইতি তু ঋতুত্বাৎ অণ্। **সংবৎসরাৎ তৎফল-পর্বণোরেব অণ্** (বা —যথা, সাংবৎসরং ফলং পর্ব বা, অন্যত্র সাংবৎসরিকম্।

(১৭) **সায়ং-চিরং-প্রাহ্নে-প্রগেঽব্যয়েভ্যষ্ট্যুট্যুলৌ তুট্ চ** (৪।৩।২৩)—সায়ম্, চিরম্, প্রাহ্ণ ও প্রগ শব্দ এবং অব্যয়ের উত্তর **ট্যু** ও **ট্যুল্** হয় এবং ত্‌কার আগম হয়। যথা, **সায়ং ভবম্—সায়ন্তনম্**, চিরং ভবম্—**চিরন্তনম্**। প্রাহ্ণ—প্রাহ্নেতনম্, প্রগ—প্রগেতনম্ (একার নিপাতনে সিদ্ধ)। অব্যয়—দোষাতনম্, দিবাতনম্, **অদ্যতনী ক্রিয়া**, প্রাতস্তনম্ কর্ম, উপরিতনঃ গ্রন্থঃ, **অধস্তনঃ পুরুষঃ, প্রাক্তনং কর্ম, পুরাতনঃ পুরুষঃ**। **চিরপরুৎ-পরারিভ্যস্ত্নঃ** (বা) চির, পরুৎ ও পরারি শব্দের উত্তর ত্ন হয়। যথা **চিরং ভবম্—চিরত্নম্**। এইরূপ—পরুত্নম্, পরারিত্নম্। **অগ্রাদি-পশ্চাদ্ ডিমচ্, অন্তাচ্চ** (বা) যথা, **আদিমম্, অগ্রিমম্, পশ্চিমম্, অন্তিমম্**।

(১৮) **বিভাষা পূর্বাহ্ণাপরাহ্ণাভ্যাম্** (৪।৩।২৪)—ইহাদের উত্তর **ট্যু** ও **ট্যুল্** হয় এবং **পক্ষে ঠঞ্** হয়। যথা, পূর্বাহ্ণেতনম্, অপরাহ্ণেতনম্ ('ঘকালতনেষু—' ইত্যলুক্); পক্ষে পৌর্বাহ্ণিকম্, অপরাহ্ণিকম্।

১০৭। **প্রভবতি** (৪।৩।৮৩)—'তাহা হইতে প্রথম প্রকাশিত হয়' এই অর্থে শব্দের উত্তর অণ্ হয়। যথা, হিমবতঃ প্রভবতি যা সা—হৈমবতী গঙ্গা। **বিদূরাদ্ ঞ্যঃ**—বিদূর শব্দের উত্তর ঞ্য হয়। যথা, বিদূরাৎ প্রভবতি যঃ সঃ—বৈদূর্যো মণিঃ।

(ক) **তস্মৈ প্রভবতি সন্তাপাদিভ্যঃ** (৫।১।১০১)—'**তস্মৈ প্রভবতি**' এই অর্থে সন্তাপ-প্রভৃতি শব্দের উত্তর **ঠঞ্** হয়। যথা, সন্তাপায় প্রভবতি যঃ সঃ—সান্তাপিকঃ, **সংগ্রামায় প্রভবতি যঃ সঃ—সাংগ্রামিকঃ**, সংযোগায় প্রভবতি যঃ সঃ—সাংযোগিকঃ, সম্পরায়ায় প্রভবতি যঃ সঃ—সাম্পরায়িকঃ। এইরূপ—নৈষ্পেষিকঃ, **নৈসর্গিকঃ**, বৈসর্গিকঃ, ঔপসর্গিকঃ, প্রাবাসিকঃ, **স্বাভাবিকঃ, প্রাকৃতিকঃ**, ঔপবাসিকঃ, সাংঘাতিকঃ, মাংসিকঃ, ঔদনিকঃ।

(খ) **যোগাদ্ যচ্চ** (৫।১।১০২)—'তস্মৈ প্রভবতি' এই অর্থে যোগ শব্দের উত্তর ঠঞ্ ও যৎ হয়। যথা, যোগায় প্রভবতি—যৌগিকঃ, যোগ্যঃ।

(গ) **কর্মণ উকঞ্** (৫।১।১০৩)—'তস্মৈ প্রভবতি' এই অর্থে কর্মন্ শব্দের উকঞ্ হয়। যথা, **কর্মণে প্রভবতি—কার্মুকং ধনুঃ।** ধনুষ্যেব অভিধানম্।

১০৮। **তত্র সাধুঃ** (৪।৪।৯৮)—'সেই বিষয়ে কুশল' এই অর্থে শব্দের উত্তর **যৎ** হয়। যথা, সামনি সাধুঃ—সামন্যঃ (সামবেদজ্ঞঃ), ব্রহ্মণি সাধুঃ—ব্রহ্মণ্যঃ (ব্রাহ্মণসেবাজ্ঞঃ), কর্মণি সাধুঃ—কর্মণ্যঃ, **শরণে সাধুঃ—শরণ্যঃ**, অগ্রে সাধুঃ—অগ্র্যঃ, **সভায়াং সাধুঃ—সভ্যঃ।**

(ক) **প্রতিজনাদিভ্যঃ খঞ্** (৪।৪।৯৯)—'তত্র সাধুঃ' এই অর্থে প্রতিজন প্রভৃতি শব্দের উত্তর খঞ্ হয়। যথা প্রতিজনে সাধুঃ—প্রাতিজনীনঃ, সংযুগে (রণে) সাধুঃ—সাংযুগীনঃ, **সর্বজনে সাধুঃ—সার্বজনীনঃ**, অস্মিন্ যুগে সাধুঃ—ঐদংযুগীনঃ। **পরিষদো ণ্যঃ**—পরিষদ্ শব্দের উত্তর ণ্য ও অণ্ হয়। যথা, পরিষদি সাধুঃ—পারিষদ্যঃ পারিষদঃ। পর্ষদ্ ইতি পাঠেন—পার্ষদঃ।

(খ) **কথাদিভ্যষ্ঠক্** (৪।৪।১০২)—কথা প্রভৃতির উত্তর তত্র সাধু অর্থে **ঠক্** হয়। যথা, কথায়াং সাধুঃ—কাথিকঃ, বার্তায়াং সাধুঃ—বার্তিকঃ। এইরূপ—সাংগ্রামিকঃ, সাঙ্ঘাতিকঃ, বৈতণ্ডিকঃ।

(গ) **গুডাদিভ্যষ্ঠঞ্** (৪।৪।১০৩)—গুড় প্রভৃতির উত্তর ঠঞ্ হয়। যথা, গুড়ে সাধুঃ—গৌড়িক, প্রবাসে সাধুঃ—প্রাবাসিকঃ।

(ঘ) **পথ্য-তিথি-বসতি-স্বপতে ঢঞ্** (৪।৪।১০৪)—ইহাদের উত্তর **ঢঞ্** হয়। যথা, **পথি সাধুঃ—পাথেয়ঃ**, অতিথৌ সাধুঃ—**আতিথেয়ঃ গৃহস্থঃ**, বসতৌ সাধুঃ—**বাসতেয়ং ধনম্**, স্বপতৌ সাধুঃ—**স্বাপতেয়ঃ বিভবঃ।**

(ঙ) **সভায়া যঃ** (৪।৪।১০৫)—**সভায়াং সাধুঃ—সভ্যঃ।**

১০৯। **তদস্য পণ্যম্** (৪।৪।৫১)—তাহা ইহার পণ্য' এই অর্থে শব্দের উত্তর **ঠক্** হয়। যথা, মোদকঃ পণ্যম্ অস্য—মৌদকিকঃ, অপূপঃ পণ্যমস্য

—আপূপিকঃ। **লবণাট্ঠঞ্**—লবণ শব্দের উত্তর ঠঞ্ হয়। যথা, লবণং পণ্যমস্য—লাবণিকঃ।

১১০। **শিল্পম্** (৪।৪।৫৫)—'তাহা ইহার শিল্প' এই অর্থে শব্দের উত্তর ঠক্ হয়। যথা, মৃদঙ্গবাদনং শিল্পমস্য—মার্দঙ্গিকঃ, পণববাদনং শিল্পমস্য—পাণবিকঃ।

১১১। **প্রহরণম্** (৪।৪।৫৭)—'তাহা ইহার অস্ত্র' এই অর্থে শব্দের উত্তর ঠক্ হয়। যথা, **অসিঃ প্রহরণম্ অস্য—আসিকঃ**, প্রাস—প্রাসিকঃ, খড়্গ—খাড়্গিকঃ, **ধনুস্—ধানুষ্কঃ**, পাশ—পাশিকঃ। **শক্তি-যষ্ট্যোরীকক্** (বা)—শক্তিঃ প্রহরণমস্য—শাক্তীকঃ, যষ্টিঃ প্রহরণমস্যাঃ—যাষ্টীকী সেনা।

১১২। **শীলম্** (৪।৪।৬১)—'তৎ অস্য শীলম্' এই অর্থে শব্দের উত্তর ঠক্ হয়। যথা, পরুষবচনং শীলং যস্য—পারুষিকঃ. আক্রোশঃ শীলমস্য—আক্রোশিকঃ, **করুণা শীলমস্য—কারুণিকঃ**।

(ক) **ছত্রাদিভ্যোণঃ** (৪।৪।৬২) ছত্র প্রভৃতির উত্তর ণ হয়। যথা, **ছত্রং (গুরো র্দোষপ্রচ্ছাদনং) শীলমস্য**—ছাত্রঃ; (**স্ত্রীলিঙ্গে টাপ =ছাত্রা**) **তপঃ শীলমস্য—তাপসঃ**, চুরা শীলমস্য—চৌরঃ।

১১৩। **প্রয়োজনম্** (৫।১।১০৯)—'**তৎ অস্য প্রয়োজনম্**' এই অর্থে শব্দের উত্তর ঠঞ্ হয়। যথা, রাজসূয়ঃ প্রয়োজনমস্য—রাজসূয়িকঃ দিগ্‌বিজয়ঃ, উৎসবঃ প্রয়োজনং যস্য—ঔৎসবিকঃ সম্ভারঃ। শ্রদ্ধা প্রয়োজনং যস্য—শ্রাদ্ধম্ (অণ্)। বিশাখা প্রয়োজনমস্য—বৈশাখঃ (মন্থদণ্ডঃ), আষাঢ়া প্রয়োজনমস্য—আষাঢ়ঃ (পালাশোদণ্ডঃ)।

(ক) **স্বর্গাদিভ্যো যৎ** (বা)—স্বর্গপ্রভৃতি শব্দের উত্তর যৎ হয়। যথা, স্বর্গঃ প্রয়োজনমস্য—স্বর্গ্যং তপঃ, আয়ুঃ প্রয়োজনমস্য—আয়ুষ্যম্, ধনং প্রয়োজনমস্য—ধন্যম্, যশঃ প্রয়োজনমস্য—যশস্যম্, ধর্মঃ প্রয়োজনমস্য—ধর্ম্যম্।

১১৪। **তস্মৈ হিতম্** (৫।১।৫)—'**তস্মৈ হিতম্**' এই অর্থে শব্দের উত্তর ছ হয়। যথা, বৎসেভ্যঃ হিতম্—বৎসীয়ম্, **গবে হিতম্—গব্যম্** (যৎ), হবিষে হিতম্—হবিষ্যম্ (যৎ), ব্রহ্মণে হিতঃ—ব্রহ্মণ্যঃ (যৎ)।

(ক) **শরীরাবয়বাদ্ যৎ** (৫।১।৬)—প্রাণীর অঙ্গবাচক শব্দের উত্তর যৎ হয়।

যথা, দন্তায় হিতম্—দন্ত্যম্, কণ্ঠায় হিতম্—কণ্ঠ্যম্, নাভয়ে হিতম্—নাভ্যম্। **রথাচ্চ—রথায় হিতা—রথ্যা** (মার্গঃ)। **অজাবিভ্যাং থ্যন্** (৫।১।৯)—অজায় হিতা—অজথ্যা ভূমিঃ, অবয়ে (মেষায়) হিতা—অবিথ্যা শালা। **নস্ নাসিকায়াঃ—নাসিকায়ৈ হিতম্—নস্যম্।**

(খ) **আত্মন্-বিশ্বজন-ভোগোত্তরপদাৎ খঃ** (৫।১।৯)—'**তস্মৈ হিতম্**' এই অর্থে আত্মন্, বিশ্বজন ও ভোগশব্দান্ত শব্দের উত্তর **খ** হয়। যথা, আত্মনে হিতঃ—আত্মনীনঃ, বিশ্বজনেভ্যঃ হিতা—বিশ্বজনীনা বৃত্তিঃ, মাতৃভোগায় হিতঃ—মাতৃভোগীনঃ, পঞ্চজনেভ্যঃ হিতঃ—পঞ্চজনীনঃ। **সর্বজনাট্ঠঞ্ খশ্চ**—সর্বজনেভ্যঃ **হিতঃ—সার্বজনিকঃ, সর্বজনীনঃ**(১) উৎসবঃ। মহাজনাট্ ঠঞ্—মাহাজনিকঃ।

১১৫। **বেতনাদিভ্যো জীবতি** (৪।৪।১২)—'**তেন জীবতি**' এই অর্থে বেতন প্রভৃতি শব্দের উত্তর **ঠক্** হয়। যথা, **বেতনেন জীবতি যঃ সঃ—বৈতনিকঃ ; জাল—জালিকঃ**, মৃদঙ্গ—মার্দঙ্গিকঃ, পণব—পাণবিকঃ, মুরজ—মৌরজিকঃ, মুখ—মৌখিকঃ, দণ্ড—দাণ্ডিকঃ।

(ক) **বস্ন-ক্রয়-বিক্রয়াট্ ঠন্** (৪।৪।১৩)—ইহাদের উত্তর **ঠন্** হয়। যথা, বস্নেন (মূল্যেন) জীবতি যঃ সঃ—বস্নিকঃ, ক্রয়েণ জীবতি—ক্রয়িকঃ, বিক্রয়েণ জীবতি—বিক্রয়িকঃ। আয়ুধাচ্ছ চ—আয়ুধ শব্দের উত্তর ছ ও ঠন্ হয়। যথা, আয়ুধেন জীবতি—আয়ুধীয়ঃ, আয়ুধিকঃ।

১১৬। **তস্যেদম্** (৪।৩।১২০)—'**তস্য ইদম্**' এই অর্থে শব্দের **উত্তর অণ্** হয়। যথা, উপগোরিদম্—ঔপগবম্, বিষ্ণোরিদম্—বৈষ্ণবম্, দশরথস্য ইদম্—দাশরথম্, শিবস্য ইদম্—শৈবম্, মঘোনঃ ইদম্—মাঘবনম্, শুনঃ ইদম্—শৌবনম্, চন্দ্রস্য ইদম্—চান্দ্রম্, ভৃগোরিদম্—ভার্গবম্, **সূর্যস্য ইদম্—সৌরম্**, ভূমেরিদম্—ভৌমম্, পৃথিব্যা ইদম্—পার্থিবম্, রজতস্য ইদম্—রাজতম্, **চক্ষুষ ইদম্—চাক্ষুষম্**, ত্বচ ইদম্—ত্বাচম্, তমসঃ ইদম্—তামসম্। **বহে স্তুরণিট্ চ**—তৃচ্

(১) **তত্র সাধুঃ** (৪।৪।৯৮), **প্রতিজনাদিভ্যঃ খঞ্** (৪।৪।৯৯)—প্রতিজনে সাধুঃ প্রাতিজনীনঃ, **সর্বজনেভ্যঃ সাধুঃ সার্বজনীনঃ।**

প্রত্যয়ান্ত বহ্ ধাতুর উত্তর অণ্ এবং ইট্ হয়। যথা, সংবোঢ়ুঃ ইদম্—সাংবহিত্রম্। **অগ্নীধঃ শরণে রণ ভং চ**—অগ্নীধ্ (অগ্নিম্ ইন্ধে ইতি অগ্নি-ইন্ধ্ + ক্বিপ্) শব্দের রণ্ হয় এবং উহার ভসংজ্ঞা হয়। যথা, অগ্নীধ ইদম্—আগ্নিধ্রম। **স'মধাম্ আধানে ষেণ্যণ্**—সমিধ্ শব্দের উত্তম ষেণ্যণ্ হয়। যথা, সমিধঃ ইয়ম্—সামিধেনী ঋক্, সমিধঃ অয়ম্—সামিধেন্যঃ মন্ত্রঃ।

(ক) **রথাদ্ যৎ** (৪।৩।১২১)—'**তস্য ইদম্**' এই অর্থে রথ শব্দের উত্তর যৎ হয়। যথা, রথস্য ইদম্—রথ্যং চক্রম্। **পত্র-পূর্বাদ্ অঞ্**—পত্রং বাহনম্। বাহনবাচক শব্দ রথ শব্দের পূর্বে থাকিলে অঞ্ হয়। যথা অশ্বরথস্য ইদম্—আশ্বরথং চক্রম্; কিন্তু পরমরথ্যং চক্রম্।

(খ) **পত্রাধ্বর্যু-পরিষদশ্চ** (৪।৩।১২৩)—পত্র অর্থাৎ বাহনবাচক শব্দ, অধ্বর্যু শব্দ এবং পরিষদ্ শব্দের উত্তর অঞ্ হয়। যথা, অশ্বস্য ইদম্—আশ্বং বহনীয়ম্ উষ্ট্রস্য অয়ম্—ঔষ্ট্রো ভারঃ। অধ্বর্যোঃ ইদম্—আধ্বর্যবম্ পরিষদঃ অয়ম্—পারিষদঃ সময়ঃ।

(গ) **হল-সীরাট্-ঠক্** (৪।৩।১২৪)—হলস্য ইদম্—হালিকম্, সীরস্য (হলস্য) ইদম্—সীরিকম্।

১১৭। **তস্য বিকারঃ** (৪।৩।১৩৪)—পদার্থস্য প্রকারান্তরপ্রাপ্তিঃ **বিকারঃ**। '**তস্য বিকারঃ**' এই অর্থে শব্দের উত্তর অণ্ হয়। যথা মৃত্তিকায়া বিকারঃ—মাত্তিকঃ ঘটঃ, অশ্মনাং বিকারঃ—অশ্মঃ (অশ্মনো বিকারে টিলোপো বক্তব্যঃ ইতি টিলোপঃ)। ভস্মনো বিকারঃ—ভাস্মনঃ, চর্মণো বিকারঃ চার্মঃ ('চর্মণঃ কোষে' ইত্যুপসংখ্যানাৎ টিলোপঃ)। **সুবর্ণস্য বিকার—সৌবর্ণঃ নিষ্কঃ (পরিমাণ বিশেষঃ), সৌবর্ণঃ, অলঙ্কারঃ, অন্যত্র সুবর্ণময়ঃ।**

(ক) **অবয়বে চ প্রাণ্যোষধিবৃক্ষেভ্যঃ** (৪।৩।১৩৫)—প্রাণিবাচক, ওষধিবাচক এবং বৃক্ষবাচক শব্দের উত্তর '**তস্য বিকারঃ**' এবং 'তস্য অবয়বঃ' এই দুই অর্থেই অণ্ হয়। যথা, ময়ূরস্য বিকারঃ অবয়বো বা—মায়ূরঃ; মূর্বায়া বিকারঃ অবয়বো বা—মৌর্বঃ গুণঃ; পলাশস্য বিকারঃ অবয়বো বা—পালাশঃ দণ্ডঃ; এবং প্লাক্ষঃ, পৈপ্পলঃ, বৈল্বঃ।

(খ) ময়ড্ বৈতয়োর্ভাষায়াম্ অভক্ষ্যাচ্ছাদনয়োঃ ৪।৩।১৪৩) —'তস্য বিকারঃ' এবং 'তস্য অবয়বঃ' এই দুই অর্থেই শব্দের উত্তর বিকল্পে ময়ট্ এবং অণ্ হয়, কিন্তু খাদ্যবস্তু ও বস্ত্র বুঝাইতে হয় না। যথা, লোহস্য বিকারঃ অবয়বো বা—লোহময়ম্, লৌহম্; রজতস্য বিকারঃ অবয়বো বা—রজতময়ম্ রাজতং বা; সুবর্ণস্য বিকারঃ—সুবর্ণময়ম্, সৌবর্ণং বা পাত্রম্।

(গ) নিত্যং বৃদ্ধশরাদিভ্যঃ (৪।৩।১৪৪)—বৃদ্ধ-সংজ্ঞক শব্দ এবং শর প্রভৃতি শব্দের উত্তর বিকার ও অবয়ব অর্থে কেবল ময়ট্ হয়। যথা, আম্রস্য বিকারঃ অবয়বো বা—আম্রময়ম্, দূর্বা—দূর্বাময়ম্, শাল—শালময়ম্, শর—শরময়ম্, মৃদ্—মৃন্ময়ম্। একাচো নিত্যম্ অশরাদীনামপি বাঙ্ময়ং, শাস্ত্রম্, তন্ময়ম্, চিন্ময়ম্, স্বন্ময়ম্।

(ঘ) গোশ্চ পুরীষে (৪।৩।১৪৫)—গোঃ পুরীষম্—গোময়ম্।

(ঙ) অন্যত্র, গোপয়সোর্যৎ—গোঃ বিকারঃ—গব্যম্, পয়সো বিকারঃ—পয়স্যম্।

(চ) তৎপ্রকৃতবচনে ময়ট্ (৫।৪।২১ —প্রাচুর্যেণ কৃতং (প্রস্তুতং) প্রকৃতম্, তস্য বচনং প্রতিপাদনম্। প্রাচুর্যের সহিত বর্তমান এইরূপ বুঝাইতে শব্দের উত্তর ময়ট্ হয়। যথা, প্রকৃতম্ অন্নম্—অন্নময়ং শরীরম্, প্রকৃতম্ অপূপম্—অপূপময়ং পর্ব।

১১৮। তস্যেশ্বরঃ, তত্র বিদিত ইতি চ (৫।১।৪২,৪৩)—তাহার ঈশ্বর বা তথায় বিদিত এই অর্থে সর্বভূমি শব্দের উত্তর অণ্ এবং পৃথিবী শব্দের উত্তর অঞ্ হয়। যথা, সর্বভূমেঃ ঈশ্বরঃ—সর্বভূমৌ বিদিতঃ ইতি বা—সার্বভৌমঃ। পৃথিব্যাঃ ঈশ্বরঃ, পৃথিব্যাং বিদিত ইতি বা—পার্থিবঃ।

(ক) লোক-সর্বলোকাট্ ঠঞ্ ৫।১।৪৪ —'তত্র বিদিতঃ' এই অর্থে লোক ও সর্বলোক শব্দের উত্তর কেবল ঠঞ্ হয়। যথা, লোকে বিদিতঃ—লৌকিকঃ, সর্বলোকে বিদিতঃ—সার্বলৌকিকঃ।

১১৯। কালাৎ (৫।১।১৭৮), তেন নির্বৃত্তম্ (৫।১।৭৯)—'তাহা দ্বারা

নিষ্পন্ন' এই অর্থে কালবাচক শব্দের উত্তর ঠঞ্ হয়। যথা, অহ্না নির্বৃত্তম্—আহ্নিকম্ সংবৎসর—সাংবৎসরিকম্।

(ক) তমধীষ্টো ভৃতো ভূতো ভাবী (৫।১।৮০)—অধীষ্টঃ সৎকৃত্য নিযুক্তঃ। ভৃতঃ—বেতনেন ক্রীতঃ। ভূত—স্বসত্তয়া ব্যাপ্তকালঃ। ভাবী—তাদৃশ এব অনাগতকালঃ। কোন সময় ব্যাপিয়া সসম্মানে নিযুক্ত, বেতন দ্বারা ক্রীত, হইয়াছে এবং হইবে এই চারি অর্থে কালবাচক শব্দের উত্তর ঠঞ্ হয়। যথা, মাসম্ (ব্যাপ্য) অধীষ্টঃ গুরুঃ—মাসিকো গুরুঃ, মাসং ভৃতঃ—মাসিকঃ দাসঃ, মাসং ভূতঃ—মাসিকো ব্যাধিঃ; মাসং ভাবী—মাসিক উৎসবঃ।

(খ) বর্ষাল্লুক্ চ (৫।১।৮৮)—নির্বৃত্ত, অধীষ্ট প্রভৃতি পাঁচ অর্থে বর্ষভাগান্ত দ্বিগু সমাসের উত্তর খ ও ঠঞ্ হয় এবং বিকল্পে উহাদের লোপ হয়। যথা, দ্বে বর্ষে ভূতঃ ভাবী বা-দ্বিবর্ষীণঃ দ্বিবর্ষো বা ব্যাধিঃ। ভবিষ্যৎকাল ভিন্ন অর্থে দ্বিবার্ষিকঃ (১) ব্যাধিঃ। চিত্তবতি নিত্যম্ (৫।১।৮৯)—কিন্তু চেতন প্রাণী বুঝাইতে বর্ষভাগান্ত দ্বিগুসমাসের পরস্থিত খ ও ঠঞ্-এর সর্বদা লোপ হয়। যথা দ্বে বর্ষে ভূতঃ—দ্বিবর্ষঃ দারকঃ, পঞ্চ বর্ষাণি ভূতঃ পঞ্চবর্ষঃ বালকঃ। দ্বে বর্ষে অধীষ্টো ভৃতো বা কর্ম করিষ্যতীতি—দ্বিবার্ষিকঃ মনুষ্যঃ।

মত্বর্থীয় প্রত্যয়

১২০। তদস্যাস্ত্যস্মিন্নিতি মতুপ্ (৫।২।৯৪)—'তৎ অস্য অস্তি' এবং 'তৎ অস্মিন্ অস্তি' এই দুই অর্থে আতিশয্য প্রভৃতি বুঝাইতে শব্দের উত্তর মতুপ্ হয়। যথা, ধনম্ অস্তি যস্য সঃ—ধনবান্, গাবঃ সন্তি যস্য সঃ—গোমান্, মতিরস্তি যস্য সঃ—মতিমান্, শ্রীরস্তি যস্য সঃ—শ্রীমান্, আয়ুরস্তি যস্য সঃ—আয়ুষ্মান্, বপুরস্তি যস্য সঃ—বপুষ্মান্, চক্ষুষী স্তঃ যস্য সঃ—চক্ষুষ্মান্, পিতা অস্তি যস্য সঃ—পিতৃমান্; নদ্যঃ সন্তি যস্মিন্ সঃ—নদীমান্, লক্ষ্মীরস্তি যস্য সঃ—লক্ষ্মীবান্; কিমস্তি যস্য সঃ—কিংবান্। এইরূপ—ধান্যবান্, শ্রদ্ধাবান্,

(১) বর্ষস্যাভবিষ্যতি—ভবিষ্যৎ কাল ভিন্ন অর্থে বর্ষভাগান্ত শব্দের উত্তরপদের আদিস্বরের বৃদ্ধি হয়। যথা, দ্বে বর্ষে ভূতঃ—দ্বিবার্ষিকঃ ব্যাধিঃ। ভবিষ্যৎ অর্থে দ্বে বর্ষে ভাবী—দ্বৈবর্ষিকঃ ব্যাধিঃ।

পুণ্যবান্ সত্যবান্, ভগবান্। **গুণবচনেভ্যো মতুপো লুগ্ বক্তব্যঃ**—গুণবাচক শব্দের পরস্থিত মতুপ্ এর লোপ হয়। যথা, শুক্লঃ অস্তি যস্য সঃ—শুক্লঃ পটঃ। **মত্বর্থীয়প্রত্যয়ান্তাৎ তুল্যমত্বর্থীয়-প্রত্যয়ো মা ভূৎ।** ইহ তু ভবত্যেব—দণ্ডিমান্ দেশঃ, জ্ঞানিমান্ রাজা।

ভূম-নিন্দা-প্রশংসাসু নিত্যযোগেঽতিশায়নে।
সংসর্গেঽস্তি ববক্ষায়াং ভবন্তি মতুবাদয়ঃ ॥

বহুত্ব (আধিক্য), নিন্দা, প্রশংসা, নিত্যযোগ, আতিশয্য, সম্বন্ধ ও আছে অর্থে মতুপ্ প্রভৃতি মত্বর্থীয় প্রত্যয় হয়। যথা, ধনবান্, গোমান্ (**প্রাচুর্য অর্থে**), হনূমান্ (**নিন্দার্থে**, ভগ্নহনুবিশিষ্ট), রূপবান্ (**প্রশংসার্থে**), ক্ষীরী বৃক্ষঃ (**নিত্যযোগে**), উদরিণী কন্যা (**আতিশয্যে**), দণ্ডী পুরুষঃ (**সাময়িক সম্বন্ধে**), ছত্রী পুত্রী (**অস্ত্যর্থে**)।

এই সকল স্থলে **মতুপ্ এর ম স্থানে ব হয়।** যথা—

(ক) **মাদুপধায়াশ্চ মতোর্বোঽযবাদিভ্যঃ** (৮।২।৯)—যবপ্রভৃতি ভিন্ন মকারান্ত, অবর্ণান্ত, মকারোপধ এবং অবর্ণোপধ শব্দের পরস্থিত মতুপ্-এর ম স্থানে ব হয়। যথা, কিংবান্, ধনবান্, বিদ্যাবান্, **লক্ষ্মীবান্**, পরস্বান্, ভাস্বান্। যবাদয়ো যথা—যবমান্, ভূমিমান্, কৃমিমান্, **ঊর্মিমান্ ককুদ্মান্, গরুত্মান্।**

(খ) **ঝয়ঃ** (৮।২।১০)—পঞ্চমবর্ণ ভিন্ন বর্গীয় বর্ণের পরবর্তী মতুপ্ এর ম স্থানে ব হয়। যথা, **বিদ্যুত্বান্, তড়িত্বান্**, মরুত্বান্, (**তসৌ মত্বর্থে ইতি** ভসংজ্ঞা ন তু পদসংজ্ঞা, তেন ন জশ্)। **ইহাদের ভসংজ্ঞা বশতঃ পদ-সংজ্ঞা না হওয়ায় সন্ধিতে তৃতীয় বর্ণ হয় নাই।**

(গ) **সংজ্ঞায়াম্** (৮।২।১১)—নাম বুঝাইলে মতুপ্ এর ম স্থানে ব হয়। যথা, আসনমস্তি যস্য সঃ—আসন্দীবান্ (নিপাতনাৎ আসন-শব্দস্য আসন্দীভাবঃ) নাম গ্রামঃ, অন্যত্র আসনবান্ জনঃ। অস্থি অস্তি যস্য—**অষ্ঠীবান্** (নিপাতনাৎ অস্থিশব্দস্য অষ্ঠীভাবঃ) নাম ঋষিঃ, অন্যত্র অস্থিমান্ পশুঃ। চক্রম্ অস্তি যস্য—চক্রীবান্ (চক্রশব্দস্য চক্রীভাবঃ নিপাতনাৎ) নাম রাজা, অন্যত্র চক্রবান্ জনঃ।

৯। **নদ্যাঃ শেষস্যান্যতরস্যাম্** (৬।৩।৪৪)—ঙীপ্রত্যয়ান্ত ভিন্ন একস্বর নদীসংজ্ঞক শব্দের তরপ্, তমপ্ ও রূপপ্ প্রভৃতি পূর্বসূত্রের প্রত্যয় পরে থাকিলে **বিকল্পে অন্ত্যস্বর হ্রস্ব হয়**। যথা, স্ত্রীতরা স্ত্রিতরা; ব্রহ্মবন্ধূতরা, ব্রহ্মবন্ধুতরা। **কৃন্নদ্যাঃ প্রতিষেধঃ**—লক্ষ্মীতরা, তন্ত্রীতরা।

১০। **উগিতশ্চ** (৬।৩।৪৫)—উবর্ণ ঋবর্ণ ও ৯-ইৎ যায় এইরূপ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে ঙী করিলে উহার অন্ত্যস্বর ঘ, রূপ প্রভৃতি প্রত্যয়ে **বিকল্পে হ্রস্ব হয়**। যথা, ঈয়সুন্—শ্রেয়সিতরা; বিদুষিতরা; পক্ষে পুংবদ্ভাব—শ্রেয়স্তরা, বিদ্বত্তরা।

Exercise

1. *What is the distinction between* কৃৎ প্রত্যয় *and* তদ্ধিত প্রত্যয়? *Give three examples of each to justify your answer.*

2. *Cite some* তদ্ধিতান্ত *words of which (i) the first vowel of the first part undergoes* বৃদ্ধি; *(ii) the first vowel of the second part undergoes* বৃদ্ধি; *(iii) the first vowels of both the parts undergo* বৃদ্ধি।

3. *Make a list of principal* তদ্ধিত *affixes with their consequent changes.*

4. *Substitute single words for the following :—*

কর্মণে প্রভবতি, কাষ্ঠেন নির্মিতম্, মৃদা নির্মিতা, হিরণ্যস্য বিকারঃ, পন্থানং গচ্ছতি, পন্থানং নিত্যং গচ্ছতি, ব্যাকরণং বেত্তি যঃ সঃ, রাজ্ঞ ইদম্, সমুদ্রে ভবঃ, বহূনাং পূরণঃ, দ্বারি নিযুক্তঃ, দ্বারে নিযুক্ত, উন্নতাঃ দন্তাঃ সন্তি অস্য দ্বে বিধো উভয়েন প্রকারেণ, রূ যরস্যাস্তি, গাণ্ডিরস্যাস্তি, কস্মিন্ কালে, বিদ্যুৎ অস্মিন্ অস্তি, পূর্বাহ্ণে ভবম্. সেনা এব, ভাগ এব, সর্বস্যাং দিশি, দ্বয়োঃ মাত্রোঃ অপত্যং পুমান্, বাসস্য পুত্রঃ, শিক্ষাং বেত্তি, হ্যো গোদোহাৎ সমুদ্ভূতম্, ন্যায়ং বেত্তি, শতম্ অবয়বা যস্য তৎ, অর্ঘায় ইদম্. স্বসুঃ অপত্যম্, দুতস্য ভাবঃ কর্ম বা, ছন্দঃ অধীতে, বাল্মীকিনা প্রোক্তম্, ঋষিণা প্রোক্তম্. সপ্তভিঃ পদৈঃ লভ্যং সখ্যম্, জড়স্য ভাবঃ, পিতৃস্বসুঃ পুত্রঃ, গঙ্গায়াঃ পুত্রঃ, বিমাতুঃ পুত্রঃ, ষণ্ণাং মাতৄণাম্ অপত্যং পুমান্. ঋজোর্ভাবঃ ব ণজো ভাবঃ কর্ম বা, বৃদ্ধস্য ভাবঃ, জনানাং সমূহঃ, রাজ্ঞাং সমূহঃ, মহতো ভাবঃ, পাণিনিনা প্রোক্তম্, গোঃ বিকারঃ, গবে হিতম্, ছত্রং শীলম্ অস্য আপ্রপদং প্রাপ্নোতি. অধ্বানং সাধু গচ্ছতি গোঃ, পুরীষম্, সর্ষপস্য স্নেহঃ, গবাং স্থানম্, দুঃখং সঞ্জাতমস্য, কেন প্রকারেণ, অনেন প্রকারেণ, পাদায় ইদম্. অতিথৌ সাধুঃ. লক্ষ্মীরস্তি অস্য, আদৌ ভবঃ, মাত্রা তুল্যা, ভূতপূর্বঃ শিক্ষকঃ, ন্যায়াৎ অনপেতম্, প্রশস্তা মৃৎ বি এব, পরস্য ইদম্, মেধা অ স্ত অস্য, ষড়্ভিঃ প্রকারৈঃ, নাবা তার্যম্, ধর্মং চরতি, সর্বজনে সাধুঃ, বিশ্বজনেভ্যঃ হিতম্, মধু অস্য অস্তি, মাংসম্ অস্য অস্তি, পৃথিব্যাঃ ঈশ্বরঃ, সর্বভূমেঃ ঈশ্বরঃ, কর্মণি কুশলঃ, ঈষদূনা মাতা. অন্যস্মিন অহনি, আত্মনে হিতম্, মুখম্ অস্য অস্তি, প্রাক্ ভবঃ, পুরে ভবঃ, ধর্মাৎ অনপেতম্, পিতুঃ আগতম্ ফেনঃ অস্য অস্তি মায়য়া বিত্তঃ. অস্মিন্ অহনি, সমানে অহনি, অস্মিন্ বর্ষে, পূর্বতরে বর্ষে, লগুড়ঃ প্রহরণমস্য, নগঃ অস্মিন্ অস্তি, রহসি ভবম্, পুনঃ পুনঃ ভবম্।

5. *Derive the following citing relevant rules :—*

সদা, কুলীনঃ, নূতনম্, পথিকঃ, ভূমা, রথ্যাঃ, রথিকঃ, স্ত্রৈণঃ, সাংযুগীনঃ,

বাহীকঃ, মণিবঃ, কর্মঠঃ. বাচালঃ, আরণ্যকঃ, তমিস্রা, যুগ্যঃ, মৃত্তিকা, ভৈক্ষম্, তুর্য, ধেধা, পান্থঃ, পথিকঃ, মলিনম্, নানা, বিশাল, পশ্চাৎ, তিলতিলম্. উপরি, ক্ক, পচতিতরাম্, ময়কা, ততমঃ, তৈলকম্, পচতকি, সাঙ্কাশ্যঃ, দেবত্রাকরোতি, প্রত্নম্, স্নাতকঃ, ঐতিহ্যম্, উভয়ঃ, বহুকৃষ্ণঃ, চতুঃ, সকৃৎ, মাতামহঃ, কিয়ৎ. বৈশ্রবণঃ, ব্রাহ্মম্, কানীনঃ, যাম্যঃ, দাসেরঃ রাজন্যঃ, যৌবতম্, শৌবম্, স্তেয়ম্, বাহ্যম্, বিশ্বজনীনম্।

6. *Distinguish between :—*

মানবঃ-মাণবঃ; সর্বজনীনঃ-সার্বজনীনঃ; উদন্বান্-উদকবান্; মদীয়ঃ,-অস্মদীয়ঃ; নাব্যঃ-নাবিকঃ; বর্ণী-বর্ণবান্; করী-করবান্; অর্থী-অর্থবান্; ব্রাহ্মণঃ-ব্রাহ্মঃ-ব্রাহ্মম্; আরণ্যঃ-আরণ্যকঃ; পিতৃবৎ-পিতৃমৎ; বন্ধুত্বম্-বন্ধুতা; দেবত্বম্-দেবতা; চর্মণ্বতী-চর্মবতী; রাজকম্-রাজন্যকম্; লবণবান্-লবণবান্; দন্তুরঃ-দন্তবান্।

7. *Explain the following citing derivative meanings :—*

মদ্রাকরোতি, সুখাকরোতি, নিষ্কুলাকরোতি, নিষ্পত্রাকরোতি, শূলাকরোতি।

8. *Shorten each of the following expressions into a single* তদ্ধিতান্ত *word :—*

জলেন ব্যাপ্তং গৃহং ত্যজ। অয়ং ঘটঃ হিরণ্যস্য বিকারঃ। বালকঃ অতিথিষু সাধুঃ। স রাজা সর্বভূমেরীশ্বরঃ। ময়ূরাণাং সমূহঃ নভসি উৎপততি। ইদং বৃত্তং সর্বলোকে বিদিতম্। পঞ্চবর্ষাণি বয়ঃ যস্য বালকস্য সঃ। জ্যোতিরস্তি যস্যাঃ সা দৃশ্যতে।

9. *State with examples, the circumstances where* তদ্ধিত *suffix* ক *is added to words.*

10. *Translate into Sanskrit :—*

[a] (*i*) Do not neglect the timehonoured custom of your family. The sister of my father was not affectionate to her eldest son. Always remember that learning is superior to riches and try to be learned from your boyhood. The king of Mithila gave away all his wealth to the Brahmins of Mathura. Last year there was a great flood in India and many men and cattle died. (*ii*) Be kind to the animals that

ive on the land, in the air, or in the water ; for they are but different expressions of the creator. A follower of truth should conquer the tyrant by love though he may suffer punishment even unto death. The king is no ordinary man ; his responsibilities are very great. Unless he has good counsellors, his error may ruin him. (*iii*. I shall save you by all means, for though you are poor and friendless you have all along led a virtuous life. Death is certain to all things that are subject to birth and regeneration to all things that are mortal. Go to Rama, give back the lovely Sita and ask his forgiveness. He will not surely turn his face away.

[b] (*i*) Don't you fell grateful to the creator who has given you five senses for enjoying the beauties that lie smiling all about you ? (*ii*) On the fifth day of the moon I having performed my bath offered up my morning prayers and ascended a high hill to pass the rest of the day. (*iii*) Whilst musing thus I cast my eyes towards the summit of a rock that was not far from me and there I discovered one in the dress of a shepherd. (*iv*) One afternoon of a cold winter's day two children asked leave of their mother to run about and play in the garden. The elder child was little girl very lovely to look at. (*v*) He was hemmed in by bitter enemies who longed for an opportunity to revenge upon him all the miseries they had endured. (*vi*) You have done nothing for me more than for your working cattle. Are they not well fed and tended ? Do you work them harder than your slaves ? (*vii*) You treat both your men and beasts better than some of your neighbours because you are more prudent and wealthy than they.

দ্বিরুক্ত-প্রকরণ

১। **সর্বস্য দ্বে** (৮।১।১)—যে সকল শব্দ আকার (form) এবং অর্থ (meaning) এই উভয় দিক্ হইতেই অন্তরতম, পরবর্তী সূত্র অনুসারে তাহাদের **দ্বিরুক্তি** বা দ্বির্বচন অর্থাৎ দুইবার প্রয়োগ হয়।

২। **তস্য পরম্ আম্রেড়িতম্** (৮।১।২)—দ্বিরুক্তের দ্বিতীয় অংশটিকে **আম্রেড়িত** বলে। উপর্যুপরি, অধ্যধি, **অধোঽধঃ**, চৌর**চৌর** ঘাতয়িষ্যামি ত্বাম্।

৩। **নিত্যবীপ্সয়োঃ** (৮।১।৪)—নিত্যতা অর্থাৎ আভীক্ষ্য বা পৌনঃপুন্য ও বীপ্সা বুঝাইতে পদের দ্বিরুক্তি হয়। **নিত্যতা ক্রিয়াধর্ম**। এইজন্য তিঙন্ত এবং অব্যয় সংজ্ঞক (ক্ত্বাচ্, ণমুল্ প্রভৃতি প্রত্যয় নিষ্পন্ন) কৃদন্ত পদগুলি ইহার ক্ষেত্র। যথা, পচতি পচতি—পুনঃ পুনঃ পাক করিতেছে। পঠতি পঠতি কাব্যম্ —পুনঃ পুনঃ কাব্য পাঠ করিতেছে। ভুক্ত্বা ভুক্ত্বা বা ভোজং ভোজং ব্রজতি—খাইয়া খাইয়া অর্থাৎ প্রত্যেকে খাইবার পর যাইতেছে। ব্যাপ্তুমিচ্ছা বীপ্সা সুপ্সু। নানাবাচিনাম্ অধিকরণানাং ক্রিয়াগুণাভ্যাং যুগপৎ প্রযোক্তুর্ব্যাপ্তুমিচ্ছা বীপ্সা, সা চ সুপ্সু। **একজাতীয় বহুপদার্থকে গুণ ও ক্রিয়ার দ্বারা প্রয়োগকর্তার যুগপৎ ব্যাপ্ত করিবার ইচ্ছাকে বীপ্সা বলে।** সুবন্ত পদ বীপ্সার ক্ষেত্র। যথা, গ্রামো গ্রামো রমণীয়ঃ—প্রতিটি গ্রাম রমণীয়। বৃক্ষং বৃক্ষং সিঞ্চতি —প্রতিটি বৃক্ষে জল সেচন করিতেছে। এইরূপ—

> **শৈলে শৈলে** ন মাণিক্যং মৌক্তিকং ন **গজে গজে**।
> সাধবো ন হি সর্বত্র চন্দনং ন **বনে বনে**॥

৪। **উপর্য্যধ্যধসঃ সামীপ্যে** (৮।১।৭)—**সামীপ্য বুঝাইতে উপরি, অধি ও অধস্ শব্দের দ্বিরুক্তি হয়।** উপর্যুপরি অধ্যধি অধোঽধো বা লোকং হরিঃ। সামীপ্য না বুঝাইলে হয় না—উপরি চন্দ্রমাঃ। উপরি শিরসঃ ঘটং ধারয়তি এখানে ঘটটির মস্তকের উপরে অবস্থান মাত্র বিবক্ষিত, সামীপ্য নহে

৫ **বাক্যাদেরামন্ত্রিতস্যাসূয়া-সংমতি-কোপ-কুৎসন-ভৎর্সনেষু** (৮।১।৮)—অসূয়া প্রভৃতি পাঁচটি অর্থে **বাক্যের আদিস্থিত সম্বোধনপদ**

দ্বিরুক্ত হয়। যথা, (*i*) অসূয়া (পরগুণানাং অসহনম্)—সুন্দর সুন্দর বৃথা তে ধর্মম্। (*ii*) সংমতিঃ (পূজা)—দেব দেব বন্দ্যোঽসি। (*iii*) কোপঃ—দুর্বিনীত দুর্বিনীত ইদানীং জ্ঞাস্যসি। (*iv*) কুৎসনম্ (নিন্দনম্)—ধানুষ্ক ধানুষ্ক বৃথা তে ধনু। (*v*) ভর্ৎসনম্ (অপকারশব্দৈঃ ভয়োৎপাদনম্)—চৌর চৌর ঘাতয়িষ্যামি ত্বাম্।

৬। **একং বহুব্রীহিবৎ** (৮।১।৯)—এক-শব্দ দ্বিরুক্ত হইলে বহুব্রীহি-সমাসবৎ রূপ হয়। অতএব পূর্বপদের সুপ্ বিভক্তির লোপ ও পুংবদ্-ভাব হয়। যথা, একৈকম্ অক্ষরং পঠতি। একৈকয়া আহুত্যা জুহোতি। একৈকস্মৈ দেহি।

৭। **আবাধে চ** (৮।১।১০)—প্রয়োগকর্তার **আবাধ অর্থাৎ পীড়া বা ব্যথা** বুঝাইলে শব্দ দ্বিরুক্ত হয় এবং দ্বিরুক্ত শব্দের বহুব্রীহিবৎ রূপ হয়। যথা, গতগতঃ গেল গেল। স্ত্রীলিঙ্গে পুংবদ্ভাবে—গতগতা।

৮। **কর্মধারয়বদ্ উত্তরেষু** (৮।১।১১)—**পরবর্তী সূত্রগুলির দ্বারা যাহাদের দ্বিরুক্তি হয় তাহাদের** কর্মধারয়বৎ কার্য হয়। অতএব **পূর্বপদের বিভক্তি লোপ ও পুংবদ্ভাব হয়।**

৯। **প্রকারে গুণবচনস্য** (৮।১।১২)—**প্রকারশব্দ** ভেদ এবং সাদৃশ্য দুইই বুঝায়। এখানে **সাদৃশ্য অর্থই গৃহীত হইয়াছে।** সাদৃশ্য বুঝাইতে গুণবাচক শব্দ দ্বিরুক্ত হয়। যথা, পটুপটুঃ, মৃদুমৃদুঃ—ঈষৎ পটু, ঈষৎ মৃদু এইরূপ অর্থ। গুণোপসর্জনদ্রব্যবাচিনঃ কেবল গুণবাচিনশ্চ ইহ গৃহ্যন্তে। **শুক্লশুক্লঃ পটঃ।** (১)

---

(১) অথ কথং **'মন্দং মন্দং নুদতি পবন**শ্চানুকূলো যথা ত্বাম্' ইতি মেঘদূতম্। বীপ্সার্থস্য অসম্ভবাদ্ অনেনৈব দ্বির্বচনে কৃতে 'মন্দমন্দমুদিতঃ প্রযযৌ খম্' ইতিবৎ সুব্লুক্ স্যাদিতি চেৎ। সত্যম্, স্বতো মন্দগামিনং ত্বাং পবনো মন্দং নুদতীতি কথঞ্চিদ্ ব্যাখ্যেয়ম্। সিদ্ধস্য গতেশ্চিন্তনীয়ত্বাৎ।—তত্ত্ববোধিনী। **বামনস্তু—'অত্র অপ্রকারার্থত্বে ভবতি।** ..নিত্যবীপ্সয়োরিতি দ্বির্বচনম্। অনেকভাবাত্মকস্য নুদের্যদা সর্বে ভাবা মন্দত্বেন ব্যাপ্তুমিষ্টা ভবন্তি তদা বীপ্সেতি'—আহুঃ। তথা **'খিন্নঃ খিন্নঃ** শিখরিষু পদঃ ন্যস্য গন্তাসি যত্র। **ক্ষীণঃ ক্ষীণঃ** পরিলঘু পয়ঃ স্রোতসাং চোপযুজ্য—অত্রাহুঃ একস্যাপি খেদাবস্থাসু ক্ষয়বাস্থাসু চ ভেদং পরিকল্প্য বীপ্সা বোধ্যেতি—(তত্ত্ববোধিনী)। অথ কথং **'ভীতভীত ইব শীতময়ূখঃ'** ইতি ভারবিঃ ? নাত্র প্রকারঃ, ইব শব্দেনৈব সাদৃশ্যস্য উক্তত্বাৎ। অত্রাহুঃ **ভীতেভ্যো ভীত** ইতি কথঞ্চিদ্ ব্যাখ্যেয়ম্-**অতিভীতঃ ইতি ফলিতোঽর্থঃ।** কথং বা **'নবং নবং প্রীতিরহো করোতি'** ইতি মাঘঃ ? **বীপ্সায়াম্ অত্র দ্বির্বচনম্, প্রকারে তু সুব্লুক্ স্যাৎ।**

১০। **আনুপূর্ব্যে দ্বে বাচ্যে** (বা)—আনুপূর্ব্য অর্থাৎ ক্রমানুসারে পরপর অর্থে শব্দ দ্বিরুক্ত হয়। যথা, মূলে মূলে স্থূলঃ—পূর্বপূর্বো মূলভাগ উত্তরোত্তরমূল-ভাগাপেক্ষয়া স্থূল ইত্যর্থঃ। অগ্রে অগ্রে সূক্ষ্মাঃ। জ্যেষ্ঠং জ্যেষ্ঠং প্রবেশয় (১)। **এই বার্তিকের ক্ষেত্রে কর্মধারয়বৎ কার্য হয় না।**

১১। **ক্রিয়াসমভিহারে চ** (বা)—পৌনঃপুন্য ও ভৃশার্থ বুঝাইলে তিঙন্ত লোট্ মধ্যমপুরুষ একবচনের ক্রিয়াপদ দ্বিরুক্ত হয়। যথা, লুনীহি লুনীহি ইত্যে-বায়ং লুনাতি—কাট কাট করিয়া কাটিতেছে।

১২। **কর্মব্যতিহারে সর্বনাম্নো দ্বে বাচ্যে সমাসবচ্চ বহুলম্** (বা) —কর্ম=ক্রিয়া, ব্যতিহার=বিনিময়। **ক্রিয়াবিনিময় বুঝাইলে সর্বনাম শব্দ** (২) (pronouns) **দ্বিরুক্ত হয়** এবং ঐ পদ দুইটি বিকল্পে সমাসের ন্যায় কার্য প্রাপ্ত হয়। পূর্বপদের বিভক্তির লোপ—যথা, ইতরেতরান্ ভোজয়ন্তি **বহুলগ্রহণাদ্ অন্যপরয়ো র্ন সমাসবৎ অসমাসবদ্ভাবে পূর্বপদস্থস্য সুপঃ সুর্বক্তব্যঃ** (বা)—অন্য এবং পর শব্দের ক্ষেত্রে সমাসবদ্ভাব হয় না এবং পূর্বপদের সুপ্ বিভক্তির স্থানে স্ (ঃ) হয়। যথা, **অন্যোন্যং** (৩) বিপ্রা নমন্তি। অন্যোন্যৌ অন্যোন্যান্। অন্যোন্যেন কৃতম্। অন্যোন্যস্মৈ দত্তম্। এইরূপ **পরস্পরম্** (৪) পরস্পরেণ ইত্যাদি।

১৩। **চাপলে দ্বে ভবত ইতি বক্তব্যম্** (বা)—সম্ভ্রমেণ প্রবৃত্তিঃ **চাপলম্। সম্ভ্রমের সহিত প্রবৃত্তি** বুঝাইলে শব্দ দ্বিরুক্ত হয়। যথা, অহিরহিঃ বুধ্যস্ব বুধ্যস্ব এই স্থলে শব্দ দুইয়ের অধিকবারও প্রয়োগ করা যায়। এ সম্পর্কে একটি কারিকা আছে—**বিবাদে বিস্ময়ে হর্ষে ক্রোধে দৈন্যেঽবধারণে।**

প্রসাদনেঽনুকম্পায়াং দ্বিস্ত্রিরুক্তং ন দুষ্যতি।

বিবাদ ইত্যাদি অর্থে দুইবার বা তিন বার উক্তি দূষণীয় নহে।

---

(১) আনুপূর্ব্যার্থে অব্যয়ীভাবসমাসে—অনুজ্যেষ্ঠম্।

(২) অন্য, পর এবং ইতর এই তিনটি মাত্র সর্বনামেরই দ্বিরুক্তি হয়, যে কোনও সর্বনামের নহে—বাহুলগ্রহণাদিতি।

(৩) অন্যম্ অন্যম্—অন্যঃ + অন্যম্—অন্যোন্যম্।

(৪) পরম্ পরম্—পরঃ + পরম্—পরস্পরম্—অত্র কস্কাদিত্বাদ্ বিসর্গস্য সঃ।

১৪। **অকৃচ্ছে প্রিয়সুখয়োরন্যতরস্যাম্** (৮।১।১৩,—অনায়াস অর্থে প্রিয় এবং সুখ শব্দ দ্বিরুক্ত হয়। যথা, প্রিয়প্রিয়েণ (১) দদাতি, প্রিয়েণ বা। সুখসুখেন দদাতি, সুখেন বা। অতিপ্রিয় বস্তুও অনায়াসে দান করিতেছে।

১৫। **যথাস্বে যথাযথম্** (৮।১।১৪)—যথাযথম্ পদটি বীপ্সার্থে অব্যয়ীভাবসমাসনিষ্পন্ন। নিজ স্বভাবের অনুরূপ বা অনুকূল এই অর্থে 'যথা' শব্দটি নিপাতনে দ্বিরুক্ত ও ক্লীবলিঙ্গ হয়। যথাযথং জ্ঞাতা—যথাস্বভাবমিত্যর্থঃ, যথাত্মীয়মিতি বা।

Exercise

1. *What kinds of words may be repeated in Sanskrit? Can all Pronouns be repeated?*

2. *Specify and illustrate four of the occasions where words may be repeated.*

3. *Elucidate the purpose served by* সমাসবদ্ভাব *in connection with* দ্বিরুক্ত *words.*

4. *Account for* দ্বিরুক্তি *in the following :—*

গৃহে গৃহে দীপাঃ। বালা লতাঃ সিঞ্চন্তি সিঞ্চন্তি। জহি জহীতি হন্তি। পবনো মেঘং মন্দং মন্দং নুদতি। জ্যেষ্ঠং জ্যেষ্ঠং প্রণম। পতিতপতিতঃ শিশুঃ। ক্ষীণঃ ক্ষীণঃ শশী।

তিঙন্ত প্রকরণ

ধাতুর উত্তর তিঙ্-বিভক্তি-যোগে তিঙন্ত (finite verb, সমাপিকা ক্রিয়া) পদ গঠিত হয়। সংস্কৃতভাষায় তিঙন্ত ক্রিয়াপদ যেমন ধাতুর অর্থ প্রকাশ করে, তেমনই সেই সঙ্গে **বাচ্য** (voice), **কাল** (present, past অথবা future), **পুরুষ** (person) এবং **সংখ্যাও** (number—singular, dual অথবা

(১) দ্বির্বচনে কর্মধারয়বদ্ভাবাৎ সুপো লুকি তদেব বচনম্—(দীক্ষিতঃ) সমাসবদ্ভাবে দ্বিরুক্ত শব্দটি একবচনই থাকে—দ্বিবচন হয় না।

plural বুঝায়। যেমন '**বিড়ালঃ দুগ্ধং পিবতি**'—এই বাক্যে আমি, তুমি ভিন্ন তৃতীয় একটিমাত্র বিড়াল বর্তমান কালে দুগ্ধপান ক্রিয়া নিষ্পন্ন করিতেছে। বাক্যটিতে 'পিবতি' ক্রিয়াপদটি কর্তৃবাচ্যে প্রযুক্ত হওয়ায় পানক্রিয়া নিষ্পাদনে বক্তা বিড়ালের প্রাধান্য প্রকাশ করিতেছেন—'**স্বতন্ত্রঃ কর্তা**'। সেই সঙ্গে 'পা' ধাতুর উত্তর তিঙ্‌বিভক্তিদ্বারা 'পিবতি' পদটি বর্তমানকাল, প্রথমপুরুষ ও একবচনও বুঝাইতেছে।

পাণিনিমতে 'পুরুষ' ও 'বচন' ভেদে তিঙ্‌বিভক্তি মাত্র ১৮টি—পরস্মৈপদে ৯টি ও আত্মনেপদে ৯টি :—

পরস্মৈপদ			
	পুরুষ Person		
	প্রথম Third	মধ্যম Second	উত্তম First
একবচন	তিপ্	সিপ্	মিপ্
দ্বিবচন	তস্	থস্	বস্
বহুবচন	ঝি (= অন্তি)	থ	মস্

আত্মনেপদ			
	পুরুষ—Person		
	প্রথম Third	মধ্যম Second	উত্তম First
একবচন	ত	থাস্	ইট্
দ্বিবচন	আতাম্	আথাম্	বহিঙ্
বহুবচন	ঝ =(অন্ত)	ধ্বম্	মহিঙ্

এই ১৮টি লট্ (Present tense)-এর বিভক্তি। আবশ্যকমত ইহাদের স্থানে আদেশ বা পরিবর্তন করিয়া সংস্কৃতে দশটি লকারের মোট বিভক্তিসংখ্যা ১৮০।

'**তিঙ্**' **একটি প্রত্যাহার**—পরস্মৈপদের প্রথম বিভক্তি 'তিপ্' এর আদি 'তি' ও আত্মনেপদের শেষ বিভক্তি 'মহিঙ' এর অন্ত্য 'ঙ'কে লইয়া '**আদি-রন্ত্যেন সহেতা**' এই সূত্রানুসারে গঠিত। 'তিঙ্' প্রত্যাহার **লটের এই ১৮টি বিভক্তি ও তাহাদের স্থানীয় অন্য সমস্ত সমাপিকা ক্রিয়াবাচক বিভক্তিগুলিকে বুঝায়।**

কেবলমাত্র আত্মনেপদের বিভক্তিগুলিকে বুঝাইবার জন্য আর একটি প্রত্যাহার আছে—'**তঙ**'। এটিও পূর্বের ন্যায় আত্মনেপদের প্রথম 'ত' বিভক্তির

আদি 'ত' এবং সর্বশেষ 'মহিঙ্' এর অন্ত্য 'ঙ্'কে লইয়া গঠিত। অতএব 'তঙ্'—**বলিলে সমস্ত আত্মনেপদের বিভক্তিগুলিকে বুঝায়।**

সংস্কৃতে ধাতুগুলি **দশটি গণে** (Groups) বিভক্ত। যথা—

ভ্বাদ্যদাদী জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।

তুদাদিশ্চ রুধাদিশ্চ তন-ক্র্যাদি-চুরাদয়ঃ॥

তিঙ্ বিভক্তিগুলি আবার '**দশটি** '**লকারে**' বিভক্ত—লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লৃট্, লিট্, লুট, লুঙ্, আশীর্লিঙ্ ও লৃঙ্। ইহাদের মধ্যে **লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্কে একত্রে 'চতুর্লকার' বলা হয়।**

এক্ষণে 'অ'-কারাদিক্রমে সমধিক প্রচলিত কতকগুলি ধাতুর রূপ প্রদর্শিত হইতেছে।

ধাতুরূপ

অঞ্চ্—গমন করা বা পূজা করা, ভ্বাদি, পরস্মৈপদী। **লট্**—অঞ্চতি, অঞ্চতঃ, অঞ্চন্তি। **লঙ্**—আঞ্চৎ। **লুট্**—অঞ্চিতা, অঞ্চিতারৌ, অঞ্চিতারঃ……। **লৃট্**—অঞ্চিষ্যতি, অঞ্চিষ্যতঃ, অঞ্চিষ্যন্তি…। **লৃঙ্**—আঞ্চিষ্যৎ, আঞ্চিষ্যতাম্, আঞ্চিষ্যন্…।

লিট্—আনঞ্চ, আনঞ্চতুঃ, আনঞ্চুঃ। আনঞ্চিথ আনঞ্চথুঃ, আনঞ্চ। আনঞ্চ, আনঞ্চিব আনঞ্চিম।

লুঙ্—আঞ্চীৎ, আঞ্চিষ্টাম্, আঞ্চিষুঃ। আঞ্চীঃ, আঞ্চিষ্ম্, আঞ্চিষ্ট…। **আশীর্লিঙ্**- (পূজার্থে) অঞ্চ্যাৎ, অঞ্চ্যাস্তাম্, অঞ্চ্যাসুঃ; (গমনার্থে) অচ্যাৎ, অচ্যাস্তাম্…। **কর্মবাচ্যে**—(পূজার্থে) অঞ্চ্যতে, (গমনার্থে) অচ্যতে। **ণিচ্**—অঞ্চয়তি। **সন্**—অঞ্চিচিষতি। **তুমুন্**—অঞ্চিতুম্। **ক্ত্বা**—(পূজার্থে) অঞ্চিত্বা, (গমনার্থে) অক্ত্বা। **ক্ত**—অঞ্চিত, অক্ত।

অদ্—খাওয়া, অদাদি, পরস্মৈপদী। **লট্**—অত্তি, অত্তঃ, অদন্তি। **লঙ্**—আদৎ, আত্তাম্, আদন্। **লুট্**—অত্তা, অত্তারৌ, অত্তারঃ…। **লৃট্**—অৎস্যতি, অৎস্যতঃ, অৎস্যন্তি…। **লৃঙ্**—আৎস্যৎ, আৎস্যতাম্, আৎস্যন্…। **লিট্**—আদ, আদতুঃ, আদুঃ। আদিথ, আদথুঃ, আদ। আদ, আদিব, আদিম।

(পক্ষে) জঘাস, জক্ষতুঃ, জক্ষুঃ। জঘসিথ, জক্ষথুঃ, জক্ষ। জঘাস জঘস, জঘসিব, জঘসিম।

লুঙ্—অঘসৎ, অঘসতাম্, অঘসন্। অঘসঃ, অঘসতম্, অঘসত। অঘসম্, অঘসাব, অঘসাম।

আশীর্লিঙ্—অদ্যাৎ, অদ্যাস্তাম্, অদ্যাসুঃ··· । কর্মবাচ্য—অদ্যতে। ণিচ্—আদয়তি। সন্—জিঘৎসতি। তুমুন্—অত্তুম্। ক্ত্বা—জগ্ধ্বা। ক্ত—জগ্ধ, অন্ন।

অয়্—গমন করা, ভ্বাদি, আত্মনেপদী। লট্—অয়তে, অয়েতে, অয়ন্তে। লঙ্—আয়ত, আয়েতাম্, আয়ন্ত। লুট্—অয়িতা, অয়িতারৌ, অয়িতারঃ।

লৃট্—অয়িষ্যতে, অয়িষ্যেতে, অয়িষ্যন্তে।

লিট্—অয়াঞ্চক্রে, অয়ামাস, অয়াম্বভূব ইত্যাদি।

লুঙ্—আয়িষ্ট, আয়িষাতাম্, আয়িষত। আয়িষ্ঠাঃ, আয়িষাথাম্, আয়িঢ্বম্ আয়িধ্বম্। আয়িষি, আয়িষ্বহি, আয়িষ্মহি।

আশীর্লিঙ্—অয়িষীষ্ট, অয়িষীয়াস্তাম্, অয়িষীরন্···; কর্মবাচ্য—অয্যতে। ণিচ্—আয়য়তি। সন্—অয়িয়িষতে। তুমুন্—অয়িতুম্। ক্ত্বা—অয়িত্বা। ক্ত—অয়িত। পরা+অয়—পলায়ন করা, পলায়তে, পলায্য, পলায়িতুম্।

অশ্—(i) ব্যাপ্তকরা, স্বাদি, আত্মনেপদী। লট্—অশ্নুতে, অশ্নুবাতে, অশ্নুবতে। লঙ্—আশ্নুত, আশ্নুবাতাম্, আশ্নুবত। লুট্—অশিতা ইত্যাদি, বা অষ্টা ইত্যাদি। লৃট্—অশিষ্যতে ইত্যাদি বা অক্ষ্যতে ইত্যাদি।

লিট্—আনশে আনশাতে, আনশিরে আনশিষে; ইত্যাদি। লুঙ্—আশিষ্ট, আশিষাতাম্, আশিষত; আশিষ্ঠাঃ ইত্যাদি। অথবা আষ্ট, আক্ষাতাম্, আক্ষত; আষ্ঠাঃ ইত্যাদি। আশীর্লিঙ্—অশিষীষ্ট অশিষীয়াস্তাম্ ইত্যাদি, অথবা অক্ষীষ্ট অক্ষীয়াস্তাম্ ইত্যাদি। কর্মবাচ্যে—অশ্যতে। ণিচ্—আশয়তি। সন্—অশিশিষতে। যঙ্—অশাশ্যতে। তুমুন্—অশিতুম্, অষ্টুম্। ক্ত্বা—অশিত্বা, অষ্ট্বা। ক্ত—অষ্টঃ।

(ii) পাওয়া। ক্র্যাদি, পরস্মৈপদী। লট্—অশ্নাতি, অশ্নীতঃ, অশ্নন্তি।

লঙ্—আশ্নাৎ, আশ্নীতাম্, আশ্নন্। **লুট্**—অশিতা, অশিতারৌ, অশিতারঃ। **লুট্**—অশিষ্যতি। **লৃট্**—আশিষ্যৎ।

লিট্—আশ, আশতুঃ, আশুঃ ; আশিথ। **লুঙ্**—আশীৎ, আশিষ্টম্, আশিষুঃ। **আশীর্লিঙ্**—অশ্যাৎ।

কর্মণি—অশ্যতে। **ণিচ্**—আশয়তি। **সন্**—অশিশিষতি। **যঙ্**—অশাশ্যতে। **তুমুন্**—অশিতুম্। **ক্ত্বা**—অশিত্বা। **ক্ত**—অশিত।

অস্—(i) থাকা বা হওয়া। অদাদি, পরস্মৈপদী। **লট্**—অস্তি, **স্তঃ সন্তি**। **লোট্**—অস্তু, স্তাম্, সন্তু, এধি। **লঙ্**—আসীৎ, আস্তাম্। **বিধিলিঙ্**—স্যাৎ, স্যাতাম্, স্যুঃ। অন্যত্র ভূধাতুবৎ।

(ii) নিক্ষেপ করা। দিবাদি পরস্মৈপদী। লট্—অস্যতি, **অস্যতঃ, অস্যন্তি**। লৃট্—অসিষ্যতি ; লৃঙ্—আসিষ্যৎ। লুট্—অসিতা। আশীর্লিঙ্—অস্যাৎ।

লিট্—আস, আসতুঃ, **আসুঃ** ; আসিথ, আসথুঃ, আস। আস, আসিব, আসিম।

লুঙ্—আস্থৎ, আস্থতাম্, আস্থন্। আস্থঃ, আস্থতম্, আস্থত। আস্থম্, আস্থাব, আস্থাম। কর্মবাচ্যে—অস্যতে। ণিচ্—আসয়তি। সন্—অসিসিষতি। তুমুন্—অসিতুম্। ক্ত্বা—অসিত্বা, অস্ত্বা। ক্ত—অস্ত। শতৃ—অস্যৎ।

আপ্—পাওয়া। স্বাদি পরস্মৈপদী। **লট্**—আপ্নোতি, আপ্নুতঃ আপ্নুবন্তি। **লোট্**—আপ্নোতু, আপ্নুতাম্, আপ্নুবন্তু ; আপ্নুহি। **লঙ্**—আপ্নোৎ, আপ্নুতাম্, আপ্নুবন। **বিধিলিঙ্**—আপ্নুয়াৎ। **লৃট্**—আপ্স্যতি।

লিট্—আপ, আপতুঃ, আপুঃ। আপিথ, আপথুঃ, আপ। আপ, আপিব, আপিম।

লুঙ্—আপৎ, আপতাম্, আপন্। আপঃ, আপতম্, আপত। আপম্, আপাব, আপাম।

লুট্—আপ্তা, আপ্তারৌ। **লৃঙ্**—আপ্স্যৎ। **আশীর্লিঙ্**—আপ্যাৎ, আপ্যাস্তাম্। **কর্মণি**—আপ্যতে। **ণিচ্**—আপয়তি। **সন্**—ঈপ্সতি। **তুমুন্**—**আপ্তুম্**। **ক্ত্বা**—আপ্ত্বা। **ল্যপ**—প্রাপ্য, ব্যাপ্য। **ক্ত**—**আপ্ত**।

আস্—উপবেশন করা। অদাদি আত্মনেপদী। **লট্**—আস্তে, আসাতে, আসতে। **লোট্**—আস্তাম্ আসাতাম্, আসতাম্; আসস্ব। **লঙ্**—আস্ত, আসাতাম্ আসত। **বিধিলিঙ্**—আসীত, আসীয়াতাম। **লৃট্**—আসিষ্যতে, আসিষ্যেতে, আসিষ্যন্তে।

লিট্—আসাঞ্চক্রে, আসাঞ্চক্রাতে ইত্যাদি। অথবা আসাম্বভূব, আসাম্বভূবতুঃ ইত্যাদি। অথবা আসামাস, আসামাসতুঃ ইত্যাদি। **লুঙ্**—আসিষ্ট, আসিষাতাম্, আসিষত। আসিষ্ঠাঃ, আসিষাথাম্, আসিধ্বম্। আসিষি, আসিষ্বহি, আসিষ্মহি।

লুট্—আসিত। **লৃঙ্**—আসিষ্যত, আসিষ্যেতাম্। **আশীর্লিঙ্**—আসিষীষ্ট। **ভাববাচ্যে**—আস্যতে। **ণিচ্**—আসয়তি। **সন্**—আসিসিষতে। **তুমুন্**—আসিতুম্। **ক্ত্বা**—আসিত্বা। **ল্যপ্**—অধ্যাস্য। **ক্ত**—আসিত। **শানচ্**—আসীন

ই—(i) যাওয়া। অদাদি পরস্মৈপদী। **লট্**—এতি, ইতঃ, যন্তি। **লোট্**—এতু, ইতাম্, যন্তু; ইহি। **লঙ্**—ঐৎ, ঐতাম্, আয়ন্। **বিধিলিঙ্**—ইয়াৎ। **লৃট্**—এষ্যতি, এষ্যতঃ।

লিট্—ইয়ায়, ঈয়তুঃ, ঈয়ুঃ। ইয়য়িথ ইয়েথ, ঈয়থুঃ, ঈয়। ইয়ায় ইয়য়, ঈয়িব, ঈয়িম। **লুঙ্**—অগাৎ, অগাতাম্, অগুঃ। অগাঃ, অগাতম্, অগাত। অগাম্, অগাব, অগাম।

লুট্—এতা। **লৃঙ্**—ঐষ্যৎ। **আশীর্লিঙ্**—ঈয়াৎ। **কর্মবাচ্যে**—ঈয়তে। (লুঙ্) অগায়ি। **ণিচ্**—গময়তি। বোধন অর্থে (প্রতি-পূর্বক) প্রত্যায়য়তি। **সন্**—জিগমিষতি। **তুমুন্**—এতুম্। **ক্ত্বা**—ইত্বা। **ল্যপ্**—অতীত্য, প্রতীত্য **ক্ত**—ইতঃ।

(ii) পড়া। অধিপূর্বক ব্যবহার। অদাদি আত্মনেপদী **লট্**—অধীতে, অধীয়াতে, অধীয়তে। **লোট্**—অধীতাম্, অধীয়াতাম্, অধীয়তাম্; অধীষ্ব। **লঙ্**—অধ্যৈত, অধ্যৈয়াতাম্, অধ্যৈয়ত। **বিধিলিঙ্**—অধীয়ীত, অধীয়ীয়াতম্। **লৃট্**—অধ্যেষ্যতে। **লৃঙ্**—অধ্যৈষ্যত। **লুট্**—অধ্যেতা, অধ্যেতারৌ। **আশীর্লিঙ্**—আধীষীষ্ট।

লিট্—অধিজগে, অধিজগাতে, অধিজগিরে; অধিজগিষে, অধিজগাথে, অধিজগিধ্বে; অধিজগে, অধিজগিবহে, অধিজগিমহে।

লুঙ্—অধ্যৈষ্ট, অধ্যৈষাতাম্, অধ্যৈষত। অধ্যৈষ্ঠাঃ, অধ্যৈষাথাম্, অধ্যৈঢ়্বম্ অধ্যৈধ্বম্। অধ্যৈষি, অধ্যৈষ্বহি, অধ্যৈষ্মহি। **পক্ষে**—অধ্যগীষ্ট, অধ্যগীষাতাম্ অধ্যগীষত। অধ্যগীষ্ঠাঃ, অধ্যগীষাথাম্, অধ্যগীঢ়্বম্, অধ্যগীধ্বম্। অধ্যগীষি, অধ্যগীষ্বহি, অধ্যগীষ্মহি।

কর্মবাচ্যে—অধীয়তে, (লুঙ্) অধ্যায়ি অধ্যগায়ি। **ণিচ্**—অধ্যাপয়তি। **সন্**—অধিজিগাংসতে। **তুমুন্**—অধ্যেতুম্। **ল্যপ**—অধীত্য। **ক্ত**—অধীতঃ। **শানচ্**—অধীয়ান।

ইষ্—ইচ্ছা করা। তুদাদি পরস্মৈপদী। **লট্**—ইচ্ছতি। লোট্—ইচ্ছতু। লঙ্—ঐচ্ছৎ। বিধিলিঙ্—ইচ্ছেৎ। **লৃট্**—এষিষ্যতি। লৃঙ্—ঐষিষ্যৎ। লুট্—এষিতা বা এষ্টা ইত্যাদি। আশীর্লিঙ্—ইষ্যাৎ।

লিট্-ইয়েষ, ঈষতুঃ, ঈষুঃ। ইয়েষিথ, ঈষথুঃ, ঈষ। ইয়েষ, ঈষিব, ঈষিম। **লুঙ্**—ঐষীৎ, ঐষিষ্টাম্, ঐষিষুঃ। ঐষীঃ, ঐষিষ্টম্, ঐষিষ্ট। ঐষিষম্, ঐষিষ্ব, ঐষিষ্ম।

কর্মবাচ্যে—ইষ্যতে। **সন্**—এষিষিষতি। ণিচ্—এষয়তি। **তুমুন্**—এষিতুম্। **ক্ত্বা**—এষিত্বা, ইষ্ট্বা। **ক্ত**—ইষ্টঃ। **ল্যপ্**—অন্বিষ্য। **শতৃ**—ইচ্ছৎ।

ঈক্ষ্—দেখা। ভ্বাদি আত্মনেপদী। **লট্**—ঈক্ষ্যতে। **লোট্**—ঈক্ষতাম্। **লঙ্**—ঐক্ষত। বিধিলিঙ্—ঈক্ষেত। **লৃট্**—ঈক্ষিষ্যতে। লৃঙ্—ঐক্ষিষ্যত। লুট্—ঈক্ষিতা। আশীর্লিঙ্-ঈক্ষীষীষ্ট।

লিট্-ঈক্ষাঞ্চক্রে, ঈক্ষাঞ্চক্রাতে ঈক্ষাঞ্চক্রিরে ইত্যাদি। ঈক্ষাম্বভূব, ঈক্ষাম্বভূবতুঃ, ঈক্ষাম্বভূবুঃ ইত্যাদি। ঈক্ষামাস, ঈক্ষামাসতুঃ, ঈক্ষামাসুঃ ইত্যাদি। **লুঙ্**—ঐক্ষিষ্ট, ঐক্ষিষাতাম্, ঐক্ষিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—ঈক্ষ্যতে, (লুঙ্) ঐক্ষি। **ণিচ্**—ঈক্ষয়তি। **সন্**—ঈচিক্ষিষতে। তুমুন্—ঈক্ষিতুম্। ক্ত্বা—ঈক্ষিত্বা। ল্যপ্—পরীক্ষ্য। **ক্ত**—ঈক্ষিত। শানচ্—ঈক্ষমাণঃ।

ঈশ্—প্রভুত্ব করা। অদাদি আত্মনেপদী। **লট্**—ঈষ্টে, ঈশাতে, ঈশতে; ঈশিষে। লোট্—ঈষ্টাম্, ঈশাতাম্, ঈশতাম্; ঈশিষ্ব। লঙ্—ঐষ্ট, ঐশাতাম্, ঐশত। বিধিলিঙ্—ঈশীত, ঈশীয়াতাম্। লৃট্—ঈশিষ্যতে। লৃঙ্—ঐশিষ্যত। লুট্—ঈশিতা। আশীর্লিঙ্—ঈশিষীষ্ট।

লিট্—ঈশাঞ্চক্রে, ঈশাঞ্চক্রাতে ইত্যাদি। অথবা ঈশামাস, ঈশামাসতুঃ, ঈশামাসুঃ ইত্যাদি। অথবা ঈশাম্বভূব, ঈশাম্বভূবতুঃ, ঈশাম্বভূবুঃ ইত্যাদি। **লুঙ্**—ঐশিষ্ট, ঐশিষাতাম্, ঐশিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—ঈশ্যতে। **ণিচ্**—ঈশয়তি। **সন্**—ঈশিশিষতে। **তুমুন্**—ঈশিতুম্। **ক্ত্বা**—ঈশিত্বা। **ক্ত**—ঈশিত। **শানচ্**—ঈশানঃ।

কথ্—বলা। চুরাদি পরস্মৈপদী। লট্—কথয়তি। লঙ্—অকথয়ৎ। **লৃট্**—কথয়িষ্যতি। লৃঙ্—অকথয়িষ্যৎ। লুট্—কথয়িতা। আশীর্লিঙ্—কথ্যাৎ। **লিট্**—কথয়ামাস, কথয়ামাসতুঃ, কথয়ামাসুঃ ইত্যাদি। পক্ষে কথয়াম্বভূব, কথয়াম্বভূবতুঃ, কথয়াম্বভূবুঃ ইত্যাদি। পক্ষে কথয়াঞ্চকার, কথয়াঞ্চক্রতুঃ, কথয়াঞ্চক্রুঃ ইত্যাদি।

লুঙ্—অচকথৎ, অচকথতাম্, অচকথন্। অচকথঃ, অচকথতম্, অচকথত। অথকথম্, অচকথাব, অচকথাম।

কর্মবাচ্যে—কথ্যতে। **সন্**—চিকথয়িষতি। যঙ্—চাকথ্যতে। **তুমুন্**—কথয়িতুম্। **ক্ত্বা**—কথয়িত্বা। ল্যপ্—প্রকথয্য। **ক্ত**—কথিতঃ। শতৃ—কথয়ৎ।

কম্—ইচ্ছা বা স্পৃহা করা। ভ্বাদি আত্মনেপদী। **লট্**—কাময়তে। লোট্—কাময়তাম্। লঙ্—অকাময়ত। বিধিলিঙ্—কাময়েত। **লৃট্**—কাময়িষ্যতে বা কমিষ্যতে। লৃঙ্—অকাময়িষ্যত বা অকমিষ্যত। লুট্—কাময়িতা বা কমিতা। আশীর্লিঙ্—কাময়িষীষ্ট বা কমিষীষ্ট।

লিট্—চকমে, চকমাতে, চকমিরে; চকমিষে ইত্যাদি। পক্ষে কাময়াঞ্চক্রে, কাময়াঞ্চক্রাতে ইত্যাদি। অথবা কাময়ামাস ইত্যাদি। অথবা কাময়াম্বভূব, কাময়াম্বভূবতুঃ ইত্যাদি।

লুঙ্—অচীকমত, অচীকমেতাম্, অচীকমন্ত ইত্যাদি। পক্ষে—অচকমত, অচকমেতাম্, অচকমন্ত ইত্যাদি।

কর্মবাচ্যে—কাম্যতে বা কম্যতে। **ণিচ্**—কাময়তি। **সন্**—চিকাময়িষ্যতে বা চিকমিষতে ইত্যাদি। **যঙ্**—চকম্যতে। **তুমুন্**—কাময়িতুম্। **ক্ত্বা**—কাময়িত্বা কমিত্বা, কান্ত্বা। **ক্ত**—কান্ত। **শানচ্**—কাময়মান।

কম্প্—কম্পিত হওয়া। ভ্বাদি আত্মনেপদী। লট্—কম্পতে। লোট্—কম্পতাম্। লঙ্—অকম্পত। বিধিলিঙ্—কম্পেত। লৃট্—কম্পিষ্যতে। লৃঙ্—অকম্পিষ্যত। লুট্—কম্পিতা। আশীর্লিঙ্—কম্পিষীষ্ট।

লিট্—চকম্পে, চকম্পাতে চকম্পিরে। চকম্পিষে, চকম্পাথে, চকম্পিধ্বে। চকম্পে, চকম্পিবহে, চকম্পিমহে।

লুঙ্—অকম্পিষ্ট, অকম্পিষাতাম্, অকম্পিষত। অকম্পিষ্ঠাঃ, অকম্পিষাথাম্, অকম্পিধ্বম্। অকম্পিষি, অকম্পিষ্বহি, অকম্পিষ্মহি।

ভাববাচ্যে—কম্প্যতে। **ণিচ্**—কম্পয়তি। **সন্**—চিকম্পিষতে। **যঙ্**—চকম্প্যতে। **তুমুন্**—কম্পিতুম্। **ক্ত্বা**—কম্পিত্বা। **ল্যপ্**—অনুকম্প্য (showing kindness)। **ক্ত**—কম্পিত। **শানচ্**—কম্পমানঃ

কুপ—ক্রুদ্ধ হওয়া। দিবাদি পরস্মৈপদী। লট্—কুপ্যতি। লোট্—কুপ্যতু। লঙ্—অকুপ্যৎ। বিধিলিঙ্—কুপ্যেৎ। লৃট্—কোপিষ্যতি। লৃঙ্—অকোপিষ্যৎ। লুট্—কোপিতা। আশীর্লিঙ—কুপ্যাৎ।

লিট্—চুকোপ, চুকুপতুঃ, চুকুপুঃ। চুকোপিথ, চুকুপথুঃ, চুকুপ। চুকোপ, চুকুপিব, চুকুপিম।

লুঙ্—অকুপৎ, অকুপতাম্, অকুপন্। অকুপঃ, অকুপতম্ অকুপত। অকুপম, অকুপাব, অকুপাম।

ভাববাচ্যে—কুপ্যতে। **ণিচ্**—কোপয়তি। **সন্**—চুকুপিষতি, চুকোপিষতি। **যঙ্**—চোকুপ্যতে। **তুমুন্**—কোপিতুম্। **ক্ত্বা**—কুপিত্বা, কোপিত্বা। **ক্ত**—কুপিতঃ। **শতৃ**—কুপ্যৎ।

কূজ্—অব্যক্ত শব্দ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—কূজতি। লোট্—কূজতু। লঙ্—অকূজৎ। বিধিলিঙ্—কূজেৎ। লৃট্—কূজিষ্যতি। লৃঙ্—অকূজিষ্যৎ। লুট্—কূজিতা। আশীর্লিঙ্—কূজ্যাৎ।

লিট্—চুকূজ, চুকূজতুঃ, চুকূজুঃ। চুকূজিথ ইত্যাদি। **লুঙ্**—**অকূজীৎ**, অকূজিষ্টাম্, অকূজিষুঃ। অকূজীঃ, অকূজিষ্টম্ ইত্যাদি।

ভাববাচ্যে—কূজ্যতে। **ণিচ্**—কূজয়তি। **সন্**—চুকূজিষতি। **যঙ্**—চোকূজ্যতে। তুমুন্—কূজিতুম্। ক্ত্বা—কূজিত্বা। ক্ত—কূজিত। শতৃ—কূজৎ।

কৃ—করা। তনাদি উভয়পদী। লট্—করোতি, কুরুতে। **লৃট্**—করিষ্যতি, করিষ্যতে। লৃঙ্—অকরিষ্যৎ, অকরিষ্যত। **লুট্**—কর্তা। **আশীর্লিঙ্**—ক্রিয়াৎ।

লিট্—চকার, চক্রতুঃ, চক্রুঃ। চকর্থ, চক্রথুঃ, চক্র। চকার, চকৃব, চকৃম। (আত্মনে) চক্রে, চক্রাতে, চক্রিরে। চকৃষে, চক্রাথে, চকৃঢ়ে। চক্রে, চকৃবহে, চকৃমহে।

লুঙ্—অকার্ষীৎ, অকার্ষ্টাম্, অকার্ষুঃ ইত্যাদি। (আত্মনে) অকৃত, অকৃষাতাম্, অকৃষত ইত্যাদি।

কর্মবাচ্যে—ক্রিয়তে। **ণিচ্**—কারয়তি। **সন্**—চিকীর্ষতি, চিকীর্ষতে। **যঙ্**—চেক্রীয়তে। **তুমুন্**—কর্তুম্। **ক্ত্বা**—কৃত্বা। ল্যপ্—অনুকৃত্য। ক্ত—কৃত। শতৃ—কুর্বৎ। শানচ্—কুর্বাণ।

কৃত্—কাটা। তুদাদি পরস্মৈপদী। লট্—কৃন্ততি। **লৃট্**—কর্তিষ্যতি বা কর্ৎস্যতি। লৃঙ্—অকর্তিষ্যৎ, অকর্ৎস্যৎ। লুট্—কর্তিতা। আশীর্লিঙ্—কৃত্যাৎ।

লিট্—চকর্ত, চকৃততুঃ, চকৃতুঃ; চকর্তিথ ইত্যাদি।

লুঙ্—অকর্তীৎ, অকর্তিষ্টাম্, অকর্তিষুঃ ইত্যাদি।

কর্মবাচ্যে—কৃত্যতে। ণিচ্—কর্তয়তি। সন্—চিকৃৎসতি, চিকর্তিষতি। যঙ্—চরীকৃত্যতে। তুমুন্—কর্তিতুম্। ক্ত্বা—কৃত্বা। ক্ত—কৃত্ত। শতৃ—কৃন্তৎ।

কৃষ—কর্ষণ বা আকর্ষণ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—কর্ষতি। **লৃট্**—কর্ক্ষ্যতি, কর্ক্ষ্যতঃ কর্ক্ষ্যন্তি ইত্যাদি; অথবা ক্রক্ষ্যতি, ক্রক্ষ্যতঃ, ক্রক্ষ্যন্তি ইত্যাদি। লৃঙ্—অকর্ক্ষ্যৎ বা অক্রক্ষ্যৎ। লুট্—কর্ষ্টা কর্ষ্টারৌ ইত্যাদি, অথবা ক্রষ্টা, ক্রষ্টারৌ ইত্যাদি। আশীর্লিঙ্—কৃষ্যাৎ।

লিট্—চকর্ষ, চকৃষতুঃ, চকৃষুঃ; চকর্ষিথ ইত্যাদি।

লুঙ্—অকার্ক্ষীৎ, অকার্ষ্টাম্, অকার্ষুঃ ইত্যাদি। অথবা অক্রাক্ষীৎ, অক্রাষ্টাম অক্রাক্ষুঃ ইত্যাদি। অথবা অকৃক্ষৎ, অকৃক্ষতাম্, অকৃক্ষন্ ইত্যাদি। কর্মবাচ্যে—কৃষ্যতে। ণিচ্—কর্ষয়তি। সন্—চিকৃক্ষতি। যঙ্—চরীকৃষ্যতে। তুমুন্—কর্ষ্টুম্ বা ক্রষ্টুম্। ক্ত্বা-কৃষ্ট্বা। ক্ত-কৃষ্ট। শতৃ—কর্ষৎ।

ক্রন্দ্—রোদন করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্-ক্রন্দতি। লৃট্-ক্রন্দিষ্যতি। লৃঙ্—অক্রন্দিষ্যৎ। লুট্—ক্রন্দিতা। আশীর্লিঙ্—ক্রন্দ্যাৎ।

লিট্—চক্রন্দ, চক্রন্দতুঃ, চক্রন্দুঃ; চক্রন্দিথ ইত্যাদি।

লুঙ্-অক্রন্দীৎ, অক্রন্দিষ্টাম্, অক্রন্দিষুঃ; অক্রন্দীঃ ইত্যাদি।

ভাববাচ্যে—ক্রন্দ্যতে। ণিচ্—ক্রন্দয়তি। সন্—চিক্রন্দিষতি। যঙ্—চাক্রন্দ্যতে। তুমুন্—ক্রন্দিতুম্। ক্ত্বা—ক্রন্দিত্বা। ক্ত—ক্রন্দিত। শতৃ—ক্রন্দৎ।

ক্রম্—পাদাক্ষেপ করা। ভ্বাদি উভয়পদী। লট্—ক্রামতি, ক্রাম্যতি (৩।১।৭০); ক্রমতে। লোট্—ক্রামতু, ক্রাম্যতু; ক্রমতাম্ ইত্যাদি। লঙ্ অক্রামৎ, অক্রাম্যৎ; অক্রমত। বিধিলিঙ্—ক্রামেৎ, ক্রাম্যেৎ; ক্রমেত। লৃট্—ক্রমিষ্যতি; ক্রংস্যতে। লৃঙ্—অক্রমিষ্যৎ; অক্রংস্যত। লুট্—ক্রমিতা; ক্রন্তা। আশীর্লিঙ্—ক্রম্যাৎ; ক্রংসীষ্ট।

লিট্—চক্রাম, চক্রমতুঃ, চক্রমুঃ। চক্রমিথ, চক্রমথুঃ, চক্রম। চক্রাম চক্রম, চক্রমিব, চক্রমিম। আত্মনেপদে—চক্রমে, চক্রমাতে, চক্রমিরে ইত্যাদি।

লুঙ্—অক্রমীৎ, অক্রমিষ্টাম্, অক্রমিষুঃ। অক্রমীঃ, অক্রমিষ্টম্, অক্রমিষ্ট। অক্রমিষম্, অক্রমিষ্ব, অক্রমিষ্ম। আত্মনেপদে—অক্রংস্ত, অক্রংসাতাম্, অক্রংসত ইত্যাদি।

কর্মবাচ্যে—ক্রম্যতে। ণিচ্—ক্রময়তি; সংক্রাময়তীতি কেচিৎ। সন্—চিক্রমিষতি, চিক্রংসতে। যঙ্—চঙ্ক্রম্যতে। তুমুন্—ক্রমিতুম্। ক্ত্বা—ক্রমিত্বা, ক্রান্ত্বা বা ক্রন্ত্বা। ল্যপ্—প্রক্রম্য, উপক্রম্য ইত্যাদি। ক্ত—ক্রান্ত। শতৃ—ক্রামৎ, ক্রাম্যৎ। শানচ্—ক্রমমাণ।

ক্রী—ক্রয় করা। ক্র্যাদি উভয়পদী। লট্—ক্রীণাতি; ক্রীণীতে। লোট্—

ক্রীণাতু ; ক্রীণীতাম্। লঙ্—অক্রীণাৎ, অক্রীণীত। বিধিলিঙ্—ক্রীণীয়াৎ ; ক্রীণীত। লৃট্—ক্রেষ্যতি ; ক্রেষ্যতে। লৃঙ্—অক্রেষ্যৎ, অক্রেষ্যত। লুট্—ক্রেতা। আশীর্লিঙ্—ক্রীয়াৎ ; ক্রেষীষ্ট।

লিট্—চিক্রায়, চিক্রিয়তুঃ, চিক্রিয়ুঃ। চিক্রয়িথ, চিক্রেথ, চিক্রিয়থুঃ, চিক্রিয়। চিক্রায় চিক্রয়, চিক্রিয়িব, চিক্রিয়িম। আত্মনেপদে—চিক্রিয়ে, চিক্রিয়াতে, চিক্রিয়িরে ইত্যাদি।

লুঙ্—অক্রৈষীৎ অক্রৈষ্টাম্, অক্রৈষুঃ। অক্রৈষীঃ, অক্রৈষ্টম্ অক্রৈষ্ট। অক্রৈষম্, অক্রৈষ্ব, অক্রৈষ্ম। আত্মনেপদে—অক্রেষ্ট, অক্রেষাতাম্, অক্রেষত ; অক্রেষ্ঠাঃ, অক্রেষাথাম্, অক্রেঢ্বম্ ; অক্রেষি, অক্রেষ্বহি, অক্রেষ্মহি।

কর্মবাচ্যে ক্রীয়তে। ণিচ্—ক্রাপয়তি। সন্—চিক্রীষতি, চিক্রীষতে। যঙ্—চেক্রীয়তে। তুমুন্—ক্রেতুম্। ক্ত্বা—ক্রীত্বা। ল্যপ্—বিক্রীয় ইত্যাদি। ক্ত—ক্রীত। শতৃ ক্রীণৎ। শানচ্—ক্রীণান।

ক্রীড়্—খেলা করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—ক্রীড়তি। লিট্—ক্রীড়িষ্যতি। লৃঙ্—অক্রীড়িষ্যৎ। লুট্—ক্রীড়িতা। আশীর্লিঙ্—ক্রীড্যাৎ।

লিট্—চিক্রীড়, চিক্রীড়তুঃ, চিক্রীড়ুঃ ; চিক্রীড়িথ, চিক্রীড়থুঃ, চিক্রীড় ; চিক্রীড়, চিক্রীড়িব, চিক্রীড়িম।

লুঙ্—অক্রীড়ীৎ, অক্রীড়িষ্টাম্, অক্রীড়িষুঃ। অক্রীড়ীঃ, অক্রীড়িষ্টম্, অক্রীড়িষ্ট। অক্রীড়িষম্, অক্রীড়িষ্ব, অক্রীড়িষ্ম।

ভাববাচ্যে—ক্রীড্যতে। ণিচ্—ক্রীড়য়তি। সন্—চিক্রীড়িষতি। যঙ্—চেক্রীড্যতে। তুমুন্—ক্রীড়িতুম্। ক্ত্বা—ক্রীড়িত্বা। ক্ত—ক্রীড়িত। শতৃ—ক্রীড়ৎ।

ক্ষম্—ক্ষমা করা। ভ্বাদি আত্মনেপদী—লট্—ক্ষমতে। দিবাদি পরস্মৈপদী—লট্ ক্ষাম্যতি। লৃট্—ক্ষমিষ্যতে বা ক্ষংস্যতে ইত্যাদি ; পরস্মৈ—ক্ষমিষ্যতি বা ক্ষংস্যতি ইত্যাদি। লৃঙ্—অক্ষমিষ্যত, অক্ষংস্যত ; অক্ষমিষ্যৎ, অক্ষংস্যৎ। লুট্—ক্ষমিতা, ক্ষন্তা। আশীর্লিঙ—ক্ষমিষীষ্ট, ক্ষংসীষ্ট ; পরস্মৈ—ক্ষম্যাৎ।

লিট্—(পরস্মৈ) চক্ষাম, চক্ষমতুঃ, চক্ষমুঃ। চক্ষমিথ চক্ষন্থ, চক্ষমথুঃ, চক্ষম। চক্ষাম চক্ষম, চক্ষমিব চক্ষণ্ব, চক্ষমিম চক্ষণ্ম। আত্মনেপদে—চক্ষমে, চক্ষমাতে, চক্ষমিরে। চক্ষমিষে চক্ষংসে, চক্ষমাথে, চক্ষমিঢ়্বে চক্ষমিধ্বে। চক্ষমে, চক্ষমিবহে চক্ষণ্বহে, চক্ষমিমহে চক্ষণ্মহে।

লুঙ্—(পরস্মৈপদে) অক্ষমৎ, অক্ষমতাম্, অক্ষমন্। অক্ষমঃ, অক্ষমতম্, অক্ষমত। অক্ষমম্, অক্ষমাব, অক্ষমাম। অথবা অক্ষমীৎ, অক্ষমিষ্টাম্, অক্ষমিষুঃ ইত্যাদি। আত্মনেপদে—অক্ষমিষ্ট, অক্ষমিষাতাম্, অক্ষমিষত; অক্ষমিষ্ঠাঃ, অক্ষমিষাথাম্, অক্ষমিধ্বম্; অক্ষমিষি, অক্ষমিষ্বহি, অক্ষমিষ্মহি। অথবা অক্ষংস্ত, অক্ষংসাতাম, অক্ষংসত ইত্যাদি।

কর্মবাচ্যে—ক্ষম্যতে। **ণিচ্**—ক্ষময়তি। **সন্**—চিক্ষমিষতি বা চিক্ষংসতি; চিক্ষমিষতে, চিক্ষংসতে। **যঙ্**—চঙ্ক্ষম্যতে। **তুমুন্**—ক্ষমিতুম্, ক্ষন্তুম্। **ক্ত্বা**—ক্ষমিত্বা, ক্ষান্ত্বা। **ক্ত**—ক্ষান্ত। শানচ্—ক্ষমমাণ। শতৃ—ক্ষাম্যৎ।

ক্ষম্—সহনে। দিবাদিগণীয়, পরস্মৈপদী। **ক্ষাম্যতি** (শমামষ্টানাং **দীর্ঘঃ** ***শ্যনি*** ৭।৩।৭৪)

খাদ্—খাওয়া। ভ্বাদি পরস্মৈপদী। লট্—খাদতি। **লৃট্**—খাদিষ্যতি। লৃঙ্—অখাদিষ্যৎ। লুট্—খাদিতা। আশীর্লিঙ্—খাদ্যাৎ।

লিট্—চখাদ, চখাদতুঃ, চখাদুঃ। চখাদিথ, চখাদথুঃ, চখাদ। চখাদ, চখাদিব, চখাদিম।

লুঙ্—অখাদীৎ, অখাদিষ্টাম্, অখাদিষুঃ। অখাদীঃ, অখাদিষ্টম্, অখাদিষ্ট। অখাদিষম্, অখাদিষ্ব, অখাদিষ্ম।

কর্মবাচ্যে—খাদ্যতে। **ণিচ্**—খাদয়তি। **সন্**—চিখাদিষতি। **যঙ্**—চাখাদ্যতে। **তুমুন্**—খাদিতুম্। **ক্ত্বা**—খাদিত্বা। **ক্ত**—খাদিত। শতৃ—খাদৎ।

গম্—যাওয়া। ভ্বাদি পরস্মৈপদী। লট্—গচ্ছতি। **লৃট্**—গমিষ্যতি। লৃঙ্—অগমিষ্যৎ। লুট্—গন্তা আশীর্লিঙ্—গম্যাৎ।

লিট্—জগাম, জগ্মতুঃ; জগ্মুঃ। জগমিথ জগন্থ, জগ্মথুঃ, জগ্ম। জগাম জগম, জগ্মিব, জগ্মিম।

লুঙ্—অগমৎ, অগমতাম্, অগমন্। অগমঃ, অগমতম্, অগমত। অগমম্, অগমাব, অগমাম।

কর্মবাচ্যে—গম্যতে। ণিচ্—গময়তি। সন্—জিগমিষতি। যঙ্—কুটিলং গচ্ছতি জঙ্গম্যতে। তুমুন্—গন্তুম্। ক্ত্বা—গত্বা। ল্যপ্—আগম্য আগত্য ইত্যাদি। ক্ত—গত। শতৃ—গচ্ছৎ।

গুপ্—রক্ষা করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—গোপায়তি (৩।১।২৮)। লোট্—গোপায়তু। লঙ্—অগোপায়ৎ। বিধিলিঙ্—গোপায়েৎ। লৃট্—গোপায়িষ্যতি, গোপ্স্যতি বা গোপিষ্যতি, ইত্যাদি। লৃঙ্—অগোপায়িষ্যৎ, অগোপিষ্যৎ, অগোপ্স্যৎ। লুট্—গোপায়িতা (৩।১।৩১), গোপিতা, গোপ্তা। আশীর্লিঙ্—গোপায্যাৎ, গোপ্যাৎ।

লিট্—জুগোপ, জুগুপতুঃ, জুগুপুঃ। জুগোপিথ জুগোপ্থ, জুগুপথুঃ, জুগুপ। জুগোপ, জুগুপিব, জুগুপিম। পক্ষে গোপায়াঞ্চকার ইত্যাদি, গোপায়ামাস ইত্যাদি এবং গোপায়াম্বভূব ইত্যাদি।

লুঙ্—অগৌপ্সীৎ, অগৌপ্তাম্, অগৌপ্সুঃ ইত্যাদি। পক্ষে—অগোপীৎ, অগোপিষ্টাম্, অগোপিষুঃ ইত্যাদি। পক্ষে—অগোপায়ীৎ, অগোপায়িষ্টাম্, অগোপায়িষুঃ ইত্যাদি।

কর্মবাচ্যে—গুপ্যতে বা গোপায্যতে। ণিচ্—গোপায়য়তি বা গোপয়তি।

সন্—জুগোপায়িষতি, জুগুপ্সতি, জুগুপিষতি বা জুগোপিষতি। যঙ্—জোগুপ্যতে। তুমুন্—গোপায়িতুম্, গোপিতুম্ বা গোপ্তুম্। ক্ত্বা—গোপায়িত্বা, গোপিত্বা বা গুপ্ত্বা। ক্ত—গোপায়িত, গোপিত বা গুপ্ত। শতৃ—গোপায়ৎ।

গৈ—গান করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—গায়তি। লৃট্—গাস্যতি। লৃঙ্—অগাস্যৎ। লুট্—গাতা। আশীর্লিঙ্—গেয়াৎ।

লিট্—জগৌ, জগতুঃ, জগুঃ। জগিথ জগাথ, জগথুঃ, জগ। জগৌ, জগিব, জগিম।

লুঙ্—অগাসীৎ, অগাসিষ্টাম্ অগাসিষুঃ। অগাসীঃ, অগাসিষ্টম্, অগাসিষ্ট। অগাসিষম্, অগাসিষ্ব, অগাসিষ্ম।

কর্মবাচ্যে—গীয়তে। **ণিচ্**—গাপয়তি। **সন্**—জিগাসতি। **যঙ্**—জেগীয়তে। **তুমুন্**—গাতুম্। **ক্ত্বা**—গীত্বা। **ল্যপ্**—বিগায় ইত্যাদি। **ক্ত**—গীত। **শতৃ**—গায়ৎ।

গ্রস্— অদনে (=ভক্ষণে)। **লট্**—গ্রসতে। **লৃট্**—গ্রসিষ্যতে। **লুঙ্**—অগ্রসিষ্ট। **কর্মণি**—গ্রস্যতে। **ণিচ্**—গ্রাসয়তি। **কৃত্য**—গ্রসিতব্যম্, গ্রসনীয়ম্, গ্রস্যম্। ণিচ্—গ্রাসয়তি। **সন্**—জিগ্রসিষতে। **ক্ত**—গ্রস্ত। **ক্ত্বা**—গ্রসিত্বা, গ্রস্তা। **তুম্**—গ্রসিতুম্। **শানচ্**—গ্রসমান।

গ্রসমানমিবৌজাংসি সদসি গৌরবেরিতম্।
নাম যস্যাভিনন্দন্তি দ্বিষোঽপি স পুমান্ পুমান্ (ভারবি)॥

গ্রহ্—গ্রহণ করা। **ক্র্যাদি** উভয়পদী। **লট্**—গৃহ্লাতি গৃহ্লীতঃ ইত্যাদি, বা গৃহ্লীতে গৃহ্লাতে ইত্যাদি। লোট্—গৃহ্লাতু, গৃহ্লীতাম, গৃহ্লন্তু; গৃহাণ। (আত্মনে) গৃহ্লীতাম্, গৃহ্লাতাম্, গৃহ্লতাম্, গৃহ্লীষ ইত্যাদি। **লঙ্**—অগৃহ্লাৎ। অগৃহ্লীত। বিধিলিঙ্—গৃহ্লীয়াৎ; গৃহ্লীত।

লৃট্—গ্রহীষ্যতি; গ্রহীষ্যতে। লৃঙ্—অগ্রহীষ্যৎ; অগ্রহীষ্যত। **লুট্**—গ্রহীতা। আশীর্লিঙ্—গৃহ্যাৎ; গ্রহীষীষ্ট।

লিট্—জগ্রাহ, জগৃহতুঃ, জগৃহুঃ। জগ্রহিথ, জগৃহথুঃ, জগৃহ। জগ্রাহ, জগ্রহিব, জগ্রহিম। জগৃহে, জগৃহাতে, জগৃহিরে। জগৃহিষে, জগৃহাথে, জগৃহিঢ্বে-ধ্বে; জগৃহে, জগৃহিবহে, জগৃহিমহে।

লুঙ্—অগ্রহীৎ, অগ্রহীষ্টাম্, অগ্রহীষুঃ। অগ্রহীঃ, অগ্রহীষ্টম্, অগ্রহীষ্ট। অগ্রহীষম, অগ্রহীষ্ব, অগ্রহীষ্ম। আত্মনে—অগ্রহীষ্ট, অগ্রহীষাতাম্, অগ্রহীষত ইত্যাদি।

কর্মবাচ্যে—গৃহ্যতে, লুঙ্—অগ্রাহি। **ণিচ্**—গ্রাহয়তি। **সন্**—জিঘৃক্ষতি, জিঘৃক্ষতে। **যঙ্**—জরীগৃহ্যতে। **তুমুন্**—গ্রহীতুম্। **ক্ত্বা**—গৃহীত্বা। **ল্যপ্**—পরিগৃহ্য ইত্যাদি। **ক্ত**—গৃহীত। **শতৃ**—গৃহ্লৎ। **শানচ্**—গৃহ্লান।

ঘ্রা—গন্ধ লওয়া। ভ্বাদি পরস্মৈপদী। চতুর্লকারে **জিঘ্র আদেশ** হয়।
লট্—জিঘ্রতি। **লৃট্**—ঘ্রাস্যতি। লৃঙ্—অঘ্রাস্যৎ। **লুট্**—ঘ্রাতা। **আশীর্লিঙ্**—ঘ্রায়াৎ ব ঘ্রেয়াৎ ইত্যাদি। **লিট্**—জঘ্রৌ, জঘ্রতুঃ, জঘ্রুঃ। জঘ্রিথ জঘ্রাথ, জঘ্রথুঃ, জঘ্র। জঘ্রৌ, জঘ্রিব, জঘ্রিম। **লুঙ্**—অঘ্রাৎ, অঘ্রাতাম্, অঘ্রুঃ ইত্যাদি। পক্ষে—অঘ্রাসীৎ, অঘ্রাসিষ্টাম্, অঘ্রাসিষুঃ ইত্যাদি।

কর্মবাচ্যে—ঘ্রায়তে, লুঙ্—অঘ্রায়ি। **ণিচ্**—ঘ্রাপয়তি। **সন্**—জিঘ্রাসতি। যঙ্—জেঘ্রীয়তে। তুমুন্—ঘ্রাতুম্। ক্ত্বা—ঘ্রাত্বা। ল্যপ্—আঘ্রায় ইত্যাদি। ক্ত—ঘ্রাত, ঘ্রাণ (৮।২।৫৬)। শতৃ—জিঘ্রৎ।

চর্—ভ্রমণ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—চরতি। **লৃট্**—চরিষ্যতি। লৃঙ্—অচরিষ্যৎ। লুট্—চরিতা। আশীর্লিঙ্—চর্যাৎ।

লিট্—চচার, চেরতুঃ, চেরুঃ। চেরিথ, চেরথুঃ, চের। চচার, চচর, চেরিব, চেরিম।

লুঙ্—অচারীৎ, অচারিষ্টাম্, অচারিষুঃ। অচারীঃ, অচারিষ্টম্, অচারিষ্ট। অচারিষম্, অচারিষ্ব, অচারিষ্ম।

কর্মবাচ্যে—চর্যতে। **ণিচ্**—চারয়তি। **সন্**—চিচরিষতি। যঙ্—চঞ্চূর্যতে। তুমুন্—চরিতুম্। ক্ত্বা—চরিত্বা। ল্যপ্—আচর্য ইত্যাদি। ক্ত—চরিত। শতৃ—চরৎ।

চি—চয়ন করা। স্বাদি উভয়পদী। লট্—চিনোতি, চিনুতঃ ইত্যাদি। চিনুতে, চিন্বাতে, চিন্বতে ইত্যাদি। লোট্—চিনোতু ; চিনুতাম্। লঙ্—অচিনোৎ ; অচিনুত। বিধিলিঙ্—চিনুয়াৎ ; চিন্বীত। **লৃট্**—চেষ্যতি ; চেষ্যতে। লৃঙ্—অচেষ্যৎ ; অচেষ্যত। লুট্—চেতা। আশীর্লিঙ্—চীয়াৎ ; চেষীষ্ট। **লিট্**—চিচায়, চিচ্যতুঃ, চিচ্যুঃ ; চিচয়িথ চিচেথ, চিচ্যথুঃ, চিচ, চিচায়, চিচ্যিব, চিচ্যিম। পক্ষে—চিকায়, চিক্যতুঃ, চিক্যুঃ ইত্যাদি। আত্মনেপদে—চিচ্যে, চিচ্যাতে, চিচ্যিরে ; চিচ্যিষে, চিচ্যাথে, চিচ্যিঢ্বে-ধ্বে ; চিচ্যে, চিচ্যিবহে, চিচ্যিমহে। পক্ষে—চিক্যে, চিক্যাতে, চিক্যিরে ইত্যাদি।

লুঙ্—অচৈষীৎ, অচৈষ্টাম্, অচৈষুঃ। অচৈষীঃ, অচৈষ্টম্, অচৈষ্ট। অচৈষম্,

অচৈষ্ব, অচৈষ্ম। আত্মনেপদে—অচেষ্ট, অচেষাতাম্, অচেষত ; অচেষ্ঠাঃ, অচেষাথাম্ ইত্যাদি।

চিন্ত্—চিন্তা করা। চুরাদি পরস্মৈপদী। **লট্**—চিন্তয়তি। **লৃট্**—চিন্তয়িষ্যতি। **লৃঙ্**—অচিন্তয়িষ্যৎ। **লুট্**—চিন্তয়িতা। **আশীর্লিঙ্**—চিন্ত্যাৎ।

লিট্—চিন্তয়াঞ্চকার, চিন্তয়াঞ্চক্রতুঃ, চিন্তয়াঞ্চক্রুঃ ইত্যাদি। চিন্তয়ামাস, চিন্তয়ামাসতুঃ, চিন্তয়ামাসুঃ ইত্যাদি। চিন্তয়াম্বভূব, চিন্তয়াম্বভূবতুঃ চিন্তয়াম্বভূবুঃ ইত্যাদি।

লুঙ্—অচিচিন্তৎ, অচিচিন্ততাম্, অচিচিন্তন্। অচিচিন্তঃ, অচিচিন্ততম্, অচিচিন্তত। অচিচিন্তম্, অচিচিন্তাব, অচিচিন্তাম।

কর্মবাচ্যে—চিন্ত্যতে। **ণিচ্**—চিন্তয়তি। **সন্**—চিচিন্তয়িষতি। **তুমুন্**—চিন্তয়িতুম্। ক্ত্বা—চিন্তয়িত্বা। ল্যপ্—বিচিন্ত্য ইত্যাদি। ক্ত—চিন্তিত। শতৃ—চিন্তয়ৎ।

জন্—জন্মগ্রহণ করা। দিবাদি আত্মনেপদী। লট্—জায়তে। লোট্—জায়তাম্। লঙ্—অজায়ত। বিধিলিঙ্—জায়েত। **লৃট্**—জনিষ্যতে। লৃঙ্—অজনিষ্যত। লুট্—জনিতা। **আশীর্লিঙ্**—জনিষীষ্ট।

লিট্—জজ্ঞে, জজ্ঞাতে, জজ্ঞিরে। জজ্ঞিষে, জজ্ঞাথে, জজ্ঞিধ্বে-ঢে। জজ্ঞে, জজ্ঞিবহে, জজ্ঞিমহে। **লুঙ্**—অজনি অজনিষ্ট (৩।১।৬৩), অজনিষাতাম্, অজনিষত। অজনিষ্ঠাঃ, অজনিষাথাম্ ইত্যাদি।

জাগৃ—জাগরিত হওয়া। অদাদি পরস্মৈপদী। **লট্**—জাগর্তি, জাগৃতঃ, জাগ্রতি ইত্যাদি। **লোট্**—জাগর্তু, জাগৃতাম, জাগ্রতু ; জাগৃহি ইত্যাদি। **লঙ্**—অজাগঃ, অজাগৃতাম্, অজাগরুঃ ; অজাগঃ ইত্যাদি। **বিধিলিঙ্**—জাগৃয়াৎ। **লৃট্**—জাগরিষ্যতি। লৃঙ্—অজাগরিষ্যৎ। **লুট্**—জাগরিতা। আশীর্লিঙ্—জাগর্যাৎ।

লিট্—জজাগার, জজাগরতুঃ, জজাগরুঃ ইত্যাদি। পক্ষে—জাগরামাস ইত্যাদি, জাগরাম্বভূব ইত্যাদি, জাগরাঞ্চকার ইত্যাদি।

লুঙ্—অজাগরীৎ, অজাগরিষ্টাম্, অজাগরিষুঃ। অজাগরীঃ, অজাগরিষ্ম ইত্যাদি।

ভাববাচ্যে—জাগর্যতে, লুঙ্—অজাগারি। **ণিচ্**—জাগরয়তি। **সন্**—জিজাগরিষতি। যঙ্—জাগষতে। **তুমুন্**—জাগরিতুম্। **ক্ত্বা**—জাগরিত্বা। ল্যপ্—প্রজাগর্য। ক্ত—জাগরিত। শতৃ—জাগ্রৎ।

জি—জয় করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—জয়তি। **লৃট্**—জেষ্যতি। লৃঙ্—অজেষ্যৎ। লুট্—জেতা। আশীর্লিঙ্—জীয়াৎ।

লিট্—জিগায়, জিগ্যতুঃ, জিগ্যুঃ। জিগয়িথ জিগেথ, জিগ্যথুঃ, জিগ্য। জিগায়, জিগ্যিব, জিগ্যিম।

লুঙ্—অজৈষীৎ, অজৈষ্টাম্, অজৈষুঃ। অজৈষীঃ, অজৈষ্টম, অজৈষ্ট। অজৈষম্, অজৈষ্ব, অজৈষ্ম।

কর্মবাচ্যে—জীয়তে, লুঙ্—অজায়ি। **ণিচ্**—জাপয়তি। **সন্**—জিগীষতি। যঙ্—জেজীয়তে। তুমুন্—জেতুম্। ক্ত্বা—জিত্বা। ল্যপ্—পরাজিত্য ইত্যাদি। ক্ত—জিত। শতৃ—জয়ৎ।

জ্ঞা—জানা। ক্র্যাদি পরস্মৈপদী। অনুপসর্গাজ্ জ্ঞঃ (১।৩।৭৬)—উপসর্গ পূর্বে না থাকিলে জ্ঞাধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। লট্—জানাতি; জানীতে। লোট্ জানাতু, জানীতাম্। লঙ্—অজানাৎ, অজানীত। বিধিলিঙ্—জানীয়াৎ; জানীত। লৃট্—জ্ঞাস্যতি; জ্ঞাস্যতে। লৃঙ্—অজ্ঞাস্যৎ; অজ্ঞাস্যত। **লুট্**—জ্ঞাতা। **আশীর্লিঙ্**—জ্ঞায়াৎ, জ্ঞেয়াৎ; জ্ঞাসীষ্ট।

লিট্—জজ্ঞৌ, জজ্ঞতুঃ, জজ্ঞুঃ। জজ্ঞিথ জজ্ঞাথ, জজ্ঞথুঃ, জজ্ঞ। জজ্ঞৌ, জজ্ঞিব, জজ্ঞিম। আত্মনেপদে—জজ্ঞে, জজ্ঞাতে, জজ্ঞিরে ইত্যাদি।

লুঙ্—অজ্ঞাসীৎ, অজ্ঞাসিষ্টাম্, অজ্ঞাসিষুঃ; অজ্ঞাসীঃ, অজ্ঞাসিষ্টম্, অজ্ঞাসিষ্ট। অজ্ঞাসিষম্, অজ্ঞাসিষ্ব, অজ্ঞাসিষ্ম।

কর্মবাচ্যে—জ্ঞায়তে, লুঙ্—অজ্ঞায়ি। **ণিচ্**—জ্ঞাপয়তি। **সন্—জিজ্ঞাসতে** যঙ্—জাজ্ঞায়তে। তুমুন্—জ্ঞাতুম্। ক্ত্বা জ্ঞাত্বা। ল্যপ্—বিজ্ঞায় ইত্যাদি। ক্ত—জ্ঞাত। শতৃ—জানৎ। শানচ্—জানান।

জ্বল্—প্রজ্বলিত হওয়া। ভ্বাদি পরস্মৈপদী। **লট্**—জ্বলতি। **লৃট্**—জ্বলিষ্যতি। **লৃঙ্**—অজ্বলিষ্যৎ। **লুট্**—জ্বলিতা। আশীর্লিঙ্—জ্বল্যাৎ।

লিট্—জজ্বাল, জজ্বলতুঃ, জজ্বলুঃ,। জজ্বলিথ, জজ্বলথুঃ, জজ্বল। জজ্বাল, জজ্বলিব, জজ্বলিম।

লুঙ্—অজ্বালীৎ, অজ্বালিষ্টাম্ অজ্বালিষুঃ। অজ্বালীঃ ইত্যাদি (like চর্)। কর্মবাচ্যে—জ্বল্যতে। **ণিচ্**—জ্বলয়তি, জ্বালয়তি; উপসর্গাত্তু প্রজ্বলয়তি। **সন্**—জিজ্বলিষতি। **যঙ্**—জাজ্বল্যতে তুমুন্—জ্বলিতুম্। ক্ত্বা—জ্বলিত্বা। ল্যপ্—প্রজ্বল্য ইত্যাদি। **শতৃ**—জ্বলৎ।

তন্—বিস্তৃত করা। তনাদি উভয়পদী। লট্—তনোতি; তনুতে। **লৃট্**—তনিষ্যতি; তনিষ্যতে। **লৃঙ্**—অতনিষ্যৎ, অতনিষ্যত। লুট্—তনিতা। আশীর্লিঙ্—তন্যাৎ; তনিষীষ্ট।

লিট্—ততান, তেনতুঃ, তেনুঃ। তেনিথ, তেনথুঃ, তেন। ততান ততন, তেনিব, তেনিম। আত্মনেপদে—তেনে, তেনাতে তেনিরে। তেনিষে, তেনাথে, তেনিধ্বে। তেনে, তেনিবহে, তেনিমহে।

লুঙ্-অতনীৎ অতানীৎ, অতানিষ্টাম্, অতানিষুঃ। অতানীঃ, অতানিষ্টম্, অতানিষ্ট। অতানিষম্, অতানিষ্ব অতানিষ্ম। আত্মনেপদে—অতত অতানিষ্ট, অতনিষাতাম্, অতনিষত। অতথাঃ অতনিষ্ঠাঃ, অতনিষাথাম্, অতনিধ্বম্। অতনিষি, অতনিষ্বহি, অতনিষ্মহি।

কর্মবাচ্যে—তায়তে তন্যতে; লুঙ্—অতানি। **ণিচ্**—তানয়তি। **সন্**—তিতনিষতি, তিতনিষতে; তিতাংসতি, তিতাংসতে; তিতংসতি, তিতংসতে (৬।৪।১৭)। **যঙ্**—তন্তন্যতে। তুমুন্—তনিতুম্। ক্ত্বা-তনিত্বা, তত্বা। ল্যপ্—বিতত্য ইত্যাদি। ক্ত—তত। শতৃ—তন্বৎ। শানচ্—তন্বান্।

তপ্—(i) তাপ দেওয়া। ভ্বাদি পরস্মৈপদী। লট্—তপতি। **লৃট্**—তপ্স্যতি। লৃঙ্—অতপ্স্যৎ। লুট্—তপ্তা। আশীর্লিঙ্—তপ্যাৎ।

লিট্—ততাপ, তেপতুঃ তেপুঃ। তেপিথ, তেপথুঃ তেপ। ততাপ ততপ, তেপিব, তেপিম। **লুঙ্**—অতাপ্সীৎ, অতাপ্তাম্, অতাপ্সুঃ। অতাপ্সীঃ, অতাপ্তম্, অতাপ্ত। অতাপ্সম্, অতাপ্স্ব, অতাপ্স্ম। কর্মবাচ্যে—তপ্যতে।

ণিচ্—তাপয়তি। সন্—তিতপ্সতি। যঙ্—তাতপ্যতে। তুমুন্—তপ্তুম্।
ক্ত্বা—তপ্ত্বা। ল্যপ্—বিতপ্য ইত্যাদি। ক্ত—তপ্ত। শতৃ—তপৎ।
(ii) তপস্যা করা। দিবাদি আত্মনেপদী। লট্—তপ্যতে। লৃট্—তপ্স্যতে।
লুট্—তপ্তা। আশীর্লিঙ্—তপ্সীষ্ট। লিট্—তেপে, তেপাতে, তেপিরে
ইত্যাদি। লুঙ্—অতপ্ত, অতপ্সাতাম্, অতপ্সত ইত্যাদি।

ত্যজ্—ত্যাগ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—ত্যজতি। লৃট্—ত্যক্ষ্যতি।
লৃঙ্—অত্যক্ষ্যৎ। লুট্—ত্যক্তা। আশীর্লিঙ্—ত্যজ্যাৎ।
লিট্—তত্যাজ, তত্যজতুঃ, তত্যজুঃ। তত্যজিথ তত্যক্থ, তত্যজথুঃ, তত্যজ।
তত্যাজ, তত্যজিব, তত্যজিম।
লুঙ্ - অত্যাক্ষীৎ, অত্যাক্তাম্, অত্যাক্ষুঃ। অত্যাক্ষীঃ, অত্যাক্তম্, অত্যাক্ত।
অত্যাক্ষম্. অত্যাক্ষ্ব. অত্যাক্ষ্ম।
কর্মবাচ্যে—ত্যজ্যতে। ণিচ্—ত্যাজয়তি। সন্—তিত্যক্ষতি। যঙ্—
তাত্যজ্যতে। তুমুন্—ত্যক্তুম্। ক্ত্বা—ত্যক্ত্বা। ল্যপ্ - পরিত্যজ্য, ইত্যাদি।
ক্ত—ত্যক্ত। শতৃ—ত্যজৎ।

দা—(i) দান করা। হ্বাদি উভয়পদী। লট্—দদাতি ; দত্তে। লোট্—
দদাতু ; দত্তাম্। লঙ্—অদদাৎ ; অদত্ত। বিধিলিঙ্—দদ্যাৎ ; দদীত।
লৃট্—দাস্যতি ; দাস্যতে। লৃঙ্—অদাস্যৎ ; অদাস্যত। লুট্—দাতা।
আশীর্লিঙ্—দেয়াৎ, দাসীষ্ট। লিট্—দদৌ, দদতুঃ, দদুঃ। দদিথ দদাথ,
দদথুঃ, দদ। দদৌ. দদিব, দদিম। আত্মনেপদ—দদে, দদাতে, দদিরে।
দদিষে, দদাথে, দদিঢ্বে-ধ্বে। দদে, দদিবহে, দদিমহে।
লুঙ্—অদাৎ, অদাতাম্, অদুঃ। অদাঃ, অদাতম্, অদাত। অদাম্, অদাব,
অদাম। আত্মনেপদে—অদিত, অদিষাতাম্, অদিষত ইত্যাদি।
কর্মবাচ্যে—দীয়তে। লুঙ্—অদায়ি। ণিচ্—দাপয়তি। সন্—দিৎসতি,
দিৎসতে। যঙ্—দেদীয়তে। তুমুন্—দাতুম। ক্ত্বা—দত্ত্বা। ল্যপ্—প্রদায়
ইত্যাদি। ক্ত—দত্ত। শতৃ—দদৎ ; স্ত্রিয়াং দদতী। শানচ্—দদান।
(ii) দা (ণ্)—দান করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—যচ্ছতি। লোট্—

যচ্ছতু। লঙ্—অযচ্ছৎ। বিধিলিঙ্—যচ্ছেৎ ইত্যাদি। অন্যত্র হ্বাদি (দদাতি) দা ধাতুর ন্যায়।

দুহ্—দোহন করা। অদাদি উভয়পদী। লট্—দোগ্ধি; দুগ্ধে। লোট্—দোগ্ধু; দুগ্ধাম্। লঙ—অধোক্, অদুগ্ধাম্ অদুহন্ ইত্যাদি। আত্মনেপদে—অদুগ্ধ, অদুহাতাম্ অদুহত ইত্যাদি। বিধিলিঙ্—দুহ্যাৎ; দুহীত। লৃট্—ধোক্ষ্যতি, ধোক্ষ্যতে। লৃঙ্—অধোক্ষ্যৎ; অধোক্ষ্যত। লুট্—দোগ্ধা। আশীর্লিঙ্—দুহ্যাৎ; ধুক্ষীষ্ট।

লিট্—দুদোহ, দুদুহতুঃ দুদুহুঃ। দুদোহিথ, দুদুহথুঃ, দদুহ। দুদোহ, দুদুহিব, দুদুহিম। আত্মনেপদে—দুদুহে, দুদুহাতে, দুদুহিরে ইত্যাদি।

লুঙ্—অধুক্ষৎ, অধুক্ষতাম্ অধুক্ষন্ ইত্যাদি। আত্মনেপদে—অদুগ্ধ, অধুক্ষত, অধুক্ষাতাম্, অধুক্ষন্ত ইত্যাদি। ত, থাস্, ধ্বম্ ও বহি বিভক্তিতে বিকল্পে লঙ্-এর ন্যায় রূপ হয়।

কর্মবাচ্যে—দুহ্যতে, লুঙ্—অদোহি। ণিচ্—দোহয়তি। সন্—দুধুক্ষতি, দুধুক্ষতে। যঙ্—দোদুহ্যতে। তুমুন্—দোগ্ধুম্। ক্ত্বা—দুগ্ধ্বা। ল্যপ্—প্রদুহ্য ইত্যাদি। ক্ত—দগ্ধ। শতৃ—দুহৎ। শানচ্—দুহান।

দৃশ্—দেখা। চতুর্লকারে পশ্য আদেশ হয়। ভ্বাদি পরস্মৈপদী। লট্—পশ্যতি। লৃট্—দ্রক্ষ্যতি। লৃঙ্—অদ্রক্ষ্যৎ। লুট্—দ্রষ্টা। আশীর্লিঙ্—দৃশ্যাৎ।

লিট্—দদর্শ, দদৃশতুঃ, দদৃশুঃ। দদর্শিথ, দদ্রষ্ট, দদৃশথুঃ, দদৃশ। দদর্শ, দদৃশিব, দদৃশিম।

লুঙ্—অদ্রাক্ষীৎ, অদ্রাষ্টাম্, অদ্রাক্ষুঃ। অদ্রাক্ষীঃ, অদ্রাষ্টম, অদ্রাষ্ট, অদ্রাক্ষম্, অদ্রাক্ষ্ব, অদ্রাক্ষ্ম। পক্ষে—অদর্শৎ, অদর্শতাম্, অদর্শন্। অদর্শঃ, অদর্শতম্, অদর্শত। অদর্শম্, অদর্শাব, অদর্শাম।

কর্মবাচ্যে—দৃশ্যতে। ণিচ্—দর্শয়তি। সন্—দিদৃক্ষতে। যঙ্—দরীদৃশ্যতে। তুমুন্—দ্রষ্টুম্। ক্ত্বা—দৃষ্ট্বা। ল্যপ্—পরিদৃশ্য ইত্যাদি। ক্ত—দৃষ্ট। শতৃ—পশ্যৎ।

ধা—ধারণ করা। হ্বাদি উভয়পদী। লট্—দধাতি, ধত্তঃ, দধতি ইত্যাদি।

আত্মনেপদে—ধত্তে, দধাতে, দধতে, ইত্যাদি। লোট্—দধাতু; ধত্তাম্। লঙ্—অদধাৎ, অধত্তাম্, অদধুঃ ইত্যাদি। আত্মনেপদে—অধত্ত; অদধাতাম্, অদধত ইত্যাদি। বিধিলিঙ্—দধ্যাৎ; দধীত। লৃট্—ধাস্যতি; ধাস্যতে। লৃঙ্—অধাস্যৎ, অধাস্যত। লুট্—ধাতা। আশীর্লিঙ্—ধেয়াৎ; ধাসীষ্ট।

লিট্—দধৌ, দধতুঃ, দধুঃ। দধিথ, দধাথ, দধথুঃ, দধ। দধৌ, দধিব, দধিম। আত্মনেপদে—দধে, দধাতে, দধিরে ইত্যাদি।

লুঙ্—অধাৎ, অধাতাম্, অধুঃ। অধাঃ, অধাতম্, অধাত। অধাম্, অধাব, অধাম। আত্মনেপদে—অধিত, অধিষাতাম্, অধিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—ধীয়তে, লুঙ্—অধায়ি। ণিচ্—ধাপয়তি। সন্—ধিৎসতি, ধিৎসতে। যঙ্—দেধীয়তে। তুমুন্—ধাতুম্। ক্ত্বা—হিত্বা। ল্যপ্—বিধায় ইত্যাদি। ক্ত—হিত। শতৃ—দধৎ। শানচ্—দধান।

ধাব্—দৌড়ান, প্রক্ষালন করা। ভ্বাদি উভয়পদী। লট্—ধাবতি, ধাবতে। লঙ্—অধাবৎ; অধাবত। লৃট্—ধাবিষ্যতি, ধাবিষ্যতে। লৃঙ্—অধাবিষ্যৎ অধাবিষ্যত। লুট্—ধাবিতা। আশীর্লিঙ্—ধাব্যাৎ, ধাবিষীষ্ট।

লিট্—দধাব, দধাবতুঃ, দধাবুঃ; দধাবিথ ইত্যাদি। আত্মনেপদে—দধাবে দধাবাতে, দধাবিরে ইত্যাদি।

লুঙ্—অধাবীৎ, অধাবিষ্টাম্, অধাবিষুঃ ইত্যাদি। আত্মনেপদে—অধাবিষ্ট অধাবিষাতাম্, অধাবিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—ধাব্যতে। ণিচ্—ধাবয়তি। সন্—দিধাবিষতি, দিধাবিষতে যঙ্—দাধাব্যতে। তুমুন্—ধাবিতুম্। ক্ত্বা—ধাবিত্বা, ধৌত্বা। ল্যপ্—পরিধাব্য ইত্যাদি। ক্ত—ধাবিত, ধৌত। শতৃ—ধাবৎ। শানচ্—ধাবমান।

নম্—নমস্কার করা, নত হওয়া। ভ্বাদি পরস্মৈপদী। লট্—নমতি। লঙ্—অনমৎ। লৃট্—নংস্যতি। লৃঙ্—অনংস্যৎ। লুট্—নন্তা। আশীর্লিঙ্—নম্যাৎ।

লিট্—ননাম, নেমতুঃ, নেমুঃ। নেমিথ, নেমথুঃ, নেম। ননাম, ননম; নেমিব, নেমিম।

লুঙ্—অনংসীৎ, অনংসিষ্টাম্, অনংসিষুঃ। অনংসীঃ, অনংসিষ্টম্, অনংসিষ্ট। অনংসিষম্, অনংসিষ্ব, অনংসিষ্ম।

কর্মবাচ্যে—নম্যতে, লুঙ্—অনামি। **ণিচ্**—নাময়তি, নময়তি; উপসর্গ যুক্ত হইলে প্রণময়তি। **সন্**—নিনংসতি। **যঙ্**—নংনম্যতে। তুমুন্—নন্তুম্। ক্ত্বা—নত্বা। ল্যপ্—বিনম্য ইত্যাদি। ক্ত—নত। শতৃ—নমৎ।

নশ্—নষ্ট হওয়া। দিবাদি পরস্মৈপদী। লট্—নশ্যতি। লঙ্—অনশ্যৎ। **লৃট্**—নশিষ্যতি, নঙ্‌ক্ষ্যতি। লৃঙ্—অনশিষ্যৎ, অনঙ্‌ক্ষ্যৎ। লুট্—নশিতা, নংষ্টা। আশীর্লিঙ্—নশ্যাৎ।

লিট্—ননাশ, নেশতুঃ, নেশুঃ। নেশিথ, ননংষ্ঠ, নেশথুঃ, নেশ। ননাশ, ননশ, নেশিব, নেশিম।

লুঙ্—অনশৎ, অনশতাম্, অনশন্। অনশঃ, অনশতম্, অনশত। অনশম্, অনশাব, অনশাম।

ভাববাচ্যে—নশ্যতে, লুঙ্—অনাশি। **ণিচ্**—নাশয়তি। **সন্**—নিনশিষতি, নিনঙ্‌ক্ষতি। যঙ্—নানশ্যতে। তুমুন্—নশিতুম্, নংষ্টুম্। ক্ত্বা—নশিত্বা, নষ্ট্বা, নংষ্ট্বা। ক্ত—নষ্ট। শতৃ—নশ্যৎ।

নী—নেওয়া। ভ্বাদি উভয়পদী। লট্—নয়তি; নয়তে। লঙ্—অনয়ৎ; অনয়ত। লৃট্—নেষ্যতি, নেষ্যতে। লৃঙ্—অনেষ্যৎ, অনেষ্যত। লুট্—নেতা। আশীর্লিঙ্—নীয়াৎ, নেষীষ্ট।

লিট্—নিনায়, নিন্যতুঃ, নিন্যুঃ। নিনয়িথ, নিনেথ, নিন্যথুঃ, নিন্য। নিনায়, নিন্যিব, নিন্যিম। আত্মনেপদে—নিন্যে, নিন্যাতে, নিন্যিরে। নিন্যিষে, নিন্যাথে, নিন্যিধ্বে। নিন্যে, নিন্যিবহে, নিন্যিমহে।

লুঙ্—অনৈষীৎ, অনৈষ্টাম্, অনৈষুঃ। অনৈষীঃ, অনৈষ্টম্, অনৈষ্ট। অনৈষম্, অনৈষ্ব, অনৈষ্ম। আত্মনেপদ—অনেষ্ট, অনেষাতাম্, অনেষত। অনেষ্ঠাঃ, অনেষাথাম্, অনেঢ্বম্। অনেষি, অনেষ্বহি, অনেষ্মহি।

কর্মবাচ্যে—নীয়তে, লুঙ্—অনায়ি। **ণিচ্**—নায়য়তি। **সন্**—নিনীষতি, নিনীষতে। যঙ্—নেনীয়তে। তুমুন্—নেতুম্। ক্ত্বা—নীত্বা। ল্যপ্—বিনীয় ইত্যাদি। ক্ত—নীত। শতৃ—নয়ৎ। শানচ্—নয়মান।

নৃত্—নৃত্য করা। দিবাদি পরস্মৈপদী। লট্—নৃত্যতি। লঙ্—অনৃত্যৎ। **লৃট্**—নর্তিষ্যতি নর্ৎস্যতি। লৃঙ্—অনর্তিষ্যৎ, অনর্ৎস্যৎ। লুট্—নর্তিতা। আশীর্লিঙ্—নৃত্যাৎ।

লিট্—ননর্ত, ননৃততুঃ, ননৃতুঃ। ননর্তিথ, ননৃতথুঃ, ননৃত। ননর্ত, ননৃতিব, ননৃতিম।

লুঙ্—অনর্তীৎ, অনর্তিষ্টাম্, অনর্তিষুঃ। অনর্তীঃ, অনর্তিষ্টম্, অনর্তিষ্ট। অনর্তিষম্, অনর্তিষ্ব, অনর্তিষ্ম।

কর্মবাচ্যে—নৃত্যতে, লুঙ্—অনর্তি। **ণিচ্**—নর্তয়তি। **সন্**—নিনর্তিষতি, নিনৃৎসতি। যঙ্—নরীনৃত্যতে।

তুমুন্—নর্তিতুম্। ক্ত্বা—নর্তিত্বা। ল্যপ্—সংনৃত্য। ক্ত—নৃত্ত। শতৃ—নৃত্যৎ।

পচ্—পাক করা। ভ্বাদি উভয়পদী। লট্—পচতি ; পচতে। লঙ্—অপচৎ ; অপচত। **লৃট্**—পক্ষ্যতি ; পক্ষ্যতে। লঙ্—অপক্ষ্যৎ ; অপক্ষ্যত। লুট্—পক্তা। আশীর্লিঙ্—পচ্যাৎ ; পক্ষীষ্ট।

লিট্—পপাচ, পেচতুঃ, পেচুঃ। পেচিথ পপক্থ, পেচথুঃ, পেচ। পপাচ পপচ, পেচিব, পেচিম। আত্মনেপদে—পেচে, পেচাতে, পেচিরে। পেচিষে, পেচাথে, পেচিধ্বে। পেচে, পেচিবহে, পেচিমহে।

লুঙ্—অপাক্ষীৎ, অপাক্তাম্, অপাক্ষুঃ। অপাক্ষীঃ, অপাক্তম্, অপাক্ত। অপাক্ষম্, অপাক্ষ্ব, অপাক্ষ্ম। আত্মনেপদে—অপক্ত, অপক্ষাতাম্, অপক্ষত। অপক্থাঃ, অপক্ষাথাম্, অপগ্ধ্বম্। অপক্ষি, অপক্ষ্বহি, অপক্ষ্মহি।

কর্মবাচ্যে—পচ্যতে, লুঙ্—অপাচি। **ণিচ্**—পাচয়তি। **সন্**—পিপক্ষতি, পিপক্ষতে। যঙ্—পাপচ্যতে। তুমুন্—পক্তুম্। ক্ত্বা—পক্ত্বা। ক্ত—পক্ক (পচো বঃ ৮.২।৫২)। শতৃ—পচৎ। শানচ্—পচমান।

পঠ্—পাঠ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—পঠতি। লঙ্—অপঠৎ। **লৃট্**—পঠিষ্যতি। লৃঙ্—অপঠিষ্যৎ। লুট্—পঠিতা। আশীর্লিঙ্—পঠ্যাৎ।

লিট্—পপাঠ, পেঠতুঃ, পেঠুঃ। পেঠিথ, পেঠথুঃ, পেঠ। পপাঠ, পপঠ, পেঠিব, পেঠিম।

লুঙ্—অপাঠীৎ, অপাঠিষ্টাম্, অপাঠিষুঃ ইত্যাদি। অথবা অপঠীৎ, অপঠিষ্টাম্, অপঠিষুঃ ইত্যাদি।

কর্মবাচ্যে—পঠ্যতে। **ণিচ্**—পাঠয়তি। **সন্**—পিপঠিষতি। **যঙ্**—পাপঠ্যতে। তুমুন্—পঠিতুম্। ক্ত্বা—পঠিত্বা। ক্ত—পঠিত। শতৃ—পঠৎ।

পত্—পতিত হওয়া। ভ্বাদি পরস্মৈপদী। লট্—পততি। **লৃট্**—পতিষ্যতি লৃঙ—অপতিষ্যৎ। লুট্—পতিতা। আশীর্লিঙ্—পত্যাৎ।

লিট্—পপাত, পেততুঃ, পেতুঃ,। পেতিথ, পেতথুঃ, পেত। পপাত পপত, পেতিব, পেতিম।

লুঙ্—অপপ্তৎ, অপপ্তাম্ অপপ্তন্। অপপ্তঃ, অপপ্ততম, অপপ্তত। অপপ্তম্ অপপ্তাব, অপপ্তাম্।

কর্মবাচ্যে—পত্যতে, লুঙ্—অপাতি। **ণিচ্**—পাতয়তি। **সন্**—পিপতিষতি, পিৎসতি। যঙ্—পনীপত্যতে। তুমুন্—পতিতুম্। ক্ত্বা—পতিত্বা। ল্যপ্—নিপত্য ইত্যাদি। ক্ত—পতিত। শতৃ—পতৎ।

পা (i)—পান করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—পিবতি। **লৃট্**—পাস্যতি। লৃঙ্—অপাস্যৎ। লুট্—পাতা। আশীর্লিঙ্—পেয়াৎ।

লিট্—পপৌ, পপতুঃ, পপুঃ। পপিথ পপাথ, পপথুঃ, পপ। পপৌ, পপিব, পপিম।

লুঙ্—অপাৎ, অপাতাম্, অপুঃ। অপাঃ, অপাতম্, অপাত। অপাম্, অপাব, অপাম।

কর্মবাচ্যে—পীয়তে, লঙ্—অপায়ি। **ণিচ্**—পায়য়তি। **সন্**—পিপাসতি। যঙ্—পেপীয়তে। তুমুন্—পাতুম্। ক্ত্বা—পীত্বা। ল্যপ্—**নিপায়** ইত্যাদি।

[দিবাদিগণীয়—পীঙ্ (=পী) পানে ল্যপ্-প্রত্যয়ে নিপীয় ইত্যাদি হয়।] ক্ত—পীত। শতৃ—পিবৎ।

(ii) রক্ষা করা। অদাদি পরস্মৈপদী। লট্—পাতি। লঙ্—অপাৎ। লুঙ্—অপাসীৎ, অপাসিষ্টাম্, অপাসিষুঃ। অপাসীঃ, অপাসিষ্টম্, অপাসিষ্ট। অপাসিষম্, অপাসিষ্ব, অপাসিষ্ম। কর্মবাচ্যে—পায়তে। ণিচ্—পালয়তি। ক্ত্বা—পাত্বা। ক্ত—পাত। শতৃ—পাৎ। অন্যত্র পানার্থক পা ধাতুর ন্যায়।

পূজ্—পূজা করা। চুরাদি পরস্মৈপদী। লট্—পূজয়তি। লৃট্—পূজয়িষ্যতি। লৃঙ্—অপূজয়িষ্যৎ। লুট্—পূজয়িতা। আশীর্লিঙ্—পূজ্যাৎ।

লিট্—পূজয়ামাস, পূজয়ামাসতুঃ ইত্যাদি। পূজয়াম্বভূব, পূজয়াম্বভূবতুঃ ইত্যাদি। পূজয়াঞ্চকার, পূজয়াঞ্চক্রতুঃ ইত্যাদি।

লুঙ্—অপূপুজৎ, অপূপুজতাম্, অপূপুজন্। অপূপুজঃ ইত্যাদি।

কর্মবাচ্যে—পূজ্যতে, লুঙ্—অপূজি। ণিচ্—পূজয়তি। তুমুন্—পূজয়িতুম্। ক্ত্বা—পূজয়িত্বা। ক্ত—পূজিত। শতৃ—পূজয়ৎ।

প্রচ্ছ্—জিজ্ঞাসা করা। তুদাদি পরস্মৈপদী। লট্—পৃচ্ছতি। লঙ্—অপৃচ্ছৎ। লৃট্—প্রক্ষ্যতি। লৃঙ্—অপ্রক্ষ্যৎ। লুট্—প্রষ্টা। আশীর্লিঙ্—পৃচ্ছ্যাৎ।

লিট্—পপ্রচ্ছ, পপ্রচ্ছতুঃ, পপ্রচ্ছুঃ। পপ্রচ্ছিথ পপ্রষ্ঠ, পপ্রচ্ছথুঃ, পপ্রচ্ছ। পপ্রচ্ছ, পপ্রচ্ছিব, পপ্রচ্ছিম।

লুঙ্—অপ্রাক্ষীৎ, অপ্রাষ্টাম্, অপ্রাক্ষুঃ। অপ্রাক্ষীঃ, অপ্রাষ্টম্, অপ্রাষ্ট। অপ্রাক্ষম্, অপ্রাক্ষ্ব, অপ্রাক্ষ্ম।

কর্মবাচ্যে—পৃচ্ছ্যতে, লুঙ্—অপ্রচ্ছি। ণিচ্—প্রচ্ছয়তি। সন্—পিপৃচ্ছিষতি। যঙ্—পরীপৃচ্ছ্যতে। তুমুন্—প্রষ্টুম্। ক্ত্বা—পৃষ্ট্বা। ল্যপ্—আপৃচ্ছ্য ইত্যাদি। ক্ত—পৃষ্ট। শতৃ—পৃচ্ছৎ।

ব্রূ—বলা। অদাদি উভয়পদী। লট্—ব্রবীতি ; ব্রূতে। লঙ্—অব্রবীৎ ; অব্রূত। লৃট্—বক্ষ্যতি ; বক্ষ্যতে। লৃঙ্—অবক্ষ্যৎ ; অবক্ষ্যত। লুট্—বক্তা। আশীর্লিঙ্—উচ্যাৎ ; বক্ষীষ্ট।

লিট্—উবাচ, ঊচতুঃ, ঊচুঃ। উবচিথ উবক্থ, ঊচথুঃ, ঊচ। উবাচ উবচ, ঊচিব, ঊচিম। আত্মনেপদে—ঊচে, ঊচাতে, ঊচিরে। ঊচিষে, ঊচাথে, ঊচিধ্বে। ঊচে, ঊচিবহে, ঊচিমহে।

লুঙ্—অবোচৎ, অবোচতাম্, অবোচন্। অবোচঃ, অবোচতম্, অবোচত। অবোচম্, অবোচাব, অবোচাম। আত্মনেপদে—অবোচত, অবোচেতাম্, অবোচন্ত। অবোচথাঃ, অবোচেথাম্, অবোচধ্বম্। অবোচি, অবোচাবহি, অবোচামহি।

কর্মবাচ্যে—উচ্যতে, লুঙ্—অবাচি। **ণিচ্**—বাচয়তি। **সন্**—বিবক্ষতি, বিবক্ষতে। **যঙ্**—বাবচ্যতে। তুমুন্—বক্তুম্। ক্ত্বা—উক্ত্বা। ল্যপ্—প্রোচ্য ইত্যাদি। ক্ত—উক্ত। শতৃ—ব্রুবৎ। **শানচ—ব্রুবাণ**।

ভী—ভীত হওয়া। হ্বাদি পরস্মৈপদী। লট্—বিভেতি। লোট্—বিভেতু। লঙ্—অবিভেৎ। বিধিলিঙ্—বিভীয়াৎ। **লৃট্**—ভেষ্যতি। লৃঙ্—অভেষ্যৎ। লুট্—ভেতা। আশীর্লিঙ্—ভীয়াৎ।

লিট্—বিভায়, বিভ্যতুঃ, বিভ্যুঃ। বিভয়িথ বিভেথ, বিভ্যথুঃ, বিভ্য। বিভায়, বিভ্যিব, বিভ্যিম। পক্ষে—বিভয়ামাস ইত্যাদি, বিভয়াম্বভূব ইত্যাদি, বিভয়াঞ্চকার ইত্যাদি।

লুঙ্—অভৈষীৎ, অভৈষ্টাম্, অভৈষুঃ। অভৈষীঃ, অভৈষ্টম্, অভৈষ্ট। অভৈষম্, অভৈষ্ব, অভৈষ্ম।

ভাববাচ্যে—ভীয়তে, লুঙ্—অভায়ি। **ণিচ্**—ভীষয়তে, ভাপয়তে, ভায়য়তি। **সন্**—বিভীষতি। তুমুন্—ভেতুম্। ক্ত্বা—ভীত্বা। ল্যপ্—বিভীয়। ক্ত—ভীত। শতৃ—বিভ্যৎ। (**স্ত্রীলিঙ্গে বিভ্যতী**—ন্ হয় না)।

ভুজ্—পরস্মৈপদে রক্ষা করা। আত্মনেপদে খাওয়া বা ভোগ করা। রুধাদি। লট্—ভুনক্তি; ভুঙ্‌ক্তে। লঙ্—অভুনক্; অভুঙ্‌ক্ত। **লৃট্**—ভোক্ষ্যতি, ভোক্ষ্যতে। লৃঙ্—অভোক্ষ্যৎ, অভোক্ষ্যত। লুট্—ভোক্তা। আশীর্লিঙ্—ভুজ্যাৎ, ভুক্ষীষ্ট।

লিট্—বুভোজ, বুভুজতুঃ, বুভুজুঃ। বুভোজিথ, বুভুজথুঃ, বুভুজ। বুভোজ,

বুভুজিব, বুভুজিম। আত্মনেপদে—বুভুজে, বুভুজাতে, বুভুজিরে। বুভুজিষে, বুভুজাথে, বুভুজিধ্বে। বুভুজে, বুভুজিবহে, বুভুজিমহে।

লুঙ্—অভৌক্ষীৎ, অভৌক্তাম্, অভৌক্ষুঃ। অভৌক্ষীঃ, অভৌক্তম্, অভৌক্ত। অভৌক্ষম্, অভৌক্ষ, অভৌক্ষ্ম। আত্মনেপদে—অভুক্ত, অভুক্ষাতাম্, অভুক্ষত। অভুক্থাঃ, অভুক্ষাথাম্, অভুগ্ধ্বম্। অভুক্ষি, অভুক্ষহি, অভুক্ষ্মহি।

কর্মবাচ্যে—ভুজ্যতে, লুঙ্—অভোজি। **ণিচ্**—ভোজয়তি। **সন্**—বুভুক্ষতি, বুভুক্ষতে। **যঙ্**—বোভুজ্যতে। তুমুন্—ভোক্তুম্। ক্ত্বা—ভুক্ত্বা। ল্যপ্—উপভুজ্য ইত্যাদি। ক্ত—ভুক্ত। শতৃ—ভুঞ্জৎ। শানচ্—ভুঞ্জান।

ভূ—হাওয়া, থাকা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—ভবতি। লৃট্—ভবিষ্যতি। লৃঙ্—অভবিষ্যৎ। লুট্—ভবিতা। আশীর্লিঙ্—ভূয়াৎ।

লিট্—বভূব, বভূবতুঃ, বভূবুঃ। বভূবিথ, বভূবথুঃ, বভূব। বভূব, বভূবিব, বভূবিম।

লুঙ্—অভূৎ, অভূতাম্, অভূবন্। অভূঃ, অভূতম্, অভূত। অভূবম্, অভূব, অভূম।

কর্মবাচ্যে—ভূয়তে, লুঙ্—অভাবি। **ণিচ্**—ভাবয়তি। **সন্**—বুভূষতি। **যঙ্**—বোভূয়তে। তুমুন্—ভবিতুম্। ক্ত্বা—ভূত্বা। ল্যপ্—পরিভূয় ইত্যাদি। **ক্ত**—ভূত। শতৃ—ভবৎ।

ভৃ—বহন বা পোষণ করা। হ্বাদি উভয়পদী। লট্—বিভর্তি; বিভৃতে। **লট্**—ভরিষ্যতি, ভরিষ্যতে। লঙ্—অভরিষ্যৎ; অভরিষ্যত। **লুট্**—ভর্তা। আশীর্লিঙ্—ভ্রিয়াৎ; ভৃষীষ্ট।

লিট্—বভার, বভ্রতুঃ, বভ্রুঃ ইত্যাদি। বিভরাঞ্চকার, বিভরাঞ্চক্রতুঃ ইত্যাদি। বিভরামাস, বিভরামাসতুঃ ইত্যাদি। বিভরাম্বভূব, বিভরাম্বভূবতুঃ ইত্যাদি। আত্মনেপদ—বভ্রে, বভ্রাতে, বভ্রিরে ইত্যাদি। বিভরাঞ্চক্রে, বিভরাঞ্চক্রাতে ইত্যাদি। বিভরামাস ইত্যাদি। বিভরাম্বভূব ইত্যাদি।

লুঙ্—অভার্ষীৎ, অভার্ষ্টাম্, অভার্ষুঃ ইত্যাদি। আত্মনেপদে—অভৃত, অভৃষাতাম্, অভৃষত ইত্যাদি (like কৃ)।

কর্মবাচ্যে—ভ্রিয়তে, লুঙ্—অভারি। ণিচ্—ভারয়তি। সন্—বিভরিষতি, বিভরিষতে, অথবা বুভূর্ষতি, বুভূর্ষতে। তুমুন্—ভর্তুম্। ক্তা—ভৃত্বা। ক্ত—ভৃত। শতৃ—বিভ্রৎ। শানচ্—বিভ্রাণ।

ভ্রম্—ভ্রমণ করা। ভ্বাদি পরস্মৈপদী এবং দিবাদি পরস্মৈপদী। লট্, লোট্ লঙ্ ও বিধিলিঙে রূপ পৃথক্, অন্যত্র সমান। লট্—ভ্রমতি; ভ্রাম্যতি। লৃট্—ভ্রমিষ্যতি। লৃঙ্—অভ্রমিষ্যৎ। লুট্—ভ্রমিতা। আশীর্লিঙ্—ভ্রম্যাৎ।

লিট্—বভ্রাম, বভ্রমতুঃ ভ্রেমতুঃ, বভ্রমুঃ ভ্রেমুঃ। বভ্রমিথ ভ্রেমিথ, বভ্রমথুঃ ভ্রেমথুঃ, বভ্রম ভ্রেম। বভ্রাম বভ্রম, বভ্রমিব ভ্রেমিব, বভ্রমিম ভ্রেমিম।

লুঙ্—অভ্রমীৎ, অভ্রমিষ্টাম্, অভ্রমিষুঃ। অভ্রমীঃ, অভ্রমিষ্টম্, অভ্রমিষ্ট। অভ্রমিষম্, অভ্রমিষ্ব, অভ্রমিষ্ম।

ভাববাচ্যে—ভ্রম্যতে, লুঙ্—অভ্রামি। ণিচ্—ভ্রময়তি। সন্—বিভ্রমিষতি। যঙ্—বম্ভ্রম্যতে। তুমুন্—ভ্রমিতুম্। ক্তা—ভ্রমিত্বা, ভ্রান্ত্বা। ল্যপ্—পরিভ্রম্য ইত্যাদি। ক্ত—ভ্রান্ত। শতৃ—ভ্রমৎ, ভ্রাম্যৎ।

মৃ—মরিয়া যাওয়া। তুদাদি পরস্মৈপদী কিন্তু ইহা লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, আশীর্লিঙ্ ও লুঙে আত্মনেপদী। লট্—ম্রিয়তে। লঙ্—অম্রিয়ত। লৃট্—মরিষ্যতি। লৃঙ্—অমরিষ্যৎ। লুট্—মর্তা। আশীর্লিঙ্—মৃষীষ্ট।

লিট্—মমার, মম্রতুঃ, মম্রুঃ। মমর্থ, মম্রথুঃ, মম্র। মমার, মম্রিব, মম্রিম।

লুঙ্—অমৃত, অমৃষাতাম্, অমৃষত। অমৃথাঃ, অমৃষাথাম্, অমৃঢ্বম্। অমৃষি, অমৃষ্বহি, অমৃষ্মহি।

ভাববাচ্যে—ম্রিয়তে, লুঙ্—অমারি। ণিচ্—মারয়তি। সন্—মুমূর্ষতি। যঙ্—মেম্রিয়তে। তুমুন্—মর্তুম্। ক্তা—মৃত্বা। ক্ত—মৃত। শানচ্—ম্রিয়মাণ।

যজ্—যজ্ঞ করা। ভ্বাদি উভয়পদী। লট্—যজতি, যজতে। লৃট্—যক্ষ্যতি, যক্ষ্যতে। লঙ্—অযক্ষ্যৎ, অযক্ষ্যত। লুট্—যষ্টা। আশীর্লিঙ্—ইজ্যাৎ,

লিট্—ইয়াজ, ঈজতুঃ, ঈজুঃ। ইয়জিথ ইয়ষ্ঠ, ঈজথুঃ, ঈজ। ইয়াজ,

ঈজিব, ঈজিম। আত্মনেপদে—ঈজে, ঈজাতে, ঈজিরে। ঈজিষে, ঈজাথে, ঈজিধ্বে। ঈজে, ঈজিবহে, ঈজিমহে।

লুঙ্—অযাক্ষীৎ, অযাষ্টাম্, অযাক্ষুঃ। অযাক্ষীঃ, অযাষ্টম্, অযাষ্ট। অযাক্ষম্, অযাক্ষ্ব, অযাক্ষ্ম। আত্মনেপদে—অযষ্ট, অযক্ষাতাম্, অযক্ষত। অযষ্ঠাঃ, অযক্ষাথাম্, অযগ্ধ্বম্। অযক্ষি, অযক্ষ্বহি, অযক্ষ্মহি।

কর্মবাচ্যে—ইজ্যতে, লুঙ্—অযাজি। **ণিচ্**—যাজয়তি। **সন্**—যিযক্ষতি, যিযক্ষতে। **যঙ্**—যাযজ্যতে। তুমুন্—যষ্টুম্। ক্ত্বা—ইষ্ট্বা। ক্ত—ইষ্ট। শতৃ—যজৎ। শানচ্—যজমান।

যম্—সংযত করা, যাওয়া। ভ্বাদি পরস্মৈপদী। লট্—যচ্ছতি। **লৃট্**—যংস্যতি। লৃঙ্—অযংস্যৎ। লুট্—যন্তা। আশীর্লিঙ্—যম্যাৎ।

লিট্—যযাম, যেমতুঃ, যেমুঃ। যেমিথ যযন্থ, যেমথুঃ, যেম। যযাম, যেমিব, যেমিম।

লুঙ্—অযংসীৎ, অযংসিষ্টাম্, অযংসিষুঃ। অযংসীঃ, অযংসিষ্টম্, অযংসিষ্ট। অযংসিষম্, অযংসিষ্ব, অযংসিষ্ম।

কর্মবাচ্যে—যম্যতে, লুঙ্—অযামি। তুমুন্—যন্তুম্। ক্ত্বা—যত্বা। ল্যপ্—সংযত্য ইত্যাদি। **ণিচ্**—যময়তি। **সন্**—যিযংসতি। **যঙ্**—যংযম্যতে। ক্ত—যত। শতৃ—যচ্ছৎ।

যা—যাওয়া। অদাদি পরস্মৈপদী। লট্—যাতি। লৃট্—যাস্যতি। লৃঙ্—অযাস্যৎ। লুট্—যাতা। আশীর্লিঙ্—যায়াৎ।

লিট্—যযৌ, যযতুঃ, যযুঃ। যযিথ যযাথ, যযথুঃ, যয। যযৌ, যযিব, যযিম।

লুঙ্—অযাসীৎ, অযাসিষ্টাম্, অযাসিষুঃ। অযাসীঃ, অযাসিষ্টম্, অযাসিষ্ট। অজাসিষম্, অযাসিষ্ব, অযাসিষ্ম।

কর্মবাচ্যে—যায়তে, লুঙ্—অযায়ি। **ণিচ্**—যাপয়তি। **সন্**—যিযাসতি। **যঙ্**—যাযায়তে। তুমুন্—যাতুম্। ক্ত্বা—যাত্বা। ল্যপ্—নির্যায় ইত্যাদি। ক্ত—যাত। শতৃ—যাৎ।

যাচ্—প্রার্থনা করা। ভ্বাদি উভয়পদী। লট্—যাচতি, যাচতে। **লৃট্**—

যাচিষ্যতি, যাচিষ্যতে। লৃঙ্—অযাচিষ্যৎ, অযাচিষ্যত। লুট্—যাচিতা। আশীর্লিঙ্—যাচ্যাৎ, যাচিষীষ্ট।

লিট্—যযাচ, যযাচতুঃ, যযাচুঃ। যযাচিথ, যযাচথুঃ, যযাচ। যযাচ, যযাচিব, যযাচিম। আত্মনেপদে—যযাচে, যযাচাতে, যযাচিরে। যযাচিষে, যযাচাথে, যযাচিধ্বে-ঢ্বে। যযাচে, যযাচিবহে, যযাচিমহে।

লুঙ্—অযাচীৎ, অযাচিষ্টাম্, অযাচিষুঃ ইত্যাদি। আত্মনেপদে—অযাচিষ্ট, অযাচিষাতাম্, অযাচিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—যাচ্যতে, লুঙ্—অযাচি। **ণিচ্**—যাচয়তি। **সন্**—যযাচিষতি, যিযাচিষতে। **যঙ্**—যাযাচ্যতে। তুমুন্—যাচিতুম্। ক্তা—যাচিত্বা। ক্ত—যাচিত। ল্যপ্—নিযাচ্য ইত্যাদি। শতৃ—যাচৎ। শানচ্—যাচমান।

রক্ষ্—রক্ষা করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—রক্ষতি। **লৃট্**—রক্ষিষ্যতি। লৃঙ্—অরক্ষিষ্যৎ। লুট্—রক্ষিতা। আশীর্লিঙ্—রক্ষ্যাৎ।

লিট্—ররক্ষ, ররক্ষতুঃ, ররক্ষুঃ। ররক্ষিথ, ররক্ষথুঃ, ররক্ষ। ররক্ষ, ররক্ষিব, ররক্ষিম।

লুঙ্—অরক্ষীৎ, অরক্ষিষ্টাম্, অরক্ষিষুঃ। অরক্ষীঃ, অরক্ষিষ্টম্, অরক্ষিষ্ট। অরক্ষিষম্, অরক্ষিষ্ব, অরক্ষিষ্ম।

কর্মবাচ্যে—রক্ষ্যতে, লুঙ্—অরক্ষি। **ণিচ্**—রক্ষয়তি। **সন্**—রিরক্ষিষতি। যঙ্—রারক্ষ্যতে। তুমুন্—রক্ষিতুম্। ক্তা—রক্ষিত্বা। ল্যপ্—সংরক্ষ্য ইত্যাদি। ক্ত—রক্ষিত। শতৃ—রক্ষৎ।

রম্—আনন্দ করা। ভ্বাদি আত্মনেপদী। লট্—রমতে। **লৃট্**—রংস্যতে। লৃঙ্—অরংস্যত। লুট্—রন্তা। আশীর্লিঙ্—রংসীষ্ট।

লিট্—রেমে, রেমাতে, রেমিরে। রেমিষে, রেমাথে, রেমিধ্বে। রেমে, রেমিবহে, রেমিমহে।

লুঙ্—অরংস্ত, অরংসাতাম্, অরংসত। অরংস্থাঃ, অরংসাথাম্, অরংধ্বম্। অরংসি, অরংস্বহি, অরংস্মহি।

কর্মবাচ্যে—রম্যতে, লুঙ্—অরামি। ণিচ্—রময়তি। সন্—রিরংসতে যঙ্—রংরম্যতে। তুমুন্—রন্তুম্। ক্ত্বা—রত্বা, রমিত্বা। ল্যপ্—বিরম্য ইত্যাদি। ক্ত—রত। শানচ্—রমমাণ।

রুচ্—দীপ্তি পাওয়া, পছন্দ হওয়া। ভ্বাদি আত্মনেপদী। লট্—রোচতে। লৃট্—রোচিষ্যতে। লঙ্—অরোচিষ্যত। লুট্—রোচিতা। আশীর্লিঙ্—রোচিষীষ্ট।

লিট্—রুরুচে, রুরুচাতে, রুরুচিরে। রুরুচিষে, রুরুচাথে, রুরুচিধ্বে। রুরুচে, রুরুচিবহে, রুরুচিমহে।

লুঙ্—অরোচিষ্ট, অরোচিষাতাম্, অরোচিষত। অরোচিষ্ঠাঃ, অরোচিষাথাম্, অরোচিঢ্বম্। অরোচিষি, অরোচিষ্বহি, অরোচিষ্মহি।

কর্মবাচ্যে—রুচ্যতে, লুঙ্—অরোচি। ণিচ্—রোচয়তি। সন্—রুরুচিষতে, রুরোচিষতে। তুমুন্—রোচিতুম্। ক্ত্বা—রোচিত্বা, রুচিত্বা। ক্ত—রুচিত। শানচ্—রোচমান।

রুদ্—ক্রন্দন করা। অদাদি পরস্মৈপদী। লট্—রোদিতি। লৃট্—রোদিষ্যতি। লৃঙ্—অরোদিষ্যৎ। লুট্—রোদিতা। আশীর্লিঙ্—রুদ্যাৎ।

লিট্—রুরোদ, রুরুদতুঃ, রুরুদুঃ। রুরোদিথ, রুরুদথুঃ, রুরুদ। রুরোদ, রুরুদিব, রুরুদিম।

লুঙ্—অরোদীৎ, অরোদিতাম্, অরোদিষুঃ ইত্যাদি। পক্ষে অরুদৎ, অরুদতাম্, অরুদন্ ইত্যাদি।

কর্মবাচ্যে—রুদ্যতে, লুঙ্—অরোদি। ণিচ্—রোদয়তি। সন্—রুরুদিষতি। যঙ্—রোরুদ্যতে। তুমুন্—রোদিতুম্। ক্ত্বা—রুদিত্বা। ল্যপ্—সংরুদ্য ইত্যাদি। ক্ত—রুদিত। শতৃ—রুদৎ।

রুধ্—রোধ করা। রুধাদি, উভয়পদী। লট্—রুণদ্ধি, রুন্ধঃ, রুন্ধন্তি ইত্যাদি; রুন্ধে রুন্ধাতে, রুন্ধতে ইত্যাদি। লোট্—রুণদ্ধ, রুন্ধাম্, রুন্ধন্তু ইত্যাদি; রুন্ধাম্, রুন্ধাতাম্, রুন্ধতাম্ ইত্যাদি। লঙ্—অরুণৎ, অরুন্ধাম্, অরুন্ধন্ ইত্যাদি; অরুন্ধ, অরুন্ধাতাম্, অরুন্ধত ইত্যাদি। বিধিলিঙ্—রুন্ধ্যাৎ;

রুন্ধীত। লৃট্—রোৎস্যতি অরোৎস্যত। লৃঙ্—আরোৎস্যৎ, অরোৎস্যত। লুট্—রোদ্ধা। আশীর্লিঙ্—রুধ্যাৎ ; রুৎসীষ্ট।

লিট্—রুরোধ, রুরুধতুঃ, রুরুধুঃ। রুরোধিথ, রুরুধথুঃ, রুরুধ। রুরোধ, রুরুধিব, রুরুধিম। আত্মনেপদে—রুরুধে, রুরুধাতে, রুরুধিরে। রুরুধিষে, রুরুধাথে, রুরুধিঢ্বে—ধ্বে। রুরুধে, রুরুধিবহে, রুরুধিমহে।

লুঙ্—অরুধৎ অরৌৎসীৎ, অরৌদ্ধাম্, অরৌৎসুঃ ইত্যাদি। অরুদ্ধ, অরুৎসাতাম্, অরুৎসত ইত্যাদি।

কর্মবাচ্যে—রুধ্যতে, লুঙ্—অরোধি। **ণিচ্**—রোধয়তি। **সন্**—রুরুৎসতি, রুরুৎসতে। **যঙ্**—রোরুধ্যতে। তুমুন্—রোদ্ধুম্। **ক্ত্বা**—রুদ্ধা। ল্যপ্—সংরুধ্য ইত্যাদি। শতৃ—রুন্ধৎ। শানচ্—রুন্ধান।

রুহ্—উৎপন্ন হওয়া, আরোহণ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—রোহতি। **লৃট্**—রোক্ষ্যতি। লৃঙ্—অরোক্ষ্যৎ। লুট্—রোঢ়া। আশীর্লিঙ্—রুহ্যাৎ। **লিট্**—রুরোহ, রুরুহতুঃ, রুরুহুঃ। রুরোহিথ, রুরুহথুঃ, রুরুহ। রুরোহ, রুরুহিব রুরুহিম।

লুঙ্—অরুক্ষৎ, অরুক্ষতাম্, অরুক্ষন্। অরুক্ষঃ, অরুক্ষতম্, অরুক্ষত। অরুক্ষম্. অরুক্ষাব, অরুক্ষাম।

কর্মবাচ্যে—রুহ্যতে, লুঙ্—আরোহি। **ণিচ্**—রোহয়তি, রোপয়তি। **সন্**—রুরুক্ষতি। **যঙ্**—রোরুহ্যতে। তুমুন্—রোঢ়ুম্। **ক্ত্বা**—রূঢ়্বা। ল্যপ—আরুহ্য ইত্যাদি। **ক্ত**—রূঢ়। শতৃ—রোহৎ।

লভ্—লাভ করা। ভ্বাদি আত্মনেপদী। লট্—লভতে। **লৃট্**—লপ্স্যতে। লৃঙ্—অলপ্স্যত। লুট্—লব্ধা। আশীর্লিঙ্—লপ্সীষ্ট।

লিট্—লেভে, লেভাতে, লেভিরে। লেভিষে, লেভাথে, লেভিধ্বে। লেভে, লেভিবহে, লেভিমহে।

লুঙ্—অলব্ধ, অলপ্সাতাম, অলপ্সত। অলব্ধাঃ, অলপ্সাথাম্, অলব্ধ্বম্। অলপ্সি, অলপ্স্বহি, অলপ্স্মহি।

কর্মবাচ্যে—লভ্যতে, লুঙ্—অলাভি, অলম্ভি। **ণিচ্**—লম্ভয়তি। **সন্**

—লিপ্সতে। যঙ্—লালভ্যতে। তুমুন্—লব্ধুম্। ক্ত্বা—লব্ধ্বা। ল্যপ্—আলভ্য ইত্যাদি। ক্ত—লব্ধ। শানচ্—লভমান।

বদ্—বলা। ভ্বাদি পরস্মৈপদী। **লট্**—বদতি। **লৃট্**—বদিষ্যতি। লঙ্—অবদিষ্যৎ। লুট্—বদিতা। আশীর্লিঙ্—উদ্যাৎ।

লিট্—উবাদ, উদতুঃ, উদুঃ। উবদিথ, উদথুঃ, উদ। উবাদ উবদ, উদিব, উদিম।

লুঙ্—অবাদীৎ, অবাদিষ্টাম্, অবাদিষুঃ। অবাদীঃ, অবাদিষ্টম্, অবাদিষ্ট। অবাদিষম্, অবাদিষ্ব, অবাদিষ্ম।

কর্মবাচ্যে—উদ্যতে, লুঙ্—অবাদি। **ণিচ্**—বাদয়তি। **সন্**—বিবদিষতি। যঙ্—বাবদ্যতে। তুমুন্—বদিতুম্। ক্ত্বা—উদিত্বা। ল্যপ্—সমুদ্য ইত্যাদি। **ক্ত**—উদিত। **শতৃ**—বদৎ।

বপ্—বপন করা, মুণ্ডন করা। ভ্বাদি উভয়পদী। লট্—বপতি; বপতে। **লৃট্**—বপ্স্যতি; বপ্স্যতে। লৃঙ্—অবপ্স্যৎ, অবপ্স্যত। লুট্—বপ্তা। আশীর্লিঙ্—উপ্যাৎ, বপ্সীষ্ট।

লিট্—উবাপ, উপতুঃ, উপুঃ। উবপিথ, উবপ্থ উপথুঃ, উপ। উবাপ উবপ, উপিব, উপিম। আত্মনেপদে—উপে, উপাতে, উপিরে। উপিষে, উপাথে, উপিধ্বে। উপে, উপিবহে, উপিমহে।

লুঙ্—অবাপ্সীৎ, অবাপ্তাম্, অবাপ্সুঃ। অবাপ্সীঃ, অবাপ্তম্, অবাপ্ত। অবাপ্সম্, অবাপ্স্ব, অবাপ্স্ম। আত্মনেপদে—অবপ্ত, অবপ্সাতাম্, অবপ্সত ইত্যাদি।

কর্মবাচ্যে—উপ্যতে, লুঙ্—অবাপি। **ণিচ্**—বাপয়তি। **সন্**—বিবপ্সতি, বিবপ্সতে। যঙ্—বাবপ্যতে। তুমুন্—বপ্তুম্। ক্ত্বা—উপ্ত্বা। ল্যপ্—সমুপ্য ইত্যাদি। ক্ত—উপ্ত। শতৃ—বপৎ। শানচ্—বপমান।

বস্—বাস করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—বসতি। **লৃট্**—বৎস্যতি। লৃঙ্—অবৎস্যৎ। লুট্—বস্তা। আশীর্লিঙ্—উষ্যাৎ।

লিট্—উবাস, উষতুঃ, উষুঃ। উবসিথ উবস্থ, উষথুঃ, উষ। উবাস উবস, উষিব, উষিম।

লুঙ্—অবাৎসীৎ, অবাত্তাম্, অবাৎসুঃ। অবাৎসীঃ, অবাত্তম্, অবাত্ত। অবাৎসম, অবাৎস্ব, অবাৎস্ম।

কর্মবাচ্যে—উষ্যতে, লুঙ্—অবাসি। **ণিচ**—বাসয়তি। **সন্**—বিবৎসতি। যঙ্—বাবস্যতে। তুমুন্—বস্তুম্। ক্তা—উষিত্বা। ল্যপ্—প্রোষ্য ইত্যাদি। ক্ত—উষিত। শতৃ—বসৎ।

বহ্—বহন করা। ভ্বাদি উভয়পদী। লট্—বহতি; বহতে। লৃট্—বক্ষ্যতি; বক্ষ্যতে। লৃঙ্—অবক্ষ্যৎ; অবক্ষ্যত। লুট্—বোঢ়া। আশীর্লিঙ্—উহ্যাৎ; বক্ষীষ্ট।

লিট্—উবাহ, উহতুঃ, উহুঃ। উবহিথ উবোঢ়, উহথুঃ, উহ। উবাহ উবহ, উহিব, উহিম। আত্মনেপদে—উহে, উহাতে, উহিরে। উহিষে, উহাথে ইত্যাদি।

লুঙ্—অবাক্ষীৎ, অবোঢ়াম্, অবাক্ষুঃ। অবোঢ়, অবক্ষাতাম্, অবক্ষত। অবক্ষম, অবক্ষ, অবক্ষ্ম। আত্মনেপদে—অবোঢ়, অবক্ষাতাম্, অবক্ষত ইত্যাদি।

কর্মবাচ্যে—উহ্যতে, লুঙ্—অবাহি। **ণিচ্**—বাহয়তি। **সন্**—বিবক্ষতি; বিবক্ষতে। যঙ্—বাবহ্যতে। তুমুন্—বোঢ়ুম্। ক্তা—উঢ়্বা। ল্যপ্—সমুহ্য ইত্যাদি। ক্ত—উঢ়। শতৃ—বহৎ। শানচ্—বহমান।

বিদ্—(i) জানা। অদাদি পরস্মৈপদী। লট্—বেত্তি, বিত্তঃ, বিদন্তি। বেৎসি, বিত্থঃ, বিত্থ। বেদ্মি, বিদ্বঃ; বিদ্মঃ। পক্ষে—বেদ, বিদতুঃ, বিদুঃ। বেত্থ, বিদথুঃ, বিদ। বেদ, বিদ্ব, বিদ্ম। লোট্—বেত্তু ইত্যাদি। পক্ষে বিদাঙ্করোতু ইত্যাদি। লঙ্—অবেৎ। বিধিলিঙ্—বিদ্যাৎ। **লৃট্**—বেদিষ্যতি। লৃঙ্—অবেদিষ্যৎ। লুট্—বেত্তা। আশীর্লিঙ্—বিদ্যাৎ। **লিট্**—বিবেদ, বিবিদতুঃ, বিবিদুঃ। বিবেদিথ, বিবিদথুঃ, বিবিদ। বিবেদ, বিবিদিব, বিবিদিম। পক্ষে বিদাঞ্চকার ইত্যাদি, বিদামাস ইত্যাদি এবং বিদাম্বভূব ইত্যাদি।

লুঙ্—অবেদীৎ, অবেদিষ্টাম্, অবেদিষুঃ। অবেদীঃ, অবেদিষ্টম্, অবেদিষ্ট। অবেদিষম্, অবেদিষ্ব, অবেদিষ্ম।

কর্মবাচ্যে—বিদ্যতে, লুঙ্—অবেদি। ণিচ্—বেদয়তি। সন্—বিবিদিষতি। যঙ্—বেবিদ্যতে। তুমুন্—বেদিতুম্। ক্ত্বা—বিদিত্বা। ল্যপ্—প্রবিদ্য। ক্ত—বিদিত। শতৃ—বিদৎ, বিদ্বস্।

(ii) থাকা। দিবাদি আত্মনেপদী। লট্—বিদ্যতে। লৃট্—বেৎস্যতে। লৃঙ্—অবেৎস্যতে। লুট্—বেত্তা। আশীর্লিঙ্—বিৎসীষ্ট।

লিট্—বিবিদে, বিবিদাতে, বিবিদিরে। বিবিদিষে, বিবিদাথে, বিবিদিধ্বে বিবিদে, বিবিদিবহে, বিবিদিমহে।

লুঙ্—অবিত্ত, অবিৎসাতাম্, অবিৎসত ইত্যাদি। সন্—বিবিৎসতে। ক্ত বিন্ন, তুমুন্—বেত্তুম্। ক্ত্বা—বিত্ত্বা। শানচ্—বিদ্যমান।

(iii) লাভ করা। তুদাদি উভয়পদী। লট্—বিন্দতি; বিন্দতে। লৃট্—বেদিষ্যতি, বেদিষ্যতে; বেৎস্যতি, বেৎস্যতে। লৃঙ্- অবেদিষ্যৎ, অবেৎস্যৎ; অবেদিষ্যত, অবেৎস্যত। লুট্—বেদিতা, বেত্তা। আশীর্লিঙ্—বিদ্যাৎ; বিৎসীষ্ট, বেদিষীষ্ট।

লিট্—বিবেদ, বিবিদতুঃ ইত্যাদি। বিবিদে, বিবিদাতে, বিবিদিরে ইত্যাদি। লুঙ্—অবিদৎ, অবিদতাম্, অবিদন্ ইত্যাদি। আত্মনেপদে—অবিত্ত, অবিৎসাতাম্, অবিৎসত ইত্যাদি, অথবা অবেদিষ্ট, অবেদিষাতাম্, অবেদিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—বিদ্যতে। তুমুন্—বেদিতুম্, বেত্তুম্। ক্ত্বা—বিদিত্বা, বিত্ত্বা ক্ত—বিন্ন, বিত্ত (ধনপ্রতীতয়োঃ)। শতৃ—বিন্দৎ। শানচ্—বিন্দমান

(iv) বিচার করা, স্থির করা। রুধাদি আত্মনেপদী। লট্—বিন্তে বিন্দাতে, বিন্দতে।

লৃট্—বেৎস্যতে। লৃঙ্—অবেৎস্যত। লুট্—বেত্তা। আশীর্লিঙ্—বিৎসীষ্ট

লিট্—বিবেদে, বিবিদাতে ইত্যাদি।

লুঙ্—অবিত্ত, অবিৎসাতাম্, অবিৎসত ইত্যাদি।

কর্মবাচ্যে—বিদ্যতে। তুমুন্—বেত্তুম্। ক্ত্বা—বিত্ত্বা। ক্ত—বিন্ন, বিত্ত শানচ্—বিন্দান।

বিশ্—প্রবেশ করা। তুদাদি পরস্মৈপদী। লট্—বিশতি। **লৃট্**—বেক্ষ্যতি। লৃঙ্—অবেক্ষ্যৎ। লুট্—বেষ্টা। আশীর্লিঙ্—বিশ্যাৎ।

লিট্—বিবেশ, বিবিশতুঃ, বিবশুঃ। বিবেশিথ, বিবিশথুঃ, বিবিশ। বিবেশ, বিবিশিব, বিবিশিম।

লুঙ্—অবিক্ষৎ, অবিক্ষতাম্, অবিক্ষন্। অবিক্ষঃ, অবিক্ষতম্, অবিক্ষত। অবিক্ষম্, অবিক্ষাব, অবিক্ষাম।

কর্মবাচ্যে—বিশ্যতে, লুঙ—অবেশি। **ণিচ্**—বেশয়তি। **সন্**—বিবিক্ষতি। যঙ্—বেবিশ্যতে। তুমুন্—বেষ্টুম্। ক্ত্বা—বিষ্ট্বা। ল্যপ্—প্রবিশ্য ইত্যাদি। ক্ত—বিষ্ট। শতৃ—বিশৎ।

বৃ—বরণ করা। স্বাদি উভয়পদী। লট্—বৃণোতি ; বৃণুতে। ক্র্যাদি উভয়পদী—বৃণোতি ; বৃণীতে। ইহাদের অসার্বধাতুকে রূপ এক প্রকার। **লৃট্**—বরিষ্যতি ; বরিষ্যতে। অথবা বরীষ্যতি ; বরীষ্যতে। লৃঙ্—অবরিষ্যৎ বা অবরীষ্যৎ ; অবরীষ্যত বা অবরিষ্যত। লুট্—বরিতা বা বরীতা। আশীর্লিঙ্—ব্রিয়াৎ ; বরিষীষ্ট, বৃষীষ্ট।

লিট্—ববার, বব্রতুঃ, বব্রুঃ। ববরিথ, বব্রথুঃ, বব্র। ববার, ববৃব, ববৃম। আত্মনেপদে—বব্রে, বব্রাতে, বব্রিরে। ববৃষে, বব্রাথে, ববৃধ্বে। বব্রে, ববৃবহে, ববৃমহে।

লুঙ্—অবারীৎ, অবারিষ্টাম্ অবারিষুঃ। অবারীঃ, অবারিষ্টম্, অবারিষ্ট। অবারিষম্, অবারিষ্ব, অবারিষ্ম। আত্মনেপদে—অবৃত অবরিষ্ট অবরীষ্ট, অবরিষাতাম্ অবরীষাতাম্, অবরিষত অবরীষত ইত্যাদি। কর্মবাচ্যে—ব্রিয়তে, লুঙ্—অবারি। **ণিচ্**—বারয়তি। **সন্**—বিবরিষতি বা বিবরীষতি ; বিবরিষতে বা বিবরীষতে ; পক্ষে বুবূর্ষতি বা বুবূর্ষতে। তুমুন্—বরিতুম্ বা বরীতুম্। ক্ত্বা—বৃত্বা। ল্যপ্—আবৃত্য ইত্যাদি। ক্ত—বৃত। শতৃ—বৃণ্বৎ বা বৃণৎ। শানচ্—বৃণ্বান বা বৃণান।

বৃত্—বর্তমান থাকা। ভ্বাদি আত্মনেপদী। লট্—বর্ততে। **লৃট্**—বর্ৎস্যতি বা

বর্তিষ্যতে। লৃঙ্—অবর্ৎস্যৎ বা অবর্তিষ্যত। লুট্—বর্তিতা। আশীর্লিঙ্—বর্তিষীষ্ট।

লিট্—ববৃতে, ববৃতাতে, ববৃতিরে। ববৃতিষে, ববৃতাথে, ববৃতিধ্বে। ববৃতে, ববৃতিবহে, ববৃতিমহে।

লুঙ্—অবৃতৎ, অবৃততাম্, অবৃতন্। অবৃতঃ, অবৃততম্, অবৃতত। অবৃতম্, অবৃতাব, অবৃতাম। আত্মনেপদে—অবর্তিষ্ট, অবর্তিষাতাম্, অবর্তিষত। অবর্তিষ্ঠাঃ, অবর্তিষাথাম্, অবর্তিধ্বম্। অবর্তিষি, অবর্তিষ্বহি, অবর্তিষ্মহি। **ভাববাচ্যে**—বৃত্যতে, লুঙ্—অবর্তি; **ণিচ্**—বর্তয়তি। **সন্**—বিবৃৎসতি, বিবর্তিষতে। **যঙ্**—বরীবৃত্যতে। **তুমুন্**—বর্তিতুম্। **ক্ত্বা**—বৃত্বা। **ক্ত**—বৃত্ত। শানচ্—বর্তমান।

বৃধ্—বর্ধিত হওয়া। ভ্বাদি আত্মনেপদী। লট্—বর্ধতে। **লৃট্**—বর্ৎস্যতি, বর্ধিষ্যতে। লৃঙ্—অবর্ৎস্যৎ, অবর্ধিষ্যতে। লুট্—বর্ধিতা। আশীর্লিঙ্—বর্ধিষীষ্ট।

লিট্—ববৃধে, ববৃধাতে, ববৃধিরে। ববৃধিষে, ববৃধাথে, ববৃধিধ্বে। ববৃধে, ববৃধিবহে, ববৃধিমহে।

লুঙ্—অবৃধৎ, অবৃধতাম্, অবৃধন্ ইত্যাদি। আত্মনেপদে—অবর্ধিষ্ট, অবর্ধিষাতাম্, অবর্ধিষত ইত্যাদি। (বৃত্ ধাতুর ন্যায়)।

ভাববাচ্যে—বৃধ্যতে. লুঙ্—অবর্ধি। **ণিচ্**—বর্ধয়তি। **সন্**—বিবৃৎসতি বা বিবর্ধিষত। **যঙ্**—বরীবৃধ্যতে। তুমুন্—বর্ধিতুম্। ক্ত্বা-বৃদ্ধ্বা। **ক্ত**—বৃদ্ধ। শানচ্—বর্ধমান।

বৃষ্—বর্ষণ করা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—বর্ষতি। লৃট্—বর্ষিষ্যতি। লৃঙ্—অবর্ষিষ্যৎ। লুট্—বর্ষিতা। আশীর্লিঙ—বৃষ্যাৎ।

লিট্—ববর্ষ, ববৃষতুঃ, ববৃষুঃ। ববর্ষিথ, ববৃষথুঃ, ববৃষ। ববর্ষ, ববৃষিব, ববৃষিম।

লুঙ্—অবর্ষীৎ, অবর্ষিষ্টাম্, অবর্ষিষুঃ। অবর্ষীঃ, অবর্ষিষ্টম্, অবর্ষিষ্ট। অবর্ষিষম্, অবর্ষিষ্ব, অবর্ষিষ্ম।

কর্মবাচ্যে—বৃষ্যতে, **লুঙ্**—অবর্ষি। **ণিচ্**—বর্ষয়তি। **সন্**—বিবর্ষিষতি।

যঙ্‌লুক্—বরীবৃষ্যতে। তুমুন্—বর্ষিতুম্। ক্ত্বা - বর্ষিত্বা, বৃষ্ট্বা। ক্ত—বৃষ্ট। শতৃ—বর্ষৎ। ল্যপ্—প্রবৃষ্য ইত্যাদি।

শক্—সমর্থ হওয়া। স্বাদি পরস্মৈপদী। লট্—শক্নোতি। **লৃট্**—শক্ষ্যতি। লৃঙ্—অশক্ষ্যৎ। লুট্—শক্তা। আশীর্লিঙ্—শক্যাৎ।

লিট্—শশাক, শেকতুঃ, শেকুঃ। শেকিথ শশক্থ, শেকথুঃ, শেক। শশাক শশক, শেকিব, শেকিম।

লুঙ্—অশকৎ, অশকতাম্, অশকন্। অশকঃ, অশকতম্, অশকত। অশকম্, অশকাব, অশকাম্।

কর্মবাচ্যে—শক্যতে, লুঙ্—অশাকি। **ণিচ্** শাকয়তি। **সন্**—শিক্ষতি। যঙ্‌লুক্—শাশক্যতে। তুমুন্—শক্তুম্। ক্ত্বা—শক্ত্বা। ল্যপ্—পরিশক্য ইত্যাদি। ক্ত—শক্ত। শতৃ—শক্নুবৎ।

শম্—শান্ত হওয়া। দিবাদি পরস্মৈপদী। লট্—শাম্যতি। **লৃট্**—শমিষ্যতি। লৃঙ্—অশমিষ্যৎ। লুট্—শমিতা। আশীর্লিঙ্—শম্যাৎ।

লিট্—শশাম, শেমতুঃ, শেমুঃ। শেমিথ, শেমথুঃ, শেম। শশাম, শশম, শেমিব, শেমিম।

লুঙ্—অশমৎ, অশমতাম্, অশমন্। অশমঃ অশমতম্, অশমত। অশমম্, অশমাব, অশমাম।

কর্মবাচ্যে—শম্যতে, লুঙ্—অশামি বা অশমি। **ণিচ**—শময়তি। **সন্**—শিশমিষতি। যঙ্‌লুক্—শংশম্যতে। **তুমুন্**—শমিতুম্। ক্ত্বা—শমিত্বা, শান্ত্বা। ল্যপ্—নিশম্য ইত্যাদি। ক্ত—শান্ত। শতৃ—শাম্যৎ।

শাস্—শাসন করা, শাস্তি দেওয়া। অদাদি পরস্মৈপদী। লট্ - শাস্তি, শিষ্টঃ, শাসতি ইত্যাদি। **লৃট্**—শাসিষ্যতি। **লৃঙ্**—অশাসিষ্যৎ। লুট্—শাসিতা। আশীর্লিঙ্—শিষ্যাৎ।

লিট্—শশাস, শশাসতুঃ, শশাসুঃ। শশাসিথ, শশাসথুঃ, শশাস। শশাস, শশাসিব, শশাসিম।

লুঙ্—অশিষং, অশিষতাম্, অশিষন্। অশিষঃ, অশিষতম্, অশিষত। অশিষম্, অশিষাব, অশিষাম।
কর্মবাচ্যে—শিষ্যতে, লুঙ্—অশাসি। **ণিচ্**—শাসয়তি। **সন্**—শিশাসিষতি। যঙ্—শেশিষ্যতে। তুমুন্—শাসিতুম্। ক্ত্বা—শাসিত্বা বা শিষ্ট্বা। ল্যপ্—প্রশিষ্য ইত্যাদি। ক্ত—শিষ্ট। শতৃ—শাসৎ। ক্তিন্—শিষ্টি ; শাস্তি উণাদি-প্রত্যয়জাত।

শী—শয়ন করা। অদাদি আত্মনেপদী। **লট্**—শেতে, শয়াতে, শেরতে ইত্যাদি। **লৃট্**—শয়িষ্যতে। লৃঙ্—অশায়িষ্যত। **লুট্**—শয়িতা। আশীর্লিঙ্—শয়িষীষ্ট। **লিট্**—শিশ্যে, শিশ্যাতে, শিশ্যিরে। শিশ্যিষে, শিশ্যাথে, শিশ্যিধ্বে। শিশ্যে, শিশ্যিবহে, শিশ্যিমহে।
লুঙ্—অশয়িষ্ট, অশয়িষাম্, অশয়িষত। অশয়িষ্ঠাঃ, অশয়িষাথাম, অশয়িধ্বম্। অশয়িষি, অশয়িষ্বহি, অশয়িষ্মহি।
ভাববাচ্যে—শয্যতে, লুঙ্—অশায়ি। **ণিচ্**—শায়য়তি। **সন্**—শিশয়িষতে। **যঙ্**—শাশয্যতে। তুমুন্—শয়িতুম্। ক্ত্বা—শয়িত্বা। ল্যপ্—অধিশয্য ইত্যাদি। ক্ত—শয়িত। শানচ্—**শয়ান**।

শ্রু—শ্রবণ করা। স্বাদি পরস্মৈপদী। লট্—শৃণোতি। **লৃট্**—শ্রোষ্যতি। লৃঙ্—অশ্রোষ্যৎ। লুট্—শ্রোতা। আশীর্লিঙ্—শ্রূয়াৎ।
লিট্—শুশ্রাব, শুশ্রুবতুঃ, শুশ্রুবুঃ। শুশ্রোথ, শুশ্রুবথুঃ, শুশ্রুব। শুশ্রাব, শুশ্রুব, শুশ্রুম।
লুঙ্—অশ্রৌষীৎ, অশ্রৌষ্টাম্, অশ্রৌষুঃ, অশ্রৌষীঃ, অশ্রৌষ্টম্, অশ্রৌষ্ট। অশ্রৌষম্, অশ্রৌষ্ব, অশ্রৌষ্ম।
কর্মবাচ্যে—শ্রূয়তে। লুঙ্—অশ্রাবি। **ণিচ্**—শ্রাবয়তি। **সন্**—শুশ্রূষতে। যঙ্—শোশ্রূয়তে। তুমুন্—শ্রোতুম্। ক্ত্বা—শ্রুত্বা। ল্যপ্—সংশ্রুত্য। ক্ত—শ্রুত। শতৃ—শৃণ্বৎ।

শ্বস্—শ্বাস গ্রহণ করা বা ত্যাগ করা। অদাদি পরস্মৈপদী। লট্—শ্বসিতি

শ্বসিত, শ্বসন্তি। লৃট্—শ্বসিষ্যতি। লৃঙ্—অশ্বসিষ্যৎ। লুট্—শ্বসিতা। আশীর্লিঙ্—শ্বস্যাৎ।

লিট্—শশ্বাস, শশ্বসতুঃ, শশ্বসুঃ। শশ্বসিথ, শশ্বসথুঃ, শশ্বস। শশ্বাস, শশ্বসিব, শশ্বসিম।

লুঙ্—অশ্বসীৎ, অশ্বসিষ্টাম্, অশ্বসিষুঃ। অশ্বসীঃ, অশ্বসিষ্টম্, অশ্বসিষ্ট। অশ্বসম্, অশ্বসিষ্ব, অশ্বসিষ্ম।

ভাববাচ্যে—শ্বস্যতে, অশ্বসি। **ণিচ্**—শ্বাসয়তি। **সন্**—অশিশ্বসৎ। যঙ্—শাশ্বস্যতে। তুমুন্—শ্বসিতুম্। ক্ত্বা—শ্বসিত্বা। ল্যপ্—নিশ্বস্য ইত্যাদি। ক্ত—শ্বসিত। শতৃ—শ্বসৎ।

সহ্—সহ্য করা। ভ্বাদি আত্মনেপদী। লট্—সহতে। লৃট্—সহিষ্যতে। লঙ্—অসহিষ্যত। লুট্—সহিতা, সোঢ়া। আশীর্লিঙ্—সহ্যাৎ।

লিট্—সেহে, সেহাতে, সেহিরে। সেহিষে, সেহাথে, সেহিধ্বে-ঢ্বে। সেহে, সেহিবহে সেহিমহে।

লুঙ্—অসহিষ্ট, অসহিষাতাম্, অসহিষত। অসহিষ্ঠাঃ, অসহিষাথাম্, অসহিঢ্বম্-ধ্বম্। অসহিষি, অসহিষ্বহি, অসহিষ্মহি।

কর্মবাচ্যে—সহ্যতে, লুঙ্—অসাহি। **ণিচ্**—সাহয়তি। **সন্**—সিসহিষতে। যঙ্—সাসহ্যতে। তুমুন্—সহিতুম্, সোঢ়ুম্। ক্ত্বা—সহিত্বা, সোঢ়্বা। ল্যপ্—প্রসহ্য ইত্যাদি। ক্ত—সোঢ়া। শানচ্—সহমান।

সিচ্—সেচন করা। তুদাদি উভয়পদী। লট্—সিঞ্চতি; সিঞ্চতে। লৃট্—সেক্ষ্যতি; সেক্ষ্যতে। লৃঙ্—অসেক্ষ্যৎ; অসেক্ষ্যত। লুট্—সেক্তা। আশীর্লিঙ্—সিচ্যাৎ, সিক্ষীষ্ট।

লিট্—সিষেচ, সিষিচতুঃ, সিষিচুঃ। সিষেচিথ, সিষিচথুঃ, সিষিচ। সিষেচ, সিষিচিব, সিষিচিম। আত্মনেপদে—সিষিচে, সিষিচাতে, সিষিচিরে। সিষিচিষে, সিষিচাথে, সিষিচিধ্বে। সিষিচে, সিষিচিবহে, সিষিচিমহে।

লুঙ্—অসিচৎ, অসিচতাম্, অসিচন্। অসিচঃ, অসিচতম্, অসিচত। অসিচম্, অসিচাব, অসিচাম। আত্মনেপদে (বিকল্পে সিচ্)—অসিচত,

অসিচেতাম্, অসিচন্ত ইত্যাদি। পক্ষে অসিক্ত, অসিক্ষাতাম্, অসিক্ষত ইত্যাদি।

কর্মবাচ্যে—সিচ্যতে, লুঙ্—অসেচি। **ণিচ্**—সেচয়তি। **সন্**—সিসিক্ষতি; সিসিক্ষতে। যঙ্—সেসিচ্যতে। তুমুন্—সেক্তুম্। ক্ত্বা—সিক্ত্বা। ল্যপ্—পরিষিচ্য ইত্যাদি। ক্ত—সিক্ত। শতৃ—সিঞ্চৎ। শানচ্—সিঞ্চমান।

সূ—প্রসব করা। অদাদি আত্মনেপদী। লট্—সূতে. সুবাতে, সুবতে ইত্যাদি। লৃট্—সোষ্যতে, সবিষ্যতে। লৃঙ্—অসোষ্যত, অসবিষ্যত। লুট্—সোতা, সবিতা। আশীর্লিঙ্—সোষীষ্ট, সবিষীষ্ট।

লিট্—সুষুবে, সুষুবাতে, সুষুবিরে। সুষুবিষে, সুষুবাথে, সুষুবিধ্বে। সুষুবে, সুষুবিবহে, সুষুবিমহে।

লুঙ্—অসোষ্ট, অসোষাতাম্, অসোষত ইত্যাদি। পক্ষে অসবিষ্ট, অসবিষাতাম্, অসবিষত ইত্যাদি।

কর্মবাচ্যে—সূয়তে লুঙ্-অসাবি। **ণিচ্**—সাবয়তি। **সন্**- সুসূষতে। যঙ্—সোষূয়তে। তুমুন্—সোতুম্, সবিতুম্। ক্ত্বা—সূত্বা। ল্যপ্—প্রসূয়। ক্ত—সূত। শানচ্—সুবান।

সৃজ্—সৃষ্টি করা। তুদাদি পরস্মৈপদী। লট্—সৃজতি। **লৃট্**—স্রক্ষ্যতি। লৃঙ্—অস্রক্ষ্যৎ। লুট্—স্রষ্টা। আশীর্লিঙ্—সৃজ্যাৎ।

লিট্—সসর্জ, সসৃজতুঃ, সসৃজুঃ। সসর্জিথ সস্রষ্ঠ, সসৃজথুঃ. সসৃজ। সসর্জ সসৃজিব, সসৃজিম।

লুঙ্—অস্রাক্ষীৎ, অস্রাষ্টাম্, অস্রাক্ষুঃ। অস্রাক্ষীঃ অস্রাষ্টম্ অস্রাষ্ট। অস্রাক্ষম্ অস্রাক্ষ, অস্রাক্ষ্ম।

কর্মবাচ্যে—সৃজ্যতে, লুঙ্—অসর্জি। **ণিচ্**—সর্জয়তি। **সন্**—সিসৃক্ষতি যঙ্—সরীসৃজ্যতে। **তুমুন্**—স্রষ্টুম্। ক্ত্বা—স্রষ্ট্বা। ল্যপ্—বিসৃজ্য। ক্ত—সৃষ্ট শতৃ—সৃজৎ।

স্তু—স্তুতি করা। অদাদি উভয়পদী। লট্—স্তৌতি স্তবীতি; স্তুতে স্তুবীতে

লৃট্—স্তোষ্যতি ; স্তোষ্যতে। লৃঙ্—অস্তোষ্যৎ ; অস্তোষ্যত। লুট্—স্তোতা। আশীর্লিঙ্—স্তূয়াৎ, স্তুষীষ্ট।

লিট্—তুষ্টাব, তুষ্টুবতুঃ, তুষ্টুবুঃ। তুষ্টোথ, তুষ্টুবথুঃ, তুষ্টুব। তুষ্টাব, তুষ্টুব, তুষ্টুম আত্মনেপদে—তুষ্টুবে, তুষ্টুবাতে, তুষ্টুবিরে। তুষ্টুবিষে, তুষ্টুবাথে, তুষ্টুধ্বে। তুষ্টুবে, তুষ্টুবহে, তুষ্টুমহে।

লুঙ্—অস্তাবীৎ, অস্তাবিষ্টাম্, অস্তাবিষুঃ। অস্তাবীঃ, অস্তাবিষ্টম্, অস্তাবিষ্ট। অস্তাবিষম্, অস্তাবিষ্ব, অস্তাবিষ্ম। আত্মনেপদে—অস্তোষ্ট, অস্তোষাতাম্, অস্তোষত ইত্যাদি।

কর্মবাচ্যে—স্তূয়তে, লুঙ্—অস্তাবি। **ণিচ্**—স্তাবয়তি। **সন্**—তুষ্টূষতি, তুষ্টূষতে। যঙ্—তোষ্টূয়তে। তুমুন্—স্তোতুম্। ক্ত্বা—স্তুত্বা। ল্যপ্—প্রস্তুত্য ইত্যাদি। ক্ত—স্তুত। শতৃ—স্তুবৎ। শানচ্—স্তুবান।

স্থা—থাকা। ভ্বাদি পরস্মৈপদী। লট্—তিষ্ঠতি। **লৃট্**—স্থাস্যতি। লৃঙ্—অস্থাস্যৎ। লুট্—স্থাতা। আশীর্লিঙ্—স্থেয়াৎ।

লিট্—তস্থৌ, তস্থতুঃ, তস্থুঃ। তস্থিথ তস্থাথ, তস্থথুঃ, তস্থ। তস্থৌ, তস্থিব, তস্থিম। লুঙ্—অস্থাৎ, অস্থাতাম্, অস্থুঃ। অস্থাঃ, অস্থাতম্, অস্থাত। অস্থাম্, অস্থাব, অস্থাম।

ভাববাচ্যে—স্থীয়তে, লুঙ্—অস্থায়ি। **ণিচ্**—স্থাপয়তি। **সন্**—তিষ্ঠাসতি। **যঙ্**—তেষ্ঠীয়তে। তুমুন্—স্থাতুম্। ক্ত্বা—স্থিত্বা। ল্যপ্—প্রস্থায় ইত্যাদি। ক্ত—স্থিত। শতৃ—তিষ্ঠৎ।

স্বপ্—ঘুমান, শয়ন করা। অদাদি পরস্মৈপদী। লট্—স্বপিতি। **লৃট্**—স্বপ্স্যতি। লৃঙ্—অস্বপ্স্যৎ। লুট্—স্বপ্তা। আশীর্লিঙ্—সুপ্যাৎ।

লিট্—সুষ্বাপ, সুষুপতুঃ, সুষুপুঃ। সুষ্বপিথ সুষ্বপ্থ, সুষুপথুঃ, সুষুপ। সুষ্বাপ সুষ্বপ, সুষুপিব, সুষুপিম।

লুঙ্—অস্বাপ্সীৎ, অস্বাপ্তাম্, অস্বাপ্সুঃ। অস্বাপ্সীঃ, অস্বাপ্তম্, অস্বাপ্ত। অস্বাপ্সম, অস্বাপ্স্ব, অস্বাপ্স্ম।

ভাববাচ্যে—সুপ্যতে, লুঙ্—অস্বাপি। **ণিচ**—স্বাপয়তি। **সন্**—সুষুপ্সতি।

যঙ্—সোষুপ্যতে। তুমুন্—স্বপ্তুম্। ক্ত্বা—সুপ্ত্বা। ল্যপ্—প্রসুপ্য ইত্যাদি। **ক্ত**—সুপ্ত। শতৃ—স্বপৎ।

হন্—হত্যা করা। অদাদি পরস্মৈপদী। লট্—হন্তি, হতঃ, ঘ্নন্তি। **লৃট্**—হনিষ্যতি। লৃঙ্—অহনিষ্যৎ। লুট্—হন্তা। আশীর্লিঙ্—বধ্যাৎ।

লিট্—জঘান, জঘ্নতুঃ, জঘ্নুঃ। জঘনিথ জঘন্থ, জঘ্নথুঃ, জঘ্ন। জঘান জঘন, জঘ্নিব, জঘ্নিম।

লুঙ্—অবধীৎ, অবধিষ্টাম্, অবধিষুঃ। অবধীঃ, অবধিষ্টম্, অবধিষ্ট। অবধিষম্, অবধিষ্ব, অবধিষ্ম।

কর্মবাচ্যে—হন্যতে, লুঙ্—অবধি, অঘানি। **ণিচ্**—ঘাতয়তি। **সন্**—জিঘাংসতি। **যঙ্**—জেঘ্নীয়তে, জঙ্ঘন্যতে (হিংসার্থে)। তুমুন্—হন্তুম্। ক্ত্বা—হত্বা। ল্যপ্—নিহত্য ইত্যাদি। শতৃ—ঘ্নৎ।

হা—ত্যাগ করা। হ্বাদি পরস্মৈপদী। লট্—জহাতি, জহিতঃ জহীতঃ, জহতি। **লৃট্**—হাস্যতি। লৃঙ্—অহাস্যৎ। লুট্—হাতা। আশীর্লিঙ্—হেয়াৎ।

লিট্- জহৌ, জহতুঃ, জহুঃ। জহিথ জহাথ, জহথুঃ, জহ। জহৌ, জহিব, জহিম।

লুঙ্—অহাসীৎ, অহাসিষ্টাম্ অহাসিষুঃ। অহাসীঃ, অহাসিষ্টম্, অহাসিষ্ট। অহাসিষম্, অহাসিষ্ব, অহাসিষ্ম।

কর্মবাচ্যে—হীয়তে, লুঙ্—অহায়ি। **ণিচ্**—হাপয়তি। **সন্**—জিহাসতি। **যঙ্**—জেহীয়তে। তুমুন্—হাতুম্। ক্ত্বা—হিত্বা। ল্যপ্—বিহায় ইত্যাদি। **ক্ত**—হীন। ক্তিন্—হানি। শতৃ—জহৎ।

হু—হোম করা। হ্বাদি পরস্মৈপদী। লট্—জুহোতি। **লৃট্**—হোষ্যতি। লৃঙ্—অহোষ্যৎ। লুট্—হোতা। আশীর্লিঙ্—হূয়াৎ।

লিট্—জুহাব, জুহুবতুঃ, জুহুবুঃ। জুহবিথ জুহোথ, জুহুবথুঃ, জুহুব। জুহাব জুহব, জুহুবিব, জুহুবিম। পক্ষে জুহবাঞ্চকার, জুহবাঞ্চক্রতুঃ, জুহবাঞ্চক্রুঃ ইত্যাদি, জুহবামাস ইত্যাদি এবং জুহবাম্বভূব ইত্যাদি।

লুঙ্—অহৌষীৎ, অহৌষ্টাম্, অহৌষুঃ। অহৌষীঃ, অহৌষ্টম্, অহৌষ্ট, অহৌষম্, অহৌষ্ব, অহৌষ্ম।

কর্মবাচ্যে—হূয়তে, লুঙ্—অহাবি। ণিচ্—হাবয়তি। সন্—জুহূষতি। যঙ্—জোহূয়তে। তুমুন্—হোতুম্। ক্ত্বা—হুত্বা। ল্যপ্—বিহুত্য ইত্যাদি। ক্ত—হুত। শতৃ—জুহ্বৎ।

হৃ—চুরি করা। নাশ করা। ভ্বাদি উভয়পদী। লট্—হরতি; হরতে। লৃট্—হরিষ্যতি; হরিষ্যতে। লৃঙ্—অহরিষ্যৎ, অহরিষ্যত। লুট্—হর্তা। আশীর্লিঙ্—হ্রিয়াৎ; হৃষীষ্ট।

লিট্—জহার, জহ্রতুঃ, জহ্রুঃ। জহর্থ, জহ্রথুঃ, জহ্র। জহার জহর, জহ্রিব, জহ্রিম। আত্মনেপদে—জহ্রে, জহ্রাতে, জহ্রিরে; জহ্রিষে, জহ্রাথে, জহ্রিধ্বে। জহ্রে, জহ্রিবহে, জহ্রিমহে।

লুঙ্—অহার্ষীৎ, অহার্ষ্টাম্, অহার্ষুঃ। অহার্ষীঃ, অহার্ষ্টম্, অহার্ষ্ট। অহার্ষম্, অহার্ষ্ব, অহার্ষ্ম। আত্মনেপদে—অহৃত, অহৃষাতাম্, অহৃষত। অহৃথাঃ, অহৃষাথাম্, অহৃঢ্বম্। অহৃষি, অহৃষ্বহি, অহৃষ্মহি।

কর্মবাচ্যে—হ্রিয়তে, লুঙ্—অহারি। ণিচ্—হারয়তি। সন্—জিহীর্ষতি, জিহীর্ষতে। যঙ্—জেহ্রীয়তে। তুমুন্—হর্তুম্। ক্ত্বা—হৃত্বা। ল্যপ্—প্রহৃত্য। ক্ত—হৃত। শতৃ—হরৎ। শানচ্—হরমাণ।

হ্বে—আহ্বান করা। ভ্বাদি উভয়পদী। লট্—হ্বয়তি; হ্বয়তে। লৃট্—হ্বাস্যতি; হ্বাস্যতে। লৃঙ্—অহ্বাস্যৎ; অহ্বাস্যত। লুট্—হ্বাতা। আশীর্লিঙ্—হূয়াৎ; হ্বাসীষ্ট।

লিট্—জুহাব, জুহুবতুঃ, জুহুবুঃ। জুহবিথ, জুহোথ, জুহুবথুঃ; জুহুব। জুহাব জুহব, জুহুবিব, জুহুবিম। আত্মনেপদে—জুহুবে, জুহুবাতে, জুহুবিরে। জুহুবিষে, জুহুবাথে জুহুবিধ্বে। জুহুবে, জুহুবিবহে, জুহুবিমহে।

লুঙ্—অহ্বৎ, অহ্বতাম্, অহ্বন্। অহ্বঃ, অহ্বতম্, অহ্বতাম্, অহ্ব অহ্বাব, অহ্বাম। আত্মনেপদে—অহ্বত, অহ্বেতাম্, অহ্বন্ত ইত্যাদি; পক্ষে—অহ্বাস্ত, অহ্বাসাতাম্, অহ্বাসত ইত্যাদি।

কর্মবাচ্যে—হূয়তে, লুঙ্—অহ্বায়ি। ণিচ্—হ্বায়য়তি। সন্—জুহূষতি,

জুহূষতে। যঙ্—জোহূয়তে। তুমুন্—হ্বাতুম্। ক্ত্বা—হূত্বা। ল্যপ্—আহূয় ইত্যাদি। ক্ত—হূত। শতৃ—হ্বয়ৎ। শানচ্—হ্বয়মান।

Exercise

1. *Translate into Bengali :—*

তে প্রাপ্নুবন্তি মামেব সর্বভূতহিতে রতাঃ। পুত্রমেবংগুণোপেতং চক্রবর্তিনমাপ্নুহি। সুহৃদাং হিতকামানাং ন বৈ শৃণোতি যো বচঃ, বিপৎ সন্নিহিতা তস্য স নরঃ শত্রুনন্দনঃ। জ্ঞানাগ্নিঃ সর্বপাপানি ভস্মসাৎ কুরুতেঽর্জুন। আগতং তু ভয়ং বীক্ষ্য প্রতিকুর্যাদ্ যথোচিতম্। বুভুজে পৃথিবীপালঃ পৃথিবীমেব কেবলাম্। কাচং মণিং কাঞ্চনমেকসূত্রে গ্রথ্নন্তি বালা ন তু তদ্ বিচিত্রম্। বরং প্রাণপরিত্যাগো নাধমৈঃ সহ সঙ্গতিঃ। বিষাদং মা কৃথা বীর সপ্রাণোঽয়মরিন্দমঃ। উদেতি সবিতা তাম্র স্তাম্র এবাস্তমেতি চ। দ্বিষন্তি মন্দাশ্চরিতং মহাত্মনাম্। তয়োর্জগৃহতুঃ পাদান্ রাজা রাজ্ঞী চ মাগধী। লক্ষ্মণস্য দদৌ নস্তঃ সুষেণঃ সুমহাদ্যুতিঃ। তরুষু চুকুবুরুচ্চৈঃ পক্ষিণশ্চানুকূলাঃ। তাং তাড়কাখ্যাং নিজঘান রামঃ। লক্ষ্যে সমাধিং ন দধে মৃগাবিৎ। নলঃ স ভূজানিরভূদ্ গুণাদ্ভুতঃ। রক্ষাংসি বেদিং পরিতো নিরাস্থৎ। সোঽধ্যৈষ্ট বেদাংস্ত্রিদশানযষ্ট। ধনুষ্যমোঘং সমধত্ত সায়কম্। বিভর্তি বেগং পবনাদতীব। ঐড়িষ্ব সহ রামেণ ত্বরিতং তুরগাধ্বরে। হবির্জক্ষিতি নিঃশঙ্কো মখেষু মঘবানসৌ। সহাসনং গোত্রভিদাধ্যবাৎসীৎ। ধুরং ধরিত্র্যা বিভরাম্বভূব। মায়াং ময়োদ্ভাব্য পরীক্ষিতোঽসি। সম্ভূয়াম্ভোধিমভ্যেতি মহানদ্যা নগাপগা।

2. *Translate into Sanskrit :—*

(*a*) Bharadwaja, a performer of great austerites accepted many cows from a carpenter when he was starving together with his sons in a lonely forest. (*b*) Drona asked Yudhisthira whether his son was killed or not, for firm was his conviction

that Yudhisthira would not utter falsehood under any circumstance even for the sake of lordship over the three worlds. (*c*) Who is this stranger in your company? You must not make friends with one whose habits of life and family history are unknown. (*d*) As the shades of evening grew darker the crow became anxious for his friend. He suspected treachery on the part of the fox. (*e*) The fox was hiding himself in some bushes. The stone falling short o its aim descended heavily on his head, killing him on the spot. (*f*) This is a playing ground and not an arena of battle. For a brother to fight a brother is not a trait of Kshatriya character. Do not disgrace the spotless name of the noble family of Bappa Rao. (*g*) He would now and then come down with his bands of daring warriors from his rocky fortress and attack the cities of the kingdom of Bijapore. (*h*) Next crops in the field grew in such luxuriance that the stag could not help going there every day. (*i*) "I am glad to see you my dear friend", said the stag, "I was just thinking of you. I am sure you are able to set me free."

উপসর্গযোগে ধাতুর অর্থভেদ

"ধাত্বর্থং বাধতে কশ্চিৎ কশ্চিত্তমনুবর্ততে।
তমেব বিশিনষ্ট্যন্যোঽনর্থকোঽন্যঃ প্রযুজ্যতে॥

কোনও কোনও উপসর্গ ধাতুর অর্থকে বাধিত করে, কোনও কোনওটি তাহার অনুবর্তন করে; অন্য কতকগুলি তাহাকে বিশেষিত করে, কতকগুলি আবার অনর্থক প্রযুক্ত হয়।

অঞ্জ্—to annoint; অনক্তি।

বি+অঞ্জ্—to express; যথা, মহাপুরুষ-দর্শনং সর্বদা শুভং ব্যনক্তি।

অট্—to go ; অটতি।

পরি+অট্—to roam ; যথা, পরিব্রাজকো দেশাৎ দেশং পর্যটতি।

অয়্—to go ; অয়তে।

পরা+অয়্—to run away ; চৌরঃ পলায়তে।

অস্—to throw ; অস্যতি।

অপ+অস্—to reject ; সারং ততো গ্রাহ্যমপাস্য ফল্গু।

অভি+অস্—to practise ; সাধুঃ অহিংসামভ্যস্যতি ; বালকাঃ পাঠমভ্যস্যন্তি।

নির্+অস্—to dispel ; সূর্যো নৈশং তমো নিরস্যতি ; রক্ষাংসি বেদিং পরিতো নিরাস্থৎ (ভট্টি)।

সম্+নি+অস্—to renounce the world ; সাধুঃ সংসারং সন্ন্যস্যতি

আস্—to sit ; আস্তে।

অধি+আস্—to dwell ; শিবঃ কৈলাসমধ্যাস্তে।

উপ+আস্—to worship ; ভক্তা ঈশ্বরম্ উপাসতে।

ইণ্—to go ; এতি।

অব+ই—to know ; অবৈমি চৈনামনঘেতি (রঘুবংশ)।

উৎ+ই—to rise ; উদেতি গগনে রবিঃ।

প্রতি+ই—to trust ; ধূর্তস্য বচনে ন কোঽপি প্রত্যেতি।

উপ+ই—to go to, resort to ; উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ (পঞ্চতন্ত্র)।

প্রতি+ই+ণিচ্—to convince ; বলবত্তু দূয়মানং প্রত্যায়য়তীব মাং হৃদয়ম্ (অভিজ্ঞানশাকুন্তল)।

ইঙ্—to read ; অধীতে।

অধি+ই—to read ; শিষ্যো বেদমধীতে।

অধি+ইঙ্+ণিচ্—to teach ; গুরুঃ শিষ্যং বেদমধ্যাপয়তি। ইঙ সর্বদা অধি-পূর্বক প্রযুক্ত হয়।

ইষ্— to go ; ইষ্যতি।

অনু+ইষ্—to search for ; রামঃ সীতামন্বিষ্যতি।

ঈক্ষ্—to see ; ঈক্ষতে।

অপ+ঈক্ষ্—to wait ; মিত্র, ক্ষণমপেক্ষস্ব।

অব-ঈক্ষ্—to inspect ; ভৃত্যঃ প্রভুকার্যমবেক্ষতে, রাজা প্রকৃতীঃ অবেক্ষিতুম্ আগতঃ।

পরি+ঈক্ষ্—to examine ; স্বর্ণকারঃ স্বর্ণং পরীক্ষতে।

উপ+ঈক্ষ্—to neglect ; প্রভুকার্যং ন উপেক্ষস্ব।

উৎ+ঈক্ষ্—to wait for ; মাতা পুত্রমুদীক্ষমাণা আস্তে।

প্রতি+ঈক্ষ্—to wait for ; অত্র মাং প্রতীক্ষস্ব।

সম্+ঈক্ষ্—to compare with ; মূর্খো বিদ্যাং ধনেন সমীক্ষতে।

কর্ণ—to pierce ; কর্ণয়তি।

আ+কর্ণ—to hear ; মধুরং গীতমাকর্ণয়তি ব্যাধঃ।

কম্প—to shake ; কম্পতে।

অনু+কম্প্—to show kindness ; প্রভো মাম্ অনুকম্পস্ব।

কল্—to count ; কলয়তি।

আ+কল্—to take ; আকলয় ফলমেতৎ।

পরি+কল্—to bear in mind ; মা পরিকলয় দুর্জনবচঃ।

সম্+কল্—to edit ; স পুস্তকমেতং সঙ্কলয়তি।

কৃ—to do ; করোতি, কুরুতে।

অধি-কৃ—to subjugate ; শত্রুঃ নগরীমধিকরোতি।

অনু-কৃ—to imitate ; বালকো বৃদ্ধমনুকরোতি ;

অপ-কৃ—to injure ; অমিতাচারঃ স্বাস্থ্যমপকরোতি।

প্রতি-কৃ—to remedy ; রোগং প্রতিকরোতি ভেষজম্।

সম্-কৃ—to repair, to clean to refine ; গৃহমিদং সংস্কুরু।

পরি-কৃ—to make clean ; বাসঃ পরিষ্করোতি ধাবকঃ।

আ-কৃ+ণিচ্—to call ; তূর্ণং বৈদ্যমেকম্ আকারয়।

বি+প্র+কৃ—to injure ; বালকঃ স শত্রুভিঃ বিপ্রকৃতঃ।

কৃষ্—to pull, to plough ; কর্ষতি।

অপ্-কৃষ্—to deteriorate ; দোষঃ কাব্যম্ অপকর্ষতি।

আ-কৃষ্—to attract ; আকৃতিবিশেষঃ চিত্তমাকর্ষতি।

উৎ+কৃষ্—to ameliorate ; গুণাঃ নরমুৎকর্ষন্তি।

কৄ—to scatter ; কিরতি।

উৎ-কৄ—to engrave ; মূর্তিমেকাম্ উৎকির।

অব-কৄ—to break the vow ; মন্দা অবকিরন্তি ব্রতম্।

ক্রম্—to go, to walk ; ক্রামতি, ক্রমতে।

অতি+ক্রম্—to pass ; অশ্বঃ কৃচ্ছ্রাৎ পন্থানমতিক্রামতি ; to surpass, বালকঃ বৃদ্ধমপি গুণেন অতিক্রামতি।

আ+ক্রম্—to go upwards ; সূর্যঃ আক্রমতে, ধূমঃ আক্রামতি।

পরি+ক্রম্—to walk about ; বৃদ্ধঃ উদ্যানং পরিক্রামতি।

উপ+ক্রম্, প্র+ক্রম—to begin ; স বক্তুং প্রক্রমতে উপক্রমতে বা।

সম্+ক্রম্—to infect, to pass from one thing to another ; দেহাৎ দেহান্তরং রোগঃ সংক্রামতি।

ক্রী—to buy ; ক্রীণাতি, ক্রীণীতে।

বি+ক্রী—to sell ; স বস্ত্রং বিক্রীণীতে।

পরি+ক্রী—to hire ; গৃহমিদং পরিক্রীণীষ।

ক্রুশ—to cry ; ক্রোশতি।

অনু+ক্রুশ্—to show kindness, to feel compassionate ; ধনী দরিদ্রমনুক্রোশতি।

আ+ক্রুশ্—to reproach ; ভৃত্যমাক্রোশতি প্রভুঃ।

ক্ষিপ্—to throw ; **ক্ষিপতি**।

সম্+ক্ষিপ্—abridge ; কথামিমাং **সংক্ষিপ**।

অধি+ক্ষিপ্—to reproach ; সর্বে জনাঃ মিথ্যাবাদিন**মধিক্ষিপন্তি**।

বি+ক্ষিপ্—to scatter ; লোভঃ চেতঃ **বিক্ষিপতি**।

নি+ক্ষিপ্—to deposit ; শ্রেষ্ঠিনি তুলাং **নিক্ষিপ্য** বণিক্ তীর্থং প্রতস্থে।

খ্যা—to relate ; **খ্যাতি**।

প্রতি-আ-খ্যা—to reject ; সর্বৈবিদং প্রত্যাখ্যাতম্।

সম্+খ্যা—to count ; কো নক্ষত্রাণি **সংখ্যাতু**মীষ্টে।

বি-খ্যা—to celebrate ; **বিখ্যাতো**ঽয়ং সুধীঃ সর্বত্র।

গম্—to go ; **গচ্ছতি**।

আ-গম্—to come ; ইহাগচ্ছ বৎস।

অধি+গম্—to acquire, to reach, to study, to obtain ; শ্রমঃ ফলমধিগচ্ছতি ; অনুরূপং বরম্ অধিগচ্ছ।

অপ+গম্—to go away ; তন্মুখাৎ ছায়া অপগতা।

অনু+গম্—to follow ; ছায়েব সা পতিমনুগচ্ছতি।

অব+গম্—to know ; স কৃতাপরাধমাত্মানমবগচ্ছতি।

নিঃ+গম্—to go out ; রাজা নগরাৎ নির্গচ্ছতি।

প্রতি+**আ**+গম্—to return ; স গৃহং প্রত্যাগতঃ।

সম্+গম্—to meet ; পুত্রঃ পিতরং সঙ্গচ্ছতি, গঙ্গা যমুনাং সঙ্গচ্ছতি ; to suit—অয়মর্থঃ সঙ্গচ্ছতে।

গ্রহ্—to take ; **গৃহ্লাতি গৃহ্লীতে**।

অনু+গ্রহ্—to favour ; দাতা দীনম্ অনুগৃহ্লাতি।

নি+গ্রহ্—to punish ; রাজা অসতঃ নিগৃহ্লাতি।

পরি+গ্রহ্—to accept ; ব্রাহ্মণো দানং পরিগৃহ্লাতি।

বি-গ্রহ্—to quarrel ; কথমনেন ভবান্ বিগ্রহীতুং সমর্থঃ স্যাৎ ?

সম্+গ্রহ্—to collect ; ত্বং কাষ্ঠানি সংগৃহাণ।

চর্—to walk ; চরতি।

আ+চর্—to behave ; গুরুঃ শিষ্যং পুত্রমিব আচরতি ; to practise—যদ্ যদ্ আচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।

অনু-চর্—to follow ; সর্বঃ সাধূনাং মার্গম্ অনুচরেৎ।

উৎ+চর্—to transgress ; স গুরুবচনমুচ্চরতে।

উৎ+চর্+ণিচ্—to utter ; মন্ত্রমুচ্চারয়তি দ্বিজঃ।

পরি-চর্—to serve ; ভৃত্যঃ প্রভুং পরিচরতি।

সম্-চর্—পশবঃ বনে সঞ্চরন্তি ; রাজা রথেন সঞ্চরতে।

উপ+চর্—to worship ; ব্রাহ্মণঃ সূর্যমুপচরতি।

বি+অভি+চর্—to go astray ; বিধিং ব্যভিচরতি অয়ম্।

সম্+আ+চর্—to perform ; সদা ধর্মং সমাচরেৎ।

চি—to pluck ; চিনোতি, চিনুতে।

সম্+চি—to lay by ; কৃপণঃ অর্থং সঞ্চিনোতি।

বি+চি—to search for ; ত্বং কিমত্র বিচিনোষি ?

ছিদ্—to cut down ; ছিনত্তি, ছিন্তে।

উৎ+ছিদ্—to kill ; রাজা শত্রুম্ উচ্ছিনত্তি।

আ+ছিদ্—to pounce upon ; অসুরঃ দেবানামাহুতিম্ আচ্ছিনত্তি।

জ্ঞা—to know ; জানাতি, জানীতে।

অনু+জ্ঞা—to permit ; অনুজানীহি মাং গৃহগমনায়।

অপ+জ্ঞা—to deny ; স শতমপজানীতে।

অব+জ্ঞা—to hate, to neglect ; দুর্গতং ন অবজানীয়াৎ।

প্রতি+জ্ঞা—to promise ; স শতং প্রতিজানীতে।

সম্+জ্ঞা—to promise ; স দরিদ্রায় শতং সংজানীতে।

তপ্—to shine ; তপতি।

অনু+তপ্—to repent ; পাপী দুষ্কার্যম্ অনুতপতি।

পরি+তপ্—to be sorry ; শোকেন বৃদ্ধঃ পরিতপতি।

উৎ+তপ্—to warm ; স পাণিমুত্তপতে।

তৄ—to cross, তরতি।

অব+তৄ—to descend ; রাজ রথাৎ অবতরতি।

বি+তৄ—to give ; গুরুঃ বিদ্যাং বিতরতি।

সম্+তৄ—to swim ; যুবকঃ নদ্যাং সন্তরতি।

দা—to give ; দদাতি, দত্তে।

আ+দা—to take ; বীরঃ অস্ত্রমাদত্তে।

বি+আ+দা—to open ; সিংহঃ মুখং ব্যাদদাতি।

দিশ্—to allow ; দিশতি।

আ+দিশ্—to order ; প্রভুঃ ভৃত্যমাদিশতি।

উপ+দিশ—to advise ; গুরুঃ শিষ্যমুপদিশতি।

নির্+দিশ্—to specify ; সঃ তর্জন্যা পন্থানং নিরদিশৎ।

বি+অপ্+দিশ্—to disguise ; পরিব্রাজকবেশেন আত্মানং ব্যপদিশ্য রাবণঃ সীতাং জহার।

সম্+দিশ্—to communicate ; দূতঃ রাজ্ঞে সন্দিদেশ।

দিহ্—to annoint ; দেগ্ধি, দিগ্ধে।

সম্+দিহ্—to suspect, to doubt ; তস্য কর্মশক্তৌ ন কোঽপি সন্দিগ্ধে। । চোর ইতি সর্বৈঃ সন্দিহ্যতে। **জ্ঞাতসারোঽপি খল্বেকঃ সন্দিগ্ধে কার্যবস্তুনি** (মাঘ)।

ধা—to put ; দধাতি, ধত্তে।

সম্+ধা—to make peace with ; শত্রুণা ন হি সন্দধ্যাৎ।

অতি+সম্+ধা—to deceive ; রাজা শত্রূন্ অতিসন্দধাতি অতিসন্ধত্তে বা। বদনেন চন্দ্রমসা চাতিসন্ধীয়তে কামিজনঃ।

অনু+সম্+ধা—to search for ; রাজা চৌরম্ অনুসন্দধাতি।

পরি+ধা—to put on ; জীর্ণং বস্ত্রং বিহায় নবং পরিধত্তে জনঃ।

অপি+ধা—to cover ; গুরোর্যত্রপরীবাদস্তত্র কর্ণৌ পিধাতব্যৌ। ভুজঙ্গপিহিতদ্বারং পাতালমধিতিষ্ঠতি (রঘুবংশে)।

অব+ধা—to mind, to listen to ; সর্বদা গুরুবচনমবধীয়তাম্।

বি+ধা—to do ; সহসা কার্যং ন বিদধ্যাৎ।

প্রতি+বি+ধা—to remedy ; যত্নেন বিপদং প্রতিবিধেহি।

বি+অব+ধা—to conceal ; সূর্যরশ্মিঃ দিবা চন্দ্রং ব্যবদধাতি।

নম্—to bend ; নমতি।

উৎ+নম্+ণিচ্—to raise ; স মুখমুন্নময্য দদর্শ।

প্র+নম্—to salute ; সর্বে সাধুং প্রাণমন।

নী—to lead ; নয়তি নয়তে।

অনু+নী—to entreat ; সা পাদয়োঃ পতিত্বা দুর্বাসসম্ অনুনিনায়।

অপ+নী—to remove ; সফলতা কার্যশ্রমম্ অপনয়তি।

অভি+নী—to play a part of ; অয়ং নটঃ রামচরিতমভিনয়তি।

নির্+নী—to ascertain ; স প্রজ্ঞয়া সর্বং নির্ণেতুমলম্।

পরি+নী—to marry ; রামঃ সীতাং পরিণয়তি স্ম।

প্র+নী—to compose ; বাল্মীকিঃ রামায়ণং প্রণিনায়।

বি+নী—to train ; গুরুঃ শিষ্যান্ বিনয়তে।

পত্—to fall ; পততি।

আ+পত্—to arrive ; বিপদঃ সহসৈব আপতন্তি।

উৎ+পত্—to fly ; খগাঃ নভসি উৎপতন্তি।

প্র+নি+পত্—to salute ; ছাত্রাঃ গুরুং প্রণিপতন্তি।

সম্+নি+পত্—to come together ; মহাপুরুষেষু গুণাঃ সন্নিপতন্তি

পদ্—to go ; পদ্যতে।

উৎ+পদ্—to grow ; লোভাৎ ক্রোধঃ উৎপদ্যতে।

বি-পদ্—to die, to fall into danger ; প্রায়েণ হঠকারিণঃ বিপদ্যন্তে। পিতরি বিপন্নে স গৃহং তত্যাজ। আপদ্—evil, danger ; আপদাং কথিতঃ পন্থা ইন্দ্রিয়াণাম্ অসংযমঃ। উপপত্তি—reason ; প্রতিপত্তি—regard honour.

প্রচ্ছ্—to ask ; পৃচ্ছতি।

আ+প্রচ্ছ্—to bid farewell. প্রিয়সখং তে আপৃচ্ছস্ব।

ভজ্—to serve.

বি+ভজ্—to share ; to divide ; দায়াদাঃ সম্পদং বিভজন্তে।

ভূ—to be ; ভবতি।

অভি+ভূ—to overcome ; বীরঃ শত্রুম অভিভবতি।

সম্+ভূ—to be possible ; মানুষেষু নেদং রূপং সম্ভবেৎ।

প্র+ভূ—to rise, to be able ; হিমবতো গঙ্গা প্রভবতি ; মল্লো মল্লায় প্রভবতি।

পরা+ভূ—to defeat ; বীরঃ শত্রুং পরাভবতি।

অনু+ভূ—to feel ; অনুভবতি হি মূর্ধ্না পাদপস্তীব্রমুষ্ণম্।

মন্—to consider ; মন্যতে।

অনু+মন্—to guess অহমিদমনুমন্যে।

যম্—to go

সম+যম্—to control ; ইন্দ্রিয়াণি তে সংযচ্ছস্ব।

উপ+যম্—to marry ; রামঃ সীতাম্ উপযেমে।

বি+আ+যম্—to exercise ; বালকাঃ প্রত্যহং ব্যাযচ্ছন্তে।

যা—to go ; যাতি।

আ+যা—to come ; মেঘঃ বায়ুনা যাতি আয়াতি চ।

অনু+যা—to follow ; পুত্রঃ পিতরমনুযাতি।

অভি+যা—to invade ; রাজা সেনাভিঃ নগরীমভিযাতি।

প্রতি+যা— to return ; বালকঃ গৃহং প্রতিযাতি।

যুজ্—to unite ; যুনক্তি, যুঙ্‌ক্তে।

অনু+যুজ্—to inquire ; শিক্ষকঃ কলহকারণম্ অনুযুঙ্‌ক্তে।

অভি+যুজ্—to accuse ; পাপবুদ্ধিঃ ধর্মবুদ্ধিমভিযুঙ্‌ক্তে।

নি+যুজ্—to appoint ; প্রভুঃ ভৃত্যং কর্মণি নিযুঙ্‌ক্তে।

প্র+যুজ—to use ; সুকবিঃ অপশব্দং ন প্রযুঙ্‌ক্তে।

বি+যুজ্—to separate ; তে মৃত্তিকাভ্যঃ লৌহং বিযুঞ্জতে।

রম্ to play ; রমতে

আ+রম্—to rest ; পথিকঃ বৃক্ষচ্ছায়ায়াম্ আরমতি।

বি+রম্—to desist ; সাধুঃ অসৎকার্যাৎ বিরমতি।

উপ+রম্—to die ; বৃদ্ধঃ তীর্থে উপরেমে।

রুহ্—to grow ; রোহতি।

আ+রুহ্—to mount ; বানরা বৃক্ষমারোহন্তি।

অধি+রুহ্—to ascend ; স পর্বতমধিরোহতি।

অব+রুহ্—to descend ; পর্বতাৎ অবরুহ্য স দদর্শ।

লপ্—to take ; লপতি।

আ+লপ—to speak ; আলপতি মিত্রেণ সঃ।

প্র+লপ্—to talk incoherently ; মত্তঃ প্রলপতি।

বি-লপ্—to lament ; মাতা শোকেন বিলপতি।

অপ্+লপ্—to deny ; ধূর্ত সত্যমপলপতি।

লভ্— to get ; লভতে।

উপ+লভ্—to understand ; বুদ্ধিমান্ শাস্ত্রমর্ম উপলভতে।

উপ+আ+লভ্—to rebuke ; পিতা অপরাধিনং পুত্রমুপালভতে।

বি+প্র+লভ্—to cheat ; শঠঃ সাধুং বিপ্রলভতে।

আ+লভ্—to kill ; কেচিৎ গাম্ আলভন্তে।

উপলম্ভঃ—প্রাপ্তি, **উপালম্ভঃ**— তিরস্কার ; উপালম্ভং ন শক্ষ্যামি সোঢ়ুং দত্তং সুমিত্রয়া (রামায়ণ)।

লম্ব্— to hang down ; **লম্বতে**।

অব+লম্ব্—to hold for support ; বালকঃ বৃদ্ধমবলম্বতে।

বি+লম্ব্—to delay ; ক্ষণমত্র বিলম্বস্ব।

বদ্—to say ; **বদতি**।

পরি+বদ্—to accuse ; সর্বঃ শত্রুং পরিবদতি।

বি+বদ্—to quarrel ; বালকাঃ বিবদন্তে।

সম্+বদ্ (১)— to agree, to conform to ; লবস্য মুখং সীতায়াঃ মুখেন সংবদতি (উত্তর রামচরিত)।

বি+সম্+বদ্—to differ, to be at variance with ; কমলানাং মনোহরণামপি রূপাদ্ বিসংবদতি শীলম্ (মুদ্রারাক্ষস)।

বহ্— to carry ; **বহতি**।

উৎ+বহ্ or **বি+বহ্**—to marry ; বরঃ কন্যামুদ্বহতি or বিবহতি।

প্র+বহ্—to flow ; নদী প্রবহতি।

অতি+বহ্+ণিচ্—to pass ; স দুঃখেন কালমতিবাহয়তি।

বিশ্—to go ; **বিশতি**।

নি+বিশ্ or **প্র+বিশ্**—to enter ; রাজা নগরীং নিবিশতে or প্রবিশতি।

নিবিশতে যদি শূকশিখা পদে
সৃজতি সা কিয়তীমিব ন ব্যথাম্ (নৈষধ)।

(**নের্বিশঃ**—আত্মনেপদে)

সম্+বিশ্—to repose ; সংবিশন্তি পথিকাঃ অত্র।

---

(১) নানাস্থানে যে সকল ঘটনা ঘটে তাহাদের তথ্যভিত্তিক বিবরণ থাকে বলিয়াই খবরের কাগজ (Newspaper)-কে '**সংবাদপত্র**' বলে। যাহা ঘটিয়াছে মুদ্রিত বিবরণের সহিত তাহার মিল আছে—এই বিবরণ স্বকপোলকল্পিত অর্থাৎ মনগড়া নহে। তথ্যপরিবেশন করাই সংবাদপত্রের সর্বপ্রধান কর্তব্য।

বৃ—to choose ; বৃণোতি, বৃণুতে ।

আ + বৃ—to cover ; মেঘঃ গগনমাবৃণোতি ।

পরি + বৃ—to surround ; বালকাঃ আচার্যং পরিবব্রুঃ ।

বি + বৃ—to describe ; বিবৃণুতে মনোগতম্ ।

সম্ + বৃ—to cover ; সংবৃণোতি খলু দোষমজ্ঞতা (ভারবি) ।

বৃৎ—to exist ; বর্ততে ।

অনু + বৃৎ—to follow ; সাধবঃ সন্মার্গমনুবর্তন্তে ।

মৃতং শরীরমুৎসৃজ্য কাষ্ঠলোষ্ট্রসমং ক্ষিতৌ ।
বান্ধবাঃ প্রতিগচ্ছন্তি ধর্মস্তমনুবর্ততে ॥

অতি + বৃৎ—to surpass, to transgress ; কার্যজ্ঞঃ সময়ং নাতিবর্তেত ।

পরা + বৃৎ—to turn back ; পরাবৃত্য পশ্য ।

আ + বৃৎ—to revolve ; পৃথিবী সূর্যং পরিতঃ আবর্ততে ।

নি + বৃৎ—to desist ; বৎস, এতস্মাদ্ অসৎকার্যাৎ নিবর্তস্ব ।

পরি + বৃৎ—to change ; চক্রবৎ পরিবর্তন্তে দুঃখানি চ সুখানি চ

প্র + বৃৎ—to commence ; সাধুঃ ন হিংসায়াং প্রবর্ততে ।

শী—to lie down ; শেতে ।

সম্ + শী—to doubt ; মূর্খাঃ পদে পদে সংশেরতে ।

শ্রু—to hear ; শৃণোতি ।

প্রতি + শ্রু or আ + শ্রু—to promise ; বিপ্রায় গাং প্রতি-শৃণোতি, (বা আশৃণোতি) রাজা ।

সৃ—to go ; সরতি ।

অনু + সৃ—to follow ; বালকাঃ গুরুমনুসরন্তি স্ম ।

অপ + সৃ—to go elsewhere ; স্থানাদস্মাৎ অপসর ।

নিঃ + সৃ—to come out ; স মদ্ভয়াৎ ন নিঃসরতি ।

উপ + সৃ—to approach ; দূতঃ রাজানমুপসৃত্য অবদৎ ।

সো—to destroy ; **স্যতি**।

অব+সো—to complete ; বালকোঽয়ং ঝটিতি অধ্যয়ন**মবস্যতি**।

অধি+অব+সো—to persevere ; ছাত্রঃ পাঠে **অধ্যবস্যতি**।

বি+**অব**+সো—to attempt ; সঃ অধুনা পাতুং ন **ব্যবস্যতি**।

স্মৃ—to remember ; **স্মরতি**।

বি+**স্মৃ**—to forget ; বচ ইদং মা **বিস্মর**।

হস্—to laugh

উপ+হস্, বা অপ+হস্ -to laugh at ; সর্বে হঠকারিণম্ **উপহসন্তি**, **অন্ধং মা অপহস**।

হৃ—to take (১) ; **হরতি**।

পরি+হৃ—to avoid ; স পিতরং **পরিহরতি**।

অপ+হৃ—to steal ; বারণঃ সীতাম্ **অপজহার**।

আ+হৃ -to fetch ; কানিচিৎ পুষ্পাণি লতায়াঃ **আহর**।

উৎ+হৃ—to save ; কো মাং মিত্রাদন্যঃ বিপদঃ **উদ্ধরেৎ**।

প্র+হৃ -to strike ; বালকঃ শ্বানং **প্রহরতি**।

সম্+হৃ—to kill, to check ; তূর্ণং ক্রোধং **সংহর**।

উপ+হৃ—to give as a present ; পশবঃ সিংহায় প্রত্যহং **পশুমেকম্** উপহরন্তি।

উপ+**সম্**+হৃ—to conclude ; দূতো বাচিকমুপসংহরতি।

প্রতি+**সম্**+হৃ—to withdraw, to take back ; তৎসাধু **কৃতসন্ধানং** **প্রতিসংহর** সায়কম্ (অভিজ্ঞানশকুন্তল)।

বি+অব+হৃ (২)—to use ; স বাস ইদং ব্যবহরতি।

---

(১) **উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে।**
প্রহারাহারবিহারসংহারপরিহারবৎ ॥

(২) **ব্যবহার** : Conduct ; a law suit.
বি নানার্থেঽব সন্দেহে হরণাদ্ হার উচ্যতে।
নানাসন্দেহহরণাদ্ ব্যবহার ইতি স্মৃতঃ ॥

বি+হৃ—to walk, to play ; গোপাঃ নদীতীরে বিহরন্তি।

অভি+ অব+হৃ—to eat ; বালকঃ অন্নম্ অভ বহরতি।

হ্বে—to call ; **হ্বয়তি, হ্বয়তে**।

মাতা পুত্রম্ **আহ্বয়তি** (calls)। আ+হ্বে—to challenge ; রাবণঃ রামম্ **আহ্বয়তে** (আত্মনেপদ—**স্পর্ধায়ামাঙঃ**)।

Exercise

1. *Translate into Bengali* :—

উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ। আগতং তু ভয়ং বীক্ষ্য প্রতিকুর্যাদ্ যথোচিতম্। যাবৎ প্রত্যাগচ্ছামি তাবদিহ মাং প্রতীক্ষস্ব। তদাকর্ণ্য রাজা সক্রোধং শত্রুবধং প্রতিজানীতে। শ্রমমপনিনীষুঃ স বৃক্ষমূলমধ্যাস্ত। গুরোর্যত্র পরীবাদো নিন্দা চাপি চ শ্রূয়তে। কর্ণৌ তত্র পিধাতব্যৌ গন্তব্যং বা তদন্যতঃ। প্রতিবধ্নাতি হি শ্রেয়ঃ পূজ্যপূজাব্যতিক্রমঃ। সহসা বিদধীত ন ক্রিয়ামবিবেকঃ পরমাপদাং পদম্। আগতং তু ভয়ং বীক্ষ্য প্রতিকুর্যাদ্ যথোচিতম্। শত্রুণা ন হি সন্দধ্যাৎ। ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে। বালোঽপি নাবমন্তব্যো মনুষ্য ইতি ভূমিপঃ। কোঽন্যো হুতবহাদ্ দগ্ধুং প্রভবেৎ। শৈলাধিপস্যানুচকার লক্ষ্মীম্। নিবিশতে যদি শূকশিখা পদে, সৃজতি সা কিয়তীমেব নো ব্যথাম্। বিধায় বৈরং সামর্ষে নরোঽরৌ য উদাসতে। শ্রুতমপ্যধিগম্য তে রিপূন্ বিনয়ন্তে ন শরীরজন্মনঃ। পারসীকাংস্ততো জেতুং প্রতস্থে স্থলবর্ত্মনা। ক্ষণং ভদ্রাবতিষ্ঠস্ব ততঃ প্রস্থাস্যসে পুনঃ। ততঃ প্রতস্থে কৌবেরীং ভাস্বানিব রঘুর্দিশম্। স্তুত্যং স্তুতিভিরর্থ্যাভিরুপতস্থে সরস্বতী। উত্তিষ্ঠমানং মিত্রার্থে কস্তাং ন বহুমন্যতে। ব্যতিষজতি পদার্থানান্তরঃ কোঽপি হেতুর্ন খলু বহিরুপাধীন্-প্রীতয়ঃ সংশ্রয়ন্তে। চীয়তে বালিশস্যাপি সংক্ষেত্র-পতিতা কৃষিঃ। ন শালেঃ স্তম্বকরিতা বপ্তুর্গুণমপেক্ষতে॥ সত্যোঽয়ং জনপ্রবাদো যৎ সম্পৎ সম্পদং বিপচ্চ বিপদমনুবধ্নাতীতি।

2. Make sentences with the following noting their meaning :—

অনু-কৃ, সম্-বদ্, প্রতি-ঈক্ষ্, উপ-হৃ, প্র-ক্রম্, বি-ধা, আ-যম্, পরি-বৃ, অনু-ইষ্, উৎ-পত্, আ-হ্বে, সম্-ক্রীড়্, অনু-বৃত্, পরি-বৃত্, সম্-শী, উপ-স্থা, অব-জ্ঞা, উৎ-চর্, বি-বদ্, বি-গ্রহ্, আ-রুহ্, অব-রুহ্, অনু+ইষ্, বি-রম্, নির্-ঈক্ষ্, অভি-ধা, সম্-চি, বি-চি, প্রতি-ই, বি-সৃজ্, বি-সদ্, নি-সদ্, আ-সদ্, বি-নী।

3. *Translate into Sanskrit :—*

(*a*) Read the Ramayana minutely and describe the character of Bharata. Imitate good qualities of your ancestors and shun their faults. He roamed all over India and observed old religious temples. (*b*) 'Many boys never stop to think that they will soon be men, and so they are not fitted for the duties of manhood when they come.' This was the remark made by the teacher to his pupils. (*c*) He had been a good king ; he had worked night and day for welfare of his subjects ; he was not at all selfish, so had nothing to fear. (*d*) There was no rainfall that year ; rivers, lakes and fountains dried up. There was not a speck of cloud in the sky and thunder and lightning were unknown (*e*) Our little habitation was situated at the foot of a hill, sheltered with a beautiful underwood behind and a pratting river before. (*f*) You have no right to any earthly existence without doing work of some sort or other, unless you have an ample fortune where to live, clear of debt (*g*) He was not instructed by his ministers but gave them instructions ; the diamond is not cut by any other precious stones but it cuts them.

ণিজন্ত ধাতু (*Causative Verbs*)

হেতু অর্থাৎ স্বতন্ত্র কর্তার প্রযোজক=ণিজন্ত ধাতুর কর্তা (agent of the causative verb). তাহার ব্যাপার প্রেরণাদি।

১। **হেতুমতি চ** (৩।১।২৬)—কাহাকেও কোন কার্যে নিযুক্ত বা প্রবর্তিত করাকে প্রেরণ বলে। প্রেরণ অর্থে ধাতুর উত্তর ণিচ্ হয়। ণিচ্ এর ণ্ চ্ ইৎ, ই থাকে। যথা, পচন্তং জনং প্রেরয়তি—পচ্+ণিচ্=পাচি—পাচয়তি, পশ্যন্তং প্রেরয়তি—দৃশ্+ণিচ্=দর্শি—দর্শয়তি; কুর্বন্তং জনং প্রযুঙ্ক্তে—কৃ+ণিচ্=কারি—কারয়তি। **হেতু=প্রযোজক কর্তা।**

২। **ণিচশ্চ** (১।৩।৭৪)—ক্রিয়ার ফল **কর্তৃগামী** হইলে ণিজন্ত ধাতুর উত্তর আত্মনেপদ এবং **পরগামী** হইলে ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। ইহার ফলে **কার্যতঃ ণিজন্ত ধাতু** (বিশেষ বিধান না থাকিলে) **উভয়পদী** হইয়া থাকে। আত্মনেপদে প্রয়োগ থাকিলেই 'ক্রিয়াফল কর্তৃগামী' এইরূপ বলা হয়। কলাপ প্রভৃতি পরবর্তী ব্যাকরণসমূহে 'ণিজন্ত ধাতু উভয়পদী হয়' এইরূপই বিহিত হইয়াছে।

৩। **তৎ-প্রযোজকো হেতুশ্চ** (১।৪।৫৫)—ক্রিয়াসম্পাদনকারী কর্তাকে **যে ঐ কার্য করিতে প্রবর্তিত করে,** তাহাও কর্তৃকারক। **ইহাকে প্রযোজক কর্তা বা হেতুকর্তা** এবং **যাহাকে প্রবর্তিত করে তাহাকে প্রযোজ্য কর্তা বলে।** **'কর্তৃকরণয়োস্তৃতীয়া'** এই সূত্র অনুসারে **প্রযোজক** কর্তায় সাধারণতঃ তৃতীয়া বিভক্তি হয়। যথা, রামঃ অযোধ্যাং ত্যজতি—(ণিজন্ত) কৈকেয়ী রামেণ অযোধ্যাং ত্যাজয়তি। ব্রাহ্মণঃ অন্নং পচতি—(ণিজন্ত) নৃপঃ ব্রাহ্মণেন অন্নং পাচয়তি। **পরবর্তী সূত্র ও বার্তিকাদি (৪ক—জ) কারক-প্রকরণের।**

৪। **গতি-বুদ্ধি-প্রত্যবসানার্থ-শব্দকর্মাকর্মকাণাম্ অণিকর্তা স ণৌ** (১।৪।৫২)—গমনার্থক, বোধার্থক, ভোজনার্থক, শব্দকর্মক (শব্দাত্মক বেদাদিগ্রন্থ যাহার কর্ম) ও অকর্মক ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্মকারক হয়। যথা, **গমনার্থক,** ভৃত্যঃ গ্রামং গচ্ছতি—প্রভুঃ ভৃত্যং গ্রামং গময়তি; রামঃ প্রীতিং গচ্ছতু—ত্বং রামং প্রীতিং গময় (প্রাপ্ত্যর্থক, প্রাপ্ত্যর্থক ধাতু

গমনার্থকের অন্তর্ভুক্ত)। **বোধার্থক**, শিষ্যো ধর্মং বুধ্যতে—গুরুঃ শিষ্যং ধর্মং বোধয়তি। **ভোজনার্থক**, বালকঃ অন্নং ভুঙ্‌ক্তে—মাতা বালকম্ অন্নং ভোজয়তি। **শব্দকর্মক** (১), বটুঃ বেদম্ অধীতে—আচার্যঃ বটুং বেদম্ অধ্যাপয়তি; বালকঃ পুস্তকং পঠতি—শিক্ষকঃ বালকং পুস্তকং পাঠয়তি; রামঃ শব্দং শৃণোতি—স রামং শব্দং শ্রাবয়তি। **অকর্মক**, শিশুঃ হসতি—মাতা শিশুং হাসয়তি; বৃদ্ধঃ শেতে—স বৃদ্ধং শায়য়তি। ইহাদের ণিজন্ত অবস্থার পুনরায় ণিচ্ প্রত্যয়ে কর্তায় তৃতীয়া হয়। যথা, দেবদত্তঃ যজ্ঞদত্তং গ্রামং গময়তি—স দেবদত্তেন যজ্ঞদত্তং গ্রামং গময়তি।

(ক) **নী-বহ্যোর্ন** (বা)—প্রাপ্ত্যর্থক নী ও বহ্ ধাতু গমনার্থের অন্তর্ভুক্ত হইলেও ইহাদের অণিজন্তের কর্তা ণিজন্তে কর্ম হয় না। যথা, ছাত্রঃ পুস্তকং নয়তি—শিক্ষকঃ ছাত্রেণ পুস্তকং নায়য়তি। ভৃত্যঃ ভারং বহতি—প্রভুঃ ভৃত্যেন ভারং বাহয়তি। **নিয়ন্তৃ-কর্তৃকস্য বহেরনিষেধঃ** (বা)—সারথি প্রযোজক কর্তা হইলে বহ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয়। যথা, অশ্বাঃ রথং বহন্তি, সূতঃ অশ্বান্ রথং বাহয়তি।

(খ) **আদি-খাদ্যোর্ন** (বা)—অদ্ ও খাদ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয় না। যথা, মাতা বালকেন অন্নম্ আদয়তি; রাজা মুনিনা ফলং খাদয়তি।

(গ) **ভক্ষেরহিংসার্থস্য ন** (বা)—অহিংসার্থক ভক্ষ্ ধাতুর প্রেরণ অর্থে অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয় না (২)। যথা, ব্রাহ্মণঃ অন্নং ভক্ষয়তি—রাজা ব্রাহ্মণেন অন্নং ভক্ষয়তি। **হিংসা বুঝাইলে কর্ম হয়**। যথা,

(১) শব্দকর্মণাম্—শব্দঃ (শব্দময়ঃ গ্রন্থাদিঃ) কর্ম কারকং যেষাং তেষামিত্যর্থঃ। কর্মশব্দোঽত্র কারকপরঃ ন 'কর্তরি কর্ম ব্যতিহারে' ইত্যত্রেব ক্রিয়াপরঃ, কৃত্রিমে কার্যসংপ্রত্যয়াৎ কর্মগ্রহণসামর্থ্যাচ্চ। অন্যথা হি 'গতি-বুদ্ধি-প্রত্যবসান-শব্দার্থাকর্মণাম্' ইত্যেব ব্রূয়াৎ (তত্ত্ববোধিনী)।

(২) অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয়। ভক্ষ্ ধাতু চুরাদি বলিয়া ইহার উত্তর স্বার্থে ণিচ্ এর পরে পুনরায় প্রেরণ অর্থে ণিচ্ করিলে, অণিজন্ত অবস্থায় কর্তা না হওয়ায় কর্মত্বের প্রাপ্তি ছিল না। এই জন্যই বুঝিতে হইবে, 'অণৌ' বলিতে প্রেরণ অর্থে ণিচ্-শূন্য। স্বার্থে ণিচ্ হইলেও উহা প্রকৃতপক্ষে অণিজন্ত।

বলীবর্দাঃ সস্যং ভক্ষয়ন্তি—স বলীবর্দান্ সস্যং ভক্ষয়তি। ক্ষেত্রস্থানাং যবানাং ভক্ষ্যমাণানাং হিংসা জ্ঞেয়া, তস্যামবস্থায়াং তেষাং চেতনত্বাৎ।

(ঘ) **জল্পতিপ্রভৃতীনামুপসংখ্যানম্** (বা)—জল্পতি, ভাষতে, বিলপতি প্রভৃতি শব্দকর্মক (শব্দঃ কর্ম কর্মকারকং যস্যেতি বহুব্রীহিঃ) নহে, তথাপি ইহাদের অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয়। যথা, বালকঃ ধর্মং জল্পতি—দেবদত্তঃ বালকং ধর্মং জল্পয়তি। শিষ্যঃ পাঠং ভাষতে—গুরুঃ শিষ্যং পাঠং ভাষয়তি। দেবদত্তঃ বিলপতি—যজ্ঞদত্তঃ দেবদত্তং বিলাপয়তি।

(ঙ) **দৃশেশ্চ** (বা)—দৃশ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা, ণিজন্ত অবস্থায় কর্ম হয়। যথা, শিশুঃ চন্দ্রং পশ্যতি—মাতা শিশুং চন্দ্রং দর্শয়তি।

সূত্রে জ্ঞানসামান্যার্থানামেব গ্রহণং, ন তু তদ্বিশেষার্থানাম্। তেন স্মরতিজিঘ্রতীত্যাদীনাং ন কর্মত্বম্—'গতিবুদ্ধিপ্রত্যবসানার্থ—' এই সূত্রে 'বুদ্ধ্যর্থক' শব্দদ্বারা যাহাদের অর্থ সাধারণভাবে '**জানা**' সেই সকল ধাতুকেই গ্রহণ করা হইয়াছে। গৌণভাবে **জ্ঞানার্থক** ধাতু গৃহীত হয় নাই। সেইজন্য স্মরতি (স্মরণকরে) জিঘ্রতি (ঘ্রাণ নেয়) প্রভৃতি ধাতুর কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয় না। যথা, শিশুঃ মাতরং স্মরতি—স শিশুনা মাতরং স্মারয়তি। বালিকা পুষ্পং জিঘ্রতি—স বালিকয়া পুষ্পং ঘ্রাপয়তি। **স্মরণ, ঘ্রাণ প্রভৃতি বিশেষ রকমের জ্ঞান।**

(চ) **শব্দায়তের্ন** (বা)—শব্দায় এই নামধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয় না। শব্দং করোতি=শব্দায়তে। এইরূপে কর্ম অন্তর্ভূত হওয়ায় ইহা অকর্মক (১)। এইজন্য ইহার কর্তার ণিজন্ত অবস্থায় কর্মত্বপ্রাপ্তি ছিল। যথা, দেবদত্তঃ শব্দায়তে—স দেবদত্তেন শব্দায়য়তে। দেশ কাল প্রভৃতি ভিন্ন যাহাদের কর্ম হয় না, গতিসূত্রে অকর্মক বলিতে তাহাদেরই গ্রহণ।

(ছ) **হৃ-ক্রোরন্যতরস্যাম্** (১।৪।৫৩)—হৃ ও কৃ-ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় বিকল্পে কর্মকারক হয়। যথা, ভৃত্যঃ কটং হরতি—দেবদত্তঃ

(১) তথাচোক্তম্—ধাতোরর্থান্তরে-বৃত্তে ধাত্বর্থেনোপসংগ্রহাৎ।
প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্মণোঽকর্মিকা ক্রিয়া॥

ভৃত্যেন ভৃত্যং বা কটং হারয়তি ; ভৃত্যঃ কার্যং করোতি—প্রভুঃ ভৃত্যেন ভৃত্যং বা কার্যং কারয়তি।

(জ) **অভিবাদি-দৃশোরাত্মনেপদে বেতি বাচ্যম্** (বা)—অভি-পূর্বক বদ্ ধাতু ও দৃশ্ ধাতু ণিজন্ত অবস্থায় আত্মনেপদে প্রযুক্ত হইলে প্রযোজ্য কর্তা বিকল্পে **কর্মকারক** হয়। যথা, পুত্রঃ দেবম্ অভিবদতি—পিতা পুত্রং পুত্রেণ বা দেবম্ অভিবাদয়তে ; শিশুঃ চন্দ্রং পশ্যতি—মাতা শিশুং শিশুনা বা চন্দ্রং দর্শয়তে। পরস্মৈপদে বিকল্পে হয় না। যথা, পিতা পুত্রেণ দেবম্ অভিবাদয়তি ; মাতা শিশুং চন্দ্রং দর্শয়তি।

এই সূত্রগুলি সম্বন্ধে **সরল প্রাচীন কারিকা** যথা—

গমনাহার-বোধার্থ-শব্দার্থাকর্মধাতুষু।
অণিজন্তেষু যঃ কর্তা স্যান্ণিজন্তেষু কর্ম তৎ ॥১॥
ন নী-খাদ্যদি-শব্দায়-ক্রন্দ-হ্বাঃ কর্তৃকর্মকাঃ।
তথা ভক্ষিরহিংসায়াং বহোঽসারথিকর্তৃকঃ ॥২॥
হৃ-ক্রোরপি তথা কর্তা ণিজন্তে কর্ম বা ভবেৎ।
অভিবাদি-দৃশোরেবমাত্মনে বিষয়ে পরম্ ॥৩॥

১। গমনার্থ, আহারার্থ, বোধার্থ, শব্দার্থ ও অকর্মক ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয়। ২। কিন্তু নী, খাদ্, অদ্, শব্দায়্, ক্রন্দ্, হ্বে (১), অহিংসার্থক ভক্ষ্ এবং সারথিভিন্ন কর্তৃপদবিশিষ্ট বহ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্ম হয় না। ৩। হৃধাতু, কৃধাতু এবং আত্মনেপদে অভি-বদ্ ও দৃশ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় বিকল্পে কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়। (২)

---

(১) এখানে ক্রন্দ্ ও হ্বে ধাতু সম্বন্ধে নিষেধ নিষ্প্রয়োজন, কারণ ইহারা 'শব্দঃ কর্মকারকং যস্য' এইরূপ ব্যাখ্যাবশতঃ শব্দকর্মকের অন্তর্ভুক্ত হয় না।

(২) কেহ কেহ বলিয়াছেন যে, শ্রু, গ্রহ্ ও দৃশ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্মকারক হয়। ইহাদের মধ্যে শ্রু ধাতু শব্দকর্মক বলিয়া এবং দৃশ্ ধাতু বোধার্থক বলিয়া ইহাদের সম্বন্ধে ঠিকই কথিত হইয়াছে। কিন্তু অনেকের মতেই গ্রহ্ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় কর্মকারক হয় না। ইহাদের মতে '**অজিগ্রহত্তং জনকো**

(পর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ)

ণিজন্ত ধাতু সম্বন্ধে কয়েকটি বিশেষ সূত্র

৫। **ক্রীঙ্জীনাং ণৌ** (৬।১।৪৮)—ণিচ্‌প্রত্যয় পরে থাকিলে **ক্রী**-ধাতুর, (অধি-পূর্বক) ইঙ্ ধাতুর ও জি-ধাতুর ই-কারের স্থানে (প্রাপ্ত বৃদ্ধি ঐ-কার না হইয়া) আকার হয়। **ক্রাপয়তি, অধ্যাপয়তি, জাপয়তি।**

৬। **অর্তি অর্তিহ্রী……আতাং পুগ্ণৌ** (৭।৩।৩৬)—ণিচ্‌প্রত্যয় পরে থাকিলে ঋ-ধাতু, হ্রী-ধাতু ও আকারান্ত ধাতুর পর পুক্ (=পকার) আগম হয়। **ঋ-অর্পয়তি (অর্পণম্**, অর্পিতঃ), **হ্রী—হ্রেপয়তি** (হ্রেপিতঃ)। **দা—দাপয়তি, ধা—ধাপয়তি,** মা—**মাপয়তি, যা-যাপয়তি।**

৭। **সিধ্যতেরপারলৌকিকে** (৬।১।৪৯)—ণিচ্‌প্রত্যয় পরে থাকিলে সিধ্ ধাতুর পুগন্তলঘূপধ বলিয়া ইকারের স্থানে প্রাপ্ত এ-কার না হইয়া আকার হয়। ঘটং **সাধয়তি** (নির্মাণ করিতেছে) পদং **সাধয়তি** (সূত্রদ্বারা সিদ্ধ করিতেছে)। তপঃ তাপসং **সেধয়তি** (পারলৌকিক সিদ্ধিলাভ করায়)।

৮। **চিস্ফুরোর্ণৌ** (৬।১।৫৪ —ণিচ্ প্রত্যয় পরে থাকিলে চি ধাতু ও স্ফুর ধাতুর ইকার ও উকার স্থানে বিকল্পে আকার হয়। আকার হইলে অর্তিহ্রী-সূত্রানুসারে পকার আগম হয়। **সঞ্চাপয়তি,** (সঞ্চৈ>) **সঞ্চায়য়তি, স্ফারয়তি, স্ফোরয়তি।**

৯। **বিভেতের্হেতুভয়ে** (৬।১।৫৬)—সাক্ষাৎ প্রযোজক কর্তার নিকট হইতে ভয় উৎপন্ন হইলে, ণিজন্ত ভী-ধাতুর ঈকার স্থানে প্রাপ্ত ঐ-কার না হইয়া আকার আদেশ হয়। মুণ্ডো **ভাপয়তে** (অর্তিহ্রী সূত্রে পকার আগম)। **কিন্তু পুরুষঃ সর্পেণ** শিশুং **ভায়য়তি**—এখানে ভয়ের কারণ **করণকারকস্থ 'সর্প',** কর্তা নিজে নহে।

(পূর্ব পৃষ্ঠার শেষাংশ)

ধনুষ্মন্তং' এইরূপ ভট্টিপ্রয়োগে এবং **'অযাচিতারং ন হি দেবদেবমদ্রিঃ সুতাং গ্রাহয়িতুং শশাক'** এইরূপ কালিদাস-প্রয়োগে **বোধার্থ-বশতঃ কর্মকারক** হইয়াছে। যথা, তং ধনুঃ **অজিগ্রহৎ**—তং ধনুঃ, **গ্রাহ্যত্বেন বোধিতবান্।** সুতাং গ্রাহয়িতুম্—সুতাম্ **উদ্বাহ্যত্বেন বোধয়িতুম্।** সুতরাং সাধারণতঃ ণিজন্ত গ্রহ্ ধাতুর কর্তা কর্মকারক হয় না।

১০। **ভিয়োর্হেতুভয়ে ষুক্** (৭।৩।৪০)—প্রযোজক কর্তা হইতে ভয় হইলে, ণিচ্ প্রত্যয়ে **ভী** ধাতু **ঈকারান্তই** থাকে এবং তাহার পর ষুক্ (ষ) আগম হয়। Simple বালকো মুণ্ডাৎ বিভেতি,—causative মুণ্ডো বালকং **ভীষয়তে** অথবা **ভাপয়তে** (বিভেতের্হেতুভয়ে—পূর্বসূত্র)। উভয় স্থলেই '**ভীস্ম্যো-র্হেতুভয়ে** (১।৩।৬৮) সূত্রানুসারে **আত্মনেপদ**।

১১। **নিত্যং স্ময়তেঃ** (৬।১।৫৭)—সাক্ষাৎ প্রযোজক কর্তা হইতে বিস্ময় উৎপন্ন হইলে ণিজন্ত স্মি-ধাতুর ইকার স্থানে প্রাপ্ত ঐকার না হইয়া নিত্য আকার আদেশ হয়। জটিলো **বিস্মাপয়তে**—অর্তিহ্রী ইত্যাদি সূত্রের দ্বারা প-কার আগম এবং ভীস্ম্যোর্হেতুভয়ে সূত্রে আত্মনেপদ।

১২-১৩। **দোষো ণৌ** (৬।৪।৯০), **বা চিত্তবিরাগে** (৬।৪ ৯১)—ণিচ্প্রত্যয় পরে থাকিলে দুষ্ ধাতুর উপধা উকারের স্থানে প্রাপ্ত গুণ ও-কার না হইয়া দীর্ঘ উকার আদেশ হয়। যথা,—বাদী পরসিদ্ধান্তং **দূষয়তি**। কিন্তু চিত্তবৈরাগ্য প্রকাশার্থে বিকল্পে উ-কার হয়, পক্ষে যথাপ্রাপ্ত ওকার হয়। যথা—**কোপঃ চিত্তং** (মনঃ প্রজ্ঞাং বুদ্ধিং বা) **দূষয়তি দোষয়তি** বা।

১৪। **মিতাং হ্রস্বঃ** (৬।৪।৯২)—ণিচ্প্রত্যয় পরে থাকিলে অমন্ত ও ঘটাদি পারিভাষিক ('**ঘটাদযো মিতঃ**') মকারলোপি ধাতুর উপধা স্বর হ্রস্ব হয়; অন্ত্য-স্বরের ও উপধা অকারের বৃদ্ধি হয় না—**গময়তি, দময়তি, নময়তি, রময়তি, শময়তি** ইত্যাদি। ঘটাদি—**ঘটয়তি, ত্বরয়তি, জনয়তি ব্যথয়তি** ইত্যাদি।

১৫। **শদেরগতৌ তঃ** (৭।৩।৪২)—গমনার্থ না বুঝাইলে শদ-ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয়ে দ-কার স্থানে ত-কার হয়—**শাতয়তি** (ছেদন করে), আর **শাদয়তি**—গমন করায়।

১৬। **রুহঃ পোঽন্যতরস্যাম্** (৭।৩।৪৩)—ণিচ্ প্রত্যয়ে রুহ্ ধাতুর হ-কার স্থানে বিকল্পে প-কার আদেশ হয়। **রোহয়তি, রোপয়তি**।

১৭। **ধূঞ্প্রীঞোঃ (ণৌ) নুগ্ বক্তব্যঃ** (বা)—ণিচ্ প্রত্যয়ে ধূ-ধাতু ও প্রীধাতুর বিকল্পে ন-আগম হয়। **ধূনয়তি, ধাবয়তি, প্রীণয়তি, প্রায়য়তি**।

ধূ-ধাতু স্বাদি, ক্র্যাদি ও তুদাদিগণীয়। স্বাদিগণীয়তে ধূয়ের দীর্ঘ ঊ হ্রস্ব হয়। এই ধূ-ধাতুর বিভিন্নগণে প্রয়োগের একটি সুন্দর শ্লোক **কবিরহস্যে** আছে—

> **ধুনোতি** চম্পকবনানি **ধুনোত্যশোকং**
> চূতং **ধুনাতি ধুবতি** স্ফুটিতাতিমুক্তম্।
> বায়ুর্**বিধূনয়তি** চম্পকপুষ্পরেণূন্
> যৎকাননে **ধবতি** চন্দনমঞ্জরীশ্চ ॥

১৮। **পাতের্লুগ্ বক্তব্যঃ** (বা)—ণিচ্ প্রত্যয়ে **রক্ষার্থক পা** (পাতি) ধাতুর উত্তর ল-কার আগম হয়। **পালয়তি**। আর **পানার্থক পা** (পিবতি) ধাতুর উত্তর য-কার আগম হয়। **পায়য়তি**।

১৯। **রঞ্জের্ণৌ মৃগরমণে নলোপো** বক্তব্যঃ (বা)—ণিচ্প্রত্যয়ে মৃগয়া (পশুবধ) অর্থে রঞ্জ ধাতুর ন এর লোপ হয়। **রজয়তি** মৃগান্ ব্যাধঃ। মৃগয়া ভিন্ন অন্য অর্থে ন-লোপ হয় না—**রঞ্জয়তি** (তৃপ্ত করিতেছে) মৃগান্ তৃণদানেন।

কতিপয় ণিজন্ত ধাতুর প্রয়োগ (অর্থসহ)

১। **ই** (ইণ্ to go)—**ণৌ গমিরবোধনে** (২।৪।৩৬)— গমন করা' অর্থে অদাদিগণীয় ণিজন্ত **ই-ধাতুর স্থানে গম্ হয়, কিন্তু বোধার্থে হয় না**। যথা, ই+ণিচ্+লট্ তি=**গময়তি (গমন করায়)**; যথা, প্রভুঃ ভৃত্যং গ্রামং গময়তি। প্রতি-ই+ণিচ্+লট্ তি=**প্রত্যায়য়তি (বুঝাইয়া দেয়)**। বোধার্থে প্রতি-পূর্বক ব্যবহার। যথা, গুরুঃ শিষ্যং শাস্ত্রং প্রত্যায়য়তি। বলবত্তু দূয়মানং প্রত্যায়য়তীব মাং হৃদয়ম্ (শাকুন্তলে)।

ঘট্—ঘট্ ধাতু দুইটি—একটি ভ্বাদি আত্মনেপদী এবং অন্যটি চুরাদি পরস্মৈপদী। ণিচ্ প্রত্যয়ে ভ্বাদি ঘট্ ধাতুর **'ঘটয়তি'** হয়, কিন্তু চুরাদি ঘট্ ধাতুর **ঘাটয়তি** হয়। ইহাদের অর্থগত প্রভেদ যথা, দৈবং সর্বং **ঘটয়তি (সঙ্ঘটিত করে)**; দৌবারিকঃ দ্বারং **ঘাটয়তি** (যুক্ত=**বন্ধ করে**)।

চল্—কম্পন অর্থে মিৎ। **চলয়তি**—কম্পিত করে; যথা, বায়ুঃ পত্রং চলয়তি। **চালয়তি**—বিকৃত করে; যথা, লোভঃ মতিং চালয়তি।

জ্ঞা—মারণ, তোষণ ও তীক্ষ্ণীকরণ অর্থে মিৎ। **জ্ঞপয়তি**—মারে, তুষ্ট করে বা তীক্ষ্ণ করে। **জ্ঞাপয়তি**—জানায়। যথা, রাজা শত্রুং জ্ঞপয়তি, বীরঃ অস্ত্রং জ্ঞপয়তি ; দূতঃ নৃপং জ্ঞাপয়তি, বিজ্ঞাপনা ভর্তৃষু সিদ্ধিমেতি, তজ্জ্ঞাপয়ত্যাচার্যঃ।

জ্বল্—উপসর্গ পূর্বে না থাকিলে বিকল্পে অকার দীর্ঘ হয়। যথা, **জ্বলয়তি, জ্বালয়তি** বা। কিন্তু **উপসর্গ পূর্বে থাকিলে অকার দীর্ঘ হয় না।** যথা, প্রজ্জ্বলয়তি, উজ্জ্বলয়তি। **কথং তর্হি-প্রজ্বালয়তি** দীপান্? প্রজ্জ্বালং করোতীতি **ঘঞন্তাৎ করোত্যর্থে ণিচ্।**

দুষ্—দোষো ণৌ, বা চিত্তবিরাগে (৬।৪।৯০,৯১)—ণিচ্ হইলে দুষ্ ধাতুর উকার দীর্ঘ হয়, কিন্তু চিত্তবিকার বুঝাইতে বিকল্পে ওকার হয়। যথা, **দূষয়তি**—খারাপ করে ; **প্রাবৃট্ জলং দূষয়তি। দোষয়তি বা দূষয়তি**—চিত্তবিকার জন্মায় ; যথা, **লোভঃ চিত্তং দোষয়তি দূষয়তি বা।**

ধ্বন্—'বাজায়' বা 'শব্দ করায়' এইরূপ অর্থে ইহার অকার দীর্ঘ হয় না, কিন্তু 'অব্যক্ত শব্দ করা' অর্থে অকার দীর্ঘ হয়। যথা, স **ঘণ্টাং ধ্বনয়তি** (বাজায়) ; স **ধ্বানয়তি** (অব্যক্ত শব্দ উচ্চারণ করে)।

নট্—নটয়তি—নাচায় ; যথা, স হিংস্রানপি নটয়তি। **নাটয়তি**—অভিনয় করে ; যথা, রাজা শরসন্ধানং নাটয়তি।

নম্—উপসর্গ পূর্বে থাকিলে বিকল্পে অকার দীর্ঘ হয়, কিন্তু উপসর্গ পূর্বে থাকিলে দীর্ঘ হয় না। যথা, রামঃ ঐশং ধনুঃ **নময়তি নাময়তি** বা ; পিতা পুত্রেণ শিবং **প্রণময়তি।**

পা—ণিচ্ করিলে ভ্বাদি (পিবতি=পান করা) পা ধাতুর **পায়য়তি** এবং অদাদি (পাতি=রক্ষা করা) পা ধাতুর **'পালয়তি'** হয়। যথা, গোপালঃ গাঃ জলং পায়য়তি ; রাজা প্রজাঃ পালয়তি।

ভী—প্রযোজক **কর্তা নিজেই ভয়ের কারণ** হইলে—**ভীষয়তে** বা **ভাপয়তে।** প্রযোজক কর্তা নিজে ভয়ের কারণ না হইয়া **অন্য কিছু দ্বারা**

ভয় দেখাইলে—**ভায়য়তি**। যথা, সর্পঃ বালকং ভীষয়তে ভাপয়তে বা; স দণ্ডেন বালকং ভায়য়তি। বিভেতের্হেতুভয়ে (আকারদেশ হয়) (৬।১।৫৬) ভীস্ম্যোর্হেতুভয়ে (আত্মনেপদ) (১।৩।৬৮)।

মদ্—মদয়তি—সন্তুষ্ট করে; যথা যূনঃ শ্রীঃ মদয়তি। **মাদয়তি**—মত্ত করে, সম্পৎ দরিদ্রান্ মাদয়তি।

রঞ্জ্—রজয়তি—মৃগয়া (পশু শিকার) করে; যথা, ব্যাধঃ মৃগান্ রজয়তি। **রঞ্জয়তি**—তৃপ্ত করে, রং করে অথবা **পশু ভিন্ন (পাখী) শিকার করে**। যথা, বসন্তঃ ভ্রমরান্ রঞ্জয়তি; ধাবকঃ বস্ত্রং রঞ্জয়তি; ব্যাধঃ খগান্ রঞ্জয়তি।

রুহ্—রুহঃ পোঽন্যতরস্যাম্—রোহয়তি, রোপয়তি বা।

শদ্—শাতয়তি—ছেদন করে; যথা, স কুঠারেণ বৃক্ষান্ শাতয়তি। **শাদয়তি—গমন করা**। যথা, গোপঃ গাঃ শাদয়তি (গমন করাইতেছে)। **শদেরগতৌ তঃ** (৭।৩।৪২)।

শম্—শময়তি—শান্ত করে, **শ্রবণ করে**; যথা, কালঃ ক্রোধং শময়তি; সুতপ্তমপি পানীয়ং শময়ত্যেব পাবকম্। **শাময়তি**—দর্শন করে। **শমো দর্শনে** (গ। দর্শন করে; যথা, বৎস, শকুন্তলাবণ্যং নিশাময়। ইদং তীর্থং ভরদ্বাজ নিশাময়।

সিধ্—সাধয়তি—নিষ্পন্ন করে (**ইহলোকের বিষয়ে**); যথা, পাচকঃ **অন্নং** সাধয়তি; প্রযত্নঃ অভীষ্টকার্যং সাধয়তি। **সেধয়তি**—সিদ্ধ করে (**পারলৌকিক বিষয়ে**); যথা, তপঃ তাপসং সেধয়তি। (**সিধ্যতের-পারলৌকিকে** (৬।১।৪৯)।

স্মি—প্রযোজক কর্তা নিজেই বিস্ময়ের কারণ হইলে—**বিস্মাপয়তে**; যথা, জটিলঃ শিশুং বিস্মাপয়তে। প্রযোজক কর্তা নিজে বিস্ময়ের কারণ না হইয়া অন্য কিছুর সাহায্যে বিস্মিত করিলে—**বিস্মায়য়তি**; যথা, স পাণ্ডিত্যেন সর্বং বিস্মায়য়তি; রূপেণ সা জগৎ বিস্মায়য়তি। **কথং তর্হি 'বিস্মাপয়ন্** বিস্মিতমাত্মবৃত্ত্যা' ইতি কালিদাসপ্রয়োগঃ? অত্র **'বিস্মায়য়ন্' ইত্যেব**

পাঠ ইতি সাম্প্রদায়িকাঃ। যথা, মনুষ্যবাক্ বিস্মপয়তে তয়া সিংহঃ **বিস্মাপয়ন্ ইতি ণ্যন্তাৎ ণৌ শতৃপ্রত্যয়েন সিদ্ধ**মেতদিত্যন্যে।

স্মৃ—উৎকণ্ঠাপূর্বক স্মরণ অর্থে বৃদ্ধি হয় না। **স্মরয়তি**—উৎকণ্ঠার সহিত স্মরণ করাইয়া দেয়। যথা, বিপদ্ ভগবন্তং স্মরয়তি। **স্মারয়তি**—স্মরণ করাইয়া দেয়। গুরুঃ শিষ্যেণ শাস্ত্রং স্মারয়তি।

স্বার্থে ণিচ্—নিবৃত্তপ্রেষণাদ্‌ধাতোঃ প্রাকৃতেঽর্থে ণিজুচ্যতে—প্রেরণ (কাহাকেও দিয়া করান) অর্থ না থাকিলে যাবতীয় সকর্মক ধাতুর উত্তর (১) **স্বার্থে প্রেরণামূলক ণিচ্ হয়**। যথা, প্রার্থয়ন্তি শয়নোত্থিতং প্রিয়াঃ (মাঘঃ)। এইস্থানে প্রপূর্বক চুরাদি আত্মনেপদী ধাতুর সার্বধাতুক ণিচ্-এর পরে 'হেতুমতি চ' সূত্রে ণিচ্ হইয়া উহা পরস্মৈপদ হইয়াছে। এইরূপ, দশবর্ষসহস্রাণি **রামো রাজ্যমকারয়ৎ**; ধনিকঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যস্তু পঞ্চমঃ। পঞ্চ যত্র ন বিদ্যন্তে **তত্র বাসং ন কারয়েৎ**। **পৃষ্ঠতঃ সেবয়েদর্কং** জঠরেণ হুতাশনম্। এই সকল স্থলে **স্বার্থে ণিচ্** প্রত্যয় হইয়াছে। ণিজন্তের অর্থ নাই।

কতিপয় ণিজন্ত ধাতু

(লট্—প্রথম পুরুষ, একবচন)

অধি-ই—অধ্যাপয়তি	দৃশ্—দর্শয়তি	রম্—রময়তি
ই—গময়তি	ধা—ধাপয়তি	রুহ্—রোহয়তি, রোপয়তি
ঋ—অর্পয়তি	ধূ—ধূনয়তি	লভ্—লম্ভয়তি
কথ্—কথয়তি	নম্—নময়তি	বস্—বাসয়তি
কৃ—কারয়তি	নী—নায়য়তি	বহ্—বাহয়তি
ক্রী—ক্রাপয়তি	পচ্—পাচয়তি	ব্যথ্—ব্যথয়তি
গম্—গময়তি	পঠ্—পাঠয়তি	ব্রূ or বচ্—বাচয়তি

(১) তথাচ দীক্ষিতপাদাঃ—**নিবৃত্তপ্রেষণাদ্ ধাতোঃ হেতুমন্ণৌ শুদ্ধেন তুল্যোঽর্থঃ**। তেন **প্রার্থয়ন্তি** শয়নোত্থিতং প্রিয়া **ইত্যাদি সিদ্ধম্**। এবং সকর্মকেষু সর্বেষু উহ্যম্ ইতি।

গৈ—গাপয়তি
চি—চাপয়তি, চায়য়তি
ছিদ্—ছেদয়তি
জন্—জনয়তি
জি—জাপয়তি
জ্বল্—জ্বলয়তি
জাগৃ—জাগরয়তি
ত্বর্—ত্বরয়তি
দা—দাপয়তি
দম্—দময়তি

পত্—পাতয়তি
পা (to drink) —পায়য়তি
পা (to protect) —পালয়তি
প্রী—প্রীণয়তি
ভূ—ভাবয়তি
ভ্রম্—ভ্রময়তি
মুচ্—মোচয়তি
যা—যাপয়তি

শ্রু—শ্রাবয়তি
সিধ্—সাধয়তি, সেধয়তি
স্থা—স্থাপয়তি
স্না—স্নাপয়তি, স্নপয়তি
স্ফুর্—স্ফারয়তি, স্ফোরয়তি
স্মৃ—স্মারয়তি, স্মরয়তি
হন্—ঘাতয়তি
হৃ—হারয়তি
হ্রী—হ্রেপয়তি
হ্বে—হ্বায়য়তি

Exercise

1. *State the circumstances where* প্রযোজ্য কর্তা *becomes the object.*

2. *Give the causative forms of the following roots :—*

হন্, অধি-ই, হা, হ্বে, গম্, ঋ, রুহ্, শ্রু, জ্ঞা, লভ্, নী, ভী *and* প্রী।

3. *Distinguish between :—*

দূষয়তি, দোষয়তি ; নিশময়তি, নিশাময়তি ; পায়য়তি, পালয়তি ; ভায়য়তি, ভীষয়তে ; চলয়তি, চালয়তি ; শাদয়তি, শাতয়তি ; জ্ঞাপয়তি, জ্ঞপয়তি ; নাটয়তি, নটয়তি ; মদয়তি, মাদয়তি।

4. *Turn into causal forms :—*

শিশবঃ চন্দ্রং পশ্যন্তি। শিষ্যঃ বেদম্ অধীতে। অশ্বাঃ রথং বহন্তি। দরিদ্রঃ ধনং গৃহ্ণাতু। বালকঃ কুসঙ্গং ত্যজতি। বয়ম্ অন্নং খাদামঃ। ব্রাহ্মণঃ যজ্ঞম্ অকরোৎ। ভৃত্যঃ ভারং বহতি। দশরথঃ যজ্ঞং চকার। বালকৌ গৃহে তিষ্ঠতঃ। বালিকা অন্ধায় বস্ত্রং দদাতি।

5. *Translate into Sanskrit :—*

(*a*) The wise accomplish their purpose with great care. He could not tolerate the ridicule of his class-fellows. The king caused a dog to eat the prisoner. We should not put anybody to shame before his friends. (*b*) The battle having come to an end, the gods who were present in their chariot having departed after showering divine flowers, a universal rejoicing took place over the whole world. (*c*) Then returning from a long absence after slaying his enemy he delighted his mother who was eager to behold him, as Rama did Kousalya. The citizens welcomed him and then he adorned the throne of his father. (*d*) While the peasants were digging the earth, a yaksha, in stature like a mountain, rose up beneath it and said, 'O king, this treasure, which I have so long guarded, belongs to thee.

সনন্ত ধাতু (*Desiderative Verbs*)

১। **ধাতোঃ কর্মণঃ সমানকর্তৃকাদিচ্ছায়াং বা** (৩।১।৭)—ইষ্ ধাতুর সমানকর্তৃক ধাতুর উত্তর সেই বিষয়ক ইচ্ছা বুঝাইতে বিকল্পে সন্ হয়। সন্ এর স থাকে। **সন্ প্রত্যয়ান্ত ধাতু পূর্ব ধাতু হইতে স্বতন্ত্র।** এইজন্য ইহার রূপ পূর্বধাতুর রূপের ন্যায় নহে। **সন্ প্রত্যয়ান্ত ধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর ন্যায়।** যথা, পঠিতুম্ ইচ্ছতি (পা+সন্+লট্ তি)= পিপঠিষতি। পাতুমিচ্ছতি (পা+সন্+লট্ তি)=পিপাসতি, লোট্—পিপাসতু, লঙ্—অপিপাসৎ, বিধিলিঙ্ -পিপাসেৎ, লৃট্—পিপাসিষ্যতি। লিট্ বিভক্তিতে (প্রত্যয়ান্ত বলিয়া) আম্ হয় এবং আম্ এর পরে কৃ, ভূ ও অস্ এর অনুপ্রয়োগ হয়। যথা, পিপাসাঞ্চকার, পিপাসামাস, পিপাসাম্বভূব।

২। **অচেতনস্য ইচ্ছায়া অসম্ভবেঽপি উপচারাৎ সন্**—যদিও অচেতন পদার্থের ইচ্ছা সম্ভব নহে, তথাপি তৎসম্বন্ধীয় ইচ্ছা কল্পনা করায় তখন ধাতুর উত্তর সন্ হয়। যথা, নদীকূলং পতিতুমিচ্ছতি পতনোন্মুখং ভবতি—**নদীকূলং পিপতিষতি।** এইরূপ, **গৃহং নিনঙ্ক্ষতি** ইত্যাদি স্থলে **উন্মুখতা অর্থ বুঝায়।**

৩। **আশঙ্কায়াং সন্ বক্তব্যঃ** (বা)—প্রকৃতপক্ষে ইচ্ছা আছে কিনা না জানা গেলেও যদি ঐরূপ আশঙ্কা হয় অর্থাৎ **সম্ভাবনা** থাকে, তাহা হইলেও ধাতুর উত্তর সন্ হয়। যথা, শ্বা মুমূর্ষতি। (The dog is on the point of death)।

৪। **পূর্ববৎ সনঃ** (১।৩।৬২)—যে ধাতু যে পদী সন্ প্রত্যয় করিলে সেই ধাতু সেই পদীই থাকে। যথা, পঠ্ ধাতু পরস্মৈপদী, এইজন্য পিপাঠিষ্ ধাতুও পরস্মৈপদী—**পিপঠিষতি**; লভ্ ধাতু আত্মনেপদী, এইজন্য লিপ্স্ (লভ্+সন্) ধাতুও আত্মনেপদ—**লিপ্সতে।**

৫। **জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ** (১।৩।৫৭)—কিন্তু **জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু সনন্ত হইলে আত্মনেপদী হয়।** যথা, **জিজ্ঞাসতে, শুশ্রূষতে সুস্মূর্ষতে, দিদৃক্ষতে।**

কতিপয় সন্ প্রত্যয়ান্ত ধাতু

অদ্—জিঘৎসতি	দৃশ্—দিদৃক্ষতে	রভ্—রিপ্সতে
আপ্—ঈপ্সতি	ধৃ—দিধীর্ষতি,-তে	রুদ্—রুরুদিষতি
অধি-ই—অধিজিগাংসতে	নিন্দ্—নিনিন্দিষতি	রুহ্—রুরুক্ষতি
কৃ—চিকীর্ষতি-তে	নম্—নিনংসতি	লভ্—লিপ্সতে
গম্—জিগমিষতি	নী—নিনীষতি	লিখ্—লিলেখিষতি
গৈ—জিগাসতি	নৃত্—নিনর্ত্তিষতি,	বস্ বিবৎসতি
গ্রহ্—জিঘৃক্ষতি,-তে	নিনৃৎসতি	বহ্—বিবক্ষতি,-তে
চি—চিচীষতি,-তে	পত্—পিপতিষতি,	শক্—শিশক্ষতি,-তে

ছিদ্—চিচ্ছিৎসতি,-তে	প্রচ্ছ্—পিপৃচ্ছিষতি	শী—শিশয়িষতে
জি—জিগীষতি	বদ্—বিবদিষতি	শ্রু—শুশ্রূষতে
জীব্—জিজীবিষতি	ব্রূ or বচ্—বিবক্ষতি	স্বপ্—সুষুপ্সতি
জ্ঞা—জিজ্ঞাসতে	বিদ্—বিবিদিষতি	স্থা তিষ্ঠাসতি
তৄ—তিতীর্ষতি	ভিদ্—বিভিৎসতি,-তে	সেব্—সিষেবিষতে
তিতরিষতি, তিতরীষতি	ভূ—বুভূষতি	হন্—জিঘাংসতি
দহ্—দিধক্ষতি	ভুজ্—বুভুক্ষতি,-তে	হৃ—জিহীর্ষতি,-তে
দা—দিৎসতি,-তে	মা—মিৎসতি	স্মৃ—সুস্মূর্ষতে

৬। **গুপ্-তিজ্-কিদ্ভ্যঃ সন্** (৩।১।৫)—গুপ্, তিজ্ ও কিত্ ধাতুর উত্তর **স্বার্থে নিত্য সন্ হয়**। যথা, সাধুঃ অধর্মং জুগুপ্সতে (নিন্দতি); মুনিঃ অপরাধং তিতিক্ষতে (সহতে); বৈদ্যঃ আতুরং চিকিৎসতি ; শিষ্যঃ শাস্ত্রে চিকিৎসতি (সন্দেগ্ধি)।

৭। **মান্-বধ-দান্-শান্ভ্যো দীর্ঘশ্চাভ্যাসস্য** (৩।১।৬)—মান্, বধ, দান্ ও শান্ ধাতুর উত্তর নিত্য স্বার্থে সন্ হয় এবং দ্বিরুক্তের পূর্বভাগের স্বর দীর্ঘ হয়। যথা, শিষ্যঃ শাস্ত্রং মীমাংসতে (বিচারয়তি); সাধুঃ ব্যাধং বীভৎসতে (নিন্দতি); মুনিঃ দীদাংসতি (অকুটিলীভবতি); ভটঃ খড়্গং শীশাংসতি (তীক্ষ্ণীকরোতি)।

৮। ইচ্ছা-সনন্তাৎ ধাতোঃ পরঃ পুনঃ ইচ্ছা-সন্ ন ভবতি ইচ্ছায়াম্ ইচ্ছান্তরাসম্ভবাৎ। ইচ্ছার্থে সমন্তধাতুর পর পুনরায় ইচ্ছার্থে সন্ হয় না। উক্তং চ হরিণা।

শৈষিকাদ্ মতুবর্থীয়াচ্ছৈষিকো মতুবর্থিকঃ।
সরূপঃ প্রত্যয়ো নেষ্টঃ সনন্তান্ন সনিষ্যতে।

স্বার্থ-সনন্তাৎ ধাতোঃ পরন্তু ইচ্ছা-সন্ ভবত্যেব। যথা, চিকিৎসিতুমিচ্ছতি—স্বার্থে সনন্ত চিকিৎসতি, পরে ইচ্ছার্থে সন্ প্রত্যয়ে **চিকিৎসিষতি** ; এইরূপ **জুগুপ্সিষতে, মীমাংসিষতে**।

৯। **অ প্রত্যয়াৎ** (৩।৩।১০২)—সন্-প্রভৃতি প্রত্যয়ান্ত ধাতুর উত্তর ভাববাচ্যে **স্ত্রীলিঙ্গে অ** প্রত্যয় **হয়**। যথা, পাতুম্ ইচ্ছা—পা+সন্+অ, স্ত্রিয়াং

টাপ্=**পিপাসা**। এইরূপ—**চিকীর্ষা, দিদৃক্ষা, বুভুক্ষা, জিজ্ঞাসা, লিপ্সা, দিৎসা, শুশ্রূষা, জিগমিষা, বিবক্ষা**। সর্বত্র **অজাদ্যতষ্টাপ**।

১০। **সনাশংসভিক্ষ উঃ** (৩।২।১৬৮)—সন্ প্রত্যয়ান্ত ধাতু, আ-শনস্ ধাতু এবং ভিক্ষ্ ধাতুর উত্তর উ প্রত্যয় হয়। যথা, পাতুমিচ্ছুঃ—পা+সন্+উ= পিপাসুঃ। এইরূপ—বুভুক্ষুঃ, জিজ্ঞাসুঃ, লিপ্সুঃ, দিৎসুঃ শুশ্রূষুঃ, সিষাসুঃ, দিদৃক্ষুঃ।

Exercise

1. *Translate into major vernacular :—*

শুশ্রূষস্ব গুরূন্ কুরু প্রিয়সখীবৃত্তিং সপত্নীজনে। প্রভুর্বুভূষু র্ভুবনত্রয়স্য যঃ। সদা মে সংশয়ং বৎস মীমাংসন্তে স্ম পণ্ডিতাঃ। শ্রমমপনিনীষবস্তে বটমূলমধিশেরতে। বালকোঽয়ং ন পুনরত্র তিষ্ঠাসতি। প্রথমবুভুক্ষায়ামিদং নিঃস্বাদু স্নায়ুবন্ধনমেব খাদামি। সুচিরমারুরুক্ষুস্তং বনস্পতিম্ আ মূলাদপশ্যৎ। অপি ভবান্ দারানপি জিহাসতি। গুরো যিযক্ষোঃ কপিলেন মেধ্যে রসাতলং সংক্রমিতে তুরঙ্গে। তদর্থমুর্বীমবদারয়দ্ভিঃ পূর্বৈঃ কিলায়ং পরিবর্ধিতো নঃ। অন্বেষ্যুরাত্মানুচরস্য ভাবং জিজ্ঞাসমানা মুনিহোমধেনুঃ। গঙ্গাপ্রপাতান্তনিরূঢ়শস্পং গৌরীগুরোর্গহ্বরমাবিবেশ॥ ন্যবর্তয়ৎ সুমিত্রাভূস্তং চিকীর্ষুং জগৎক্ষয়ম্। তেজঃ ক্ষাত্রং বিবৃণ্বন্তং দিধক্ষন্তমিবানলম্॥

2. *Substitute single words for :—*

লব্ধুমিচ্ছন্তি, গ্রহীতুমিচ্ছতি, দ্রষ্টুমিচ্ছতি, জ্ঞাতুমিচ্ছতি, মর্তুমিচ্ছন্তি, স্নাতুমিচ্ছামি, পঠিতুমৈচ্ছেৎ, জেতুমিচ্ছেৎ, দগ্ধুমিচ্ছন্তি, দাতুমিয়েষ, বিজেতুমিচ্ছতি, অধিকর্তুমিচ্ছন্তি, আপ্তুমৈচ্ছৎ, শ্রোতুমৈচ্ছম্।

3. *Distinguish between :—*

শিক্ষতি, শিক্ষতে; অধিজিগমিষতি, অধিজিগাংসতে; সংজিগমিষতি, সংজিগাংসতে; পিংসতি, পিংসতে; অধিজিগমিষতি, অধীষিষতি।

4. *Translate into Sanskrit :—*

(*a*) Wish to conquer your mind first. If it is once con-

quered, all the other senses will be conquered thereby. (*b*) Chandragupta was one of the most powerful sovereings that ever ruled in India. He was determined to bring the neighbouring rulers into subjection. (*c*) Fie upon those who wait upon rich men and flatter them to gain some selfish end. (*d*) Rama said, 'I now desire to begin my work since there is much to be done.' (*e*) One day he was wandering through the forest with some comrades ; he stopped to pluck a wild flower and lost sight of his friends. (*f*) The king wished to protect the oppressed but his efforts were frustrated by the mean-minded ministers. (*g*) India was in ancient times famous for her precious things and learning. Men from different countries came to India to see them and to acquire her learning. *h*) The chief minister was a merciful man. He wished to save the queens and hid them in a cave which was on the side of a hill.

যঙন্ত ধাতু (*Frequentative Verbs*)

১ **ধাতোরেকাচো হলাদেঃ ক্রিয়াসমভিহারে যঙ্** (৩।১।২২) পৌনঃপুন্যঃ ভৃশার্থশ্চ **ক্রিয়াসমভিহারঃ**। একস্বরবিশিষ্ট ব্যঞ্জনাদি ধাতুর উত্তর পৌনঃপুন্য (frequency) ও আতিশয্য (intensity) অর্থে বিকল্পে যঙ্ হয়। ঙ্ ইৎ যায়, এইজন্য যঙন্ত ধাতু আত্মনেপদী। ণিজন্ত ও সনন্তের ন্যায় **যঙন্তও পূর্বধাতু হইতে স্বতন্ত্র ধাতু।** ইহার **রূপ ভ্বাদিগণীয় আত্মনেপদী ধাতুর ন্যায়।** লিট্ বিভক্তিতে (প্রত্যয়ান্ত বলিয়া) আম্ হয় এবং আম্ এর পরে কৃ. ভূ এবং অস্ ধাতুর অনুপ্রয়োগ হয়। যথা, **পুনঃ পুনঃ** পঠতি (অথবা ভৃশং পঠতি)—পঠ্ + যঙ্ + লট্ তে=পাপঠ্যতে ; পক্ষে বাক্য থাকে। লোট্—পাপঠ্যতাম্, লঙ্—অপাপঠ্যত, বিধিলিঙ্—পাপঠ্যেত, লৃট্—পাপঠিষ্যতে, লিট্—পাপঠ্যাঞ্চক্রে,

পাপঠ্যাম্বভূব, পাপঠ্যামাস। একাচঃ কিম্—পুনঃ পুনঃ জাগর্তি। হলাদেঃ কিম্—ভৃশমীক্ষতে।

(ক) **রুচি-শুভোস্তু ভৃশার্থে ন**—আতিশয্য অর্থে রুচ্ ও শুভ্ ধাতুর উত্তর যঙ্ হয় না। যথা, ভৃশং রোচতে, ভৃশং শোভতে। পৌনঃপুন্যে তু স্যাদেব। যথা, পুনঃ পুনঃ রোচতে—রোরুচ্যতে, পুনঃ পুনঃ শোভতে—শোশুভ্যতে।

(খ) **সূচি-সূত্রি-মূত্র্যট্যর্ত্যশূর্ণোতিভ্যো যঙ্ বাচ্যঃ** (বা)—সূচ্ (to hint), সূত্র (to string together), মূত্র (to make water), অট্ (to walk), ঋ (to go), অশ্ (to eat), ঊর্ণু (to conceal) এই সাতটি ধাতু একস্বর বা হলাদি না হইলেও ইহাদের উত্তর যঙ্ হয়। যথা, সোসূচ্যতে, সোসূত্র্যতে, মোমূত্র্যতে, অটাট্যতে, অরার্যতে, অশাশ্যতে, প্রোর্ণোনূয়তে। সোপসর্গাৎ মা ভূৎ—ভৃশং প্রাটতি।

২। **নিত্যং কৌটিল্যে গতৌ** (৩।১।২৩)—গমনার্থক ধাতুর উত্তর **বক্রগতি** অর্থে যঙ্ হয়, ক্রিয়াসমভিহারে হয় না। যথা, বক্রং গচ্ছতি—জঙ্গম্যতে, কুটিলং ব্রজতি—বাব্রজ্যতে, কুটিলং ক্রামতি—চঙ্ক্রম্যতে। বক্রগতৌ কিম্? পুনঃ পুনঃ (অতিশয়েন বা) গচ্ছতি কিন্তু (এস্থলে যঙ্ হইবে না।) পুনঃ পুনঃ (অতিশয়েন বা) বক্রং গচ্ছতি ইত্যত্র জঙ্গম্যতে ইতি স্যাদেব।

৩। **লুপ-সদ-চর-জপ-জভ-দহ-দশ-গৄভ্যো ভাবগর্হায়াম্** (৩।১।২৪)—**নিন্দিত** বা **গর্হিত** ভাবে ক্রিয়ানুষ্ঠান বুঝাইলে লুপ্ প্রভৃতি আটটি ধাতুর উত্তর যঙ্ হয়, ক্রিয়াসমভিহারে হয় না। যথা, গর্হিতং লুম্পতি—লোলুপ্যতে (cuts awkwardly), কুৎসিতং সীদতি—সাসদ্যতে (falls down badly), গর্হিতং চরতি—চঞ্চূর্যতে (goes badly), গর্হিতং জপতি—জঞ্জপ্যতে, গর্হিতং জভতি—জঞ্জভ্যতে, গর্হিতং দহতি—দন্দহ্যতে, গর্হিতং দশতি—দন্দশ্যতে, কুৎসিতং গিরতি গিলতি বা—জেগিল্যতে। যত্তু **দন্দহ্যতে** লোকমদো দুঃখাকরোতি মাম্।

কতিপয় যঙন্ত ধাতু

অট্—অটাট্যতে	দা—দেদীয়তে	বদ্—বাবদ্যতে
অশ্—অশাশ্যতে	দীপ্—দেদীপ্যতে	বৃৎ—বরীবৃত্যতে
কুপ্—চোকুপ্যতে	দৃশ্—দরীদৃশ্যতে	বশ্—বাবশ্যতে
কৃ—কোকূয়তে, চোকূয়তে	ধ্মা—দেধ্মীয়তে	বস্—বাবস্যতে
ক্ব—চেক্রীয়তে	নম্—নংনম্যতে	শাস্—শাশাস্যতে
কৃত্—চরীকৃত্যতে	নী—নেনীয়তে	শী—শাশয্যতে
কৃষ্—চরীকৃষ্যতে	নৃত—নরীনৃত্যতে	শুচ্—শোশুচ্যতে
ক্রন্দ্—চাক্রন্দ্যতে	পচ্—পাপচ্যতে	শ্রু—শোশ্রূয়তে
ক্রম্—চঙ্ক্রম্যতে	পত্—পনীপত্যতে	শ্বি—শোশূয়তে, শেশ্বীয়তে
গদ্—জাগদ্যতে	পা—পেপীয়তে	সদ্—সাসদ্যতে
গম্—জঙ্গম্যতে	প্রচ্ছ্—পরীপৃচ্ছ্যতে	সিচ্—সেসিচ্যতে
গৈ জেগীয়তে	ব্রূ—বাবচ্যতে	স্তু—তোষ্টূয়তে
গ্রহ্—জরীগৃহ্যতে	ভুজ্—বোভুজ্যতে	স্রন্স্—সনীস্রস্যতে
ঘ্রা—জেঘ্রীয়তে	ভূ—বোভূয়তে	স্থা—তেষ্ঠীয়তে
চর্—চঞ্চূর্য্যতে	ভ্রম্—বম্ভ্রম্যতে	স্মৃ—সাস্মর্য্যতে
চল্—চঞ্চল্যতে	মন্থ্—মামথ্যতে	স্বপ্—সোষুপ্যতে
চি—চেচীয়তে	যজ্—যাযজ্যতে	হন্—জঙ্ঘন্যতে (গত্যর্থে), জেঘ্নীয়তে (হিংসার্থে)
জি · জেজীয়তে	যম্—যংযম্যতে	
জ্বল্—জাজ্জ্বল্যতে	রুদ্—রোরুদ্যতে	হস্—জাহস্যতে
তপ্—তাতপ্যতে	লস্জ্—লালজ্জ্যতে	হা—জেহীয়তে
দন্শ্—দন্দশ্যতে	লিখ্—লেলিখ্যতে	হ্বৃ—জেহ্রীয়তে
দহ্—দন্দহ্যতে	বঞ্চ্—বনীবচ্যতে	হ্বে—জোহূয়তে

Exercise

1. *Substitute single words for :—*

পুনঃ পুনঃ পঠতি, ভৃশং পচন্তি, ভৃশম্ অটতি, অতিশয়েন অহরৎ, পুনঃ পুনঃ জায়ন্তে, কুটিলম্ অগচ্ছৎ, গর্হিতং দশন্তি, পুনঃ পুনঃ অসিঞ্চম্, পুনঃ পুনঃ অকুর্বন্, পুনঃ পুনঃ পশ্যেৎ, পুনঃ পুনঃ অহরন্, পুনঃ পুনঃ চকার, পুনঃ পুনঃ দ্রক্ষ্যতি।

2. *Distinguish between :—*

পুনঃ পুনঃ গচ্ছতি, জঙ্গম্যতে ; ভৃশং দশতি, দন্দশ্যতে ; জেঘ্নীয়তে, জজ্ঞন্যতে।

3. *Translate into Sanskrit :—*

(*a*) The king wished to conquer all his enemies again and again The sun shone very brightly in the clear sky. Fire burns very brightly at night. Why are you weeping again and again ? (b) He told them again and again all the glories of the pond. And they heard what he said and exclaimed, "All right, sir ! we wish to see it." (*c*) Then the old crane took the fish first to the bank of the pond and struck it repeatedly, with his beak to kill it. (*d*) In that manner he took all the fish one by one and ate them. But there was still a crab left behind there. The crane thought that he would eat him too. (*e*) The king Dhritarastra cried again and again to hear the news of the battle-field and left in haste, his city for the battlefield being surrounded by thousands of women wailing bitterly. (*f*) O best of men, remove by your wisdom the sorrow that has risen in the mind of Yudhisthira ; those like you are the persons for calming the bewildered people.

নামধাতু (*Nominal Verbs*)

নাম অর্থাৎ ধাতু ভিন্ন অন্য শব্দের উত্তর যথাবিহিত প্রত্যয়যোগে সেই শব্দগুলি ধাতু সংজ্ঞাপ্রাপ্ত হইলে তাহাদিগকে **নামধাতু** বলে। নামধাতুও সনন্ত-যঙন্তাদির ন্যায় প্রত্যয়ান্ত ধাতুর অন্তর্গত—**সনাদ্যন্তা ধাতবঃ** (৩।১।৩২)।

ক্যচ্

১। **সুপ আত্মনঃ ক্যচ্** (৩।১।৮)—আত্মসংক্রান্ত ইচ্ছা বুঝাইলে ইষ্ ধাতুর কর্মকারকের উত্তর বিকল্পে **ক্যচ্** হয়। ক্ ও চ্ ইৎ, য থাকে। ইহার রূপ ভ্বাদিগণীয় পরস্মৈপদী ধাতুর ন্যায়; ক্যচ্ প্রত্যয়ে শব্দের অন্তস্থিত অ আ, ও ই স্থানে ঈ, উ স্থানে ঊ এবং ঋ স্থানে রী হয়। যথা, আত্মনঃ **পুত্রমিচ্ছতি**—পুত্রীয়তি। এখানে ক্যচ্ প্রত্যয়ে 'পুত্রীয়' এই নামধাতু গঠিত হইয়াছে। ইহার রূপ—লট্—**পুত্রীয়তি**; লোট্—পুত্রীয়তু; লঙ্—অপুত্রীয়ৎ; বিধিলিঙ্—পুত্রীয়েৎ; লৃট্—পুত্রীয়িষ্যতি; লিট্—পুত্রীয়াঞ্চকার, পুত্রীয়াম্বভূব, পুত্রীয়ামাস, লুঙ্—অপুত্রীয়ীৎ। এইরূপ—কন্যাম্ ইচ্ছতি—**কন্যীয়তি**, জ্ঞানমিচ্ছতি—**জ্ঞানীয়তি**, গাম্ ইচ্ছতি—**গব্যতি**, নাবম্ ইচ্ছতি—**নাব্যতি**, দধি ইচ্ছতি—দধীয়তি, পিতরম্ ইচ্ছতি—পিত্রীয়তি, কর্তারম্ ইচ্ছতি—কর্ত্রীয়তি, গার্গ্যম্ ইচ্ছতি—গার্গীয়তি, **রাজানম্ ইচ্ছতি—রাজীয়তি**, লিহম্ ইচ্ছতি—লিহ্যতি, দুহম্ ইচ্ছতি—দুহ্যতি, বাচম্ ইচ্ছতি—বাচ্যতি, পুমাংসম্ ইচ্ছতি—পুংস্যতি, ধনুঃ ইচ্ছতি—ধনুষ্যতি, যশ ইচ্ছতি—যশস্যতি, ত্বামিচ্ছতি—**ত্বদ্যতি**, মাম্ ইচ্ছতি—**মদ্যতি**, যুষ্মান্ ইচ্ছতি—**যুষ্মদ্যতি**, অস্মান্ ইচ্ছতি—**অস্মদ্যতি**, গিরম্ ইচ্ছতি—গীর্যতি, পুরম্ ইচ্ছতি—পূর্যতি, অমুম্ ইচ্ছতি—**অদস্যতি**, সমিধমিচ্ছতি—সমিধ্যতি, দিবমিচ্ছতি—দিব্যতি, আত্মানং সাধুমিচ্ছতি—সাধূয়তি, আত্মানং কবিমিচ্ছতি—কবীয়তি।

২। **মান্ত-প্রকৃতিক-সুবন্তাদ্ অব্যয়াচ্চ ক্যচ্ ন**—(সুবন্ত) মকারান্ত শব্দ ও অব্যয়ের উত্তর ক্যচ্ হয় না। যথা কিম্ ইচ্ছতি, স্বঃ ইচ্ছতি। কাম্যচ্ তু স্যাদেব।

৩। **অশনায়োদন্য-ধনায়া বুভুক্ষা-পিপাসা-গর্ধেষু** (৭।১।৫১)—ক্যচ্ প্রত্যয় হইলে বুভুক্ষা অর্থে অশন স্থানে অশনায়, পিপাসা অর্থে উদকস্থানে উদন্য, লোভ অর্থে ধনস্থানে ধনায় হয়। যথা, অশনং বুভুক্ষতে (ভোক্তুমিচ্ছতি বা) —অশনায়তি, উদকং পিপাসতি (পাতুম্ ইচ্ছতি বা)—**উদন্যতি,** অতিলোভাৎ ধনম্ ইচ্ছতি -**ধনায়তি** লুব্ধঃ। অন্যত্র, অশনং লব্ধুম্ ইচ্ছতি—অশনীয়তি, উদকমিচ্ছতি স্নাতুম্—**উদকীয়তি,** ধনমিচ্ছতি দাতুম্—**ধনীয়তি**।

৪। **নমো-বরিবশ্চিত্রঙঃ ক্যচ্** (৩।১।১৯)—নমস্ শব্দের উত্তর 'পূজা করা' অর্থে, বরিবস্ শব্দের উত্তর 'পরিচর্যা করা' অর্থে এবং চিত্র শব্দের উত্তর 'আশ্চর্যান্বিত করা' অর্থে **ক্যচ্** হয়। যথা, নমঃ করোতি—**নমস্যতি** দেবান্ (পূজয়তীত্যর্থঃ) ; বরিবঃ করোতি—**বরিবস্যতি** গুরূন্ (সেবতে ইত্যর্থঃ) ; চিত্রং করোতি - **চিত্রীয়তে** (বিস্ময়তে বিস্মাপয়তে বা)। ক্যচ্ প্রত্যয়ে আত্মনেপদ হইবে, এইজন্য চিত্র শব্দের উত্তর ঙ্ অনুবন্ধ সূত্রে নিবিষ্ট হইয়াছে।

৫। **অশ্ব-ক্ষীর-বৃষ-লবণানামাত্মপ্রীতৌ ক্যচি** (৭।১।৫১)—আত্মপ্রীতি অর্থে অশ্ব, ক্ষীর, বৃষ ও লবণ শব্দের উত্তর ক্যচ্ হয় এবং ক্যচ্ হইলে ইহাদের উত্তর অস্ আগম হয়। যথা, অশ্বমিচ্ছতি—**অশ্বস্যতি বড়বা** (কামেচ্ছয়া) ; বৃষমিচ্ছতি—**বৃষস্যতি গৌঃ** (কামেচ্ছয়া) **অশ্ববৃষযোর্মৈথুনেচ্ছায়াম্** (১) ; ক্ষীরমিচ্ছতি—**ক্ষীরস্যতি বটুঃ** (লালসায়াম্) ; লবণমিচ্ছতি—**লবণস্যতি উষ্ট্রঃ** (লালসায়াম্)। আত্মপ্রীতৌ কিম্ ? **ক্ষীরীয়তি** মঙ্গলার্থম্। **ক্ষীর-লবণয়োর্লালসায়াম্**।

৬। **সর্বপ্রাতিপদিকানাং ক্যচি লালসায়াম্ সুগসুকৌ** (বা)—লালসা (অর্থাৎ উৎকট ইচ্ছা) বুঝাইতে ক্যচ্ প্রত্যয় হইলে সকল শব্দের উত্তরই সুক্ এবং অসুক্ আগম হয়। যথা, দধি অত্যর্থম্ ইচ্ছতি—দধিস্যতি দধ্যস্যতি বা ; মধু অত্যর্থম্ ইচ্ছতি—মধুস্যতি মধ্বস্যতি বা।

(১) ননু 'ইতি রামো বৃষস্যন্তীং সুন্দরীং তামবোচত' ইতি প্রয়োগা মনুষ্যবিষয়ে কথং সংগচ্ছতে ? অত্রাহুঃ—অশ্ববৃষরূপ-প্রকৃত্যর্থ-পরিত্যাগেন মৈথুনেচ্ছৈব সূত্রার্থঃ। অতএব 'বৃষস্যন্তী তু কামুকী ইতি' কোষোঽপি স্বরসতঃ এব সংগচ্ছতে ইতি। (তত্ত্ববোধিনী)

৭। **উপমানাদাচারে** (৩।১।১০)—আচরণ অর্থে কর্মবাচক উপমান শব্দের উত্তর বিকল্পে **ক্যচ্** হয়। যথা, **পুত্রমিব আচরতি—পুত্রীয়তি ছাত্রম্**; সখায়মিব আচরতি—সখীয়তি ভৃত্যম্; রিপুমিব আচরতি—রিপূয়তি বন্ধুম্; মাতরমিব আচরতি—মাত্রীয়তি পরস্ত্রীম্; **পিতরমিব আচরতি—পিত্রীয়তি গুরুম্**। বিষ্ণুমিব আচরতি—বিষ্ণূয়তি দ্বিজম্। আত্মানং কৈলাসমিব আচরন্তি—কৈলাসীয়ন্তি পর্বতাঃ।

৮। **অধিকরণাচ্চেতি বক্তব্যম্** (বা)—আচরণ অর্থে অধিকরণবাচক (সপ্তমী বিভক্ত্যন্ত) উপমানের উত্তরও বিকল্পে **ক্যচ্** হয়। যথা, **প্রাসাদে ইব আচরতি—প্রাসাদীয়তি** কুট্যাং ভিক্ষুঃ। **রাজনি ইব আচরতি—রাজন্যতি** গুরৌ; পর্যঙ্কে ইব আচরতি—পর্যঙ্কীয়তি মঞ্চকে দরিদ্রঃ, চক্রিণি ইব আচরতি—চক্রিণ্যতি শিবে।

কাম্যচ্

৯। **কাম্যচ্চ** (৩।১।৯)—**আত্মসংক্রান্ত** ইচ্ছা বুঝাইলে ইষ্ ধাতুর কর্মকারকের উত্তর বিকল্পে **কাম্যচ্** প্রত্যয় হয়। যথা, আত্মনঃ পুত্রমিচ্ছতি—পুত্রকাম্যতি। কাম্যচ্ প্রত্যয়ান্ত ধাতুর রূপ ভ্বাদিগণীয় পরস্মৈপদী ধাতুর ন্যায়। যথা, লট্—পুত্রকাম্যতি; লোট্—পুত্রকাম্যতু; লঙ্—অপুত্রকাম্যৎ; বিধিলিঙ্—পুত্রকাম্যেৎ; লৃট্—পুত্রকাম্যিষ্যতি; লিট্—পুত্রকাম্যাঞ্চকার, পুত্রকাম্যাম্বভূব, পুত্রকাম্যামাস; লুঙ্—অপুত্রকাম্যীৎ। এইরূপ—কন্যামিচ্ছতি—কন্যাকাম্যতি, জ্ঞানমিচ্ছতি—জ্ঞানকাম্যতি, মুক্তিমিচ্ছতি—মুক্তিকাম্যতি, কিম্ ইচ্ছতি—কিংকাম্যতি, স্বঃ ইচ্ছতি—স্বঃকাম্যতি। আত্মনো যশ ইচ্ছতি—যশস্কাম্যতি, আত্মনঃ সর্পিঃ ইচ্ছতি—সর্পিষ্কাম্যতি, ধনমিচ্ছতি—ধনকাম্যতি। আত্ম সংক্রান্ত ইচ্ছা না হইলে কাম্যচ্ হয় না। যথা, পুত্রস্য পুত্রমিচ্ছতি, শিষ্যস্য জ্ঞানমিচ্ছতি।

ক্যঙ্

১০। **কর্তুঃ ক্যঙ্ সলোপশ্চ** (৩।১।১১)—**আচরণ অর্থে** কর্তৃবাচক উপমান শব্দের উত্তর বিকল্পে ক্যঙ্ হয়; ইহাতে সকারান্ত শব্দের অন্ত্য সকারের

লোপ হয়। **ঙ্ অনুবন্ধ বশতঃ ক্যঙ্ প্রত্যয়ান্ত শব্দে আত্মনেপদী**। রূপ ভ্বাদিগণীয় ধাতুর ন্যায়। ক্যঙ্ প্রত্যয় করিলে শব্দের অন্তস্থিত হ্রস্ব স্বর দীর্ঘ, ঋ স্থানে রী এবং ন্-এর লোপ হয়। যথা, **পুত্রঃ ইব আচরতি—পুত্রায়তে শিষ্যঃ**; পিতেব আচরতি—**পিত্রীয়তে**; শিশুরিব আচরতি—শিশূয়তে বৃদ্ধঃ; **রাজা ইব আচরতি—রাজায়তে** দরিদ্রঃ; গুর্বী ইব আচরতি—গুরূয়তে নারী (পুংবদ্ভাব); এরণ্ডোঽপি দ্রুমায়তে; কাকোঽপি গরুড়ায়তে; ত্বমিব আচরতি—**ত্বদ্যতে**; ক্রোধী শাম্যতি বাদী **মুকতি** রঙ্কতি ক্ষিতিপতি বৈশ্বানরঃ **শীততি** দুর্জনঃ **সুজনতি** ক্ষিপ্রাঙ্গঃ **খঞ্জতি** ..(ইতি রুদ্রযামলে)।

এইরূপ—মদ্যতে; যুষ্মদ্যতে, অস্মদ্যতে, নাব্যতে, গব্যতে। হরিণীব আচরতি—হরিতায়তে, যুবতিরিব আচরতি—যুবায়তে। এইরূপ অপ্সরা ইব আচরতি—**অপ্সরায়তে**। সলোপ সম্বন্ধে নিয়ম—

ওজসো ঽপ্সরসো নিত্যমিতরেষাং বিভাষয়া।
সকারস্যেষ্যতে লোপঃ শব্দশাস্ত্রবিচক্ষণৈঃ ॥

—কুব্জিকা অপি **অপ্সরায়তে**; ওজঃ ইব (ওজস্বী ইব) আচরতি—**ওজায়তে**; সত্যম্ ওজায়িতং ত্বয়া। পয় ইব আচরতি—পয়ায়তে, পয়স্যতে; যশ ইব আচরতি—যশায়তে, যশস্যতে; বিদ্বান্ ইব আচরতি—বিদ্বায়তে বিদ্বস্যতে। **সপত্নী ইব (শত্রুরিব) আচরতি—সপত্নায়তে, সপত্নী ইব (সমান-স্বামিক ইব) আচরতি—সপতীয়তে, সপত্নী ইব (নিত্যস্ত্রীলিঙ্গঃ)—সপত্নীয়তে**।

১১। **সর্বপ্রাতিপদিকেভ্যঃ ক্বিপ্ বা বক্তব্যঃ**—সকল প্রাতিপদিকের উত্তরই ক্যঙ্প্রত্যয় স্থানে বিকল্পে ক্বিপ্ হয়। যথা, হরিরিব আচরতি—হরয়তি (ক্বিপি শপ্), বিষ্ণুরিব আচরতি—বিষ্ণবতি, মালেব আচরতি— মালাতি, **পিতেব আচরতি—পিতরতি**; এইরূপ—কৃষ্ণতি, গজতি, অশ্বতি, ভৃত্যঃ প্রভবতি, মিত্রাণি রিপবন্তি, রবিঃ বিধবতি, পুত্রতি, শিষ্যতি। **অবগল্ভ-ক্লীব-হোড়েভ্য আত্মনেপদম্**—অবগল্ভায়তে, অবগল্ভতে; ক্লীবায়তে, ক্লীবতে; হোড়ায়তে, হোড়তে।

১২। **ভৃশাদিভ্যো ভুব্যচ্বের্লোপশ্চ হলঃ** (৩।১।১২)—চ্বিপ্রত

শূন্য ভৃশপ্রভৃতি (১) শব্দের উত্তর অভূততদ্ভাব অর্থে বিকল্পে ক্যঙ্ প্রত্যয় হয়। ইহাতে শব্দের অন্তস্থিত ব্যঞ্জনবর্ণের লোপ হয়। যথা, অভৃশঃ ভৃশঃ ভবতি—ভৃশায়তে, অশীঘ্রো শীঘ্রো ভবতি—শীঘ্রায়তে, অচপলঃ চপলো ভবতি—চপলায়তে, অমন্দো মন্দো ভবতি—মন্দায়তে, **অপণ্ডিতঃ পণ্ডিতো ভবতি—পণ্ডিতায়তে,** অনুৎসুকঃ উৎসুকঃ ভবতি—উৎসুকায়তে অসুমনাঃ সুমনাঃ ভবতি—সুমনায়তে (২), **অদুর্মনাঃ দুর্মনাঃ ভবতি— দুর্মনায়তে, অনুন্মনাঃ উন্মনাঃ ভবতি—উন্মনায়তে।**

১৩। লোহিতাদি-ডাজ্‌ভ্যঃ ক্যষ্‌ (৩।১।১৩)—চ্বিপ্রত্যয়শূন্য লোহিত প্রভৃতি শব্দের উত্তর অভূততদ্ভাব অর্থে এবং ডাচ্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর বিকল্পে ক্যষ্‌ হয়। ক্যষ্‌ প্রত্যয়ান্ত ধাতু উভয়পদী (বা ক্যষঃ)। যথা, অলোহিতো লোহিতো ভবতি—লোহিতায়তি, লোহিতায়তে; এইরূপ মল্লায়তি, মল্লায়তে; মন্দায়তি, মন্দায়তে; ফেনায়তি, ফেনায়তে। ডাচ্‌প্রত্যয়ান্ত—পটপটায়তি, পটপটায়তে; দমদমায়তি, দমদমায়তে।

১৪। কষ্টায় ক্রমণে (৩।১।১৪)—চতুর্থ্যন্ত কষ্ট শব্দের উত্তর 'উৎসাহ' অর্থে ক্যঙ্ হয়। যথা, **কষ্টায় ক্রমতে—কষ্টায়তে (পাপং কর্তুম্ উৎসহতে ইত্যর্থঃ)।** সত্র-কক্ষ-কষ্ট-কৃচ্ছ্র-গহনেভ্যঃ কণ্ব-চিকীর্ষায়ামিতি বক্তব্যম্। সত্রপ্রভৃতির এবং কণ্ব শব্দের অর্থ পাপ। পাপ করিবার ইচ্ছা বুঝাইতে সত্রপ্রভৃতি শব্দের উত্তর ক্যঙ্ হয়। যথা, পাপং চিকীর্ষতি—সত্রায়তে, কক্ষায়তে ইত্যাদি (অস্বপদবিগ্রহ)।

১৫। কর্মণো রোমন্থ-তপোভ্যাং বর্তিচরোঃ (৩।১।১৫)—হনুচলনে ইতি বক্তব্যম্। উদ্গারপূর্বক চর্বণ অর্থে রোমন্থ শব্দের উত্তর এবং চরণ (অনুষ্ঠান করা) অর্থে তপস্ শব্দের উত্তর ক্যঙ্ হয়। যথা, রোমন্থং বর্তয়তি—**রোমন্থায়তে**

(১) ভৃশপ্রভৃতি—ভৃশ, শীঘ্র, মন্দ, চপল, পণ্ডিত, উৎসুক, উন্মনস্, অভিমনস্, সুমনস্, দুর্মনস্, রহস্, শশ্বৎ, বেহৎ, তৃপৎ, শুচিস্ ওজস্, বর্চস্।

(২) একবচনান্ত সুমনাঃ শব্দের অর্থ পণ্ডিত; আর স্ত্রীলিঙ্গ বহুবচনান্ত সুমনসঃ শব্দের অর্থ পুষ্প (ফুল)।

গৌঃ। কীটো রোমন্থং বর্তয়তি—এখানে উদ্গারপূর্বক চর্বণ না থাকায় ক্যঙ্ হয় না। তপঃ চরতি—**তপস্যতি (তপসঃ পরস্মৈপদং চ)।**

১৬। **বাষ্পোষ্মভ্যামুদ্বমনে** (৩।১।১৬)—বাষ্পম্ উদ্বমতি—বাষ্পায়তে। উষ্মাণমুদ্বমতি—উষ্মায়তে। **ফেনাচ্চ**—ফেনমুদ্বমতি—**ফেনায়তে।**

১৭। **শব্দ-বৈর-কলহাভ্র-কণ্ব-মেঘেভ্যঃ করণে** (৩।১।১৭)—'করা' অর্থে ক্যঙ্ হয়। যথা, শব্দং করোতি—**শব্দায়তে** (পক্ষে তৎ করোতীতি ণিজপি, তেন **শব্দয়তি** ইতি ন্যাসঃ). বৈরং করোতি—**বৈরায়তে**। এইরূপ—**কলহায়তে**, অভ্রায়তে, কণ্বায়তে, মেঘায়তে। সুদিন-দুর্দিন-নীহারেভ্যশ্চ—যথা, সুদিনং করোতি—**সুদিনায়তে।** এইরূপ—দুর্দিনায়তে, নীহারায়তে।

১৮। **সুখাদিভ্যঃ কর্তৃবেদনায়াম্** (৩।১।১৮)—'অনুভব করা' অর্থে সুখ-প্রভৃতি শব্দের উত্তর ক্যঙ্ হয়। যথা, **সুখমনুভবতি (বেদয়তে)**—**সুখায়তে।** এইরূপ—**দুঃখায়তে, কৃচ্ছ্রায়তে,** প্রতীপায়তে।

ণিঙ্

১৯। **পুচ্ছ-ভাণ্ড-চীবরাণ্ ণিঙ্** (৩।১।২০)—পুচ্ছাদুদসনে ব্যসনে পর্যসনে চ। ভাণ্ডাৎ সমাচয়নে। চীবরাদর্জনে পরিধানে চ। উৎক্ষেপণ প্রভৃতি অর্থে পুচ্ছ শব্দের উত্তর, রাশীকরণ অর্থে ভাণ্ডশব্দের উত্তর এবং অর্জন বা পরিধান অর্থে চীবর শব্দের উত্তর ণিচ্ হয়। **ঙ্ অনুবন্ধ হেতু আত্মনেপদী**। যথা, পুচ্ছমুৎক্ষিপতি উৎপুচ্ছয়তে, পুচ্ছং বিক্ষিপতি—বিপুচ্ছয়তে, পুচ্ছং পরিক্ষিপতি—পরিপুচ্ছয়তে; ভাণ্ডানি সমাচিনোতি—সংভাণ্ডয়তে (রাশীকরোতীত্যর্থঃ); চীবরম্ অর্জয়তি পরিদধাতি বা—সংচীবরয়তে ভিক্ষুঃ।

ণিচ্

২০। **মুণ্ড-মিশ্র-শ্লক্ষ্ণ-লবণ-ব্রত-বস্ত্র-হল-কল-কৃত-তূস্তেভ্যো ণিচ্** (৩।১।২১)—মুণ্ডপ্রভৃতির উত্তর 'করা' অর্থে ণিচ্ হয়। যথা, মুণ্ডং করোতি—মুণ্ডয়তি মাণবকম্; মিশ্রং করোতি—মিশ্রয়তি অন্নম্; শ্লক্ষ্ণং করোতি—**শ্লক্ষ্ণয়তি**

বস্ত্রম্ ; লবণং করোতি—লবণয়তি ব্যঞ্জনম্ ; ব্রতং করোতি—ব্রতয়তি পয়ঃ (ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ), ব্রতয়তি শূদ্রান্নম্ (ন ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ) ; বস্ত্রেণ সমাচ্ছাদয়তি—সংবস্ত্রয়তি ; হলিং (মহৎ হলং) গৃহ্ণাতি—হলয়তি ; কলিং (কলহং) গৃহ্ণাতি—কলয়তি ; কৃতং গৃহ্ণাতি—কৃতয়তি ; বিতূস্তং (ধূলিরহিতং) করোতি—বিতূস্তয়তি পন্থানং বাতঃ, বিতূস্তয়তি (বিজটীকরোতি) কেশান্ বালিকা।

২১। সত্যাপ-পাশ-রূপ-বীণা-তুল-শ্লোক-সেনা-লোম-ত্বচ-বর্ম-বর্ণ-চূরাদিভ্যো ণিচ্ (৩।১।২৫)—সত্য-প্রভৃতি শব্দের উত্তর যথা শ্রুত অর্থে ণিচ্ হয়। যথা, সত্যং করোতি আচষ্টে বা—সত্যাপয়তি ; (অর্থবেদয়োরপি আপুগ্ বক্তব্যঃ) অর্থং করোতি আচষ্টে বা—অর্থাপয়তি (সত্যমিদং প্রত্যায়য়তি ইত্যর্থঃ) ; বেদং করোতি—বেদাপয়তি ; পাশং বিমুঞ্চতি—বিপাশয়তি ; রূপং পশ্যতি—রূপয়তি ; বীণয়া উপগায়তি—উপবীণয়তি ; তূলেন (কার্পাসেন) অনুকুষ্ণাতি—অনুতূলয়তি (তৃণাগ্রং তূলেন অনুঘট্টয়তীত্যর্থঃ) ; শ্লোকৈঃ উপস্তৌতি—উপশ্লোকয়তি ; সেনয়া অভিযাতি—অভিষেণয়তি, লোমানি অনুমার্ষ্টি—অনু-লোময়তি ; ত্বচং গৃহ্ণাতি—ত্বচয়তি ; বর্মণা সংনহ্যতি—সংবর্ময়তি ; বর্ণং গৃহ্ণাতি—বর্ণয়তি ; চূর্ণৈঃ অবধ্বংসয়তি—অবচূর্ণয়তি ; চুরাদিভ্যঃ স্বার্থে ণিচ্—পূজয়তি, চিন্তয়তি, অর্থয়তে।

২২। তৎকরোতি তদাচষ্টে (বা)—প্রাতিপদিকাদ্ ধাত্বর্থে, বহুলম্। তৎকরোতি এবং 'তৎ আচষ্টে' এইরূপ অর্থে প্রাতিপদিকের উত্তর ণিচ্ হয়। **ইষ্ঠবচ্চ**—ইষ্ঠপ্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের যেরূপ পুংবদ্ভাব, রভাব, টিলোপ, বিন্ মতুপ্ লোপ, প্র-স্থ-প্রভৃতি আদেশ এবং ভসংজ্ঞা হয়, ণিচ্ প্রত্যয়েও সেইরূপ হইয়া থাকে। যথা, স্থূলং করোতি—স্থবয়তি, যুবানং করোতি—যবয়তি কনয়তি বা, অন্তিকং করোতি—নেদয়তি, বাঢ়ং করোতি—সাধয়তি, বৃদ্ধং করোতি—জ্যাপয়তি বর্ষয়তি বা, প্রিয়ং করোতি—প্রাপয়তি, স্থিরং করোতি—স্থাপয়তি, স্ফিরং করোতি—স্ফাপয়তি, উরুং করোতি—বরয়তি বারয়তি বা বহুলং করোতি—বংহয়তি, গুরুং করোতি—গরয়তি, দীর্ঘং করোতি—দ্রাঘয়তি, দূরং করোতি—

দবয়তি (১), পৃথুং করোতি—প্রথয়তি, দৃঢ়ং করোতি—দ্রঢয়তি, প্রশ্নং করোতি—প্রশ্নয়তি ; প্রশস্তং করোতি—প্রশস্তয়তি (ইহ-শ্র-জ্যো ন উপসর্গস্য পৃথক্করণে:)। কুমারীম্ আচষ্টে—কুমারয়তি, মাতরম্ আচষ্টে—**মাতয়তি**, স্রগ্বিণমাচষ্টে—স্রজয়তি, শ্রীমন্তং শ্রীমতীং বা আচষ্টে—শ্রায়য়তি, শ্যেনীম্ আচষ্টে—শ্যেতয়তি, হরিণীমাচষ্টে—হরিতয়তি, আশিষম্ আচষ্টে—আশিষয়তি, বিদ্বাংসম্ আচষ্টে—বিদ্বয়তি। বহুলগ্রহণাৎ, **আখ্যানকৃদন্তাৎ তদাচষ্ট ইতি ণিচ্**—যথা, কথকঃ কংসস্য বধমাচষ্টে—কথকঃ কংসং ঘাতয়তি ; বলেঃ বন্ধনম্ আচষ্টে—বলিং বন্ধয়তি ; রাজাগমনম্ আচষ্টে—রাজানম্ আগময়তি।

কণ্ড্বাদি-ধাতু

১। **কণ্ড্বাদিভ্যো যক্** (৩।১।২৭)—কণ্ডূঞ্ প্রভৃতি ধাতুর উত্তর স্বার্থে নিত্য যক্ হয়। **কণ্ডূঞ্**—গাত্রঘর্ষণ করা। লট্—কণ্ডূয়তি কণ্ডূয়তে বা। **মন্তু**—অপরাধ করা ; লট্—মন্তূয়তি। **বল্গু**—পূজা করা, লট্—বল্গূয়তি। **অসূঞ্**—দ্বেষ করা ; লট্—অসূয়তি, অসূয়তে। **সুখ**—সুখী হওয়া ; লট্—সুখ্যতি। **দুঃখ**—ক্লিষ্ট হওয়া ; লট্—দুঃখ্যতি। **ভিষজ্**—চিকিৎসা করা ; লট্—ভিষজ্যতি, ভিষজ্যতে। **মহীঙ্**—পূজিত হওয়া ; লট্—মহীয়তে। **হৃণীঙ্**—লজ্জিত হওয়া ; লট্—হৃণীয়তে। **উরস্**—বলবান্ হওয়া ; লট্—উরস্যতি। **সপর**—পূজা করা ; লট্—সপর্যতি।

Exercise

1. *Translate into a major vernacular :—*

দিশি মন্দায়তে তেজো দক্ষিণস্যাং রবেরপি। তস্যামেব রঘোঃ পাণ্ড্যাঃ প্রতাপং ন বিষেহিরে॥ পুত্রীয়তা তেন বরাঙ্গনাভিরানায়ি বিদ্বান্ ক্রতুষু ক্রিয়াবান্। অসতো দণ্ডয়ন্ রাজা প্রেত্য লোকে মহীয়তে। গর্দভতি শ্রুতি-পরুষং ব্যক্তং নিনদন্ মহাত্মনাং পুরতঃ। নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে। চন্দ্রায়তে শুক্লরুচাপি হংসো হংসায়তে চারুগতেন কান্তা। কান্তায়তে

(১) বাত্তিকে বহুলগ্রহণাৎ 'দূরয়তি' ইত্যপি। তথাচ বামনঃ—বহুলগ্রহণাৎ দূরয়তীতি।

স্পর্শসুখেন বারি বারীয়তে স্বচ্ছতয়া বিহায়ঃ॥ চক্ষুর্যস্তেঽভিতো লক্ষাম্ অস্মাংশ্চাতিশেরতে। ভূময়ন্তি স্বসামর্থ্যং কীর্তিং নঃ কনয়ন্তি চ॥ স মূঢ়ঃ পঙ্কয়ত্যপঃ।

2. *Distinguish between :—*

পুত্রীয়তি, পুত্রায়তে; অশনীয়তি, অশনায়তি; রাজায়তে, রাজীয়তি, রাজন্যতি; সুখায়তে, সুখীয়তি; চপলয়তি, চপলায়তে; মাত্রীয়তি, মাত্রীয়তে; অশ্বীয়তি অশ্বস্যতি; রাজনতি, রাজীয়তি; উদকীয়তি, উদন্যতি।

3. *Substitute single words for :—*

তপঃ চরতি; অমন্দাঃ মন্দাঃ ভবন্তি; প্রশ্নমকরোৎ; শব্দং চকার; নমঃ করিষ্যতি; সুখং বেদয়তে; হস্তিনা অতিক্রমাতি; ভ্রম ইব আচরতু; ধূমমুদ্বমন্তি; কলহম্ অকুর্বন্; বিদ্বান্ ইব আচরতি; পিতা ইব আচরতি; পিতরমিব আচরতি; দূরং কুর্যাৎ; অন্তিকং করিষ্যন্তি। লবণমিচ্ছতি; অত্যর্থং দধি ইচ্ছতি; স্বাম্ ইচ্ছতি; রোমন্থং বর্তয়তি; অদুর্মনাঃ দুর্মনাঃ ভবতি; রাজনি ইব আচরতি; ভাণ্ডানি সমাচিনোতি; বর্মনা সংনহ্যতি; বীণয়া উপগায়তি; কংসস্য বধম্ আচষ্টে; আলোহিতঃ লোহিতঃ ভবতি।

4. *Translate into Sanskrit :—*

(*a*) He treats the orphans as his own children. The king Dasaratha had no son; so he performed a sacrifice to have a son. Poison acts as nectar and nectar as poison according to the desire of God. Cows are chewing the cud under the shade of the tree. (*b*) Lying on the bed of arrows, looking like a fire that it is dying out, that illustrious man Bhisma is thinking of me, therefore my mind has gone to him. (*c*) The happiness which is in the fulfilment of desires in this world and that great happiness which is in heaven, these are not equal to even one-sixteenth of the happiness that is in the cessation of desire. (*d*) There is no greater death to men in this world than carelessness. We perish like rich merchants, who after crossing the seas, are drowned in a little stream.

(*e*) Low people, who in consequence of the absence of merit in them, are blinded by the lust for their own profit, do not think of the mishap they may step into. Even from poison nectar may be taken, even from a child good advice, even from a foe a good lesson and even from an impure substance gold.

আত্মনেপদ-বিধান

সংস্কৃত ভাষার ধাতুগুলির মধ্যে কতকগুলি কেবল পরস্মৈপদী, কতকগুলি কেবল আত্মনেপদী, আবার কতকগুলি (আত্মনে— ও পরস্মৈ—) উভয়পদী পাণিনি **ধাতুপাঠে** (**List of Verbs**) বিশেষ বিশেষ 'ইৎ' (সংকেতসূচক বর্ণ) যুক্ত করিয়া কোন্ ধাতু কোন্ পদী তাহা সাধারণভাবে নির্দেশ করিয়াছেন। আবার কতকগুলি সূত্রে বিহিত, নিয়মানুসারে উল্লিখিত ধাতুগুলি কেবল আত্মনেপদে বা কেবল পরস্মৈপদে ব্যবহৃত হইবে—এরূপ ব্যবস্থাও করিয়াছেন। এই **'পদ-বিশেষে' নির্দিষ্ট ধাতুগুলির ব্যবহারের কারণগুলি** দেখা যায়, তাহারা প্রধানতঃ এই কয়টি শ্রেণীর অন্তর্ভুক্ত—

(১) **নির্দিষ্ট উপসর্গযোগে**—নিবিশতে যদি শূকশিখা পদে (**নের্বিশঃ**) **বিজয়তে** মহারাজঃ শূদ্রকঃ (**বি-পরাভ্যাং জেঃ**)।

(২) **নির্দিষ্ট অর্থ বিশেষে** (সোপসর্গ বা নিরুপসর্গ)—বালকঃ **সংক্রীড়তে** (**সমোঽকূজনে**)।
গোপী কৃষ্ণায় শপতে (**শপ উপালম্ভে**)।

(৩) **সকর্মক হইলে**—দুর্জনঃ ধর্মম্ **উচ্চরতে** (**উদশ্চরঃ সকর্মকাৎ**)।

(৪) **স্বাঙ্গকর্মক হইলে**—সা পাণিমুত্তপতে **বিতপতে** বা (**উদ্‌বিভ্যাং তপঃ ; স্বাঙ্গকর্মকাচ্চেতি বক্তব্যম্**)।

(৫) **অন্য কোনও নির্দিষ্ট রকমের কর্ম বা কর্ত্তা** হইলে—নিষাদী করেণুম্ আরোহতি—করেণুঃ নিষাদিনম্ আরোহয়তে (**ণেরণৌ যৎ কর্ম ণৌ চেৎ স কর্ত্তাঽনাধ্যানে**)।

(৬) **অকর্মক হইলে**—('অপহ্নবে) জ্ঞঃ'

সর্পিষো জানীতে—'**অকর্মকাচ্চ**')।

কঠঃ কলাপস্য অনুবদতে (**অনোরকর্মকাৎ**)।

(৭) **ধাতু ণিজন্ত বা সনন্ত হইলে**—সাধুঃ জটাভিঃ লাপায়তে (**লিয়ঃ সংমানন-শালীনীকরণয়োশ্চ**),

ধর্মং জিজ্ঞাসতে (**জ্ঞাশ্রুস্মৃদৃশাং সনঃ**)।

১। **অনুদাত্ত-ঙিত আত্মনেপদম্**—(১।৩।১২)-যে সকল ধাতু ধাতু-পাঠে অনুদাত্ত স্বরযুক্ত অথবা **ঙ** ইৎ যুক্ত, তাহাদের উত্তর আত্মনেপদ হয়। যথা, আস—আস্তে; বস্—বস্তে; ষূঙ্—সূতে;; শীঙ্—শেতে। **ক্যঙ্**—পুত্রায়তে, দুঃখায়তে। **যঙ্** - অটাট্যতে, জঙ্গম্যতে, দরীদৃশ্যতে।

(ক) **ভাবকর্মণোঃ** (১।৩।১৩)—ভাববাচ্যে ও কর্মবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ময়া স্থীয়তে, তেন আস্যতে; শিশুনা চন্দ্রো দৃশ্যতে, ভৃত্যেন কার্যং ক্রিয়তে।

২। **স্বরিত-ঞিতঃ কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে** (১।৩।৭২)—কর্ত্তা যদি ক্রিয়াফলভাগী হয়, তাহা হইলে যে সকল ধাতুর স্বরিত স্বর বা ঞ্ ইৎ যায়, তাহাদের উত্তর আত্মনেপদ হয়। **উভয়পদী ধাতুর উত্তর আত্মার্থে আত্মনেপদ** এবং **পরার্থে পরস্মৈপদ হয়**। যথা, ব্রাহ্মণঃ (নৃপার্থং) যজতি, ব্রাহ্মণঃ (আত্মার্থং) যজতে; অহং (তুভ্যং) পূজাং করিষ্যামি, অহং (মদর্থং) পূজাং করিষ্যে। কথং তর্হি পরার্থে বিক্রীণীতে প্রযুঙ্‌ক্তে ইত্যাদি? বিশেষ-বিধানাৎ।

(ক) **ণিচশ্চ** (১।৩।৭৪)—ণিজন্ত ধাতুর উত্তর কর্তার আত্মার্থে আত্মনেপদ হয়। যথা, আত্মার্থে—পায়য়তে, কারয়তে, অভিবাদয়তে; পরার্থে—পায়য়তি, কারয়তি, অভিবাদয়তি।

(খ) **বিভাষোপপদেন প্রতীয়মানে** (১৷৩৷৭৭)—সমীপস্থিত পদের দ্বারা কর্তার ফলভাগিত্ব প্রতীয়মান হইলে ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ব্রাহ্মণঃ স্বং যজ্ঞং যজতে যজতি বা ; ভৃত্যঃ স্বং কটং কুরুতে করোতি বা।

৩। **কর্তরি কর্মব্যতিহারে** (১৷৩৷১৪)—**অত্র কর্মশব্দঃ ক্রিয়াবচনঃ।** ব্যতিহারঃ—পরস্পরস্য একজাতীয়-ক্রিয়াবিনিময়ঃ। এই সূত্রে কর্মব্যতিহার কথাটির আদিস্থিত **'কর্ম' শব্দের অর্থ ক্রিয়া (কর্মকারক নহে)।** পরস্পর **ক্রিয়া-বিনিময় বুঝাইলে** ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, কৃষকা ভারং ব্যতিবহন্তে ; চৌরা ধান্যং ব্যতিহরন্তে ; চন্দ্রঃ সূর্যং ব্যতিভবতে (সূর্যো যথা চন্দ্রে অস্তং গতে উদেতি, চন্দ্রোঽপি তথৈব সূর্যে অস্তংগতে উদেতি) অন্যো ব্যতিস্তে তু মমাপি ধর্মঃ (শ্নসোরল্লোপ ইতি অকারলোপঃ) ; ব্যতিজিগ্যে সমুদ্রোঽপি ন ধৈর্যং তস্য গচ্ছতঃ (ভট্টিঃ)। 'ব্যতি' পূর্বে না থাকিলেও ব্যতিহার অর্থে আত্মনেপদ হয়। যথা, রাজানঃ সংপ্রহরন্তে ; প্রিয়ামুখং কিম্পুরুষশ্চুচুম্বে। ক্রিয়াবিনিময় না থাকিলে আত্মনেপদ হয় না।

(ক) **ন গতি-হিংসার্থকেভ্যঃ** (১৷৩৷১৫)—ক্রিয়াবিনিময় অর্থে গমনার্থক ও হিংসার্থক ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয় না। যথা, ব্যতিসর্পন্তি, ব্যতিগচ্ছন্তি, ব্যতিহিংসন্তি. ব্যতিঘ্নন্তি। **হসাদীনাঞ্চ**—হস্ প্রভৃতি ধাতুর ক্রিয়াবিনিময় অর্থে আত্মনেপদ হয় না। যথা, ব্যতিহসন্তি, ব্যতিজল্পন্তি।

হরতেরপ্রতিষেধঃ (বা)—উপসর্গযোগে হৃ-ধাতু হিংসার্থক হইলেও ক্রিয়াবিনিময় অর্থে ইহার আত্মনেপদ হয়। যথা, রাজানঃ সম্প্রহরন্তে। ইতরেতর প্রভৃতির যোগে পরবর্তী সূত্রে নিষেধবশতঃ পরস্মৈপদ হয়। যথা, রাজানঃ ইতরেতরং পরস্পরং বা সম্প্রহরন্তি।

(খ) **ইতরেতরান্যোঽন্যোপপদাচ্চ** (১৷৩৷১৬)—ইতরেতর, অন্যোঽন্য এবং (চকারবশতঃ) পরস্পর শব্দের যোগে ক্রিয়াবিনিময় অর্থে আত্মনেপদ হয় না। যথা, ইতরেতরস্য ধান্যং ব্যতিলুনন্তি ; অন্যোঽন্যস্য জলং ব্যতিপিবন্তি ; পরস্পরস্য কার্যং ব্যতিকুর্বন্তি। **বিনিময়শব্দস্যাপি** অন্যোঽন্যার্থত্বাৎ তদ্‌যোগেঽপি

পরস্মৈপদমেব। যথা, সম্পদ্‌বিনিময়োনাভৌ দধতুর্ভুবনদ্বয়ম্ (রঘুঃ)। অথবা ইহ ক্রিয়াবিনিময় এব নাস্তি।

৪। **নের্বিশঃ** (১।৩।১৭)—নি-পূর্বক বিশ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, রাজা নগরীং নিবিশতে; ন্যবিক্ষত মহাগ্রাহসঙ্কুলং মকরালয়ম্ (ভট্টিঃ); নিবিশতে যদি শূকশিখা পদে (নৈষধম্); সাধুঃ সন্মার্গম্ অভিনিবিশতে (অভিনিপূর্বক বিশ্ ধাতুর যোগেও আত্মনেপদ। নি উপসর্গ না হইলে হয় না। যথা, ভ্রমরাঃ মধুনি বিশন্তি।

৫। **পরি-ব্যবেভ্যঃ ক্রিয়ঃ** (১।৩।১৮)—পরি, বি ও অবপূর্বক ক্রী ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স শতেন গৃহং পরিক্রীণীতে (hires); বণিক্ বস্ত্রং বিক্রীণীতে বা অবক্রীণীতে।

৬ **বি-পরাভ্যাং জেঃ** (১।৩।১৯)—বি ও পরাপূর্বক জি-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা বিজয়তে মহারাজঃ শূদ্রকঃ। রাজন্ বিজয়স্ব। বিষ্ণুঃ দৈত্যকুলং বিজিগ্যে। শিষ্যঃ পাঠাৎ পরাজয়তে।

৭। **আঙো দোঽনাস্যবিহরণে** (১।৩।২০)—আস্যগ্রহণম্ অবিবক্ষিতম্। স্বাঙ্গবিস্তার ভিন্ন স্থলে আঙ্ পূর্বক দা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ছাত্রো বিদ্যামাদত্তে; হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রা বর্জয়ত্যপঃ; ততোঽহংসৌ বচ আদদে; তে বালকস্য মুখং ব্যাদদতে। স্বাঙ্গ বিস্তারে হয় না। যথা, মুখং ব্যাদেহি রে সিংহ দন্তান্ তে গণয়িষ্যামি; বিপাদিকাং (পাদস্ফোটং) ব্যাদদাতি; নদী কূলং ব্যাদদাতি।

৮। **ক্রীড়োঽনু-সং-পরিভ্যশ্চ** (১।৩।২১)—অনু, সম্ পরি ও আঙ্পূর্বক ক্রীড়্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বালকাঃ প্রান্তরে অনু-ক্রীড়ন্তে, সংক্রীড়ন্তে, পরিক্রীড়ন্তে; আক্রীড়ন্তে বা—Boys play. সম্ প্রভৃতি উপসর্গের সাহচর্যে এই সূত্রে 'অনু' উপসর্গের যোগেই আত্মনেপদ হয়, কর্মপ্রবচনীয় 'অনু' শব্দের যোগে হয় না। যথা, স মাণবকম্ অনু ক্রীড়তি—মাণবকেন সহ ক্রীড়তি ইত্যর্থঃ।

(ক) **সমোঽকূজনে** (বা)—কূজন-ভিন্ন অর্থে সম্পূর্বক ক্রীড়্ ধাতুর

উত্তর আত্মনেপদ হয়। যথা, বালকঃ **সংক্রীড়তে**—The boy plays. কূজন অর্থে হয় না। যথা, পক্ষী সংক্রীড়তি—The bird chirps. চক্রং সংক্রীড়তি—The wheel creeks.

(খ) **আ গমেঃ ক্ষমায়াম্** (বা)—'প্রতীক্ষা করা' অর্থে আঙ্‌পূর্বক ণিজন্ত গম্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ত্বং তাবৎ ইহ **আগময়স্ব—প্রতীক্ষস্ব** ইত্যর্থঃ।

(গ) **শিক্ষের্জিজ্ঞাসায়াম্** (বা)—'জানিতে ইচ্ছা করা' অর্থে শিক্ষ্ (শক্+সন্) ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বালকঃ কলাসু **শিক্ষতে**—কলাবিষয়ে শক্তো ভবিতুমিচ্ছতীত্যর্থঃ।

(ঘ) **আশিষি নাথঃ** (বা)—আশিষ্যেব ইতি নিয়মার্থং বার্ত্তিকমিদম্। 'আশা করা' অর্থেই নাথ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স সর্পিষো **নাথতে**—'সর্পিঃ মে ভূয়াৎ' ইতি আশাস্তে ইত্যর্থঃ; মুনিঃ মোক্ষায় নাথতে। কথং তর্হি 'নাথসে (যাচসে) কিমু পতিং ন ভূভৃতাম্' ইতি? অত্র 'নাধসে' ইতি পাঠ্যম্, অন্যথা নাথসীতি পরস্মৈপদমেব।

(ঙ) **হরতে র্গতি-তাচ্ছীল্যে** (বা)—গতং প্রকারঃ। 'সাদৃশ্য অনুশীলন করা' অর্থে হৃ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, অশ্বাঃ পৈতৃকম্ **অনুহরন্তে**—পিতৃপ্রকারম্ সততম্ অনুশীলয়ন্তি ইত্যর্থঃ; গাবঃ মাতৃকম্ **অনুহরন্তে**; সরঃ সমুদ্রম্ অনুহরতে। ইহ তু ন—পুত্রঃ রূপেণ পিতরম্ অনুহরতি।

(চ) **কিরতের্হর্ষ-জীবিকা-কুলায়করণেষু** (বা)—হর্ষ প্রকাশ, আহার অন্বেষণ অথবা বাস-গ্রহণের ইচ্ছা বুঝাইলে কৃ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, হর্ষ প্রকাশ—অপস্কিরতে (১) বৃষভো হৃষ্টঃ। আহারান্বেষণ—কুক্কুটঃ অপস্কিরতে; বাসগ্রহণেচ্ছা—সারমেয়ঃ অপস্কিরতে (scratches the earth)। 'অপাচ্চতুষ্পাৎ—' সূত্রে সুট্ না হইলে আত্মনেপদ হয় না।

---

(১) **অপাচ্চতুষ্পাচ্ছকুনিষ্বালেখনে** (৬।১।১৪২)—পক্ষী অথবা চতুষ্পদ জন্তু কর্তা হইলে হর্ষ প্রকাশ, বাস গ্রহণ ও আহারান্বেষণ বুঝাইতে অপ-পূর্বক কৃ ধাতুর প্রয়োগে ধাতুর আদিতে সুট্ হয়। সুট্ এর স্ থাকে। অপ+কৃ+তে=**অপস্কিরতে**।

যথা, গজঃ অপকিরতি। হর্ষাদিষিতি কিম্? মল্লঃ অপকিরতি—ধূল্যর্থং ভূমিমালিখতি ইত্যর্থঃ।

(ছ) **আঙি নু-প্রচ্ছ্যোঃ** (বা)—আঙ্‌পূর্বক নু এবং প্রচ্ছ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, শৃগালঃ আনুতে—শব্দায়তে ইত্যর্থঃ। বৃদ্ধঃ বান্ধবান্ আপৃচ্ছতে (bids adieu to); আপৃচ্ছস্ব প্রিয়সখমমুং তুঙ্গমালিঙ্গ্য শৈলম্ (মেঘদূত)।

(জ) **শপ উপালম্ভে** (বা)—'শপথ করা' অর্থে শপ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা গোপী কৃষ্ণায় শপতে; স্বামিনে শপতে ভৃত্যঃ। কথং তর্হি—'সখাঃ শপামি যদি কিঞ্চিদপি স্মরামি' ইতি? অত্র 'স্বাশয়ং প্রকাশয়ামি' ইত্যর্থো বিবক্ষিতঃ, ন তু শপথঃ ইতি ন আত্মনেপদম্ (তত্ত্ববোধিনী)। অন্যে তু পুত্রাদি-শরীর-স্পর্শাদিনা মিথ্যানিরসনরূপম্ ইহ শপথমিচ্ছন্তি। শরীর স্পর্শনাভাবে তু ন আত্মনেপদবিষয় ইত্যাহুঃ।

৯। **সমব-প্র-বিভ্যঃ স্থঃ** (১।৩।২২)—সম, অব, প্র ও বি-পূর্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা, ধূর্তস্য বাক্যে ন কোঽপি সন্তিষ্ঠতে; দারিদ্র্যাৎ পুরুষস্য বান্ধবজনো **বাক্যে ন সন্তিষ্ঠতে,** অলসা এব **গৃহে অবতিষ্ঠন্তে**; **ক্ষণং ভদ্রাবতিষ্ঠস্ব** ততঃ **প্রস্থাস্যসে** পুনঃ; প্রীতঃ **প্রতস্থে মুনিরাশ্রমায়**; শিষ্যা **গুরুবাক্যে বিতিষ্ঠন্তে**।

(ক) আঙঃ **প্রতিজ্ঞায়ামুপসংখ্যানম্** (বা)—'প্রতিজ্ঞা' অর্থাৎ দৃঢ় ভাবে অঙ্গীকার করা' অর্থে আঙ্ পূর্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, কেচিৎ শব্দং নিত্যম্ আতিষ্ঠন্তে—নিত্যত্বেন প্রতিজানতে ইত্যর্থঃ।

১০। **প্রকাশন-স্থেয়াখ্যয়োশ্চ** (১।৩।২৩)—প্রকাশনং জ্ঞাপনম্। স্থেয়ো বিবাদ-পদ-নির্ণেতা (১)। 'মনের ভাব প্রকাশ করা' এবং 'বিবাদ বিষয়ে মধ্যস্থ-রূপে গ্রহণ করা' অর্থে স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গোপী কৃষ্ণায় তিষ্ঠতে—আশয়ং প্রকাশয়তীত্যর্থঃ; সংশয্য কর্ণাদিষু তিষ্ঠতে

(১) তিষ্ঠন্তে অস্মিন্ বিবাদপদনির্ণয়ার্থমিতি স্থেয়ঃ। বাহুলকাৎ অধিকরণে 'অচো যৎ'। স্থেয়ো বিবাদস্থানস্থ 'নর্ণেতরি পুরোহিতে' ইতি মেদিনী।

বঃ—কর্ণাদীন্ নির্ণেতৃরূপেণ আশ্রয়তীত্যর্থঃ। প্রজাঃ নৃপতৌ তিষ্ঠন্তে—তং বিবাদনির্ণায়কত্বেন আশ্রয়ন্তীত্যর্থঃ।

১১। **উদোঽনূর্ধ্বকর্মণি** (১।৩।২৪)—ঊর্ধ্বচেষ্টা ভিন্ন অর্থে উৎপূর্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সাধুঃ মুক্তৌ উত্তিষ্ঠতে (মুক্তিবিষয়ে চেষ্টতে ইত্যর্থঃ); জনঃ স্বার্থেষু উত্তিষ্ঠতে; 'উত্তিষ্ঠমানস্তু পরো নোপেক্ষ্যঃ পথ্যমিচ্ছতা' উত্থান (ঊর্ধ্বচেষ্টা) অর্থে হয় না। যথা, জবেন পীঠাদুদতিষ্ঠদ্ অচ্যুতঃ। **ঈহায়ামেব**—ইচ্ছাপূর্বিকা চেষ্টা ঈহা। ইচ্ছাপূর্বক চেষ্টা বুঝাইতেই আত্মনেপদ হয়, **অন্যত্র হয় না**। যথা, **গ্রামাৎ শতম্ উত্তিষ্ঠতি**; 'যদুত্তিষ্ঠতি বর্ণেভ্যো নৃপাণাং ক্ষয়ি তদ্ধনম্'।

১২। **উপান্মন্ত্রকরণে** (১।৩।২৫)—'মন্ত্রদ্বারা স্তুতি করা' অর্থে উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গায়ত্র্যা সূর্যমুপতিষ্ঠতে; দ্বিজা মন্ত্রৈঃ সবিতারং সন্ধ্যাত্রয়ম উপতিষ্ঠন্তে। 'মন্ত্র-দ্বারা—স্তুতি করা' না বুঝাইলে আত্মনেপদ হয় না। যথা, নারী ভর্তারম্ উপতিষ্ঠতি যৌবনেন।

(ক) **উপাদ্দেবপূজা-সঙ্গতিকরণ-মিত্রকরণ-পথিষু** (ব)—দেবপূজা, মিলন ও বন্ধুত্ব করা অর্থে এবং পথ কর্তা হইলে উপপূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বৈষ্ণবো বিষ্ণুম্ উপতিষ্ঠতে—পূজয়তীত্যর্থঃ (১)। মিলন—গঙ্গা যমুনাম্ উপতিষ্ঠতে। মিত্রকরণ—সাধুঃ সাধুন্ উপতিষ্ঠতে (makes friends with); পথ কর্তা—অয়ং পন্থাঃ বারাণসীম্ উপতিষ্ঠতে।

(খ) **বা লিপ্সায়াম্** (বা)—লাভের ইচ্ছা বুঝাইলে উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ভিক্ষুকঃ ধনিনম্ উপতিষ্ঠতি উপতিষ্ঠতে বা (approaches for the purpose of getting something)।

(গ) **অকর্মকাচ্চ** (১।৩।২৬) অকর্মক উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, একঃ শ্বা প্রত্যহং ভোজনকালে উপতিষ্ঠতে; প্রস্থানসময়ে উপতিষ্ঠতে।

---

(১) কথং তর্হি—'পুত্রঃ পিতরমুপতিষ্ঠতে' ইতি, 'স্তুত্যং স্তুতিভিরর্থ্যাভিরুপতস্থে সরস্বতী' ইতি চ। পিতরি নৃপে চ দেবতাত্বারোপাৎ, নৃপস্য দেবতাংশত্বাৎ চ।

১৩। **উদ্‌বিভ্যাং তপঃ** (১।৩।২৭)—উৎ ও বি-পূর্বক অকর্মক তপ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, রবিঃ উত্তপতে, বিতপতে বা—দীপ্যতে ইত্যর্থঃ।

স্বাঙ্গকর্মকাচ্চেতি বক্তব্যম্ (বা)—স্বমঙ্গমিহ স্বাঙ্গম্, ন তু অদ্রবম্ ইতি পরিভাষিতম্। নিজের অঙ্গ কর্ম হইলেও উৎ এবং বি-পূর্বক তপ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স স্বপৃষ্ঠম্ উত্তপতে (বিতপতে বা); সা পাণিম্ উত্তপতে, বিতপতে বা—উত্তপ্তং করোতীত্যর্থঃ। পরের অঙ্গ কর্ম হইলে হয় না। যথা, চৈত্রো মৈত্রস্য পানিমুত্তপতি। সূর্যঃ পৃথিবীম্ উত্তপতি; স সুবর্ণং বিতপতি।

১৪। **আঙো যমহনঃ** (১।৩।২৮)—অকর্মক বা স্বাঙ্গকর্মক হইলে আঙ্ পূর্বক যম্ ও হন্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, রজ্জুঃ আযচ্ছতে—দীর্ঘী-ভবতীত্যর্থঃ। শিরঃ আহতে—পীড়িতং বর্ততে ইত্যর্থঃ। বালকঃ পাণিম্ আযচ্ছতে (দীর্ঘীকরোতীত্যর্থঃ); বৃদ্ধঃ স্বমস্তকম্ আহতে; সা স্বং বক্ষ আহতে (পীড়য়তীত্যর্থঃ)। পরের অঙ্গ কর্ম হইলে আত্মনেপদ হয় না। যথা, স কূপাৎ রজ্জুম্ আযচ্ছতি (lengthens), বালকঃ শ্বানম্ আহন্তি (১)।

২৩। **দ্বিতীয়ায়াঞ্চ** (৩।৪।৫৩)—ত্বরা অর্থে কর্মকারক পূর্বপদ হইলেও ধাতুর উত্তর ণমুল্ হয়। যথা, লোষ্টগ্রাহং যুধ্যতে ; যষ্টিগ্রাহং যুধ্যন্তে (এবং নাম ত্বরন্তে যৎকিঞ্চিৎ আসন্নং লোষ্টাদিকম্, তেনৈব যুধ্যন্তে ইত্যর্থঃ)।

(ক) **স্বাঙ্গেঽধ্রুবে** (৩।৪।৫৪)—যেন বিনা ন জীবনং তৎ ধ্রুবং যথা শিরঃ উরঃ, তদন্যৎ অধ্রুবম্। অধ্রুব স্বাঙ্গবাচক কর্মবাচক পূর্বপদ হইলে ধাতুর উত্তর ণমুল্ হয়। যথা, ভ্রূবিক্ষেপং কথয়তি ; অক্ষিনিকোচং হসতি। ধ্রুবে মা ভূৎ—শিরঃ উৎক্ষিপ্য কথয়তি।

(খ) **পরিক্লিশ্যমানে চ** (৩।৪।৫৫)—ধ্রুবার্থমিদম্। পীড্যমান ধ্রুব স্বাঙ্গবাচক কর্মকারক পূর্বপদ হইলে ধাতুর উত্তর ণমুল্ হয়। যথা, উরঃপ্রতিপেষং যুধ্যন্তে (কৃৎস্নম্ উরঃ পীড়য়ন্তঃ যুধ্যন্তে ইত্যর্থঃ)। উরোবিদারং প্রতিচস্করে নখৈঃ।

(গ) **বিশি-পতি-পদি-স্কন্দাং ব্যাপ্যমানাসেব্যমানয়োঃ** (৩।৪।৫৬)—ব্যাপ্তি ও পৌনঃপুন্য অর্থ বুঝাইতে কর্মকারক পূর্বপদ হইলে বিশ্, পত্, পদ্ ও স্কন্দ্ ধাতুর উত্তর ণমুল্ হয়। নিত্যবীপ্সয়োরিতি দ্বির্বচনম্, সমাসে তু দ্বিরুক্তি র্নাস্তি। যথা, লতাং লতাম্ অনুপাতম্ (অথবা লতানুপাতং) কুসুমানি চিনোতি ;

নদীম্ অবস্কন্দম্ অবস্কন্দম্ (অথবা সমাসে নদ্যবস্কন্দম্) হরতি ; গেহং গেহম্ অনুপ্রবেশম্, গেহমনুপ্রবেশম্ গেহানুপ্রবেশং বা আস্তে ; এবং গেহানুপ্রপাতম্, গেহানুপ্রপাদম্, গেহানুস্কন্দম্। অসমাসে তু পর্যায়েণ গেহস্য ণমুলন্তস্য চ দ্বিত্বম্।

(ঘ) **নাম্ন্যাদিশি-গ্রহোঃ** (৩।৪।৫৮)— নামন্ শব্দ **কর্ম** হইলে আ-পূর্বক দিশ্ ধাতু ও গ্রহ্ ধাতুর উত্তর ণমুল্ হয়। যথা, স নামানি আদেশম্ (নামাদেশং বা) অন্নং দদাতি ; স নামানি গ্রাহং (নামগ্রাহং বা) আহ্বয়তি ; স নামগ্রাহং ভগবন্তং স্তৌতি ; তন্নামাদেশম্ আচষ্টে।

তুমুন্ (The Infinitive)

২৪। **তুমুন্ণ্বুলৌ ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়াম্** (৩।৩।১০)—ক্রিয়ার্থ ক্রিয়া উপপদ (অর্থাৎ এক ক্রিয়ার জন্য অনুষ্ঠিত অন্য ক্রিয়া নিকটে) থাকিলে, নিমিত্তবোধক ক্রিয়ার ধাতুর উত্তর তুমুন্ হয় (১)। তুমুন্ এর **তুম্** থাকে। ইহা অসমাপিকা ক্রিয়া এবং অব্যয়। যথা, দ্রষ্টুং যাতি। এইস্থলে গমনক্রিয়া দর্শনার্থ। ইংরাজিতে যে স্থলে 'to see,' 'to go' প্রভৃতি infinitive ব্যবহৃত হয়, বাঙ্গালায় যেস্থলে 'দেখিতে' 'যাইতে' প্রভৃতি নিমিত্তবোধক অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়, সংস্কৃতে **নিমিত্তার্থ থাকিলে** সেই সকল স্থলে তুমুন্ প্রত্যয় হয়। এইজন্যই তুমুন্ এর স্থলে নিমিত্তার্থে চতুর্থী বিভক্তিও ব্যবহৃত হইতে পারে। যথা, স পক্তুং (বা পাকায়) যাতি—He goes to cook. তে ভোক্তুম্ (বা ভোজনায়) আগচ্ছন্তি—They come to eat.

(১) অনেকের মতে এই সূত্রেও এককর্তৃকতা প্রয়োজন। কিন্তু ইহা পাণিনি-বিরুদ্ধ। ক্রিয়ার্থ ক্রিয়া উপপদ থাকিলে ভিন্নকর্তৃক স্থলেও তুমুন্ হয়। যথা, ভুগান্ হন্তুং তং প্রাহিণোৎ (হর্ষচরিত)। **ব্রহ্মকর্ম কর্তুং ভবন্তমহং বৃণে।** পাণিনিমতে **ইচ্ছার্থ ক্রিয়া উপপদ থাকিলেই এককর্তৃকতা প্রয়োজন।** যথা, স ভোক্তুম্ ইচ্ছতি ; ভিন্নকর্তৃকত্বে হয় না ; যথা, স ব্রাহ্মণং ভুঞ্জানমিচ্ছতি। অনুবাদকালে সর্ববাদিসম্মত রীতিই অনুসর্তব্য। এইজন্য **ভিন্নকর্তৃক স্থলে তুমুন্ পরিহার করাই সঙ্গত।**

(ক) ক্রিয়ার্থ ক্রিয়া উপপদ না থাকিলে (অর্থাৎ নিমিত্তার্থ না হইলে তুমুন্ হয় না। যথা, I saw him read—অহং তং পঠন্তম্ (not পঠিতুম্ অপশ্যম্। They found her shivering—তে তাং কম্পমানাম্ অপশ্যন্। এখানে পঠন বা কম্পনের নিমিত্ত দর্শন নহে।

(গ) ইংরাজিতে noun-ভাবে ব্যবহৃত infinitive-এর সংস্কৃত অনুবাদ ভাববাচী বিশেষ্য পদ যোগে করিতে হয়। যথা, **To rise in the morning** is healthy—**প্রাতরুত্থানং** স্বাস্থ্যকরম্।

২৫। **সমানকর্তৃকেষু তুমুন্** (৩।১।১৫৮ (ইচ্ছার্থেষু এব)—**ইচ্ছার্থক (১) ধাতুর সহিত এক কর্তৃপদ বিশিষ্ট ধাতুর উত্তর তুমুন্ হয়।** যথা, জীবিতুং বাঞ্ছতি ; ভোক্তুং কাময়তে ; গন্তুম্ ইচ্ছতি ; আপ্তুম্ অভিলষতি।

২৬। **কালসময়বেলাসু তুমুন্**—কাল, সময় ও বেলা শব্দের যোগে ধাতুর উত্তর তুমুন্ হয়। ইহাতে নিমিত্তার্থের প্রয়োজন হয় না। যথা, কালোঽয়ং বিদ্যালয়ং গন্তুম্—This is time to go to school. ইয়ং যষ্টুং বেলা ; অয়ং খলু স্নাতুং সময়ঃ। অবসরোঽয়মাত্মানং প্রকাশয়িতুম্—It is time to show myself

২৭-২৮। **শকধৃষজ্ঞাগ্লাঘটরভলভক্রমসহার্থাস্ত্যর্থেষু তুমুন্** (৩।৪।৬৫) **পর্যাপ্তিবচনেষ্বলমর্থেষু** (৩।৪।৬৬)—সমর্থার্থক শব্দের যোগে এবং শক প্রভৃতি (২) ধাতুর যোগে (নিমিত্তার্থব্যতীত) ধাতুর উত্তর তুমুন্ হয়। যথা, লিখিতমিহ ললাটে প্রোজ্ঝিতুং (to avoid) কঃ সমর্থঃ ? তস্য তপঃ লোকান্ দগ্ধুম্ অলম্ ; অস্তি মে বিভবঃ সর্বং পরিজ্ঞাতুম্ ; সোঽধুনা ভোক্তুমর্হতি ; জ্ঞাতুং শক্নোতি ; গাতুং জানাতি ; স কার্যং কর্তুমারভতে ; ভোক্তুম্ অন্নম্ অস্তি ; বক্তুম্ প্রক্রমতে ; ধনং গ্রহীতুমত্র বিদ্যতে।

২৯। **তুং কামমনসোরপি**। কাম ও মনস্ শব্দ পরে থাকিলে তুম্ (তুমুন্) এর 'ম্' এর লোপ হয়। যথা, গন্তুকামঃ, হন্তুমনাঃ, দ্রষ্টুমনসঃ।

---

(১) **ইচ্ছার্থেষু লিঙ্লোটৌ** (৩।৩।১৫৭) এই সূত্র হইতে 'ইচ্ছার্থেষু' অনুবৃত্ত হইয়াছে। (২) শক্, ধৃষ্, জ্ঞা, গ্লৈ, ঘট্, রভ্, লভ্, ক্রম্, সহ এবং অস্ত্যর্থধাতু।

তুমুন্-প্রত্যয়ান্ত কয়েকটি বিশিষ্ট শব্দ

অদ্—অত্তুম্	গর্জ্—গর্জিতুম্	ধৃ—ধর্তুম্
অশ্—অশিতুম্	গাহ্—গাহিতুম্	ধ্যৈ—ধ্যাতুম্
অস or ভূ—ভবিতুম্	গৈ—গাতুম্	নম্—নন্তুম্
আপ্—আপ্তুম্	গ্রহ্—গ্রহীতুম্	নশ্—নশিতুম্, নংষ্টুম্
আস্—আসিতুম্	চি—চেতুম্	নী—নেতুম্
অধি-ই—অধ্যেতুম্	চিন্ত—চিন্তয়িতুম্	নৃৎ—নর্তিতুম্
ই—এতুম্	চেষ্ট্—চেষ্টিতুম্	পচ্—পক্তুম্
ইষ্—এষ্টুম্, এষিতুম্	ছিদ্—ছেত্তুম্	পূ—পবিতুম্
ঈক্ষ্—ঈক্ষিতুম্	জি—জেতুম্	প্রচ্ছ্—প্রষ্টুম্
কথ্—কথয়িতুম্	জ্ঞা—জ্ঞাতুম্	বন্ধ্—বন্ধুম্
কৃ—কর্তুম্	তৃ—তরীতুম্, তরিতুম্	যুধ্—যোদ্ধুম্
কৃষ্—কর্ষ্টুম্	ত্যজ্—ত্যক্তুম্	ব্রূ or বচ্—বক্তুম্
কুপ—কোপিতুম্	ত্রৈ—ত্রাতুম্	ভক্ষ্—ভক্ষয়িতুম্
ক্রী—ক্রেতুম্	দন্শ্—দংষ্টুম্	ভন্জ্—ভঙ্ক্তুম্
ক্রীড়্—ক্রীড়িতুম্	দহ্—দগ্ধুম্	ভী—ভেতুম্
ক্রুধ্—ক্রোদ্ধুম্	দা—দাতুম্	ভ্রম্—ভ্রমিতুম্
ক্ষিপ্—ক্ষেপ্তুম্	দিব্—দেবিতুম্	মন্—মন্তুম্
খন্—খনিতুম্	দুহ্—দোগ্ধুম্	মন্থ্—মন্থিতুম্
গম্—গন্তুম্	দৃশ্—দ্রষ্টুম্	মুচ্—মোক্তুম্
মুহ্—মোহিতুম্, মোগ্ধুম্	বস্—বস্তুম্, বসিতুম্	সিচ্—সেক্তুম্
যজ্—যষ্টুম্	বহ্—বোঢ়ুম্	সৃজ্—স্রষ্টুম্
যত্—যতিতুম্	বিদ্—বেদিতুম্, বেত্তুম্	স্তু—স্তোতুম্, স্তবিতুম্
যাচ্—যাচিতুম্	বিশ্—বেষ্টুম্	স্না—স্নাতুম্
রুদ্—রোদিতুম্	বৃ—বরিতুম্, বরীতুম্	স্পৃশ্—স্প্রষ্টুম্
রুহ্—রোঢ়ুম্	শাস্—শাসিতুম্	স্মৃ—স্মর্তুম্

লভ্—লব্ধুম্	শী—শয়িতুম্	স্বপ্—স্বপ্তুম্
লিখ্—লিখিতুম্	শ্রু—শ্রোতুম্	হন্—হন্তুম্
বদ্—বদিতুম্	সহ্—সোঢুম্	হ্বে—হ্বাতুম্

শতৃ, শানচ্ (Present Participles)

১। **লটঃ শতৃ-শানচাবপ্রথমাসমানাধিকরণে** (৩।২।১২৪)—লট্ বিভক্তির স্থানে পরস্মৈপদী ধাতুর উত্তর 'শতৃ' এবং আত্মনেপদী ধাতুর উত্তর 'শানচ্' প্রত্যয় হয়। আর উভয়পদী ধাতুর উত্তর 'শতৃ' ও 'শানচ্' উভয় প্রত্যয়ই হয়। সূত্রে 'অপ্রথমাসমানাধিকরণে' থাকিলেও শতৃ ও শানচ্ প্রত্যয় **প্রথমাসমানাধিকরণেও** হয়। **বসন্ দদর্শা**বতরন্তমম্বরাৎ (মাঘ)। **হসন্ আয়াতি** বালকঃ। শিশুঃ **খাদন্ নৃত্যতি**। **'লডিত্যনুবর্তমানে পুন-লড্গ্রহণম্ অধিকবিধানার্থম্' তেন প্রথমাসামানাধিকরণ্যেঽপি কচিৎ।**

পরস্মৈপদী ধাতুর ক্ষেত্রে লট্ এর '**অন্তি**' বিভক্তিতে যে পদ হয়, তাহার অন্তির স্থানে '**অৎ**' **করিলেই** সেই ধাতুর শতৃ প্রত্যয়যোগে প্রাতিপদিক রূপটি পাওয়া যায়। ভূ—ভবন্তি—ভবৎ, গম্—গচ্ছন্তি—গচ্ছৎ ইত্যাদি। শতৃ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে 'ন' কার আগমের জন্য স্ত্রীপ্রত্যয় প্রকরণে '**আচ্ছীনদ্যোর্নুম্**' '**শপ্শ্যনোর্নিত্যম্**' সূত্রগুলি দ্রষ্টব্য। গচ্ছন্তী, দীব্যন্তী, ইচ্ছন্তী ইত্যাদি। আত্মনেপদী ধাতুর জন্য 'আনে মুক' সূত্র ব্যাখ্যা দ্রষ্টব্য।

শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দগুলি ক্রিয়া হইলেও বিশেষণ। এই জন্য ইহাদের লিঙ্গ, বিভক্তি ও বচন বিশেষ্যের অনুযায়ী হয়। **হসন্তঃ বালকা** গচ্ছন্তি **ক্রীড়তঃ বালকান্** পশ্য। **পঠতে ছাত্রায়** দেহি, ইত্যাদি।

(ক) **ধাতুসম্বন্ধে প্রত্যয়াঃ** (৩।৪।১)—ধাত্বর্থানাং সম্বন্ধো ধাতুসম্বন্ধঃ। বিশেষণবিশেষ্যভাবঃ। তস্মিন্ সতি অযথাকালোক্তা অপি প্রত্যয়াঃ সাধবো ভবন্তি। ধাত্বর্থের মধ্যে পরস্পর সম্বন্ধ থাকিলে **এককালে** (tense) বিহিত **প্রত্যয় অন্যকালের** (another tense) ধাতুর অর্থাৎ **ক্রিয়ার সহিতও**

বিশেষ্যবিশেষণভাবে **প্রযুক্ত হইতে পারে।** যথা, (হরির্নারদম্। **'বসন্ দদর্শা-বতরন্তমম্বরাৎ'** (মাঘঃ)। এই বাক্যটিতে 'বসন্' ও 'অবতরন্তম্' লটের স্থানে **বর্তমান**কালে বিহিত শতৃ-প্রত্যয়ান্ত আর সমাপিকা ক্রিয়া 'দদর্শ' **অতীত** কালে লিটের পদ। এইরূপ **'শ্রিয়ং দধানাং শরদং দদর্শ'** (ভট্টিঃ)। **এই সকল প্রয়োগ 'আর্ষ' নহে, সম্পূর্ণ** ব্যাকরণসম্মত।

২। **তৌ সৎ** (১।২।১২৭)—শতৃ ও শানচ্ প্রত্যয়কে **'সৎ'** বলা হয় অর্থাৎ **পাণিনিব্যাকরণে 'সৎ' এই সংজ্ঞাটি শতৃ ও শানচ্ এই দুইটি প্রত্যয়কে বুঝায়।**

৩। **আনে মুক্** (৭।২।৮২)—'অ'কারযুক্ত ভ্বাদি, দিবাদি ও তুদাদিগণীয় ধাতুর পরবর্তী 'আণ' (শানচ্) প্রত্যয়ের পূর্বে (মুক্ উ, ক ইৎ) 'ম' কার আগম হয়। আত্মনেপদী ধাতুর ক্ষেত্রে লট্ এর 'তে' বিভক্তিতে যে পদ হয়, তাহার অব্যবহিত পূর্বে যদি 'অ' থাকে, তাহা হইলে সেই 'তে' স্থানে 'মান' করিলেই সেই ধাতুর শানচ্ প্রত্যয়ান্ত প্রাতিপদিক রূপটি পাওয়া যায়। যথা, সেব্—সেবতে—সেবমান, লভ্—লভতে—লভমান, বৃৎ—বর্ততে—বর্তমান, দীপ্—দীপ্যমান, বিদ্—বিদ্যমান মৃ—ম্রিয়মাণ ইত্যাদি। কিন্তু কৃ—শানচ্—কুর্বাণ, শী—শয়ান, অধি-ই (ইঙ্ to read) শানচ্—অধীয়ান ইত্যাদি।

৪। **লক্ষণহেত্বোঃ ক্রিয়ায়াঃ** (৩।২।১২৬)—লক্ষ্যলক্ষণভাবে 'অন্য ক্রিয়ার পরিচায়ক অর্থে এবং কার্যকারণভাবে অন্যক্রিয়ার হেতু অর্থে ধাতুর পর শতৃ ও শানচ্ প্রত্যয় হয়।

লক্ষণার্থে যথা,—আসীনঃ করোতি (কথং করোতীতি প্রশ্নে), শয়ানো ভুঙ্‌ক্তে (কথং ভুঙ্‌ক্তে ইতি প্রশ্নে)।

হেতু অর্থে—অর্জয়ন্ বসতি (ইহ উপার্জনম্ এবাস্য বসতেঃ কারণম্), হরিং পশ্যন্ মুচ্যতে (ইহ হরিদর্শনমেব মুক্তেঃ কারণম্), পঠন্ বালকঃ পরীক্ষায়াম্ উত্তীর্ণো ভবতি (ইহ পাঠঃ পরীক্ষোত্তরণস্য হেতুঃ)।

৫। **মাঙ্যাক্রোশে** (মাঙি+আক্রোশে)—**নিন্দা অর্থে** মাঙ্ শব্দযোগে ধাতুর উত্তর শতৃ ও শানচ্ প্রত্যয় হয়। যথা—**মা জীবন্** যঃ পরাবজ্ঞাদুঃখ-দগ্ধোঽপি জীবতি (মাঘঃ)।

৬। **ঈদাসঃ** (৭।২।৮৩)—অদাদিগণীয় **আস্** ধাতুর পর শানচ্ (আন) প্রত্যয়ের **আকার ঈকার** হয়। যথা,—আস্—আসীনঃ, উদাসীনঃ।

৭। **বিদেঃ শতুর্বসুঃ** (৭।১।৩৬)—অদাদিগণীয় বিদ্ ধাতুর পরবর্তী **শতৃ** প্রত্যয় স্থানে **বিকল্পে বস্** আদেশ হয়। যথা, বিদ্বস্—বিদ্বান্ বিদ্বাংসৌ বিদ্বাংসঃ। স্ত্রীলিঙ্গে—বিদুষী স্ত্রী। পক্ষে—বিদন্, বিদন্তৌ, বিদন্তঃ।

৮। **পূঙ্যজোঃ শানন্** (৩।২।১২৮)—পূঙ্ ধাতু এবং যজ্ ধাতুর পর কর্তৃবাচ্যে বর্তমান-কালে শানন্ প্রত্যয় হয়। যথা—পূঙ্—পবমানঃ, যজ্—যজমানঃ।

৯। **তাচ্ছীল্যবয়োবচনশক্তিষু চানশ্** (৩।২।১২৯)—শীল (স্বভাব) বয়ঃক্রম এবং সামর্থ্য অর্থে কর্তৃবাচ্যে বর্তমানকালে চানশ্ প্রত্যয় হয়। যথা—**শীলার্থে**—ভোগং ভুঞ্জানঃ, উদ্যানং পর্যটমানঃ; **বয়ঃক্রম অর্থে**—কবচং বিভ্রাণঃ (যুবা); **সামর্থ্য অর্থে**—শত্রুং নিঘ্নানঃ (নিহন্তুং সমর্থঃ)।

১০। **ইঙ্-ধার্যোঃ শত্রকৃচ্ছ্রিণি** (৩।২।১৩০)—(অধিপূর্বক) ইঙ্ ধাতু এবং ধারি ধাতুর পর **অনায়াস অর্থে** কর্তৃবাচ্যে শতৃপ্রত্যয় হয় (১)। যথা—অধীয়ন্ ব্যাকরণম্, ধারয়ন্ কুণ্ডলম্। **অধীয়ন্ সকলং শাস্ত্রমা**জগাম দশাননঃ।

অকৃচ্ছ্রিণি কিম্? কৃচ্ছ্রেণ (কষ্টেন) অধীতে, ধারয়তি বা।

১১। **দ্বিষোঽমিত্রে** (৩।২।১৩১)—**শত্রু অর্থে** দ্বিষ্ ধাতুর পর শতৃ প্রত্যয় হয়। যথা—দ্বিষন্=শত্রুঃ। স্ত্রীলিঙ্গে—দ্বিষতী।

১২। **অর্হঃ প্রশংসায়াম্** (৩।২।১৩৩)—**প্রশংসা অর্থে** অর্হ ধাতুর পর শতৃপ্রত্যয় হয়। যথা,—মুনিঃ পূজাম্ অর্হন্ (ন স হননম্ অর্হতি)। 'ত্বমর্হতাং প্রাগ্রসরঃ স্মৃতোঽসি নঃ। প্রশংসায়াং কিম্? নিন্দার্থে লট্ই হয়, শতৃ হয় না। যথা—ঘাতকো বধমর্হতি।

(১) এখানে বিশেষ লক্ষণীয় যে 'শতৃ' প্রত্যয়টি 'অনায়াসে' এই **অর্থ** বুঝাইবার জন্যই হইয়াছে। অতএব **'অধীয়ন্** *present participle form* **নহে**; কারণ অধি+ইঙ্ ধাতুটি আত্মনেপদী; *present participle* করিতে হইলে **শানচ্-প্রত্যয়** করিয়া **'অধীয়ান' হইবে**।

কয়েকটি শতৃপ্রত্যয় নিষ্পন্ন শব্দ

অস্—সৎ, (পুংলিঙ্গ—সন্,	স্ত্রীলিঙ্গে—সতী)	অধি-ই-ণিচ্শতৃ—অধ্যাপয়ৎ
ইষ্—ইচ্ছৎ	ঋ—অর্পয়ৎ	কথ্—কথয়ৎ
কৃৎ—কৃন্তৎ	ক্রম্—ক্রামৎ	কৃষ্—কর্ষৎ
গৈ—গায়ৎ	জ্ঞা—জানৎ	গ্রহ্—গৃহ্নৎ
দৃশ্—পশ্যৎ	ঘ্রা—জিঘ্রৎ	জি—জয়ৎ
জাগৃ—জাগ্রৎ	নৃৎ—নৃত্যৎ	পা—পিবৎ
প্রচ্ছ্—পৃচ্ছৎ	ভূ—ভবৎ	ভুজ্—ভুঞ্জৎ
মন্থ—মথ্নৎ	শাস্—শাসৎ	শ্বস্—শ্বসৎ
স্বপ্—স্বপৎ	সন্জ্—সজৎ	স্থা—তিষ্ঠৎ
শুচ্—শোচৎ	হন্—ঘ্নৎ	হা—জহৎ
ভী—বিভ্যৎ	হ্বে—হ্বয়ৎ	

কয়েকটি শানচ্ প্রত্যয় নিষ্পন্ন শব্দ

অশ্ (ব্যাপ্তৌ)—অশ্নুবান	অধি-ই—অধীয়ান	গ্রহ্—গৃহ্নান
জন্—জায়মান	দা—দদান	দীপ্—দীপ্যমান
ধা—দধান	প্রী—প্রীয়মাণ	ভাষ্—ভাষমাণ
ভুজ্—ভুঞ্জান	ভৃ—বিভ্রাণ	মন্—মন্যমান
মৃ—ম্রিয়মাণ	যৎ—যতমান	লস্জ্—লজ্জমান
বিদ্—বিদ্যমান	বৃধ্—বর্ধমান	বৃৎ—বর্তমান
ব্রূ—ব্রুবাণ	শী—শয়ান	সহ্—সহমান

Exercise

1. *Translate into Bengali* :—স তত্র অটন্তং ব্যাধম্ অপশ্যৎ। গর্দভঃ উচ্চৈঃ শব্দং কুর্বাণঃ তদভিমুখং ধাবিতঃ। অত্র মন্দভাং বৃত্তিং ভুঞ্জানানাং পণ্ডিতানাং পঞ্চশতী তিষ্ঠতি। এবং বিচিন্তয়ন্ স গৃহং গতঃ। এতান্ বিবেক-

রহিতান্ পুত্রান্ পশ্যতো মে মহদপি রাজ্যং ন সৌখ্যমাবহতি। পক্ষিণঃ অরণ্যমধ্যে চরন্তং মাম্ অপশ্যন্। ধ্যায়তঃ বিষয়ান্ পুংসঃ সঙ্গঃ তেষু উপজায়তে। শয়ানা ভুঞ্জতে যবনাঃ। এবং দ্বাবপি তৌ বিবদমানৌ ধর্মাধিকরণং গতবন্তৌ। আবয়োঃ বিরোধং বিতন্বতা ত্বয়া সাধু ন কৃতম্। বিচিন্তয়ন্তী যম্ অনন্যমানসা তপোধনং বেৎসি ন মাম্ উপস্থিতম্। গচ্ছন্ অভিমুখং বহ্নেঃ নাশং যাতি পতঙ্গমঃ। মৃগচর্ম বসানঃ স বনং জগাম। ব্যাধিতো মূর্খশ্চ জীবন্নপি মৃতঃ। এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন। অনুপকুর্বাণঃ ন কস্যাপি উপায়নং গৃহ্নীয়াৎ। রুদতী ভয়েন কম্পমানা চ সা এবমাহ। অনুপভুজ্যম নঃ অর্থঃ নিষ্প্রয়োজনঃ। তেঽপি তাড্যমানাঃ পঞ্চত্বমুপাগতাঃ।

2. *Translate into Sanskrit* :—Boys come laughing. I saw him going to school. He saw them running in the field. While walking on the river-side I saw a dreadful snake Of the singing birds the cuckoo is the best. The king will give two rupees to the boy begging some money. Boys went there singing. They saw a man enter the room. While roaming in the forest Rama saw a demon. The old man sat on the ground shivering from cold The crow saw the fowler coming towards him. The Brahmin went home thinking over the rouge's words. One day the prince saw a young woman rise from the water of the tank. They saw a boy studying in the room. She saw a stag being carried away by the stream of the river. He saw him fighting with another boy. Have you seen water falling downwards from a hill ? In course of time (কালেন গচ্ছতা) his fame reached the ears of the king. Entering into the temple the prince saw a beautiful lady worshipping Siva.

3. *Correct* :—ধনং লভন্ দরিদ্রঃ তুষ্যতি। অজানন্ ময়া ইদং কৃতম্ দুর্গতেভ্যঃ ধনং দদন্ দাতা হৃষ্যতি। পুষ্পং চিন্বতী বালিকা গচ্ছতি। মাতা পুত্রং প্রতীক্ষন্তী দ্বারে তিষ্ঠতি। মহীং শাসন্ রাজা যশং লভতে। মৃতপুত্রং

স্মরন্ মাতা রোদিতি সিংহস্য সহ যুধ্যন্ বৃষভঃ মৃতঃ ফলং বৃক্ষাৎ পতন্তং সঃ অপশ্যৎ কর্ম কুর্বন্তী বালিকা গায়তি। এবং চিন্তয়ন্ সা গৃহং গতা। কাপুরুষা অপি ম্রিয়তঃ শত্রূন্ ন উপহসন্তি। গচ্ছন্তঃ তৈঃ আলোচিতম্। লজ্জন্তী বালিকা ন বহিরাগচ্ছতি। যাচন্তং দরিদ্রং বস্ত্রমেকং দেহি। ফলং বিক্রীণতী বৃদ্ধা ইহ আগচ্ছতি।

নিষ্ঠা —ক্ত, ক্তবতু (Past Participles)

১। **নিষ্ঠা** (৩।২।১০২)—প্রধানতঃ **কর্মবাচ্যে ও ভাববাচ্যে অতীত কালে** ধাতুর পর **ক্তপ্রত্যয়** হয়। **ক্তবতুপ্রত্যয়** অতীতকালে কেবলমাত্র **কর্তৃবাচ্যে** হয়। **ক্তক্তবতু নিষ্ঠা** (১।১।২৬)—ক্ত এবং ক্তবতু প্রত্যয়কেই নিষ্ঠা বলে। যথা—কর্মবাচ্যে—শ্রুতম্, পঠিতম্। ময়া গীতং শ্রুতম্, তেন মহাকাব্যং পঠিতম্। ভাববাচ্যে—স্নাতম্, হসিতম্। ত্বয়া নদ্যাং স্নাতম্, বালকেন বৃথা হসিতম্। কর্তৃবাচ্যে ক্তবতু—দৃষ্টবান্, শ্রুতবান্; দৃষ্টবতী, শ্রুতবতী (প্রাতিপদিক—দৃষ্টবৎ, শ্রুতবৎ)। শিশুশ্চন্দ্রং দৃষ্টবান্, স শব্দং শ্রুতবান্। কয়েকটি স্থলে **কর্তৃবাচ্যেও ক্তপ্রত্যয় হয়**। যথা—স গ্রামং গতঃ, জলং শুষ্কম্। পরে '**গত্যর্থাকর্মক**'—ইত্যাদি সূত্র দ্রষ্টব্য।

২। **রদাভ্যাং নিষ্ঠাতো নঃ পূর্বস্য চ দঃ** (৮।২।৪২)—রকার ও দকারের পরবর্তী ক্ত ক্তবতু প্রত্যয়স্থিত তকার ন-কার হয়। ক্ত ক্তবতু প্রত্যয়স্থিত পূর্ববর্তী দ-কারও ন-কার হয়। যথা—শীর্ণঃ, বিস্তীর্ণঃ, জীর্ণঃ, জীর্ণবান্, ভিন্নঃ, ভিন্নবান্, ছিন্নঃ ছিন্নবান্। ক্ত-ক্তবতু-প্রত্যয়স্থিত তকার না হইলে হয় না। যথা—চরিতম্, আ + ঋতঃ = আর্ত্তঃ।

৩। **ক্ষিয়ো দীর্ঘাৎ** (৮।২।৪৬)—ক্ষি-ধাতুর দীর্ঘ ঈকারের পর নিষ্ঠা ত ন হয়। **ক্ষীণঃ**। পক্ষে **ক্ষিতঃ**।

৪। **নির্বাণোঽবাতে** (৮।২।৫০)—বাত ভিন্ন শব্দের পরবর্তী নির্পূর্বক বা-ধাতুর পরবর্তী ক্ত ক্তবতু প্রত্যয়স্থিত ত-কার ন-কার হয়। যথা—নির্বাণঃ প্রদীপঃ, নির্বাণোঽগ্নিঃ, নির্বাণো ভিক্ষুঃ। বাতশব্দের বিশেষণ হইলে হয় না। যথা—

নির্বাতো বাতঃ। নির্বাণঃ প্রদীপো বাতেন—এখানে বাত করণ মাত্র। নির্বাণদীপে কিমু তৈলদানম্।

৫। **ভিত্তং শকলম্** (৮।২।৫৯)—খণ্ড অর্থে ভিদ্ ধাতুর উত্তর ক্ত প্রত্যয়ে **ভিত্ত** হয়। অন্যত্র **ভিন্ন** (pierced) হয়।

৬। **ঋণম্ আধমর্ণ্যে** (৮।২।৬০)—আধমর্ণ্য (ধার-debt) বুঝাইলে ঋ-ধাতুর পর ত স্থানে ন হয়—**ঋণ**। অন্যত্র **ঋত** (=গত, gone), ভাবে ঋতং সত্যম্।

৭। **দিবোঽবিজিগীষায়াম্** (৮।২।৪৯)—দ্যূত ক্রিয়ায় জিগীষা অর্থ না বুঝাইলে দিব্ ধাতুর পর ত স্থানে ন হয় **দ্যূন** (=স্তুত, praised) দ্যূতম্ (gambling)।

৮। **প্যায়ঃ পী** (৬।১।২৮)—প্যায় ধাতুর স্থানে স্বাঙ্গ অর্থে পী হয়। পীনং মুখম্। অন্যত্র প্যান—প্যানা বৃদ্ধিঃ। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে **শী ধাতু শয়্** ও 'ইট্' আগম হয়। শয়িতঃ, শয়িতবান্।

৯। **নুদবিদোন্দত্রাঘ্রাহ্রীভ্যোঽন্যতরস্যাম্** (৮।২।৫৬)—নুদ্, বিদ্ উন্দ্, ত্রা, ঘ্রা, হ্রী—এই ধাতুগুলির পরবর্তী ক্ত-ক্তবতু-প্রত্যয়স্থিত ত কার বিকল্পে ন-কার হয়। যথা—নুন্নঃ, নুত্তঃ; বিন্নঃ, বিত্তঃ; সমুন্নঃ, সমুত্ত; ত্রাতঃ, ত্রাণঃ, ঘ্রাতঃ, ঘ্রাণঃ; হ্রীতঃ, হ্রীণঃ।

১০। **শুষঃ কঃ** (৮।২।৫১)—শুষ্ ধাতুর পরবর্তী ক্ত ক্তবতু প্রত্যয়স্থিত ত-কার ক-কার হয়। যথা শুষ্কঃ। শুষ্কং তৃণম্।

১১। **পচো বঃ** (৮।২।৫২)—পচ্ ধাতুর পরবর্তী ক্ত ক্তবতু প্রত্যয়স্থিত ত-কার ব-কার হয়। যথা—পক্বঃ।

১২। **ক্ষায়ো মঃ** (৮।২।৫৩)—ক্ষৈ ধাতুর পরবর্তী ক্ত ক্তবতু প্রত্যয়স্থিত ত-কার ম-কার হয়। যথা—ক্ষামঃ।

১৩। **দ্যতি-স্যতি-মা-স্থাম্ ইৎতি কিতি** (৭।৪।৪০)—ক-ইৎ তকারাদি প্রত্যয় পরে থাকিলে দো, সো, মা ও স্থা ধাতুর অন্ত্যস্বরবর্ণের স্থানে ইকার হয়। দো—দিতঃ, (ক্তিন্—দিতিঃ), সো—সিতঃ, অবসিতঃ, মা—মিতঃ, পরিমিতঃ, (ক্তিন্—অনুমিতিঃ), স্থা—স্থিতঃ, প্রতিষ্ঠিতঃ, (ক্তিন্—স্থিতিঃ)।

১৪। **শাচ্ছোরন্যতরস্যাম্** (৭।৪।৪১)—**শো-ধাতুর ও বিকল্পে ই** হয়। **পক্ষে আ** হয়—শিতঃ; শাতঃ, নিশিতঃ, নিশাতঃ।

১৫। **দধাতের্হিঃ** (৭।৪।৪২)—**ধা ধাতুর স্থানে হি আদেশ** হয়। ধা+ক্ত=হিতঃ, বিহিতঃ (বি+ধা+ক্ত)।

১৬। **দো দদ্ ঘোঃ, অচ উপসর্গাৎ তঃ** (৭।৪।৪৬,৪৭)—ক-ইৎ তকারাদি প্রত্যয় পরে থাকিলে, ঘু সংজ্ঞক দা-ধাতুর স্থানে দদ্ আদেশ হয়; কিন্তু স্বরান্ত উপসর্গ পূর্বে থাকিলে 'ত' আদেশ হয়। দা+ক্ত=দত্তঃ, ক্তবতু—দত্তবান্ (ক্ত্বাচ্ - দত্ত্বা) কিন্তু আ+দা+ক্ত=আত্ত, ক্তবতু—আত্তবান্। **অবদত্ত, প্রদত্ত, বিদত্ত** প্রভৃতি **আদিকর্মণি**।

১৭। **আদি-কর্মণি ক্তঃ কর্তরি চ** (৩.৪।৭১)—ক্রিয়ার আরম্ভ অর্থে ধাতুর পর **কর্তৃবাচ্যে**, কর্মবাচ্যে ও ভাববাচ্যে ক্তপ্রত্যয় হয়। এখানে কর্মশব্দ ক্রিয়াব্যাপ্যবাচক এবং ক্রিয়াবাচক। যথা—স পাঠং প্রকৃতঃ (পঠিতুম্ আরব্ধবান্ ইত্যর্থঃ), তেন পাঠঃ প্রকৃতঃ (পঠিতুং আরব্ধঃ)। এখানে প্র-শব্দ আদি-কর্মদ্যোতক, কখনও কখনও প্র-শব্দের অভাবেও আদি কর্মের প্রয়োগ দেখা যায়। যথা—রাম ওদনং ভুক্তঃ, রামেণ ওদনং ভুক্তম্।

ভাববাচ্যে—রামেণ প্রকৃতম্।

১৮। **ক্ষুব্ধ-স্বান্ত-ধ্বান্ত-লগ্ন-ম্লিষ্ট-বিরিব্ধ-ফাণ্ট-বাঢ়ানি মন্থ-মনস্-তমঃ-সক্তাবিস্পষ্ট-স্বরানায়াসভৃশেষু** (৭।২।১৮)—মন্থ প্রভৃতি আটটি অর্থে ক্রমে ক্ষুব্ধ প্রভৃতি আটটি শব্দ গুলি অনিট্ নিপাতনে সিদ্ধ হয়। যথা—ক্ষুভ্ ক্ষুব্ধো মন্থঃ (মথ্যতে যেন স মন্থনদণ্ডঃ), ক্ষুভিতম্ আলোড়িতমিত্যর্থঃ। স্বন্—স্বান্তং (মনঃ) 'স্বান্তং হৃন্মানসং মন' ইত্যমরঃ, স্বনিতং শব্দিতম্। স্বনিতো মৃদঙ্গঃ। ধ্বন্ —**ধ্বান্তং** তমঃ, **ধ্বনিতং** শব্দিতম্। লগ্—**লগ্নং** সক্তম্ (যুক্তমিত্যর্থঃ), 'লগ্নং রাশ্যুদয়ে ক্লীবং, সক্ত-লজ্জিতয়োস্ত্রিষু' **লগিতম্** অন্যং। ম্লেচ্ছ্—**ম্লিষ্টম্** অবিস্পষ্টং বচঃ, **ম্লেচ্ছিতং** ম্লেচ্ছতাপন্নমিত্যর্থঃ **বিরিব্ধঃ** স্বরঃ (উদাত্তাদি-বৈদিক-স্বরনামৈতৎ) **বিরেভিতম্**। ফণ্—**ফাণ্টম্** অনায়াসকৃতম্। অনায়াসকৃতঃ কষায়বিশেষঃ। বেদভাষ্যে নবনীতভাবাৎ প্রাগবস্থাপন্নং দ্রব্যং ফাণ্টম্, **ফণিতমন্যৎ**। বাহ প্রযত্নে—**বাঢ়ং** ভৃশম্ (ভৃশপ্রতিজ্ঞয়ো বাঢ়ম্) **বাহিতমন্যৎ**।

১৯। **কৃচ্ছ্রগহনয়োঃ কষঃ** (৭।২।২২)—কষ্ট করা অর্থে ও দুর্গম অর্থে কষ্ ধাতুর উত্তর ক্তপ্রত্যয় করিয়া কষ্ট শব্দ হয়। কার্যকারণয়োরভেদাৎ কষ্টো বহ্নিঃ। কষ্টো মোহঃ, কষ্টং তর্কশাস্ত্রম্ (দুরবগাহমিত্যর্থঃ)। 'স্যাৎ কষ্টং কৃচ্ছ্রমাভীল' মিত্যমরঃ। কষিতং (হিংসিতম্) ইত্যর্থঃ।

২০। **বা দান্ত-শান্ত-পূর্ণ-দস্ত-স্পষ্ট-চ্ছন্ন-জ্ঞপ্তাঃ**(৭।২।২৭)—**ণিজন্ত** দম্, শম্, পুর্, দস্, স্পশ্, ছদ্ ও জ্ঞা—এই ধাতুগুলির পর বিকল্পে ক্তপ্রত্যয়ে দান্ত প্রভৃতি শব্দ হয়। পক্ষে ইট্ যোগও হয়। যথা—দান্তঃ (দুর্দান্তঃ) দমিতঃ, শান্তঃ শমিতঃ (প্রশমিতঃ), পূর্ণঃ পূরিতঃ, দস্তঃ দাসিতঃ, স্পষ্টঃ স্পাশিতঃ, ছন্নঃ (প্রচ্ছন্নঃ) ছাদিতঃ (আচ্ছাদিতঃ), জ্ঞপ্তঃ (আজ্ঞপ্তঃ) জ্ঞাপিতঃ।

২১। **অদো জগ্ধির্ল্যপ্ তিকিতি** (২।৪।৩৬)—ল্যপ্ প্রত্যয় পরে থাকিলে ও তকারাদি কিৎপ্রত্যয় পরে থাকিলে অদ্ধাতু স্থানে জগ্ধি আদেশ হয়। জগ্ধির ইকার উচ্চারণ করিবার জন্য ব্যবহৃত হইয়াছে। যথা, অদ্ + ক্ত—জগ্ধম্,—ক্ত্বাচ্—জগ্ধ্বা,—ক্তবতু—জগ্ধবান্, ল্যপ্—প্র-জগ্ধ্য; কিন্তু '**অন্নম্**' শব্দটি নিপাতনে সিদ্ধ হয়।

২২। **গত্যর্থাকর্মকশ্লিষ-শীঙ্-স্থা-স-বস-জন-রুহ-জীর্যতিভ্যশ্চ** (৩।৪।৭২)—গমনার্থক ধাতুর পর, অকর্মক ধাতুর পর, শ্লিষ্ শীঙ্ স্থা আস্ বস জন্ রুহ্ জৄ ধাতুর পর **কর্তৃবাচ্যে ক্তপ্রত্যয়** হয়। যথা—গমনার্থক—গৌতমো গ্রামং গতঃ গীতা বারাণসীং প্রস্থিতা। অকর্মক—স সুপ্তঃ, স শয্যায়াং শয়িতঃ, স মৃতঃ, স জীর্ণঃ (রুগ্নঃ), স প্রোষিতঃ, স আসিতঃ, স স্থিতঃ। সূত্রে পুনরায় শ্লিষ্ প্রভৃতি ধাতু পৃথক্ ধরা হইয়াছে, কারণ শ্লিষ্ প্রভৃতি ধাতুর উত্তর প্রত্যয় যোগে যে শব্দ গঠিত হয় সেই শব্দগুলি উপসর্গযোগে সকর্মক হয়। যথা—লক্ষ্মীমাশ্লিষ্টো হরিঃ, বিষ্ণুঃ শেষমধিশয়িতঃ, বৈকুণ্ঠমধিষ্ঠিতঃ, সরস্বতী-মুপাসিতঃ, একাদশীমুপোষিতঃ, রামমনুজাতো লক্ষ্মণঃ, গরুড়ম্ আরূঢ়ো বিষ্ণুঃ, অনন্তো বিশ্বমনুজীর্ণঃ। সূত্রস্থিত চকার দ্বারা **কর্মবাচ্যে ও ভাববাচ্যেও হয়**। যথা, কর্মবাচ্যে—অনেন গ্রামো গতঃ, ভাববাচ্যে—অনেন গতম্।

২৩। **ক্তোঽধিকরণে চ ধ্রৌব্যগতি-প্রত্যবসানার্থেভ্যঃ** (৩।৪।৭৬)—নিশ্চলার্থক, গমনার্থক ও ভোজনার্থক ধাতুর পর **ক্তপ্রত্যয় অধিকরণবাচ্যে** হয়। যথা—নিশ্চল অর্থে—'মুকুন্দস্য আসিতমিদম্' (আস্যতে অস্মিন্নিতি আসিতম্ আসনমিত্যর্থঃ), গমন অর্থে—ইদং যাতং রমাপতেঃ (যায়তে গম্যতে অস্মিন্নিতি যাতং মার্গ ইত্যর্থঃ), ভোজন অর্থে—ভুক্তমেতদ্ অনন্তস্য (ভুজ্যতে অস্মিন্নিতি ভুক্তং ভোজনস্থানমিত্যর্থঃ)।

সূত্রস্থিত চকার দ্বারা কর্মবাচ্যে, ভাববাচ্যে ও কর্তৃবাচ্যেও হয়। যথা—কর্মবাচ্যে—মুকুন্দেন পীঠমধ্যাসিতম্, তেন তীর্থং যাতম্, তেন শ্রাদ্ধীয়ান্নং ভুক্তম্। ভাববাচ্যে—মুকুন্দেন আসিতম্, যাতং, ভুক্তম্। কর্তৃবাচ্যে—মুকুন্দঃ পীঠে আসিতঃ, তীর্থং গতঃ, শ্রাদ্ধীয়ান্নং ভুক্তঃ। কথং 'ভুক্তা ব্রাহ্মণাঃ' 'পীতাঃ গাবঃ'? ভুক্তমস্তি পীতমস্তি এষামিতি ভাববাচ্য ক্ত প্রত্যয়ান্তাৎ মত্বর্থীয়োঽচ্ প্রত্যয়ঃ।

২৪। **মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ** (৩।১।১৮৮)—এখানে 'মতি'র অর্থ ইচ্ছা। ইচ্ছার্থকধাতু, বোধার্থকধাতু এবং পূজার্থকধাতুর পর **বর্তমানকালে ক্তপ্রত্যয়** হয়। যথা—রাজ্ঞাং মতঃ (ইষ্ট ইত্যর্থঃ), রাজভিরিষ্যমাণ ইত্যর্থঃ রাজ্ঞাং বুদ্ধঃ, সতাং বিদিতঃ সতাং জ্ঞাতঃ। এই সকল ক্ষেত্রে '**ক্তস্য চ বর্তমানে**' এই সূত্রানুসারে **কর্তায় ষষ্ঠী** হয়। অতীতকালে ক্তপ্রত্যয় হইলে অনুক্ত কর্তায় তৃতীয়া হয়। যথা—ময়া জ্ঞাতম্, তেন অর্চিতঃ; সদ্ভিঃ পূজিতঃ।

সূত্রস্থিত চকার সমুচ্চয়ার্থক, অতএব অন্যত্রও হয়। যথা—"শীলিতো রক্ষিতঃ ক্ষান্ত আক্রুষ্টো জুষ্ট ইত্যপি" ইতি ভাষ্যম্।

২৫। **নপুংসকে ভাবে ক্তঃ** (৩।৩।১১৪)—সর্বপ্রকার কালে **ভাববাচ্যে** ধাতুর পর ক্ত প্রত্যয় হয় সেই ক্তপ্রত্যয়ান্ত শব্দ **ক্লীবলিঙ্গ** হয়। যথা, বিশেষ্যে—শিশোঃ শয়িতম্ (শয়নমিত্যর্থঃ), বালকস্য হসিতম্, তেষাং জল্পিতম্। ক্রিয়াতে—তেন কৃতম্, ময়া জ্ঞাতম্, ভুক্তম্ ইত্যাদি।

এই সূত্র "নিষ্ঠা" (৩।২।১০২)—সূত্র দ্বারাই সিদ্ধ হইত, কিন্তু '**নপুংসকে**......' সূত্র অতীতকাল ব্যতীত **অন্যকালে ক্ত-প্রত্যয় বিধান করিবার** ব্যবহৃত হইয়াছে।

কতিপয় ক্ত প্রত্যয়ান্ত শব্দ

অঞ্চ—অঞ্চিত, অক্ত	অদ্—জগ্ধ, অন্নম্ (নিপাতনে)	অর্দ—অর্দিত (অভ্যর্ণ)
অস্ (to be) – ভূত	অস্ (to throw)—অস্ত	অশ্ (to eat)—অশিত
অশ্ (to pervade)—অষ্ট,	আপ্—আপ্ত	আস্ (to sit)—আসিত
ই (ণ্) to go'—যৎ	অধি-ইঙ্ (to reah) অধীত	ইষ্ (to wish)—ইষ্ট
ইষ্ (ইষ্যতি to go) —ইষিত	ঈহ—ঈহিত	ঋধ্ (to prosper)—ঋদ্ধ
কম্ (to desire'—কান্ত	ক্লিশ্—ক্লিষ্ট, ক্লিশিত	ক্ষম্—ক্ষান্ত
ক্ষি—ক্ষীণ, ক্ষিত	ক্ষৈ—ক্ষাম	ক্ষিপ্—ক্ষিপ্ত
খন্—খাত	খিদ্—খিন্ন	
গাহ্—গাঢ়	গুহ্—গূঢ়	গৄ—গীর্ণ
গৈ—গীত	গ্রহ্—গৃহীত	ঘ্রা—ঘ্রাণ, ঘ্রাত
চক্ষ্—খ্যাত	ছিদ্—ছিন্ন	জন্—জাত
জৄ—জীর্ণ	তন্—তত	তুষ্—তুষ্ট
তৄ—তীর্ণ	ত্যজ্—ত্যক্ত	ত্রৈ—ত্রাত
ত্রস্—ত্রস্ত	দহ্—দগ্ধ	দন্শ্—দষ্ট
দা—দত্ত	আ-দা আত্ত, আদত্ত	দিব্—দ্যূত, দ্যূন
দু—দূন	দৃহ দৃঢ়	দৄ—দীর্ণ
ধা—হিত	ধাব্—ধৌত, ধাবিত	ধ্যৈ—ধ্যাত
নম্—নত	নশ্—নষ্ট	প্র-নশ্—প্রনষ্ট
পচ্—পক্ব	পদ্—পন্ন	পা—পীত
পূর্—পূর্ণ	পৄ—পূর্ত	প্যায়—পীন
ব্রূ or বচ—উক্ত	ভ্রন্শ্—ভ্রষ্ট	ভ্রম্—ভ্রান্ত
ভ্রস্জ্—ভৃষ্ট	মন্—মত	মস্জ্—মগ্ন
মা—মিত	মুহ—মুগ্ধ, মূঢ়	মুষ্—মুষ্ট, মুষিত
মূর্চ্ছ—মূর্ত	মৃশ্—মৃষ্ট	ম্লৈ—ম্লান

যজ—ইষ্ট	যম্—যত	রুজ্—রুগ্ণ
রুদ্—রুদিত	রুধ্—রুদ্ধ	রুহ্—রূঢ়
লভ্—লব্ধ	লভ্+ণিচ্—লম্ভিত	লস্জ্—লগ্ন (লজ্জিত=লজ্জা+ইতচ্)
লিহ্—লীঢ়	লী—লীন	লূ—লূন
বদ্—উদিত	বপ্—উপ্ত	বস্ (to dwell)—উষিত
বস্ (to wear)—বসিত	বহ্—ঊঢ়	ব্যধ্—বিদ্ধ
বম্—বান্ত, বমিত	বিজ্—বিগ্ন	শম্—শান্ত
শাস্—শিষ্ট	শাস্-ণিচ্-ক্ত—শাসিত	শী—শয়িত
শুষ্—শুষ্ক	শৄ—শীর্ণ	ষ্ঠিব্—ষ্ঠ্যূত
সহ্—সাঢ়	সদ্—সন্ন	নি-সদ্-ক্ত—নিষণ্ণ
সন্জ্—সক্ত	সিচ্—সিক্ত	সিব্—স্যূত
স্থা—স্থিত	সো—সিত	সৃজ্—সৃষ্ট
স্বপ্—সুপ্ত	সু-স্বপ্—সুষুপ্ত	স্নিহ্—স্নিগ্ধ, স্নীঢ়
হৃষ্—হৃষ্ট, হৃষিত	হ্বে—হূত	হা—হীন

ক্তবতুর ক্ষেত্রে ক্ত-প্রত্যয়ান্ত শব্দের সহিত 'বৎ' যোগ করিলেই ক্তবতু-প্রত্যয়ান্ত শব্দগুলির প্রাতিপদিক রূপ (**form**) পাওয়া যাইবে।

Exercise

1. *Translate into Bengali* :—অগস্ত্যঃ সমুদ্রং পীতবান্। বালিকা চন্দ্রং দৃষ্টবতী। তেন গীতং শ্রুতম্। রাজ্ঞা বয়ম্ আহূতাঃ। বানরাঃ ফলানি ভক্ষিতবন্তঃ। তেন আত্মবৃত্তান্তঃ কথিতঃ। বিষ্ণুশর্মণা পাঠিতাঃ রাজপুত্রাঃ। অহো মহদ্ ভোজনম্ উপস্থিতম। স চৈকদা নির্ভরং প্রসুপ্তঃ। দ্রব্যাণি হর্তুং তদ্গৃহং চৌরঃ প্রবিষ্টঃ। ময়াঃ ধর্মশাস্ত্রাণি অধীতানি। বিদিতমেতৎ অত্রভবতাম্। স জাতো যেন জাতেন যাতি বংশঃ সমুন্নতিম্। মূষিকমন্বধাবন্ বিড়ালো মুনিনা দৃষ্টঃ। অথৈকদা স মূষিকঃ বহিঃ সঞ্চরন্ মার্জারেণ প্রাপ্তো ব্যাপাদিতঃ খাদিতশ্চ। অহমেব মতো মহীপতেঃ। কাক্যা কনকসূত্রেণ কৃষ্ণসর্পো ব্যাপাদিতঃ। যদ্যেতদভিমতং

ভবতাং তর্হি ভবতু তৎ। ততঃ স স্বস্তৈব সিংহস্য প্রতিবিম্বং দর্শিতবান্। অথ কদাচিৎ বায়স্যা তদনুষ্ঠিতম্। সর্বে বান্ধবাস্তত্র উপবিষ্টাঃ। ধর্মবুদ্ধিসহায়েন তেন পাপবুদ্ধিনাপি প্রভূতং বিত্তমুপার্জিতম্।

2. *Translate into Sanskrit using* ক্তবতু *or* ক্ত *in active voice* :—Rama killed Ravana. Pandavas went to the forest. They sang a song in the meeting. He read Sanskrit for ten years. They have gone to a distant country. I have brought some new books. Why have you come to this lonely forest ? The farmer sowed paddy in that field. The girl plucked some fruits from the tree. Arjuna conquered all the kings of India. My mother has ordered all of you to come home. Bhima broke the thigh of Duryodhana. They have obtained their desired object. Some of the soldiers mounted the hill. The woman laughed and said, God has created the sun, the moon and the stars. The king came out in rage and defeated the enemies. Three fruits have fallen from tree. The teacher asked me four difficult questions, All men honour the wise.

3. *Translate into Sanskrit using* ক্ত *in passive voice* :—

They laughed. I ran in the field. All men laughed at you. The old man died. He bathed in the Ganges. The thief was bitten by a snake. The woman was seen and asked by Birabara. Many gods were conquered by Ravana. The milk-ocean was churned by the gods and the demons. The tiger was pursued and killed by the villagers. Three women lived there. Why did you weep ? Many books were brought and read by this boy. She was led to the place of execution. The eldest son of the the king was placed on the throne by the ministers. This work was done by many women.

4. *Correct* :—সা নারী এতৎ কর্ম কৃতবান্। মম মিত্রম্ ইদম্ উক্তবান্। ফলানি তেন ভক্ষিতাঃ। বালকৈঃ শয্যায়াং শয়িতাঃ। স্ত্রিয়ঃ বনং গতবন্তঃ। অদ্য ময়া শিবপূজা বিহিতঃ। অপি ত্বয়া গীতিঃ শ্রুতঃ। দেবী তং করে ধৃতবান্ উক্তবান্ চ। রাজা সর্বৈঃ পূজিতং ভবতি। ইমাঃ বালিকাঃ রামায়ণম্ অধীতবন্তঃ। শিশুভিঃ তদা রুদিতঃ। ত্বয়া নক্ষত্রাণি দৃষ্টঃ। বয়ং তেন কথিতঃ। সাধুঃ সর্বৈঃ নরৈঃ তদা পৃষ্টবান্। আবাভ্যাম্ এতৎ সর্বং জ্ঞাতঃ।

ক্বসু, কানচ্ (Perfect Participles)

১-২। **লিটঃ কানজ্বা** (৩।২।১০৬) **ক্বসুশ্চ** (৩।২।১০৭)—বেদে ধাতুর পর লিট্ প্রত্যয় স্থানে বিকল্পে ক্বসু ও কানচ্ প্রত্যয় আদেশ হয়। লৌকিক-প্রয়োগেও ইহা দেখা যায়। যথা, **কানচ্**—যুধ্—যুযুধান, কৃ—চক্রাণঃ, বচ্—উচানঃ। **ক্বসু**—স্থা (তস্থিবস্)—তস্থিবান্ 'তং তস্থিবাংসং নগরোপকণ্ঠে, স্ত্রীলিঙ্গে **তস্থুষী**। হন্ (জঘ্নিবস্)—জঘ্নিবান্, গম্—জগ্মিবস্, স্ত্রীলিঙ্গে—**জগ্মুষী**।

৩। **ভাষায়াং সদবসশ্রুবঃ** (৩।২।১০৮)—**লৌকিকপ্রয়োগে** সদ্, বস্ ও শ্রুধাতুর পর লিট্ প্রত্যয়স্থানে ক্বসুপ্রত্যয় আদেশ হয় বিকল্পে। পক্ষে, লুঙ্, লঙ্, লিট্ প্রত্যয় হয়।

যথা, সদ্ (সেদিবস্)—সেদিবান্, নিষেদিবান্ স্ত্রীলিঙ্গে নিষেদুষী; 'নিষেদুষী স্থণ্ডিল এব কেবলে' (কুমারসম্ভব) বস্ (উষিবস্ —উষিবান্, শ্রু (শুশ্রুবস্) শুশ্রুবান্।

৪। **উপেয়িবাননাশ্বাননূচানশ্চ** (৩।২।১০৯)—উপ পূর্বক ইধাতুর পর ক্বসু প্রত্যয় হইলে **উপেয়িবান্**, নঞ্ পূর্বক অশ্ ধাতুর পর ক্বসু হইলে **অনাশ্বান্** এবং অনুপূর্বক বচ্ ধাতুর পর কানচ্ প্রত্যয় হইলে **অনূচান** শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

যথা, বেদস্যানুবচনং কৃতবান্=অনূচানঃ, **যোঽনূচানঃ স নো মহান্** '(মনুঃ). **ধৃতজন্মধৃতেরনাশুষঃ**' (ভারবিঃ)।

স্যতৃ, স্যমান (Future Participles)

১-২। **লৃটঃ সদ্বা** (৩।৩।১৪) **স্য-তাসী লৃলুটোঃ** ৩।১।৩৩ —ধাতুর পর ভবিষ্যৎ কালে লৃট্ প্রত্যয় স্থানে বিকল্পে শতৃ শানচ্ প্রত্যয় 'স্য' যুক্ত হইয়া পরস্মৈপদী ধাতুর উত্তর স্যতৃ এবং আত্মনেপদী ধাতুর উত্তর স্যমান্ প্রত্যয় হয়।

উভয়পদী ধাতুর উত্তর স্যতৃ ও স্যমান দুইই হয়। ধাতুর লৃটে পরস্মৈপদে 'স্যতি' বিভক্তি-নিষ্পন্ন পদের 'স্যতি,র স্থানে 'স্যৎ' করিলে স্যতৃ প্রত্যয় যুক্ত শব্দ এবং আত্মনেপদে 'স্যতের'র স্থানে 'স্যমান' করিলে স্যমান প্রত্যয় যুক্ত শব্দ পাওয়া যাইবে।

উভয়ত্রই অবশ্য প্রয়োজনমত 'ষত্ব' ও 'ণত্ব' করিতে হইবে। যথা, ভূ—স্যতৃ ভবিষ্যৎ (ভবিষ্যন্, ভবিষ্যন্তা), যা—যাস্যৎ, স্থা—স্থাস্যৎ, জি—জেষ্যৎ, শ্রু—শ্রোষ্যৎ, গম্—গমিষ্যৎ, দৃশ্—দ্রক্ষ্যৎ ইত্যাদি। স্যমান—বৃৎ—বর্তিষ্যমান, সেব্—সেবিষ্যমাণ, জন্—জনিষ্যমান, পদ্—পৎস্যমান, সহ্—সহিষ্যমান ইত্যাদি। উভয়পদী ধাতু—কৃ—করিষ্যৎ, করিষ্যমাণ, দা—দাস্যৎ, দাস্যমান, জ্ঞা—জ্ঞাস্যৎ, জ্ঞাস্যমান, ব্রূ—বক্ষ্যৎ, বক্ষ্যমাণ ইত্যাদি।

স্যতৃ ও স্যমান প্রত্যয়ান্ত শব্দগুলিও বিশেষণ বলিয়া ইহাদের লিঙ্গ, বিভক্তি ও বচন বিশেষ্যের অনুগামী হয়। এষ গমিষ্যন্ বালকঃ। জনিষ্যমাণা কন্যা পরমসুন্দরী ভবিতা। করিষ্যন্তং করিষ্যমাণং বা পুরুষং পশ্য। বক্ষ্যমাণৈঃ বাক্যৈঃ তাৎপর্যং গৃহাণ।

Exerci»e

1. *Translate into Bengali* :—স বন্যান্ বিনেষ্যন্ ইব দাবং বিচচার। রামায়ণং রচয়িষ্যন্ বাল্মীকিঃ নারদং স্মৃতবান্। ঘটং করিষ্যন্তং কুম্ভকারং স পশ্যতি। শয্যামধিশয়িষ্যমাণা সা প্রাহ। যজ্ঞমনুষ্ঠাস্যন্ স রাজানং নিকষা আগচ্ছৎ; শরাসনং সশরং করিষ্যমাণং রামং সর্বে দদৃশুঃ। প্রয়াণং করিষ্যন্ স তত্র ক্ষণং তস্থৌ। নগরং অধিবাংসং নৃপং প্রজা দদৃশুঃ। শ্রেয়াংসি সর্বাণি অধিজগ্মুষঃ তে কিমন্যং আশাংসন্তি। উপসেদিবান্ কৌৎসঃ রঘুমাহ। স শুশ্রুবান্ তদ্ বচনং মুমোহ।

2. *Translate into Sanskrit* :—Wishing to go to the forest Rama sent for Lakshmana Wishing to read the Vedas, they started for Benares Wishing to lie down, the child began to cry. With a desire to accompany him to Calcutta I went him. Intending to perform a horse-sacrifice Yudhisthira invited all other kings. The man who had seen the coronation of the king has come here to-day. Do you know the man who had heard our conversation ? All men came to see the hero who had saved the city from the enemies

3. *Correct* :—বালকান্ পরীক্ষিষ্যন্ শিক্ষকঃ অবদৎ। রামম্ এব উচিবান্ মুনয়ঃ জগ্মুঃ। প্রাসাদে তস্থুষী স্ত্রিয়ঃ রাজপুত্রং প্রত্যাগচ্ছন্তং দদৃশুঃ। জলং পাস্যন্ বালিকা গৃহং প্রবিবেশ।

অন্যান্য কৃৎ-প্রত্যয়

ঘঞ্—ভাববাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ হয়। যথা, পচ্—পাক, লভ্—লাভ, হন্—ঘাত, এইরূপ—তাপ. নাশ, বাস, দাহ, শাপ, ত্যাগ, পাঠ, ভোগ, ভাব, প্রতীকার, পরীবাদ, প্রাসাদ (কৃত্রিমে-palace) প্রসাদ, সংরাব নিষাদ। **ঘঞ্-প্রত্যয়ান্ত শব্দগুলি পুংলিঙ্গ।**

অচ্—ইবর্ণান্ত ও অর্হ প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃভিন্ন বাচ্যে অচ্ হয়। যথা, চি—চয়, জি—জয়, ক্ষি—ক্ষয়, নী নয়, লী—লয় ভী—ভয়; শয্যাশয়, পার্শ্বশয়, পূজার্হ, মনোহর, শঙ্কর।

অপ্—ঋবর্ণান্ত, উবর্ণান্ত ও গ্রহ্ প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃভিন্ন বাচ্যে অপ্ হয়। যথা কৃ—কর, বৃ—বর, দৃ—দর, গৄ—গর, রু—রব, স্তু—স্তব, দ্রু—দ্রব, গ্রহ্—গ্রহ, নিঃ+চি—নিশ্চয় গম্—গম. বশ্—বশ, রণ্—রণ, যম্—যম, স্বন্—স্বন পণ্—পণ, মদ্—মদ, সন্-অজ্—সমজ, আ-হ্বে—আহব, হন্—বধ, মূর্তৌ ঘন, উৎ-হন্—উদ্ঘন, অপ-হন্—অপঘন. **অপঘনোঽঙ্গম্** ৩৩৮১, করণে অপ্—hands and feet), অয়স্-হন্— অয়োঘন, পরি-হন—পরিঘ (লগুড়, bar)।

উ—সনন্ত ধাতু, আ-শংস ধাতু ও ভিক্ষ-ধাতুর উত্তর শীলপ্রভৃতি অর্থে উ-প্রত্যয় হয়।

যথা—পাতুম্ ইচ্ছুঃ পা+সন্+উ=পিপাসুঃ; এইরূপ চিকীর্ষু, জিগীষু, জিঘাংসু। জিঘৃক্ষু, বিবক্ষু, জিজ্ঞাসু, অনুসন্ধিৎসু, তিতীর্ষু, লিপ্সু, দিৎসু, আশংসু, ভিক্ষতে যঃ সঃ ভিক্ষ্+উ ভিক্ষু।

ক্তিন্—ভাববাচ্যে ধাতুর উত্তর ক্তিন্ হয়। যথা, কৃ+ক্তিন্—কৃতি; এইরূপ—গীতি, উক্তি, মতি স্থিতি, গতি, সৃষ্টি, বৃষ্টি, নীতি শ্রুতি, দৃষ্টি।

ল্যুট্—ভাববাচ্যে ধাতুর উত্তর ল্যুট্ হয়। যু থাকে এবং **যু স্থানে অন** হয়। যথা,—গমন, শয়ন, দর্শন, শ্রবণ, জ্ঞান, পান, গ্রহণ, ভোজন, নয়ন, স্থান।

ক—আকারান্ত ও হন্ প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ক হয়। যথা সর্ব-সর্বজ্ঞ, নৃ-পা—নৃপ; প্রী—প্রিয়, এইরূপ—ধনদ. বারিদ. তনুত্র, মধুপ, ঘাতপত্র, দ্বিপ, বনস্থ, স্বাস্থ্য, পাদপ, শত্রুঘ্ন, নদাঞ্চ, অপ্-ভৃ—অভ্র,

ত্রিদিব, সুখপ্রদ, সামগ, আশ্বত্থ, কামদুঘ, বুধ্—বুধ, জ্ঞা—জ্ঞ, বি-আ-ঘ্রা—ব্যাঘ্র, নি-স্থা—নিষ্ঠ।

অণ্—কর্মকারক পূর্বক ধাতুর উত্তর অণ্ হয়। যথা, কুম্ভ-কৃ—কুম্ভকার; এইরূপ—গ্রন্থকার, দ্বারপাল, পয়োবাহ, শ্বপাক, তন্তুবায়।

ট—চর্ প্রভৃতি ধাতুর উত্তর ট হয়। যথা, জল-চর্+ট=জলচর; এইরূপ—বনচর, খেচর, নিশাচর, পার্শ্বচর, পুরঃসর, দিবাকর, ভাস্কর, চিত্রকর, কিংকর, বচনকর, যশস্কর।

ণিনি—শীল প্রভৃতি অর্থে ধাতুর উত্তর ণিনি হয়। যথা, সত্যং বদিতুং শীলমস্য ইতি সত্য-বদ্+ণিনি=সত্যবাদিন্, এইরূপ মিথ্যাবাদিন্, পাপকারিন্, মিত্রদ্রোহিন্, পিতৃঘাতিন্, পণ্ডিতমানিন্, উষ্ণভোজিন্, স্থায়িন্ সঞ্চারিন্, অধিকারিন্, বিদ্রোহিন্।

ড—গম্ প্রভৃতি ধাতুর উত্তর ড হয়; ড্ ইৎ, অ থাকে এবং 'টি' অর্থাৎ অন্ত্যস্বর অবধি সমুদয় বর্ণের লোপ হয়। যথা, দূর-গম্+ড=দূরগ; এইরূপ—অধ্বগ জলজ, দ্বিজ, পারগ, অণ্ডজ, পতগ, বিহগ (বিহায়স্ স্থানে বিহ্ আদেশ তুরগ (তুর্-গম্+ড), অগ্রজ, অনুজ, সহজ।

কি—উপসর্গ অথবা কর্মকারক উপপদে থাকিলে দা ও ধা ধাতুর 'কি' প্রত্য হয়; ক্ ইৎ, ই থাকে। যথা—আ-দা+কি=আদি, জল-ধা+কি= এইরূপ আধি, নিধি, বিধি, উদধি, বারিধি।

ক্বিপ্—সুবন্ত শব্দ উপপদে থাকিলে ধাতুর উত্তর কর্তৃবাচ্যে 'ক্বিপ্' প্রত্যয় —ক্বিপ্ এর সমুদয় ইৎ, কিছুই থাকে না। প্-ইৎ কৃৎপ্রত্যয় পরে থাকিলে **হ্রস্বস্বরান্ত ধাতুর পর তুক্ (ৎ) আগম্ হয় হ্রস্বস্য পিতি কৃতি তুক্** ৬।১।৭১)। যথা—ইন্দ্রং জিতবান্ ইন্দ্র—জি+**ক্বিপ**=ইন্দ্রজিৎ; এইরূপ বিশ্বজিৎ, শত্রুজিৎ, পক্ষচ্ছিদ্, গোত্রাভিদ্ সভাসদ্, পরিষদ্, জলস্পৃক্, সম্রাজ্, স্বরাজ্।

অতিরিক্ত—গো-বিদ্+শ=গোবিন্দ, অর-বিদ্+শ=অরবিন্দ, প্রিয়-বদ্ খচ্=প্রিয়ংবদ, এইরূপ—বশংবদ, পরন্তপ, পুরন্দর, সর্বংসহ, ভয়ঙ্কর, বিশ্বম্ভ

অরিন্দম, বাচংযম, বিহঙ্গম, বা বিহঙ্গ, ভুজঙ্গম বা ভুজঙ্গ, পতঙ্গম বা পতঙ্গ তুরঙ্গম্, বা তুরঙ্গ। শত্রু-হন্+টক্=শত্রুঘ্ন, এইরূপ—বিঘ্ন, বাতঘ্ন, জরঘ্ন, পতিঘ্নী (স্ত্রী)। স্তন—ধে+খশ্=স্তনন্ধয়, অরুস্+তুদ্+খশ্=অরুন্তুদ, এইরূপ—বিধুন্তুদ, ললাটন্তপ, ইরম্মদ, অভ্রংলিহ, অসূর্যম্পশ্যা। কৃ+সন্+অ (স্ত্রিয়াং টাপ্)=চিকীর্ষা; এইরূপ লিপ্সা, দিদৃক্ষা, বুভুক্ষা, জিজ্ঞাসা, দিৎসা, জিগীষা, জিঘাংসা। দুঃখ ভজ্+ণ্বি= দুঃখভাক্। গ্রহ+ণ=গ্রাহ; এইরূপ—ব্যাধ, দাব। গ্রহ্+অচ্=গ্রহ। নৃত+ণ্বুল্ =নর্তক, খন্—খনক, রঞ্জ্—রজক। দুর-যুধ্+যুচ্=দুর্যোধন, শাস্—দুঃশাসন। দহনঃ জ্বলনঃ, ক্রোধনঃ। অলম্—কৃ+ইষ্ণুচ্=অলঙ্করিষ্ণু, এইরূপ—সহিষ্ণু, বর্ধিষ্ণু। হন্+উকঞ্=ঘাতুক, এইরূপ—গামুক, বর্ষুক, কামুক। খন্+ইত্র=খনিত্র; এইরূপ চরিত্র, নেত্র, দাত্র। ঈশ্+বরচ্=ঈশ্বর (স্ত্রীলিঙ্গে ঈশ্বরা), এইরূপ—ভাস্বর স্থাবর, যাযাবর, বিকস্বর। নিন্দ্+বুঞ্=নিন্দক, হিংস্—হিংসক। তদ্-দৃশ্+ক্বিন্ =তাদৃশ্, এইরূপ—যাদৃশ্, মাদৃশ, কীদৃশ্, দিশ ঋত্বিক্। তদ্-দৃশ্+কঞ্=তাদৃশ এইরূপ—যাদৃশ, সদৃশ, মাদৃশ, কীদৃশ, অমূদৃশ, ইত্যাদি। বিদ্+কুরচ্=বিদুর; এইরূপ—ছিদুর, ভিদুর। ভঞ্জ+ঘুরচ্=ভঙ্গুর; এইরূপ - ভাসুর মেদুর। ই (ণ্)+ ক্বরপ্=ইত্বর (going); এইরূপ নশ্বর, জিত্বর, সৃত্বর, গত্বর। প্রচ্ছ+নঙ্ =প্রশ্নঃ, এইরূপ—যত্নঃ, স্বপ্নঃ, যজ্ঞঃ।

Exercise

1. *Translate into Bengali* :—

অহমধুনৈব গন্তুম্ ইচ্ছামি। মদ্বচনং শ্রোতুমর্হন্তি ভবন্তঃ। অথ স তদন্নং ভক্ষয়িতুমারেভে। কো নাম দৈবস্য দ্বারাণি পিধাতুম্ ঈষ্টে? সময়োঽয়ং স্নান-ভোজনে সেবিতুম্। সহস্রগুণমুৎস্রষ্টুম্ আদত্তে হি রসং রবিঃ। স্বামিগুণাঃ ন শক্যন্তে বিস্মর্তুম্। কোঽন্যো হুতবহাৎ দগ্ধুং প্রভবতি? অস্তি মে বিভবঃ সর্বং পরিজ্ঞাতুম্; ন চ খলু পরিভোক্তুং নাপি শক্নোমি হাতুম্। ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্মাণ্যশেষতঃ। এতন্মে সংশয়ং কৃষ্ণ! ছেত্তুমর্হসি অশেষতঃ। আজগ্মু ঋষয় সর্বে রাঘবং প্রতিনন্দিতুম্। এতদিচ্ছাম্যহং শ্রোতুং পরং কৌতু-

হলং হি মে। গন্তুকামঃ স মাতরং প্রণনাম। তত্তপঃ লোকান্ দগ্ধুমলম্। লিখিত-মিহ ললাটে প্রোঞ্ছিতুং কঃ সমর্থঃ ?

2. *Transtate into Sanskrit* :—

My brother has gone to Calcutta to bathe in the Ganges. He saw me reading a book. Bharata went to bring Rama. Sita wishod to see the hermitage. I wish to go to Benares. He has power to know everything. This is time to bathe and eat. The old man is unable to work. He wished to give some food to the poor. Who but ffiy friend can save me from this hunters net ? Two sages went out to collect some flowcrs and leaves. A mother can not live without her son. You may go if you have any desire to die. I told him to read this book. To lie is a sin. I can not bear to see the distress of the honest. The boy wished to get the nice picture. He appears to. be desirous of speaking again. An old man comes here to sell fruits. Boys come to school to learn. We should try to conquer our passions. Nobody can take it by force from me. Most of the women began to weep to see the dead body of the boy. The priest went to the temple to worship Siva. It is time to see the king. This girl is skilful in dancing. Parbati desired to obtain Siva as her husband. The tiger became ready to kill the traveller. Nobody can count the stars of the sky. The sick man tried to speak with his kinsmen but he had no power to do so. Bad boys do not wish to read their lessons. .This blind man comes everyday to beg alms. Nobody can alter the decree of Providence He always tried to do good to others

3. *Correct* : —

বৃদ্ধঃ ভারমিমং বহিতুং ন সমর্থঃ। অহঃ বালকান্ ক্রীড়িতুম্ অপশ্যম্। ভৃত্যান্ গৃহং গন্তুম্ আদিশ। স চৌরং পলায়িতুম্ অপশ্যৎ। বালকঃ পিতুঃ

আদেশং স্মরিতুং যততে। স পুষ্পাণি আহ'রিতুম্ উদ্যানংগচ্ছৎ। তে সংবাদং জানিতুম্ আগতাঃ। সদা যশঃ লভিতুং যতস্ব। সিংহং দর্শিতুং বালকঃ কলিকাতা-মগচ্ছৎ। ইন্দ্রিয়াণি জয়িতুং চেষ্টাং কুরু। মার্জারঃ জলং স্পর্শিতুং নাভিলষতি।

4, *Give the resulting forms of :—*

প্রচ্ছ্+ক্ত আস্+শানচ্, সহ্+তুমুন্, খিদ্+ক্ত, দা+ক্ত, ত্যজ'+ক্তবতু, দৃশ্+ক্তবতু, হন্+শতৃ, লভ্+তুমুন্, হা+ক্ত, শাস্+ক্যপ্, সস্+শতৃ, দা+শতৃ, দা+শানচ্, বহ্+তুমুন্, যজ্+ক্ত্বা, বহ্+ক্ত, ধা+ক্ত, দৃশ্+শতৃ, সহ্+তুমুন্, বস্ (to live)+ক্তবতু, আপ্+শতৃ, শী+শানচ্, বস্+ক্ত্বা, সহ্+ক্ত, কৃ+শানচ্, প্রচ্ছ্+তুমুন্, হন্+শতৃ,, ব্রূ+ক্ত, শ্রু+তুমুন্, অদ্+ক্ত্বা, বিদ্+শতৃ, গৈ+যৎ, যজ্+ক্তিন্, হ্বে+তুমুন্, ধা+ক্তবতু, বস্+তব্য, স্পৃশ্+ক্ত্বা, প্রচ্ছ+তুমুন্, প্রচ্ছ্+ক্ত্বা, গ্রহ্+শতৃ অধি-ই+ল্যপ্, প্র-বস্+ল্যপ্, অধি-বস+ল্যপ্ বি-জি+ল্যপ্, দৃশ্+তুমুন্, মৃ+শানচ্, স্বপ্+ক্ত্বা, হা+ক্তি, বহ্+ক্ত, পচ্+ক্ত, মসজ্+ক্ত, ক্ষৈ+ক্ত, ভৃ+ক্যপ্।

বাক্য রচনা ও পদসম্বন্ধ
(*Guide to Sanskrit Composition*)

বাক্য (Sentence)

১। **"বাক্যং স্যাদ্ যোগ্যতাকাঙ্ক্ষাসত্তিযুক্তঃ পদোচ্চয়ঃ**—সুবন্ত ও তিঙন্ত শব্দকে পদ বলে। বিভক্তিহীন শব্দ বাক্যে ব্যবহৃত হয় না। **বাক্য—যোগ্যতা, আকাঙ্ক্ষা এবং আসত্তিযুক্ত পদসমূহকে বলে।**

যোগ্যতাবলিতে বুঝায় এই যে বাক্যান্তর্গত পদসমূহের অর্থ বিচার করিবার সময় পরস্পর সম্বন্ধে যেন কোন বাধা না জন্মে। অগ্নিনা সিঞ্চতি, বন্ধ্যায়াঃ পুত্রঃ। তাহাদের এখানে অর্থের সঙ্গতি হয় নাই, এজন্য ইহারা বাক্য নয়। কিন্তু জলেন সিঞ্চতি, সত্যাঃ পুত্রঃ (১) এখানে অর্থের সঙ্গতি আছে। অতএব ইহারা সার্থক বাক্য।

"আকাঙ্ক্ষা" বলিতে বুঝা যায় পরস্পর সম্বন্ধযুক্ত পদসমূহের একটি সামগ্রিক অর্থবোধ থাকা চাই। গৌরশ্বঃ পুরুষো হস্তী—ইহারা পদসমষ্টি হইলেও পরস্পরের সম্বন্ধযুক্ত না হওয়াতে একটি সামগ্রিক অর্থবোধ জন্মায় না। এইজন্য এই পদসমষ্টি বাক্য নহে।

'আসত্তি' বলিতে বুঝা যায় বাক্যে ব্যবহৃত পদসমূহের নিকটবর্তিতা পরস্পর সম্বন্ধযুক্ত পদগুলি পাশাপাশি থাকিবে ইহাই সাধারণ নিয়ম—যাহাতে ভাবপ্রকাশের ব্যাঘাত না ঘটে। বাক্যের পদসমূহ একই সময়ে উচ্চারিত হইয়া একটি অখণ্ড অর্থ প্রকাশ করিলেই সার্থক বাক্য বলিয়া পরিগণিত হইবে। একদিন বলিলাম 'দেবদত্তঃ' পরের দিন বলিলাম 'গচ্ছতি' এরূপ অস্বাভাবিকভাবে ব্যবহিত পদ প্রয়োগেও বাক্য হয় না।

বাক্যের অন্যরূপ লক্ষণও আছে। যথা - 'পদসমূহো বাক্যমর্থসমাপ্তৌ', 'একতিঙ্ বাক্যম্' ইত্যাদি।

---

(১) অস্তির্ভবন্তিপরঃ প্রথমপুরুষঃ অপ্রযুজ্যমানোঽপ্যস্তি (মহাভাষ্য)।

উদ্দেশ্য ও বিধেয়

২। বাক্যের দুই অংশ—**উদ্দেশ্য ও বিধেয়** (১)। একটি সামগ্রিক বাক্যে যাহার উদ্দেশ্যে কোন বিবরণ দেওয়া হয় তাহা উদ্দেশ্য (Subject) এবং ঐ উদ্দেশ্য সম্বন্ধে যে বিবরণ দিলে বাক্যার্থের পরিসমাপ্তি ঘটে তাহা 'বিধেয়' (Predicate) সাধারণতঃ উদ্দেশ্য হয় 'কর্তা' বা 'কর্ম এবং বিধেয় হয় 'ক্রিয়া'। অজহল্লিঙ্গ শব্দের বেলায় উদ্দেশ্য ও বিধেয়ের লিঙ্গ বচনের ব্যতিক্রম হইয়া থাকে। যথা, বেদাঃ **প্রমাণম্**। স্মৃতয়ঃ **প্রমাণম্**। গুণাঃ **পূজাস্থানম্** গুণিষু। দরিদ্রা হি **কৃপাপাত্রম্**। অহিংসা পরমো ধর্মঃ। অবিবেকঃ পরমাপদাং **পদম্**। পরাপবাদঃ পাপম্। উদারচরিতানাং তু বসুধৈব **কুটুম্বকম্**। বিধেয় হয় ক্রিয়া অথবা যেখানে ক্রিয়া উহ্য থাকে সেখানে বিশেষণ। যথা—

(ক) ক্রিয়া—বালকাঃ হসন্তি। চন্দ্রঃ দৃশ্যতে। (খ) বিশেষণ— পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ। সংহতিঃ কার্যসাধিকা। 'উদ্দেশ্য' ও বিধেয়' এই দুইটি অংশ একটি বাক্য গঠনের পক্ষে ন্যূনতম উপাদান। উদ্দেশ্য ও বিধেয়কে প্রয়োজনবোধে সম্প্রসারিত করা চলে। যথা,—**ক্রীড়াজয়িনো** বালকাঃ **উচ্চৈঃ** হসন্তি। **নির্মলে শারদীয়ে** নভসি **পূর্ণ**চন্দ্রঃ দৃশ্যতে।

বিশেষ দ্রষ্টব্য ঃ—যদি কোনও বাক্যে উদ্দেশ্য ও বিধেয় পরস্পর প্রকৃতি (material) বিকৃতি (thing made of)—ভাবাপন্ন হয় তাহা হইলে ক্রিয়ার পুরুষ ও বচন প্রকৃতির (material) অনুযায়ী হয়। যথা,—একঃ **বৃক্ষঃ** পঞ্চ নৌকা **ভবতি**। এস্থলে 'প্রকৃতি' বৃক্ষ একটি বলিয়া ক্রিয়া একবচন 'ভবতি' হইয়াছে; কিন্তু 'বিকৃতি' নৌকা পাঁচখানা হইলেও ক্রিয়া বহুবচন হইবে না। **'প্রকৃতি-বিকৃত্যোরুক্তৌ, প্রকৃতেরনুসারতঃ কৃদাখ্যাতে।'**

বিশেষ্য ও বিশেষণের সঙ্গতি (২)

৩। বিশেষ্য ও বিশেষণের লিঙ্গবচনে সামঞ্জস্য রক্ষা করা শাস্ত্রের বিধান।

---

(১) যদুদ্দিশ্য ক্রিয়া প্রবর্ততে **তদুদ্দেশ্যম্** বিধীয়তে যৎ তদ্ **বিধেয়ম্**।

(২) **বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তিবচনে চ যে।**
তানি সর্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি॥

যথা,—বিদ্বাংসো ব্রাহ্মণাঃ। নৃত্যন্তী বালা। বুদ্ধিমৎ কলত্রম্। মধুরাং **গীতিং** শৃণোমি। লালনাশ্র**য়িণো** দোষাস্তাড়না**শ্রয়িণো** গুণাঃ। ন খলু ধীমতাং **কশ্চিদবিষয়ো** নাম।

৪। দুই বা ততোঽধিক বিশেষ্য বা সর্বনাম পদ যদি একই বিশেষণের সহিত সংযুক্ত হয় তবে **বিশেষণের বচন** বিশেষ্য বা সর্বনামের বচনের **সমষ্টিদ্বারা নিয়ন্ত্রিত** হইবে। যথা,—নিদ্রা ভয়ঞ্চ সর্বেষাং **সাধারণে**। কিন্তু জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি **গরীয়সী** এরূপও দেখা যায়।

৫। একই বাক্যে ভিন্নলিঙ্গের একাধিক বিশেষ্য এবং তাহাদের একটি সাধারণ বিশেষণ থাকিলে (ক) **পুংলিঙ্গ** ও **স্ত্রীলিঙ্গ** বিশেষ্যের ক্ষেত্রে সাধারণ বিশেষণটি **পুংলিঙ্গ** হইবে যথা—গুরুর্গুরুপত্নী চ শিষ্যাণাং **পূজনীয়ৌ**। ব্রাহ্মণঃ ব্রাহ্মণী চ নগরং **গতবন্তৌ**। **সুন্দরৌ** বালকঃ বালিকা চ **আনন্দিতৌ** মধুরং হসতঃ।

(খ) **ক্লীবলিঙ্গের সহিত** (ক) পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ অথবা (খ) পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ বিশেষ্যের সাধারণ বিশেষণটি **ক্লীবলিঙ্গ** হইবে এবং বিকল্পে একবচনও হইতে পারে (১)। বৃক্ষা লতা পুষ্পাণি চ **সুন্দরাণি** দৃশ্যন্তে। প্রমাদঃ আলস্যং চ **ধ্বংসকারিণী**। বৃথাবাক্যং পরনিন্দা চ **পরিত্যাজ্যম্** (**পরিত্যাজ্যে** বা)। মম মিত্রং তস্য পত্নী চ গৃহম্ **আগতম্** (**আগতে** বা)। বিপদি ধৈর্যমথাভ্যুদয়ে ক্ষমা, সদসি বাক্‌পটুতা যুধি বিক্রমঃ। যশসি চাভিরুচির্ব্যসনং শ্রুতৌ **প্রকৃতিসিদ্ধমিদং** হি মহাত্মনাম্॥ (২)

৬। কোন কোন সময় বিভিন্ন লিঙ্গের বিশেষ্যগুলির মধ্যে বিশেষণটি যে বিশেষ্যের নিকটবর্তী তাহারই লিঙ্গ ও বচন গ্রহণ করে। যথা—যস্য বীর্যেণ **কৃতিনো** বয়ং চ ভুবনানি চ (ভবভূতিঃ)। নিয়মানুসারে ভুবনানি পদের সঙ্গত বিশেষণ "কৃতীনি" এইরূপ ধরিয়া লইবার যে রীতি, ব্যাকরণে তাহার নাম **লিঙ্গ-বিপরিণাম**।

(১) নপুংসকমনপুংসকেন একবচ্চাস্যতরস্যাম্॥ (১।২।৬৯)

(২) উদ্দেশ্যে চ বিধেয়ে চ বিভক্তিস্তু সমা ভবেৎ।
কদাচিজ্জায়তে তত্র বৈষম্যং লিঙ্গ-সংখ্যয়োঃ"॥

৭। যদি উদ্দেশ্য ও বিধেয় উভয়েরই পৃথক্ পৃথক্ বিশেষণ থাকে তাহা হইলে উদ্দেশ্যের বিশেষণ সেই উদ্দেশ্যের এবং বিধেয়ের বিশেষণ সেই বিধেয়ের অনুযায়ী হয়। যথা—

শৈত্যং হি যৎ, **সা** প্রকৃতি র্জলস্য (১ (রঘুবংশ)

তৎ তস্য কিমপি দ্রব্যং যোহি যস্য **প্রিয়ো জনঃ** (উত্তরচরিত)

মরণং প্রকৃতিঃ শরীরিণাং, বিকৃতির্জীবিতমুচ্যতে বুধৈঃ।· (রঘুবংশ)

কর্তা ও ক্রিয়ার সমন্বয়

৮। বচন ও পুরুষ—এই দুই বিষয়ে কর্তা ও ক্রিয়ার মধ্যে ঐক্য রক্ষা করা প্রয়োজন। যথা—ধর্মো রক্ষতি ধার্মিকম্। তয়ো র্জগৃহতুঃ পাদান্ রাজা রাজ্ঞী চ মাগধী। সায়ং বয়ং গৃহং গচ্ছামঃ।

৯। যে বাক্যে ক্রিয়ার সঙ্গে একটি বিশেষণ অথবা নিয়তলিঙ্গ (অজহল্লিঙ্গ) কোন বিশেষ্যশব্দ বিধেয় হিসাবে উপস্থিত থাকে—ক্রিয়ার বচন ও পুরুষ এই নিয়তলিঙ্গ বিশেষ্য পদের দ্বারা নিয়ন্ত্রিত না হইয়া **কর্তৃপদের দ্বারাই নিয়ন্ত্রিত হইবে**। যথা—অহং পিতুর্বিশ্বাসপাত্রম্ অভূবম্। পাত্রম্ পদের নৈকট্যবশতঃ "অভূৎ" এই ক্রিয়া পদের প্রয়োগ অশুদ্ধ। সংসারসুখানি কেবলং দুঃখস্থানং সন্তি ("অস্তি" নহে)।

১০। ক্রিয়া পদ যেখানে উহ্য থাকে যেখানেও বিধেয়রূপে ব্যবহৃত ঐ নিয়তলিঙ্গ বিশেষ্যপদের লিঙ্গবচনের কোন পরিবর্তন ঘটিবে না। যথা—**সা** খলু কূলপতেরুচ্ছ্বসিতমিব (শকু)। হা প্রিয়ে, ত্বং জীবিতং ত্বমসি মে হৃদয়ং দ্বিতীয়ম্ (উত্তরচরিত)।

১১। দুইটি বা ততোঽধিক কর্তৃপদ যদি 'চ' এই অব্যয়ের দ্বারা যুক্ত হয় তবে তাহাদের ক্রিয়ার বচন কর্তৃপদগুলির সমষ্টির বচনদ্বারা নিয়ন্ত্রিত হইবে।

---

(১) এরূপ স্থলে বিধেয়ের প্রাধান্য লিঙ্গব্যতিক্রমে হইয়াছে এরূপও বলা হয়—'উদ্দেশ্য-বিধেয়ভাবাৎ লিঙ্গবচনব্যতিক্রমো ন দোষায়।" যথা—প্রমাণমন্তঃকরণপ্রবৃত্তয়ঃ।

যথা—তীর্থোদকং চ বহ্নিশ্চ নান্যতঃ শুদ্ধিমর্হতঃ (উত্তরচরিত)। পিতা মাতা পুত্রশ্চ গৃহং গচ্ছন্তি।

১২। কর্তৃপদগুলি "চ" এই অব্যয়ের দ্বারা যুক্ত হইলেও যেখানে মনে মনে পৃথক্‌ভাবে কর্তার সহিত ক্রিয়ার অন্বয় করা হয়—যেখানে ক্রিয়া নিকটবর্তী কর্তার বচন গ্রহণ করিতে পারে। যথা—

অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্মশ্চ **জানাতি** নরস্য বৃত্তম্।

হুতং চ দত্তং চ তথৈব **তিষ্ঠতি** (ভাস)

১৩। ভিন্নপুরুষ ও ভিন্নবচনের একাধিক কর্তৃপদ '**চ**' এই অব্যয়ের দ্বারা যুক্ত হইলে ক্রিয়ার বচন কর্তৃপদগুলির সম্মিলিত বচন অনুসারে হইবে। যথা—ত্বং চ অহং চ অদ্যৈব **প্রতিষ্ঠাবহে**। রামঃ যুবাম্ চ বহি**র্গচ্ছত**।

১৪। '**যুগপদ্‌বচনে পরঃ পুরুষাণাম্** (**প্রথমমধ্যমোত্তমানাম্**) একই ক্রিয়ার সহিত যুগপদ্ বিভিন্ন পুরুষের অন্বয় হইলে—বিভিন্ন পুরুষের কর্তৃপদগুলির মধ্যে একটিও উত্তম পুরুষ হইলে ক্রিয়াপদ উত্তমপুরুষ এবং কর্তৃপদ প্রথম ও মধ্যম পুরুষ হইলে—ক্রিয়াপদ মধ্যমপুরুষ হইবে। ক্রিয়ার বচন অবশ্য কর্তৃপদগুলির সমষ্টিদ্বারা নিয়ন্ত্রিত হইবে। যথা—ত্বং চ অহং চ পঠাবঃ। মম ছাত্রাঃ অহং চ প্রাতঃ **গমিষ্যামঃ**। রামশ্চ ত্বং চ নদীতীরং **গচ্ছতম্**।

১৫। দুই বা ততোঽধিক একবচনান্ত কর্তৃপদ যদি '**বা**' এই অব্যয়ের সহিত প্রযুক্ত হয় তাহা হইলে ক্রিয়ার একবচনই হইবে। রামঃ শ্যামঃ কৃষ্ণো বা গচ্ছতু।

১৬। '**বা**' এই অব্যয়ের সহিত কর্তৃপদগুলি ভিন্ন বচনে প্রযুক্ত হইলে ক্রিয়ার বচন নিকটবর্তী কর্তৃপদের বচন অনুযায়ী হইবে। যথা—প্রভুর্বা **কিঙ্করা** বা গার্হস্থ্যবিধিং সমমেব **পালয়েয়ুঃ**।

১৭। ভিন্ন বচনের ও ভিন্ন লিঙ্গের দুই বা ততোঽধিক বিশেষ্য পদের পরিবর্তে যদি একটি সর্বনাম পদ প্রযুক্ত হয় তবে ঐ সর্বনাম পদটি ক্লীবলিঙ্গে এবং একবচনেও প্রযুক্ত হয়। যথা - তপঃ শ্রুতঞ্চ যোনিশ্চ এতদ্ ব্রাহ্মণকারণম্। অথবা— তৃণানি ভূমিরুদকং বাক্ চতুর্থী চ সুনৃতা।

এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন॥

১৮। প্রধানেতরয়োর্যত্র দ্রব্যস্য ক্রিয়য়োঃ পৃথক্।
শক্তির্গুণাশ্রয়া তত্র প্রধানমনুরুধ্যতে॥
প্রধানবিষয়াশক্তিঃ প্রত্যয়েনাভিধীয়তে (বাক্যপদীয়)

যদি একই দ্রব্যে দুই ক্রিয়ার সহিত সম্বন্ধবশতঃ দুই কারকের প্রাপ্তির সম্ভাবনা থাকে তবে কারকটি প্রধান বা সমাপিকা-ক্রিয়া অর্থাৎ তৎস্থানীয় কৃদন্তের দ্বারাই নির্ধারিত হয়। যথা—**স্বামিগুণাঃ বিস্মর্তুং ন শক্যন্তে। প্রিয়ায়াঃ করঃ গৃহীত্বা সানন্দম্ উরসি স্থাপিতঃ। শক্যং** (১) **শ্বমাংসাদিভিরপি ক্ষুৎ প্রতিহন্তুম্। অথ সিংহেন দধিকর্ণনামা বিড়ালঃ গ্রামাদানীয় স্বকন্দরে স্থাপিতঃ। যুক্তমস্যা অভিলাষোঽভিনন্দিতুম্** (শাকুন্তলে)। **স্থমর্থা ভবেদ্দাতুম্** (স্বপ্নবাসবদত্তে)।

(১) শক্যমিতিরূপং কর্মাভিধায়াং লিঙ্গবচনস্যাপি সামান্যোপক্রমাৎ (বামনঃ)।

সন্দিগ্ধ শিষ্টপ্রয়োগের বিশুদ্ধি

১। **যুধ্যেৎ**—তথাচ ভাসঃ '**যো ভর্তৃপিণ্ডস্য কৃতে ন যুধ্যেৎ**' ইতি। যুধেঃ আত্মনেপদিত্বাৎ কথমত্র পরস্মৈপদং সঙ্গচ্ছতে? অত্র বামনঃ—**যুধ্যেদিতি যুধঃ ক্যচি। যুধম্ আত্মন ইচ্ছেদিতি** যুধ্ শব্দাৎ '**সুপ আত্মনঃ ক্যচ্ ইতি ক্যচ্**' প্রত্যয়ে কৃতে লিঙি 'যুধ্যেৎ' ইতি রূপম্।

২। **গ্রসতি তব মুখেন্দুং পূর্ণচন্দ্রং বিহায়**—গ্রস্ ধাতোরাত্মনেপদিত্বাৎ কথমত্র পরস্মৈপদম্? অত্রাহ—ধাতোরস্য আধৃষীয়গণে পাঠাৎ ণিজ্‌ভাবপক্ষে রূপমিদম্। এবম্ '**স এবায়ং নাগঃ সহতি কলভেভ্যঃ পরিভবম্**' অত্রাপি পরস্মৈপদম্।

৩। **প্রার্থয়ন্তি নবং নবম্**—অর্থধাতোরাত্মনেপদিত্বাৎ কথমত্র পরস্মৈপদং সঙ্গচ্ছতে? অত্রাহ—প্রার্থং (প্রার্থনাং) কুর্বন্তীতি করোত্যর্থে ণিচা সিদ্ধমেতৎ।

৪। কথং '**সংক্রাময়তি,**' **উপক্রাময়**তীত্যাদি? উচ্যতে—'**বা চিত্তবিরাগে**' (৬।৪।৯১) ইতি 'বা'-গ্রহণানুবৃত্তের্ব্যবস্থিতবিভাষাশ্রয়াৎ সংক্রাময়তীত্যাদি-সিদ্ধিরিতি ভাষাবৃত্তিঃ। এবং চ '**স তৈরাক্রাময়ামাস.**' '**অথ যন্তারমাদিশ্য ধুর্যান্ বিশ্রাময়েতি সঃ**' ইতি রঘুঃ।

। **নিশাময় তদুৎপত্তিম্** (চণ্ডী)—অত্রাপি পূর্বক্রমেণ সিদ্ধিঃ। ইদং পুনরত্রাধিকম্ -'শম লক্ষ আলোচনে' ইতি চৌরাদিকাল্লোটি। জ্ঞাপয়িতুং বোধয়িতুমিষ্যমাণো জ্ঞীপ্স্যমান ইতি 'শ্লাঘহ্নুঙ্ (১।৪।৩৪) ইত্যত্র বৃত্তিঃ। 'মারণতোষণ**নিশামনেষু** জ্ঞা' ইতি ঘটাদৌ পঠ্যতে। নিশামনং. চক্ষুঃসাধনম্। **নিশমনং জ্ঞানমাত্রমিতি ন্যাসরক্ষিতৌ**।

৬। **ক্ষীয়তে, ভিদ্যতে**—ক্ষিধাতুঃ স্বাদিঃ পরস্মৈপদী, ভিদ্‌ধাতুশ্চ রুধাদিঃ উভয়পদী। তৎ কথং ক্ষীয়তে, ভিদ্যতে ইত্যাদয়ঃ কর্তরি শিষ্টপ্রয়োগাঃ সঙ্গচ্ছন্তে? তথাচ—

"ক্ষীয়তে পাতকং সর্বং ভিদ্যতে চিত্তসম্পদঃ।
চীয়ন্তে নিত্যদুঃখানি ভগবন্নামকীর্তনাৎ।"

অত্র বামনঃ—'ক্ষীয়তে' ইত্যাদয়ঃ **কর্মকর্তরি**, ন তু কর্তরি, তেন ন কশ্চিদ্ দোষঃ

৭। **প্রজাসু বৃত্তিং যমযুঙ্‌ক্ত** বেদিতুমিতি। অত্র **স্বরাদ্যন্তোপসর্গা**-ভাবাৎ কথম্ আত্মনেপদম্। অত্রাহ—কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে ইতি আত্মনে-পদমিতি। এবং **ব্যাদত্তে** বিহগপতির্মুখং **স্বকীয়ম্** ইত্যত্রাপি।

৮। **নাথসে কিমু পতিং ন ভূভৃতাম্**—কথমত্র আশীরভাবেঽপি আত্মনেপদম্? অত্রাহ—প্রমাদ এবায়ম্। নাধসে ইতি বা অত্র পাঠঃ।

৯। **ব্যাদদতে পিপীলিকাঃ পতঙ্গস্য মুখম্**—আত্মন আস্যবিহরণে পরস্মৈপদম্, পরস্য আস্যবিহরণে তু আত্মনেপদমেব।

১০। পাতালহংসাঃ পটুভির্নিনাদৈঃ **প্রবোধয়ন্তে** নৃপ নাগকন্যাঃ—'বুধযুধ-নশজনে'ত্যাদিনা **পরস্মৈপদিত্বাৎ কথং প্রবোধয়ন্তে**? 'ণেরণৌ যৎ **কর্ম**— (১।৩।৬৭) ইত্যাদিনা তঙ্ (আত্মনেপদম্)। তদেবম্—নাগকন্যা হংসান্ প্রবোধয়ন্তি। হংসাস্তাঃ (নাগকন্যাঃ) প্রবোধয়ন্তে। **করেণুরারোহয়তে নিষাদিনম্; স সন্ততং দর্শয়তে গতস্ময়ঃ সখীনিব প্রীতিযুজোঽনু-জীবিন**—ইত্যাদিবৎ।

১১। **দিবং মরুত্বানিব ভোক্ষ্যতে মহীম্**, (খ) **বুভুজে পৃথিবীপালঃ পৃথিবীমেব কেবলাম্**, (গ) **অম্বরীষশ্চ নাভাগো বুভুজাতে চিরং মহীম্**। এষু 'ভুজোঽনবনে' (১।৩।৬৬) ইতি পালনে প্রতিষেধাৎ। উচ্যতে —'ভুজো ভক্ষে' ইতি কর্তব্যে 'অনবন'-গ্রহণাদ্ উপভোগবৃত্তাবপি তঙ্ 'ইতি রক্ষিতঃ। এবং চ **বৃদ্ধো জনো দুঃখশতানি ভুঙ্‌ক্তে**' ইত্যত্রাপি।

১২। **লম্ভয়তি**—ডু লভষ্ প্রাপ্তৌ, ধাতুপাঠঃ। তেনাস্য প্রাপ্ত্যর্থত্বাৎ **কথং** 'দীর্ঘিকাসু **কুমুদানি** বিকাসং লম্ভয়ন্তি শিশিরাঃ শশিভাসঃ' ইত্যত্র **অণিকর্তুঃ কর্মত্বং সঙ্গচ্ছতে**?

অত্র বামনঃ—যদ্যপি প্রাপ্তিরেব লভেরর্থঃ তথাপি প্রাপ্তেঃ গতিপূর্বকত্বাৎ কার্য-কারণয়োঃ প্রাপ্তিগত্যোঃ অভেদোপচারেণ বিবক্ষাবশাৎ **লভিরয়ং কদাচিৎ প্রাধান্যেন গতিং বক্তি, কদাচিচ্চ প্রাপ্তিং বক্তি**। তেন ণিচি গতিপক্ষে অণিকর্তুঃ কর্মত্বম্, প্রাপ্তিপক্ষে তু গত্যর্থত্বাভাবাৎ ন কর্মসংজ্ঞা। তথাচ মাঘে—

সিতং **সিতিম্না** সুতরাং মুনের্বপুর্বিসারিভিঃ সৌধমিবাথ **লম্ভয়ন্**।
দ্বিজাবলিব্যাজ-নিশাকরাংশুভিঃ শুচিস্মিতাং বাচমবোচদচ্যুতঃ।, ইতি

